আজ পর্য্যন্ত আমার এই চিন্তা ছিল যে, কেশব সর্বজ্ঞ, বলবান্, সৌন্দর্যশালী বীর, সুপাত্র এবং অপরকে মানদানকারী, আমার সেই সব লক্ষণ হইয়া বিরাজিত। ৪১

নারদ! আপনি এখন করুন এবং আমার কথানুসারে শ্রীকৃষ্ণকে বলুন যে, 'আমি শত্রুর আহ্বান করিলে পর কখনও যুদ্ধ হইতে নিবৃত্ত হই না'। ৪২

পত্নীর বশীভূত শ্রীকৃষ্ণ। যদি তুমি আমার উপর প্রথম প্রহার করিতে ইচ্ছুক হও, তবে আগমন কর। তোমার দ্বারা ইচ্ছা, তাহাই আমার উপর প্রথম প্রহার করিলে আমি উহা সহ্য করিব। যেরূপ তোমার ইচ্ছা তদনুসারে প্রথমে তুমি প্রহার কর। ৪৩

জনার্দন! তুমি শত্রুকে যে রোষের সহিত যুদ্ধ হইয়া আমার উপর সুদর্শন চক্র, নন্দক নামক গদা এবং লক্ষক নামক ধনুর্দ্বারা প্রহার কর। কেশব! যদি আতৃস্নেহ আমাকে ব্যাকুল করিয়া না দেয়, তবে যতক্ষণ তোমার প্রহারের পর আমিও যথাশক্তি তোমার উপর প্রহার করিব। অহো! এরূপ পরিস্থিতিকে ধিক্। ৪৪-৪৫

মুনিশ্রেষ্ঠ! যতক্ষণ আমি সংগ্রামস্থলে উপস্থিত থাকিয়া চক্রপাণি শ্রীকৃষ্ণের দ্বারা পরাজিত না হইব, সেই পর্য্যন্ত আমি তাহাকে পারিজাত দিব না। ৪৬

অহো তপোধন! যখন শ্রীকৃষ্ণ কনিষ্ঠ ভ্রাতা হইয়া জ্যেষ্ঠ ভ্রাতা আমাকে যুদ্ধের জন্য আহ্বান করিতেছে, তখন পত্নীর বশীভূত সেই কেশবের এই আচরণকে আমি কি ভাবে সহ্য করিব? ৪৭

ভগবন্! আপনি আজই শ্রীকৃষ্ণের দ্বারা সুরক্ষিত দ্বারকা-পুরীতে গমন করুন এবং বিবাদের জন্য সর্বতোভাবে প্রস্তুত সেই ভগবান অচ্যুতকে এইরূপ আমার উত্তর প্রদান করুন। ৪৮

যতক্ষণ না তুমি পরাজিত করিবে, ততক্ষণ পারিজাতের কথা কি; পারিজাতের অর্দ্ধ পত্রও ইন্দ্র তোমাকে দিবে না। তপোধন! আমার এই কথা স্মরণ রাখিয়া আপনি মধুসূদন শ্রীকৃষ্ণকে আমার কথিত বাক্যই বলিবেন। ৪৯

পুনঃ প্রবাচোগ ভগবান্ত্বত্তাচ্যুতো
মম শ্রিয়ার্থং বলু নির্বিশঙ্কিতম্
ন বাচ্যতা তর্হ্যুনিতার্হসি ক্রমঃ

পুনর্ভবেবাস্তু বিশস্ত জিষ্ণবঃ ॥ ৫০
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বণি
পারিজাতহরণে সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ ৭০

তখনঃ আমার শিষ্য কহিবার তত্ত্ব অচ্যুতকে পুনরায় নিঃসঙ্কোচ হইয়া আপনি এই কথা বলিবেন যে, আমার (ইন্দ্রসমীপে) দ্বারা পারিজাত বৃক্ষের অপহরণ করা তোমার উচিত হইবে না। যথাযথভাবে বৃদ্ধি হউক। কৃষ্ণিতাপূর্ণ ব্যবহারকে ধিক্ ॥ ৫০

শ্রীমহাভারতের খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্বে পারিজাত-হরণপ্রসঙ্গে ইন্দ্রের বাক্যবিষয়ক সপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একসপ্ততিতমোঽধ্যায়ঃ।

[নারদের শ্রীকৃষ্ণস্তব করা; শ্রীকৃষ্ণের নারদকে প্রশ্নাদি ইন্দ্রের তত্ত্বে পারিজাত তরুকে গ্রহণ করিয়া দ্বারকায় প্রস্থান]

বৈশম্পায়ন উবাচ।

মহেন্দ্রবচনং শ্রুত্বা নারদো বাক্যমব্রবীৎ
বিবিক্তে দেবরাজানমিদং বচনমুত্তমম্
কাম্যং শ্রিয়ার্থি বাক্যানাং বক্তব্যং নাত্র সংশয়ঃ
প্রাপ্তকালং তু বক্তব্যং হিতং হিতৈষিণা
অনিযুক্তপুরোভাগো ন হ্যাপ্নোতি ফলং তু তৎ
লুলোকগতিতত্ত্বজ্ঞো নারদস্ত্বমতো বিদুঃ ॥ ৩
কার্য্যাকার্য্যে মমোৎপন্নে পরিপৃচ্ছামি যাং ভবান্
যত্তত্তঃ প্রবক্ষ্যামি শৃণুষ্বৈতদ্ যদি রোচতে ॥ ৪

অযুক্তেনাপি শুশ্রূষা বক্তব্যা ত্বদ্বিধস্য হি
ত্বদ্বাক্যং প্রাপ্তকালঞ্চ পরাভবনিষ্কৃতা ॥ ৫
বক্তব্যা সর্ব্বথা শক্তিঃ প্রিয়ং চাপি যদ্ধিতম্
জানন্নাত্মেতরং স্নেহাৎ শক্তিরেবাদৃতঃ পুমান্ ॥ ৬
অনুক্তে হ্যর্থতত্ত্বে চ ন শুশ্রূষতি চাপ্যুত
ন প্রিয়ং ন হিতং বাচ্যং শক্তিরেবেতি নিশ্চিতাঃ ॥ ৭
সর্ব্বথা মেব বক্তব্যা শ্রোতব্যা শৃণুতাং বর।
শ্রুত্বা চ কুরু সর্ব্বজ্ঞ মম শ্রেয়স্করং বচঃ ॥ ৮

একসপ্ততিতম অধ্যায়

[নারদ কর্তৃক শ্রীকৃষ্ণের মহত্ত্ব-তিরোধানের প্রবণ করিয়াও ইন্দ্রের তাঁহাকে পারিজাত গ্রহণে অনিচ্ছা প্রকাশ।]

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! দেবরাজ ইন্দ্রের বাক্য শ্রবণ করিয়া ব্রহ্মাদেবের মতো শ্রেষ্ঠ ও বহু লোকের হিতকারী নারদ এই কথা বলিলেন ॥ ১

দেবেন্দ্র! অবশ্যই রাজাদের সেইরূপ কথাই বলা উচিত, যাহা তাঁহাদের প্রিয় ; উহাতে কোন সংশয় নাই, তথাপি যাহার অবসর উপস্থিত হইয়াছে, তাহার হিতকর বাক্য অপ্রিয় হইলেও তখন বলা-কর্তব্য ॥ ২

যিনি উত্তম লোকগতির তত্ত্ব অবগত আছেন এবং যিনি নীতি-বিজ্ঞানের কুশল, এরূপ ব্যক্তিও নিযুক্ত না হইয়া কখনও লোকের কার্যের অগ্রগামী হইবেন না—ইহাই বিদ্বান্ পুরুষগণ বলেন ॥ ৩

কর্তব্যাকর্তব্যের সংশয় উপস্থিত হইলে পর প্রাজ্ঞই তুমি আমাকে জিজ্ঞাসা কর এবং আমার পরামর্শ শ্রবণ কর, সেইজন্য এই সময়েও আমি তোমাকে কিছু বলিব। যদি ভাল লাগে, তবে তাহা শ্রবণ করিও ॥ ৪

যে ব্যক্তি রাজার পরাভব কামনা করেন না, এবং যাহাতে তাহার হিত হইবে, উহাও যিনি ভালভাবে জানেন—এরূপ সুহৃদের নিকট জিজ্ঞাসাদ্বারা তাঁহাদের ও সমস্তলোকের হিতকর বাক্য অবশ্যই বলা উচিত ॥ ৫

সৎপুরুষগণের উচিত হইল যে, তাঁহারা সর্বথা হিতের কথাই বলিবেন, তাহা যদি অপ্রিয়ও হইয়া থাকে। উহাই তেজের তত্ত্ব হইতেছে যুক্ত হইবার উপায়। যাহাকে শ্রেষ্ঠ পুরুষ ও প্রাচীন কাল হইতেই মহাশয় করিয়া আসিতেছেন ॥ ৬

যে অজ্ঞতাবশতঃ, ধর্মের মর্যাদা লঙ্ঘনকারী, কাহারও উপদেশ শ্রবণ করিতে অনিচ্ছুক এবং সকলেরই অপ্রিয় (দেবগণও), এরূপ ব্যক্তিকে প্রিয় কথা বা হিতকথা বলা উচিত নহে। এই কথা বলিয়া সৎ-পুরুষগণ এই সবের নিন্দা করিয়াছেন ॥ ৭

লোকগণের মধ্যে শ্রেষ্ঠ সর্বজ্ঞ দেব! তোমাকে আমার সর্বথা হিত বাক্য বলাই উচিত। তুমি আমার (সেই হিত) কথা শ্রবণ কর এবং শ্রবণ করিয়া তুমি আমার কল্যাণকারী বাক্য পালন কর ॥ ৮

অন্যোন্যভেদো ভ্রাতৃণাং সুহৃদাং বা বলাদ্ভবেৎ।
তদত্যন্তকৃদ দেব দ্বিষতাং নাত্র সংশয়ঃ ॥ ৯
হিতাদুষ্কসহিতঃ কার্য্যো ভেদঃ সুরেশ্বর।
বিপরীতস্তু তদ্ বুদ্ধ্যা নিত্যং বুদ্ধিমতাং বর ॥ ১০
যং স্যাদ্ভাপকরঃ পশ্চাদারব্ধঃ কার্য্যনীতয়ে।
আরম্ভেষ্বেব তদ্বিদ্বানেব বুদ্ধিমতাং নয়ঃ ॥ ১১
বিপাকমস্য কার্য্যস্য নানুপশ্যামি শোভনম্।
যত্র কারণং দেব নিত্যেব বিবুধাদপি ॥ ১২
য একো বিশ্বমব্যাপ্তে প্রধানঃ ভগবান্ হরিঃ।
প্রকৃত্যা যঃ পরঃ সর্ব্বে ক্ষেত্রজ্ঞঃ যৈ বিভূর্বৃতঃ ॥ ১৩
তস্যাব্যক্তস্য যো ব্যক্তো ভাগঃ সর্ব্বভবোদ্ভবঃ।
তস্যাত্মা পরমো দেবো বিষ্ণুঃ সর্ব্বস্য যৌনভূঃ ॥ ১৪
প্রকৃত্যাঃ প্রথমো ভাগ ঊঢ়া দেবী যশস্বিনী।
ব্যক্তঃ সর্ব্বময়ো বিশ্বঃ স্রষ্টাস্রষ্টা লোকভাবনঃ ॥ ১৫

কবিধাত্মা ত্রিস্তস্থা বাক্তঃ প্রথমো গুণঃ।
অব্যক্তা প্রকৃতির্দেবী গুণী দেবো মহেশ্বরঃ ॥ ১৬
ন বিশ্বেযোঽস্য কৃতস্ন বিজ্ঞোশ্চামপ্রতস্তব।
গুণিনস্ত্বব্যয়ঃ শান্তা সদা চ প্রথমো গুণঃ ॥ ১৭
নারায়ণো মহাতেজাঃ সর্ব্বলোকভাবনঃ।
তোক্তা মহেশ্বরো দেবঃ কর্ত্তা বিষ্ণুরযোক্ষজঃ ॥ ১৮
ব্রহ্মা যেবগণাশ্চান্তে পশ্চাৎ সৃষ্টা মহাত্মনা।
মহাদেবেন দেবেশ প্রজাপতিগণাস্তথা ॥ ১৯
এবং পুরাণপুরুষো বিষ্ণুর্দেবেষু পঠ্যতে।
অচিন্ত্যাত্মাপ্রমেয়শ্চ গুণভাক্ত পরস্তথা ॥ ১০
আদিত্যা স্তপসা বিষ্ণুর্বরাহত্বমুপাগতঃ পুরা।
বরেণ ছন্দিতা তেন পরিপৃষ্টেন চাত্মভিঃ ॥ ১১
তয়োক্তস্ত্বমসি পুত্রো ছন্দসাং স্বয়ং তব
প্রবিশন্তা চ বিজ্ঞাতো নারায়ণমহেশ্বরম্ ॥ ১২

বলাসুর-বিনাশকারী দেব। ভ্রাতৃ অথবা সুহৃদ্‌গণের মধ্যে যদি পরস্পর ভেদ (শত্রুতা) হইয়া যায়, তবে উহা শত্রুগণের আনন্দ বর্দ্ধন করে—উহাতে কোনও সংশয় নাই। ৯

বুদ্ধিমানগণের মধ্যে শ্রেষ্ঠ সুরেশ্বর! মিত্রের কল্যাণের সহিত সম্বন্ধযুক্ত কার্য্য তাদৃশ আদরণীয় এবং যাহা তাহার বিপরীত, উহাও সর্ব্বথা তাদৃশ কর্ত্তব্য। সব কিছু আসিবার পর যে কার্য্য আরম্ভ করিলে পরে তাহা সম্পাদনীয় হইবে, এরূপ কার্য্য বিদ্বান্ পুরুষ কখনই আরম্ভ করিবেন না,—উহাই বুদ্ধিমানগণের নীতি ॥ ১০-১১

দেব! অরেশ্বর! আমি এই কার্য্যের পরিণাম শুভদায়ক বলিয়া দেখিতে পাইতেছি না। ইহাতে যে কারণ বিদ্যমান আছে, তাহা একাগ্রচিত্তে শ্রবণ কর ॥ ১২

যিনি একাকীই কার্য্যভূত ভবন এবং তাহার কারণভূত প্রধানেরও (প্রকৃতিরও) অধিষ্ঠাতা (সঞ্চালক), সেই শ্রীহরিই—এই শ্রীকৃষ্ণ। সমস্ত বিদ্যানগণ যাঁহাকে প্রকৃতি হইতে পরে বিরাজমান ক্ষেত্রজ্ঞরূপে জানেন ॥ ১৩

সেই অব্যক্ত প্রকৃতির যে ব্যক্তভাব (মহত্তত্ত্ব বা সমষ্টি বুদ্ধির অভিমানী দেবতা) ব্রহ্মা, তিনিই সমস্ত সংসারের উৎপত্তির স্থান। তাঁহার এবং সম্পূর্ণ ভেদ জীবমাত্রের আত্মা সেই পরমদেব শ্রীবিষ্ণু ॥ ১৪

যশস্বিনী উমাদেবী প্রকৃতির মুখ্যভাগ (ব্যক্ত ভবনরূপ)। অতএব সর্ব্বময় ব্যক্ত বিশ্ব স্রষ্টাস্রষ্টা (সম্পূর্ণ ভোক্তা বস্তুরূপ), ভেদসমূহের সৃষ্টিকারক ॥ ১৫

কবিধাত্মা প্রকৃতি ত্রিগুণের মূল গুণ (ভাব)। অর্থাৎ ব্যক্তরূপ। অব্যক্তা প্রকৃতি ইহাদেরই ভবনরূপ এবং ইহাদের সহিত যুক্ত গুণী পুরুষ পরমেশ্বরের ॥ ১৬

দেবদেবেশ! (এইরূপ লক্ষণ কবিধা গুণময় অবিনাশিনী প্রকৃতি এবং বিষ্ণুর পরমপুরুষ এই ভগবান্ মায়াবী রূপ ও বিষ্ণুর মধ্যে যে পরস্পর সম্বন্ধ আছে) ত্রিগুণাত্মক জগতের যে প্রধান অবিনাশী পরমকারণ ও পরম ব্রহ্ম, তিনিই মহাতেজস্বী নারায়ণ। তিনিই সকলের স্রষ্টা ও সমস্ত জগতের উৎপাদক ॥ ১৭;

দেবেশ্বর! এই পরমাত্মা পরমদেব নারায়ণ কর্ত্তৃকই ভোক্তা মহেশ্বররূপে, কর্ত্তা অর্থে শুদ্ধ বিষ্ণু, ব্রহ্মা, অন্য দেবগণ ও প্রজাপতিগণ—ইহাদের সকলের সৃষ্টি পরে হইয়াছে ॥ ১৮-১৯

এইরূপ পুরাণ পুরুষ ভগবান্ বিষ্ণু দেবতাদের মধ্যে অচিন্ত্য, অপ্রমেয় ও গুণাতীত বলিয়া কথিত হইয়াছেন ॥ ২০

পুরাকালে দেবমাতা অদিতি তপস্যাদ্বারা পরমাত্মা বিষ্ণুর আরাধনা করিয়াছিলেন। তাঁহাতে সন্তুষ্ট হইয়া ভগবান্ বিষ্ণু অদিতিকে ইচ্ছানুসারে বর প্রার্থনা করিতে বলিলেন ॥ ২১

সুরশ্রেষ্ঠ! সেই সময় অদিতিদেবী অযোক্তজ (ইন্দ্রিয়াতীত) ভগবান্ নারায়ণকে বিশেষরূপে অবগত হইয়া তাঁহাকে প্রণাম করিলেন এবং এইরূপ প্রার্থনা করিলেন—ভগবন্! আমি আপনার তুল্য পুত্র লাভ করিতে ইচ্ছা করি ॥ ২২

ভেনোক্তং ভূবনে নাস্তি মৎসমঃ পুরুষাধমঃ।
অশেষেণ তু তদ্বিদ্যানি পুত্রঃ খল্বহমেব তে ॥ ১৩
স জাতঃ সর্বকৃদ্ধেবো ভ্রাতা তব সুরেশ্বর।
নারায়ণো মহাতেজা যমুদেশ্রং প্রচক্ষতে ॥ ১৪
ইচ্ছয়ৈব হরির্দেব কাশ্যপস্যমুপাগতঃ
তৈস্তৈর্ভাবৈর্বিকুরুতে কৃতবানাত্মব্যাপারঃ ॥ ১৫
প্রাদুর্ভাবং গতো দেবো জগতো হিতকাম্যয়া
মাথুরং জগতো নাথঃ কর্তা হর্তা চ কেশবঃ ॥ ১৬
যথা পললপিণ্ডঃ স্যাদ্ ব্যাপ্তঃ স্নেহেন সানল
তথা জগদিদং ব্যাপ্তং বিষ্ণুনা প্রভবিষ্ণুনা ॥ ১৭

ব্রহ্মণাদেবঃ সকাশাত্ তৈস্তৈর্ভাবৈর্বিকুরুতে
জগত্যাত্তিগুণো দেবো বৈকুণ্ঠঃ সর্বতঃ বরঃ ॥ ১৮
অতঃ সমস্তদেবানাং পূজ্যা এব চ কেশবঃ।
পদ্মনাভস্ত ভগবান্ প্রজাসর্গকরো বিভুঃ ॥ ১৯
অনন্তো ধারণার্থায় বিভর্তি চ মহদ্ বপুঃ।
যস্য ইত্যাদি সঙ্ক্ষিপ্ত কথ্যতে বেদবাদিভিঃ ॥ ৩০
শ্বেতঃ কৃতযুগে দেবো রক্তস্ত্রেতাযুগে তথা।
দ্বাপরে চ তথা পীতঃ কৃষ্ণঃ কলিযুগে বিভুঃ ॥ ৩১
অথবাঽং স হিরণ্যাক্ষঃ হিরণ্যপুরবাসী হরিঃ।
দধারাপ্সু নিমজ্জন্তীমেকো দেবো বসুন্ধরাম্ ॥ ৩২

তখন তিনি বলিলেন—দেবি! সমস্ত ভুবনে আমার সমান অন্য কোনও পুরুষ নাই। অতএব আমিই ইহার অংশে তোমার পুত্র হইব ॥ ১৩

সুরেশ্বর! (এই বরদানানুসারে সেই সর্বস্রষ্টা মহাতেজস্বী ভগবান্ নারায়ণ তোমার ভ্রাতারূপে অবতীর্ণ হইয়াছেন, যাঁহাকে উপেন্দ্র বলা হয় ॥ ১৪

দেব! ভূত ও ভবিষ্যতের উৎপত্তি এবং সংহারের অধিষ্ঠাতৃ-স্বরূপ শ্রীহরি স্বেচ্ছাক্রমে কশ্যপের পুত্ররূপে প্রকটিত হইয়াছেন এবং নিজের ইচ্ছানুসারে তিনি বিভিন্ন রূপে অবতীর্ণ হইয়া থাকেন ॥ ১৫

ভগতের সংরক্ষক, স্রষ্টা ও সংহারক ভগবান্ কেশব ভগতের হিতকামনাবশতই মথুরায় অবতীর্ণ হইয়া থাকেন ॥ ১৬

মানব দেবরাজ! যেরূপ সংস্পর্শিত স্নেহের দ্বারা (ঘৃত) ব্যাপ্ত থাকে, সেইরূপ এই স্পর্শ ভগত প্রভাবশালী ভগবান্ বিষ্ণুর দ্বারা ব্যাপ্ত রহিয়াছে ॥ ১৭

এই ভগবান্ ব্রাহ্মণগণের হিতৈষী, সকলের আত্মা এবং জগতে যেরূপ নরীর ধারণ করেন, তদনুসারেই বিভিন্ন ভাব-সমূহের (ঘৃত-দুগ্ধাদি ধর্মসমূহের) দ্বারা বিকারপ্রাপ্ত বলিয়া প্রতীত হন। বাস্তবে সকলের উৎপত্তিকারক সেই ভগবান্ বৈকুণ্ঠ গুণাতীত ॥ ১৮

অতএব প্রজাসৃষ্টিকারী সর্বব্যাপী ভগবান্ পদ্মনাভস্বরূপ শ্রীকৃষ্ণ সমস্ত দেবতাগণেরও পূজনীয় ॥ ১৯

ইনিই পৃথিবীকে নিজ মস্তকে ধারণ করিবার জন্য অনন্ত (শেষনাগ)-রূপে প্রকটিত হইয়াছেন। ইনি মহৎ বপুকে ধারণ করিয়া আছেন। বেদবাদী সাধু পুরুষগণ ইঁহাকেই 'অনন্ত' নামের প্রতিপাদন করেন ॥ ৩০

এই সর্বব্যাপী ভগবান্ সত্যযুগে শ্বেত, ত্রেতাযুগে রক্ত, দ্বাপরে পীত এবং কলিযুগে কৃষ্ণ বর্ণের রূপ ধারণ করেন ॥ ৩১

সেই শ্রীহরি নিজের হিরণ্যাক্ষ ধারণ করত হিরণ্যাক্ষ নামক দৈত্যকে বধ করিয়াছিলেন। তিনি ভগতের হিত কামনায় বরাহ রূপ ধারণ করিয়া জলে নিমজ্জমানা পৃথিবীকে উদ্ধার এবং জলের উপরে তাহাকে সংস্থাপিত করিয়াছিলেন ॥ ৩২

ভ ক্রতিতে কথিত আছে,—"কলিঃ শয়ানো ভবতি সঞ্জিহানস্তু দ্বাপরঃ। উত্তিষ্ঠংস্ত্রেতা ভবতি কৃতঃ সম্পদ্যতে চরন্।" এই ক্রতিবাক্যের সহিত ৩১ শ্লোকের ব্যাখ্যার সঙ্গতি স্থাপন করিয়া মহামতি ভাস্করাচার্য নীলকণ্ঠ বলিয়াছেন,—যে মানুষ অবিদ্যাজনী নিদ্রায় অভিভূত অর্থাৎ যে অজ্ঞান মূঢ় পুরুষ, সে-ই কলি। তাহার প্রতি অনুগ্রহ করিবার জন্য এজগতে ভগবান্ শ্রীহরি "কৃষ্ণ" হন। যে মানুষ কিছু কল্যাণের বিষয় জানে না বুঝিতে পারে, সেই অজ্ঞান-নিদ্রা হইতে অর্ধ জাগরিত হয়, সেই পুরুষকে দ্বাপর বলে। তাহার জন্য ভগবান্ পীতবর্ণ হন অর্থাৎ সূর্যসদৃশ উজ্জ্বল মনোহর কান্তি ধারণ করেন। সেই মানুষ তখন ইহার সেই দিব্যরূপে আকৃষ্ট হইয়া কিছু ভক্তিপরায়ণ হয়। যে মানুষ কল্যাণ প্রাপ্তির জন্য সদা সচেষ্ট থাকিয়া যত্নবান্ হয়, সেই সাধককে ত্রেতা বলে। তাহার প্রতি অনুগ্রহ করিবার জন্য ভগবান্ রক্তবর্ণ হন অর্থাৎ মাতার ন্যায় অনুরক্ত (বাৎসল্যভাবযুক্ত) হন। যিনি মুমুক্ষিত্ব প্রভৃতির ন্যায় ভগবানের অন্যান্য গুণ, সত্য ভক্তি-পথেই অবস্থিত থাকেন, তিনি কৃতকৃত্য হইয়া ভগবানের কৃতযুগ বা সত্যযুগ বলিয়া অভিহিত হন। তাঁহার প্রতি ভগবান্ তুষ্ট-বর্ণ হন অর্থাৎ তাঁহার সম্মুখে এই ভগবান্ নিজের শুভ রূপ প্রকাশিত করিয়া থাকেন।

বারাহং বপুরাস্থিতা জগতো হিতকাম্যয়া
জঘ্নে হিরণ্যকশিপুং নারসিংহবপুর্ধরঃ ॥ ৩৩
ত্রিসপ্ত জগতাং চৈব বিষ্ণুর্যামনরূপধৃক্।
বব্রে চ বলিং দেবঃ শ্রীমান্ পরপুরঞ্জয়ঃ ॥ ৩৪
দেবরাজবপুস্তাবন্মাত্রমন্যদপি প্রিয়ম্।
ভগবানস্তু পুরা বিষ্ণুঃ ক্রান্তবোঽমিতবিক্রমঃ ॥ ৩৫
সাবশেষো তপো যত্র তস্মিংস্তি জনার্দনঃ
অলীকেষ্বপি বর্ত্তন্তং ব্রতমেতদরাক্ষসম্ ॥ ৩৬
জঘ্নে চ দানবান্ মুখ্যান্ যে চ তস্য পরিগ্রহে।
তব প্রিয়ার্থং গোবিন্দো ধর্ম্মনিত্যঃ সতাং গতিঃ ॥ ৩৭
রামত্বমপি চাবাপ্য জঘ্নে রাবণমাহবান্
ভূত্বা কামগুণাংশ্চৈব ভগবান্ ত্রিদশেশ্বরঃ ॥ ৩৮
হিত্বায় জগতোঽহ্যাপি লোকে বসতি মানুষে।
উপেন্দ্রো জগতাং নাথঃ সর্বভূতোত্তমোত্তমঃ ॥ ৩৯

গুহী কৃষ্ণাজিনী দণ্ডী বৃহদ্‌পুত্রো মমা গুরিঃ।
দৈত্যেন্দ্রেষু চতুর্দ্দশ দেবরাজ্যেঽধিতিষ্ঠসি ॥ ৪০
অত্যাক্রমদপি গোবিন্দঃ দানবৈর্ব্যাপ্তং জগৎ
কুর্ব্বাণঃ দানবেন্দ্রাণাং ভগতো হিতকাম্যয়া ॥ ৪১
অবধ্যঃ পারিজাতস্তে নষ্টিষ্যতি জনার্দ্দনঃ।
দ্বারকাকাননশ্রেষ্ঠে নানাবৃক্ষ প্রবানমম্ ॥ ৪২
ভ্রাতৃস্নেহাভিভূতস্যা ন কৃষ্ণে প্রহরিষ্যসি।
নাপি কৃষ্ণস্ত্বয়ি ক্রোষ্টে প্রহরিষ্যতি বাসব ॥ ৪৩
নৈব চেক্রোষ্যতি প্রোক্তং ময়া দেব কথঞ্চন।
পৃচ্ছ তং নরদেবস্ত্বং যে হিতস্তব মন্ত্রিণঃ ॥ ৪৪

বৈশম্পায়ন উবাচ।

নারদেনৈবমুক্তস্তু মহেন্দ্রো জনমেজয়
ইদমুত্তমনীলোঽথ প্রত্যুবাচ ভগবদ্গুরুম্ ॥ ৪৫

সেই শ্রীহরি নরসিংহরূপ ধারণ করিয়া হিরণ্যকশিপুকে সংহার করিয়াছিলেন। এই বামনরূপধারী শ্রীমান্ ভগবান্ বিষ্ণু এই পৃথিবীকে তিন করিয়াছিলেন এবং বলিকে নাগপাশে বন্ধন করেন ॥ ৩৩-৩৪

যদিও দেবেন্দ্র ও ঐ নরবপুর মধ্যস্থিত তফাতে একটি রাজলক্ষ্মী উভয়ের পক্ষেই সমান ছিল, তথাপি পূর্ব্বকালে অমিত পরাক্রমশালী, ইন্দ্র বজ্রধর, অসংখ্যরূপ ভগবান্ বিষ্ণু তোমার জন্য তাঁহার উপর আক্রমণ করিয়া ছিলেন অর্থাৎ বিরাট রূপে তিন লোক আক্রমণ করিয়া ত্রিলোক-লক্ষ্মী তোমাকে সমর্পণ করিয়াছিলেন ॥ ৩৫

যাঁহার তপস্যা অদ্যও শেষ হইয়াছে, তিনিও যদি অলীক—মায়ার অর্থাৎ জল-কষ্ট এবং অন্তরপূর্ণ আচরণ করেন, তবে ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাকেও বিনাশ করেন, কারণ দুরাচারিগণের এই বিনাশই হইল মহাত্মা শ্রীকৃষ্ণের ব্রত ॥ ৩৮

সদা ধর্ম্মপরায়ণ তপস্যা সংযুক্তস্বরূপের আত্মভূত ভগবান্ মোহিনী তোমার প্রিয় করিবার জন্য মুখ্য মুখ্য দানবগণকে এবং যাহারা দেবতাদের শত্রু, তাহাদিগকেও বধ করিয়াছেন ॥ ৩৭

এই মনস্বী প্রভুই শ্রীরামচন্দ্রের রূপ ধারণ করত রাবণকে বধ করিয়াছেন এবং অন্যান্য অবতার গ্রহণ করিয়া এই শ্রীহরি ইচ্ছা অনুসারে সৌম্যাদি গুণসমূহে যুক্ত অসুরগণকে সেইভাবে সংহার করিয়াছেন, যেরূপ সিংহ হাতিকে বিনাশ করে ॥ ৩৮

সমস্ত ভূতগণের মধ্যে যিনি উত্তম, তাঁহা হইতেও উত্তম এই ভগবানের উপেন্দ্র এই সময়েও তপস্যার হিতের জন্য মনুষ্যরূপে মর্ত্যলোকে বাস করিতেছেন ॥ ৩৯

যেরূপ তুমি মুখে শুচিত্ব অর্থাৎ পবিত্রতা লাভ করে, সেইরূপ আমি পূর্ব্বকালে দৈত্যরাজের মধ্যে বৈদিক ঋষি, কৃষ্ণমৃগচর্ম্ম ও পলাশদণ্ডধারী বামন ব্রহ্মচারীর রূপে বিচরণ করিতে দেখিয়াছি ॥ ৪০

যখন সম্পূর্ণ জগৎ-সংসার দানবরূপী একার্ণবে মগ্ন ছিল, সেই সময়েও তপস্যার হিত কামনায় এই বিশ্বকে দানবহীন করিতে করিতে বিরাটরূপধর শ্রীগোবিন্দকে আমি দর্শন করিয়াছি ॥ ৪১

অমরশ্রেষ্ঠ! আমি মিথ্যা বলিতেছি না, জনার্দ্দন শ্রীকৃষ্ণ তোমার পারিজাতকে অবশ্যই দ্বারকা লইয়া যাইবে ॥ ৪২

বাসব! তুমি ভ্রাতৃস্নেহে অভিভূত হইয়া শ্রীকৃষ্ণের উপর প্রহার করিবে না এবং শ্রীকৃষ্ণও জ্যেষ্ঠ ভ্রাতা বলিয়া তোমাকে প্রহার করিবে না ॥ ৪৩

দেব! যদি আমার দ্বারা কথিত বাক্য তোমাকেও শ্রবণ না কর, তবে নীতিধর্ম্মজ্ঞ তোমার যে সব হিতৈষী মন্ত্রী আছে, তুমি তাহাদিগকেই জিজ্ঞাসা কর ॥ ৪৪

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! নারদ এইরূপ কথা বলিলে পর দেবের ইন্দ্র সেই জগদ্গুরু মুনিকে এইভাবে উত্তর প্রদান করিলেন ॥ ৪৫

এবং বিধেস্তবাবশ্যং ত্বং কৃষ্ণ বদসি যদ্ বিভো
এবমেতৎ ধ্রুবন্নূনং শ্রুতং খলু ময়া মুনে ॥ ৪৬
যতস্তেনাবিধে কৃষ্ণস্তোত্রং তব বৈ তরুম্
ন প্রকাশ্যমি ভাব্যং সত্যং ধর্ম্মমুদ্বহন্ ॥ ৪৭
মহাপ্রভাবো নাত্রার্থে কৃষ্ণোবিহিত বিচিন্তন্।
ব্যবস্থিতোঽয়ং তত্ত্বং তে মুনে সর্ব্বগুণাদিতি ॥ ৪৮
মহাপ্রভাবাঃ সততং ভবন্তি হি সহিষ্ণবঃ
শ্রোতারশ্চৈব সততং বৃদ্ধানাং জ্ঞানসুখ্যাম্ ॥ ৪৯
মহাত্মা কারণে নাত্রে কৃষ্ণো ধর্ম্মভৃতাং বরঃ।
ভ্রাত্রা জ্যেষ্ঠেন সর্ব্বজ্ঞো বিরোধং সন্ধনর্হতি ॥ ৫০
যথৈবং মম মাতুঃ স বরং প্রাদদদোষতঃ।

তথৈব তস্যাঃ পুত্রাণাং জ্যেষ্ঠানাং সোঢ়ুমর্হতি ॥ ৫১
যথৈবোপেন্দ্রতাং যাতঃ স্বয়ংমিচ্ছন্ জনার্দ্দনঃ।
তথৈব ভ্রাতুরিন্দ্রস্য সন্মানং কর্ত্তুমর্হতি ॥ ৫২
জ্যৈষ্ঠ্যেতেন যেনৈব নাসন্নঃ কিং পুরাতনে।
অথোদানীমপীন্দ্রেশ স জ্যেষ্ঠস্তু মধুসূদনঃ ॥ ৫৩
শ্রুনিশ্চিতং বলরিপুমীক্ষ্য নারদো
বিসর্জ্জিতত্রিদশবরেণ ধর্ম্মভৃৎ।
যযৌ পুরীং যদুবৃষভাভিরক্ষিতাং
কুশস্থলীং দ্যুতিমতিমাশুগোযুতঃ ॥ ৫৪
ইতি শ্রীমহাভারতে খিলেষু বিষ্ণুপর্ব্বণি পারিজাতহরণে
একসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ ৭১

জনমেজয়। আপনি যে শ্রীকৃষ্ণকে এরূপ স্তবকারী বলিলেন, তাহা যথার্থই। মুনে! তাঁহার এরূপ স্তবের কথা আমি বহুবারই শ্রবণ করিয়াছি। ৪৫

যখন শ্রীকৃষ্ণ এরূপ মহান্, তখন আমি সৎ-পুরুষগণের ধর্ম্ম স্মরণ করিতে করিতে নিশ্চয়ই তাঁহাকে দানের যে ফল হইলেও পারিজাত বৃক্ষ হরণ করিবেন না ৫৮

মুনে! আপনি যে কথা বলিলেন ঠিক। যে ব্যক্তি সাধারণ পুরুষ, সে এরূপ এক ক্ষুদ্র বৃক্ষের জন্য ভ্রাতার উপর কষ্ট হইবে না, এতদ্বিষয় চিন্তা করিয়া আমি যেই সিদ্ধান্তে উপনীত হইয়াছি, তাহা আপনি শ্রবণ করুন ৫৯-

মহাপ্রভাবশালী মহাপুরুষগণ সহজে সহিষ্ণু হন এবং জ্ঞান-বৃদ্ধিসম্পন্ন বৃদ্ধগণের বচন সদা শুনিয়া থাকেন। ৬০

ধর্ম্মাত্মাগণের অগ্রগণ্য সাধু মহাত্মা শ্রীকৃষ্ণ এই তুচ্ছ কারণে নিজ জ্যেষ্ঠ ভ্রাতার সহিত বিরোধ করিবেন না। ৫০

যেমন, অবোধ বলকে বিষ্ণু আমার মাতাকে এই প্রকার বরদান করিয়াছিলেন যে তিনি তাঁহার জ্যেষ্ঠ পুত্রদিগের অনুগত সঙ্গ করিবেন। ৫১

যেমন স্বয়ং ইচ্ছানুসারে ভগবান্ বিষ্ণু উপেন্দ্র ভাব প্রাপ্ত হইয়াছিলেন সেইরূপ তিনি ভ্রাতা ইন্দ্রের সম্মানও করিতে লাগিলেন। ৫২

পূর্ব্বকালে অথবা যখন অবতারের সময় এই বিষ্ণুদেব কি আমার জ্যেষ্ঠতা স্বীকার করেন নাই? আর এখন যদি মধুসূদন ইচ্ছা করেন তাহা হইলে তিনি জ্যেষ্ঠ হইবেন। ৫৩

ধৃতি ও বুদ্ধিযুক্ত ধর্ম্মজ্ঞ তপোধন নারদ বল-বিনাশক ইন্দ্রকে আপন সিদ্ধান্তে অটল দেখিয়া দেবেশ্বরের নিকট হইতে বিদায় লইয়া যদুপতি শ্রীকৃষ্ণের সুরক্ষিত কুশস্থলী বা দ্বারকাপুরীতে চলিয়া গেলেন। ৫৪

শ্রীমহাভারতের খিলভাগে হরিবংশে বিকুণ্ঠপর্ব্বে পারিজাত-হরণবিষয়ক একসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ।

[শ্রীকৃষ্ণের নারদসমীপে অমরাবতী-আক্রমণবৃত্তান্ত নিবেদন করিয়া ইন্দ্রসমীপে সংবাদপ্রেরণম্, ইন্দ্র-বৃহস্পতীয় কথোপকথনম্, বৃহস্পতির কশ্যপসমীপে বৃত্তবিষয়ক সংবাদকথনম্, কশ্যপস্য বৃত্তদমায়ার্থং ভগবতঃ শরণস্য উক্তিঃ।]

বৈশম্পায়ন উবাচ

অথৈত্য দ্বারকাং রম্যাং নারদো মুনিসত্তমঃ।
দদর্শ পুরুষব্যাঘ্রং নাতাধর্মনরিন্দমম্ ॥ ১

স্বয়ম্প্রভে সুখাসীনং সহিতং সত্যভাময়া।
বিরাজমানং বপুষা সর্বদেবোঽহিতাগমিনা ॥ ২

তমেবার্থং মহাত্মানং চিন্তয়ন্তং পুরুত্তমম্।
কেবলং যোজয়ন্তঞ্চ বাক্যমাত্রেণ তামিমম্ ॥ ৩

দৃষ্ট্বৈব নারদং দেবঃ প্রত্যুত্থায় অধোক্ষজঃ।
পূজয়ামাস চ তথা বিধিদৃষ্টেন কর্মণা ॥ ৪

সুখোপবিষ্টং বিশ্রান্তং তত্রস্থ মধুসূদনঃ।
বৃত্তান্তং পরিপপ্রচ্ছ পাণ্ডিত্যে তত্রকং প্রতি ॥ ৫

অথাচষ্ট মুনিঃ সর্বং বিস্তরেণ তপোধনঃ।
ইন্দ্রাদ্যুক্তাংশ্চ যে বাক্যা নিখিলা ত্রিদশেশ্বরৈঃ ॥ ৬

শ্রুত্বা কৃষ্ণস্তু তৎ সর্বং নারদং বাক্যমব্রবীৎ
অমরাবতীং পুরীং যাস্যে যোদ্ধুং ধর্মভৃতাং বরঃ ॥ ৭

ইত্যুক্ত্বা নারদেনৈব সহিতঃ সাগরাম্বরঃ।
সন্দিদেশ ততস্তত্র বিধিবৎ নারদং হরিঃ ॥ ৮

মঘবন্ভবনং গত্বা অদ্য রাত্রি তপোধন।
অভিযাস্যে মহাত্মানং মঘবানমরোত্তমম্ ॥ ৯

ন যুদ্ধে প্রমুখে শক্র স্থাতুং হি সে প্রভো।
পারিজাতস্য হরণে বিগ্রহে মম বৈরিতা মাম্ ॥ ১০

এবমুক্তস্তু কৃষ্ণেন নারদস্ত্রিদিবং গতঃ।
আচচক্ষেঽথ কৃষ্ণোক্তং দেবেন্দ্রস্যাপি নিশ্চৌজসঃ ॥ ১১

ততো বৃহস্পতেঃ শ্রুত্বা সকাশং বলনাশনঃ।
শ্রুত্বা বৃহস্পতিশ্চৈবমুবাচ তৃকলক্ষ্মজ ॥ ১২

অহো বিষ্ণু স্তব্ধমনা নহি যাতে শতক্রতো।
তুর্বীতমিত্র সঙ্কাশ তস্মাদ্ধি ত্বং পরাজিতঃ

অনাত্মাত্মা কথা নাম ভবতা দুর্বলেশ্বর
মন্যেঽহং কৃষ্ণমক্লিষ্ট দেব কেনাপি হেতুনা ॥ ১৪

শ্রীকৃষ্ণ সন্তিষ্ঠতে যেই সকল বৃত্তান্ত শুনিয়া নারদকে বলিলেন—হে ব্রহ্মর্ষিশ্রেষ্ঠ! আমি আপনার কাল অমরাবতী যাত্রা করিব ॥ ৭

এই বলিয়া শ্রীকৃষ্ণ নারদের সহিত সাগরতীরে আগমনপূর্বক নির্জনে তাঁহার প্রতি যেরূপ সংবাদ দান করিলেন ॥ ৮

হে তপোধন! আপনি অদ্য ইন্দ্রভবনে গমন করিয়া প্রথম পূর্বক সেই দেবেন্দ্রকে মহাত্মাকে আমার বার্তা শুনান—'হে ইন্দ্র! যে প্রভু! আপনি যুদ্ধে অগ্রসর হইয়া অবস্থান করিতে সমর্থ হইবেন না। আমি যে পারিজাত আনয়নে কৃষ্ণদ্বিষ্ট হইয়াছি —ইহা জানিবেন ॥ ৯-১০

শ্রীকৃষ্ণ এইরূপ বলিলে নারদ স্বর্গপুরীতে গমন করিলেন এবং অনিষ্টভেদকারী দেবরাজ ইন্দ্রকে শ্রীকৃষ্ণের উক্ত বচনসমূহ নিবেদন করিলেন ॥ ১১

হে কুরুনন্দন! তখন বলাসুরের বিনাশকারী ইন্দ্র বৃহস্পতিকে সমস্ত প্রসঙ্গ বলিলেন এবং তাহা শুনিয়া বৃহস্পতি দেবরাজকে বলিলেন ॥ ১২

হা বিষ্ণু! হে শতক্রতু! আমি যখন ব্রহ্মলোকে বিরাজিলাম তখন দুর্বীততুল্যক কি তোমার কলহ মনে উপস্থিত হইয়াছে? ১৩

জগদীশ্বর! হে দেব! কি কারণে তুমি আমার মনে এই বৃত্তান্ত আরও করিতেছ ॥ ১৪

অথবা ভবিতব্যেন কর্ম্মণেদৃশ্যতে জগৎ। বৃত্রস্য ন বিধিঃ শক্যঃ সমতিবর্ত্তিতুম্ ॥ ১৪

সহসৈব তু কার্য্যারম্ভো ন প্রশস্যতে। তদেতৎ সহসারব্ধং কার্য্যং দাস্যতি লাঘবম্ ॥ ১৬

বৃহস্পতিঃ মহাত্মানং মঘোনস্তত্রবীদ্ বচঃ। এবং গতেঽস্তু বং কার্য্যং ভবান্ বক্তুর্মর্হতি ॥ ১৭

তমুবাচাথ কর্ম্মাত্মা গন্তব্যাগমতত্ত্ববিৎ। অযোমুখশ্চিন্তয়িত্বা বৃহস্পতিকুলাধমঃ ॥ ১৮

ততশ্চ সহ পুত্রেণ যোধয়ধ্ব জনার্দ্দনম্। তথা শক্র করিষ্যামি যথা গ্লাস্যতি ভবিষ্যতি ॥ ১৯

বৃহস্পতিস্তথেত্যুক্ত্বা স্তোত্রেণ সাহসং গতঃ। আচষ্ট মুনয়ে সর্ব্বং কল্পপায় মহাত্মনে ॥ ২০

তচ্ছ্রুত্বা কল্পপঃ ক্রুদ্ধো বৃহস্পতিমভাষত। অবশ্যং ভাব্যমেতত্তে সংরম্ভো নাত্র সংশয়ঃ ॥ ২১

ইচ্ছতঃ মদ্বচঃ ভার্য্যাং মহর্ষের্দেবশর্ম্মণঃ।
অপধ্যানকৃতো দোষঃ পততোষ শতক্রতোঃ ॥ ২২

তস্য দোষস্য শান্ত্যর্থমারব্ধস্ত্বং মুনে ময়া।
উদ্বাসঃ স দোষস্তু প্রাপ্ত এষ দুরাত্মনঃ ॥ ২৩

তদমিষ্যামি মধ্যেঽস্য সহায়িত্বা তপোধন।
ইতো তৌ বারয়িষ্যামি দৈবং সংবর্দ্ধতে যদি ॥ ২৪

বৃহস্পতিস্তু কর্ম্মাত্মা নারীচমিদমব্রবীৎ।
প্রাপ্তকালং ত্বয়া তত্র ভবিতব্যং তপোধন ॥ ২৫

তথেতি কল্পপশ্চোক্ত্বা সম্প্রস্থাপ্য বৃহস্পতিম্।
জগাম চ্ছিদুং দেবং কৃতং দুষ্কৃতমেবহম্ ॥ ২৬

তত্র সৌম্যং মহাত্মানমার্চ্চন্তং বৃষভধ্বজম্
বরার্থী কল্পপো ধীমানিদমাহ চরিতঃ প্রভুঃ ॥ ২৭

তুষ্টাব চ তমীশানং নারীচঃ কল্পপস্তদা
যোগোক্তৈঃ স্তুতিভিশ্চৈব স্তবৈঃ স্তুত্যং জগদ্গুরুম্ ॥ ২৮

বৃত্রাসুরবিনাশন হে ইন্দ্র! যখন ভবিতব্য কর্ম্মের ফল এই জগৎ প্রেরিত হইতেছে তখন অতিক্রম করিবার শক্তি কাহারও নাই। ১৫

সহসা কোন কার্য্য আরম্ভ করা উচিত নহে তুমি যে সহসা কার্য্য আরম্ভ করিয়াছ, তাহাতে তোমার লঘুত্ব পরাজয় হইবে। ১৬

তখন মহেন্দ্র মহাত্মা বৃহস্পতিকে বলিলেন—এই পরিস্থিতিতে আমার যাহা কর্ত্তব্য, তাহা বলুন। ১৭

তখন ও ভবিতব্যের তত্ত্বজ্ঞ ঈশ্বরবৃদ্ধি ধর্ম্মাত্মা বৃহস্পতি কিছুক্ষণ অধোমুখে চিন্তা করিয়া তাঁহাকে এইরূপ বলিলেন। ১৮

হে দেবেন্দ্র! এখন তুমি আপন পুত্রের (জয়ন্তের) সহিত যুদ্ধভূমিতে যাইয়া শ্রীকৃষ্ণের সঙ্গে যুদ্ধ কর এবং বিজয়ের জন্য যত্নবান হও। তখন আমি তাহাদের পরিণামের জন্য চেষ্টা করিব। ১৯

এই বলিয়া বৃহস্পতি স্তোত্রমন্ত্রের দ্বারা যখন করিলেন এবং সেখানে মহাত্মা কল্পপ মুনিকে সকল কথা বলিলেন। ২০

তাহা শুনিয়া কল্পপ ক্রুদ্ধ হইয়া বলিলেন,—যাহা ঘটিবার, তাহা অবশ্যই ঘটিবে—তাহাতে সংশয় নাই। ২১

হে মুনি! সেই দোষের দ্বারাই তব আমি জলবাস-রূপ তপস্যা আরম্ভ করিয়াছিলাম, তথাপি সেই দারুণ দোষ ফলপ্রসূ হইতেছে। ২৩

হে তপোধন! আমিও সহিত আমি যুদ্ধস্থলে উত্তরের জন্য যাইব। যদি দৈব অনুকূল হয়, তবে উভয়কে নিবৃত্ত করিব। ২৪

তখন ধর্ম্মাত্মা বৃহস্পতি মরিচিপুত্র কল্পপকে বলিলেন,—তপোধন! যুদ্ধের কাল উপস্থিত হইয়াছে, অতএব আপনার সেখানে উপস্থিত হওয়া উচিত। ২৫

'তাহাই হউক' এই বলিয়া কল্পপ বৃহস্পতিকে বিদায় দিলেন এবং যুদ্ধস্থলে অবস্থান করের আরাধনার জন্য যখন করিলেন। ২৬

সেখানে অতিথির সহিত বৃদ্ধিমান্ ভগবান্ কল্পপ বরপ্রাপ্তির ইচ্ছায় সৌম্যরূপধারী পরমাত্মা বৃষভধ্বজের পূজা করিলেন। ২৭

অনন্তর কল্পপ স্তুতির যোগ্য জগদ্গুরু ভগবান্ শিবকে বেদোক্ত মন্ত্র এবং স্বরচিত স্তোত্র দ্বারা স্তুতি করিলেন। ২৮

কশ্যপ উবাচ

উরুক্রমং বিশ্বকর্ম্মাণমীশং
ভূতসংস্রষ্টারং ধর্ম্মগোপ্তারং বরেণ্যম্।
তং সর্ব্বং ত্বা দ্যুতিমদ্ভানং দিব্যং
বিশ্বেশ্বরং ভূতপতিং নমস্তে ॥ ২৯

যো দেবানামধিপঃ পাপহন্তা,
ভূতং বিশ্বং যেন জগন্মরত্বাৎ।
আপো গর্ভং যজ্ঞ শুভা দধিত্রো
বিশ্বেশ্বরং তং শরণং প্রপদ্যে ॥ ৩০

শালাবৃকান্ যো যতিরূপো নিজঘ্নে
দস্তানিষ্পেষ প্রদূদো হিতানাম্
বিরূপাক্ষং সুরসঙ্ঘং পুণ্যযোনিং
বিশ্বেশ্বরং শরণং যামি মুর্দ্ধা ॥ ৩১

ভুঙ্‌ক্তে য একো বিভুর্ভূরণ্যে বিশ্বনগ্রাং
বাচ্যাং ধাম সুকৃতিরাত্র সূক্তং
পুষ্যাৎ স মাং মহসা শাশ্বতেন
সোমপানাং প্রথমোঽপানাং বরিষ্ঠঃ ॥ ৩২

অথর্ব্বাণং সুশিরসং কৃতযোনিং
কৃতিনং বীরং ধানবানাক বাধম্।
যজ্ঞে হুতিং যজ্ঞিয়ং সংস্কৃতং বৈ
বিশ্বেশ্বরং শরণং যামি দেবম্ ॥ ৩৩

জগজ্জালং বিততং যত্র বিশ্বং
বিধাত্রাদ্যং প্রীতিদেবং প্রজানাম্।
য উর্দ্ধমং রথমাস্থায় যাতি
বিশ্বেশ্বরং স সুমনা মেঽস্তু নিত্যম্ ॥ ৩৪

অনুত্তরং শোচনং চারুশাখং
মহাবলং ধর্ম্মনেতারমীড্যম্।
সহস্রনেত্রং শতবর্ত্মানুগ্রং
মহাদেবং বিশ্বসঙ্ঘং নমস্তে ॥ ৩৫

শুচিং যোগং সাশনং শান্তপাপং
শর্দ্দং শম্ভুং শঙ্করং ভূতনাথম্।
ধূর্ত্তস্তরং গোপতিং চন্দ্রচিহ্নং
ত্র্যম্বকাখ্যং নয়ন যামি মূর্দ্ধা ॥ ৩৬

কশ্যপ বলিলেন—যিনি বিক্রমণে বলনামধারণে ত্রিপদে ত্রিলোক ব্যাপ্ত করিয়াছিলেন, এই বিশ্ব যাঁহার কর্ম, যিনি সর্বেশ্বর, ভূতগণের সৃষ্টিকর্ত্তা, যাঁহাকে দান করিলে যাঁহার সাক্ষাৎকার হয়, যিনি সর্ব-স্বরূপ, যিনি সাত্ত্বিক দ্যুতিমান্ দেবগণের আত্মা-স্বরূপ, সেই বিশ্বরূপ সর্ব্বজ্ঞ বিশ্বেশ্বরকে আমি প্রণাম করি। ২৯

যিনি দেবতাগণের অধিপতি এবং পাপনাশকারী, যিনি বিশ্বময় মহিমা ধারণ করিয়া আছেন, ভূত হল যাঁহার গর্ভস্বরূপ (আশ্রিত চৈতন্য সেই বিশ্বেশ্বরের আমি শরণ গ্রহণ করিতেছি। ৩০

যিনি যতিরূপী হইয়া এবং ছিন্নভিন্ন হইয়া শাল-বৃক প্রভৃতি হিংস্রজন্তুগণের উত্তেজক ইন্দ্র-প্রেরিত ইন্দ্রিয়রূপ বৃককে নাশ করিয়াছিলেন, যাঁহার নেত্র বিরূপ, যিনি সুবর্ণ এবং পুণ্যের আত্মা-স্বরূপ, মস্তক নত করিয়া প্রণাম পূর্বক সেই বিশ্বেশ্বরের শরণ লইতেছি। ৩১

যিনি বিশ্বের একমাত্র স্বামী এবং শ্রেষ্ঠ, বিশ্বকে যিনি পালন করিতেছেন, যিনি সূর্য্যাদি জ্যোতিরও জ্যোতিঃস্বরূপ, পুণ্যস্বরূপ বলিয়া যিনি সুকৃতির দ্বারা অন্বেষ্য, সোমপানকারী এবং চন্দ্র-রশ্মিপানকারী, মহাত্মাদিগের যিনি শ্রেষ্ঠ ধাম, সেই বিশ্বেশ্বর তাঁহার সনাতন তেজ দ্বারা আমাকে পোষণ করুন। ৩২

অথর্ব্বদেব যাঁহাকে প্রতিপালন করিয়াছেন, যাঁহার পক্ষ-কোমলরূপ শীর্ষটি সুন্দর, যিনি সমস্ত জীবের কারণ-স্বরূপ, যিনি কৃতী, যিনি বীর এবং দানবগণের বাধক, যজ্ঞে যাঁহার উদ্দেশে আহুতি দেওয়া হয়, যিনি সংস্কারযুক্ত হবিঃ-স্বরূপ; সেই বিশ্বেশ্বরের আমি শরণ গ্রহণ করিতেছি। ৩৩

সমস্ত জগৎরূপ ইন্দ্রজাল যাঁহার উপর বিস্তৃত রহিয়াছে, যিনি সমস্ত বিশ্বের আত্মাস্বরূপ, পরমপুরুষগণের যিনি সুখপ্রীতি-দাতা, যিনি ঊর্দ্ধগামী রথে আরোহণপূর্বক যাত্রা করিয়া থাকেন, সেই বিশ্বেশ্বর সতত আমার প্রতি প্রসন্ন হউন। ৩৪

যিনি অন্তর্যামী আত্মারূপে সকলের অন্তরে বিরাজ করেন, যিনি প্রকাশমান, দেবগণ মনোরথের ন্যায় যিনি প্রকটিত, যিনি মহাবলশালী, ধর্ম্মের প্রবর্ত্তক এবং স্তুতির যোগ্য, যাঁহার সহস্র নেত্র রহিয়াছে এবং যাঁহাকে পাওয়ার জন্য বহু মার্গ নির্দ্দিষ্ট হইয়াছে (অথবা যিনি শতপথবিহিত কর্ম্ম-ফলদাতা) সেই উগ্রস্বরূপ বিশ্বরক্ষী মহাদেবকে আমি নমস্কার করি। ৩৫

যিনি শুচি, যোগময়, বিভিন্ন যোগের প্রতিপাদক, পাপঘ্ন, সদাচারক, সুখের উৎপত্তিস্থান, কল্যাণকারী এবং জীবগণের অধিপতি, বিশ্বের ত্রাতা যিনি বহন করিতেছেন, যিনি ইন্দ্রিয়গণের নিয়ন্তা এবং চন্দ্রচিহ্ন ধারণ করিতেছেন, জ্ঞানেন্দ্রিয়গণের আত্মস্বরূপ—সেই (মহাদেবকে) নতশিরে প্রণাম করিয়া শরণ গ্রহণ করিতেছি। ৩৬

আত্তঃ শিখায়ং বৃষভঃ ভোকবাংঃ
কৃত্তঃ চর্ম্মঃ বিততং ত্রাণ্ডশেষম্
বসুস্তরঃ সমুজীকঃ সমং ত্বাং
রুদ্রস্ত্রয়ঃ খলু সূলবং তপন্তে ॥ ৩৭

অনন্তধীর্য্যাং বৃতকর্ম্মাধিনাড়ঃ
যজ্ঞাশেষঃ ভদ্রতাকাভিযাজাম
ত্বিষ্টুজ্জুবনানাং সবৈষঃ
জ্যেষ্ঠঃ দ্বিজঃ ধর্ম্মভৃতাং প্রলম্বে ॥ ৩৮

পরং গুহেভ্যঃ পুরুষমর্তরূপং
যদাসৃজঃ ব্রাহ্মণ কাম্যকল্পং
ওঙ্কারাদ্যং পুরুষং সত্যাধারং
সন্তোষং ত্বাং হৃষ্টতোষং নমস্তে ॥ ৩৯

বৃক্তোক্তঃ ত্বং ঋশিরসঃ চাক্রকর্ম্মা
দৃঢ়ব্রতঃ দৃঢ়ধনমন্যুভৃত্তঃ

ধৃতঃ বেত্তারং বধূযোঽন্ত্যাতিরেকং
পতিং পশূনাং শরণং নমস্তে ॥ ৪০

একো রাজিষ্টেব ভূতঃ ভবিষ্যঃ
সর্ব্বাতিথির্গো হি জুবত্তারিক্ষ্ণ।
অরিভ্যবোঽদ্ভুতঃ সংবিভাগী
বিভাজকো মাং ভগবান্ পাতু দেবঃ ॥ ৪১

য একো যাতি জগতাঃ বিধনীশো
য একোঽবাপ্তকামতাঃ প্রাণমগ্র্যান্।
যেনাবৃতাশ্চান্দ্রাঃ সাম ধুরঃ
স মাং ভূয়াৎ সুকৃতিস্রেয়সেঽলম্ ॥ ৪২

ব্রহ্মাসৃজৎ যো ভুবনোত্তমেতমং
ক্রত্বা বিধান্ প্রথিতঃ মহ্ন ওজসঃ
সন্ধ্যা বসঃ যাঞ্জুতিস্ত সপ্ত্রা
স মাং পায়ান্নি বহস্রূপোঽবিরাজৈঃ ॥ ৪৩

যিনি শীত্র কলদাতা, জন্মরহিত হোলেও যিনি জন্ম করেন, যিনি অতীত ভবিষ্যৎকে যিনি বেদোক্ত ধর্ম্মের (যজ্ঞাদির) অনুষ্ঠান ফল প্রদান করিয়া শীঘ্র সমাপ্তি বিধান করেন, কিন্তু নিজেওরে ভার আচরণ করিলে চিত্তশুদ্ধিপূর্ব্বক পুণ্যরূপ তাঁকে যিনি রক্ষা করিয়া থাকেন, সর্ব্বত্রার যিনি সমান, যিনি উত্তম ব্রত ধারণ করেন, ভূলধারী সেই মহাদেবের আমি শরণ গ্রহণ করিতেছি। ৩৭

আপনার বল ও পরাক্রমের অন্ত নাই, আপনিই সমস্ত কর্ম্মের ধারণকারী সাক্ষী-স্বরূপ, আপনি সকলের আদি কারণ, যজমান কর্ত্তৃক যজ্ঞ দ্বারা আরাধিত যজ্ঞপুরুষ আপনিই। আপনিই সমস্ত জগতের হবির্ভোক্তা অগ্নিরূপ এবং ধর্ম্মাত্মা শ্রেষ্ঠ দ্বিজ আপনিই—আমি আপনার শরণ গ্রহণ করিতেছি। ৩৮

আপনি জগতের পতি এবং বিষ্ণুরূপ, আপনি যজ্ঞের ন্যায় ব্যাপক, সূত্রের ন্যায় সমস্ত বিশ্বের উপর প্রতিষ্ঠিত, সমস্ত প্রাণীর অঙ্গ-প্রত্যঙ্গ আপনি সুষ্ঠঠিত করিয়া থাকেন, আপনার জন্ম মনোহর, আপনি বিশুদ্ধ আত্মারূপ এবং সত্যাধার-রূপ (বৈকুণ্ঠাদি), আপনি দুষ্টকারী ব্যক্তিগণের দুঃখদাতা, আমি আপনাকে নমস্কার করি। ৩৯

আপনি যোগিগণের নিকট ওঁকাররূপ, আপনার স্বরূপভূত ওঁকারের নিত্য অর্থাৎ অন্তর্যামী আপনিই। আপনার কর্ম্ম হিংসাশূন্য বলিয়া মনোহর, আপনি দৃঢ়প্রতিজ্ঞ এবং সুদৃঢ় ধনুর্দ্ধারী ও দুষ্ট হইতে বাণনিক্ষেপকারী বীর, ধনুর্বেদ-জ্ঞাতা এবং অস্ত্রবিদ্যার সর্ব্বশ্রেষ্ঠা পারদর্শী, পশুগণের পালক এবং জগতের সংহারকর্ত্তা—আমি আপনাকে নমস্কার করি। ৪০

যিনি সকলের একমাত্র মিত্র, ভূত এবং ভবিষ্যৎ যাঁহার স্বরূপ, যিনি সকলের অতিথিরূপে অতিথিরূপে। হবিঃ গ্রহণ করিয়া থাকেন, কামাদি শত্রুর বিনাশকারী এবং রাক্ষসাদি শত্রুর পীড়া প্রদানকারী, যাঁহার তুল্য উত্তম আর কেহ নাই, যিনি যজ্ঞে হবির্ভাগ বিভাজন করিয়া থাকেন—সেই ভগবান মহাদেব আমাকে রক্ষা করুন। ৪১

যে জগদীশ্বর এক হইয়াও সমস্ত বিশ্বে প্রবিষ্ট হইয়া আছেন এবং যে অধিতীয় পরমাত্মা প্রাণস্বরূপ মুক্তপুরুষেরও প্রাণ প্রধান করিয়া থাকেন, যিনি শ্রীমান্ হইয়া সকলের সঙ্গে সনাতন মৈত্রী সম্পাদিত করিয়াছেন—সেই শিব উত্তম কার্য্য এবং কল্যাণের নিমিত্ত আমার প্রতি কৃপাদৃষ্টি করুন। ৪২

যিনি ব্রহ্মা হইয়া সমস্ত ভুবনে উত্তমোত্তম বিশ্বলোক সৃজন করিয়াছেন, যিনি ব্রহ্মবেত্তা বিদ্বান্ হইয়া ঐশ্বর্য্য, জ্ঞান, যশ, শ্রী, বৈরাগ্য, ধর্ম্ম প্রভৃতি ছয়টি গুণে পরিপূর্ণ হইয়াছেন, যিনি ব্যাহৃতিতে স্থিত রস এবং তাহার তিন মাত্রায় উপলব্ধিত সমস্ত প্রণব সৃষ্টি করিয়া তাহার মধ্যে পরিব্যাপ্ত আছেন—বহুরূপধারী তিনি কামাদি শত্রুর নাশ করিয়া আপন অঙ্গের দ্বারা আমাকে রক্ষা করুন। ৪৩

বাজনোঽজনোঽথ বিষ্বান সনগ্রঃ
স্পৃশিঃ শঙ্কুঃ প্রাণদঃ কৃত্তিবাসাঃ।
রসো ধ্রুবঃ পবনানন্ত ভর্তা
সপত্নীশঃ শঙ্করঃ সাধ্বধাতা ॥ ৪৪

ত্র্যম্বকং পুষ্টিদং বো ক্রবাণঃ
ধর্ম্মং বিপ্রাণাং বরদং যজ্ঞনাজ্ঞ।
বরাদ্ বরং বরণেতাত্তমীশং
দেবং দেবানাং শরণং যামি কৃত্তম্ ॥৪৫

আস্তং দেবানামন্তকং হৃদ্ধতীনাং
ত্রিবৃৎস্তোমং বৃক্ষকং কর্ম্মসাক্ষ্যম্।
কৃত্তায়নং কৃত্তপতিং গুণজ্ঞং
গুণাকরং শরণং যামি কৃত্তম্ ॥ ৪৬

অনুদ্ধতা যজ্ঞকর্ত্তারমন্তং
মধ্যং চান্তং যজ্ঞকৃত্তাং সামারূপম্।
বেদব্রতেষু বহুধা গীতমীশ-
মতিত্রিবিষ্টপং শরণং যামি কৃত্তম্ ॥ ৪৭

মহাভিনঃ ব্রতিনঃ মেখলানাং
মুণ্ডাশিনঃ ক্রোধনঃ বিপাশম্।
কৃত্তং ক্ষেত্রজ্ঞং গুণিনং বা কপর্দ্দিনং
নতোঽস্মীশং বন্দনং বন্দনানাম্ ॥ ৪৮

দেবং দেবানাং পাবনং পাবনানাং
কৃত্তিং কৃত্তীনাং মহতো মহান্তম্।
শত্তাত্মানং সংস্কৃতং গোপতীনাং
পতিং দেবং শরণং যামি কৃত্তম্ ॥ ৪৯

অন্তস্করং পুরুষং গুহ্যসংজ্ঞং
প্রভাষন্তং প্রবং বিপ্রদীপম্।
হেতুং পরং পরমন্তাক্তরন্তং
শুভং দেবং গুণিনং সম্প্রতোঽস্মি ॥ ৫০

প্রসূতিরুক্তয়োর্ম্ম প্রসূতস্ত্বং পৃক্তঃ
পৃথগ্ ভূতোভো ন পৃথক্ চৈকভূতঃ
ত্বত্তঃ কৃত্তঃ পাতু মাং সর্ব্বসাধ্যঃ
প্রবঃ স্বাহঃ সম্ভবঃ পাতু রুদ্রম্ ॥ ৫১

যিনি অতীন্দ্রিয় বিষয়ের জ্ঞান প্রদানকারী অজন্মা, বিদ্বান এবং সর্ব-গ্রহণ, ব্যাপক বলিয়া যিনি সকলকে স্পর্শ করিয়া আছেন, কল্যাণকারী এবং প্রাণদাতা, পঞ্চচর্ম্মধারী, যিনি রস-স্বরূপ অর্থাৎ অক্ষয় পরমানন্দস্বরূপ, যিনি বায়ুর নিয়ন্তা, যিনি পত্নী এবং পতি। যজমান এবং যজ্ঞপতী সব তত্ত্বের ধারক-কারী,—(সেই ভগবান্ শঙ্কর আমাকে রক্ষা করুন)। ৪৩

যিনি ত্রিনেত্রধারী এবং সকলের পুষ্টিপ্রদানকারী, যিনি বিপ্রগণকে (বেদবেত্তাগণকে) ধর্ম্মোপদেশ দান করেন এবং যজ্ঞকারীর অভীষ্ট বর প্রদান করেন, যিনি শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ, সংগ্রামবিজয়ী ঈশ্বর এবং দেবতাগণেরও দেবতা, সেই ভগবান্ রুদ্রের আমি শরণ গ্রহণ করিতেছি। ৪৪

যিনি অগ্নিরূপে দেবতাগণের মুখস্বরূপ, হুতাচারিগণের অন্তক, ত্রিবৃৎ আদি স্তোমে যুক্ত সোমযাগস্বরূপ, সংসারবৃক্ষের উচ্ছেদকারী, কর্ম্মের সাক্ষী, জীবগণের লয়স্থান, যিনি গুপ্ত এবং গুণরূপ, সেই রুদ্রদেবের আমি শরণ গ্রহণ করিতেছি। ৪৬

যিনি প্রত্যেকের অপেক্ষাও প্রবল, যিনি যজ্ঞসম্পাদনকারী যজমানের আদি, মধ্য এবং অন্ত, প্রকৃতির সাম্যাবস্থা যাঁহার স্বরূপ, যিনি বেদোক্ত ব্রতে (যজ্ঞে) নানাপ্রকারে স্তুত হন, ভূতল হইতে স্বর্গ পর্য্যন্ত ত্রিলোকের যিনি ঈশ্বর, সেই ভগবান্ রুদ্রের আমি শরণ গ্রহণ করিতেছি। ৪৭

যিনি বিশাল অস্থিধারী, উন্নত বাহুধারী, নেখলায় অলঙ্কৃত, অনায়াসে তুষ্ট, ক্রোধের বশে প্রাণবিহিংসক, নিষ্পাপ, ক্ষেত্রজ্ঞ, গুণবান্ জটামুকুটধারী এবং বন্দনীয়গণেরও বন্দনীয়, সেই ভগবান্ শঙ্করকে নমস্কার করি। ৪৮

যিনি দেবতাগণেরও দেবতা, পাবনকারিগণেরও পাবন-কর্ত্তা, কৃত্তিগণের অপেক্ষাও কৃত্তী, মহানের চেয়েও মহান্, শান্ত-স্বরূপ এবং ইন্দ্রিয়ের অধিষ্ঠাতা দেবতাগণের স্তবনীয়, সকলের পালক—সেই রুদ্রদেবের আমি শরণ গ্রহণ করিতেছি। ৪৯

যিনি সকলের অন্তঃকরণে বিচরণকারী অন্তর্য্যামী, যিনি গুহ্যস্বরূপ, যজ্ঞপ্রকাশস্বরূপ, ঔঙ্কারস্বরূপ, পরম অক্ষরের (জীবের) পরম কারণ, মঙ্গলকারী, গুণবান্ দেবতা—সেই ভগবান্ শঙ্করকে আমি প্রণাম করিতেছি। ৫০

যিনি জগৎ এবং জীব উভয়ের যোনিস্বরূপ, আবার সমস্ত কারণের অতীত বলিয়া কাহারও যোনি নহেন, অতএব মূলের ন্যায় বলিয়া সূক্ষ্ম, সকল জীব হইতে তিনি পৃথক্, আবার সমস্ত কিছু হইতে অভিন্ন বলিয়া পৃথক্ নহেন, যিনি সমস্ত জগৎরূপে প্রকটিত, আবার সমস্ত কিছুর লয়স্থান, যিনি উত্তম ধাতা, জ্ঞান-স্বরূপ (কবি), হর্ষ এবং রমণীয় রূপস্বরূপ,—সেই ভগবান্ শিব আমাকে রক্ষা করুন। ৫১

আসাং সত্ত্বতরঃ সাধনানাং
শ্রদ্ধাবতাং শ্রাদ্ধবৃত্তিপ্রণেতা
পতির্বপানাং মহতাং সংকৃতানাং
পায়াদ্দেবঃ পূরণঃ ষড়্গুণানাম্ ॥ ৫১

অন্তর্বহির্জিনানাং নিত্তা
স্বয়ং কর্তা ভূতভাবী বিকর্তন্
ঋতাবৃধঃ সুরতীমাযুজদ্যৌতাঃ
প্রদ্যুম্নাগ্নে বৃজিনং দেবদেবঃ ॥ ৫৩

যেনোদ্ভাত্রৈঃ পুরা মায়িনো বৈ
দগ্ধা যোগেন বিত্তপাস্ত্রাঃ শরেণ।
মহৎকুর্বন্তো বৃজিনং দেবতানাং
ত্রায়ান্নোঽপ পাতু বিশ্বে দধাতা ॥ ৫৪

ভাগীরসাং ভাগহরোঽস্তমিচ্ছন্
মখো দাক্ষো যেন কৃত্তোঽধ্বরাবৎ।
বিধান্ যজ্ঞস্যাসিতস্যাস্য স দেবঃ
পায়াদ্যোগো মখ-ভঙ্গাদ্ভয়ান্তুতঃ ॥ ৫৫

যিনি অন্তর্যামী রূপিয়া সকলের সর্বাপেক্ষা সাধনশীল পুরুষের নিকট যিনি সদ্গতির অর্থাৎ প্রসাদস্বরূপ, শ্রদ্ধালু মানবের যিনি শ্রদ্ধার অনুরূপ বৃত্তি প্রদানকারী, যিনি মহান পুণ্যাত্মা প্রমথগণের অধিপতি, সর্বশ্রেষ্ঠ ছয়টি গুণের যিনি পূরণকর্তা—(সেই শিব) আমাকে রক্ষা করুন। ৫১

যিনি অন্তরের ও বাহিরের পাপসমূহের বিনাশকারী এবং ছয় ঐশ্বর্যের কর্তা, যিনি পঞ্চভূতের ঘটনাবেত্তারূপ অর্থাৎ জগতের উপাদান কারণ, ভূতাবৃধ, যাঁহার পরাক্রম সর্বাপেক্ষা উত্তম এবং যেজ্ঞাগণের যিনি দেবতা— সেই পরমেশ্বর শিব আমার পাপ নাশ করুন। ৫৩

যেজ্ঞাগণের প্রতি পাপাচরণকারী মায়াবী অসুরকে যিনি পূর্বকালে জ্ঞানরূপ অস্ত্রের দ্বারা ঈর্ষে উৎক্ষিপ্ত করিয়াছিলেন, অসুরের বৃদ্ধি ব্যর্থ হইলে যিনি ভয়ানক বাণ দ্বারা তিনটি নগরী ভস্ম করিয়াছিলেন, বিশ্বের প্রধান আশ্রয়রূপ এবং সকলের জ্যেষ্ঠ (আদি) শিব আমাকে রক্ষা করুন। ৫৪

দক্ষযজ্ঞে অধিক ভাগগ্রহণকারী দেবতাগণের ভাগ যিনি নিজে করিতে ইচ্ছা করিয়াছিলেন, যাঁহার দ্বারা বিহিত দক্ষযজ্ঞ যজ্ঞেশ্বরের ভক্ষণ গ্রহণ করিয়াছিল, যিনি যজ্ঞের জ্ঞাতা, আদি এবং অন্ত—সেই দক্ষযজ্ঞের বিনাশকারী সর্বেশ্বর শিব আমাকে রক্ষা করুন। ৫৫

অন্ত-জগৎ হইতে যিনি বিলক্ষণ বা ভিন্ন, সমাধি সম্ভার-সম্পন্ন বলিয়া যিনি ধন্য, সর্বাপেক্ষা উত্তম, যিনি ব্রহ্মারূপে জগৎ সৃষ্টি করিয়া জগতরূপে সংহার করেন, যিনি সর্বাপেক্ষা ঘোগবীর, যজ্ঞকারী যজমানের পুণ্যরাশি যিনি ক্ষয় করেন, ছয় গুণের যিনি মূল আশ্রয়—সেই শিব আমার সম্বন্ধিকে সতত রক্ষা করুন। ৫৬

যে দেবতার গুণ কৃত, চরিত্র এবং বর্তমান সৃষ্টি করে অথবা সৃষ্টি, পালন এবং সংহার করে, যিনি সত্ত্বগুণের আবিষ্কারহেতু বিষ্ণুরূপে স্থিত, যিনি যজ্ঞগণের রক্ষাকর্তা, দুরাচারিগণের যিনি বিনাশকারী, বিশ্বের যাবতীয় জগতের পীড়াপ্রদান-কারিগণের প্রতি যিনি কোপপরায়ণ—(সেই শিব আমাকে রক্ষা করুন। ৫৭

ভগবান্ বিষ্ণু যাঁহার তেজঃপুঞ্জের মূল ঐশ্বরূপ, বিরাটরূপ ব্রহ্মা তাঁহার সুরগণের (সনকাদি) সহিত এবং মরীচি প্রভৃতি ব্রহ্মর্ষিগণ যাঁহার মধ্যে প্রকটিত, তথাপি পরাভূত হইয়া যাঁহার ভবনে প্রবেশ করিতে পারেন নাই, সৎপুরুষগণের রক্ষাকর্তা সেই মহাদেব আমার কল্যাণের নিমিত্ত প্রসন্ন হউন। ৫৮

যিনি আকাশাদি পঞ্চভূতের উৎপত্তি, স্থিতি এবং অন্ত, যাঁহার মধ্যে ধৈর্য এবং ঐশ্বর্য প্রভৃতি অনুগ্রহ উপলব্ধ হয়, যোগবীর যজ্ঞ যিনি উপদেশদাতা, যে ব্যক্তি কোন হার্দিক তিরস্কারে পীড়িত হইয়া মহাদেবকে একমাত্র আশ্রয় জানিয়া তাঁহার শরণ গ্রহণ করেন, তিনি পুরুষগণের মধ্যে মহান্। ৫৯

যন্নিমিত্তাঙ্কিতং ব্রাহ্মং সর্বমেধাময়ং
তনিমিত্তাঙ্কিতং যদ্ধ্যানং সর্বধাত্রী
নাস্তং তৃতীয়ং জগতীহাস্তি কিঞ্চিন্
মহাদেবাৎ সর্বসর্বেশ্বরোঽসৌ ॥ ৬০

ইতি সংস্তূয়মানস্তু ভগবান্ বৃষভধ্বজঃ।
ধর্মযাত্রাং ধর্মাত্মা কল্পপঃ ধর্মমুত্তরম্ ॥ ৬১
উবাচ চৈনং দেবেশঃ প্রসন্নেনান্তরাত্মনা।
যেন সাদ্যৌমি কার্যেণ ত্বং তজ্জানে প্রজাপতেঃ ॥ ৬২
ইন্দ্রোপেন্দ্রৌ মহাত্মানৌ দেবৌ প্রকৃতিমেত্যতঃ
পারিভাতং তু ধর্মাত্মা নরিষ্যতি জনার্দনঃ ॥ ৬৩

সংসারে নিত্যাঙ্কিত অর্থাৎ পুরুষচিহ্নযুক্ত যে সমস্ত শরীর, তাহা যিনিবন্ধারী ঈশ্বরের স্বরূপ এবং স্ত্রীচিহ্নযুক্ত যে শরীর-সমুদায়, তাহা ভগবতী সর্বজননী উমার প্রতীকমাত্র। জগতে আর তৃতীয় বস্তু কিছু নাই। মহাদেব হইতে ভিন্ন কিছু নাই এবং তিনিই সর্বেশ্বর। (দেই শঙ্কর আমাকে রক্ষা করুন।) ৬০

এইভাবে বর্ধমান ভগবান বৃষভধ্বজ সংস্তুত হইয়া ধর্মাত্মা-গণের শ্রেষ্ঠ কল্পপ মুনিকে স্বর্গ প্রদান করিলেন। ৬১

দেবেশ্বর মহাদেব তাঁহার প্রতি প্রসন্নচিত্তে বলিলেন,—হে প্রজাপতি! তুমি যে কার্যের জন্য স্তুতি করিতেছ, তাহা জানি। ৬২

জপধ্যাতো মহেন্দ্রো হি মুনিনা দেবসত্তমঃ।
অস্ত্রাকাঙ্ক্ষৎ পুত্রা ভার্যা তপোলব্ধপুত্র কল্পপ ॥ ৬৪
গমাতাং তত্র ধর্মজ্ঞ সাক্ষাদ্যস্য ত্বয়া।
অদিত্যা শক্রসদনং শ্রেয়স্তে পুত্রযোর্ভবম্ ॥ ৬৫
ইতি হরিবংশে নিগদা বিধান্
কমলভবাস্থতপুত্রপ্রেষঃ।
ত্রিদশগণগুরুঃ প্রণম্য কৃতঃ
মুদিতমনাঃ সুমনোকসাং জগাম ॥ ৬৬
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্বণি
পারিভাতহরণে কল্পপকৃত-কৃতন্তোত্রঃ নাম
ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ ৬৭

ইন্দ্র এবং উপেন্দ্র এই দুই মহামনস্বী দেবতা স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইবেন এবং ধর্মাত্মা জনার্দন পৃথিবীতে বৃষ্ণি অন্ধক লইয়া যাইবেন। ৬৩

হে কল্পপ! পূর্বকালে ইন্দ্র তপস্যার তেজে পীত মহর্ষির পত্নীকে অভিলাষ করায় মুনি দেবশ্রেষ্ঠ মহেন্দ্রের অনিষ্ট চিন্তা করিয়াছিলেন। ৬৪

হে ধর্মজ্ঞ! তুমি শক্রভগ্নী অদিতির সহিত ইন্দ্রভবনে গমন কর, তোমার পুত্রদ্বয়ের অনেক কল্যাণ হইবে। ৬৫

এই প্রকারে ভগবান্ শঙ্করের বাক্য শ্রবণ করিয়া ব্রহ্মকুমার মরীচির পুত্র অতিশয় শক্তিশালী বিদ্বান্ মহর্ষি কল্পপ দেবগুরু রুদ্রকে প্রণামপূর্বক প্রসন্ন চিত্তে দেবলোকে গমন করিলেন। ৬৬

ইতি শ্রীমহাভারতের খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্বে পারিভাতহরণে কল্পপকৃত কল্পস্তোত্রবিষয়ক ত্রিসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ।

[ইন্দ্র-শ্রীকৃষ্ণয়োঃ, জরন্ত-প্রদ্যুম্নয়োঃ, প্রবর-সাত্যকোঃ, ঐরাবত-গরুড়য়োশ্চ পরস্পরং যুদ্ধম্।]

বৈশম্পায়ন উবাচ।

অথ বিষ্ণুর্ব্যতেজা মুহূর্তাদ্ভাস্বিতে রবৌ।
মৃগয়াব্যপদেশেন যযৌ রৈবতকং গিরিম্ ॥ ১
আরোপ্যৌকরথে দেবঃ সাত্যকিং নরপুঙ্গবম্।
প্রদ্যুম্নমনুসঙ্ক্রুদ্ধো প্রোক্ত্বা কুরুকুলোদ্বহ ॥ ২
রৈবতকং গিরিং দেবো গত্বা দারুকমব্রবীৎ।
যদীয়ং রথমেনং ত্বং প্রত্যাহরেহৈব দারুক ॥ ৩
প্রতিপালয় মাং সৌম্য নিবাঙ্কং বারয়ন্ হরীন্।
রথেনৈব প্রবেষ্টাহং দ্বারকাং পুতসঙ্কুল ॥ ৪

ত্রিসপ্ততিতম অধ্যায়।

[ইন্দ্র-শ্রীকৃষ্ণের, জরন্ত-প্রদ্যুম্নের, প্রবর-সাত্যকির এবং ঐরাবত-গরুড়ের মধ্যে পরস্পর যুদ্ধ।]

বৈশম্পায়ন বলিলেন—জনমেজয়! অনন্তর সূর্য উদিত হইলে মুহূর্তমধ্যে মহাতেজস্বী শ্রীকৃষ্ণ পশুশিকারের নিমিত্ত রৈবতক পর্বতে গমন করিলেন। ১

কুরুকুলভূষণ! শ্রীকৃষ্ণ এক-রথে নরশ্রেষ্ঠ সাত্যকিকে স্থাপন পূর্বক প্রদ্যুম্নকে পশ্চাতে পশ্চাতে আসিবার আদেশ প্রদান করিয়া যখন রৈবতক পর্বতে উপস্থিত হইলেন তখন নিজ সারথি দারুককে বলিলেন। ২।

হে সৌম্য দারুক! তুমি আমার এই রথ গ্রহণ পূর্বক অর্ধ দিন অশ্বগুলিকে সংযমিত করিয়া আমার জন্য প্রতীক্ষা কর। হে পুতকুলশিরোমণি! আমি রথ লইয়াই দ্বারকা-পুরীতে প্রবেশ করিব। ৩-৪

ইতি সঞ্চিন্ত্য ভগবানাকাশে জগন্নাথঃ
তার্ক্ষ্যং সমাহ্বয়ামাস গমনপ্রত্যেতুমাত্মনঃ ॥ ৫
পৃথগ্‌রথেন কৌরব্য প্রস্থাতঃ শত্রুসূদনঃ।
আকাশগামিনা রাজন্ পৃষ্ঠতঃ কৃষ্ণমন্বয়াৎ ॥ ৬
নিষেদ্ধাস্তরমাত্রেণ নন্দনং কাননং হরিঃ।
দেবোদ্যানং যযৌ যত্র পারিজাতজিঘৃক্ষয়া ॥ ৭
দদর্শ তত্র ভগবান্ দেবযোধান্ দুরাসদান্।
নানাযুধধরান্ বীরানগ্নস্তানযোধ্যতঃ ॥ ৮
তেষাং সম্পশ্যতামেব পারিজাতং মহাবলঃ।
উৎপাট্যারোপয়ামাস পারিজাতঃ সতাং গতিঃ ॥ ৯
গরুড়ং পক্ষিরাজানমধ্যস্থেনৈব ভারত
উপস্থিতো বিপ্রধ্যান্ পারিজাতঃ স কেশবম্ ॥ ১০
সাত্যকিং বাসুদেবেন পারিজাতস্তু ভারত।
উক্তস্ত বৃক্ষ মা ভৈষীঃ কেশবেন মহাত্মনা ॥ ১১
তং প্রস্থিতং তরুং দৃষ্ট্বা পারিজাতমযোক্ষতঃ।
অমরাবত্যাঃ পুরাঃ শ্রেষ্ঠাং তত্রস্থাং প্রদক্ষিণম্ ॥ ১২
তে তু নন্দনগোপ্তারঃ পারিজাতো জ্বলোত্তমম্।
ত্রিরুত্তীর্য মহেন্দ্রস্য গদা নূপ সমাশিরে ॥ ১৩
অথৈরাবতমাক্রুষ্য নির্যযৌ পাকশাসনঃ।
জম্ভেন রথমুখ্যেন পৃষ্ঠতোঽনুগতঃ প্রভুঃ ॥ ১৪
পূর্বমভ্যাগতং দ্বারং কেশবং শত্রুশাসনম্।
দৃষ্ট্বোবাচ প্রহৃষ্টাত্মা ভোঃ কিমিদং মধুসূদন ॥ ১৫
প্রণম্য গরুড়স্কন্ধোঽথ কেশবঃ শক্রমব্রবীৎ।
যজ্ঞান্তে পুণ্যকার্য্যায় নীয়তেঽয়ং বরদ্রুমঃ ॥ ১৬
তদুবাচ ততঃ শক্রো মা নৈবং পুরুষোত্তম।
অযোধয়িত্বা ন তরুর্নীয়তে ত্বাদৃগুত্তমৈঃ ॥ ১৭
প্রহরস্ব মহাবাহো প্রথমং ময়ি কেশব
প্রতিজ্ঞা সফলা তেঽস্তু মুক্তা কৌমোদকী ময়ি ॥ ১৮
ততঃ কৃষ্ণঃ শরৈস্তীক্ষ্ণৈর্বজ্রাভৈরযোত্তমম্
বিত্রাসয়ন্নিশস্ত্রাশৈঃ প্রহসন্নিব ভারত ॥ ১৯

গরুড়কে এইরূপ আদেশ প্রদান পূর্বক বিনতাতনয়ী পরাক্রমী বৃষ্ণিমান্ শ্রীকৃষ্ণ সত্যভামার সহিত গরুড়ে আরোহণ করিলেন ॥ ৪

কুরুনন্দন! রাজন! শত্রুসূদন প্রস্থানও এক আকাশগামী পৃথক্ রথে শ্রীকৃষ্ণের পশ্চাতে পশ্চাতে গমন করিয়াছিল ॥ ৬

বুদ্ধিমান্ শ্রীকৃষ্ণ পারিজাত হরণের অভিপ্রায়ে মুহূর্তমধ্যে দেবোদ্যান নন্দনকাননে উপস্থিত হইলেন ॥ ৭

ভগবান অযোক্ষজ সেই নন্দনকাননে উপস্থিত হইয়া দুর্জয় বীর দেবযোদ্ধাগণকে নানা প্রকার আয়ুধযুক্ত অবস্থায় দেখিলেন। ভরতনন্দন! সৎপুরুষগণের আশ্রয়দাতা মহাবলশালী শ্রীকৃষ্ণ সেই যোদ্ধাগণকে নিরীক্ষণ করিতে করিতে বিনেয় প্রভৃতি বীরগণই পারিজাত উৎপাটিত করিয়া পক্ষিরাজ গরুড়ের উপর স্থাপন করিয়াছিলেন ॥ ৮-৯!

সেই পারিজাত বৃক্ষ মূর্তিমান্ হইয়া শ্রীকৃষ্ণের সম্মুখে উপস্থিত হইয়াছিল। ভারত! সেই সময় বসুদেবনন্দন মহাত্মা কেশব পারিজাতকে সান্ত্বনা প্রদান করিতে করিতে বলিলেন—"বৃক্ষ! তুমি ভীত হইও না ॥ ১০-১১

পারিজাত বৃক্ষকে নিজের সহিত প্রস্থান করিতে দেখিয়া ভগবান অযোক্ষজ শ্রেষ্ঠ অমরাবতীপুরীকে প্রদক্ষিণ করিলেন ॥ ১২

নরেশ্বর! নন্দনকাননের রক্ষকগণ মহেন্দ্রের নিকটে গমন করত বলিল "দেবরাজ! শ্রেষ্ঠ বৃক্ষ পারিজাত অপহৃত হইয়াছে" ॥ ১৩

ইহা শ্রবণ পূর্বক পাকশাসন ইন্দ্র ঐরাবতে আরোহণ করিয়া বহির্গত হইলেন এবং তাঁহার পশ্চাতে পশ্চাতে রথে আরোহণ করিয়া জম্ভরথও গমন করিলেন ॥ ১৪

শক্রনাদন কেশবকে ইন্দ্রপুরীর পূর্বদ্বারে আগত দেখিয়া ইন্দ্র তাঁহাকে বলিলেন—"হে মধুসূদন! ইহা তুমি কি করিলে?" ॥ ১৫

গরুড়স্থ কেশব ইন্দ্রকে প্রণাম করিয়া বলিলেন—"দেবরাজ! আপনার যজ্ঞ পুণ্যকার্য্য সম্পাদনের নিমিত্ত এই শ্রেষ্ঠ বৃক্ষ লইয়া যাইতেছি" ॥ ১৬

অনন্তর ইন্দ্র তাঁহাকে বলিলেন—"কমললোচন অচ্যুত! এইরূপ হইবে না। বিনা যুদ্ধে তুমি এই বৃক্ষ লইয়া যাইতে পারিবে না ॥ ১৭

"মহাবাহু কেশব! প্রথমে তুমি আমাকে প্রহার কর। আমার উপর কৌমোদকী গদা নিক্ষেপ করিয়া তোমার প্রতিজ্ঞা সফল হোক" ॥ ১৮

ভরতনন্দন! অনন্তর শ্রীকৃষ্ণ হাসিতে হাসিতে নিজ শত্রুসূদন তীক্ষ্ণ বাণদ্বারা দেবরাজের গজশ্রেষ্ঠ ঐরাবতকে বিদ্ধ করিতে আরম্ভ করিলেন ॥ ১৯

বিব্যাধ গরুড়ং বজ্রী দিব্যৈঃ শরবরৈস্তথা।
বাণাংশ্চিচ্ছেদ সহসা কেশবস্য তরস্বিনঃ ॥ ২০
যান্ যান্ মুমোচ দেবেন্দ্রস্তাংস্তাংশ্চিচ্ছেদ মাধবঃ
মাধবেন প্রযুক্তাংস্তু চিচ্ছেদ বলবত্রহা ॥ ২১
মহেন্দ্রস্য চ শঙ্খেন ধনুষঃ কৃষ্ণনন্দন।
শার্ঙ্গস্য চ নিনাদেন মুহূর্তং স্বর্গবাসিনঃ ॥ ২২
তয়োর্বর্ত্ততি সংগ্রামে গরুড়স্যো মহাবলঃ।
পারিজাতং জহারাথ হর্তুমুদ্যতো বলী ॥ ২৩
প্রদ্যুম্নমথ কংসঘ্নো বাহয়েতি তদাব্রবীৎ।
ততস্তং বাহয়ামাস রৌক্মিণেয়ঃ প্রতাপবান্ ॥ ২৪
জহ্নস্তো জহতাং শ্রেষ্ঠো রৌক্মিণেয়মবেষুভিঃ।
সর্ব্বশস্ত্রাস্ত্রবিদ্বাংশ্চ জঘান রথে স্থিতঃ। ২৫
রথস্থ এব রুক্মিণঃ কামস্য কমলেক্ষণঃ
ঐন্দ্রিমভ্যর্দ্ধয়ামাস বাণৈরাশীবিষোপমৈঃ ॥ ২৬
স সন্নিপাতস্তুমুলো বভূব কুরুনন্দন

জহ্নস্তস্য চ বীরস্য রৌক্মিণেয়স্য চোভয়োঃ ॥ ২৭
কৃতপ্রতিকৃতং যুদ্ধে চক্রতুস্তৌ মহাবলৌ।
মহেন্দ্রোপেন্দ্রতনয়ৌ জহ্নস্তাবৃভয়ো বরৌ ॥ ২৮
দেবাশ্চ মুনয়শ্চৈব দদৃশুর্বিস্ময়ান্বিতাঃ।
তং সংগ্রামং মহাঘোরং দিব্যাস্ত্রৈশ্চ সুদারুণং ॥ ২৯
ততস্তু প্রবরো নাম দেবদূতো মহাবলঃ।
পারিজাতং পুনর্হর্ত্তুমিয়েষ কুরুনন্দন ॥ ৩০
সখা স দেবরাজস্য মহাস্ত্রবিদরিন্দমঃ।
অব্রবীদ্ বরদানেন ব্রহ্মণঃ কুরুনন্দন ॥ ৩১
ব্রাহ্মণস্তপসা সিদ্ধো জন্মজীপাদ্দিবং গতঃ।
স্বশক্ত্যানুগ সংগ্রামং সংবিধৎ্ বলবত্তিনা ॥ ৩২
তমাপতন্তং সংপ্রেক্ষ্য কৃষ্ণঃ স তাক্ষিমব্রবীৎ।
অত্রস্থ এব প্রবর শরৈস্তৈরস্য সাত্যকে ॥ ৩৩
ন ত্বয় নির্দ্দয়ং বাণঃ সোক্তব্যঃ সাত্যকে ত্বয়া
অস্য ব্রাহ্মণচাপল্যং সোঢ়ব্যং খলু সর্ব্বথা ॥৩৪

যন্ত্রধারী ইন্দ্রও নিজ দিব্য তীক্ষ্ণ শরের দ্বারা গরুড়কে বিদ্ধ করিলেন এবং বেগবতী কেশবের বাণকে সহসা ছেদন করিলেন ॥ ২০

দেবেন্দ্র যে যে বাণ নিক্ষেপ করিতেছিলেন, তাহা মাধব ছেদন করিতেছিলেন এবং মাধব যে বাণ নিক্ষেপ করিতেছিলেন, তাহা বল-ত্রুবিনাশক ইন্দ্র খণ্ডিত করিতেছিলেন ॥ ২১

কৃষ্ণনন্দন! ইন্দ্রধনুর ও শার্ঙ্গধনুরের উভয় নাদে স্বর্গবাসীগণ মোহিত হইয়াছিলেন ॥ ২২

তাঁহাদের দুইজনের মধ্যে সংগ্রাম চলিতে থাকিলে মহাপরাক্রমী এবং বলশালী জহ্নু গরুড়ের পৃষ্ঠে স্থিত পারিজাত হরণ করিতে উদ্যত হইলেন ॥ ২৩

জনার্দ্দন কংসনিষূদন শ্রীকৃষ্ণ প্রদ্যুম্নকে বলিলেন—"বাধা দাও", আজ্ঞা লাভ করিয়া প্রতাপবান্ রুক্মিণীকুমার জহ্নুকে বাধা প্রদান করিলেন ॥ ২৪

বিজয়ী বীরগণের মধ্যে শ্রেষ্ঠ জহ্নু সেই সময় রথে অবস্থান করত হাসিতে হাসিতে বাণ নিক্ষেপ করিয়া প্রদ্যুম্নের সমস্ত অস্ত্র খণ্ড-বিখণ্ড করিয়াছিলেন ॥ ২৫

কামাবতার কমলনয়ন প্রদ্যুম্নও রথে অবস্থান করত বিষধর সর্পের ন্যায় ভয়ঙ্কর বাণের দ্বারা স্বয়ং ইন্দ্রকুমার জহ্নুকে পীড়িত করিলেন ॥ ২৬

কৃষ্ণনন্দন! জহ্নু ও বীর রুক্মিণীকুমার এই দুইজনের যুদ্ধ ভয়ঙ্কর রূপ ধারণ করিয়াছিল ॥ ২৭

সংসারে অদ্বিতীয়দিগের মধ্যে শ্রেষ্ঠ এবং মহাবলশালী মহেন্দ্র ও উপেন্দ্রের তনয় দুইজন যুদ্ধে একে অপরের অস্ত্র নিবারণ করিতেছিলেন ॥ ২৮

দেবতা, মুনি, সিদ্ধ এবং চারণগণ সকলে আশ্চর্য্যান্বিত হইয়া সেই মহাভয়ঙ্কর সংগ্রাম নিরীক্ষণ করিতেছিলেন ॥ ২৯

কৃষ্ণনন্দন! অনন্তর প্রবর নামক মহাবলশালী দেবদূত পুনরায় পারিজাত বৃক্ষটি হরণ করিতে অভিলাষী হইয়াছিলেন ॥ ৩০

কৃষ্ণনন্দন! শত্রুমর্দ্দনকারী, মহাত্মবিদ্ এবং দেবরাজ ইন্দ্রের সখা সেই প্রবর ব্রহ্মার বরদানে অবধ্য ছিলেন ॥ ৩১

নরেশ্বর! সেই তপঃসিদ্ধ ব্রাহ্মণ জম্বুদ্বীপ হইতে স্বর্গে গমন করিয়াছিলেন এবং নিজ শক্তির প্রভাবে বলবাহী ইন্দ্রের মিত্র হইয়াছিলেন ॥ ৩২

তাঁহাকে আগত দেখিয়া শ্রীকৃষ্ণ সাত্যকিকে বলিলেন—"সাত্যকি! তুমি এই স্থানে অবস্থান করিয়া নিজ বাণের দ্বারা প্রবরকে প্রতিরুদ্ধ কর ॥ ৩৩

সাত্যকি! তুমি ইহার উপর নির্দ্দয়তাপূর্ব্বক বাণ নিক্ষেপ করিও না। এই ব্রাহ্মণের চাপলা সর্ব্ব প্রকারে সহ্য করা উচিত ॥ ৩৪

ততঃ যষ্ঠ্যা রথেভ্যস্তু গরুড়স্তঃ দ্বিজত্তমা
আজঘান মহাবাহো সাত্যকিং প্রবরো ভুবম্ ॥ ৩৫
শিনেনপ্তা ধনুস্তস্য ছিন্নঃ সাত্যকিনা নৃপ
চিচ্ছেদ পুরুষব্যাঘ্রো বচনং চেদমব্রবীৎ ॥ ৩৬
ব্রাহ্মণো নাভিযোদ্ধব্যস্তিষ্ঠ স্বব্রহ্মনি
অবধ্যা ব্রাহ্মণা হি ত্বাপ্রবেহপি হি দ্বিজাঃ ॥ ৩৭
প্রবরস্তু প্রত্যুত্তরমুবাচ কুরুনন্দন
অলং ক্ষত্ত্যা নৃপাং শূর যুদ্ধা ত্বপ্যাকুলা রণে ॥ ৩৮
ভাগবস্তু রামস্তু শিষ্যোহস্যপি ন সংশয়
নামতঃ প্রবরো নাম সখা শক্রস্য ধী-মতঃ ॥ ৩৯
ন দেবা যোদ্ধুমিচ্ছন্তি মদ্গুপ্তা মধুসূদনম্
আনৃণ্যং সৌহৃদস্যাদ্য বিগৃহ্যাস্মি সাত্বত ॥ ৪০
ততস্তয়োস্তদা যৌধঃ সংগ্রামো বব্রধে নৃপ
অস্ত্রৈর্দিব্যৈর্নবাস্ত্রৈশ্চ বৈচিত্র্যক্রিয়য়া তয়োঃ ॥ ৪১
ছেত্তুকামস্তদা সাত্যকিস্তস্য ধনুর্বরম্

তস্মিন্ বর্ত্ততি সংগ্রামে তেষামতিমহাত্মনাম্ ॥ ৪২
নাভিশিষ্যে রণে কশ্চিদ্বৈষ্ণবৈস্তেজসস্তদা বলম্ ।
ঐন্দ্রং কাশ্চিৎ মহাত্মানং মাহেশং শূরসত্তমম্ ॥ ৪৩
ঔষ্ণ্যং গৃহ্য প্রতীচ্যেন্তি তাবুভৌ যোধসত্তমৌ ।
যুযুধাতে নরশ্রেষ্ঠ পরস্পরজয়ৈষিণৌ ॥ ৪৪
অথ শার্ঙ্গাদ্ধনুর্মুক্তা শচীপুত্রঃ প্রতাপবান্ ।
বিতাড্যাভ্যাহনদ্রাজন্ নিবোধাগ্রেণ সত্বরঃ ॥ ৪৫
সোঽস্ত্রং তদস্ত্রবিদ্যাস্তমাপতন্তং শিতৈঃ শরৈঃ ।
তদন্তরে ব্যবস্থানে তদদ্ভুতমিবাভবৎ ॥ ৪৬
ততস্তস্য ক্ষণাদ্রাজন্ ধনুশ্চিত্বা মহাত্মনঃ ।
রৌক্মিণেয়স্য কৌরব্য ধ্বজং দানবমর্দ্দনম্ ॥ ৪৭
তেনাগ্র্যেণ রথো ভগ্নঃ প্রদ্যুম্নস্য মহাত্মনঃ
নাবহৎ তং সুসংরব্ধং তং রৌক্মিণেয়ং নরাধিপ ॥ ৪৮
হতাশ্বাদ্ধি স রথিনং ভগ্নাচ্ছত্রাদ্বিশাম্পতে
লঘুন্ রথাদ্রথাবাহ্য রৌক্মিণেয়ঃ প্রতাপবান্ ॥ ৪৯

মহারাজ! অনন্তর ব্রাহ্মণশ্রেষ্ঠ ঐ বাক্যের দ্বারা প্রবরই সাত্যকিকে ভীষণভাবে আঘাত করিলেন ॥ ৩৫

নৃপ! পুরুষসিংহ শিনিপৌত্র সাত্যকি বাণ নিক্ষেপ করিতে করিতে ব্রাহ্মণের ধনুক ছিন্ন করিয়াছিলেন এবং এই প্রকার বাক্য বলিয়াছিলেন : ৩৬

হে প্রবর! ব্রাহ্মণ আমার জননেতাগণ নহেন, অতএব তুমি আপন মার্গে অবস্থান কর, আপন মার্গে অবস্থান কর। অপরাধকারী ব্রাহ্মণও বধ্যযোগ্য বীরগণের অবধ্য ॥ ৩৭

কুরুনন্দন। প্রবরও হাস্য করিয়া সাত্যকিকে বলিলেন—সমুদ্যতগণের বীর আপনার যুদ্ধে আর হইবার প্রয়োজন নাই। আপনি সর্বশক্তি প্রয়োগ করিয়া যুদ্ধ করুন ॥ ৩৮

বাষ্ণেয়-বীর! আমিও ভার্গবশ্রেষ্ঠ পরশুরামের শিষ্য, আমার নাম প্রবর এবং বৃষ্ণিবংশীয় ইন্দ্রের সখা ॥ ৩৯

মধুসূদনের বীর! দেবতাগণও সম্মানিত মধুসূদনের সহিত যুদ্ধ করিতে ইচ্ছা করি না। তবে ইন্দ্রের সৌহার্দ্যের ঋণ পরিশোধ করিতে উদ্যতই হইয়াছি ॥ ৪০

সাত্বতেন্দ্র! পুরুষসিংহ! তদনন্তর সাত্যকি ও শ্রেষ্ঠ ব্রাহ্মণের সহিত দিব্য অস্ত্র দ্বারা ভীষণ যুদ্ধ হইয়াছিল এবং উহা বৃদ্ধি পাইয়াছিল ॥ ৪১

রাজন্! সেই অত্যন্ত মহান্ বীরের সহিত সংগ্রাম আরম্ভ হইলে আকাশচারী প্রাণী কম্পিত হইয়া উঠিয়াছিল ॥ ৪২

রণক্ষেত্রে শ্রীকৃষ্ণকুমার প্রদ্যুম্ন অস্ত্রধারীগণের মধ্যে শ্রেষ্ঠ ভরতের অগ্রবর্তী হইতে পারিতেছিলেন না এবং সেইরূপ ইন্দ্রকুমার ভরতও পুরশিরোমণি মহাত্মা প্রদ্যুম্নের অধিক পরাক্রম প্রদর্শন করিতে সমর্থ হইতেছিলেন না ॥ ৪৩

নরশ্রেষ্ঠ! পরস্পর জয়াভিলাষী সেই দুই শ্রেষ্ঠ যোদ্ধা শরের, ইহা গ্রহণ কর, প্রত্যাঘাত কর" এইরূপ সংলাপের সহিত যুদ্ধ করিতেছিলেন ॥ ৪৪

রাজন্! তদনন্তর প্রতাপবান শচীপুত্র ভরত শ্রীকৃষ্ণকুমারকে সম্বোধন করিয়া তাঁহার উপর দ্রুত দিব্যাস্ত্র দ্বারা আঘাত করিলেন ॥ ৪৫

বিজ্ঞ অভিজ্ঞের ন্যায় সেই তেজস্বী অস্ত্রকে প্রদ্যুম্ন দিব্য শরের জাল বিস্তার করিয়া রুদ্ধ করিয়াছিলেন। উহা এক অদ্ভুত ঘটনা ॥ ৪৬

কুরুনন্দন! অনন্তর যুদ্ধের অন্তরালে দ্বিজ রুক্মিণীনন্দন প্রদ্যুম্নের রথের উপর দীপ্তিমান্, ভরতের দানবমর্দ্দন বিপক্ষীয় নিক্ষেপ করিয়াছিলেন ॥ ৪৭

নরাধিপ! সেই অস্ত্রের দ্বারা মহাত্মা প্রদ্যুম্নের রথশ্রেষ্ঠ হইয়াছিল কিন্তু রুক্মিণীকুমার প্রদ্যুম্নকে বদ্ধ করিতে সমর্থ হয় নাই ॥ ৪৮

প্রভানাথ! অশ্বি এইরূপ উদ্যত হইলেও অপর অশ্বিপুত্র প্রদ্যুম্নকে বদ্ধ করিতে সমর্থ হয় নাই। মহাবাহু রুক্মিণীনন্দন প্রদ্যুম্ন সেই বদ্ধ রথ হইতে নির্গত হইলেন ॥ ৪৯

অথ নারায়ণস্তুতো বিবৃদ্ধো বপুষা ভৃশম্।
স্ত্রিতো বহুস্থানাকাশে ভূতস্থানিদমব্রবীৎ ॥ ৫০
মদ্বেগপূর্ণং দিব্যং ত্বং বলতো মুক্তবানসি।
নাহমাত্মপরিত্রাণায় শক্যো হন্তুং শতৈরপি। ৫১
প্রবস্তুং কুরু শিক্ষাণাং যত্নং মেঽদ্য প্রদর্শয়।
নাস্তি মেঽতিশয়ঃ কর্তা সংগ্রামেঽবস্থনন্দন ॥ ৫২
ভাষীমে সাধনং দৃষ্ট্বা রথস্থং ত্বাং সুতায়ুধম্।
বিভেমি তব মেনানাং যুদ্ধে দৃষ্টবলোদ্ভবম্ ॥ ৫৩
মনসা স্মর্যতাং বৈষ পাশিতস্তস্য তৎক্ষণাৎ।
শক্যং ন খলু হন্তুং ত্বাং স্মরেণো বজ্রসংযুতঃ ॥ ৫৪
রথো নাস্মাসহা দত্তবৃদ্ধা বো মনুজেশ্বরাঃ।
ঈদৃশানাং সহস্রাণি সৃষ্টুং শক্তোঽস্মি মায়য়া ॥ ৫৫
এবমুক্তো জয়শ্লাঘ্য মুনোঽগ্র্যঃ সত্ত্ব বলঃ।
তপসোপচিতস্তেন স্বাত্মনৈব তিতেজসা ॥ ৫৬
তৎ প্রদ্যুম্নো মহাবেগং শরজালৈরবারয়ৎ

চতুর্ভাগ্যানি দিব্যা নি মুমুচে চাপরাণি সঃ ॥ ৫৭
বিদ্ধ্বা সর্বাস্তু রুক্মিণ্যুস্তুতস্যাগ্র্যান্ হয়োত্তমান্।
রৌক্মিণেয়ঃ মহাস্ত্রাণ্যস্যন্বিধে চ পঞ্চমম্ ॥ ৫৮
মহোল্কাসদৃশান্ বাণানস্ত্রাণামপ্রতস্তমঃ।
মুমোচ যানি যোগাণি প্রহ্যুম্নঃ প্রতি সর্বতঃ ॥ ৫৯
তানি সর্বাণি বাণৌঘৈঃ কাঙ্ক্ষিণস্ত্রাণ্যবারয়ৎ।
জয়ন্তঃ চাপরৈর্বাণৈর্বিব্যাধ নিশিতৈস্তদা ॥ ৬০
ততো নাগঃ সমুৎসৃষ্টো দুরাসৈঃ পুণ্যকর্মভিঃ।
দৃষ্ট্বা বৈষ্ণাঙ্ক শৈস্ত্রাঙ্ক প্রহ্যুম্নস্ত মহাবলঃ ॥ ৬১
প্রবরস্ত্রাণি বাণেন নিজেন নিনিপূজকঃ।
চিচ্ছেদোদ্যম্য বাণেন হস্তং বাপঞ্চ তাবত ॥ ৬২
ততোঽন্যদ্ধনুঃ স তু ভৃগুস্ত মহত্তন্ত্রুতকৃতম্।
মহেন্দ্রদত্তং প্রবরং মহাশনিসমস্বনম্ ॥ ৬৩
স তেন বাণো মহতা বলেন বিপ্রকম্পিতঃ
শরাসুনোঃ বিবিধাস্ত্রকর্মবিশারদস্তদা ॥ ৬৪

প্রতিরুদ্ধ করিলেন এবং তৎপর অপর চার দিব্যাস্ত্র প্রয়োগ করিলেন ॥ ৫৭

তরুতনন্দন! সেই প্রবলতর মহাবীর রুক্মিণীকুমারকে চতুর্দিক্ হইতে পরিবেষ্টিত করিয়াছিল এবং পক্ষবাসীরা ধারা আকাশে উহার গতি রুদ্ধ হইয়াছিল ॥ ৫৮

অমরশ্রেষ্ঠ ভরত বিশাল চক্ষুঃসম্পন্ন যে সকল বাণ এবং তদ্ভিন্ন অন্য সর্বপ্রকার প্রহারের উপর নিক্ষেপ করিয়াছিলেন, সেই সকলকে শ্রীকৃষ্ণকুমার নিজ বাণসমূহের দ্বারা নিবারণ করিয়াছিলেন এবং অপর তীক্ষ্ণ বাণের দ্বারা তাঁহাকে আঘাত করিয়াছিলেন ॥ ৫৯-৬০

সেই সময় মহাত্মা প্রহ্লাদের ত্রিবতা ও ভিপ্রভা দেখিয়া পুণ্যকর্মা দেবতাগণ উচ্চ স্বরে হর্ষধ্বনি করিয়াছিলেন ॥ ৬১

ভরতনন্দন! শিনিপুত্রও বীর সাত্যকি এক তীক্ষ্ণ বাণের দ্বারা প্রবরেরও ধনুক ও তন্ত্রাকা খণ্ডিত করিয়াছিলেন ॥ ৬২

অনন্তর প্রবর মহান্ যজ্ঞের তুল্য টঙ্কার সৃষ্টিকারী ইন্দ্রদত্ত অপর এক বিশাল ও উত্তম ধনুক গ্রহণ করিলেন ॥ ৬৩

সেই বীর ব্রাহ্মণশ্রেষ্ঠের বিশাল ধনুক দ্বারা সূর্যকিরণের তুল্য তেজস্বী নানা প্রকার বাণ নিক্ষেপ করিতে লাগিলেন ॥ ৬৪

চকর্ত্ত চ বহুশিক্ষঃ শৈনেয়স্যাশিতেক্ষসঃ।
বিব্যাধ সর্বগাত্রেষু বাণৈরপি চ সাত্যকিম্ ॥ ৬৫

বহুরাদায় শৈনেয়স্ততোঽযুধ্যৎ কৃতব্রণঃ
যুযুধে ভারসহো ধীমান্ বিব্যাধ প্রবরং রণে ॥ ৬৬

উৎকর্ত্তযুযুধে তূর্ণং তৌ শিতৈঃ শরৈঃ।
গাত্রেভ্যস্তৌ মাংসানি মর্মভিদ্ভিঃ পরোক্ষকৈঃ ॥ ৬৭

অথাষ্টধারবাণেন পূর্ণবিদ্ধাসনং দ্বিধা
চিচ্ছেদ প্রবরো বীরস্ত্রিভিস্তৈস্তনতাড়নৈঃ ॥ ৬৮

অন্যদ্বিধাসনং তং তু প্রগৃহ্যমনসং দ্বিজঃ
গদয়া তাড়য়ামাস ক্ষেপণ্যা লঘুতস্ত্বরন্ ॥ ৬৯

সোঽসিং চর্ম্ম চ জগ্রাহ সাত্যকিঃ প্রহসন্নিব।
ন জগ্রাহ বহুধাঽমান গদয়াভিহতে ভুবম্ ॥ ৭০

ততঃ শরশতাঘোর যুযুধাচ প্রবরস্তদা

বিহস্তমিব বিজ্ঞায় সাত্যকিং যদুনন্দনম্ ॥ ৭১

প্রাদ্যোম্নোঽস্ত্র দদৌ ঘোরং নির্ম্মলাকাশসন্নিভম্।

তস্য চিচ্ছেদ ভল্লেন নিস্ত্রিংশঃ প্রবরস্তদা ॥ ৭২

ৎসরুমেঽপাতয়চ্ছ্রেষ্ঠঃ প্রভঞ্জন্নিব

বাণৈশ্চ তথা চর্ম্ম নিতৈর্বাণৈরভিস্তৈঃ ॥ ৭৩

আজঘান চ সাত্যানং ভূমি বিপ্রো ননাদ চ।

তং বিহ্বলমিব জ্ঞাত্বা পারিজাতজিতশ্রীরা।

তার্ক্ষ্যোঽভ্যাগাৎ রথেনৈব স তস্যৌ প্রবরস্তদা ॥ ৭৪

তং পঞ্চপুটবেগেন চিক্ষেপ গরুড়ধ্বজঃ।

পর্যুতিমেকোঃ সত্বঃ স পপাত মুমোহ চ ॥ ৭৫

তং জয়ন্তো নিশম্যাথ পতিতং রাজ্ঞি বৃষ্ণি।

সমাশ্বাস্য রথং শীঘ্রং সংরোপিত্বা ত্বরান্বিতঃ ॥ ৭৬

শৈনেয়নপি মুহুস্তু পতন্তমুক্ত বুযুধুঃ

আশ্বাসয়ন্ প্রদ্যুম্নঃ পিতৃব্যং পরিষস্বজে ॥ ৭৭

তং হি পস্পর্শ হস্তেন সর্বান্ মধুসূদনঃ।

বিরুজঃ স্পর্শমাত্রেণ সাত্যকিঃ সমপদ্যত ॥ ৭৮

তিনি অমিতবলশালী সাত্যকির বিরুদ্ধে বহুক শরনিক্ষেপ করিয়াছিলেন এবং সর্বাঙ্গে বাণদ্বারা আঘাত করিয়াছিলেন ॥ ৬৫

কৃতব্রণ। অনন্তর বৃষ্ণিবংশীয় সাত্যকি অপর একটি বহুসংখ্য তীক্ষ্ণ ধনুক গ্রহণ করিয়া রণক্ষেত্রে প্রবরকে বিদ্ধ করিতে লাগিলেন ॥ ৬৬

সেই দুইজন তীক্ষ্ণ বাণের দ্বারা পরস্পরের কবচ ছেদন করিতেছিলেন এবং মর্মভেদী তীক্ষ্ণ শরের দ্বারা একে অপরের গাত্র হইতে মাংস কর্তন করিতেছিলেন ॥ ৬৭

এই সময় বীর প্রবর পুনরায় এক অষ্টধার বাণের দ্বারা সাত্যকির ধনুককে দ্বিধা বিদ্ধ করিলেন এবং তিন বাণের দ্বারা তাঁহাকে আঘাত করিলেন ॥ ৬৮

সঙ্কর্ষণাদ্যৈঃ কৃতসর্বকার্যৈঃ
চিত্রাণি চানেককথাশ্রয়াণি ॥ ১৫

কাদম্বরীপানমদোৎকটস্তু
বলঃ পৃথুশ্রীঃ স চুকূর্দ রামঃ।
সহস্রতালঃ মধুরঃ সমঙ্ক
স ভাতিঃ দেবব্রতাসুপুত্রো ॥ ১৬

বীর। সেই রাত্রে ইঁহারা শ্রীকৃষ্ণ ও বলরামের আনন্দময় ঠাঁহাদের মঙ্গলময়ী লীলাসমূহ কীর্তন করিতেছিলেন। কংস ও প্রলম্বাদিবধের বর্ণনীয় প্রসঙ্গ, রজনালায় চাণূরা দকে আখাড়া, যশোদা কর্তৃক শ্রীকৃষ্ণের দামোদর নাম ও যশ বিস্তার করা, সেই উপলক্ষে বৃন্দাবনলীলা, অরিষ্টাসুর ও ধেনুকাসুর বধ, ব্রজে বাস, পুতনার বিনাশ, যমলার্জুন ভঙ্গ, বৃকাসুরের সৃষ্টি, বৎসাসুর বধ, যমুনার হ্রদে মধুসূদন শ্রীকৃষ্ণ কর্তৃক কমলদলল ও উৎপলদল উপাটন, গোপদিগকে রক্ষা করিবার জন্য শ্রীকৃষ্ণের দ্বারা গোবর্দ্ধন ধারণ, গুরুর অনুলেপন সেবনকারিণী কুব্জার কৃষ্ণ দ্বারা বিবাহাদি লীলা-প্রসঙ্গ বেভাবে বেভাবে হইয়াছিল, তৎ সমস্তই সেই অপরাহ্ণে গান করিতে লাগিলেন। ৮-১১।

রাজন্! জনবন্ত (স্তুতিযোগ্য) ও অবন্ত শ্রীকৃষ্ণ নিজের অবামন (বিরাট্)। যজ্ঞকেও যেভাবে বামন করিয়াছিলেন, যেভাবে সৌত্ত বিধ্বংসে রথিত করিয়াছিলেন এবং বলরাম যেভাবে হলগদা অস্ত্র গ্রহণ করিয়াছিলেন, শ্রীকৃষ্ণ যেরূপে দেবশত্রু মুরুকে বধ করিয়াছিলেন, গান্ধাররাজকন্যা দৈবকীর বিবাহে যেভাবে বলশালী রাজগণকে রণে যোজিত বা বদ্ধ করিয়াছিলেন, যুদ্ধাহরণের সময় যেরূপে অর্জুনের জয়লাভ হইয়াছিল, এবং শ্রীকৃষ্ণ ও বলরাম লক্ষিত যুদ্ধে যেভাবে শ্রীকৃষ্ণাদির বিজয় হইয়াছিল, যুদ্ধে নিহত রাক্ষসগণের দ্বারা ইন্দ্রের সাক্ষাতেই যে রথ সি ও রক্ষ প্রেরিত হইয়াছিল, এই সব চরিত্র ও মানবগণের প্রীতি প্রদ ও চরিত্রিত মনোহর রূপবতী সেই অপরাহ্ণে গান করিলেন। শ্রীকৃষ্ণ ও বলরাম-র আনন্দবর্দ্ধনকারী এবং ঠাঁহাদের লীলা-কথা সহিত বহুমুক্ত যে সব বিচিত্র গীত ছিল, তাহা সমস্তই ইঁহারা গান করিলেন। ১২-১৬

তখনকার মধুপানে মত্ত উৎকট মৌক্তিকধারী বলরাম নিজ পত্নী রেবতীর সহিত হাতে তাল দান করিতে করিতে মধুর স্বরে সম্যক্ গান প্রবণ পূর্ব্বক গান করিতে লাগিলেন। ১৬

---

৩ সম হইল চতুর্থের সেই স্থান, যেভাবে গানকারী ও বাদ্যবাদনকারীর মস্তক বা হস্ত নড়ই হিলিয়া যায়। এই গান তাল অনুসারে স্থির হয়। যেরূপ তেতালে দ্বিতীয় তালে এবং ঠেকাতালে প্রথম তালে সম হয়। এইরূপ অন্য সব তালেও ভিন্ন ভিন্ন স্থানে সম হয়। বাদ্যের আরম্ভ এবং গীত ও বাদ্যের অন্ত এই সব অনুসারেই হয়। কিন্তু গান ও বাদ্যের মধ্যে মধ্যেও সম স্বাভাবিক ভাবে আসিতে থাকে।

তং কৃষ্ণমানং মধুসূদনঞ্চ
দৃষ্ট্বা মহাত্মা চ মুদান্বিতোঽভূৎ
চুকূর্দ্ধ সত্যাসহিতো মহাত্মা
হর্ষাগ্রসার্থক বলশ্চ ধীমান্ ॥ ১৭
সমুদ্যতাত্রার্থবধায়তঙ্গ
চুকূর্দ্ধ পার্থো নরলোকবীরঃ
কৃষ্ণেন সার্দ্ধং মুদিতঙ্কু কূর্দ্ধ
সুভদ্রয়া চৈব বয়াজযষ্ট্যা ॥ ১৮
গদশ্চ ধীমানথ সারণশ্চ
প্রদ্যুম্ন-সাম্বৌ নৃপ সাত্যকিশ্চ
সাত্রাজিতীসুতকৃদাববার্যাঃ
সুচারুদেষ্ণশ্চ সুচারুরূপঃ ॥ ১৯
বীরৌ কুমারৌ বিশঠোল্মুকৌ চ
রামানুজৌ যৌবতমৌ চুকূর্দ্ধতুঃ
অক্রূরসেনাপতিশঙ্কবশ্চ
তথাপরে ভৈমকুলপ্রধানাঃ ॥ ২০
তদ্যানপাত্রাঃ বরুধে তদানীং
কৃষ্ণপ্রভাবেণ কলেন্দ্রপুত্র

আপূর্যমাণপূর্ণমুদারকীর্ত্তে
চুকূর্দ্ধতুস্তির্ণ ভৈমযুধ্যোঃ ॥ ২১
তৈ রাসসক্তৈরতিকূর্দ্ধমানৈঃ
বৃষ্ণিপ্রবীরৈরমরপ্রকাশৈঃ।
হর্ষান্বিতা বীর জগত্তদাকূ-
হ্লেষুশ্চ পাপানি জনেন্দ্রসূনো ॥ ২২
দেবাতিথিস্তত্র চ নারদোঽথ
বিপ্রঃ প্রিয়ার্থঃ মুনকেশিশত্রোঃ।
চুকূর্দ্ধ মধ্যে বহুসত্তমানাং
ভটাকলাপাগলিতৈকবেশঃ ॥ ২৩
রাসপ্রণেতা মুনি রাজপুত্র
স এব তত্রাভবদপ্রমেয়ঃ।
মধ্যে চ গত্বা স চুকূর্দ্ধ কূয়ো
হেলাবিকারৈঃ সবিভ্রমিত্তারৈঃ ॥ ২৪
স সত্যভামায়ণ কেশবশ্চ
পার্থঃ সুভদ্রাশ্চ বলশ্চ দেবম।
দেবীঃ তথা রেবতরাজপুত্রী
সাদশ্চ সাদশ্চ ওভাস ধীমান্ ॥ ২৫

তাঁহাকে গান করিতে দেখিয়া মহাত্মা মধুসূদন শ্রীকৃষ্ণ অত্যন্ত আনন্দিত হইলেন। তাহারপর সেই বুদ্ধিমান মহাত্মা শ্রীকৃষ্ণও বলরামের হর্ষবর্দ্ধনের জন্য সত্যভামার সহিত গান করিতে আরম্ভ করিলেন। ১৭

নরলোকের প্রধান বীর কৃষ্ণনন্দন অর্জুনও সমুদ্যতাত্রার জন্য সেস্থানে আসিয়াছিলেন। তিনিও আনন্দযুক্ত হইয়া শ্রীকৃষ্ণ ও সুভদ্রাদেবী সুভদ্রার সহিত পাঁতালাপ করিতে লাগিলেন। ১৮

নৃপ জনমেজয়! তখন বুদ্ধিমান্ গদ, সারণ, প্রদ্যুম্ন, সাম্ব, সাত্যকি, উলার পরাক্রমশালী সত্যভামানন্দন ভানু * ও অত্যন্ত মনোহর রূপবান সুচারুদেষ্ণ এবং বলরামের অত্যন্ত বীর দুই পুত্র বীর বিশঠ ও উল্মুকও গান করিতে লাগিলেন। ১৯।

অক্রূর, যাদবসেনাপতি অনাধৃষ্টি, শম্ব এবং ভীমকুলের অন্যান্য প্রধান পুরুষগণ সেস্থানে গান করিতে লাগিলেন। উগ্রকীর্ত্তি নরেন্দ্রপুত্র! সেই সময় সেই যানপাত্র তাহাও পীতপরায়ণ যুধা মুধা যাদবগণের দ্বারা ক্রমে ক্রমে পূর্ণ হইতে লাগিল, শ্রীকৃষ্ণের প্রভাবে ইহা ক্রমে ক্রমে বর্দ্ধিত হইয়া যাইল। ২০-২১

বীর রাজকুমার! রাসে আসক্ত হইয়া অত্যন্ত পীতপরায়ণ সেই দেবোপম যাদবগণের সহিত সারা ওদর হর্ষোল্লাসে পরিপূর্ণ হইয়া উঠিল এবং সকলের পাপ-তাপ নাশ হইয়া যাইল। ২২

ভগবদ্ভক্ত দুর ও কেশীর শত্রু শ্রীকৃষ্ণের প্রিয় করিবার জন্য দেবগণের অতিথি বিপ্রবর নারদ সেই যাদবশ্রেষ্ঠ সকলের মধ্যভাগে আসিয়া গান করিতে লাগিলেন। তখন তাঁহার দেহের এক অংশ ভীষ্ম জটাসমূহে আচ্ছাদিত ছিল। ২৩

রাজপুত্র! এই অপ্রমেয়স্বরূপ নারদমুনি সেস্থানে রাসনৃত্যের প্রণেতা (সঞ্চালক বা সূত্রধার) হইয়া যাইলেন। তিনি নিজের অনুকরণশীল অজসমূহের দ্বারা লীলার অনুকরণ করিতে করিতে যাদবমণ্ডলীর মধ্যে গমন করত গান করিতে লাগিলেন। ২৪

এই বুদ্ধিমান্ নারদমুনি সত্যভামা, শ্রীকৃষ্ণ, অর্জুন, সুভদ্রা,

---

* শ্রীমদ্ভাগবতের প্রমাণানুসারে সত্যভামার জ্যেষ্ঠ পুত্রের নাম ভানু। ইহার কনিষ্ঠ নয় ভ্রাতার, নাম এইরূপ—সুভানু, বৃহদ্ভানু, প্রভানু, ভানুমান্, চন্দ্রভানু, বৃহদ্ভানু, অতিভানু, শ্রীভানু ও প্রতিভানু।

তা হাসয়ামাস সুধৈর্যযুক্তা-
স্তৈস্তৈরুপায়ৈঃ পরিহাসশীলঃ।
চেষ্টানুকারৈরিতিযুক্তকারৈ-
র্লীলানুকারৈরপরৈশ্চ ধীমান ॥ ১৬

আত্মাবিতং কিঞ্চিদিবোপলক্ষ্য
বাদ্যাভিঘাতং ভগবান জুহোচ।
হসন্ বিতাসাংশ্চ জহাস হর্ষা-
দ্ভাস্তাগমে কৃষ্ণবিনোদনার্থম্ ॥ ১৭

কৃষ্ণাজ্ঞয়া সাতিথয়ানি তত্র
যথানুরূপাণি দদুর্বতাঃ।
রত্নানি বস্ত্রাণি চ রূপবন্তি
জগৎপ্রধানানি নৃদেবপূনো ॥ ১৮

মাল্যানি চ স্বর্গসমুদ্ভবানি
সন্তানদামাদ্যুতিমুক্তকানি
সর্বর্তুকাস্তাপানযন্তুদানা-
দদুর্হরেবিজ্ঞিতকালতজ্ঞাঃ ॥ ১৯

রাসাবসানে ত্বথ পুত্র দত্তে
মহামুনিঃ নারদদর্শনেহঃ

পপাত কৃষ্ণো ভগবান সমুদ্রে
সাত্রাজিতী চাঙ্গুমতে চাথ ॥৩০

উবাচ চামেয়পরাক্রমোঽথ
শৈনেয়নির্ঘৃণপ্রসন পৃথুশ্রীঃ

দ্বিধা কৃতাস্মিন পততাশু তূর্ণ
ক্রীড়াজলে নোঽস্তু সহাজনাভিঃ ॥৩১

সরেবতীকোঽস্তু বলোঽঙ্গনেতা
পুত্রা মদীয়াশ্চ সহাঙ্গভৈমাঃ।
তৈমাঙ্গমেবাথ বলাদ্ভজান্ত
মৎপক্ষিণঃ সন্তু সমুদ্ভতোয়ে ॥ ৩২

আজ্ঞাপয়ামাস ততঃ সমুদ্র-
কৃষ্ণঃ স্মিতঃ প্রাঞ্জলিনং প্রতীতঃ।
সুগন্ধতোয়ো ভব মৃষ্টতোয়-
স্তথা ভব প্রাগ্রবিবর্জিতস্ত্বম্ ॥ ৩৩

দৃষ্ট্বা চ তে বস্তুবিবৃদ্ধিতা তূ
সা বেলিকা চূর্ণথ পংসুখা চ
মনোঽনুকূলশ্চ জনস্য তত্তৎ
প্রহৃষ্ট বিস্রাম্ভমি রংপ্রভাবাৎ ॥ ৩৪

বলদেব ও রেবতীর দিকে দৃষ্টিপাত করিতে করিতে হাস্য করিতে লাগিলেন। ১৫

পরিহাসশীল বুদ্ধিমান নারদ কাহারও চেষ্টা, কাহারও হাস্য ও কাহারও লীলার অনুকরণ করিতে করিতে এবং অন্যবিধ নানা উপায়েও সেই অত্যন্ত ধৈর্যপরায়ণা দেবীগণকেও হাসাইতে লাগিলেন। ১৬

যখন কেহ কিছু মন্দস্বরে অতি অল্প ও ধীরে ধীরে কথা বলিতেন, তখন ঐশ্বর্যশালী নারদ তাহার উত্তরে অতি উচ্চস্বরে যেন সিংহনাদ করিতে করিতে কথা বলিতে লাগিলেন এবং হাতের সময় হাত করিতে করিতে হর্ষাতিশয়ে অট্টহাস করিতেছিলেন। এ সমস্তই তিনি শ্রীকৃষ্ণের মনোরঞ্জনের জন্য করিতে ছিলেন। ১৭

নরদেবপুত্র। শ্রীকৃষ্ণের আজ্ঞায় সেখানে স্থিত যুবতীগণ জলক্রীড়ার প্রধান প্রধান বস্ত্রসকল, মুনির অনুরূপ সুন্দর বস্ত্রসমূহ তাঁহাকে অধিক মাত্রায় প্রদান করিলেন। ১৮

শ্রীকৃষ্ণের সঙ্কেত ও সময়ের প্রয়োজনীতা সম্বন্ধে বিশেষ জ্ঞানবতী সেই রমণীগণ সেই সময় রমণীয় পুষ্পহার, সন্তান-পুষ্পমালা, অতিমুক্তক ও সব ঋতুতেই বিকশিত পুষ্পসমূহ তাঁহাকে নারদকে প্রদান করিলেন। ১৯

রাসের শেষে অপ্রমেয়স্বরূপ ভগবান শ্রীকৃষ্ণ নারদমুনির হস্ত ধরিয়া এবং সত্যভামা অর্জুনকে ধরে লইয়া সমুদ্রের উপর লম্ফ প্রদান করিলেন। ৩০

রমনস্বরূপ অপ্রমেয় পরাক্রমশালী ও অতিশয় সৌন্দর্যান্বিত শ্রীকৃষ্ণ ঈষৎ হাস্য করত সাত্যকিকে বলিলেন,—তোমরা সকলে দুই ভাগে বিভক্ত হইয়া নিজ নিজ সৈন্যের সহিতই সত্বর এই ক্রীড়াজলে লম্ফপ্রদান কর। এখন আমাদের জলক্রীড়া আরম্ভ হউক। ৩১

আমার সকল পুত্র ও অর্দ্ধ দ্বারকাবাসীর এই সব মিলিত হইয়া যে অর্দ্ধ দ্বারকাবাসীর দল হইবে, তাহার নেতা রেবতীসহ বলরাম হউন এবং অর্দ্ধ ভীমবংশীয়গণের সহিত বলরামের সকল পুত্রগণ—ইহারা আমার পক্ষে থাকুক। এইরূপে দুইভাগে বিভক্ত হইয়া আমরা এখন জলক্রীড়া করিব। ৩২

তখনত্ব শ্রীকৃষ্ণ পূর্ব বিদ্বত হইয়া সেখানে অঞ্জলি বদ্ধ করত ঈষৎ হাস্যসহকারে স্থিত সমুদ্রকে আজ্ঞা করিলেন, তুমি নিজ জলকে সুঘটিত, শুদ্ধ ও ঘাস্টিক কর এবং প্রাগ্ স্থিত জলজন্তু-রহিত হইয়া যাও। ৩৩

তোমার তীরভূমি বিবৃদ্ধিত হইয়া ধন্যবাদ হউক, পানস্নানের পক্ষে সুখদায়ক হউক এবং লোকসকলের যাত্রা

ভবদ্রূপেণোদ্ভূপাথ তেজঃপেয়ো
জনস্য সর্বস্য মনোঽনুকূলঃ
বৈদূর্য্যমুক্তামণিবিদ্রুমচিত্রা
ভবন্তু সংস্তুতিমৌমরূপাঃ ॥ ৫৪

বিভূষ্য চ ত্বঃ কমলোৎপলানি
সুগন্ধমুন্দরমজ্জমাণি
ষট্পাদজুষ্টানি মনোহরাণি
কীলালবদ্ধৈশ্চ সমন্বিতানি ॥ ৫৫

মৈরেয়মাজীকসুরাসবানাং
কৃত্বাংশ্চ পূর্ণান কুরুষ্ব তোয়ে
জাম্বুনবঃ পানমিনিস্তমেষাং
পাত্রঃ পপুর্যেষু দদস্ব ভৈমাঃ ॥ ৫৭

পুষ্পোচ্ছয়ৈর্বাসিতশীততোয়ো
ভবাপ্রমন্তঃ খলু তোয়রাশে
যথা বালীকঃ ন ভবেদ দয়নাং
স্তুতিক্রমনাং কুরু তং প্রযত্নম্ ॥ ৫৮

যাহা মনের অনুকূল, তদনুরূপই তুমি তরঙ্গিণীকে প্রদান কর। আমার প্রভাবে তোমার সকলের পক্ষে অভীষ্ট বস্তুসমূহের জ্ঞানলাভ হইবে। ৫৩

যদিও তোমার জল পানের অযোগ্য, তথাপি ইহা স্নিগ্ধ ও পানের যোগ্য হইবে। তুমি এই সকলের মনের অনুকূল হইয়া যাইবে, তোমার মধ্যে যে সব মণি আছে, তাহারা বৈদূর্য্য, মুক্তা, মণি ও মুক্তাদি চিত্রিত এবং সৌম্য রূপধারী হইয়া যাইবে। ৫৫

তুমি এইরূপ রক্তবর্ণের পদ্ম ও উৎপলসমূহ ধারণ কর, যাহারা উত্তম গন্ধ, সুন্দর স্পর্শ ও কমির রস উৎপন্ন করিতে সমর্থ হইবে। ইহারা ভ্রমরগণের দ্বারা সেবিত ও দেখিতে মনোহর হইবে। ৫৬

তুমি নিজ জলের উপর মৈরেয় মাজীক, সুরা ও আসব-নামক মদ্যতে পূর্ণ কলসসমূহ স্থাপিত কর এবং ইহাদের সহিত পানের জন্য স্বর্ণের পানপাত্র স্থাপিত হউক, যাহাতে এই ভাণ্ড-গুলি জলপূর্ণ করিতে পারে। ৫৭

জলনিধে। তুমি নিশ্চয়ই এইরূপ হইয়া যাও, যাহাতে তোমার শীতল জল পুষ্পরাশিতে আচ্ছিত হইয়া যায়। ইহার ন্যায় সততই সাবধানে থাক এবং এরূপ প্রযত্ন কর, যাহার দ্বারা

ইত্যাদিষ্টো ভগবান সমুদ্রঃ
স্তুতঃ প্রচিক্রীড় সহার্জুনেন
সিষেচ পূর্বং নৃপ নারদং চ
সাম্রাভিতী কৃষ্ণমুখেক্ষিতজ্ঞা ॥ ৬৯

ততো বনাধজ্জিতচারুবেষঃ
পপাত তায়ঃ সলিলে সলীলম্।
সাকারমালম্ব্য করং করেণ
মনোহরাং রেবতরাজপুত্রীম্ ॥ ৪০

কৃষ্ণাঙ্গজা যে দ্রুত ভৈমমুখ্যা
তামন্ত পশ্চাৎ পতিতাঃ সমুদ্রে।
বিরাগবস্ত্রাভরণাঃ প্রহৃষ্টাঃ
ক্রীড়াভিরামা মদিরাবিলাক্ষাঃ ॥৪১

শেষাস্তু ভৈমা হরিমভ্যুপেতাঃ
ক্রীড়াভিরামা নিশঠৌজ্ঝকাস্তাঃ।
বিচিত্রবস্ত্রাভরণাশ্চ মত্তাঃ
স্বস্থানমালাবৃতকণ্ঠদেশাঃ ॥ ৪২

স্ত্রী-পুরুষগণ সহ যাদবদিগের প্রতি কেহ কোনও বিপরীত আচরণ না করে। ৫৮

সমুদ্রকে এই কথা বলিয়া ভগবান শ্রীকৃষ্ণ অর্জুনের সহিত জলক্রীড়া করিতে লাগিলেন। নৃপ জনমেজয়! শ্রীকৃষ্ণের মুখের সঙ্কেত বুঝিতে সমর্থা সত্যভামা প্রথমে দেবর্ষি নারদের উপর জলসেচন করিয়া তাঁহাকে ভিজাইয়া দিলেন। ৩৯

তদনন্তর মনের আবেগরহিত মনোহর বেশ বলরাম বীর হস্তে মনোহারিণী রেবতরাজকুমারী রেবতীর হস্ত ধরিয়া উচ্চানুসারে গান করিতে করিতে লীলাপ্রকারে জলে ঝাঁপাইয়া পড়িলেন। ৪০

বলরামের জল প্রদানের পর শ্রীকৃষ্ণের পুত্রগণ ও ভীষ্ম-বংশীয় প্রধান প্রধান ব্যক্তিগণ নানা প্রকার বর্ণবিশিষ্ট বস্ত্র এবং আভরণ ধারণ করত হর্ষোল্লাসে পূর্ণ হইয়া সমুদ্রে জল প্রদান করিলেন। ৪১

অবশিষ্ট যাদবগণ এবং নিশঠ ও উল্মুকাদি বলরাম-পুত্রগণ ক্রীড়ায় অভিরত হইয়া শ্রীকৃষ্ণের নিকটে গমন করিলেন। ইহারা বিচিত্র বস্ত্রাভরণে বিভূষিত ও মত্ত ছিলেন এবং ইহাদের কণ্ঠদেশ সদ্যঃ পুষ্পের মালা অলঙ্কৃত ছিল। ৪২

বীর্য্যোপপন্নাঃ কৃতচারুচিহ্না
বিলিপ্তগাত্রা জলসাত্রহস্তাঃ।
গীতানি তদ্বেশমনোহরাণি
স্বরোপপন্নাস্তুষ গায়মানাঃ ॥ ৪৩

ততঃ প্রচক্রুর্জলবাদিত্রানি
নানাস্বরাণি প্রিয়বাদ্যঘোষাঃ।
সহাপ্সরোভিস্ত্রিবিধালয়াভিঃ
কৃষ্ণাজ্ঞয়া বেশ্মবধূশতানি ॥ ৪৪

আকাশগঙ্গাজলবাদ্যহস্তাঃ
সদা যুবত্যো মদনৈকচিত্তাঃ।
অবাদয়ন্তো জলবর্দ্ধুরাংস্তু
বাদ্যং সুরূপং ভগিরে চ সদ্যঃ ॥ ৪৫

কৃষ্ণেশয়াকোশবিশালনেত্রাঃ
কৃষ্ণেশয়াপীড়বিভূষিতাঙ্গাঃ।
কৃষ্ণেশয়ানাঃ রবিবোধিতাস্তা
ভৃঙ্গ শ্রিয়ং তত্র সুরচাকমুখ্যাঃ ॥ ৪৬

স্ত্রীবক্ত্রচৈত্রঃ সকলৈস্তু কৃষ্ণৈ
স্তাঃ সঙ্গতাস্তত্র সমুদ্রতুল্যাঃ।
যদৃচ্ছয়া দৈববিধানতো বা
নতো যথা চন্দ্রসহস্রকীর্ণম্ ॥ ৪৭

সমুদ্রমেঘঃ স বরাজ রাজন্
শতহ্রদাদ্রীপ্রতযাতিরাজঃ।
সৌদামনীতিত্র ইবাম্বুনাথো
বেশীপামালো নভসীব মেঘঃ ॥ ৪৮

নারায়ণস্তৈব সনাতনস্ত
সিষেচ পক্ষে কৃতচারুচিহ্নে।
বলঃ কলঙ্কঃ কৃতচারুচিহ্নঃ
স তৈব পক্ষঃ মধুসূদনস্য ॥ ৪৯

হস্তপ্রযুক্তৈস্তু জলস্য কৈস্তু
প্রস্কন্দয়ন্তাঃ সিষিচুস্তদানীম্
রাগোদ্ভতা বাক্যবিপাকমন্যা
সন্তর্ষণ হেলকুলেপরাস্তাঃ ॥ ৫০

আরক্তনেত্রা জলমুক্তিসক্তা
স্ত্রীলাঃ সমস্তা পুরুষায়মাণাঃ
তে রোপরেণু সুচিরক্ত চৈত্রা
মানং ব্যপাস্য মদনাদ্রক্ত ॥ ৫১

ইঁহারা সকলেই বল-পরাক্রমশালী ও মনোহর বেশভূষায় ভূষিত ছিলেন। ইঁহাদের অঙ্গে চন্দন লিপ্ত ছিল। ইঁহারা হস্তে জলপাত্র ধারণ করিয়াছিলেন এবং বেশের অনুরূপ স্বর-সম্পন্ন মনোহর গীত গান করিতেছিলেন। ৪৩

তাহার পর শ্রীকৃষ্ণের আজ্ঞায় স্বর্গবাসিনী অপ্সরাগণের সহিত বাদ্যকুশলা শত শত বেশবধূ নানা সুরে জলতরঙ্গাদি বাদ্যসমূহ বাজাইতে আরম্ভ করিলেন। ৪৪

অপ্সরোগণ নিত্য যুবতী, একমাত্র কামেই মনঃসংযোগকারিণী ও আকাশগঙ্গার জলে বাদ্যবাদনের জ্ঞানে নিপুণা ছিলেন। ইঁহারা জলবর্দ্ধুর প্রাচীন কালের বাদ্যবিশেষ, যাহা চর্ম্মের দ্বারা আচ্ছাদিত থাকে। বাদ্য বাজাইতে লাগিলেন এবং হৃষ্টচিত্তে সেই বাদ্যের অনুরূপ নৃত্য করিতে লাগিলেন। ৪৫

ষষ্ঠীর জন্মের পদ্মের নয়ন পদ্মের কলিকার ন্যায় বিশাল ছিল। ইঁহারা পদ্মের মুকুটে বিভূষিত ছিলেন এবং সূর্য্যের কিরণে বিকসিত পদ্মের শোভা হরণ করিতেছিলেন। ইঁহাদের সকলেরই মুখ বেশবধূর ন্যায় মনোহর ছিল। ৪৬

রাজন্! সম্পূর্ণ চন্দ্র-মণ্ডলের ন্যায় মনোহর রমণীগণের শত শত মুখচন্দ্রে জলকণা হইয়া সমুদ্র সেই আকাশের তুল্য শোভা পাইতে লাগিল, যখন অলঙ্কার বা দৈবের বিধানানুসারে সহস্র সহস্র চন্দ্রে ব্যাপ্ত হইয়া থাকে। ৪৭

রাজন্! বিদ্যুতের সহিত কাদম্বিনী যেমন শতহ্রদ অদ্রিতে শোভা পাইতে লাগিল, বেরূপ জলপতি মেঘ অঙ্গে যে বিদ্যুতালোক সমূহ ধারণ করিয়া উদ্ভাসিত হইতে থাকে। ৪৮

মুরজ ও মনোহর বেশভূষাবারণকারী ভগবান্ শ্রীকৃষ্ণ এবং নারদ নিজের বক্ষের শ্বেতকমলের সহিত অবস্থান করত মুরজ বেশভূষাকারী বলরাম ও হরিবংশ পক্ষের লোকসকলের উপর জল সিঞ্চন করিতে লাগিলেন। অন্যদিকে বলরামের পক্ষের ব্যক্তিগণও শ্রীকৃষ্ণপক্ষের ব্যক্তিদিগকে জলসিঞ্চন করিয়া ভিজাইয়া দিলেন। ৪৯

সেই সময় ইঁহাদের পরস্পর হর্ষোল্লাস পরিপূর্ণ ছিল, সেই মধুপানে মত্তা ও রাগে উন্মত্ত বলরাম এবং শ্রীকৃষ্ণের পত্নীগণ নিজ নিজ হস্ত ও জলযন্ত্রের পিচকারী দ্বারা পরস্পরকে জলে সিক্ত করিতে লাগিলেন। ৫০

এই স্ত্রীজন-শ্রীর মনোহর নিজ নিজ চন্দ্রের মান, মদন ও রাগ করত উহার রক্তবর্ণ নেত্রে জল-নিক্ষেপে অন্য ও

অতিপ্রসঙ্গং তু বিচিন্ত্য কৃষ্ণ
স্তান্ বারয়ামাস রথাঙ্গপাণিঃ।
স্বয়ং নিবৃত্তো জলবাদ্যলব্ধৈঃ
সনারদঃ পার্শ্বগতৈরবাপ্তঃ ॥ ৫১

কৃষ্ণেঙ্গিতজ্ঞা জলবুদ্বুদাদ্যা
তৈষা নিবৃত্তা দৃঢ়মানিনোঽপি।
নিত্যা তথানন্দকরাঃ প্রিয়াণাং
প্রিয়াশ্চ তেষাং ননৃতুঃ প্রতীতাঃ ॥ ৫২

নৃত্যাবসানে ভগবত্যুপেন্দ্র-
মুত্থাপ্য হীনাদ্ভুতমজ্জনাদ্যান্
উত্তীর্য তোয়াদ্দুকূললেপ-
ভূষাশ্চ দত্ত্বা মুনিসত্তমায় ॥ ৫৩

উপেন্দ্রমূর্তীর্মধ্যতো দৃষ্ট্বা
তৈষা হি তে তত্ত্বাজ্ঞুবেব তোষম্

বিবিক্তমাত্মাত্মন পানভূমি-
কৃষ্ণাজ্ঞয়া তে মধুবৎপ্রমেয়াঃ ॥ ৫৫

যথাপুপূর্ব্যা চ যথাবয়স্ক
মন্যোন্যরিক্তোপাস্ত তদোপবিষ্টাঃ।
অন্নানি বীরা বুভুজুঃ প্রতীতাঃ
পপুশ্চ পেয়ানি যথানুকূলম্ ॥ ৫৬

মাংসানি পক্কানি ফলাম্লকানি
চুক্রোঽবেণাথ চ সাক্ষিসেন।
নিষ্টপ্তমূলান শকলান পলাণ্ডূ-
ন্যুপোষ্যকন্দূ: শুচয়োঽথ ঘৃষ্যাঃ ॥ ৫৭

সুস্নিগ্ধমূলাশ্চিতমাংস্ক যানান্
মূলাংশ্চ সুনিষ্টপুতাবসিক্তান্
পক্কান্নসৌবর্চ্চলচূর্ণপূর্ণান্
পৌরোগবোক্তা উপজহ্রুরেষাম্ ॥ ৫৮

হইলেন এবং শ্রীধর্ম্মের সঙ্গে নিজেদের পুরুষার্থ দেখাইতে লাগিলেন। ইহারা বহুকাল ধরিয়া জলক্রীড়া করিয়াও তাহা হইতে বিরত হইলেন না ॥ ৫১

ইহাদের ক্রমবর্দ্ধমান আসক্তির কথা চিন্তা করিয়া চক্রপাণি ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাদের সকলকে নিবারণ করিলেন এবং জলবাদ্যের মধুর শব্দ শ্রবণ করিতে করিতে তিনি কেবলি নারদ ও অর্জ্জুনের সহিত স্বয়ং জলবিহার হইতে নিবৃত্ত হইলেন ॥ ৫২

শ্রীকৃষ্ণের সঙ্কেত বুঝিতে সমর্থ ভীমবলশালী যাদবগণ মুহূর্ত্ত অভিমানে মুগ্ধ হইলেও সেই জলযুদ্ধের প্রসঙ্গ হইতে নিবৃত্ত হইয়া গেলেন। তদনন্তর এই স্ত্রিয় পুরুষগণের নিত্য আনন্দদায়িনী প্রিয়া বারবনিতাগণ বিরত হইয়া মৃত্য করিতে লাগিলেন ॥ ৫৩

মৃত্যের শেষে বুদ্ধিমান্ ভগবান্ শ্রীকৃষ্ণ জলক্রীড়ার প্রসঙ্গ পরিত্যাগ করিলেন। তিনি জলের উপরে আসিয়া মুনিবর নারদকে চন্দনের অনুকূল লেপ প্রদান করিয়া স্বয়ংও উহা গ্রহণ করিলেন ॥ ৫৪

ভগবান্ শ্রীকৃষ্ণকে জল হইতে উঠিয়া আসিতে দেখিয়া অন্য যাদবগণও জলক্রীড়া পরিত্যাগ করিয়া দিলেন। তারপর অগ্রজের শক্তিশালী সেই যাদবগণ তৎক্ষণে হইয়া শ্রীকৃষ্ণের আজ্ঞায় পানভূমিতে (ভোজন গৃহে) গমন করিলেন ॥ ৫৫

সেখানে উঁহারা ক্রমশঃ বয়স ও সঙ্গত অনুসারে সেই সময় ভোজনের জন্য উপবিষ্ট হইলেন। তদনন্তর সেই প্রধান বীরগণ নিজ নিজ রুচির অনুকূল অন্ন ভোজন করিলেন এবং পেয় রস পান করিলেন ॥ ৫৬

পক্বমাংস, অম্ল ফল, অধিক অম্ল লাতিমের সহিত মূলে গ্রথিত করিয়া অগ্নিতে তপ্ত করা সেঁকা। মা সমস্ত বা কন্দ ও ফলের খণ্ড এবং পোয়ক • তপ্ত অন্ন এই সব পদার্থ পরিত্র পাচকগণ তাঁহাদিগকে পরিবেশন করিলেন ॥ ৫৭

মূলে গ্রথিত করিয়া পাক করা নিত্ত মাংস, মূলে গ্রথিত করিয়া তপ্ত করা (সেঁকা) অন্যান্য মাংসও ঘৃতে ভাজিয়া, নারিকেল, অম্লাক্ত ঘৃতে ভাজা ও লবণার্থ, আদাবেত, কালা জাম ও কালজিরা মিশাইয়া প্রস্তুত লেহ্যপদার্থ, (চাটনী)—এই সব বস্তু পাকশালাধ্যক্ষের কথায় পাচকগণ এই যাদবদিগের জন্য প্রস্তুত করিয়াছিলেন ॥ ৫৮

• প্রশ্ন—"কতমঃ প্রজাপতিঃ ?" প্রজাপতি অর্থাৎ প্রজাগণের পালনকারী কে ?

উত্তর—"পত্যতিতি।" পত্যই প্রজাপালক। সতপথ ব্রাহ্মণের এই প্রশ্নোত্তর হইতে ইহাই সূচিত হয় যে, যে পদার্থ বা শক্তি প্রজাগণের পোষণকারী, তাহাকেই 'পশু' বলা হয়। "পুষ্টি বৈ পশবঃ"—এই উক্তি অনুসারে মনুষ্যগণের পোষক বস্তু হইল অন্নই।

শ্রীশ্রীঠাকুরের বাণী

শাস্ত্র উচ্চকণ্ঠে ঘোষণা করেছেন—তুচ্ছ বিষয়ানন্দ ব্যতীত অপর ভূমা পরম মহান আনন্দ আছে—যা মানুষ এ দেহেই লাভ করতে পারে এবং এ-যুগে মাত্র নাম-কীর্ত্তনের দ্বারা তা পেতে সমর্থ হয়

(২)

আমরা সবাই বিদেশে এসেছি আমাদের একটা আলোকে আনন্দে ভরা স্বদেশ আছে। সে-দেশে যেতে হলে অন্ধকার পথের সংস্কার করতে হয় সেই আলোর দেশের পাথেয় হল নাম আনন্দ দিয়ে গড়া, যত নাম তত আনন্দ উঠতে বসতে যেতে-শুতে কেবল নাম করবি।

( )

মানব মাত্রেরই জীবন পূর্বজন্মের কর্মদ্বারা নিয়ন্ত্রিত। জন্মের সঙ্গে সঙ্গে মরণ কি ভাবে হবে—তাও গাঁথা থাকে এখনও ভাল জ্যোতিষিগণ সে কথা বলে দিতে পারেন। অপমৃত্যু হলেও মহাপুরুষগণের আশ্রিত ভক্ত উচ্চগতি লাভ করেন

SRAVAN 1383 B. S.
BHADRA 1383 B. S

Regd. No. W B NC-57

Aryashastra

Mahabharata 99 99

July.—Sept. 1976

25 JUL 197

শ্রীশ্রীঠাকুরের বাণী

মানুষ কাজ করতে করতে আসে কাজটি হল—করতে করতে বোঝান ঠাকুর কাজ করবার শক্তি দিচ্ছেন তাঁরই কাজ নিরবচ্ছিন্ন ভাবে সুচারু করে তাঁর অমৃতময় অভয় আশ্রয়ে সার্থকতায় অগ্রসর হও সম্ভবপথ বিমুক্ত ও আলোকিত হোক

(১)

সহজ পথ করেছি—কলিযুগে নামকীর্তনই ভগবান লাভের একমাত্র পথ—সেই পথ 'অনুসরণ কর কর' বলে সমস্ত ঘোষণা করে যাও আমরা হয়ে সন্তত নামকীর্তনে রত থাকাই কর্তব্য বলে মনে করি

(২)

ঠাকুরের আশীর্বাদ সর্বত্র সমভাবেই বর্ষণ হয়ে থাকে—আধারভেদে তাহা গ্রহণ করে থাকে। ঠাকুরটি যখন গ্রহণ করেছেন তখন আর চিন্তা নাই। চালা জল—সব ঠিক হয়ে যাবে।

—:০:—

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ ডি রোড কলি ৩৫ হইতে প্রকাশিত ও শান্তিগুপ্তবান প্রেস, মহামিলন ষষ্ঠ. পি. ডব্লিউ ডি রোড, কলিকাতা-৩৫ হইতে মুদ্রাপিত।



আর্য্যশাস্ত্র

শ্রীশ্রী সীতারামদাস ওঙ্কারনাথ

বিরচিত

শ্রীশ্রীঠাকুরের বাণী

জগৎ সম্বন্ধে আবহমান কাল হইতে দুইটি বাদ চলিয়া আসিতেছে একটি বিবর্ত, অপরটি-বিকার। সত্তা আধারে মিথ্যারোপ আরোপের নাম বিবর্ত; যেমন সত্তা-অধিষ্ঠান রজ্জুতে মিথ্যা-সর্পজ্ঞান; সত্তা শুক্তিতে মিথ্যা রজত ভ্রান্তি; সত্তা মরীচিকায় জল ভ্রান্তি। সেইরূপ সত্তা অধিষ্ঠান চৈতন্যে (ব্রহ্মে) জগৎভ্রান্তি। যেমন রজ্জুজ্ঞান হইলে সর্পভ্রান্তি দূরীভূত হয়, সেইরূপ ব্রহ্মজ্ঞান হইলে জগৎ-জ্ঞান নষ্ট হইয়া যায়

( )

দ্বিতীয়-বাদের নাম বিকার বা পরিণাম বাদ। ইহাতে প্রকৃতি জগৎ মিথ্যা নহে সত্তা। জড়া-প্রকৃতি চেতন-পুরুষের সান্নিধ্যবশে মহৎ-অহঙ্কার পঞ্চ-তন্মাত্র ইন্দ্রিয়াদিরূপে পরিণত হন। প্রকৃতি হইতে পুরুষ ভিন্ন এই বিচারের দ্বারা পুরুষ মুক্ত হন।

(৩)

তোরা পেয়েছিস সিদ্ধযোগ। ইহা লিপ্ট; এতে পথের সন্ধান কিছু জানতে হবে না। কেবল মস্তকে ধ্যান করিলে জ্যোতি নাদ বিন্দু—সবই পাওয়া যাইবে হৃদয়ে ধ্যান করিস হৃদয় পূর্ণ হইয়া যাইলে ভ্রূমধ্যে ও সহস্রারে যেতে পারবি। নাদে ধ্যান লাগাবি চিত্ত গলিয়া যাইবে, অহং-অহং মিশিয়া যাইবে।

১৫শ বর্ষ, আশ্বিন-কার্ত্তিক, ১৩৮৩

চতুর্থ সংখ্যা—রামপাখিকা যাত্রা
পঞ্চম সংখ্যা—ঔখানী যাত্রা

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাসওঙ্কারনাথপ্রবর্ত্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতঃ—

হরিবংশঃ

শ্রীশ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথকৃতবঙ্গভাষানুবাদসহিতঃ।

যুগ্ম-সম্পাদক

শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ এম-এ, বি-লিট্
শ্রীনিত্যানন্দস্মৃতিতীর্থ

সহ-সম্পাদকসঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীরবীন্দ্রনাথ কাব্য-ব্যাকরণতীর্থ

স্বত্বাধিকারী ঃ—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(ভারতীয় সম্প্রদায়)

মুদ্রণ-তত্ত্বাবধিকর ঃ—
ডাঃ শ্রীজিতেন্দ্রনাথ দে
কিঙ্কর বিমলানন্দ

কার্য্যালয় ঃ—

প্রধান কার্য্যালয় ঃ—মহামিলন মঠ ৭৭, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৫২ (ফোন : ৫৮-২৭৩১)
সিটি —৩৮ সি, বিধানসরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা-৬ (ফোন নং ৩৪-৪৪০৮)

বার্ষিক মূল্য ২৫।০ টাকা

প্রতি সংখ্যা ১।৭৫ টাকা।

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রপ্রচারক মাসিক পত্র। প্রতিমাসে ইহার ১টী সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ। বার্ষিক গ্রাহকমূল্য ভারতে ও বাংলাদেশে সডাক ৮০০ টাকা প্রতি সংখ্যা ১'৭৫ ন. প:; অন্যত্র বার্ষিক সডাক ২৪০০ টাকা, প্রতি সংখ্যা ২৫০ টাকা মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়। নিম্ন ঠিকানায় বার্ষিক মূল্য পাঠাইবেন—সম্পাদক, 'আর্য্যশাস্ত্র', ৭।৭, পি,ডব্লিউ,ডি.রোড, কলি-৩৫

২। এই মাসিকপত্রে মহাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, শ্রীবাল্মীকি-রামায়ণ, শ্রীবিষ্ণুপুরাণ, শ্রীমদ্ভাগবত, মহাভারত প্রকাশিত হইয়াছে বর্ত্তমানে হরিবংশ প্রকাশিত হইতেছে তাহার পরও দেবী-ভাগবতাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে

৩। সকল প্রকার যোগাযোগ, অগ্রিম ও মাসিকপত্রের প্রাপ্তি-অপ্রাপ্তিবিষয়ক সমস্ত অভিযোগ-পত্রাদি "সম্পাদক, আর্য্যশাস্ত্র, মহামিলন মঠ, ৭।৭ পি, ডব্লিউ, ডি, রোড, কলি-৩৫ এই ঠিকানায় জানাইবেন। ফোন নং ২৮-১৭৩১। মণি-অর্ডার কুপন ও পত্রাদিতে গ্রাহকগণ নাম-ঠিকানা এবং গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে লিখিবেন ঠিকানা-পরিবর্তন পূর্ব্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

মাসিকপত্রের কেবল মুদ্রণ সম্বন্ধে কোন ভুল থাকিলে "সম্পাদক, আর্য্যশাস্ত্র, শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয় ৭।২, পি. ডব্লিউ, ডি. রোড, কলিকাতা-৩৫ এই ঠিকানায় জানাইতে হইবে।

৪ গ্রাহকগণের পত্রলিখিত নির্দ্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন মনে না করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে পত্রদাতা জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) পাঠাইবেন।

৫। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দ্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে। ডাকযোগ ব্যতীত কার্য্যালয়ে আসিয়া বা অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৬। উল্লিখিত ৩ ও ৫ নং নিয়মাবলী পালিত না হইলে পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

সম্পাদক—আর্য্যশাস্ত্র
শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২ পি. ডব্লিউ, ডি. রোড,
কলিকাতা—৩৫

পৌরোগবোক্তা বিধিনা সুপাণাং
বাসাংসি সিদ্ধানি চ শীধবাণি
নানাপ্রকারাণ্যপজহ্রুরেষাং
মৃষ্টানি পক্কানি চ ভক্ষ্যকৃত্যৈঃ ॥ ৫৯
পার্শ্বানি চাস্থে শকলানি তত্র
গবাং পশূনাং ঘৃতযুক্তিতানি
সাম্লফলৈর্বরবৃন্দিতানি
চূর্ণেন মুষ্টেন সমারিচেন ॥ ৬০
সমূলকৈর্দাড়িমমাতুলিঙ্গৈঃ
পর্ণাসহিঙ্গ্বার্দ্রকবৃক্কবৈশ্চ
তদোপনীতৈঃ সুমুখোত্তরৈস্তে
পানানি হৃষ্টাঃ পপুরপ্রমেয়াঃ ॥ ৬১
কটূষ্ণশূলৈরপি পক্ষিভিশ্চ
ঘৃতাম্লসৌবর্চ্চলতৈলসিক্তৈঃ
মৈরেয়মাধ্বীকসুরাসবাংস্তে
পশূঃ প্রিয়াভিঃ পরিবার্যমাণাঃ ॥ ৬২
শ্বেতেন যুক্তানপি শোণিতেন
ভক্ষান্ সুগন্ধান্ বনবাহিতাংশ্চ ।
আঘ্রায় কিলাদান্ ঘৃতপূর্বকাংশ্চ
নানাপ্রকারানপি খণ্ডখাদ্যান্ ॥ ৬৩
অপানপাত্রোদ্ধবভোজনাস্ত্রাঃ
শাকৈশ্চ সূপৈশ্চ বহুপ্রকারৈঃ ।
পেয়ৈশ্চ দধ্না পয়সা চ বীরাঃ
বন্যানি ভোজং বৃকুদঃ প্রজহ্রুঃ ॥ ৬৪
ভক্ষ্যান্নলাদাংশ্চ বহুপ্রকারান
পপুঃ সুগন্ধানপি পালবীষু
শৃতা পয়ঃ শর্করয়া চ যুক্তং
ফলপ্রকারাংশ্চ বহূংশ্চ খাদন্ ॥ ৬৫
তৃপ্তাঃ প্রহৃষ্টাঃ পুনরেব বীরা-
স্তে তৈমমুখ্যা বনিতাসহায়াঃ ।
গীতানি রম্যাণি শুভঃ শ্রুতীষ্টাঃ
কান্তাভিনীতানি মনোহরাণি ॥৬৬
আজ্ঞাপয়ামাস ততঃ স তস্যাং
নিশি প্রহৃষ্টো ভগবানুপেন্দ্রঃ ।
চালিক্যগেয়ং বহুসংবিধানং
যদেব গোকুলমুপাসতন্তি ॥ ৬৭

পাকশালার অধ্যক্ষের বাক্যানুসারে বিধিবৎ প্রস্তুত মুল (মোটা মোটা) মাংস সিদ্ধসমূহ, আমের অম্ল দিয়া প্রস্তুত নানাপ্রকার বিশুদ্ধ ব্যঞ্জনও যাদবগণের জন্য পরিবেশিত হইল ॥৫৯

অন্য পাচকগণ পার্শ্বে রক্ষিত গোরুর পাকসমূহকে (অথবা পশুবাসোদমূহকে) বড় বড় করিয়া ঘৃতে ভাজা হইল এবং উহাতে লবণ ও মরীচের চূর্ণ মিশাইয়া ভোজনকারীদিগকে প্রদান করা হইল ॥ ৬০

মূলক, দাড়িম, বেল, তুলসী, হিঙ্গু অথবা ঘৃতপ্রধানক শাক-বিশেষের সহিত সুস্বাদু মৃদ্বম্লক পানপাত্র লইয়া সেই অপ্রমেয় পত্নিশালী যাদবগণ অতিশয় আনন্দের সহিত পেয়-রস পান করিলেন ॥ ৬১

কটূষ্ণ অর্থাৎ কটুক—পটল, মূলক, হিঙ্গু ও লবণাক্ত মিশাইয়া ঘৃতে কিংবা তৈলে সিক্ত করিয়া লকুচ বা মাদারের সহিত (এস্থলে পক্ষী শব্দের অর্থ বদরক, যাহা লকুচ বা মাদারের বোধক) মৈরেয়, মাধ্বীক ও সুরাসবপ্রধানক মধু সেই যাদবগণ নিজ প্রিয়তমাগণের দ্বারা পরিবৃত হইয়া পান করিলেন ॥ ৬২

শ্বেতবর্ণের যাবতীয় পদার্থ মিশ্রা প্রভৃতি ও রক্তবর্ণের জলের সহিত নানাপ্রকার ঘৃতপ্রিয় এবং নবখাদ্য ভোজন ও আঘ্রাণ (রসাল নাক ?), কিলাস (মহিষ হইতে পক্ক ক্ষীরাদি), ঘৃতপূর্ব পদার্থ (হালুয়া প্রভৃতি ও নানাবিধ খণ্ডখাদ্য (খাঁজালি) তাঁহারা ভোজন করিলেন ॥ ৬৩

রাজন্! উষ্ট্র, ছোট প্রভৃতি শ্রেষ্ঠ যাদব-বীরগণ যাঁহারা মাধক রস পান করেন না তাঁহারা অত্যন্ত হর্ষের সহিত নানা প্রকার শাক, ঝোল, পেয় পদার্থ ও মরিচ-যুক্তানির সহিত উত্তম অন্ন ভোজন করিলেন ॥ ৬৪

ইহারা পালবীসমূহে (কাপের নায় পাত্রবিশেষে) অনেক প্রকার সুসজ্জিত আস্বাদন (কাজিরস) পান করিলেন। তিনি মিশাইয়া পরম পরম ভক্ষ ও পান করিলেন এবং নানাবিধ ফলও ভোজন করিলেন ॥ ৬৫

ভোজন করিয়া পরিতৃপ্ত হইবার পর এই মুখ্য মুখ্য বহুবান্ধব বীরগণ পুনরায় নিজ নিজ স্ত্রীসকলের সহিত হর্ষসহকারে রমণীয় ও মনোহর স্থান করিতে লাগিলেন। তাঁহাদের প্রেয়সী স্ত্রীগণ নিজ নিজ হাবভাব দ্বারা সেই স্থানের অর্থ অভিনয় করিতে থাকিলেন ॥ ৬৬

তদনন্তর অত্যন্ত তেজঃ সম্পন্ন ভগবান্ উপেন্দ্র (শ্রীকৃষ্ণ) সেই রাত্রিতে বহুসাধক মনুষ্যগণের দ্বারা সম্পাদনীয় সেই চালিক্য-গানের জন্য আজ্ঞা দান করিলেন, যাহাকে গোকুলে গাওয়া বলা হয় ॥ ৬৭

জগ্রাহ বীণামথ নারদস্তু
ষড়্‌গ্রামরাগাশ্রিসমাশ্রিযুক্তাম্
ছল্লীসকং তু স্বয়মেব কৃষ্ণঃ
সবাংশযোগং নরদেব পার্থঃ ॥ ৬৮

মৃদঙ্গবাদ্যানপরান্ত বাদ্যান্
বরাপ্সরস্তা জগৃহুঃ প্রতীতাঃ।
আসারিতান্তে চ ততঃ প্রতীতা
রঙ্গোত্থিতা সাভিনয়ার্থতত্ত্বা ॥ ৬৯

তত্রাভিনীতে বরপাত্রযষ্ট্যা
তূর্যেষু রামশ্চ জনার্দনশ্চ
অথোর্বশী চারুবিশালনেত্রা
হেমা চ রাজন্নথ মিশ্রকেশী ॥ ৭০

তিলোত্তমা চাপ্যথ মেনকা চ
এতাস্তথাখ্যাশ্চ হরিপ্রিয়ার্থম্।
জগুস্তথৈবাভিনয়ৈশ্চ চক্রু-
রিষ্টৈস্তু কালৈর্নরসোঽনুকূলৈঃ ॥ ৭১

তা বাসুদেবেঽপ্যনুরক্তচিত্তাঃ
স্বগীতনৃত্তাভিনয়ৈরুদারৈঃ।
নরেন্দ্রসূনো পরিতোষিতেন
তাম্বূলযোগাশ্চ বরাপ্সরোভিঃ ॥ ৭২

তলাগতাভির্বরাঙ্গনাভি-
কৃষ্ণেচ্ছয়া মানময়াস্তথৈব।
ফলানি গন্ধোত্তমবস্তি বীরা-
স্থালিক্যগাস্তর্মথাঙ্গতশ্চ ॥ ৭৩

সেই সময় নারদ নিজের বীণা গ্রহণ করিলেন, যে বীণা ছয় (১) গ্রামের উপর আশ্রিত রাগাশ্রিত দ্বারা চিত্তকে একাগ্র করিয়া দিতে সমর্থ ছিল। নরদেব! সাক্ষাৎ শ্রীকৃষ্ণ বংশী বাজাইয়া ছল্লীসক (যহা কুট সহিত কৃত নৃত্যকে ছল্লীসক বা রাস বলে) নামক নৃত্যের আরোহণ করিলেন। কুন্তীপুত্র অর্জুন মৃদঙ্গ-বাদ্য গ্রহণ করিলেন, অন্যান্য বাদ্যসমূহ শ্রেষ্ঠ অপ্সরাগণ গ্রহণ করিলেন, ইঁহারা সেই বাদ্য বাদন করার প্রবীণা ছিলেন। আসারিতের পর প্রথম আসার নর্তকীর প্রবেশের। পর অভিনয়ের অবতরণে বিশেষজ্ঞা রঙ্গাবাসী অপ্সরা উপস্থিত হইলেন। ইনি নিজের অভিনয়কলার জন্য বিখ্যাত ছিলেন ॥ ৬৮-৬৯

তাঁহার অবস্থিতি অভিনয় মুদ্রার ছিল। তিনি অভিনয় করিলে পর বলরাম এবং শ্রীকৃষ্ণ সন্তুষ্ট হইলেন। রাজন্! তদনন্তর মনোহর ও বিশাল নেত্রশোভিতা উর্বশী, হেমা, মিশ্রকেশী, তিলোত্তমা এবং মেনকা ইঁহারা ও আরও যহ অপ্সরা শ্রীকৃষ্ণের প্রিয় করিবার জন্য মনের অনুকূল প্রিয় কামনাসমূহ অনুসারে গান ও অভিনয় করিতে লাগিলেন ॥ ৭০-৭২

নরেন্দ্রকুমার! এই রূপ যে অপ্সরাগণ মনে মনেই বসুদেব-নন্দন ভগবান শ্রীকৃষ্ণ অনুরক্তা ছিলেন। তাঁহারা নিজ নিজ গীত, নৃত্য ও উদার অভিনয়ের দ্বারা সকলকে সন্তোষ প্রদান করত প্রসন্ন করিলেন। নরেন্দ্রের সেই সময় শ্রীকৃষ্ণের ইচ্ছানুসারে তলস্থিতা আনন্দ এই সব শ্রেষ্ঠ অপ্সরাগণ তাঁহাদের পক্ষে সম্ভানরূপ তাম্বূলযোগ পানের ও ফল উপহার) প্রাপ্ত হইলেন ॥ ৭২।

নরদেব! শ্রীকৃষ্ণের ইচ্ছায় মনুষ্যগণের প্রতি অনুগ্রহ

তদনন্তর বৃত্তাবিধিতে চার প্রকার আসার (ছিঁড়) বা আসারিতের উপদেশ করিয়াছেন। যাহা ক্রমশঃ এইরূপ—প্রথম নর্তকীর প্রবেশ। ইহা প্রথম আসার, তদনন্তর আসারিত অর্থের অভিনয় হয়, যাহাকে নাট্য বলা হয়, ইহাই তাহার দ্বিতীয় ভেদ। তাহার পর তালের অনুসরণ করিতে করিতে যে অঙ্গবিন্যাস অঙ্গবিক্ষেপ (অঙ্গবিলাস ও হস্ত-পদ বিলাস প্রভৃতি), ইহা তৃতীয় আসার। তদনন্তর দেবতার চিহ্নরূপে যে নৃত্য করা হয়, উহা চতুর্থ আসার। এস্থলে নর্তকী-প্রবেশ নামক প্রথম আসারের শেষে নাট্যের অঙ্গ অভিনয়মূলক বৃত্তা উপস্থিত হইলেন, ইহাই দ্বারা দ্বিতীয় সার অর্থাৎ অভিনয় সম্পন্ন হইলে পর শেষ দুই আসারের পূর্তির জন্য উর্বশী প্রভৃতি উপস্থিত হন।

(১) ক্রমশঃ সপ্ত স্বরের সমূহকে গ্রাম বলে। সঙ্গীতে ষড়্‌জ, মধ্যম ও পঞ্চম এবং কাহারও কাহারও মতে ষড়্‌জ, মধ্যম ও গান্ধার নামক তিনটি গ্রাম বিশিষ্ট আছে। ইহাদিগকে ক্রমশঃ ব্রহ্মাবর্ত, ব্রহ্মর্ষি ও ভীমদেব বলা হইয়া থাকে। ইহাদের দেবতা ক্রমশঃ ব্রহ্মা, বিষ্ণু ও শিব। প্রত্যেক গ্রামে সাতটি করে মূর্ছনা হয়। যে স্বর যা (ষড়্‌জ) হইতে আরম্ভ করিয়া—সা, রে, গা, মা, পা, ধা, নি, সা এই সপ্ত স্বর হয়, এই সমূহকে 'ষড়্‌জ' গ্রাম বলে। এইরূপ 'ম' হইতে আরম্ভ করিয়া মা, পা, ধা, নি, সা, রে, গা—যে সপ্ত স্বর হয়, এই সমূহকে 'মধ্যম' গ্রাম বলে। এইরূপ পা (পাঞ্চার) বা প (পঞ্চম) হইতে আরম্ভ করিয়া যে সপ্ত স্বর হইবে, এই সমূহকে পাঞ্চার বা পঞ্চম গ্রাম বলা হয়। এই তিনটি গ্রামের প্রথম দুইটি গ্রামের ব্যবহার এই মনুষ্যলোকে হয়। তৃতীয় পাঞ্চার বা পঞ্চম গ্রামের ব্যবহার স্বর্গলোকে নারদ করেন। এই স্থলে রাগের যে স্থানকে যে গ্রাম বলা হইয়াছে, তাহাদের নাম হইল—মধ্য, শুদ্ধ, ভিন্ন, গৌড়, মিশ্র ও সাধারণ

কৃষ্ণেচ্ছয়া চ ত্রিবিধাগ্রদেব
মনুপ্রচারার্থং ভুবি মানুষাণাম্
স্থিতক্ষ তস্যাং হরিমেজসেব
প্রযোজয়ামাস স রৌক্মিণেয়ঃ ॥ ৭৪

হালিকাগান্ধর্বমুদারবুদ্ধি-
স্তেনৈব তাম্বূলময় প্রযুক্তম্
প্রযোজিতা পঞ্চতিরিন্দ্রতুল্যৈ-
স্তালিকামিঃ সততং নরাণাম্ ॥ ৭৫

শুভাবহং বুদ্ধিকরং প্রশস্তং
মঙ্গল্যমেবাথ তথা যশস্যম্
পুণ্যঞ্চ পুষ্টাভ্যুদয়াবহঞ্চ
নারায়ণস্যেষ্টমুদারকীর্তিঃ ॥ ৭৬

জয়াবহং ধর্ম্যমথোত্তরাবহং চ
দুঃস্বপ্ননাশং পরিকীর্ত্যমানম্
করোতি পাপঞ্চ তথা বিনষ্টং
শৃণ্বন্ মুহূর্তাদপগতো নরেন্দ্রঃ ॥ ৭৭

হালিকাগান্ধর্বমুদারকীর্তি-
র্মেনে কিলৈকং দিবসং সহস্রম্ ।

কবিবার জন্য এই হালিক গান্ধর্ব (দিব্য সঙ্গীত ও নৃত্যবিশেষ) কৃষ্ণকে জানাইয়া ছিলেন। এই সঙ্গে উত্তম গন্ধপূর্ণ দেবভোগ্য ফলসকলও এখানে আনয়ন করা হইয়াছিল। বীর বাসবগণ এই সবেরই রসাস্বাদন করিয়াছিলেন। ৭৩।

এই রসবীর হালিক গান্ধর্ব ভগবান শ্রীকৃষ্ণের প্রভাবে এই পৃথিবীতে প্রদ্যুম্ন প্রকৃতিতে প্রতিষ্ঠিত হয়। উদারবুদ্ধি রুক্মিণী-নন্দন প্রদ্যুম্ন উক্ত গন্ধর্বকলা প্রয়োগ করিয়া প্রদর্শনও করিয়াছিলেন। তিনিই এই (সম্মানসূচক তাম্বূলদানের) প্রয়োগ করিয়াছিলেন। ৭৪।

ইন্দ্রতুল্য পরাক্রমশালী পঞ্চবীর (শ্রীকৃষ্ণ, বলরাম, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ ও সাম্ব) এস্থানে হালিকা গান্ধর্বের আয়োজন করিয়াছিলেন, যাহা মনুষ্যগণের সদাই অভীষ্ট ছিল। ইহা শুভকারক, বুদ্ধিকারী, প্রশস্ত, মঙ্গলকারী, যশোবর্দ্ধক, পুণ্যদায়ক পুষ্টি ও অভ্যুদয়কারক। উদারকীর্তি ভগবান নারায়ণের ইহা পরম প্রিয়। ৭৫-৭৬

ইহার চর্চা করিলে ইহা বিজয়প্রাপ্তি ও ধর্মলাভ করায় এবং দুঃস্বপ্ন নাশ ও পাপকেও ইহা নিবারণ করে। কোনও এক সময়ে দেবলোকে উপস্থিত হইয়া উদারকীর্তি রাজা রেবত

৮ম মুহূর্তানাং মুখ দেবতোঽথ
ততঃ প্রসূতা চ কুমারজাতিঃ ॥ ৭৮

গান্ধর্বজাতিস্ত তথাপরাপি
দীপাদয়থা দীপসজ্ঞানি রাজন্।
বিবেদ কৃষ্ণস্ত সনারদস্ত
প্রত্যাত্মমুখৈর্নৃপ তৈমমুখৈঃ ॥ ৭৯

বিজ্ঞানমেতদ্ধি পরে যথাব-
দ্বেদ্যেশমাত্রাচ্চ জনাস্ত লোকে।
জানন্তি হালিকাগুণোদয়ানা-
ন্তোয়ং নদীনামথবা সমুদ্রঃ ॥ ৮০

জ্ঞাতুং সমর্থো হি মহার্ণবি র্বা
ফলাগ্রতো বা প্রসৃতোঽথ বাপি।
শক্যং ন হালিকাদৃতে তুপাপ্তি-
স্থানে বিধানানুভবমূর্দ্ধনাস্থ ॥ ৮১

ষড়্গ্রামরাগেষু চ তন্ত্রু কাষ্যাঃ
তন্ত্রৈকদেশাবয়বেন রাজন
লেশাভিধানাঃ সুকুমারজাতি-
র্নিষ্ঠাঃ সুরূপেণ নরাঃ প্রয়ান্তি ॥ ৮২

হালিকা গান্ধর্বকে এরূপ উচ্চতাবে সহিত শুনিয়াছিলেন যে, তাঁহার চার হাজার বৎসর একদিনের ন্যায় অতিবাহিত হইয়াছিল। রাজন্! এই ছ লিকা গান্ধর্ব হইতে কুমারজাতি ও অন্যান্য গান্ধর্বকলিকা সেইভাবে প্রবৃত্তি হইয়াছে, যেরূপ এক দীপ হইতে শত শত দীপ প্রজ্বলিত হইয়া থাকে। ৭৭-৭৮।

নরনাথ! প্রদ্যুম্নাদি যুবা যুবা যাদবগণের সহিত ভগবান শ্রীকৃষ্ণ ও নারদই হালিকা গুণোদয়ের এই বিজ্ঞানকে যথাযথ-রূপে জানেন। সংসারের অন্য মনুষ্যগণের ইহার জ্ঞান নাম-মাত্র জানা আছে। যেরূপ নদীসকলের জলকে সমুদ্র অথবা কোনও বিশাল পর্বতই যথার্থরূপে জানিতে পারে, সেইরূপ ভগবানই হালিকের শ্রেষ্ঠ ফল অথবা ওকে যথাযথভাবে জানেন। তদন্য ব্যতীত হালিকা গান্ধর্বকে ও তাহার মূর্চ্ছনাবিষয়ক বিধানকে জানিতে পারা যায় না। এই কথাই সর্ব্বথা সত্য। ৭৯-৮১

রাজন্! ছয় গ্রামবিশিষ্ট যে রাগ, উহাতেও হালিকাকে উহার একদেশীয় অবয়বের দ্বারা গান করিতে হয়। সেই নায়ক যে হালিকের সুকুমার জাতি, উহার গায়ক মানুষও

ছালিকাগাত্রকণ্ডূয়নোদ্যতেষু
যে দেব-গন্ধর্ব-মহর্ষিমর্ত্যাঃ
নিষ্ঠাং প্রয়াস্তীত্যবগচ্ছ বৃদ্ধা
ছালিকামেবং মধুসূদনেন ॥ ৮৩

তৈর্দোহ্যমানাঃ নরদেব দত্তং
লোকং চতুর্থ্রকামায়ৈব
গন্তং প্রতিষ্ঠাময়রোপগেয়ঃ
বালা যুবানশ্চ তথৈব বৃদ্ধাঃ ॥ ৮৪

ক্রীড়ন্তি তৈস্তাঃ প্রসবোৎসবেষু
পূর্বং তু বালা সমুদাবহন্তি
বৃদ্ধাশ্চ পশ্চাৎ প্রতিনায়য়ন্তি
স্থানেষু নিত্যাঃ প্রতিমানয়ন্তি ॥ ৮৫

মর্ত্যেষু মর্ত্যান্ বদবোঽভিবীক্ষ্য
স্বকংধর্ম্যঃ সমনুস্মরন্তঃ।
পুরাতনং ধর্ম্মবিধানতজ্ঞাঃ
প্রীতিঃ প্রযাণং ন বয়ঃ প্রমাণম্ ॥ ৮৬

প্রীতিপ্রযাণানি হি সৌহৃদানি
প্রীতিং পুরস্কৃত্য হি তে দদার্হাঃ।
বৃত্তান্তকাঃ পুত্রসুখা বভূবুঃ
বিসর্জিতাঃ কেশিবিনাশনেন ॥ ৮৭

স্বর্গং গতাস্তাশ্চরসাং সমূহাঃ
কৃত্বা প্রণামং মধু-কংসশত্রোঃ।
প্রহৃষ্টরূপস্তু মুহূর্তরূপা
বভূব দৃষ্টঃ সুরলোকসঙ্ঘঃ ॥ ৮৮

ইতি শ্রীমহাভারতে খিলভাগে বিষ্ণুপর্ব্বণি ভানুমতীহরণে
ছালিক্যক্রীড়ায়ামেকোনবতিতমোঽধ্যায়ঃ ॥ ৮৯

অতিশয় দুঃখে (অন্যান্য কষ্টের সহিতই) উহার সমাপ্তি করিতে পারে। (সুতরাং সম্পূর্ণ ছালিক্যের গান করিবার বিষয়ে আর কি বলিবার আছে ?) ৮২

নরদেব! যে সকল দেবতা, গন্ধর্ব ও মহর্ষিগণের সমুদায় আছেন, তাঁহারাই ছালিকা পাখীদের গুন গুনকে গান করিবার কলায় পারদর্শী হন। এই বিষয়কে তুমি নিজ বুদ্ধির দ্বারা চারিভাবে জানিয়া লও। এরূপ বুঝিয়াই ভগবান্ মধুসূদন সম্পূর্ণ ভগবানে অনুরক্ত করিবার ইচ্ছায় মুখ্য যাদবগণকে ছালিকা পাখীদের জ্ঞান প্রদান করিয়াছিলেন। দেবতাগণের দ্বারা পীত হইবার যোগ্য এই ছালিকা এইভাবে মনুষ্যলোকে প্রতিষ্ঠিত হইয়াছে। বালক, যুবক ও বৃদ্ধ মহর্ষি-গন্ধর্বগণ চন্দ্রোদয় সময়ে উক্ত পাখীদের দ্বারা ক্রীড়া ও মনোরঞ্জন করিয়া থাকেন। প্রথমে বালকগণ এই কলাবিদ্যাকে সাদরচিত্তে গ্রহণ করিতে থাকে। তাহার পর বৃদ্ধগণও উহার প্রতি আদর ও স্নেহ দেখাইতে থাকেন।

তারপর সকল লোক সকলে সকল স্থানে ইহার ভূরি ভূরি প্রশংসা করিতে লাগিলেন। ৮৩-৮৫

ব্রহ্মার বিধানবিৎ অতিশয় বীর যাদবগণ নিজেদের পুরাতন বাসধর্ম্ম স্মরণ করিতে করিতে মর্ত্যলোকে মনুষ্যদিগকে যে সতত সম্মানদান করেন, উহা তাঁহারই সূচক যে, প্রেমই প্রধান ও মহত্ত্বের বস্তু; বয়সের মহত্ত্ব নহে। ৮৬

সৌহার্দ্দের মূল আধার হইল—প্রেম। অতএব এই যাদব, বৃষ্ণি ও অন্ধকবংশীয় যাদবগণ পুরস্ত্রিদের সহিতও মিত্রবৎ আচরণ করিতেন। এই উৎসবের পর ভগবান্ কেশিবিনাশন শ্রীকৃষ্ণ তাঁহাদের সকলকে বিদায় দান করিলেন। ৮৭

তারপর সেই সব অপ্সরাগণও মধু এবং কংসের শত্রু জ্ঞানমূর্ত্তি শ্রীকৃষ্ণকে প্রণাম করত নিজেরাও অত্যন্ত হৃষ্টে মন হইয়া স্বর্গলোকে চলিয়া যাইলেন। সেই সময় দেবসঙ্ঘের সমুদায়ও অত্যন্ত আনন্দিত হইলেন। ৮৮

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বে ভানুমতী-হরণপ্রসঙ্গে ছালিক্যক্রীড়া বর্ণনবিষয়ক একোনবতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

নবতিতমোঽধ্যায়ঃ।

(নিকুম্ভের ভানুমতীর অপহরণ, অর্জুন-প্রাদ্যুম্নাদি সহ তাঁর যুদ্ধ, শোকসন্তপ্তে তাঁর পতন, ভানুমতীর মৃগয়া প্রদ্যুম্নের দ্বারকায়ামগমনম্, পুনর্নিকুম্ভের সহ যুদ্ধ, তস্যাদ্ভুতমায়ায়া বর্ণনম্, শ্রীকৃষ্ণেন নিকুম্ভস্য বিনাশশ্চ)

বৈশম্পায়ন উবাচ।

তেষাং ক্রীড়াপ্রসক্তানাং যদূনাং পুণ্যকর্ম্মণাম্।
দ্বিজযাসাদ্য দুর্বুদ্ধির্দৈবশক্রর্ত্ত্বাসদঃ ॥ ১

কন্যাং ভানুমতীং নাম ভানোর্ভূতিহতঃ নৃপ।
জহারাস্তুরধাকাঙ্ক্ষী নিকুম্ভো নাম দানবঃ ॥ ২

অন্তর্হিতো মোহয়িত্বা যদূনাং প্রমদাজনম্।
মায়াবী মায়য়া রাজন পূর্ব্ববৈরমনুস্মরন্ ॥ ৩

ভ্রাতৃহি যজ্ঞনাভস্য তস্য কন্যা প্রভাবতী
প্রদ্যুম্নেন হৃতা বীর বজ্রনাভস্তথা হতঃ ॥ ৪

ভানোরেব তথারণ্যে বধস্তাবসরেণ বৈ।
অন্ধাধীনে তুরাধর্ষে ছিদ্রেষ্বো দানবাধমঃ ॥ ৫

কন্যাপুরে মহানাদঃ সহসা সমুপস্থিতঃ।

তস্যাঃ ক্রিয়ন্ত্যাং কন্যায়াঃ রুদন্ত্যাঃ সমিতিঞ্জয় ॥ ৬

বসুদেবাত্মজৌ বীরৌ ধর্ষিতৌ নির্দ্ধয়াবুভৌ।
আর্ত্তনাদমুপশ্রুত্য ভানোঃ কন্যাপুরে তদা ॥ ৭

ন দৃষ্টিগোচরৌ তৌ তু বভূবাতেঽপকারিণম্।
তত্রৈব ধর্ষিতৌ যাতৌ যত্র কৃষ্ণো মহাবলঃ ॥ ৮

ক্রুদ্ধার্থঃ স্ব বিমানং তদাকাশেন ভুবার্দ্দনঃ।
পার্শ্বেন সহিতস্তাভ্যাং নারদস্তুমবিন্দতঃ ॥ ৯

বধ্যৌ ক্রমগৃহ্যেতি সন্দিশ্য মকরধ্বজম্
হৃতেতি শব্দতঃ বীরঃ সন্দিশ্যে চ কাঞ্চনম্ ॥ ১০

বজ্রঃ নগরনাম্নাঃ নিকুম্ভ বলপুঙ্গবম্
পার্থ-কৃষ্ণৌ মহ যুদ্ধায় চোদয়ন্তৌ বিনির্গতৌ ॥ ১১

প্রদ্যুম্নস্ত মহ [illegible] প্রবরো নৃপ।
নিকুম্ভস্তস্য তস্থৌ ছিদ্র মুন্মত্তকরোৎ ॥ ১২

নবতিতম অধ্যায়।

[নিকুম্ভ কর্ত্তৃক ভানুমতীর অপহরণ, অর্জুন ও প্রদ্যুম্নের সহিত তাহার যুদ্ধ, শোকসন্তপ্তে তাঁহার পতন, ভানুমতীকে লইয়া প্রদ্যুম্নের দ্বারকায় আগমন, পুনরায় নিকুম্ভের সহিত যুদ্ধ, তাহার অদ্ভুত মায়ার বর্ণন এবং শ্রীকৃষ্ণকর্ত্তৃক নিকুম্ভের বিনাশ

বৈশম্পায়ন বলিলেন,—নৃপ জনমেজয়! যখন পুণ্যকর্ম্মা যদুবংশীগণ জলক্রীড়ায় আসক্ত ছিলেন, তখন সুযোগ পাইয়া দুর্দ্ধর্ষ দেবদ্রোহী দুর্মতি দানব নিকুম্ভ যেন নিজের বধের ইচ্ছাতেই ভানুনামক এক যাদবের কন্যা ভানুমতীকে অপহরণ করিয়া লইয়া যায় ॥ ১-২

রাজন্! অদৃষ্টরূপে অন্তঃপুরে উপস্থিত হইয়া মায়া দ্বারা যাদবগণের স্ত্রীগণকে মোহিত করিয়া সেই মায়াবী দানব পূর্ব্ব শত্রুতার কথা স্মরণ করিতে করিতেই ভানুমতীকে অপহরণ করিয়াছিল ॥ ৩

বীর নরেন্দ্র! নিকুম্ভের ভ্রাতা যজ্ঞনাভের প্রভাবতী নামে বিবাহিতা কন্যা ছিল। প্রদ্যুম্ন তাহাকে হরণ করিয়া আনিয়াছিলেন এবং যজ্ঞনাভকেও বধ করিয়াছিলেন ॥ ৪

সেই সময় হইতেই এই নীচ দানব সুযোগ অন্বেষণ করিতে করিতে ভানুরই উপবনে বাস করিতেছিল। ভানু কন্যাপুর বর্ত্তমান থাকিলেও সেই সময় কোনও রক্ষকের অধীনে উহা ছিল না। উঁহার এই ছিদ্র দানবরাজ জানিতে পারিয়াছিল। সেই সুযোগ নিকুম্ভ একাকী হরণ করিয়া লইবার সুযোগ পাইয়াছিল ॥ ৫

বৃষ্ণিবংশী নরেন্দ্র! যখন সেই ভানুকন্যার অপহরণ হইতেছিল, তখন সেই কন্যা উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিল এবং সহসা তখন সেই কন্যাপুরেও উচ্চৈঃস্বরে কোলাহল উত্থিত হইতে লাগিল ॥ ৬

ভানুর কন্যাপুরে উত্থিত আর্ত্তনাদ শ্রবণ করিয়া বীর বসুদেব ও উগ্রসেন উচ্চস্বরে করুণস্বরে করুণ আর্ত্তনাদ বিস্তার করিলেন ॥ ৭

কিন্তু যে পর্য্যন্ত শ্রীকৃষ্ণের দৃষ্টি গোচর হইল, সেই পর্য্যন্ত তাঁহারা কোনও অপরাধীকে দেখিতে পাইলেন না। তখন তাঁহারা উভয়েই সেইভাবে করুণস্বরে করুণ সেই স্থানে যাইলেন, যেস্থানে মহাবল শ্রীকৃষ্ণ বিরাজমান ছিলেন ॥ ৮

তাঁহাদের নিকট হইতে ঘারকার সেই সংবাদ-শ্রবণ করিয়াই শত্রুদমনকারী শ্রীকৃষ্ণ সেই সময় অর্জ্জুনের সহিত নিজের বাহন সর্পশত্রু গরুড়কে আরোহণ করিলেন ॥ ৯

তারপর বীর শ্রীকৃষ্ণ প্রদ্যুম্নকে এই আদেশ করিলেন যে, তুমি রথে আরোহণ করিয়া আমার সহিত এস এবং কন্দর্পনন্দন গরুড়কে বলিলেন,- তুমি সত্বর গমন কর ॥ ১০

যজ্ঞনাভ নগরের দিকে আগমনকারী রণদুর্ম্মদ নিকুম্ভকে শত্রুদমনকারী মহাত্মা অর্জুন ও শ্রীকৃষ্ণ পথেই প্রাপ্ত হইলেন ॥ ১১

নৃপ জনমেজয়! [illegible] মায়াবিগণের মধ্যে সেই মহাবেগবান

তান্ সর্ব্বান্ বোধয়ামাস নিকুম্ভঃ প্রহসন্নিব
বহুকল্পশতোদ্ভূতৈর্ভিন্নবাক্তিরমরোপমঃ ॥ ১৩
সন্ধ্যাবালস্য রক্তেন কক্ষাং ভানুমতীং নৃপ
দক্ষিণেনাথ হস্তেন গদয়া প্রাহরৎ পুনঃ ॥ ১৪
কক্ষার্থং ন চ কৃষ্ণো বা কামো বা নৃপসত্তম।
নির্ঘৃণঃ প্রহরন্তি স্ম নিকুম্ভে চ মহাসুরে ॥ ১৫
সমর্থাস্তে মহাত্মানঃ শক্রং হন্তুং দুরাসদাঃ।
নিশ্বসন্নুরগস্তত্র দয়াভারাবশীড়িতঃ ॥ ১৬
শ্রেষ্ঠো বলুস্বতাং পার্থঃ সর্ব্বথা কৃপণো যদি
নাস্যোষ্ট্রবিধিনা দৈত্যা শরণত্বক্ত্বা জঘান হ ॥ ১৭
তে তু বৈতণ্ডিকৈর্ব্যাধৈর্বিধিবিধান মানবান্ যুধি।
ন কক্ষাং কৃপয়া মুক্ত্বা শিক্ষিতা চ মহীপতে ॥ ১৮
ততঃ স কক্ষয়া সার্দ্ধং তৈরেবাসুরৈর্হতঃ

আসুরীমাস্থিতো মায়াং ন চ তাং বেত্তি কশ্চন ॥ ১৯
তং কৃষ্ণো রৌক্মিণেয়শ্চ পৃষ্ঠতোঽনুযযুর্যুধা।
ধারিতঃ শঙ্কুনো কৃত্বা তস্থাবথ মহাসুরঃ ॥ ২০
তং বাণৈঃ পুনরেবাথ ধীরো ভূতো ধনঞ্জয়ঃ।
বৈতণ্ডিকৈর্কর্ম্মভিঃ কক্ষাং রক্ষতাড়ৃচ্য ॥ ২১
স ইয়ং পৃথিবীং কৃৎস্নাং সপ্তদ্বীপাং মহাসুরঃ।
বজ্রাঘাতপ্রতীকাশৈ তৈর্বীরৈরবিমর্দ্দনঃ ॥ ২২
গোকর্ণস্তোপরিষ্টাত্তু পর্ব্বতস্য মহাসুরঃ।
পপাত বেলাং গঙ্গায়াঃ পুলিনে সহ কক্ষয়া ॥ ২৩
ন দেবা নাসুরাশ্চাপি লঙ্ঘয়ন্তি তপোধনাঃ।
গোকর্ণং তেজসা গুপ্তং মহাদেবস্য ভাস্বরং ॥ ২৪
এতস্মন্তরমাসাদ্য প্রদ্যুম্নঃ শৌরিবিক্রমঃ।
কক্ষাং ভানুমতীং তৈস্যো জগ্রাহ রণমূর্দ্ধনি ॥ ২৫

প্রহারত তাহার নিকট হইতে চলিয়া গেলেন। নিকুম্ভ এই তিনজনকে দেখিয়াই নিশ্চেষ্ট হইয়া পড়িল। ১২

তাহার পর সেবোপম বীর নিকুম্ভ বহু কষ্টকে পরিপূর্ণ তাহী দ্বারা বেন তাহা করিতে করিতে ঐ তিনের সকলের সহিত যুদ্ধ করিতে লাগিল। ১৩

নৃপ! বামহস্তে রক্তমাখা সান্ধ্যবর্ণা কক্ষাকে ধরিয়া রাখিয়া (তাহাকে ঢালের ন্যায় নিজের সম্মুখে রাখিয়া) নিকুম্ভ দক্ষিণ হস্তে বারম্বার গদার প্রহার করিতে লাগিল। ১৪

নৃপশ্রেষ্ঠ! কক্ষাকে রক্ষা করিবার জন্যই শ্রীকৃষ্ণ, অর্জুন ও প্রদ্যুম্ন মহাসুর নিকুম্ভের উপর নির্দ্দয়তা সহকারে প্রহার করিতে পারিলেন না। ১৫

মহারাজ! এই তিনটি মহাবলশালী সেই শত্রু নিকুম্ভকে বধ করিতে সর্ব্বথা সমর্থ ছিলেন, কিন্তু দয়ার ভারে অবনমিত থাকায় কেবল নিঃশ্বাস ত্যাগ করিতে লাগিলেন। ১৬

ধনুর্দ্ধারিগণের মধ্যে শ্রেষ্ঠ অর্জুন যুদ্ধে সর্ব্বথা কুশল ছিলেন; অতএব তিনি বাঘোষ্ট্র-বিধি * অবলম্বন করিয়া নিজের বাণ-সমূহের দ্বারা সেই দৈত্যকে জর্জ্জরিত করিতে লাগিলেন। ১৭

* বাঘোষ্ট্র পদের অর্থ—সর্প ও উষ্ট্র। কোনও এক বনে এক উষ্ট্রকে অজগর সর্প বেষ্টন করিয়াছিল। ইহা দেখিয়া কোন ধনুর্দ্ধর বীর উষ্ট্রটিকে রক্ষা করিবার জন্য নিজের অস্ত্রনৈপুণ্য দেখাইতে দেখাইতে একটা বাণ প্রহার করিতে লাগিলেন, যাহাতে উষ্ট্রটি রক্ষা পায়, অথচ অজগর নিহত হয়। এইভাবে তিনি উষ্ট্রটিকে রক্ষা করিয়া অজগরকে বধ করিয়াছিলেন। ইহাই হইল,—বাঘোষ্ট্র-বিধি।

কৃপাল! এই শ্রীকৃষ্ণাদি বীরদের নিশ্চেষ্টতার কল, যুক্তি ও নিষ্কাম প্রভাবে এক এক বৈতণ্ডিক বাণসমূহের দ্বারা নানাপ্রকার ধারব-বিধকে সেই যুদ্ধে আহত করিতে ছিলেন, কিন্তু সেই কন্যাকে কোনরূপ আঘাত লাগিতে দিলেন না। ১৮

তখন নিকুম্ভ আসুরী মায়া অবলম্বন করিয়া কন্যার সহিত অন্তর্হিত হইয়া গেল। এই মায়া কোনও ব্যক্তি অথবা (শ্রীকৃষ্ণ অর্জুন ও প্রদ্যুম্ন) এই তিন জনের মধ্যে কেহ জানিতেন না। ১৯

শ্রীকৃষ্ণ, অর্জুন ও প্রদ্যুম্ন এই তিনজনেই তৎক্ষণাৎ সেই দানবের পশ্চাদ্ধাবন করিলেন। কিন্তুপর অস্ত্রে যাইয়া মহাসুর নিকুম্ভ এক তারিত পক্ষী হইয়া অবস্থান করিতে লাগিল। ২০

তখন বীর ধনঞ্জয় পুনরায় কক্ষাকে রক্ষা করিতে বৈতণ্ডিকনামক মর্ম্মভেদী বাণসমূহে সেই দৈত্যের উপর প্রহার করিতে লাগিলেন। ২১

তখন সেই শত্রুমর্দ্দনকারী মহাসুর নিকুম্ভ সপ্তদ্বীপযুক্তা সমগ্র পৃথিবীতে ভ্রমণ করিতে লাগিল এবং শ্রীকৃষ্ণ, অর্জুন ও প্রদ্যুম্ন এই তিন বীর তাহার অনুধাবন করিতে লাগিলেন। ২২

তারপর যখন মহাসুর নিকুম্ভ গোকর্ণ-পর্ব্বতের উপর হইতে নির্ঘৃত হইয়াছিল, তখন কক্ষাসহ নিকুম্ভ গঙ্গার তীরবর্ত্তী মনুষ্য-পুলিনে পতিত হইল। ২৩

হে ভারত! গোকর্ণ পর্ব্বত মহাদেবের তেজে সুরক্ষিত। ইহাকে দেবতা, অসুর এবং তপোধন মহর্ষিগণও লঙ্ঘন করিয়া যাইতে পারেন না। ২৪

এইরূপ এক অবসর পাইয়া শৌরিকুলবৃষভ শীঘ্র পরাক্রমশালী ধনুর্দ্ধর বীর প্রদ্যুম্ন সেই কক্ষা ভানুমতীকে ধরিয়া লইলেন। ২৫

অসুরঃ সোঽদ্দিতো রাজন্ কৃষ্ণস্তাভ্যাং নিশিতৈঃ শরৈঃ।
ত্যক্ত্বাথোত্তরগোকর্ণং নিকৃম্ভো দক্ষিণাং দিশম্ ॥
জগাম পৃষ্ঠতো যাতৌ কৃষ্ণৌ তার্ক্ষ্যগতৌ তদা ॥ ২৬
বিবেশ ষট্পুরং চৈব জাতীনামালয়ং তদা।
তত্র বীরৌ গুহাদ্বারি কৃষ্ণৌ রাত্রৌ তদোষতুঃ ॥ ২৭
রৌক্মিণেয়োঽপি কৃষ্ণেন সন্দিষ্টো দ্বারকাং পুরীম্।
অনয়দ্ধাসুতনয়ং প্রদ্যুম্নেনাত্মজেন চ ॥ ২৮
নরিষ্যা চাস্যৌ বীরঃ ষট্পুরঃ দানবাকুলম্।
দদর্শ চ গুহাদ্বারি কৃষ্ণৌ ভীমপরাক্রমৌ ॥ ২৯
ঊর্ধ্বতূর্যরিমাক্রম্য ষট্পুরস্য মহাবলৌ।
কৃষ্ণৌ প্রদ্যুম্নসহিতৌ নিকুম্ভবধকাঙ্ক্ষিণৌ ॥ ৩০
ততোঽনন্তরমেবাস্মাদ্ বিলাদ্বিবলসত্তরা
নির্জগাম বলী যোদ্ধুং নিকুম্ভো ভীমবিক্রমঃ ॥ ৩১
তস্য নির্গচ্ছতস্তস্মাদ্ বিলাৎ পার্থো বিশাম্পতে।

ক্রুরোষ সর্বতো বাণৈঃ শরৈর্গাণ্ডীবনিঃসৃতৈঃ ॥ ৩২
সোঽভিন্নস্তা গদাং ঘোরামুদ্যম্য বহুকণ্টকাম্।
শিরস্যভাড়য়ৎ পার্থং নিকুম্ভো বলিনাং বরঃ ॥ ৩৩
অমূর্ছয়োদ্যতো বীরঃ শিরস্যস্য মুমোহ সঃ।
গদয়াভিহতে পার্থে রক্তং বমতি মুক্তধি ॥
হসিত্বা সোঽসুরো দৃপ্তো রৌক্মিণেয়মতাড়য়ৎ ॥ ৩৪
তং প্রাদ্যুম্নমুখং বীরং মায়াবী মায়িনাং বরম্।
অমূর্ছয়োদ্যতো বীরঃ শিরস্যস্য মুনোহ সঃ ॥ ৩৫
তথাগতৌ তু দৃষ্ট্বা তৌ মুমুক্ষানৌ সুতাক্ষিতৌ।
অভিদুদ্রাব গোবিন্দো নিকুম্ভং ক্রোধমূর্ছিতঃ ॥ ৩৬
কৌমোদকীং সমুদ্যম্য গদাপূর্বোদ্যতো গদাম্।
তাবস্কোদ্ভ্রুতবাহুর্বৈ সর্জন্ত্বাবভিপেতিবান্ ॥ ৩৭
ঐরাবতস্তঃ শক্রঃ সর্বৈর্দেবগণৈঃ সহ।
দদর্শ তদ্ভয়াদ্যুদ্ধং ঘোরং দেবাসুরং তদা ॥ ৩৮

রাজন্! শ্রীকৃষ্ণ অর্জুনের দ্বারা তীক্ষ্ণ বাণসমূহে পীড়িত হইয়া সেই অসুর নিকুম্ভ উত্তর গোকর্ণ ত্যাগ করিয়া দক্ষিণ দিক্ অভিমুখে চলিয়া যাইল। গরুড়ে উপবিষ্ট শ্রীকৃষ্ণ ও অর্জুনও সেই সময় তাহার পশ্চাতে পশ্চাতে যাইলেন। ২৬

নিকুম্ভ নিজের সজাতীয়গণের নিবাসস্থান ষট্পুরে যাইয়া প্রবিষ্ট হইল। শ্রীকৃষ্ণ ও অর্জুন উভয় বীরই সেই রাত্রিতে সেস্থানে গুহার দ্বারে বসিয়া রহিলেন। ২৭

শ্রীকৃষ্ণের আজ্ঞা প্রাপ্ত হইয়া রুক্মিণীনন্দন প্রদ্যুম্ন পরদিবসে তাঁধ্বজা তাপুত্রীকে দ্বারকাপুরীতে লইয়া যাইলেন। ২৮

কন্যাকে দ্বারকাপুরীতে লইয়া বিদ্যা বীর প্রদ্যুম্ন পুনরায় দানবসঙ্কুল পরিপূর্ণ ষট্পুরে ফিরিয়া আসিলেন এবং সেস্থানে গুহার দ্বারে ভয়ঙ্কর পরাক্রমশালী শ্রীকৃষ্ণ ও অর্জুনকে দর্শন করিলেন অর্থাৎ তাঁহাদের সহিত মিলিত হইলেন। ২৯

নিকুম্ভকে বধ করিতে ইচ্ছুক সহাবল শ্রীকৃষ্ণ ও অর্জুন প্রদ্যুম্নের সহিত ষট্পুরের দ্বার অবরোধ করিয়া অবস্থান করিতে লাগিলেন। ৩০

তদনন্তর ভয়ঙ্কর পরাক্রমী ও অত্যন্ত বলশালী বলী নিকুম্ভ যুদ্ধের জন্য সেই বিল হইতে বহির্গত হইল। ৩১

প্রভাষাণ! সেই বিল হইতে নিষ্ক্রান্ত হইবার সময় নিকুম্ভের পশ্চাদ্দেশে অর্জুন গাণ্ডীব-ধনুনিক্ষিপ্ত বাণসমূহের দ্বারা চারিদিক্ বিদ্ধ অবরুদ্ধ করিয়া দিলেন। ৩২

তখন মহাবলবানের মধ্যে শ্রেষ্ঠ নিকুম্ভ নিকটে আসিয়া বহু কণ্টকে পরিপূর্ণ নিজের ভয়ানক গদা উত্তোলিত করিয়া অর্জুনের মস্তকে প্রহার করিল। ৩৩

নিকুম্ভ অসুরভাবে থাকিয়া এই আঘাত করিয়াছিল। মস্তকে গদার আঘাত প্রাপ্ত হইয়া বীর অর্জুন মূর্ছিত হইয়া পড়িলেন। অর্জুন যখন রক্ত বমন করিতে করিতে অচৈতন্য হইয়া পড়িলেন, তখন সেই দৃপ্ত ও মায়াবী অসুর হাস্য করিয়া মায়াবিগণের মধ্যে শ্রেষ্ঠ রুক্মিণীনন্দন প্রদ্যুম্নকে আঘাত করিল। প্রদ্যুম্ন পূর্বমুখ হইয়া দণ্ডায়মান ছিলেন, সেইজন্য তিনি সেই অসুরকে দেখিতে পান নাই। সেই অসুর অসুরের দ্বারা মস্তকে আঘাত প্রাপ্ত হইয়া বীর প্রদ্যুম্নও মূর্ছিত হইয়া পড়িলেন। ৩৪-৩৫

গদার আঘাতে পীড়িত অচৈতন্য অবস্থায় পতিত সেই দুই বীরকে দেখিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ ক্রোধে অধীর হইয়া পড়িলেন এবং পদ্মের জ্যেষ্ঠ ভ্রাতা গোবিন্দ তখন কৌমোদকী গদা উত্তোলিত করিয়া নিকুম্ভের দিকে ধাবিত হইলেন। ৩৬!

তখন সেই দুই ঊর্ধ্ব বীর গর্জন করিতে করিতে পরস্পরকে আক্রমণ করিলেন। ঐরাবতে আরোহণ করিয়া ইন্দ্র সমস্ত দেবগণের সহিত আগমন করত সেই সময় দেব শ্রীকৃষ্ণ ও অসুর নিকুম্ভের সেই ভয়ঙ্কর মহাযুদ্ধ দর্শন করিতে লাগিলেন। ৩৭-৩৮

পৃষ্ট্বা দেবান্ হৃষীকেশশ্চিত্রৈর্যুদ্ধৈরনিন্দিতম্।
ইয়েষ দানবং হন্তুং দেবানাং হিতকাম্যয়া ॥ ৩২
স মণ্ডলানি চিত্রাণি দর্শয়ামাস কেশবঃ।
কৌমোদকীং মহাবাহুর্গদামস্ত্রং মুহুঃ কোবিদঃ ॥ ৪০
তমৈবাসুরমুখ্যোঽপি গদয়া তং বহুকণ্টকাম্।
শিক্ষয়া ভ্রাময়ামোঽথ মণ্ডলানি চচার হ ॥ ৪১
বৃষভাবিব গর্জন্তৌ বৃংহন্তাবিব কুঞ্জরৌ।
ইবিতাস্তরমাসাদ্য ক্রুদ্ধৌ শালাবৃকাবিব ॥ ৪২
আজঘান নিকুম্ভস্তু গদয়া গরুপর্ব্বকম্
স্পষ্টাইক্ষ্টয়া বীর নাদং মুক্তাভিধারুণম্ ॥ ৪৩
তৎকালমেব কৃষ্ণোঽপি ভ্রাময়িত্বা মহাগদাম্
নিকুম্ভমূর্দ্ধনি তদা পাতয়ামাস ভারত। ৪৪
অবাইত্য মুহূর্ত্তং তু হরিঃ কৌমোদকীং গদাম্।
তস্থৌ জগদ্গুরুর্বীমানুদ্যম্য পতিতঃ ক্ষিতৌ ॥ ৪৫

দেবতাগণকে দেখিয়া শত্রুদমনকারী শ্রীকৃষ্ণ দেবগণের হিতকামনায় বিচিত্র যুদ্ধের দ্বারা সেই দানবকে বধ করিবার ইচ্ছা করিলেন। ৩১

যুদ্ধে বিশেষজ্ঞ মহাবাহু শ্রীকৃষ্ণ নিজের কৌমোদকী গদা লইয়া বিচিত্র মণ্ডল (গদা যুদ্ধের কৌশলপূর্ণ পদ্ধতি) দেখাইতে লাগিলেন। ৪০

এইরূপ অসুরশ্রেষ্ঠ নিকুম্ভও নিজের বহুকণ্টকপূর্ণ গদাকে শিক্ষা অনুসারে ঘুরাইতে ঘুরাইতে অনেক মণ্ডল দেখাইতে লাগিল। ৪১

যেরূপ বাসিত।—মৈথুনকামিনী গাভীকে নিজেদের মধ্যে প্রাপ্ত হইয়া দুইটি বৃষ বর্দ্ধন করিতে করিতে পরস্পর সম্ভর্ষে লিপ্ত হয়; যেরূপ বাসিত হস্তিনীকে প্রাপ্ত হইয়া দুইটি মত্ত হাতী গর্জ্জন করিতে করিতে যুদ্ধে আসক্ত হয় এবং দুইটি ক্ষুধা কোনও স্ত্রীমহীষের জন্য পরস্পর যুদ্ধ করে, সেইরূপ এই শ্রীকৃষ্ণ ও নিকুম্ভ ক্রুদ্ধ হইয়া পরস্পর যুদ্ধ করিতে লাগিলেন। ৪২

বীর নিকুম্ভ অত্যন্ত ভয়ঙ্কর সিংহনাদ করিয়া যাহাতে আটটি ধার। স্পষ্ট দেখা যাইতেছে, সেই গদার দ্বারা ভগবান্ গদাগ্রজ শ্রীকৃষ্ণের উপর আঘাত করিল। ৪৩

হে ভারত। ভগবান শ্রীকৃষ্ণও তৎক্ষণাৎই নিজের বিশাল গদা ঘুরাইয়া সেই সময় নিকুম্ভের মস্তকে আঘাত করিলেন। ৪৪

সেই সময় বুদ্ধিমান্ জগদ্গুরু শ্রীকৃষ্ণ মুহূর্ত্তকাল কৌমোদকী গদাকে ধরিয়া অবস্থান করিলেন। তাহার পর নিজের ইচ্ছায় বৃদ্ধিত হইয়া ভূতলে পতিত হইলেন। ৪৫

হাহাকৃতং জগৎ সর্ব্বং তৎ কালমভবত্তদা
তথাগতে বাসুদেবে নরদেব মহাদ্যুতি। ৪৬
আকাশগঙ্গাতোয়েন শীতেন চ সুগন্ধিনা।
সিষেচামৃতমিশ্রেণ কৃষ্ণং দেবেশ্বরঃ স্বয়ম্ ॥ ৪৭
নূনমাজ্ঞেয়মিত্যুক্ত্বা চক্রে পুরোত্তমঃ
কো হি শক্তো মহাত্মানং যুদ্ধে মোহয়িতুং হরিম্ ॥ ৪৮
কৃষ্ণঃ প্রত্যাগতপ্রাণশ্চক্রমুদ্যম্য ভারত
প্রতিজিঘ্রেতি তুরাত্মানমুবাচ রিপুনাশনঃ। ৪৯
নিকুম্ভোঽপাতিমায়াবী উৎপপাত তুরাসদঃ।
শরীরং তৎ পরিত্যজ্য ন তু তং বেত্তি কেশবঃ ॥ ৫০
মুমূর্ষুস্তি মূঢ়ো যাহমিতি মত্বা জনার্দ্দনঃ
বরুরুক্ষ স্বরনাথোঽথ বীতো বীতব্রতং বিভো। ৫১
অথ প্রত্যাগতকৌন্তেয়ো যাবদ্ধতে লব্ধচেতসৌ
স্থিতৌ নারায়ণাভ্যাশে নিকুম্ভবধনিশ্চিতৌ ॥ ৫২

নরদেব! সেই সময় মহাদ্যুতি যদুসেননন্দন শ্রীকৃষ্ণের এরূপ অবস্থা হইলে পর তৎক্ষণাৎ সম্পূর্ণ জগৎ হাহাকার পরিয়া গেল। ৪৬

স্বয়ং দেবেশ্বর ইন্দ্র অমৃতমিশ্রিত আকাশগঙ্গার শীতল ও সুগন্ধিত জলের দ্বারা শ্রীকৃষ্ণকে সিক্ত করিলেন। ৪৭

নিশ্চয়ই মুনিশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণ নিজের ইচ্ছাতেই এরূপ মূর্চ্ছার অভিনয় করিয়াছিলেন; অন্যথায় যুদ্ধে সেই মহাত্মা শ্রীহরিকে কোন্ ব্যক্তি মূর্চ্ছিত করিতে পারে? ৪৮

তাহার পর সচেতন হইলে পর পরমোত্তম শ্রীকৃষ্ণ চক্র উদ্যোলিত করিয়া সেই দুরাত্মাকে বলিলেন—অরে! এখন এই চক্রের আঘাত সহ্য কর। ৪৯

তাঁহার এই কথা শ্রবণ করিয়া অত্যন্ত মায়াবী দুর্দ্ধর্ষ বীর নিকুম্ভও নিজের সেই দেহ ত্যাগ করিয়া উপরের দিকে উড়িয়া গেল। শ্রীকৃষ্ণ তাহার এই কার্য্যকলাপকে জানিতে পারিলেন না। ৫০

প্রভো! সে মরিতে ইচ্ছা করিতেছে অথবা মরিয়া থাকিতে—এরূপ মনে করিয়া বীর-ব্রত স্মরণ করিতে করিতে বীর জনার্দ্দন তাহাকে বধ করিলেন অর্থাৎ পতিত দানবের সেই দেহের উপর নিজের অস্ত্র নিক্ষেপ করিলেন না। ৫১

তদনন্তর প্রদ্যুম্ন ও অর্জুন চেতনা লাভ করিয়া শ্রীকৃষ্ণের নিকট আগমন করত অবস্থান করিতে লাগিলেন। ইঁহারা উভয়ে তখন নিকুম্ভকে বধ করিতে নিশ্চয় করিয়াছিলেন। ৫২

প্রদ্যুম্নোঽপ্যথ মায়াবী বিদিত্বা কৃষ্ণমব্রবীৎ
নিকুম্ভস্তাত নাস্ত্যত্র গতঃ ক্বাপি পুরস্পতিঃ ॥ ৫৩
প্রদ্যুম্নেনৈবমুক্তে তু তস্যনাশ কলেবরম্।
প্রজহাসাথ ভগবানর্জুনেন সহ প্রভুঃ ॥ ৫৪
তদাঽমুতসহস্রাণি নিকুম্ভানাং জনাধিপ।
দদৃশুস্তে ততো বীরাঃ ক্ষিপ্তো দিবি চ সর্বতঃ ॥ ৫৫
সহস্রাণ্যেব কৃষ্ণস্তু তথা পার্থশ্চিচ্ছদ।
রৌক্মিণেয়ঃ তথা বীরঃ তদমুতমিবাভবৎ ॥ ৫৬
পাণ্ডবস্তু বহূঃ কেচিৎ কেচিদন্যে মহাসুরাঃ।
অন্যেঽন্য জঘ্নুরন্যাংশ্চ পাদৌ মহাসুরাঃ ॥ ৫৭
এবং প্রহায় তং বীরমমরাণামৃষভং বিভাসসি।
পার্থানামপি কোটীস্তু গৃহীতানাং তদাভবন্ ॥ ৫৮
নান্তং দদর্শ কৃষ্ণস্তু কাঙ্ক্ষিণ্ড বিপুলাঞ্জলৌ।
বিক্ষিপ্তা তৌ শরৈর্বীরৌ নিকুম্ভা পর্বতক্ষিতৌ ॥ ৫৯

একৈকস্তু দ্বিধা ছিন্নো দ্বেধা ভবতি ভারত।
দিব্যাস্ত্রানন্তরা কৃষ্ণো ভগবানদৃশ্যতাম্ ॥ ৬০
নিকুম্ভঃ তত্তথাপ্যেব দদর্শ মধুসূদনম্।
স্রষ্টারং সর্বমায়ানাং হর্তারং কাঙ্ক্ষিণস্তু চ ॥ ৬১
স চক্রেণ শিরস্তস্য চকর্ত্তাসুরসূদনঃ।
পপাতাসৌ সর্বভূতানাং কৃত্তভবাভবো হরিঃ ॥ ৬২
স মুক্তঃ কাঙ্ক্ষিণা রাজন্ছিরসি ভারত।
পপাতাসুরমুখ্যোঽথ ছিন্নমূল ইব দ্রুমঃ ॥ ৬৩
অথাকাশগতঃ পার্থঃ পতমানং বিভাবসুঃ
কৃষ্ণবাক্যেন জগ্রাহ কাঙ্ক্ষিণং বিততং মধৌ ॥ ৬৪
নিকুম্ভে পতিতে ভূমৌ সর্ব আসন্ বনৌকসঃ।
জগ্মুশ্চ দ্বারকাং দেবাঃ পার্থকৃষ্ণসমন্বিতাঃ ॥ ৬৫
সমিয়ায় পুনার্হৃষ্টঃ দ্বারকাং মুনিভিঃ বিভুঃ
নারদশ্চ মহাত্মানং দদর্শ মধুসূদনম্ ॥ ৬৬

প্রদ্যুম্নও মায়াবী ছিলেন তজ্জন্য তিনি নিকুম্ভের মায়া জানিতে পারিলেন এবং শ্রীকৃষ্ণকে বলিলেন—নিকুম্ভ এখানে নাই। সেই দুর্মতি কোথা ও চলিয়া গিয়াছে। ৫৩

তাহার এই কথা বলিবামাত্রই নিকুম্ভের সেই দেহ অদৃশ্য হইয়া যাইল। ইহা দেখিয়া অর্জুনের সহিত ভগবান শ্রীকৃষ্ণ উচ্চহাস্যে হাস্য করিতে লাগিলেন। ৫৪

জনাধিপ! এই সময়ে সেই বীরগণ পৃথিবীতে, আকাশে এবং সর্বদিকে সহস্র অসুর (এক কোটি নিকুম্ভের দেহ দেখিতে পাইলেন। ৫৫

শত্রুদমন নরেন! তখন শ্রীকৃষ্ণ, অর্জুন ও রুক্মিণীনন্দন বীর প্রদ্যুম্নকেও সহস্র সহস্র দেখা গিয়া। ইহা যেন তখন এক অদ্ভুত ঘটনা সংঘটিত হইল। ৫৬

কেহ কেহ মহাসুর অর্জুনের ধনু গ্রহণ করিল, কেহ কেহ তাঁহার মুষ্টি বৃহৎ বাণসমূহ গ্রহণ করিল, অন্য মহাসুরগণ তাঁহার দুই হস্ত ধারণ করিল এবং বহু মহাসুর তাঁহার দুই পদ ধারণ করিল। ৫৭

এইভাবে বীর অর্জুনকে ধরিয়া সেই সব মহাসুরগণ আকাশে লইয়া যাইল; তারপর সেই অসুরগণের দ্বারা দৃষ্ট অর্জুনের কোটি রূপ হইয়া যাইল। ৫৮

শত্রুনাশকারী শ্রীকৃষ্ণ ও প্রদ্যুম্ন এই দুই বীর অর্জুনরহিত হইয়া নিজেদের বাণসমূহে নিকুম্ভকে ছেদন করিলেন, তথাপি তাহার অন্ত দেখিতে পাইলেন না। ৫৯

তারপর এক এক নিকুম্ভকে দুই খণ্ড করিয়া দিলে সে এক এক খণ্ড হইতে দুই দুই রূপে উত্থিত হইল। সেই সমস্ত দিব্যাস্ত্রসমূহ সঞ্চালন শ্রীকৃষ্ণ বারবার তাহার বিষয়ে চিন্তা করিতে লাগিলেন। ৬০

তখন ভগবান মধুসূদন সমস্ত মায়ার স্রষ্টা ও অর্জুনকে অপহরণকারী নিকুম্ভের যথার্থ রূপকে দেখিতে পাইলেন। ৬১

ভূত, বর্তমান ও ভবিষ্যৎকে উৎপাদনকারী অসুরসূদন শ্রীহরি সমস্ত প্রাণিদের সাক্ষাতেই নিজের চক্রের দ্বারা নিকুম্ভের মস্তক ছেদন করিলেন। ৬২

রাজন্! ভবতনন্দন! মস্তক ছিন্ন হইলে পর সেই অসুর-প্রধান নিকুম্ভ অর্জুনকে ত্যাগ করিয়া ছিন্নমূল বৃক্ষের ন্যায় ভূতলে পতিত হইল। ৬৩

মানদ! সেই সময় শ্রীকৃষ্ণের আজ্ঞায় প্রদ্যুম্ন আকাশে উপস্থিত হইয়া সেখান হইতে নিপতনরত অর্জুনকে ধরিয়া ফেলিলেন। ৬৪

নিকুম্ভ ভূতলে পতিত হইলে পর অর্জুনকে আশ্বাসদান করত অর্জুন ও প্রদ্যুম্নের সহিত শ্রীকৃষ্ণ দ্বারকায় গমন করিলেন। ৬৫

ধর্মাত্মাবর্গী মধুকুলনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণ অতিশয় আনন্দিত হইয়া দ্বারকায় সমাগম করিলেন এবং মহাত্মা নারদকে মস্তক নত করিয়া প্রণাম করিলেন। ৬৬

নারদোঽথ মহাতেজা ভাণ্ডুং য দৈবমব্রবীৎ
ভানো মা কাবমাগচ্ছঃ বং জ্ঞাতস্তা ভৈমনন্দন ॥৬৭
ক্রীড়ন্ত্যা রৈবতোদ্যানে দুর্বাসাঃ কোপিতোঽনয়া।
স শশাপ ততো রোষাদুনির্দ্বিতীয়ঃ ভব ॥ ৬৮
অতিক্রুরসিতৈঃ কন্যা শত্রুহন্তং গমিষ্যতি।
সুতার্থে তে ময়া সার্দ্ধং মুনিভিঃ স প্রসাদিতঃ ॥ ৬৯
বালাং ব্রতবতীং কন্যামনাগসমিমাং মুনে।
শপ্তবানসি ধর্ম্মজ্ঞ কথং ধর্ম্মভৃতাং বর।
অনুগ্রহং বিধৎস্বাত্র বধঃ বিজ্ঞঃপহ্যামহে ॥ ৭০
অস্মাভিরেবমুক্তস্তু দুর্বাসা ভৈমনন্দন
উবাচাবোক্ষুখো ভূত্বা মুহূর্তং কৃপয়ান্বিতঃ ॥ ৭১
যদবোচমহং বাক্যং তত্তথা ন তদন্যথা
ত্রিপুরঘ্নবরস্তু হি গমিষ্যতি ন সংশয়ঃ ॥ ৭২
অনুবিতা তু ধর্ম্মেণ ভর্ত্তারমুপলপ্স্যতি
বহুপুত্রা বহুধনা সুভগা চ ভবিষ্যতি ॥ ৭৩
সুসম্মতা চ সদা কুমার্যা চ পুনঃ পুনঃ।
ন চ শোকনিমং ঘোরং ততো ধারয়িষ্যতি ॥ ৭৪
এবং ভানুমতীং বীর সহদেবায় দীয়তাম্।
শ্রদ্দধানঃ স পুরুষ ধর্ম্মশীলশ্চ পাণ্ডব ॥ ৭৫
ততো ভানুমতীং ভানুর্দদৌ মাদ্রীসুতায় বৈ।
সহদেবায় ধর্ম্মাত্মা নারদস্য বচঃ স্মরন্ ॥ ৭৬
আনীতঃ সহদেবশ্চ প্রেষিতশ্চক্রপাণিনা।
বিবাহে চ তদা বৃত্তে সভার্যঃ স পুরীং গতঃ ॥ ৭৭
ইমং কৃষ্ণস্য বিক্রান্তং যঃ পঠেচ্ছৃণুয়াদপি ।
বিক্রান্তঃ সর্ব্বকৃত্যেষু শ্রুতধানো নরেশ্বরঃ ॥ ৭৮

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বণি ভানুমতীহরণে নিকুম্ভবধো নাম নবত্রিতমোঽধ্যায়ঃ ॥ ৯০

তদনন্তর মহাতেজা নারদ ভানুনামক ভাতাকে বলিলেন,—ভৈমনন্দন! ভানো! তুমি অপরাধ হইয়াছ মনে মেহ করিও না, আমার কথা শ্রবণ কর। ৬৭

এই ভানুমতী কোন এক দিবস রৈবতকের উদ্যানে খেলা করিতেছিল। সেখানে এই কন্যা দুর্বাসামুনির ক্রোধ উৎপন্ন করিয়াছিল। তখন মুনি রোষবশতঃ তোমার কন্যাকে শাপদান করিয়াছিলেন। ৬৮

সিংহময়ী মায়ার দ্বারা উদ্যত বহু সিংহকে নিজের দিকে আসিতে দেখিয়া প্রতাপশালী কল্কিনন্দন প্রহ্লাদ শাম্ভর্ব অস্ত্র গ্রহণ করিয়া সেই সময় বহু শরও সৃষ্টি করিলেন ॥ ২৫

সেই সব শরও গুণযুক্ত ও প্রভূত বলশালী ছিল। নখ ও দন্তই তাহাদের অস্ত্র ছিল। যেরূপ বজ্র জলধরী মেঘকে উড়াইয়া লইয়া যায়, সেইরূপ এই সব শরও সেই সিংহগণকে বিতাড়িত করিয়া দিল ॥ ২৬

শম্বরের মায়ার দ্বারা সিংহগণকে পলায়ন করিতে দেখিয়া শম্বরাসুর চিন্তা করিতে লাগিল যে, আমি কিভাবে এই প্রহ্লাদকে বধ করিব? অহো আমি মূর্খতাবিশিষ্ট; কারণ, আমি শিশু অবস্থাতেই ইহাকে বধ করি নাই ॥ ২৭

এখন যৌবন দেহ লাভ করিয়া এই দুর্মতি শত্রু অস্ত্রসমূহের বিশেষ পারদর্শিতা প্রাপ্ত হইয়াছে। অতএব যুদ্ধের সমুদ্যতাবস্থিত এই শত্রুকে আমি কিরূপে বধ করিব ॥ ২৮

আচ্ছা, এই পত্নীর নাম্নী অত্যন্ত তেজঃ ও ভীষণ মায়াও আমার নিকট আছে, যাহাকে অসুরঘাতী দেবাধিদেব মহাদেব আমাকে প্রদান করিয়াছিলেন ॥ ২৯

বিষধর সর্পসমূহে যুক্ত এই মহামায়াকে আমি সৃষ্টি করিব। ইহার দ্বারা এই বলবান মায়াময় দুষ্টাত্মা শত্রু অবশ্যই দগ্ধ হইয়া যাইবে ॥ ৩০

এরূপ চিন্তা করিয়া সেই অসুর পত্নী মায়া সৃষ্টি করিল, যাহা বিষের জ্বালাসমূহে ব্যাপ্ত ছিল। সেই সর্পময়ী মায়ার দ্বারা রথ অশ্ব ও সারথিসহ প্রহ্লাদকে সর্পাকার বাণসমূহের বন্ধনে আবদ্ধ করিল ॥ ৩১

নিজেকে সর্পবাণে বদ্ধ হইতে দেখিয়া বৃষ্ণিবংশজাত প্রহ্লাদ তখন সর্পবিনাশিনী সৌপর্ণী (গরুড়সম্বন্ধিনী) মায়াকে চিন্তা করিলেন ॥ ৩২

মহাত্মা প্রহ্লাদ যেই সেই মহামায়াকে চিন্তা করিলেন,

সুপর্ণা বিচরন্তি স্ম সর্পা নষ্টা মহাবিষাঃ
তস্যাং সর্পমায়ায়াং প্রশংসন্তি সুরাসুরাঃ ॥ ৩৪
সাধু বীর মহাবাহো কল্পিন্যানন্দবর্দ্ধন
যস্ত্বয়া বধিতা মায়া তেন স্ম পরিতোষিতাঃ ॥ ৩৫
হতায়াং সর্পমায়ায়াং শম্বরোঽচিন্তয়ৎ পুনঃ
অস্তি মে কালদণ্ডাভো মুদ্গরো হেমভূষিতঃ ॥ ৩৬
তমপ্রতিহতং যুদ্ধে দেব-দানব-মানবৈঃ
পুরা যো মম পার্ব্বত্যা দত্তঃ পরমভূষ্টয়া ॥ ৩৭
গৃহাণ শম্বরেমং ত্বং মুদ্গরং হেমভূষিতম্
ময়া সৃষ্টং বধেরে বৈ তপঃ পরমদুষ্করম্ ॥ ৩৮
মায়ান্তকরণং নাম সর্ব্বাসুরবিনাশনম্
অনেন দানবো রৌদ্রো বলিনো কামরূপিণো ॥ ৩৯
শুম্ভস্তৈব নিশুম্ভশ্চ সগণৌ সূদিতৌ ময়া
প্রাণসংশয়মাপন্নে ত্বয়া মোক্ষ্যঃ স শত্রবে ॥ ৪০

তখনই দেবগণে বহু শঙ্খ আদিয়া বিজয় ঘোষণা করিতে লাগিল এবং সেই মহাবিদ্যের দর্পণ নষ্ট হইয়া গেল ॥ ৩৩॥

সেই সর্পমন্ত্রী মায়া নষ্ট হইয়া যাইলে পর দেবতা ও অসুরগণ সকলেই প্রহ্লাদের প্রশংসা করিতে লাগিলেন, কল্পিনী দেবীর আনন্দবর্দ্ধনকারী মহাবাহু বীর! তুমি উত্তম কার্য্য করিয়াছ। তোমার দ্বারা যে এই মায়া পরাজিতা হইল, ইহাতে আমরা অত্যন্ত সন্তোষলাভ করিয়াছি ॥ ৩৪-৩৫

সেই সর্পমন্ত্রী মায়া নষ্ট হইয়া যাইলে শম্বরাসুর পুনরায় চিন্তা করিল, এখন আমার নিকট সুবর্ণভূষিত মুদ্গর রহিয়াছে, যাহা কালদণ্ডতুল্য ভয়ঙ্কর ॥ ৩৬

এই মুদ্গর যুদ্ধে দেবতা, দানব ও মানবগণের দ্বারাও কখনও প্রতিহত হয় না; আমি সেই মুদ্গরকে এখন প্রয়োগ করিব। পূর্ব্বকালে অত্যন্ত সন্তুষ্ট হইয়া পার্ব্বতীদেবী আমাকে এই মুদ্গর প্রদান করিয়াছিলেন ॥ ৩৭

শম্বর! তুমি এই সুবর্ণভূষিত মুদ্গর গ্রহণ কর। আমি তোমার অত্যন্ত দুষ্কর তপস্যা করিয়া ইহাকে সৃষ্টি করিয়াছি ॥ ৩৮

ইহা মায়াসমূহের অন্তকারী এবং সমস্ত অসুরগণের বিনাশক। আমি ইহার দ্বারা ইচ্ছানুসারে তপস্যারক্ষাকারী দুই বলবান্ ও ভয়ঙ্কর দানব শুম্ভ এবং নিশুম্ভকে তাহাদের সমস্ত সৈন্যসহ সংহার করিয়াছিলাম। প্রাণসংশয় উপস্থিত হইলে পরই শত্রুর উপর তুমি এই মুদ্গর প্রয়োগ করিবে ॥ ৩৯-৪০

এই কথা বলিয়া পার্ব্বতীদেবী সেখানে অন্তর্হিত হইয়া

ইত্যুক্ত্বা পার্ব্বতী দেবী তত্রৈবান্তরধীয়ত
তমহং মুদ্গরং শ্রেষ্ঠং নোচ্চরিষ্যামি শত্রবে ॥ ৪১
তত্র বিজ্ঞায় চিত্তং তু দেবরাজোঽভ্যভাষত।
গচ্ছ নারদ শীঘ্রং ত্বং প্রহ্লাদস্য বধং প্রতি ॥ ৪২
সম্বোধয় মহাবাহুং পূর্ব্বজাতিঞ্চ বোধয়
বৈরোচনায়ুরং প্রহ্লাদায়ৈষ বধার্থং শম্বরস্য চ ॥ ৪৩
অস্মৎস্থানং কথং চাস্য প্রাদুষ্যাদ্ভূতলক্ষণে।
এবমুক্তো মঘবতা নারদঃ প্রাদিশৎ তমঃ ॥ ৪৪
আকাশেঽবিষ্ঠিতোঽথোচ্চৈঃস্বরঃ কলকলেরিতম্
কুমার পশ্য মাং প্রাপ্তং দেবরাজপ্রসাদনাদহম্
প্রেষিতঃ দেবরাজেন তব সংস্মারণায় বৈ ॥ ৪৫
স্মর ত্বং পূর্ব্বকং জন্ম কালনেমেরিহ মানব
তরকোপানলোদ্ধূতস্তেনাসঞ্চ ইতোঽসুরঃ ॥ ৪৬
ত্বং বৃষ্ণিসঙ্ঘতোঽসি কল্পিন্যাং সম্ভবস্তব
জাতোঽসি কেশবেনেহ প্রহ্লাদ ইতি কীর্ত্তিতঃ ॥ ৪৭

যাইলেন। অতএব আমি সেই ভ্রেষ্ঠ মুদ্গরকে এখন নিজের শত্রুর উপর নিক্ষেপ করিব ॥ ৪১

এই সময় শম্বরাসুরের মনোভাব জানিয়া দেবরাজ ইন্দ্র নারদকে বলিলেন,—নারদ! আপনি শম্বর প্রহ্লাদের বধের নিকট গমন করুন এবং সেই মহাবাহু বীরকে প্রবোধদান করুন ও তাহাকে তাহার পূর্ব্বজন্মের কথা স্মরণ করাইয়া দিন। তারপর শম্বরাসুরকে বধ করিবার জন্য তাহাকে বৈরোচনায়ুর প্রদান করুন। অসুরসংহার কার্য্যে নিরত প্রহ্লাদকে অন্যের কখনও জ্ঞান করুন ॥ ৪২-৪৩॥

ইন্দ্র এই কথা বলিলে পর নারদ দ্রুতসঞ্চারে সেখানে যাইলেন এবং আকাশে বিদ্যমান থাকিয়া মেঘগম্ভীর কাদম্বেকে এই কথা বলিলেন ॥ ৪৪॥

কুমার! তুমি আমার দিকে দৃষ্টিপাত কর। আমি দেবরাজের প্রসাদে আসিয়াছি। তোমাকে প্রবোধদানের জন্য দেবরাজ ইন্দ্র আমাকে এখানে পাঠাইয়াছেন ॥ ৪৫

দানব! তুমি নিজের পূর্ব্বজন্মের কথা স্মরণ কর। তুমি সাক্ষাৎ কালনেমি। ভগবান্ শত্রুর ক্রোধাগ্নিতে দগ্ধ হইয়া বিরাজিলে, সেই জন্য তুমি ভূতলে 'অনঘ' বলিয়া অভিহিত হও ॥ ৪৬

তোমার বর্ত্তমান জন্ম বৃষ্ণিবংশে হইয়াছে। তুমি কল্পিনী-দেবীর গর্ভ হইতে উৎপন্ন হইয়াছ এবং সাক্ষাৎ ভগবান্ কেশব

আহৃত্য শম্বরেণ ত্বমিহানীতোঽসি মানদ
সপ্তরাত্রে ত্বসম্পূর্ণে সূতিকা গৃহমধ্যতঃ ॥ ৪৮
যথার্থং শম্বরস্তস্য দ্বিতনয়ো ন্যুপেক্ষিতঃ।
কেশবেন মহাবাহো দেবকার্য্যাধিসিদ্ধয়ে ॥ ৪৯
ত্বৈষা মায়াবতী নাম ভার্য্যা বৈ শম্বরস্য তু।
রতিং ত্যা বিদ্ধি কল্যাণীং তব ভার্য্যাং পুরাতনীম্ ॥ ৫০
তব সংরক্ষণার্থায় শম্বরস্য গৃহেঽভবৎ।
মায়াং শরীরজাং তস্য মোহনার্থং চ রাত্রিষু ॥ ৫১
রতেঃ সম্পাদনার্থায় প্রেষয়ত্যনিশং তদা।
এবং প্রজ্ঞা বৃদ্ধা বৈ তত্র ভার্য্যা প্রতিষ্ঠিতা ॥ ৫২
হত্বা ত্বং শম্বরং বীর বৈজয়ন্ত্যেণ সংযুগে
গৃহ মায়াবতীং ভার্য্যাং দ্বারকাং গন্তুমর্হসি ॥ ৫৩

গৃহাণ বৈজয়ং চাস্ত্রং কবচঞ্চ মহাপ্রভম্
শক্রেণ তব সংদত্তং প্রেষিতঃ শক্রসূদন ॥ ৫৪
শৃণু মে ত্বপরং বাক্যং ক্রিয়তামবিশঙ্কয়া।
অস্ত্র দেবরিপোস্তাত মৃদ্দয়ো নিত্যমুদ্যতম্ ॥ ৫৫
পার্ব্বত্যাং পরিতুষ্টায়াং দত্তং শক্রনিবর্হণম্।
অমোঘঞ্চৈব সংগ্রামে দেব দানব-মানবৈঃ ॥ ৫৬
তদস্ত্রপ্রবিঘাতার্থং দেবীং ত্বং স্তোতুমর্হসি।
স্তব্যা চৈষ নমস্যা চ মহাদেবী সংগৎস্যুকৈঃ ॥ ৫৭
তত্র বৈ ক্রিয়তাং যত্নঃ সংগ্রামে বিপুলা সহ।
ইত্যুক্ত্বা নারদো বাক্যং প্রস্থাে যত্র বাসবঃ ॥ ৫৮

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বণি
নারদবাক্য নাম ষড়ধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১০৬

তোমার জন্মদান করিয়েন তুমি পরাশরকে কথিত ৪৩ । ৪৭

মানব! তোমার জন্মের সপ্ত রাত্রি অবনও পূর্ণ হয় নাই, সেই অবস্থায় শম্বরাসুর তোমাকে সূতিকা গৃহমধ্য হইতে অপহরণ করিয়া এই স্থানে লইয়া আসিয়াছে। ৪৮

মহাবাহো! দেবকার্য্য সিদ্ধ করিবার জন্য এবং শম্বরাসুরকে বধ করিবার জন্যই ভগবান শ্রীকৃষ্ণ তোমার এই অপহরণ উপেক্ষা করিয়াছেন। ৪৯

এই যে মায়াবতী নামে প্রসিদ্ধ শম্বরাসুরের ভার্য্যা হইয়া অবস্থান করিতেছে, তাহাকে তুমি নিজের কল্যাণময়ী পুরাতনী পত্নী 'রতি' বলিয়া জানিবে। ৫০

তোমার দেহকে রক্ষা করিবার জন্যই রতি শম্বরাসুরের গৃহে বাস করিতেছে। এই দুরাত্মা কৈতবে তোমার শোণিত করিবার জন্যই সে নিজের পত্নীর দ্বারে এক মায়াময়ী স্ত্রী উৎপন্ন করিয়া তাহার প্রসূতিগৃহে রাত্রিকালে সর্ব্বদা তাহাকে প্রেরণ দান করে। ৫১-৫২

প্রদ্যুম্ন! এই সব জানিয়াই তোমার পত্নী এখানে পিতৃস্নেহ সহকারে বাস করিতেছে। বীর! তুমি বৈজয়ন্তীর দ্বারা যুদ্ধে শম্বরাসুরকে বধ করত নিজের ভার্য্যা মায়াবতীকে সঙ্গে লইয়া দ্বারকায় যাইবার চেষ্টা কর। ৫৩-৫৩

শত্রুসূদন! এই বৈজয়ন্তী ও অস্ত্রসহ কাঞ্চিমান্ কবচ সংগ্রহ করিয়া ইন্দ্র তোমার জন্য পাঠাইয়া দিয়াছেন। তুমি ইহা গ্রহণ কর। ৫৪

এখন তুমি আমার অন্য এক কথা শ্রবণ কর এবং নিঃশঙ্ক হইয়া তাহা পালন কর। তাত! এই দেবদ্রোহী শম্বরের মৃদ্দয় নিত্য শক্তিশালী। পার্ব্বতীদেবী প্রসন্ন হইয়া এই শত্রুনাশক মুদ্দয় ইহাকে প্রদান করিয়াছেন। যুদ্ধে ইহা দেবতা, দানব ও মানবদের পক্ষে অমোঘ। ৫৫-৫৬

এই অস্ত্র প্রতিহত করিবার জন্য তুমি অবশ্যই দেবী পার্ব্বতীকে স্মরণ করিবে। যুদ্ধের জন্য উদ্যুক্ত বীরগণের অবশ্যই মহাদেবী পার্ব্বতীর স্তুতি করা ও বন্দনা করা উচিত। ৫৭

শত্রুর সহিত যুদ্ধ করিবার সময় তুমি পার্ব্বতী দেবীর স্তুতি করিতে বিশেষ যত্ন করিও। এই কথা বলিয়া নারদ যেখানে দেবরাজ ইন্দ্র বিরাজমান ছিলেন, সেখানে গমন করিলেন। ৫৮

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্বে শম্বরাসুর-বধপ্রসঙ্গে নারদের বাক্যনামক ষড়ধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ।

(প্রহ্লাদের শম্বরাসুরসহ যুদ্ধ।)

বৈশম্পায়ন উবাচ।

শম্বরস্তু ততঃ ক্রুদ্ধো যুদ্ধসজ্জঃ তং সমাদদে।
যুদ্ধন্তরে গৃহ্যমাণে তু ত্বাদিত্যার্কাঃ সমুত্থিতাঃ। ১
পর্ব্বতাশ্চলিতাঃ সর্ব্বে তদৈব বসুধাতলম্
ঊর্দ্ধার্গাঃ সাগরা যাতাঃ সংক্ষুব্ধাশ্চাপি দেবতাঃ। ২
গৃহচক্রাকুলাঃ ব্যোম উল্কাপাতৈঃ বভূব হ।
ববর্ষ রুধিরং দেবঃ পরুষং পবনো ববৌ। ৩
এবং দৃষ্ট্বা মহোৎপাতান্ প্রহ্লাদঃ স ব্যবস্থিতঃ।
অবতীর্য্য রথাদ্ বীরঃ কৃতাঞ্জলিপুটঃ স্থিতঃ। ৪
দেবীং সস্মার মনসা পার্ব্বতীং শঙ্করপ্রিয়াম্
প্রণম্য শিরসা দেবীং স্তোতুং সমুপচক্রমে। ৫

প্রহ্লাদ উবাচ।

ওঁ নমঃ কাত্যায়ন্যৈ গিরীশ ত্বৈ নমো নমঃ
নমস্ত্রৈলোক্যধাত্র্যৈ কাত্যায়ন্যৈ নমো নমঃ। ৬
নমঃ শক্তিধারিণ্যৈ নমো গৌর্য্যৈ শিবপ্রিয়ে।
নমস্তে শুম্ভমথনৈ নিশুম্ভমথনৈপি চ। ৭
কালরাত্রি নমস্তুভ্যং কৌমার্য্যৈ চ নমো নমঃ।
কান্তারবাসিনৈ দেব্যৈ নমস্যামি কৃতাঞ্জলিঃ। ৮
বিদ্ধ্যবাসিনী দুর্গায়ৈ বসুদুর্গায়ৈ বসুপ্রিয়াম্।
নমস্যামি মহাদেবীং জয়াঞ্চ বিজয়াং তথা। ৯
অপরাজিতাং নমস্যেঽহমনন্তিতাং শঙ্করাশিনীম্।
ঘণ্টাহস্তাং নমস্যামি ঘণ্টামালাকুলাং তথা। ১০
ত্রিপুলিনীং নমস্যামি মহিষাসুরঘাতিনীম্।
সিংহাননাং নমস্যামি সিংহপ্রবরকেতনাম্। ১১
একানংশাং নমস্যামি ব্যাপ্তাং যজ্ঞসংকুলাম্।
সাবিত্রীং চাপি বিপ্রাণাং নমস্যেঽহং কৃতাঞ্জলিঃ। ১২

সপ্তাধিকশততম অধ্যায়

প্রহ্লাদ কর্ত্তৃক শম্বর সহ যুদ্ধ বর্ণন।

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! তারপর ক্রুদ্ধ শম্বরাসুর হস্তে সেই যুদ্ধের গ্রহণ করিল। সেই যুদ্ধের গ্রহণ করিবার সময় (সহসা) ভীষণ সূর্য্য উদিত হইল। ১

তখন সমস্ত পর্ব্বত বিচলিত হইল, পৃথিবী কাঁপিতে লাগিল, সমস্ত সাগর উপরের দিকে উচ্ছ্বসিত হইয়া উঠিল এবং সমস্ত দেবগণও অত্যন্ত ক্ষুব্ধ হইয়া উঠিলেন। ২

আকাশ সঙ্কুলিবলে ব্যাপ্ত হইল, উল্কাপাত হইতে লাগিল, মেঘ রক্তবর্ষণ করিতে লাগিল এবং অত্যন্ত রুক্ষ বায়ু প্রবাহিত হইতে লাগিল। ৩

বীর প্রহ্লাদ এইরূপ মহোৎপাতসমূহ লক্ষ্য করিয়া রথ হইতে অবতরণ করিয়া কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান হইলেন। ৪

তিনি মনে মনেই ভগবান্ শঙ্করের প্রিয়া পার্ব্বতী দেবীকে স্মরণ করিতে লাগিলেন। তিনি মস্তক নত করিয়া দেবীকে প্রণাম করত তাঁহার স্তুতি করিতে আরম্ভ করিলেন। ৫

প্রহ্লাদ বলিলেন,—সচ্চিদানন্দময়ী কাত্যায়নী দেবীকে নমস্কার। পর্ব্বতকন্দরের ঈশ্বরী পার্ব্বতী দেবীকে বারংবার নমস্কার করি। ত্রিলোকের মাতারূপা কাত্যায়নী দেবীকে আমি পুনঃ পুনঃ অভিবাদন করি। ৬

শক্তিধারিণী দেবী দেবীকে আমার বারংবার নমস্কার। শিবপ্রিয়ে! তুমি শুম্ভদৈত্যকে মথিত করিয়াছিলে এবং নিশুম্ভকেও মথিত করিয়াছিলে। অতএব তোমার করুণায় আমি যেন এই শম্বরাসুরকে বধ করিতে পারি।), তোমাকে আমি প্রণাম করি। ৭

কালরাত্রি! তোমাকে প্রণাম করি। তুমি কৌমারী অভিরূপা, তোমাকে বারংবার নমস্কার করি। আমি কান্তারবাসিনী দেবী তোমাকে কৃতাঞ্জলি হইয়া নমস্কার করিতেছি। ৮

আমি বিন্ধ্যাচলবাসিনী, বিলস্তিবাসিনী, রণচণ্ডী, রণপ্রিয়া, জয়া ও বিজয়া নাম্নী মহাদেবীকে প্রণাম করিতেছি। ৯

আমি কাহারও দ্বারা যিনি কখনও পরাজিতা হন না, সেই শঙ্করবাসিনী অজিতা দেবীকে প্রণাম করিতেছি। ঘণ্টামালায় ব্যাপ্তা ও হস্তে ঘণ্টাধারিণী দেবীকে আমি নমস্কার করিতেছি। ১০

আমি মহিষাসুরসংহারকারিণী ত্রিপুলধারিণী দেবীকে নমস্কার করিতেছি। আমি সিংহবাহিনী ও সিংহচিহ্নে অলঙ্কৃত শ্রেষ্ঠ ধ্বজবিশিষ্টা দেবীকে প্রণাম করিতেছি। ১১

আমি 'একানংশা' অর্থাৎ এক—অদ্বিতীয়রূপা ও যাঁহার কে নও অংশ বিভক্ত হয় নাই, সেই অবিভক্তা ব্রহ্মরূপা দেবীকে প্রণাম করিতেছি। যজ্ঞগৃহে বিশেষভাবে পূজিতা

রক্ষ মাং দেবি সততং সংগ্রামে বিজয়ং কুরু।
ইতি কামবচস্তুষ্টা দুর্গা সম্প্রীতমানসা ॥ ১৩
উবাচ বচনং দেবী সুপ্রীতেনান্তরাত্মনা।
পশ্য পশ্য মহাবাহো কৃষ্ণিণ্যানন্দবর্দ্ধন ॥ ১৪
বরং বরয় বৎস ত্বমযোঘং দর্শনং মম
দেব্যাস্তু বচনং শ্রুত্বা রোমাঞ্চোদ্গতমানসঃ ॥ ১৫
প্রণম্য শিরসা দেবীং বিষ্ণুপুত্রঃ প্রদ্যুম্নঃ প্রকৃতম্।
যদি ত্বং দেবি তুষ্টাসি দীয়তাং মে যদীপ্সিতম্ ॥ ১৬
বরঞ্চ বরদে যাচে সর্ব্বামিত্রেষু মে জয়ঃ।
বরয় মুদ্গরো দত্তঃ শম্বরস্যাস্থসূদকঃ ॥ ১৭
এষ মে গাত্রমাসাদ্য মালা পদ্মবতী ভবেৎ।
তথাস্ত্বিতি চ সাপ্যুক্ত্বা তত্রৈবান্তরধীয়ত ॥ ১৮
প্রদ্যুম্নস্তু মহাতেজাস্তদ্বো বধমথাকরোৎ
মুদ্গরং তং গৃহীত্বা চ শম্বরঃ ক্রোধমূর্চ্ছিতঃ ॥ ১৯

ভ্রাময়িত্বা স চিক্ষেপ প্রদ্যুম্নোরসি বীর্য্যবান্।
স গদা মদনাত্মানং মালা ভূত্বা তু পৌষ্করী ॥ ২০
প্রদ্যুম্নস্য চ কণ্ঠে তু সমাসক্তা বরাঙ্গত।
নক্তঞ্চাপি তু মালায়াং যথা পরিবৃতা বিধু ॥ ২১
ততো দেবাঃ সগন্ধর্ব্বাঃ সিদ্ধাশ্চ পরমর্ষয়ঃ।
সাধু সাধিতি বাচোচ্চৈঃ পুষ্পবৃষ্টিং কেশবাত্মজম্ ॥ ২২
মুদ্গরং পুষ্পকৃতং তু দৃষ্ট্বা প্রদ্যুম্নসন্নিধৌ।
বৈষ্ণবং পরমাস্ত্রং তু নারদেন সমাস্তৃতম্ ॥ ২৩
সন্ধধে চাপমানম্য ইদং বচনমব্রবীৎ।
যদ্যহং রুক্মিণীপুত্রঃ কেশবস্যাত্মজো ধ্রুবম্ ॥ ২৪
তেন সত্যেন বাণেন জহি ত্বং শম্বরং রণে।
ইত্যুক্ত্বা চাপমাকৃষ্য সন্ধায় চ মহামনাঃ ॥ ২৫
চিক্ষেপ শম্বরস্যাথ হৃৎপ্রোতমুরসা যথা
স ক্ষিপ্তো বৃষ্ণিসিংহেন শরঃ ক্রব্যাদমোহনঃ ॥ ২৬

গায়ত্রী দেবীকে আমি নমস্কার করিতেছি। বিদ্যুতের উপাস্যা দাবিত্রীদেবীকেও আমি কৃতাঞ্জলি হইয়া প্রণাম করিতেছি। দেবি! তুমি সর্ব্বদা আমাকে রক্ষা কর এবং সংগ্রামে আমাকে বিজয়ী কর। ১২।

কামরূপ প্রদ্যুম্নের এইরূপ প্রার্থনাপূর্ণ বাক্যে দুর্গাদেবী সন্তুষ্টা হইলেন এবং উঁহার মন প্রসন্ন হইয়া গেল। তদনন্তর দুর্গাদেবী অন্তরাত্মা আহ্লাদিত-চিত্তে এই কথা বলিলেন। ১৩।

রুক্মিণীর আনন্দবর্দ্ধনকারী মহাবাহু প্রদ্যুম্ন! আমার দিকে দৃষ্টিপাত কর, আমাকে দর্শন কর। আমার দর্শন অমোঘ (নিষ্ফল হয় না)। অতএব বৎস! তুমি মনোবাঞ্ছিত বর প্রার্থনা কর। ১৪।

দেবীর এই বাক্য শ্রবণ করিয়া প্রদ্যুম্ন রোমাঞ্চিত হইলেন এবং হর্ষে তাঁহার হৃদয় উল্লসিত হইয়া উঠিল। তখন তিনি মস্তক নত করিয়া দেবীকে প্রণাম করত তাঁহাকে এইরূপ নিবেদন করিলেন,—দেবি! যদি আপনি প্রসন্ন হন, তাহা হইলে আমি যাহা কামনা করিতেছি, তাহা আমাকে প্রদান করুন। ১৫-১৬

বরদে! আমি এই বর প্রার্থনা করিতেছি যে, আমি যেন সকল শত্রুকেই জয় করিতে পারি এবং আপনার দেহজাত যে মুদ্গর আপনি শম্বরাসুরকে প্রদান করিয়াছেন, তাহা যেন আমার দেহ প্রাপ্ত হইয়া পদ্মের মালার ন্যায় হইয়া যায়। তখন দেবী 'তাহাই হউক' এই কথা বলিয়া সেস্থানেই অন্তর্হিতা হইয়া গেলেন। ১৭-১৮

তখন মহাতেজাঃ প্রদ্যুম্ন সন্তুষ্ট হইয়া রথে আরোহণ করিলেন। অন্যদিকে কেশবনন্দন শম্বরাসুরও ক্রোধে মূর্চ্ছিত হইয়া পরাক্রমশালী শম্বর সেই মুদ্গর হস্তে লইয়া ঘুরাইয়া প্রদ্যুম্নের বক্ষ লক্ষ্য করিয়া নিক্ষেপ করিল। ১৯।

প্রদ্যুম্নের নিকট যাইয়া সেই মুদ্গর পদ্মের মালা হইয়া গেল এবং প্রদ্যুম্নের কণ্ঠে সংলগ্ন হইয়া অতিশয় শোভা পাইতে লাগিল। এই সময় প্রদ্যুম্ন নক্ষত্রমালাসমূহে পরিবৃত চন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন। ২০-২১

তাহার পর দেবতা, গন্ধর্ব্ব, সিদ্ধ ও মহর্ষিগণ 'সাধু সাধু' বলিয়া কেশবকুমার প্রদ্যুম্নের প্রশংসা করিতে লাগিলেন। প্রদ্যুম্নের নিকট যখন সেই মুদ্গর পদ্মপুষ্প হইয়া গেল, তখন প্রদ্যুম্ন নারদ কর্ত্তৃক প্রদত্ত 'বৈষ্ণব' নামক দিব্যাস্ত্র সন্ধান করিলেন এবং নিজের ধনুকে আনত করিয়া এই কথা বলিলেন। ২২-২৩

বৈষ্ণবাস্ত্র! যদি আমি রুক্মিণী দেবী ও ভগবান্ শ্রীকৃষ্ণের পুত্র হই, তবে এই সত্যের দ্বারা তুমি নিজ বাণের দ্বারা রণাঙ্গনে শম্বরাসুরকে বধ কর। ২৪।

এই কথা বলিয়া মহামনা প্রদ্যুম্ন ধনু আকর্ষণ করিয়া রিপুকে বধ করিতে স্থির সেই বাণকে তাহার উপর নিক্ষেপ করিলেন। ২৫।

বৃষ্ণিকুলের সিংহতুল্য পরাক্রমশালী পুরুষ প্রদ্যুম্ন কর্ত্তৃক নিক্ষিপ্ত সেই বাণ রাক্ষসগণকে মোহিত করিল এবং শম্বরাসুরের হৃদয় বিদীর্ণ করিয়া পৃথিবীতে পতিত হইল। ইহাতে সেই

হৃদয়ং শম্বরস্যাথ ছিত্ত্বা বর্ষশিলাস্তদা
ন চাস্য মাংসং ন মাধুর্যমস্তি ন বৃহৎ ন শ্লোণিতম্ ॥২৭
সর্ব্বং তদ্ভস্মসাদ্ভূতং বৈষ্ণব্য তস্য তেজসা।
হতে দৈত্যে মহাকায়ে নগরে শম্বরেঽথবৈ ॥ ২৮
জহ্নুর্দুর্দেবগন্ধর্ব্বা নবভূল্লাস্যরোগবাঃ।
উর্ব্বশী মেনকা রম্ভা বিপ্রচিত্তিস্তিলোত্তমা ॥ ২৯
নবভূস্তুষ্টমনসো জগৎ স্থাবর-জঙ্গমম্
দেবরাজস্তু সুপ্রীতঃ সর্ব্বদেবগণৈঃ সহ ॥
প্রদ্যুম্নং পুষ্পবর্ষেণ তমর্চ্চাঞ্চ প্রচক্রুরে ॥ ৩০

অথ সমরভূতে তু দৈত্যরাজে
মধুসূদনস্য সুতেন বৈষ্ণবাস্ত্রৈঃ
বিগতরিপুভয়াঃ সুরাশ্চ তস্থু-
র্মকরবিভূষণকেতনং স্তবন্তঃ ॥ ৩১
স চ সমরপরিশ্রমঃ বরন্ বৈ
নগরমুখং প্রবিবেশ রৌক্মিণেয়ঃ।
প্রিয়তম ইব কান্তয়া প্রহৃষ্ট-
স্ত্বরিতপদং প্রতিনন্দিতঃ চকার ॥ ৩২

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বণি শম্বরবধো নাম সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১০৭

দৈত্যের না মাংস, না ভারুণ্য, না অস্থি (হাড়), না চর্ম্ম এবং না রক্ত কিছুই অবশিষ্ট রহিল। বৈষ্ণবাস্ত্রের তেজে তাহার সব কিছুই ভস্মসাৎ হইয়া যাইল। ২৬-২৭।

সেই বিশালদেহ অসুর নিহত শম্বরাসুর নিহত হইলে সব দেবতা ও গন্ধর্ব্বগণ হর্ষে উল্লসিত হইয়া উঠিলেন এবং উর্ব্বশী, মেনকা, রম্ভা, বিপ্রচিত্তি ও তিলোত্তমাদি অপ্সরাগণ নৃত্য করিতে লাগিলেন। ২৮-২৯

পূর্ব্বোক্ত অপ্সরাগণ নৃত্য সমাপ্তি হইয়া নৃত্য করিতে লাগিলেন, তখন এই চরাচর জগৎও হর্ষে পূর্ণ হইয়া উঠিল। সমস্ত দেবগণের সহিত দেবরাজ ইন্দ্র অত্যন্ত প্রসন্ন হইয়া পুষ্প-বর্ষণ করত প্রদ্যুম্নকে সংস্তব করিয়া হর্ষে বিভোর হইয়া উঠিলেন। ৩০

মধুসূদন শ্রীকৃষ্ণের পুত্র প্রদ্যুম্ন কর্ত্তৃক সমরাঙ্গণে বৈষ্ণবাস্ত্রের দ্বারা দৈত্যরাজ শম্বর নিহত হইলে পর সমস্ত দেবগণের শত্রু-সঙ্কট দূর হইয়া যাইল এবং তাঁহারা মকরধ্বজ প্রদ্যুম্নের স্তুতি করিতে করিতে নিজ নিজ স্থানে চলিয়া যাইলেন। ৩১

দ্বীয় নগরে মুখরক্ষিত প্রদ্যুম্ন বরন করিতে করিতে রুক্মিণী পুত্র প্রদ্যুম্ন নগর দ্বারে পৌঁছিয়া হইলেন যেরূপ প্রেয়সীর সহিত মিলিত হইয়া প্রিয়তমের প্রসন্নতা হয়, সেইরূপ অত্যন্ত হৃষ্ট হইয়া প্রদ্যুম্ন অতি সত্বর নিজের পুরী রুক্মিকে বর্ধন করিলেন। ৩২

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বে শম্বরাসুরবধনামক সপ্তাধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ।

[মায়াবত্যা সহ প্রদ্যুম্নস্য দ্বারকায়ামাগমনম্, রুক্মিণীদেব্যা ভবনে প্রবেশশ্চ।]

বৈশম্পায়ন উবাচ।
সমাপ্তমায়ো মায়াজ্ঞো বিক্রান্তঃ সমরেঽব্যয়ঃ।
অষ্টম্যাং নিধনে যুদ্ধে মায়াবী কালশম্বরঃ ॥ ১
তমুদ্ধবন্তে নগরে নিহত্যাসুরসত্তমম্।
গৃহ্য মায়াবতীং দেবীমাগচ্ছদ্গগনং পিতুঃ ॥ ২
সোঽন্তরিক্ষগতো ভূত্বা মায়াবী শীঘ্রবিক্রমঃ।
আজগাম পুরীং রম্যাং রক্ষিতাং তেজসা পিতুঃ ॥ ৩
সোঽন্তরিক্ষাগ্রিপতিতঃ কেশবাস্তঃপুরে শিশুঃ।
মায়াবত্যা সহ তদা রূপমানিব মন্মথঃ ॥ ৪

অষ্টাধিকশততম অধ্যায়।

[মায়াবতী সহ প্রদ্যুম্নের দ্বারকায় আগমন এবং রুক্মিণী-দেবীর ভবনে প্রবেশ।]

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! শম্বরাসুর মায়াবিৎ ছিল, কিন্তু তাহার সমস্ত মায়াই সমাপ্ত হইয়া গিয়াছিল। মায়াবী কালশম্বর যুদ্ধে পরাক্রম প্রকাশকারী এবং অবিনাশী ছিল, তথাপি অষ্টমীতে যুদ্ধে প্রদ্যুম্ন কর্ত্তৃক নিহত হইয়াছিল। ১

তদ্ভবদ্বারক নগরে অসুরশ্রেষ্ঠ শম্বরকে বধ করিয়া দেবী মায়াবতীকে গ্রহণ করত প্রদ্যুম্ন নিজ পিতা ভগবান শ্রীকৃষ্ণের নগর দ্বারকায় আসিলেন। ২

শীঘ্রতাসহকারে পরাক্রম প্রকাশকারী মায়াবী প্রদ্যুম্ন আকাশে অবস্থান করত নিজ পিতা শ্রীকৃষ্ণের তেজে সুরক্ষিত রমণীয় পুরী দ্বারকায় আগমন করিলেন। ৩

তিনি আকাশ হইতে ভগবান শ্রীকৃষ্ণের অন্তঃপুরে উত্তীর্ণ

তস্মিংস্তত্রাবসরেঽতিথৌ মহিষ্যঃ কৃষ্ণস্য তাঃ
বিস্মিতাশ্চৈব হৃষ্টাশ্চ ভীতাশ্চৈবাভবংস্ততঃ। ৫
ততস্তাঃ কামসন্তাপং কান্তয়া সহ সঙ্গতম্।
প্রেক্ষন্ত্যো হৃষ্টবদনাঃ পিবন্ত্যো নয়নৈরসবম্। ৬
তং বিনীতমুখং দৃষ্ট্বা লজ্জমানং পদে পদে।
অভবন্ স্মিতসন্তপ্তাঃ সর্বাস্তাঃ কৃষ্ণযোষিতঃ। ৭
রুক্মিণী চৈব তং দৃষ্ট্বা লোকার্তা পুত্রগৃদ্ধিনী।
সপত্নীনতসঙ্কীর্ণা সবাষ্পা বাক্যমব্রবীৎ। ৮
যাদৃক্ বপুর্ময়া দৃষ্টো নিশায়াং যৌবনে গতে।
কাংক্ষিণা মনসীহ দ্বং সাক্ষাৎপল্লবম্। ৯
শশিরশ্মিপ্রতীকাশং মুক্তালম্ব ইবোন্নতম্।
কেশবেনাঙ্কমারোপ্য মম কণ্ঠে ধৃতং ত্বয়া। ১০
শ্যামা সুচারুকেশা স্ত্রী তন্ত্রস্বরবিভূষিতা
পদ্মহস্তা নিশীথান্তে প্রবিষ্টা মম বেশ্মনি। ১১
তয়া পুনরহং দৃষ্ট স্নাপিতা কুচিরাম্বুনা।
কৃষ্ণেনাহরময়ীং মালাং স্ত্রী সংস্থাপ্য পাণিনা। ১২
মম মূর্দ্ধন্যুপাত্রায় দত্তা পশ্চাত্ত্বয়া মম।
এবং ত্বয়ান্ত কীর্ত্তয়ন্তী রুক্মিণী হৃষ্টমানসা। ১৩
মধুজনবৃতা দেবী কুমারং বীক্ষ্য তং মুহুঃ।
বভাষায়াঃ স্বয়ং পুত্রো দীর্ঘায়ুঃ প্রিয়দর্শনঃ। ১৪
ইত্যুক্তঃ কামসন্তাপো যৌবনে প্রথমে স্থিতঃ।
জীবপুত্রা ত্বয়া পুত্র কাংক্ষে ভাগ্যসমন্বিতা। ১৫
কিমর্থং চায়মুক্তাম্বঃ সন্তাপস্তনিবাগতঃ।
অস্মিন্ বয়সি সুব্যক্তং প্রদ্যুম্নো মম পুত্রকঃ। ১৬

হইলেন অর্থাৎ নাম্নিকেন। সেই সময় তিনি সেই মায়াবতীর (রতির) সহিত মূর্ত্তিমান্ কামদেবের ন্যায় প্রতীত হইতেছিলেন। ৪

সেই সময় সেখানে তিনি অবতীর্ণ হইলে পর ভগবান্ শ্রীকৃষ্ণের যে সব মহিষী ছিলেন, তাঁহাদের মধ্যে অনেকে বিস্মিতা হইলেন, অনেকে হৃষ্ট হইলেন এবং অনেকে আবার ভীতা হইয়া পড়িলেন। ৫

প্রদ্যুম্ন নিজের প্রিয়তমা মায়াবতীর সহিত মিলিত হইয়া কামদেবের ন্যায় শোভা পাইতেছিলেন। তাঁহাকে দেখিয়া মহিষীগণের মুখ আনন্দে পূর্ণ হইয়া উঠিল। তাঁহারা নিজ নিজ নয়নে তাঁহার রূপমাধুরী পান করিতেছিলেন এবং এই সময় প্রদ্যুম্ন তাঁহাদের নয়নের উৎসবস্বরূপ হইয়া বিরাজিলেন। ৬

তখন প্রদ্যুম্নের মুখ বিনয়ে নত ছিল। তিনি পদে পদে লজ্জা—সঙ্কোচ অনুভব করিতেছিলেন। তাঁহাকে দেখিয়া শ্রীকৃষ্ণের সকল মহিষীর হৃদয়ে বাৎসল্য-স্নেহের সঞ্চার হইল। ৭

পুত্রকামিনী রুক্মিণীদেবী তাঁহাকে দেখিয়া শোকে কাতর হইয়া উঠিলেন। তিনি শত সপত্নীতে পরিবৃত হইয়া অশ্রুবর্ষণ করিতে করিতে এই কথা বলিলেন। ৮

আমি রাত্রিকালের যৌবনাবস্থা শেষ হইলে পর অর্থাৎ রাত্রির শেষপ্রহরে যেরূপ স্বপ্ন দেখিয়াছি, ইহা সেইরূপই। আমার প্রাণনাথ কংসসূদন আমার হস্তে কল্পবৃক্ষ আত্মপল্লব আনিয়া দিয়াছিলেন। ৯

তারপর শ্রীকেশব আমাকে নিজে কোলে বসাইয়া মুক্তার এক সুন্দর মালা আমার কণ্ঠে ইহা দিয়া দিলেন। সেই মালা চন্দ্রের কিরণসদৃশ প্রকাশমান ছিল। ১০

তারপর এক শ্যামা (ষোলবৎসর বয়স্কা অথবা শ্যামবর্ণা) স্ত্রী আমার ভবনে প্রবিষ্ট হইলেন, তাঁহার কেশকলাপ অতিসুন্দর মনোরম ছিল। শ্বেতবস্ত্র তাঁহার অঙ্গের শোভা বর্দ্ধন করিতেছিল। তাঁহার হস্তে পদ্ম ছিল। তিনি আমার দিকে দৃষ্টিপাত করিতে করিতেই গৃহের মধ্যে প্রবিষ্ট হইয়া যাইলেন। ১১

সেই স্ত্রী আমার হস্ত ধারণ করিয়া আমাকে স্নানাগারে লইয়া যাইলেন এবং স্বচ্ছ জলে তিনি আমাকে স্নান করাইলেন। তাহার পর আমার মস্তক আয়ত্ত করত তিনি নিজ হস্তে এক নির্ম্মল পদ্মপুষ্পের মালা লইয়া আমাকে পরাইয়া দিলেন। ১২

এইভাবে স্বপ্নের কথা বর্ণনা করিতে করিতে রুক্মিণী দেবীর হৃদয় হর্ষে উল্লসিত হইয়া উঠিল। সখীগণে পরিবৃতা হইয়া দেবী রুক্মিণী কুমার প্রদ্যুম্নের দিকে বারংবার দেখিয়া বলিলেন। ১৩

নিশ্চয়ই এই বালক কোনও মহাভাগ্যবতী মাতার দীর্ঘায়ু পুত্র, যে দেখিতে অতিসুন্দর প্রিয়। কামদেবসদৃশ সুন্দর এই বালক এই প্রথম যুবাবস্থায় প্রবিষ্ট হইয়াছে। ১৪

(তারপর তিনি প্রদ্যুম্নকে বলিলেন,—) পুত্র! তোমার এই সৌভাগ্যশালিনী মাতা কে? যিনি তোমার ন্যায় চিরজীবী পুত্রের দ্বারা পুত্রবতী হইয়াছেন? মেঘের ন্যায় শ্যামসুন্দর শরীরধারী তুমি নিজের পত্নীর সহিত কিভাবে এখানে আসিয়াছ? ১৫

ভবেদ্ যদি ন নীতঃ স্যাৎ কৃতান্তেন বলীয়সা।
বাক্যং কৃষ্ণকুমারস্য ন মিথ্যা মম শঙ্কিতম্ ॥ ১৭
বিজ্ঞাতোঽসি ময়া চিহ্নৈর্বিনা চক্রং জনার্দন!
মুখং নারায়ণস্যেব কেশাঃ কেশান্ত এব চ ॥ ১৮
উরূ বক্ষো ভুজৌ তুল্যৌ চলিতঃ খগুরস্তু মে।
কস্য বৃষ্ণিকুলে সর্বং ছোত্তরম্ বপুষা স্থিতঃ ॥ ১৯
অহো নারায়ণস্যেব দিব্যা তে পরমা তনুঃ।
এতস্মিন্নন্তরে কৃষ্ণঃ সহসা প্রবিবেশ হ ॥
নারদস্তু বচঃ শ্রুত্বা শম্বরস্য বধং প্রতি ॥ ২০
সোঽপশ্যত্তং সুতং জ্যেষ্ঠং সিদ্ধং মন্ত্রবলক্রমৈঃ।
সুস্বাং মায়াবতীং চৈব সৃষ্টচেতা জনার্দনঃ ॥ ২১
সোঽব্রবীৎ সঽসা দেবীং রুক্মিণীং দেবতামিব
অয়ং স দেবি সম্প্রাপ্তঃ সুতস্তাপহরস্তব ॥ ২২
অনেন শম্বরং হত্বা মায়াযুদ্ধবিশারদম্
হৃতা মায়াশ্চ তাঃ সর্বা ধাতিস্তৈরানবাধয়ৎ ॥ ২৩

সতী চেয়ং শুভা সাধ্বী ভার্যা বৈ তনয়স্য তে
মায়াবতীতি বিখ্যাতা শম্বরস্য সুতোদিতা ॥ ২৪
মা চ তে শম্বরস্যেয়ং পত্নীতি ভবতু ব্যথা।
মন্মথে তু গতে নাশং গতে চানঙ্গতাং পুরা ॥ ২৫
কামপত্নী ন কাঁস্যৈষা শম্বরস্য রতিঃ প্রিয়া।
মায়াস্ত্রক্ষেপণ তং বৈত্যং মোহয়ন্ত্যাসকৃদ্ভুতা ॥ ২৬
ন চৈষা তস্য কৌমার্যে বশে তিষ্ঠতি শোভনা।
আত্মমায়াময়ং কৃত্বা রূপং শম্বরমাবিশৎ ॥ ২৭
পত্ন্যোষা মম পুত্রস্য সুস্বা তব বরাঙ্গনা।
লোকস্যাস্য সাহায্যং করিষ্যতি মনোময়ম্ ॥ ২৮
প্রবেশয়েমাং ভবন পূজ্যাং জ্যেষ্ঠাং সুস্বাং মম।
চিরং প্রজ্ঞষ্টং সুতং ভদ্রম্ পুনরাগতম্ ॥ ২৯

বৈশম্পায়ন উবাচ

শ্রুত্বা তু বচনং দেব্যা কৃষ্ণেনোদাহৃতং তদা।
প্রহর্ষমতুলং লব্ধা রুক্মিণী বাক্যমব্রবীৎ ॥৩০

যদি বলবান্ কাল চটাইয়া না লইয়া যাইত, তাহা হইলে আমার পুত্র প্রদ্যুম্নও এখন অবশ্যই এই তরুণ বয়সেই অবস্থান করিত ॥ ১৬॥

অথবা আমার তর্ক করা ঠিক নহে, করা বৃথা হইবে না। তুমি অবশ্যই শ্রীকৃষ্ণের পুত্র। আমি লক্ষণসমূহের দ্বারা তোমাকে চিনিতে পারিয়াছি। তুমি যেন চক্রহীন জনার্দন (শ্রীকৃষ্ণ) অর্থাৎ তোমার হাতে যদি চক্র থাকিত, তাহা হইলে তোমাতে ও শ্রীকৃষ্ণে কোনও পার্থক্যই বুঝা যাইত না ॥ ১৭॥

তোমার মুখ নারায়ণের শ্রীকৃষ্ণের। সমান। তোমার কেশ ও কেশান্তভাগ ঠাঁহারই সদৃশ। তোমার দুই জানু, বক্ষস্থল ও দুই বাহু আমার শ্বশুর হলধরের সদৃশ ॥ ১৮॥

তুমি কে? বীর পরীক্ষের কান্তিতে সমস্ত বৃষ্ণিকুলকে প্রকাশিত করিতে করিতে এখানে দাঁড়াইয়া আছ? অহো! ভগবান্ নারায়ণের সমান তোমার শরীর পরম দিব্য। ১৯॥

ইহার মধ্যে শম্বর-বধবিষয়ে নারদের বাক্য শ্রবণ করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ সহসা অন্তঃপুরে আসিলেন ॥ ২০

তিনি কামদেবের লক্ষণসমূহসম্পন্ন নিজের জ্যেষ্ঠ পুত্র প্রদ্যুম্ন ও পুত্রবধূ মায়াবতীকেও দেখিলেন। ইহাতে জনার্দনের চিত্তে হর্ষ হইল ॥ ২১

তিনি তখন সহসা দেবতার ন্যায় দীপ্তিমতী দেবী রুক্মিণীকে বলিলেন,—দেবি! এই কুমার তোমার পুত্র, যে এখন বধূ হরণ করিয়া তোমার নিকটে আসিয়াছে ॥ ২২

এই কুমার মায়াযুদ্ধবিশারদ শম্বরাসুরকে বধ করিয়া তাহার সমস্ত মায়াও হরণ করিয়াছে, যে সব মায়া আশ্রয় করিয়া সেই অসুর দেবগণকে উৎপীড়িত করিত ॥ ২৩

তোমার পুত্রের এই সতীসাধ্বী গুণলক্ষণা পত্নী; ইহার নাম মায়াবতী। সে বহুকাল শম্বরাসুরের গৃহে ছিল ॥ ২৪

সে শম্বরাসুরের স্ত্রী ছিল, এজন্য চিন্ত করিও না; তুমি যেন মনে মনে ব্যথিত হইও না। পূর্বকালে যখন কামদেবের শরীর (মহাদেবের কোপে নষ্ট হইয়া গিয়াছিল এবং সে 'অনঙ্গ' হইয়াছিল, সেই সময় তাহার প্রিয় পত্নী যে রতি, সে-ই এই মায়াবতী। সে শম্বরাসুরের প্রিয় পত্নী ছিল না ॥ ২৫॥

এই শুভলক্ষণা মায়াবতী ওপেই সেই দৈত্যকে মোহিত করিয়া রাখিয়াছিল। সে কৌমার অবস্থায় কখনও তাহার বশীভূতা হয় নাই। নিজের মায়ার দ্বারাই এক মনোহর নারীর রূপ রচনা করিয়া তাহাকেই শম্বরাসুরের শয়নাগারে প্রবিষ্ট করাইত ॥২৬-২৭

এই সুন্দরী আমার পুত্রের পত্নী এবং তোমার বধূ। এই বধূ লোককমনীয় রূপবিশিষ্ট প্রদ্যুম্নকে মনোময় (সঙ্কল্পময়) সাহায্য করিবে ॥ ২৮

এ আমার আদরণীয়া জ্যেষ্ঠা বধূ, তুমি ইহাকে গৃহের মধ্যে লইয়া চল। দীর্ঘকাল ধরিয়া অপহৃত তোমার এই পুত্র পুনরায় ফিরিয়া আসিয়াছে, তুমি ইহাকে পুত্ররূপে গ্রহণ কর ॥ ২৯

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! শ্রীকৃষ্ণের এই কথা শ্রবণ করিয়া সেই সময় দেবী রুক্মিণী অনুপম হর্ষ লাভ করিলেন এবং এই কথা বলিলেন ॥ ৩০

অহো বকুতরাস্তাত বীরপুত্রসমাগমাৎ
অদ্য মে সফলঃ কামঃ পূর্ণো নেত্রস মনোরথঃ ॥৩১
চিরপ্রনষ্টপুত্রস্য দর্শনং প্রিয়তা সহ
আগচ্ছ পুত্র ভবনং সভার্যঃ প্রবিশেতি চ ॥ ৩২
ততোঽভিবাদ্য চরণৌ গোবিন্দঃ মাতরঞ্চ তাম
প্রদ্যুম্নঃ পূজয়ামাস বলিনঞ্চ মহাবলম্ ॥ ৩৩
উত্থাপ্য তং পরিষ্বজ্য মূর্দ্ধ্যুপাঘ্রায় বীর্যবান্।

প্রদ্যুম্নঃ বলিনাং শ্রেষ্ঠঃ কেশবঃ পরবীরহা ॥ ৩৪
তুষ্টাব চোত্থাপ্য তাং দেবীং রুক্মিণীং কৃষ্ণভূষণাং।
পরিষজ্যোপসংগৃহ্য স্নেহাদ্দশদশতাধিপী ॥ ৩৫
সমেত্য ভবনং পত্ন্যা শচীভ্রমণিতিষ্ঠতা।
প্রবেশয়ামাস তদা রুক্মিণী সুতমাগতম্ ॥ ৩৬

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বণি প্রদ্যুম্নাগমনে অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১০৮

অহো! আজ আমার বীর পুত্র গৃহে ফিরিয়া আসায় আমি অতিশয় ধন্য হইলাম। আজ আমার কামনা সফল হইল এবং আমার সমস্ত মনোরথ পূর্ণ হইল। ৩১

বহুকাল ধরিয়া নিরুদ্দিষ্ট আমার পুত্রকে আজ আমি তাহার পত্নীর সহিত দর্শন করিলাম। পুত্র! এস, নিজের পত্নীর সহিত এই গৃহের মধ্যে প্রবেশ কর। ৩২

তদনন্তর প্রদ্যুম্ন নিজের পিতা শ্রীকৃষ্ণ ও মাতা রুক্মিণীদেবীর চরণে প্রণাম করত মহাবল বলরামকেও পূজা করিলেন। ৩৩

শত্রুবীরসংহারকারী শ্রীকৃষ্ণ বলবানদিগের মধ্যে শ্রেষ্ঠ প্রদ্যুম্নকে উঠাইয়া আলিঙ্গন করিলেন এবং মস্তক আঘ্রাণ করিয়া নিজের স্নেহ জ্ঞাপন করিলেন। ৩৪

তদনন্তরে বিষ্ণুপত্নী রুক্মিণীদেবী নিজের সেই পুত্রবধূকে উঠাইয়া আলিঙ্গন করত সর্ব্বতোভাবে গ্রহণ করিয়া স্নেহ প্রদর্শন বাক্যে তাঁহাকে নিজের স্নেহ জানাইলেন। ৩৫

যেরূপ দেবমাতা অদিতিদেবী শচী ও ইন্দ্রকে দেবভবনে প্রবিষ্ট করাইয়াছিলেন, সেইরূপ রুক্মিণীদেবী পত্নী সহ আগত পুত্রের সহিত মিলিত হইয়া তাঁহাদিগকে নিজ ভবনমধ্যে প্রবেশ করাইলেন। ৩৬

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বে প্রদ্যুম্নের আগমন-বিষয়ক অষ্টাধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

নবাধিকশততমোঽধ্যায়ঃ।

[বলদেবেন প্রদ্যুম্নায়াহ্নিক-স্তোত্রস্যোপদেশদানম্]

বৈশম্পায়ন উবাচ

অত্রাশ্চর্য্যাত্মকং স্তোত্রমাহ্নিকং সঙ্গতাং বর
প্রদ্যুম্নে দ্বারকাং প্রাপ্তে হৃতা তং ক লশম্বরম্ ॥ ১
বলদেবেন রক্ষার্থং প্রোক্তমাহ্নিকমুচ্যতে।
যচ্ছ্রুত্বা তু নৃপশ্রেষ্ঠ সাযং পূতাস্ততো ব্রজেৎ ॥ ২
কীর্ত্তিতা বলদেবেন বিষ্ণুনা চৈব কীর্ত্তিতম্।

ধর্ম্মকামৈস্তু মুক্তিভির্দ্বিজৈশ্চাপি কীর্ত্তিতম্ ॥ ৩
কদিচিদ্ রুক্মিণীপুত্রো বলিনা সংবৃতো গৃহে।
উপবিষ্টঃ প্রণম্যাথ তমুবাচ কৃতাঞ্জলিঃ ॥ ৪

প্রদ্যুম্ন উবাচ

কৃষ্ণানুজ মহাভাগ রোহিণীতনয় প্রভো।
কিঞ্চিৎ স্তোত্রং মম ব্রূহি যচ্ছ্রুত্বা নির্জ্জরোঽভবম্ ॥ ৫

নবাধিক শততম অধ্যায়।

[বলদেব কর্ত্তৃক প্রদ্যুম্নকে আহ্নিক-স্তোত্রের উপদেশদান।]

বৈশম্পায়ন বলিলেন,—বিভো! বীরগণের মধ্যে শ্রেষ্ঠ জনমেজয়! যখন প্রদ্যুম্ন কালম্বরকে বধ করিয়া দ্বারকাপুরীতে আসিলেন, তখন বলদেব তাঁহার রক্ষার জন্য তাঁহাকে এক স্তোত্রের উপদেশ করিলেন; যাহাকে—"আহ্নিক-স্তোত্র" বলা হয়। নৃপশ্রেষ্ঠ! সেই আশ্চর্য্যময় আহ্নিক-স্তোত্র বর্ণন করা হইতেছে; যাহা সায়ংকালে জপ করিলে পর মানুষ পূতাত্মা (পবিত্র অন্তঃকরণবিশিষ্ট) হইয়া যায়। ১-২

এই স্তোত্র বলদেব, ভগবান্ শ্রীবিষ্ণু এবং ধর্ম্মাভিলাষী ঋষি ও মুনিগণও কীর্ত্তন করিয়াছেন। ৩

কোনও একদিনের ঘটনা, রুক্মিণীপুত্র প্রদ্যুম্ন গৃহে বলরামের সহিত বসিয়া ছিলেন। তখন প্রদ্যুম্ন কৃতাঞ্জলি হইয়া বলরামকে প্রণাম করত তাঁহাকে বলিলেন। ৪

প্রদ্যুম্ন বলিলেন,—ভগবান্ শ্রীকৃষ্ণের জ্যেষ্ঠ ভ্রাতা মহাভাগ রোহিণীনন্দন! প্রভো! আমাকে কোনও এক স্তোত্রের উপদেশ করুন, যাহা জপ করিলে আমি নির্জ্জর হইয়া যাইতে পারিব। ৫

শ্রীবলদেব উবাচ

স্বয়ম্ভুবগুরুস্ত্বাং পাতু মাং ভগবঃ পতিঃ।
অথোঙ্কারঃ-বষট্কারৌ সাবিত্রী বিধয়স্ত্রয়ঃ ॥ ৬
ঋচো যজুংষি সামানি হুম্মাস্যাথর্ব্বণানি চ
চত্বারস্ত্বিধিলা বেদাঃ সরহস্যাঃ সবিস্তরাঃ ॥ ৭
পুরাণমিতিহাসশ্চ খিলাস্ত্রাপখিলানি চ।
অঙ্গান্যুপাঙ্গানি তথা ব্যাখ্যানানি চ পান্তু মাম্ ॥ ৮
পৃথিবী বায়ুরাকাশমাপো জ্যোতিশ্চ পঞ্চমম্।
ইন্দ্রিয়াণি মনো বুদ্ধিস্তথা সত্ত্বং রজস্তমঃ ॥ ৯
ব্যানোদানৌ সমানশ্চ প্রাণোঽপানশ্চ পঞ্চমঃ।
বায়বঃ সপ্ত চৈবান্তে সেধ্যস্তন্মিন্ ভগবঃ ॥ ১০
মরীচিরঙ্গিরাশ্চিত্রঃ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ।
ভৃগুর্বসিষ্ঠো ভগবান্ পান্তু তে মাং মহর্ষয়ঃ ॥ ১১
কল্পপাদাশ্চ মুনয়শ্চতুর্দশ লিঙ্গা দশ
নর-নারায়ণৌ দেবৌ সপ্তৈতে পান্তু মাং সদা ॥ ১২
রুদ্রাশ্চৈকাদশ প্রোক্তা আদিত্যা দ্বাদশৈব তু।
অষ্টৌ চ বসবো দেবা অশ্বিনৌ দ্বৌ প্রকীর্তিতৌ ॥ ১৩

শ্রীবলদেব বলিলেন,—দেবতা ও অসুরগণের গুরু ভগবৎপতি ব্রহ্মা আমাকে রক্ষা করুন। ওঙ্কার, বষট্কার, সাবিত্রী, অপূর্ব্ব-বিধি, নিয়মবিধি ও পরিসংখ্যাবিধি,—এই তিন প্রকার বিধি; ঋগ্বেদ, যজুর্বেদ, সামবেদ, অথর্ববেদ, রহস্য ও বিস্তারসহ সম্পূর্ণ চারিবেদ, ইতিহাস, পুরাণ, খিল, উপখিল, অঙ্গ, উপাঙ্গ এবং ব্যাখ্যাগ্রন্থ—এই সবের অভিমানী দেবতাগণ আমাকে রক্ষা করুন ॥ ৬-৮

পৃথিবী, বায়ু, আকাশ, জল, পঞ্চম তেজ, ইন্দ্রিয়গণ, মন, বুদ্ধি, সত্ত্বগুণ, রজোগুণ, তমোগুণ, ব্যান, উদান, সমান, প্রাণ ও পঞ্চম অপান, যাঁহাদের অধীন এই সারা জগৎ, সেই আদিত্য-প্রভৃতি সপ্ত বায়ু, মরীচি, অঙ্গিরা, অত্রি, পুলস্ত্য, পুলহ, ক্রতু, ভৃগু ও ভগবান্ বসিষ্ঠ—এই মহর্ষিগণ এবং পূর্ব্বোক্ত পৃথিবী প্রভৃতির অভিমানী দেবতারা আমাকে রক্ষা করুন ॥ ৯-১১

কল্পসাদি চতুর্দশ মুনি, দশদিক্ এবং নিজমনসহ দেব নর ও নারায়ণ ইঁহারা সর্ব্বদা আমাকে রক্ষা করুন ॥ ১২

একাদশ রুদ্ররূপ যাঁহারা কপিল, বামদেব আদিত্য, আট বসু দেবগণ এবং দুই অশ্বিনীকুমার—ইঁহারা সকলে আমাকে রক্ষা করুন ॥ ১৩

শ্রীঃ শ্রীর্লক্ষ্মীঃ স্বধা মেধা কৃতিঃ পুষ্টিঃ ধৃতির্ধৃতিঃ।
অদিতির্দিতির্দনুশ্চৈব সিংহিকা চৈত্যমাতরঃ ॥ ১৪
হিমবান্ হেমকূটশ্চ নিষধঃ শ্বেতপর্ব্বতঃ।
ক্ষমঃ পারিযাত্রশ্চ বিন্ধ্যো বৈদূর্য্যপর্ব্বতঃ ॥ ১৫
সহ্যোদয়শ্চ মলয়ো মেরুর্মন্দর এব চ।
ক্রৌঞ্চ-কৈলাস-মৈনাকাঃ পান্তু মাং বরদীশ্বরাঃ ॥ ১৬
শেষশ্চ বাসুকিশ্চৈব বিশালাক্ষশ্চ তক্ষকঃ।
এলাপত্রঃ শুক্লবর্ণঃ কম্বলাশ্বতরাবুভৌ ॥ ১৭
হস্তিভদ্রঃ পিঙ্গলশ্চ কর্কোটক-ধনঞ্জয়ৌ।
তথা পূরণকশ্চৈব নাগশ্চ কবরীকঃ ॥ ১৮
সুনন্দাদ্যো দধিমুখস্তথা মৃগারপিণ্ডকঃ।
মণিনাগশ্চ ভগবাংস্ত্রিষু লোকেষু বিশ্রুতঃ ॥ ১৯
নাগরাড়ধিরূঢ়শ্চ তথা ব্যাপিনকোঽপরঃ
এতে চান্যে চ বহবো যে চাহে নাগকীর্ত্তিতাঃ ॥ ২০
ভূধরাঃ সত্তাধর্ম্মাণঃ পান্তু মাং ভূতগেশ্বরাঃ।
সমুদ্রাঃ পান্তু চত্বারো গঙ্গা চ সরিতাং বরা ॥ ২১
সরস্বতী চন্দ্রভাগা শতরুঃ পরিকা শিবা
দ্বারাবতী বিপাশা চ সরযূর্যমুনা তথা ॥ ২২

শ্রী, ঐ, লক্ষ্মী, স্বধা, পুষ্টি, মেধা, কৃতি, ধৃতি, ধৃতি, দেবমাতা অদিতি এবং দৈত্যমাতৃগণ দিতি, দনু ও সিংহিকাদিগণ আমাকে রক্ষা করুন ॥ ১৪

হিমবান্, হেমকূট, নিষধ, শ্বেতপর্বত, ক্ষমঃ, পারিযাত্র, বিন্ধ্য, বৈদূর্য্যপর্বত, সহ্য, উদয়গিরি, মলয়, মেরু, মন্দর, মহেন্দ্র, ক্রৌঞ্চ, কৈলাস ও মৈনাকাদি পর্বতসকল আমাকে রক্ষা করুন ॥ ১৫-১৭

শেষ, বাসুকি, বিশালাক্ষ ও তক্ষক, এলাপত্র, শুক্লবর্ণ, কম্বল, অশ্বতর, হস্তিভদ্র, পিঙ্গলক, কর্কোটক, ধনঞ্জয়, পূরণক, কবরীক নাগ, সুনন্দাদ্য, দধিমুখ, মৃগারপিণ্ডক, ভিন লোকে বিখ্যাত ভগবান্ মণিনাগ, নাগরাজ অধিরূঢ় এবং ব্যাপিনক ইঁহারা ও অন্যান্য যে সমস্ত বহুনাগগণ আছেন, যাঁহাদের নাম এখানে উল্লিখিত হয় নাই, সেই সব সত্তাধর্ম্ম ও পৃথিবীর ভারবহনকারী নাগরাজগণ আমাকে রক্ষা করুন ॥১৮-২০॥

চার সমুদ্র আমাকে রক্ষা করুন। নদীসকলের মধ্যে শ্রেষ্ঠ গঙ্গা, সরস্বতী, চন্দ্রভাগা, শতরু, পেরিকা, শিবা, দ্বারাবতী, বিপাশা, সরযূ, যমুনা, কলাসী, রথোষ্ণী, বাহুদা, হিরণ্বতী, কৃষ্ণা ইক্ষুমতী, প্রবণী, রেবমা, দুর্বিদাত্ত চর্ম্মবতী ও পুণ্যসলিলা বসুধর

কন্যাখী চ রথোদ্যা চ বাহুদা চ শিবনালা
প্লক্ষা চেক্ষুমতী চৈব প্রবত্তী চ বৃত্রঘ্নী ॥ ১৩
খ্যাতা চর্ম্মবতী চৈব পুণ্যা চৈব বসুন্ধরা।
এতাশ্চান্যাশ্চ সরিতো যাশ্চান্যা নানুকীর্ত্তিতাঃ ॥ ১৪
উত্তরাপথবাসিন্যঃ সলিলৈঃ সুপবন্তু মাম্।
বেণী যোগাবরী সীতা কাবেরী কৌশুণাবতী ॥ ১৫
কৃষ্ণা বেণা শুক্তিমতী তমসা পুষ্পবাহিনী।
তাম্রপর্ণী জ্যোতিরথা উৎপলোদুম্বরাবতী ॥১৬
নদী বৈতরণী পুণ্যা বিদর্ভা নর্ম্মদা শুভা।
বিতস্তা ভীমরথ্যা চ ঐলা চৈব মহানদী ॥ ১৭
কালিন্দী সোমতী পুণ্যা নদঃ সোনস্তু বিশ্রুতঃ।
এতাশ্চান্যাশ্চ বৈ নদ্যো যাশ্চান্যা ন তু কীর্ত্তিতাঃ ॥১৮
দক্ষিণাপথবাসিন্যঃ সলিলৈঃ সুপবন্তু মাম্
ক্ষিপ্রা চর্ম্মবতী পুণ্যা মহী শুভ্রবতী তথা ॥ ১৯
সিন্ধুর্বেত্রবতী চৈব তোতোক্ষা বনমালিকা
পূর্ব্বভদ্রা পরাভদ্রা উপ্লিনী চ পরাক্রমা। ॥ ৩০
খ্যাতা বেত্রবতী চৈব চাপদাখ্যেতি বিশ্রুতা
প্রস্রাবতী কুণ্ডনদী নদঃ পুণ্যা সরস্বতী ॥ ৩১
চিত্রবহা চেক্ষুবালা চ তথা মধুমতী নদী।
উমা গুরুনদী চৈব তাপী চ পয়োষ্ণিকা ॥ ৩২
বিমলা বিমলোদা চ মন্দগঙ্গা পয়স্বিনী।
এতাশ্চান্যাশ্চ বৈ নদ্যো যাশ্চান্যা নানুকীর্ত্তিতাঃ ॥৩৩
তা মাং সমভিষিঞ্চন্তু পশ্চিমাম্নায়সংস্থিতা দিশম্।
তাপীরথী পুণ্যজলা প্রাচ্যাং দিশি সমাশ্রিতা ॥ ৩৪
সা তু দহতু যে পাপং কীর্ত্তিতা শন্তুনা পুরা।
প্রভাসক প্রয়াগঞ্চ নৈমিষং পুষ্করাণি চ ॥ ৩৫
গঙ্গাতীর্থং কুরুক্ষেত্রং শ্রীক্ষেত্রং গৌতমাশ্রমম্।
রামহ্রদং বিনশনং রামতীর্থং তথৈব চ ॥ ৩৬
গঙ্গাদ্বারং কনখলং সোমং বৈ ব্রহ্ম চোত্তিষ্ঠং।
কপালমোচনং তীর্থং ত্রিপুরার্ণবং বিশ্রুতম্ ॥৩৭
সুবর্ণবিন্দুং বিখ্যাতং তথা কনকপিঙ্গলম্।
দশাশ্বমেধিকং চৈব পুণ্যাশ্রমবিভূষিতম্ ॥ ৩৮
বদরী চৈব বিখ্যাতা নর-নারায়ণাশ্রমঃ
বিখ্যাতং ভদ্রতীর্থঞ্চ তীর্থং ভদ্রবটং তথা ॥ ৩৯
কোকামুখং পুণ্যতমং গঙ্গাসাগরমেব চ।
নগরেষু তপোবন্ত গঙ্গোদ্ভেদঞ্চ বিশ্রুতঃ ॥ ৪০
তীর্থান্যেতানি পুণ্যানি সেবিতানি মহর্ষিভিঃ।
মাং স্নাপয়ন্তু সলিলৈর্যানি মে কীর্ত্তিতানি বৈ ॥৪১

এই সব নদী এবং আরও যে সব বহু নদী আছে, যাহাদের নাম এস্থানে উল্লেখ করা হইল না, উক্ত ৮'বারে প্রবাহিত', সেই সব নদী নিজ নিজ জলে আমাকে স্নান করান ॥ ২১-২৯॥

বেণী, যোগাবরী, সীতা, কাবেরী, কৌশুণাবতী, কৃষ্ণা, বেণা, শুক্তিমতী, তমসা, পুষ্পবাহিনী, তাম্রপর্ণী, জ্যোতিরথা, উৎকলা, উৎপলাবতী, বৈতরণী নদী, পুণ্যসলিলা বিদর্ভা, শুভ্ররূপা নর্ম্মদা, বিতস্তা, ভীমরথ্যা, মহানদী ঐলা, কালিন্দী, পুণ্যসলিলা সোমতী, সুবিখ্যাত নদ সোনভদ্র—ইহারা এবং অন্য আরও যে সব নদী আছে, যাহাদের নাম এস্থানে উল্লিখিত হয় নাই, সেই সব দক্ষিণ ভারতে প্রবাহিতা নদী আমাকে নিজ নিজ জলের দ্বারা স্নান করান ॥ ২৩-২৮॥

ক্ষিপ্রা, চর্ম্মবতী, পুণ্যসলিলা মহী, শুভ্রবতী, সিন্ধু, বেত্রবতী, তোতোক্ষা, বনমালিকা, পূর্বভদ্রা, পরাভদ্রা, উপ্লিনী, পরাক্রমা, বিখ্যাতা বেত্রবতী, চাপদাখ্যা, প্রস্রাবতী, কুণ্ডনদী, পুণ্যসলিলা সরস্বতী, চিত্রবহা, ইক্ষুমালা, মধুমতী নদী, উমা, গুরুনদী, তাপী, বিমলোদকা, বিমলা, বিমলোদা, মন্দগঙ্গা ও পয়স্বিনী—ইহারা এবং অন্য আরও যে সব নদী আছে যাহাদের নাম এস্থানে কথিত হয় নাই, সেই সব পশ্চিমদিক্ আশ্রয় করিয়া প্রবাহিতা নদীরা আমাকে নিজ নিজ জলে অভিষিক্ত করুন ॥২৯-৩৩॥

যে পুণ্যসলিলা তাপীরথী পূর্বদিক্ আশ্রয় করিয়া প্রবাহিত হইতেছেন এবং যাঁহাকে ভগবান্ শঙ্কর নিজ মস্তকে ধারণ করিয়া রাখিয়াছিলেন, তিনি নিজের নাম কীর্তন করিলে পর আমার পাপকে দগ্ধ করিয়া দিন ॥ ৩৪॥

প্রভাস, প্রয়াগ, নৈমিষ, পুষ্কর, গঙ্গাতীর্থ, কুরুক্ষেত্র, শ্রীক্ষেত্র, গৌতমাশ্রম, পরশুরামকৃত, বিনশনতীর্থ, রামতীর্থ, যেস্থানে সোমের উদ্ধার হইয়াছিল, সেই সোমোদ্ধারতীর্থ, কপালমোচন-তীর্থ, সুবিখ্যাত ত্রিপুরার্ণব, সুবর্ণবিন্দু নামে বিখ্যাত তীর্থ, কনক-পিঙ্গলতীর্থ, পবিত্র আশ্রমসমূহে বিভূষিত দশাশ্বমেধিকতীর্থ, সুবিখ্যাত বদরীতীর্থ, নর-নারায়ণের আশ্রম, ভদ্রতীর্থ, ভদ্রবটতীর্থ পরম পবিত্র কোকামুখতীর্থ, গঙ্গাসাগর, মন্দরমেদে স্থিত তপোবন ও গঙ্গোদ্ভেদ নামে বিখ্যাত তীর্থ মহর্ষিগণসেবিত এই সব পুণ্য তীর্থ, যাহাদের নাম আমি কীর্তন করিলাম, তাঁহারা নিশ্চয়ই আমাকে নিজ নিজ জলে অভিষিক্ত করুন ॥ ৩৫-৪১॥

সূকরঃ যোগমার্গশ্চ শ্বেতদ্বীপঃ তথৈব চ।
ব্রহ্মতীর্থং রামতীর্থং বাজিমেধশতোপমম্ ॥ ৪১
ধারাসম্পাতসংযুক্তা গঙ্গা কিঞ্চিদনাশিনী
গঙ্গা বৈকুণ্ঠকেদারঃ সূকরোদ্ভেদনং পরম্।
উদ্ধারণযোনয়া তীর্থং পুনস্তেভ্যনি কিঞ্চিদাৎ ॥ ৪৩
ধর্ম্মার্থকামবিধয়ো যমঃপ্রাপ্তিঃ শমো দমঃ
বরুণেশোঽথ ধনদো ধর্ম্মো নিয়ম এব চ ॥ ৪৪
কালো নয়ঃ সন্নতিশ্চ ক্রোধো মোহঃ ক্ষমা ধৃতিঃ।
বিদ্যাভেদঃপ্রধাবশ্চৌষধ্যঃ প্রমাদোঽশ্বিপ্রহাঃ ॥ ৪৫
যক্ষাঃ পিশাচ-গন্ধর্ব্বাঃ কিন্নরাঃ সিদ্ধ-চারণাঃ।
নক্ষত্রাণি গ্রহাশ্চৈব স্তবঃ শিশিরাদয়ঃ
মাসাহোরাত্রয়শ্চৈব সূর্যাচন্দ্রমসৌ তথা ॥ ৪৮
আমোদশ্চ প্রমোদশ্চ প্রহর্ষঃ শোক এব চ
রজস্তমস্তথা সত্ত্বং শুদ্ধির্দ্ধিতিঃ শ্রুতিঃ ॥ ৪৯
রুদ্রাণী ভদ্রকালী চ ভদ্রা জ্যেষ্ঠা তু বারুণী।
ভাসী চ কালিকা চৈব শাণ্ডিলী চেতি বিশ্রুতা ॥৫০

আর্য্যা কুহূঃ সিনীবালী ভীমা চিত্ররথী ধৃতিঃ।
একানংশা চ কুম্ভাণ্ডী দেবী কাত্যায়নী চ যা ॥৫১
লোহিত্যা জনমাতা চ দেবকন্যাস্তু যাঃ স্মৃতাঃ।
গোনন্দা দেবপত্নী চ মাং রক্ষন্তু সর্বাস্তথা ॥ ৫২
নানাস্তবণবেশাশ্চ নানারূপাশ্চিতাননাঃ।
নানাদেশবিচারিণ্যো নানাশস্ত্রোপশোভিতাঃ ॥ ৫৩
মেদোমজ্জাপ্রিয়াশ্চৈব মদ্যমাংসবসাপ্রিয়াঃ।
মার্জ্জারঘৃষীপিবক্ত্রাশ্চ গজসিংহনিভাননাঃ ॥ ৫৪
কবন্ধবায়সগৃধ্রাণাং ক্রৌঞ্চকুলাননাস্তথা।
ব্যালযজ্ঞোপবীতাশ্চ চর্ম্মপ্রাবরণাস্তথা ॥ ৫৫
ক্ষতভোক্তিবক্ত্রাশ্চ গরভেরীসমস্বনাঃ।
মৎসরাঃ ক্রোধনাশ্চৈব প্রাণানাং রুচিরালয়াঃ ॥ ৫৬
মন্ত্রোপস্তুপ্রবন্তাশ্চ প্রস্তরস্তাশ্চ বিষ্ঠিতাঃ।
পিঙ্গাক্ষাঃ পিঙ্গকেশাশ্চ তথোর্দ্ধ্বা লুনমূর্দ্ধজাঃ ॥ ৫৭
ঊর্দ্ধকেশ্যঃ কৃষ্ণকেশ্যঃ শ্বেতকেশ্যস্তথাবরাঃ।
নানাযুদ্ধবলাশ্চৈব বায়ুবেগাস্তথাপরাঃ ॥ ৫৮
একহস্তা একপাদা কোক্ষাঃ পিঙ্গলা মতাঃ।
বহুপুত্রাঃপুত্রাশ্চ দ্বিপুত্রাঃ পুত্রগুপ্তিকাঃ ॥ ৫৯

সূকরতীর্থ, যোগমার্গ, শ্বেতদ্বীপ, রামতীর্থ, শত অশ্বমেধ-যজ্ঞতুল্য ফলদায়ক রামতীর্থ, ধারাপাতে পতিত গঙ্গা, পাপনাশিনী গঙ্গা, বৈকুণ্ঠ-কেদার, উত্তম সূকরোদ্ভেদনতীর্থ এবং মুক্তিপ্রদ পাপমোচনতীর্থ—এই সমস্ত তীর্থ আমাকে পাপরহিত ও পবিত্র করুন ॥ ৪২-৪৩

ধর্ম্ম, অর্থ ও কামবিষয়ক শাস্ত্র, যমঃপ্রাপ্তি, শম, দম, বরুণ, ঈশ, ধনদ, যম, নিয়ম, কাল, নয়, সন্নতি, ক্রোধ, মোহ, ক্ষমা, ধৃতি, বিদ্যাভেদ, বেদ, ওষধিসমূহ, প্রধাব, ঈপ্রাদ, বিপ্রহ, যক্ষ, পিশাচ, গন্ধর্ব, কিন্নর, সিদ্ধ, চারণ, নিশাচর, খেচর, বৃহৎ বজ্রযুক্ত বিদ্রাজীবন্ধ, বেদ, কলা, ক্রটি, লব, ক্ষণ, নক্ষত্র, গ্রহ, দিবারাত্রি ঋতুসকল, মাস, দিন, রাত্রি, সূর্য্য, চন্দ্র, আমোদ, প্রমোদ, হর্ষ, শোক, রজ, তম, গুণ, সত্ত্ব, শুদ্ধি, বুদ্ধি, ধৃতি, শ্রুতি, রুদ্রাণী, ভদ্রকালী, ভদ্রা, জ্যেষ্ঠা, বারুণী, ভাসী, কালিকা, শাণ্ডিলী, আর্য্যা, কুহূ, সিনীবালী, ভীষা, চিত্ররথী, ধৃতি, একানংশা, কুম্ভাণ্ডী, কাত্যায়নী দেবী, লোহিত্যা, জনমাতা, দেবকন্যাগণ, গোনন্দা ও দেবপত্নী—ইহারা সকলে বন্ধু-বান্ধবগণের সহিত আমাকে রক্ষা করুন ॥ ৪৪-৫২ ॥

যাঁহারা নানাপ্রকার আভরণ ও বেশ ধারণ করেন, যাঁহাদের মুখে অনেক প্রকার চিহ্ন অঙ্কিত আছে, যাঁহারা বিভিন্ন দেশসমূহে বিচরণ করেন ও নানাবিধ অস্ত্রশস্ত্রে সুশোভিত আছেন, যাঁহাদের মেদ, মজ্জা, মদ্য, মাংস ও বসা প্রিয়, যাঁহাদের মুখ বিড়াল, বাঘ, হুতী, সিংহ, কঙ্ক কাক, শকুনি ও ক্রৌঞ্চের মুখের তুল্য, যাঁহারা সর্ব্বদা যজ্ঞোপবীত ধারণ করেন এবং চর্ম্মময় প্রাবরণে (চাদরে) নিজের অঙ্গ আবৃত করিয়া রাখেন, যাঁহাদের মুখ রক্তে অতিশিক্ত এবং যাঁহাদের বাণী ভেরীর প্রখর ধ্বনির ন্যায় গম্ভীর, যাঁহারা ঈর্ষ্যালু ও ক্রোধী, প্রাণীরা যাঁহাদের সুন্দর নিবাস, যাঁহারা মত্ত, উন্মত্ত ও প্রমত্ত হইয়া প্রহার করিতে করিতে পৃথিবী অবস্থান করেন, যাঁহাদের চক্ষু ও কেশ পিঙ্গলবর্ণ, যাঁহাদের অতিরিক্ত যাঁহাদের কেশ কর্ত্তন করা হইয়াছে, যাঁহাদের মস্তকের কেশ উপরের দিকে উঠিয়া রহিয়াছে, যাঁহারা কৃষ্ণবর্ণ ও শুক্লবর্ণ কেশ ধারণ করেন, যাঁহার আকৃতিতে ক্ষুদ্র, যাঁহাদের মধ্যে বহু রাক্ষসের সহস্র বলের সমান বল আছে, যাঁহারা বায়ুতুল্য বেগসম্পন্ন, যাঁহাদের একটি পদ, একটি হস্ত ও একটি চক্ষু আছে, যাঁহারা দেখিতে পিঙ্গলবর্ণের বলিয়া মনে হয়, যাঁহাদের বহু ও অতি অল্প পুত্র আছে, যাঁহাদের দুইটি পুত্র আছে, যাঁহারা পুত্রগণের

মুখরন্ত্রী বিড়ালী চ পূতনা গন্ধপূতনা।
শীতবাতোষ্ণবেতালী রেবতী গ্রহসংজ্ঞিতা: ॥ ৬০
প্রিয়হাস্যা: প্রিয়ক্রোধা: প্রিয়বাসা: প্রিয়ংবদা:।
সুখপ্রধান্যসুখদা: সদা বিজ্ঞজনপ্রিয়া: ॥ ৬১
নক্তঞ্চরা: সুখোদর্কা: সদা পর্ব্বণি দারুণা:
মাতরো মাতৃবৎ পুত্রং রক্ষন্তু মম নিত্যশ: ॥ ৬২
পিতামহমুখোদ্ভূতা রৌদ্রা রুদ্রাঙ্গসম্ভবা:।
কুমারস্কন্দজাশ্চৈব অরা বৈ বৈষ্ণবাস্তথা: ॥ ৬৩
মহাষ্টমী মহাবীর্য্যা দর্পোদ্ভূতা মহাবলা:।
ক্রোধনাক্রোধনা: ক্রূরা: পুরুষপ্রকরাশিন: ॥ ৬৪
নক্তঞ্চরা: কেশশিরো দণ্ডিণ: শ্রিয়হিংস্রিকা:।
লম্বোদরা জঘনিন: পিঙ্গাক্ষা বিশ্বরূপিণ: ॥ ৬৫
শক্তিশূলপরশ্বধাসচর্ম্মাসিপানয়:
পিনাকবজ্রমুষল-ব্রহ্মদণ্ডায়ুধপ্রিয়া: ॥ ৬৬
দণ্ডিন: কুণ্ডিন: শূরা জটামুকুটধারিণ:।
বেদবেদাঙ্গকুশলা নিত্যযজ্ঞোপবীতিন: ॥ ৬৭
ব্যালাশীড়া: কুণ্ডলিনো বর্ব্বরা: কেশধারিণ:
নানাবসনসংবীতাশ্চিত্রমাল্যানুলেপনা: ॥ ৬৮
গজাশ্বোষ্ট্রখরারূঢ়া: সিংহব্যাঘ্রনিভাননা:।
বরাহোলূকগোমায়ুগাধূমমুখিমাননা: ॥ ৬৯
বামনা বিকটা: কৃষ্ণা: করালা লূনমূর্দ্ধজা:
সংপ্রশস্তশস্ত্রাস্তে সংত্রস্তভয়ধারিণ: ॥ ৭০
শ্বেতা: কৈলাসসঙ্কাশা: কেচিদ্দিনকরপ্রভা:।
কেচিজ্জলদবর্ণাভা নীলাঞ্জনচয়োপমা: ॥ ৭১
একপাদা দ্বিপাদশ্চ তথা দ্বিশিরসোঽপরে।
নির্মাংসা: স্থূলজঙ্ঘাশ্চ ব্যাদিতাস্যা ভয়ঙ্করা: ॥ ৭২
বাপীতড়াগকূপেষু সমুদ্রেষু সরিৎসু চ।
শূন্যাগারৈল্বৃক্ষেষু শূন্যাগারনিবাসিন: ॥ ৭৩
এতে গ্রহাশ্চ মাতরঃ রক্ষন্তু মম সর্ব্বতঃ।
মহাগণপতির্নন্দী মহাকালো মহাবলঃ।
মাহেশ্বরো বৈষ্ণবশ্চ মাতরো লোকভাবহাঃ ॥ ৭৪

ধারা দূষিত আছেন অথবা পুত্রদেহকে দূষিত দূষিত করেন। মুখরন্ত্রী, বিড়ালী, পূতনা, গন্ধপূতনা, শীতবাতোষ্ণবেতালী ও রেবতী প্রভৃতি নামে যাঁহারা প্রসিদ্ধ, যাঁহাদিগকে নবগ্রহ বলা হয়, যাঁহাদের হাস্য ও ক্রোধ প্রিয়, যাঁহারা বস্ত্র ও বাসস্থানে বিশেষ অনুরাগিণী, যাঁহারা প্রিয়বাক্য বলেন, যাঁহারা সুখ ও দুঃখ উভয়ই প্রদান করেন, যাঁহারা বিজ্ঞাতিগণের সদা প্রিয়, যাঁহারা রাত্রিতে বিচরণ করেন, উপাসকদিগকে রক্ষিতে সুখদান করেন এবং যাঁহারা পর্ব্বকালে নিজের ভীষণ মূর্ত্তিতে পরিচয় প্রদান করেন, সেই মাতৃকাগণ মাতা যেরূপ নিজের পুত্রকে রক্ষা করেন, সেইরূপ আমাকে প্রতিদিন রক্ষা করুন। ৫৩-৫২

যাঁহারা পিতামহ ব্রহ্মার মুখ হইতে উদ্ভূত হইয়াছেন, যাঁহারা রৌদ্র, যাঁহারা রুদ্রদেবের অঙ্গসম্ভূত হইতে উদ্ভূত হইয়াছেন, যাঁহারা কুমার কার্ত্তিকেয়ের দেহ (বর্ণ) হইতে জাত হইয়াছেন—এবং বৈষ্ণবাদি ভয়ঙ্করূপ; যাঁহারা মহাবলবান, মহাপরাক্রমশালী দর্পযুক্ত ও মহাবল, যাঁহারা ক্রোধপরায়ণ অথবা ক্রোধরহিত, যাঁহাদের স্বভাব ক্রূর, যাঁহারা দেবগণের সমান শরীরধারী, যাঁহারা রাত্রিতে বিচরণ করেন, যাঁহাদের কাণ্ড কেশর বিস্তৃতিমান আছে, যাঁহাদের বস্ত্র অতিশয় বৃহৎ, যাঁহাদের মুখ প্রিয় যাঁহাদের উদর লম্বা, জঘন স্থূল (মোটা) এবং নয়ন পিঙ্গলবর্ণ, যাঁহারা বিশ্বরূপধারী, যাঁহাদের হস্তে শক্তি, অসি, শূল, পরিঘ, প্রাস, চাল ও তরবারি প্রভৃতি অস্ত্র শোভা পাইতেছে, পিনাক, বজ্র, মুষল ও ব্রহ্মদণ্ডনামক অস্ত্র যাঁহাদের প্রিয়, যাঁহারা দণ্ড ও কুণ্ড ধারণ করেন, কেহ কেহ শিরোদেশে জটা বেশেষে বিশেষ নিপুণ, যাঁহারা নিত্য যজ্ঞোপবীত ধারণ করেন, মস্তকে সর্পের মুকুট ধারণ করিয়া রাখেন, যাঁহাদের কর্ণে কুণ্ডল ও বাহুতে বলয় শোভিত আছে, যাঁহারা বীর, যাঁহারা বিচিত্র মালা ও অনুলেপন ধারণ করেন, যাঁহাদের মুখ হস্তী অশ্ব, উষ্ট্র, বরাহ, বিড়াল, সিংহ, ব্যাঘ্র, শূকর, ঐলক, ঘোর ঘূমবর্ণ মুখ, ইঁহার ও মহিষের মুখতুল্য, যাঁহারা বামন, বিকটাকার, কৃষ্ণ, বিকরাল ও কর্ত্তিত কেশবিশিষ্ট, ইহা ব্যতীত যাঁহারা ভয়ানক লক্ষ ও সম্যক্ ভীষণ ধারণ করেন, যাঁহাদের মধ্যে কেহ কেহ কৈলাস পর্ব্বত-সদৃশ শ্বেতবর্ণ; কেহ কেহ দিনকর সূর্য্যতুল্য দীপ্তিমান, কেহ কেহ মেঘের ন্যায় কৃষ্ণবর্ণ এবং কেহ কেহ অঞ্জনরাশিতুল্য নীলবর্ণ, যাঁহারা এক ও দুই পদযুক্ত, যাঁহারা দুইটি মস্তকবিশিষ্ট, যাঁহারা দেহিতে রক্তমাংস-রহিত কঙ্কালতুল্য, যাঁহাদের জঙ্ঘা স্থূল (মোটা), যাঁহাদের মুখ বিস্তৃত থাকায় যাঁহারা ভয়ঙ্কর বলিয়া প্রতীত হয়, বাপী, তড়াগ, কূপ, সমুদ্র, নদী, অন্যান্যভূমি, পর্ব্বত, বৃক্ষ ও শূন্যগৃহে যাঁহারা বাস করেন, এই সব গ্রহগণ সতত সর্ব্বদিক্ রক্ষা আমাকে রক্ষা করুন। ৪৩-৭৩

মহাগণপতি, নন্দী, মহানলশালী মহাকাল, লোকভয়ঙ্কর মাহেশ্বর ও বৈষ্ণব জ্বর, গ্রামণী, গোপাল, কৃষ্ণরাতি, পদ্মের,

গ্রামণীশ্চৈব গোপালো দুরুদীর্ণেশ্বরঃ।
দেবশ্চ বামদেবশ্চ ঘণ্টাকর্ণঃ করন্ধমঃ ॥ ৭৫
শ্বেতমৌলিঃ কপালী চ ভগুরুঃ শক্রতাপনঃ।
মজ্জনোন্মজ্জনৌ চোভৌ সন্তাপন-বিলাপনৌ ॥৭৬
নিজবাসোঽথসশ্চৈব সুবাকর্ণঃ প্রমোষণঃ
উল্কামালী যমময়ো জ্বালামালী প্রমর্দনঃ ॥ ৭৭
সঙ্কটনঃ সঙ্কটনঃ কাষ্ঠভূতঃ শিবঙ্করঃ
কৃষ্ণাক্ষঃ কৃষ্ণমূর্ধা চ রোচনো বৈকৃন্তো গ্রহঃ ॥ ৭৮
অনিকেতঃ সুরারিঘ্নঃ শিবশ্চাশিব এব চ।
ক্ষেমকঃ পিশিতাশী চ মুরারির্হরিলোচনঃ ॥ ৭৯
ভীষকো গ্রাহকশ্চৈব তথৈবাগ্রময়ো গ্রহঃ
উপগ্রহোঽর্থকশ্চৈব তথা স্কন্দগ্রহোঽপরঃ ॥ ৮০
চপলোঽসমবেতালস্তামসঃ সুমহাকপিঃ
হৃদয়োদ্বর্তনশ্চৈতঃ কৃত্তাশী কম্পনপ্রিয়ঃ ॥ ৮১
হরিশ্মশ্রুর্ধরুস্থস্তো মনোমারুতরংহসঃ।
পার্শ্বজা রোমজস্তূতাঃ সহস্রাণি শতানি চ ॥ ৮২
শক্তিমন্তো দ্বাত্রিমন্তো দক্ষিণাঃ সব্যতাসঞ্জয়াঃ
সর্বকামাপরস্ত্রাতা দ্বিসহস্রাঙ্ক মূর্ধে মূর্ধে ॥ ৮৩
রাত্রাবনি ভূর্গপূ কীর্ত্তিতাঃ সকলৈস্তথৈঃ।
তেষাং গণানাং পততঃ সগণাঃ পান্তু মাং সদা ॥ ৮৪

নারদঃ পর্বতশ্চৈব গন্ধর্বাপ্সরসাঃ গণাঃ।
পিতরঃ কারণং কার্য্যমাধত্তে ব্যাধয়ন্তথা ॥ ৮৫
অগস্ত্যো গালবো গার্গ্যঃ শক্তির্ধৌম্যঃ পরাশরঃ।
কৃষ্ণাত্রেয়শ্চ ভগবানসিতো দেবলো বলঃ ॥ ৮৬
বৃহস্পতিরুতথ্যশ্চ মার্কণ্ডেয়ঃ প্রভঞ্জবাঃ।
বৈপায়নো বিবর্তশ্চ জৈমিনির্মাঠরঃ কঠঃ ॥ ৮৭
বিশ্বামিত্রো বসিষ্ঠশ্চ লোমশশ্চ মহামুনিঃ।
উতথ্যশ্চৈব রৈভ্যশ্চ পৌলোমশ্চ ঘিতব্রতঃ ॥ ৮৮
ঋষির্বৈ কালবৃক্ষীয়ো মুনির্মেধাতিথিস্তথা।
সারস্বতো ধবক্রীতিঃ কৃণিকো গৌতমস্তথা ॥ ৮৯
সংবর্ত শ্চ্যবনশ্চৈব স্থাণ্বাত্রেয়ো বিভাণ্ডকঃ।
ঋটীকো জমদগ্নিশ্চ তথৈবোশনসাঃ নিধিঃ ॥ ৯০
ভরদ্বাজঃ স্থূলশিরাঃ কপ্পলঃ পুলহঃ ক্রতুঃ।
বৃহদগ্নির্হবির্ভুক্চ ঘিতঃ ক্ষ এব চ ॥ ৯১
বৈতণ্ডী গৌতমশ্চৈব বেদবাহোঽথ গুপ্তবিৎ।
অষ্টাবক্রো দধীচশ্চ ঘেতকেতুস্তথৈব চ ॥ ৯২
উদ্দালকঃ কৌণপাদিঃ স্থূলা গৌরমুখস্তথা।
অত্রিবেশ্যঃ পরীকশ্চ প্রমুচুমুচুস্তথা ॥ ৯৩
এতে চান্যে চ ঋষয়ো বরদাঃ শান্তিব্রতাঃ
মুনয়ঃ শান্তিত্মাত্মানো যে চাঙ্কে নানুকীর্তিতাঃ ॥ ৯৪

দেব, বামদেব, ঘণ্টাকর্ণ, করন্ধম, শ্বেতমৌল, কপালী, ভগুরু, শক্রতাপন, মজ্জন, উন্মজ্জন, সন্তাপন, বিলাপন, নিজবাস, অথস, সুবাকর্ণ, প্রমোষণ, উল্কামালী, যমময়, জ্বালামালী, প্রমর্দন, সঙ্কটন, সঙ্কটন, কাষ্ঠভূত, শিবঙ্কর, কৃষ্ণাক্ষ, কৃষ্ণমূর্ধা, রোচন, বৈকৃন্তগ্রহ, অনিকেত, সুরারিঘ্ন, শিব, অশিব, ক্ষেমক, পিশিতাশী, মুরারি, হরিলোচন, গ্রাহক, অগ্রময় গ্রহ, উপগ্রহ, অর্থক, স্কন্দগ্রহ, চপল, অসমবেতাল, তামস, সুমহাকপি, হৃদয়োদ্বর্তন, ঐত, কৃত্তাশী, কম্পনপ্রিয়, হরিশ্মশ্রু এবং ধর ও বায়ুতুল্য বেগশালী ধরুস্থান্ (ধরুক)। পার্শ্বজাতীয়েরা রোম হইতে উৎপন্ন শত শত ও সহস্র সহস্র গণ, যাঁহারা শক্তিমান্, বৈর্যশালী, ব্রাহ্মণভক্ত এবং সত্যপ্রতিজ্ঞ ও যাঁহারা প্রত্যেক যুদ্ধে শত্রুদিগের সম্পূর্ণ কামনাসমূহ নাশ করেন; ইঁহারা সকলে রাত্রিতে ও দিবসে দুর্গম সঙ্কটের সময় যখন যখন কীর্তিত হইবেন, তখন তখনই এই সব ঘণ্টপতিগণ নিজেদের গণসমূহে ও সমস্ত গণের সহিত সর্বদা আমাকে রক্ষা করুন। ৭৫-৮৪

নারদ, পর্বত, গন্ধর্ব ও অপ্সরাদিগের গণসমূহ, পিতৃগণ, কারণ, কার্য্য, আধি-ব্যাধি, অগস্ত্য, গালব, গার্গ্য, শক্তি, ধৌম্য, পরাশর, কৃষ্ণাত্রেয়, ঐশ্বর্যশালী অসিত-দেবল, বল, বৃহস্পতি, উতথ্য, মার্কণ্ডেয়, ভগুবর, বৈপায়ন, বিবর্ত, জৈমিনি, মাঠর, কঠ, বিশ্ব মিত্র, বসিষ্ঠ, মহামুনি লোমশ, উতথ্য, রৈভ্য, পৌলোম, ঘিত, ক্ষিত, কালবৃক্ষীয় ঋষি, মুনি মেধাতিথি, সারস্বত, ধবক্রীত, কৃণিক, গৌতম, সংবর্ত, ভগবান্ ভার্গবাত্রেয়, বিভাণ্ডক, ঋটীক, জমদগ্নি, ঔশনসনিধি ঋষি, ভরদ্বাজ, স্থূলশিরাঃ, কপ্পল, পুলহ, ক্রতু, বৃহদগ্নি, হবির্ভুক্, বিভূত, ক্ষ, বৈতণ্ডী, গৌতমাত্মজ, বেদবাহ, গুপ্তবিৎ, অষ্টাবক্র, দধীচি, শ্বেতকেতু, উদ্দালক, কৌণপাদি, স্থূলা, গৌরমুখ, অত্রিবেশ্য, পরীক্ষ, প্রমুচু, মুচু এবং অন্যান্য উত্তম ব্রতপালনকারী বহু ঋষি ও তাঁহারা মুনিগণ এবং অন্য যজ্ঞপরায়ণ শ্রুতিগীর ও শান্ত যে সব মহর্ষিদিগের নাম এস্থানে কীর্তন করা হইল না, ইঁহারা সকলেই সর্বদা আমাকে শান্তি প্রদান করুন। ৮৫-৯৪।

ক্রতবঃ প্রাণিনঃ শাস্ত্রাঃ শান্তিঃ কুর্বন্তু মে সদা
ত্রয়োঽগ্নয়স্ত্রয়ো বেদাস্ত্রৈবিদ্যাঃ কৌস্তুভো মণিঃ ॥ ৯৫
উচ্চৈঃশ্রবা হরঃ শ্রীমান্ বৈদ্যো ধন্বন্তরিহরিঃ।
অমৃতং গৌঃ সুপর্ণশ্চ ধৃতি গৌরাশ্চ সর্বপাঃ ॥৯৬
শুক্লাঃ সুমনসঃ কন্যাঃ শ্বেতচ্ছত্রং যবাঙ্কুরাঃ
দূর্বা হিরণ্যং গন্ধাশ্চ বালব্যজনমেব চ ॥ ৯৭
তথাপ্রতিহতঃ চক্রং মহোক্ষস্তনয়ঃ বিষম্।
শ্বেতো বৃষঃ কপী মত্তঃ সিংহো ব্যাঘ্রো হয়ো গিরিঃ ॥ ৯৮
পৃথিবী চোদ্ধৃতা লাজাস্ত্রাক্ষা মধু পায়সম্।
স্বস্তিকো বর্দ্ধমানশ্চ নন্দ্যাবর্ত্তঃ প্রিয়ঙ্করঃ।
শ্রীফলাঃ গোময়ঃ মৎস্যো দৃন্দুভিঃ পটধ্বনঃ ॥ ৯৯
অধিপদ্মাশ্চ কন্যাশ্চ শ্রীমদ্ভূতাসনং ধনুঃ
রোচনা রুচকশ্চৈব নদ্যানাং সঙ্গমোঽকম্ ॥ ১০০
সুপর্ণাঃ শতপত্রাশ্চ চকোরাঃ চীবজীবকাঃ।
নন্দীমুখো মযূরশ্চ বজ্রমুক্তামণিস্তথা ॥ ১০১

আয়ুধানি প্রশস্তানি কার্য্যাসিদ্ধকরাণি চ
পুণ্যং বৈ বিগতক্লেশং শ্রীমদ্ বৈ মঙ্গলাধিকম্ ॥ ১০২
রামেণোদাহৃতং পূর্বমাদৃতঃ শ্রী-হৃতক্রিয়া।
য ইদং শ্রাবয়েদ্ বিদ্বাংস্তস্যৈব শৃণুয়ান্নরঃ ॥ ১০৩
মঙ্গলাষ্টসু চ স্নাতো জপন্ পর্ব্বণি পর্ব্বণি।
বধবন্ধপরিক্লেশং ব্যাধিশোকপরাভবম্ ॥ ১০৪
ন চ প্রাপ্নোতি বৈকল্যং পরত্রেহ চ শর্ম্মদম্।
ধন্যং যশস্যমায়ুষ্যং পবিত্রং বেদসম্মিতম্ ॥১০৫
শ্রীমৎ স্বর্গ্যং সদা পুণ্যমপত্যজননং শিবম্।
শুভং ক্ষেমকরং নৃণাং মেধাজননমুত্তমম্।
সর্ব্বরোগপ্রশমনং স্বকীর্তিকুলবর্দ্ধনম্ ॥ ১০৬
শ্রদ্দধানো দয়োপেতো যঃ পঠেচ্ছ্রাবয়ন্নরঃ
সর্ব্বপাপবিশুদ্ধাত্মা লভতে চ শুভাং গতিম্ ॥ ১০৭
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বণি
বলদেবাহ্নিকং নাম নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১০৯

গার্হপত্য, দক্ষিণ ও আহবনীয় এই তিন অগ্নি, ঋক্, যজুঃ ও সাম—এই তিন বেদ, শাস্ত্রবিদ্যা, মন্ত্রবিদ্যা ও আত্মবিদ্যা (নৃত্তাদীত) বিদ্যা (অথবা আন্বীক্ষিকী তর্কবিদ্যা, ত্রয়ীবিদ্যা, অর্থবিদ্যা, ও বার্ত্তা) —এই তিনবিদ্যাবিদগণ, কৌস্তুভমণি, উচ্চৈঃশ্রবা অশ্ব, শ্রীমান্ বৈদ্য ধন্বন্তরি বৈদ্য, হরি, অমৃত, গৌ, সুপর্ণ, গন্ধর্ব, ধৃতি, শ্বেতসর্ষপ, শ্বেতপুষ্প, কুমারী কন্যা, শ্বেতচ্ছত্র, যব অঙ্কুর (আতপ চাল), দূর্বা, হিরণ্য, গন্ধ, বালব্যজন (চামর), অপ্রতিহত সুদর্শন চক্র, বৃষ, চন্দন, বিষ, শ্বেত বৃষ, মত্তহস্তী, সিংহ, ব্যাঘ্র, অশ্ব, পর্ব্বত যখন করিয়া নির্গত মৃত্তিকা, লাজ (খই), ব্রাহ্মণ, মধু, পায়স, স্বস্তিক, বর্দ্ধমান, নন্দ্যাবর্ত্ত, প্রিয়ঙ্গু, শ্রীফল, গোময়, মৎস্য, দুন্দুভি ও পটধ্বনি ধ্বনি, অধিপদ্মাসন ও কন্যাগণ, সৌন্দর্য্যশালী ভদ্রাসন, ধনু, গোরোচন, রুচক, নদীসঙ্গমের সলিল জল, সুপর্ণ, শতপত্র, চকোর, চীবজীবক, নন্দীমুখ, ময়ূর, যাহাতে মুক্তা ও মণি বাঁধা আছে, এরূপ অস্ত্র এবং কার্য্যসিদ্ধিকারী উত্তম অস্ত্রসকল—ইহারা সকলে সর্ব্বদা আমাকে রক্ষা করুন ॥ ৯৫-১০১॥

পুরাকালে আয়ু, লক্ষ্মী ও বিজয়কামী বলরাম এই পবিত্র, ক্লেশহারী, শ্রীসম্পন্ন এবং মঙ্গলময় স্তোত্রের বর্ণনা করিয়াছেন ॥ ১০২॥

যে বিদ্বান্ মানুষ প্রতি পর্ব্বে স্নান করত জপপরায়ণ হইয়া এই অষ্টমঙ্গল মাঙ্গলিক নামময়ং যুক্ত এই স্তোত্র শ্রবণ করেন বা শ্রবণ করান, তিনি বধ ও বন্ধনের ক্লেশ, ব্যাধি এবং শোকে প্রাপ্ত পরাভব ও ব্যাকুলতা প্রাপ্ত হন না। এই স্তোত্র ইহলোক ও পরলোকেও কল্যাণ প্রদান করে ॥ ১০৩-১০৬॥

ইহার দ্বারা ধন, যশ ও আয়ু লাভ হয়। ইহা পবিত্র ও বেদসম্মত আদরণীয়। ইহা শ্রীসম্পন্ন, স্বর্গদায়ক, সদা পুণ্যকারক এবং সন্তানপ্রাপ্তিকারক। এই শুভ, উত্তম ও বুদ্ধিবর্দ্ধক স্তোত্রের সেবনে মনুষ্যগণের কল্যাণ লাভ হয়। কেবল ইহাই নহে, ইহা সমস্ত রোগকেই প্রশমিত করে, নিজের কীর্ত্তি ও বংশের বৃদ্ধি করে ॥ ১০৩-১০৬

যে শ্রদ্ধালু, দয়ালু ও আত্মসংযমী মানুষ এই স্তোত্র পাঠ করে, সেই মানুষ সমস্ত পাপ হইতে মুক্তিলাভ করত শুভগতি প্রাপ্ত হয় ॥ ১০৭

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বে বলদেবাহ্নিকনামক নবাধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দশাধিকশততমোঽধ্যায়ঃ।

(শাম্বস্যোৎপত্তেরব্রহ্মণ্যাদ্দ বর্ণনম্; দ্বারকায়ামুপস্থিতানাং নৃপাণাং মধ্যে নারদেন ভগবতঃ শ্রীকৃষ্ণস্য পরম-ধন্যতায়াঃ প্রতিপাদনঞ্চ।)

বৈশম্পায়ন উবাচ।

হৃতো যদৈব প্রদ্যুম্নঃ শম্বরেণাম্বুজাক্ষিণা
মাসেঽষ্টমেঽহনি সাম্বস্তু জাম্ববত্যামজায়ত। ১

ধাত্র্যাং প্রভৃতি রামেণ শত্রুঘ্নে বিনিযোজিতঃ।
রামানন্তরজন্মৈব মানিতঃ সর্ব্ববৃষ্ণিভিঃ। ২

জাতমাত্রে ততঃ কৃষ্ণঃ শুভাং তাম্রবসং পুরীম্।
নিহত্যামিত্রসামন্তঃ শক্রোদ্ধামা যযামহ। ৩

যাদবীঞ্চ শ্রিয়ং দৃষ্ট্বা স্বাং শ্রিয়ং দ্বেষ্টি বাসবঃ।
জনার্দ্দনত্বয়ৈব ন শান্তিং লেভিরে নৃপাঃ। ৪

কস্যচিত্ত্বথ কালস্য পুরে বারণসাহ্বয়ে।
দুর্য্যোধনস্য যজ্ঞে বৈ সমীয়ুঃ সর্ব্বপার্থিবাঃ। ৫

তাং শ্রুত্বা মাধবীং লক্ষ্মীং সপুত্রক জনার্দ্দনম্।
পুরীং দ্বারবতীঞ্চৈব বিবিষুঃ সাগরান্তরে। ৬

দূতৈস্তৈঃ কৃতসন্ধানাঃ পৃথিব্যাং সর্ব্বপার্থিবাঃ।
শ্রিয়ং দ্রষ্টুং হৃষীকেশমাজগ্মুঃ কৃষ্ণমন্দিরম্। ৭

দুর্য্যোধনমুখাঃ সর্ব্বে ধৃতরাষ্ট্রবশানুগাঃ।
পাণ্ডবপ্রমুখাংশ্চৈব দৃষ্ট্বাত্মাদহো নৃপাঃ। ৮

পাণ্ড্যাশ্চোলকলিঙ্গেশা বাহ্লীকা সাবিড়াঃ খশাঃ।
অক্ষৌহিণীঃ প্রকর্ষন্তো দশ চাষ্টৌ চ ভূমিপাঃ। ৯

আজগ্মুর্দ্বারবপুরীং গোবিন্দভুজপালিতাম্
তে পর্ব্বতং রৈবতকং পরিবার্য্যাবনীশ্বরাঃ। ১০

বিবিশুর্যোজনান্যাশু স্বাসু স্বাসু চ ভূমিষু
ততঃ শ্রীমান্ হৃষীকেশঃ সহ যাদবপুঙ্গবৈঃ। ১১

সমীপং মানবেন্দ্রাণাং নির্য্যযৌ কমলেক্ষণঃ।
স তেষাং নরদেবানাং মহাস্তো মধুসূদনঃ। ১২

দশাধিকশততম অধ্যায়

[সাম্বের উৎপত্তি ও অনুশিক্ষা বর্ণন এবং দ্বারকায় উপস্থিত রাজগণের মধ্যে নারদ কর্ত্তৃক ভগবান শ্রীকৃষ্ণের পরম ধন্যতা প্রতিপাদন।]

বৈশম্পায়ন বলিলেন,- জনমেজয়! আততায়ী শম্বরাসুর যখন প্রদ্যুম্নকে অপহরণ করিয়াছিল, সেই মাসেই জাম্ববতীর গর্ভ হইতে সাম্ব জন্মগ্রহণ করেন। ১

বলরাম সাম্বকে বাল্যকাল হইতেই অস্ত্রশিক্ষায় নিযুক্ত করিয়া রাখিয়াছিলেন। বলরামের পর সাম্বই তাঁহার প্রায় অস্ত্রবিৎ ছিলেন, সেইজন্য সমস্ত বৃষ্ণিবংশীয় বীরগণ তাঁহাকে সম্মান করিতেন। ২

সাম্বের জন্মগ্রহণের পর ভগবান্ শ্রীকৃষ্ণ নিজের শত্রুভূত শম্বরাসুরকে সংহার করিয়া শুভতরুণা দ্বারকাপুরীতে সেইভাবে বাস করিতে লাগিলেন, যেরূপ কোনও দেবতা ইন্দ্রের উদ্যান নন্দন-বনে বাস করেন। ৩

যদুবংশীয়গণের সম্পদ দেখিয়া দেবরাজ ইন্দ্র নিজের রাজলক্ষ্মীকে দ্বেষ করিতে লাগিলেন। ভগবান্ শ্রীকৃষ্ণের ভয়ে (তাঁহার পরাভূত) নৃপগণ কোনরূপেই শান্তিলাভ করিতে পারিলেন না। ৪

কোনও এক সময়ে হস্তিনাপুরে দুর্য্যোধনের যজ্ঞে ভূমণ্ডলের সমস্ত রাজারা একত্রে সমবেত হন। ৫

সেস্থানে যদুবংশীয়গণের রাজলক্ষ্মী, পুত্রসহ ভগবান্ শ্রীকৃষ্ণ ও সমুদ্রের মধ্যে স্থাপিত দ্বারকাপুরীর বিষয় আলোচনা শ্রবণ করিয়া নিজ নিজ দূতমুখের দ্বারা শ্রীকৃষ্ণের সহিত সন্ধি স্থাপন করত পৃথিবীর সমস্ত ভূপতিগণ যাদবদিগের রাজলক্ষ্মী দর্শন করিবার জন্য দ্বারকায় আসিয়া ভগবান্ হৃষীকেশের নিকট তাঁহার নিবাস-মন্দিরে আসিলেন। ৬-৭

ধৃতরাষ্ট্রের আজ্ঞার অধীনে স্থিত দুর্য্যোধনাদি সমস্ত ভ্রাতারা, পাণ্ডবগণকে অগ্রবর্ত্তী করিয়া দৃষ্টদ্যুম্নাদি নরপতিগণ, পাণ্ড্য, চোল ও কলিঙ্গদেশের ভূপতিগণ, বাহ্লীক, দ্রাবিড় ও খশ দেশসমূহের রাজারা আসিয়া তাঁহার অক্ষৌহিণী সৈন্যসহ শ্রীকৃষ্ণের বাহুবলে সুরক্ষিত যাদবনগরী দ্বারকায় আসিলেন। ৮-৯।

এই ভূপতিগণ বৈবতক পর্ব্বতের চারিদিক্ পরিবেষ্টিত করিয়া নিজ নিজ বাসস্থানের জন্য নির্দ্দিষ্ট এক এক যোজনপরিমিত ভূমিতে নিজ নিজ শিবির স্থাপিত করিলেন। ১০।

তদনন্তর কমললোচন শ্রীমান্ হৃষীকেশ যাদবশ্রেষ্ঠগণের সহিত পুরী হইতে বহির্গত হইয়া সেই সব নরপতিদিগের নিকটে গমন করিলেন। ১১।

সেই সব নরপতিগণের মধ্যস্থানে উপস্থিত হইয়া মধুসূদন শরৎকালের সূর্য্যের ন্যায় শোভা পাইতে লাগিলেন। ১২।

বারাণ্ডত যদুশ্রেষ্ঠঃ পরশৌর্য বিশারদঃ
স তত্র সমুবাচাহার যথাস্থানং যথাবয়ঃ ॥ ১৩
কৃষ্ণ সিংহাসনে কৃষ্ণঃ কাঞ্চনে নিষসাদ হ।
রাজানোঽপি যথাস্থানং নিষেদুর্বিবিধেষ্বথ ॥ ১৪
সিংহাসনেষু চিত্রেষু পীঠেষু চ নরাধিপাঃ
স যাদবনরেন্দ্রাণাং সমাজঃ শুশুভে তদা ॥ ১৫
সুরাণামসুরাণাঞ্চ সভাসু ব্রহ্মণো যথা
তেষাং চিত্রাঃ কথাস্তত্র প্রবৃত্তাস্তৎসমাগমে
যদূনাং পার্থিবানাঞ্চ কেশবস্যোপশৃণ্বতঃ ॥ ১৬
এতস্মিন্নন্তরে বায়ুর্বেগে মেঘরবোপমঃ
তুমুলঃ দুর্দ্দিনঃ চাসীৎ সবিদ্যুৎস্তনয়িত্নুমৎ ॥ ১৭
তদ্দুর্দ্দিনতলং ভিত্ত্বা নারদঃ প্রত্যদৃশ্যত
সংবেষ্টিতজটাভারো বীণাসক্তেন বাহুনা ॥ ১৮
স পপাত নরেন্দ্রাণাং মধ্যে সাগরসন্নিভঃ।
নারদোঽগ্নিশিখাকারঃ শ্রীমান্ ব্রহ্মসখো মুনিঃ ॥ ১৯

তখায় স্থান ও বয়স অনুসারে বিভিন্ন রাজার আসন করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ এক স্বর্ণনির্ম্মিত সিংহাসনে উপবেশন করিলেন ॥ ১৩।

তারপর সেই সব রাজা রাণী নানাপ্রকার সিংহাসন ও বিচিত্র পীঠাসনের উপর যথাস্থানে উপবিষ্ট হইলেন ॥ ১৪।

সেখানে তখন সেই যদু-নরপতিগণের সমাজ ব্রহ্মার সভায় সমবেত দেবতা এবং অসুরদিগের সমাজের ন্যায় শোভা পাইতে লাগিল ॥ ১৫।

সেই রাজসভামধ্যে তখন ভগবান্ শ্রীকৃষ্ণের প্রতি-যোগিতায় সেই যাদব ও দৈত্যদিগের মধ্যে বিচিত্র কথাবার্ত্তা হইতে লাগিল ॥ ১৬

এই সময়ের মধ্যে মেঘগর্জ্জনতুল্য ভয়ানক শব্দ করিতে করিতে বায়ু প্রবাহিত হইতে লাগিল। তখন চারিদিকে ঘোর দুর্দ্দিন উপস্থিত হইল। বিদ্যুৎ চমকাইতে লাগিল এবং বজ্রের ঘর্ঘর ধ্বনি হইতে লাগিল ॥ ১৭

সেই দুর্দ্দিনতল অর্থাৎ মেঘমণ্ডলের আবরণ ভেদ করিয়া নারদ সকলের দৃষ্টিগোচর হইলেন। তিনি তখন নিজ মস্তককে জটাভারকে বেষ্টিত করিয়া রাখিয়াছিলেন এবং এক বাহুতে বীণা ধারণ করিয়াছিলেন ॥ ১৮

সমুদ্রতুল্য গম্ভীর ও অগ্নিশিখা-সদৃশ তেজস্বী এবং দেবরাজ ইন্দ্রের মিত্র শ্রীমান্ নারদ মুনি সেই নরপতিগণের মধ্যে নামিয়া আসিলেন ॥ ১৯

তস্মিন্নিপতিতে ভূমৌ নারদে মুনিপুঙ্গবে।
তদদ্ভুতং মহামেঘং ব্যপাকৃষ্ণত দুর্দ্দিনম্ ॥ ২০
সোঽবগাহ্য নরেন্দ্রাণাং মধ্যে সাগরসন্নিভঃ।
আসনঞ্চ মহচ্ছ্রেষ্ঠমুবাচ মুনিরব্যয়ম্ ॥ ২১
আশ্চর্য্যং খলু দেবানামেকস্ত্বং পুরুষোত্তমঃ।
যদ্ভবাংস্ত্রিষু মহাবাহো লোকে নাস্তোঽস্তি কশ্চন ॥ ২২
এবমুক্তঃ স্মিতং কৃত্বা প্রত্যুবাচ মুনিং প্রভুঃ।
আশ্চর্য্যান্বেব যদ্যুক্ত দক্ষিণাভিঃ সহেতাহম্ ॥ ২৩
এবমুক্তো মুনিশ্রেষ্ঠঃ প্রাহ মধ্যে মহীভৃতাম্।
কৃষ্ণ পর্য্যাপ্তবাক্যোঽস্মিন্নিগমিষ্যামি যথাগতম্ ॥ ২৪
তং প্রত্যুত্তরমভিপ্রেক্ষ্য পার্থিবাঃ প্রাহুরীশ্বরম্
শুশ্রূষ মমুজানন্তো বচনং নারদেরিতম্ ॥ ২৫
আশ্চর্য্যমিত্যভিহিতং ধন্যোঽস্মীতি চ মাধব।
দক্ষিণাভিঃ সহেত্যেবং প্রত্যুক্তোঽপি চ নারদে ॥ ২৬

মুনিবর নারদ ভূতলে নামিয়া আসিলে পর সেই মহামেঘ-মণ্ডলে আবৃত অদ্ভুত দুর্দ্দিন তৎক্ষণাৎ সরিয়া যাইল ॥ ২০

সাগর-সদৃশ গম্ভীর ও অবিনশ্বর নারদ মুনি সেই নরপতি-গণের মধ্যভাগে প্রবেশ করত শ্রেষ্ঠাসনে উপবিষ্ট অবিনাশী মহশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণকে এই কথা বলিলেন ॥ ২১

মহাবাহো! আশ্চর্য্যের কথা দেবগণের মধ্যে একমাত্র আপনি নিশ্চয়ই পুরুষোত্তম এবং আপনিই ধন্য (পূর্ণকাম), জগতে অন্য কেহই এরূপ নহে ॥ ২২

তিনি এই কথা বলিলে পর ভগবান্ শ্রীকৃষ্ণ ঈষৎ হাস্য করিয়া নারদ মুনিকে বলিলেন—আমি দক্ষিণাসমূহের সহিত আশ্চর্য্য ও ধন্য ॥ ২৩

ভগবান্ শ্রীকৃষ্ণ এরূপ বলিলে পর মুনিশ্রেষ্ঠ নারদ রাজগণের মধ্যে এই কথা বলিলেন—শ্রীকৃষ্ণ! আমি নিজের কথার পূর্ণ উত্তর প্রাপ্ত হইয়াছি, এখন আমি যেরূপে আসিয়াছিলাম, সেই-ভাবে চলিয়া যাইব ॥ ২৪

তাঁহাকে যাইতে দেখিয়া সেই নারদমুনিকথিত পূর্ব্বোক্ত-রূপী বাক্যের তাৎপর্য্য বুঝিতে না পারিয়া নৃপতিগণ ভগবান্ শ্রীকৃষ্ণকে বলিলেন ॥ ২৫

মাধব! নারদমুনি আপনার বিষয়ে "আশ্চর্য্য ও ধন্য" এই কথা বলিলেন এবং আপনি তাহার প্রত্যুত্তরে বলিলেন—"দক্ষিণাসমূহের সহিত আমি আশ্চর্য্য ও ধন্য"। এরূপ আপনাদের উভয়ের মধ্যে বাক্যালাপ হইলেও আমরা কিন্তু

কিমেতদ্ভাষিতা নৌনো নিত্যং মধুপরঃ মধুঃ
যদি শ্রাব্যমিদং কৃষ্ণ শ্রোতুমিচ্ছাম তত্ত্বতঃ ॥ ১৭

তামুবাচ ততঃ কৃষ্ণঃ সর্বান্ পার্থিবপুঙ্গবান্
শ্রোতব্যা নারদেনেয়ং দ্বিজো বঃ কথয়িষ্যতি ॥ ১৮

ব্রূহি নারদ তত্ত্বার্থং শ্রোতুকামা মহীভৃতঃ।
বয়ন্নাভিহিতঃ বাক্যঃ ময়া তু প্রতিভাষিতম্ ॥ ১৯

স পীঠে কাঞ্চনে শুভ্রে সুখবিষ্টঃ স্বলঙ্কৃতঃ।
প্রস্তাবং তত্ত্ব বন্যাস্ত প্রবক্তুমুপচক্রমে ॥ ২০

নারদ উবাচ।

শ্রূয়তাং তো নৃপশ্রেষ্ঠা যাবদ্ভূ স্ত সমাগতাঃ।
অস্য কৃষ্ণস্য মহতো যথা পারমমং গতঃ ॥ ২১

অহং কদাচিদ্গঙ্গায়াস্তীরে ত্রিদিবনাভিথিঃ।
চরামোক্তঃ ক্ষপাপায়ে দুষ্কানে দিবাকরে ॥ ২২

অপশ্যং গিরিকূটাভং কপালবরধারিনম্।
ক্রোশমণ্ডলবিস্তারং ভাস্বদ্বহ্নিশতানলম্ ॥ ২৩

চতুষ্কন্ধরমুল্লিষ্টং ত্রিপ্রং ত্যক্ত সপ্তশিরম্
মম বীর্যাকৃতিং কৃত্স্নং সঙ্ঘর্ষশ্চয়োপমম্ ॥ ২৪

সোঽহং তং পানিনা স্পৃষ্টা প্রোক্তবান্ জলগার্হিণম্
ক্ষমাস্ত্বর্যাশরীরোঽসি কুর্ম যদ্ভ্যোঽসি মে গতঃ ॥ ২৫

যত্কমেবমস্তেত্যাহ্যাং কপালাভ্যাং সমাবৃতঃ।
তোয়ে চরসি নিঃশঙ্কঃ কিল্বিষস্যমচিন্তয়ন্ ॥ ২৬

স মামুবাচাম্বুচরঃ কূর্ম্মো মানুসবং বয়ম্।
কিমার্চ্যো ময়ি মূঢ়ে দুরুক্তাস্তে কৃতং বিভো ॥ ২৭

গজেন্দ্রং নিহতা হ্যত্র কিমার্চ্যোমতঃ পরম্
যত্রাহনিষ সত্ত্বানি চরন্ত্যম্বুচরাণি বিভ্রু ॥ ২৮

সোঽহং কুতূহলাবিষ্টো নদ্যাং গঙ্গামুপস্থিতঃ
ধন্যাসি ত্বং সরিচ্ছ্রেষ্ঠে নিত্যমাপ্লাবয়সি মাম্ ॥ ২৯

বৃদ্ধিতে পারিলাম না যে, ইহা কি? এই দিব্য ও মহান মন্ত্রপদের তাৎপর্য্য কি? শ্রীকৃষ্ণ! যদি ইহা আমাদের শুনিবার যোগ্য হয়, তবে আমরা যথার্থরূপে ইহার রহস্য শুনিতে ইচ্ছা করি। ২৬-২৭

তখন ভগবান্ শ্রীকৃষ্ণ সেই সমস্ত নৃপতিশ্রেষ্ঠগণকে বলিলেন,—যদি আপনাদের ইহার তাৎপর্য্য শুনিতে হয়, তবে বিপ্রবর নারদ আপনাদের সম্মুখে ইহার ব্যাখ্যা করিবেন। ২৮

এই কথা বলিয়া তিনি নারদকে বলিলেন,—নারদ! আপনি যে কথা বলিয়াছেন এবং আমি তাহার যে উত্তর দান করিয়াছি, তাহার প্রকৃত রহস্য এই মহীপতিগণ শুনিতে বাসনা করিতেছেন; অতএব আপনি তাঁহাদের ইহা বলুন। ২৯

তখন সেই নারদ সুন্দর সুবর্ণময় পীঠে ভালরূপে বসিলেন। এই সময় তিনি সুন্দর অলঙ্কারসমূহে অলঙ্কৃত ছিলেন। তাহার পর তিনি সেই বন্দনীয় প্রভুর প্রস্তাব বর্ণনা করিতে আরম্ভ করিলেন। ৩০

নারদ বলিলেন,—হে নৃপশ্রেষ্ঠগণ! আপনারা যত সংখ্যায় এস্থানে উপস্থিত হইয়াছেন, তাঁহারা সকলেই শ্রবণ করুন—আমি এই মহাপুরুষ শ্রীকৃষ্ণের মহিমার পারে কি ভাবে গমন করিয়াছি। ৩১

কোনও এক সময় আমি গঙ্গার তীরে তিন বেলায় ভ্রমণকারী অতিথিরূপে একাকীই বিচরণ করিতেছিলাম। একদিন যখন রাত্রি অতিবাহিত হইল এবং সূর্য্যদেব দৃষ্টিগোচর হইলেন, তখন আমি পর্ব্বতসদৃশবৃহৎ বিশালদেহ এক কবন্ধকে দেখিলাম। ইহার শরীর চারি কপালের মধ্যভাগে নিহিত ছিল। ইহার মস্তকাদির বিস্তার এক ক্রোশ ছিল এবং লম্বাতে সে ইহার দ্বিগুণ ছিল। এই কবন্ধদেহে চারিটি পদ ছিল। সে জলে আছে। ছিল। তিন এবং কবন্ধে লিপ্ত ছিল। তাহার আকৃতি আমার বীর্য্যের সদৃশ ছিল। তাহাকে দেখিয়া একপ মনে হইতেছিল—যেন পর্ব্বতশ্রেণি বিচরণ করিতেছে। ৩২-৩৪

আমি সেই জলচর জন্তুকে হস্তে স্পর্শ করিয়া বলিলাম, কূর্ম্ম! তোমার শরীর আশ্চর্য্যজনক। আমার মতে তুমি ধন্য। ৩৫

কারণ, তুমি হইটি অতিরিক্ত কপালে আবৃত থাকিয়া কাহাকেও কোনও কিছু বলা না করিয়াই এই জলে নিঃশঙ্কে বিচরণ করিতেছ। ৩৬

তখন সেই জলচর কচ্ছপ বলিল,—মুনে! আমাতে কি আশ্চর্য্য আছে? প্রভো! আমি কিরূপে ধন্য? ৩৭

ব্রহ্মন্! বল ত এই গঙ্গা নদী। ইহা হইতে অধিক আর কি আশ্চর্য্যের বস্তু আছে? যাহার মধ্যে আমার ন্যায় হাজার হাজার জলজন্তু বিচরণ করিতেছে। ৩৮

তখন আমি কৌতূহলবশতঃ গঙ্গা নদীর নিকটে যাইলাম এবং বলিলাম—নদীসকলের মধ্যে শ্রেষ্ঠা গঙ্গে! তুমি ধন্যা এবং সদা আশ্চর্য্যে বিভূষিতা আছ কারণ, একপ বিশালদেহ

যা স্বয়ংবং মহাদেবৈঃ খাপদৈরুপশোভিতা।
দ্রুদিনী সাগরং যাসি রক্ষন্তী তাপসালয়ান্ ॥ ৪০
এবমুক্তা ততো গঙ্গা রূপিণী প্রত্যতাষত।
নারদং দেবগন্ধর্বঃ শক্রস্য দয়িতং দ্বিজম্ ॥ ৪১
যা বৈষা দেবগন্ধর্বা সাংগ্রামকলহপ্রিয়া।
নাহং বক্তা দ্বিজশ্রেষ্ঠ নৈষাশ্চর্য্যোপশোভিতা ॥ ৪২
তব সত্যে নিবিষ্টস্য বাক্যান্ মাং প্রতিবাধতে।
সর্ব্বাশ্চর্য্যকরো লোকে বক্তাশ্চৈবার্থবো দ্বিজঃ ॥ ৪৩
বত্রাবমিব বিস্তীর্ণাঃ শতশো যান্তি নিম্নগাঃ।
সোঽহং ত্রিপথগাবাক্যাঃ ক্রুয়ার্থবনমুপস্থিতঃ ॥ ৪৪
আশ্চর্য্যাঃ খলু লোকানাং ধর্ম্মস্যাসি মহার্ণব।
যেন খস্থমি যোনিস্থস্তপসা সলিলেশ্বরঃ ॥ ৪৫
স্থানে ত্বাং বাহিবাহিকঃ সরিতো লোকপাবনাঃ।
ইমাঃ সমুদ্রগচ্ছন্তি পত্নো লোকনমস্কৃতাঃ ॥ ৪৬

সমুদ্রত্বমুক্তস্ত ততো মামবদদ্ বচঃ।
খং জলোদ্ভবতাং ভিত্ত্বা বাধিতঃ পবনেরিতঃ ॥ ৪৭
যা বৈষা দেবগন্ধর্ব্ব নাশ্চাশ্চর্য্যো দ্বিজর্ষভ।
বসুধেয়ং স্থনে বক্তা যত্রাহমুপরি স্থিতঃ ॥ ৪৮
অতঃ তু পৃথিবীং লোকে কিমাশ্চর্য্যমতঃ পরম্।
সোঽহং সাগরবাক্যেন ক্ষিতিং ক্ষিতিতলে স্থিতঃ ॥ ৪৯
কৌতূহলসমাবিষ্টো গুরুত্বং জগতো গতিম্।
ধরিত্রি দেহিনাং যোনে বক্তা খস্থমি শোভনে ॥ ৫০
আশ্চর্য্যা চাপি ভূতেষু মত্তাশ্চা ক্ষময়া যুতে।
তেন খস্থমি ভূতানাং ধরণী মণ্ডলাকৃতিঃ ॥ ৫১
ক্ষমা হ্যুক্তা প্রভূতা চ কর্ত্রা চাপ্যবয়ামিনাম্।
ততো ভূঃ স্তুতিবাক্যেন সা মহোক্তেন তেজিতা ॥ ৫২
বিস্ময়ং সমভূৎ বৈষাং প্রত্যক্ষা মামভাষত
দেবগন্ধর্ব্ব মা বৈবং সাংগ্রামকলহপ্রিয় ॥ ৫৩

কিন্তু অত্যন্ত তোমার মোহোৎপাদন করিতেছে। তুমি অনেক যুগে যুগে বহু এবং কত তাপসগণের আশ্রমসমূহ রক্ষা করিতে করিতে সমুদ্র পর্য্যন্ত গমন করিতেছ। ৩১-৩৩

আমি এইরূপ বলিলে পর গঙ্গা নিজের দিব্য রূপে প্রকটিতা হইয়া দেবগন্ধর্ব্বজাতীয় ও ইন্দ্রের প্রিয় নারদনামক ব্রাহ্মণ আমাকে বলিল। ৩৪

দেবগন্ধর্ব্ব! এরূপ কথা বলিও না। বহু ও কলহপ্রিয় দ্বিজশ্রেষ্ঠ! না আমি বক্তা এবং না আমি আশ্চর্য্যে সুশোভিতা। ৩৫

সত্যপরায়ণ মহর্ষি আপনার এই বাক্য আমার প্রতি বাধিত হইতেছে। ব্রহ্মন্! সংসারে পূর্ণরূপে আশ্চর্য্যকারক ও বক্তা একমাত্র সমুদ্রই; যে হেতু মহান্ আমার ন্যায় বিস্তীর্ণ শত শত নদী যাইয়া মিলিত হইতেছে। ৩৫

গঙ্গার এই কথা শুনিয়া আমি মহাগাঙ্গেয়ের তীরে উপস্থিত হইলাম এবং তাহাকে বলিলাম—মহর্ষে! তুমি সমস্ত লোক-সমূহে আশ্চর্য্যময় এবং বক্তা; কারণ, তুমি জলের যোনি (উৎপত্তিস্থান) এবং জলের পতি। ৩৬-৩৭

জলবাহিনী, লোকপাবনী ও বিশ্বপূজিতা এই যে সমস্ত নদী পত্নীভাবে তোমার নিকটে যাইতেছে, তাহা উচিতই হইয়াছে। ৩৮

আমি এই কথা বলিলে পর বায়ুপ্রেরিত সমুদ্র নিজের অপার জলরাশি ভেদ করিয়া উত্থিত হইল এবং আমাকে এইরূপ বলিল। ৩৭

দেবগন্ধর্ব্ব! আপনি এরূপ বলিবেন না। দ্বিজশ্রেষ্ঠ! আমি এরূপ আশ্চর্য্যময় নহি। মুনে! বক্তা ত' এই বসুধা, যাঁহার উপরে আমি রহিয়াছি। জগতে পৃথিবী যাবতীয় ভূতাপেক্ষা অধিক আশ্চর্য্যের বস্তু অতএব কি আছে? ৩৯

সমুদ্রের এই কথায় সেই আমি ভূতলে বক্তাস্বরূপ হইলাম এবং কৌতূহলে আকৃষ্ট হইয়া জগতের আধারস্বরূপা পৃথিবীকে বলিলাম। ৪৯

ধরিত্রি! তুমি সমস্ত দেহধারীদিগের যোনি; অতএব শোভনে! তুমি নিশ্চয়ই বক্তা। মহতী ক্ষমাগুণে যুক্ত থাকায় তুমি সম্পূর্ণ ভূতগণের মধ্যে আশ্চর্য্যরূপা। ৫০

সেইহেতু নিশ্চয়ই তুমি সমস্ত প্রাণিদিগের ধারণকারিণী মণ্ডলাকৃতিদিগের উৎপত্তি স্থান। তোমা হইতেই ক্ষমাগুণ উদিত হইয়াছে। আকাশচারিদিগের কর্ত্রীও তোমা হইতেই নির্দ্মিত হইয়া থাকে। ৫১

আমার দ্বারা কথিত প্রশংসাযুক্ত বাক্যে পৃথিবী তেজিত উত্তেজিতা হইয়া উঠিল। তখন নিজের মহত্ত্ব ধৈর্য্য আশ্চর্য্য করত আমার প্রত্যক্ষ হইয়া আমাকে বলিল। ৫২

বৃদ্ধ ও কলহপ্রিয় দেবগন্ধর্ব্ব! না, এরূপ কথা বলিবেন না। না আমি বক্তা এবং না আশ্চর্য্যরূপা। আমার মধ্যে যে ধৈর্য্য আছে, তাহা আমার নহে, অপরের। ৫৩

নাস্মি বক্তা ন চাশ্চর্য্যং পারক্যেয়ং মৃতির্মম।
এতে বক্তা দ্বিজশ্রেষ্ঠ পর্ব্বতা ধারয়ন্তি মাম্ ॥ ৫৪
আশ্চর্য্যাণি চ দৃশ্যন্তে এতে লোকস্য হেতবঃ।
সোঽহং বরদিবাক্যেন পর্ব্বতান্ সমুপস্থিতঃ ॥ ৫৫
বক্তা ভবন্তো দৃশ্যন্তে বহ্বাশ্চর্য্যাস্তু ভূধরাঃ।
কাঞ্চনাগ্ররুহ্যস্তু ধাতুনাঙ্ক বিশেষতঃ ॥ ৫৬
তেন বক্ষ্যন্তরাঃ সর্ব্বে ভবন্তো ভুবি শাশ্বতাঃ।
তে মদ্বৈতদ্ বচঃ শ্রুত্বা পর্ব্বতাস্তনুবাং বরাঃ ॥ ৫৭
উচুর্ম্যাং সাত্ত্বতজ্ঞানি বচাংসি বনশোভিতাঃ।
ব্রহ্মর্ষে ন বয়ং বক্তা নাপ্যাশ্চর্য্যানি সন্তি নঃ।
ব্রহ্মা প্রজাপতির্বক্তৃ সর্ব্বাশ্চর্য্যাঃ সুরেষ্বপি ॥ ৫৮
সোঽহং প্রজাপতিং গত্বা সর্ব্বপ্রভবমব্যয়ম্
তস্য বাক্যান্ত পর্য্যায়পর্য্যায়ৈস্তুমিল লক্ষয়ে ॥ ৫৯
সোঽহং পিতামহং দেবং লোকস্রোনিং চতুর্মুখম্
স্তোতুং পশ্চাদুপগতঃ প্রণতোঽহমবস্থিতঃ ॥ ৬০

দ্বিজশ্রেষ্ঠ। এই পর্ব্বতসকলই বক্তা, ইঁহারা আমাকে ধারণ করিয়া রাখিয়াছেন। ইঁহারাই আশ্চর্য্যময় এবং ইঁহারাই জগতের স্থিতির হেতু। ৫৩।

পৃথিবীর এই বাক্যে প্রভাবিত হইয়া আমি পর্ব্বতসকলের নিকট উপস্থিত হইলাম এবং বলিলাম—ভূধরগণ! তোমরাই বক্তা। তোমাদের মধ্যে বহু আশ্চর্য্য দেখা যায় ॥ ৫৫।

সুবর্ণশ্রেষ্ঠ রত্ন ও বিশেষতঃ ধাতুসমূহের উৎপত্তির স্থান বলিয়া তোমরা সকলে 'আকর' বলিয়া কথিত হও। এই কারণে তোমরা সকলেই অক্ষয়রূপে বিদ্যমান আছ ॥ ৫৬।

আমার এই কথা শ্রবণ করিয়া স্থাবর পদার্থসমূহের মধ্যে শ্রেষ্ঠ ও অসমূহে সুশোভিত পর্ব্বতসকল আমাকে এই যাথার্থপূর্ণ বাক্যে বলিল ॥ ৫৭।

ব্রহ্মর্ষে! আমরা বক্তা নহি এবং না আমাদের মধ্যে আশ্চর্য্যজনক বস্তুসমূহ আছে। প্রজাপতি ব্রহ্মাই বক্তা দেবতাদের মধ্যেও তিনিই সম্পূর্ণ আশ্চর্য্যময় ॥ ৫৮

তখন আমি সকলের উৎপত্তিস্থান অবিনাশী প্রজাপতি ব্রহ্মার নিকট গমন করত তাঁহার মধ্যে পর্ব্বতসকলকথিত বাক্যের পর্য্যায় সার্থকতা দেখিতে পাই ॥ ৫৯

তাহার পর সেই আমি সমস্ত লোকসমূহের উৎপত্তিস্থান ও চার মুখবিশিষ্ট পিতামহদেবকে নতমস্তক হইয়া প্রণাম করত তাঁহাকে স্তুতি করিবার জন্য তাঁহার পার্শ্বে দণ্ডায়মান হইলাম ॥ ৬০

সোঽহং বাক্যসমাপ্ত্যর্থং শ্রাবয়ে পদ্মযোনিজম্
আশ্চর্য্যং ভগবানেকো ধন্যোঽসি জগতো গুরুঃ ॥ ৬১
ন কিঞ্চিদস্তুং পশ্যামি ভূতং যদ্ভবতা সমম্।
ত্বত্তঃ সর্ব্বমিদং জাতং জগৎ স্থাবরজঙ্গমম্ ॥ ৬২
সদেব-দানবা মর্ত্ত্যা লোকাস্তৈস্ত্রিয়াত্মকাঃ।
ভবন্তি সর্ব্বদেবেন সৃষ্টা সর্ব্বমিদং জগৎ ॥ ৬৩
তেন ঋষিস দেবানাং দেবেষঃ সনাতনঃ।
তেষামেবাসি যৎ স্রষ্টা লোকানামাদিসম্ভবঃ ॥ ৬৪
ততো মাং প্রাহ ভগবান্ ব্রহ্মা লোকপিতামহঃ।
বক্তাশ্চর্য্যাগ্রিস্তৈর্যঃ কৈঃ কিং মাং নারদ ভাষসে ॥ ৬৫
আশ্চর্য্যং পরমং বেদা ধন্যা বেদাশ্চ নারদ।
যে লোকান্ ধারয়ন্তি স্ম বেদাস্তদ্ধারণাশ্রিতাঃ ॥ ৬৬
ঋক্-সাম-যজুষাং সত্যমর্থবিদি চ যদ্বচঃ।
তন্মমং বিদ্ধি মাং বিপ্র ধ্রুবোঽহং তৈর্বরা চ তে ॥ ৬৭

স্তুতির পর নিজের বাক্য সমাপ্ত করিবার জন্য আমি পদ্মযোনি ব্রহ্মাকে শুনাইতে শুনাইতে বলিলাম—ভগবন্! একমাত্র আপনিই আশ্চর্য্যময়, জগতের গুরু ও ধন্য ॥ ৬১

আমি এরূপ কোনও ভূতকে এরূপ দেখিতে পাইতেছি না, যে আপনার সমান হইতে পারে। এই সম্পূর্ণ চরাচর জগৎ আপনার নিকট হইতেই উৎপন্ন হইয়াছে ॥ ৬২

সদেবদেবেশ! সংসারে ভূত ও ত্রিগুণময় যে দেবতা, দানব এবং মনুষ্যাদি প্রাণী দেখা যায়, তাহারা সকলে আপনার দ্বারা উৎপন্ন হইয়াছে, এই সম্পূর্ণ জগৎ দেখিয়া ইহাই নিশ্চয় হয় ॥ ৬৩

সেইজন্য আপনি অবশ্যই দেবতাগণের সনাতন দেবাধিদেব; কারণ, আপনিই তাঁহাদের স্রষ্টা এবং আপনিই সমস্ত লোকসমূহের আদি কারণ ॥ ৬৪

তখন লোকপিতামহ ভগবান্ ব্রহ্মা আমাকে বলিলেন,—নারদ! বক্ত ও আশ্চর্য্যবিষয়ের সম্বন্ধযুক্ত বাক্যে আমাকে কি বলিতেছ? ৬৫

নারদ! বেদসকলই পরম আশ্চর্য্যরূপ এবং এই বেদসকলই ধন্য; কারণ, তদ্ধারণকর্ত্তা এই সব বেদই সম্পূর্ণ লোককে ধারণ করেন ॥ ৬৬

ঋক্, সাম ও যজুর্বেদের যাহা সত্য এবং অথর্ববেদে যাহা সত্য বলিয়া মান্য করা হয়, তাহাকেই আমার

পারমেষ্ঠ্যেন বাক্যেন নোদিতোঽহং স্বয়ম্ভুবা।
বেদোপস্থানিকাং চক্রে মতিসংস্থানবিত্তরাং ॥ ৬৮
সোঽহং স্বয়ম্ভুবচনাদ্ বেদান্ বৈ সমুপস্থিতঃ।
অবোচং তানহং চতুরো মন্ত্রপ্রবচনান্বিতান্ ॥ ৬৯
যজ্ঞা ভবন্তঃ পুণ্যাস্ত নিত্যমাশ্চর্য্যভূষিতাঃ।
আযান্তশ্চৈব বিপ্রাণামেষমাহ প্রজাপতিঃ ॥ ৭০
স্বয়ম্ভুবোঽহমীশং পরং ভবন্তশ্চ প্রস্তুনাগতম্।
মুখৎপরতরং নাস্তি শ্রুতা বা তপসাপি বা ॥ ৭১
প্রত্যুচুস্তে ততো বাক্যং বেদা নানস্তিতাঃ স্থিতাঃ।
আশ্চর্য্যাশ্চৈব যজ্ঞাস্ত যজ্ঞাশ্চাভূপরায়ণাঃ ॥ ৭২
যজ্ঞার্থে চ বয়ং সৃষ্টা ধাত্রা যেন স্ব নাভব।
তদস্মাকং পরো যজ্ঞো ন বয়ং স্বর্গে স্থিতাঃ ॥ ৭৩
স্বয়ম্ভুবঃ পরা বেদা বেদানাং ক্রতবঃ পরাঃ।
ততোঽহমব্রুবং যজ্ঞান বৃহস্বাগতিঃ পুরস্কৃতান্ ॥ ৭৪
তো যজ্ঞাঃ পরমং তেজো বুধ্যন্তে খলু লক্ষ্যতে।

ব্রহ্মণাভিহিতং বাক্যং যচ্চ বেদৈকদারিতম্ ॥ ৭৫
আশ্চর্য্যমব্রুবোকেঽস্মিন্ ভবদ্ভো নাভিগম্যতে।
যন্যাঃ খলু ভবন্তো যে বিজ্ঞাতীনাং স্বয়ংপ্রভাঃ ॥ ৭৬
তেঽপি স্বয়ম্ভুবকৃতিং মুমাভির্যান্তি তপিতাঃ।
তানৈন্দ্র ত্রিদশাঃ সর্বে মমৈষ্টেন্দ্রৈব মর্যাদয় ॥ ৭৭
অগ্নিষ্টোমাদয়ো যজ্ঞা মম বাক্যানুনন্দনম্।
প্রত্যুচুর্মাং ততো বাক্যং সর্বে মৃগপ্রভাঃ স্থিতাঃ ॥ ৭৮
আশ্চর্য্যাশ্চৈবো নাস্মাসু ভবদ্ভোঽপি বা মুনে।
আশ্চর্য্যং পরমং বিষ্ণুঃ স চাস্মাকং পরা গতিঃ ॥ ৭৯
যদাজ্যং বহ্নমশ্নীমো হুতমগ্নিষু পাবনম্
তৎ সর্বং পুণ্ডরীকাক্ষো লোকমূর্তিঃ প্রযচ্ছতি ॥ ৮০
সোঽহং বিষ্ণোর্গতিং প্রেপ্সুর্নিঃ সম্পত্তিতো ভৃশং।
দৃষ্টশ্চায়ং ময়া কৃষ্ণো ভবদ্ভিরিহ সাম্প্রতং ॥ ৮১
যন্ত্রয়াভিহিতো হ্যেষ ত্বমাশ্চর্য্য জনার্দন।
যন্যাস্মীতি ভবতাং মধ্যস্থো যত্র পাবিধাঃ ॥ ৮২

ব্রহ্মণ বলিয়া জানিও। বেদসকল আমাকে ধারণ করিয়া রাখিয়াছেন এবং আমি উঁহাদের ধারণ করিয়া রাখিয়াছি ॥ ৬৭

তখন স্বয়ম্ভু ব্রহ্মা কর্তৃক কথিত উঁহাদের স্বরূপের অনুরূপ বাক্যে প্রেরিত হইয়া আমি লক্ষণ-বিস্তার অনুসারে বেদসকলের উপস্থান (উপাসনামূলক স্তুতি) করিতে বুদ্ধি স্থির করিলাম ॥ ৬৮

স্বয়ম্ভু ব্রহ্মার বাক্যে আমি মন্ত্র ও ব্রাহ্মণযুক্ত পূর্বোক্ত চার বেদের সমীপে উপস্থিত হইয়া উঁহাদিগকে বলিলাম ॥ ৬৯

আপনারা সকলে যজ্ঞ, পবিত্র ও সর্বদা আশ্চর্যে বিভূষিত আছেন। ব্রাহ্মণগণের আবাহক আপনারাই, এজন্যই প্রজাপতি ব্রহ্মা বলিয়াছেন ॥ ৭০

আপনাদের বিষয়ে স্বয়ম্ভু ব্রহ্মারও ইহাই সিদ্ধান্ত যে, আপনারা সর্বাপেক্ষা শ্রেষ্ঠ। শ্রুতি ও তপস্যার দ্বারাও আপনাদের অপেক্ষা অধিক শ্রেষ্ঠ আর কেহই নাই ॥ ৭১

তখন চার বেদ আমার চারিদিকে দণ্ডায়মান হইয়া এইরূপ উত্তর দান করিলেন,—নারদ! পরমাত্মার উদ্দেশে কৃত যজ্ঞসকলই আশ্চর্য ও বহু ॥ ৭২

নারদ! পরমাত্মা যজ্ঞের জন্যই আমাদের সৃষ্টি করিয়াছেন, অতএব যজ্ঞসকল আমাদের অপেক্ষা শ্রেষ্ঠ। আমরা নিজেদের বশীভূত নহি, স্বয়ম্ভু ব্রহ্মা হইতে উৎকৃষ্ট যজ্ঞ ॥ ৭৩

তখন আমি বেদসকলের বাক্যে পুরস্কৃত যজ্ঞসমূহকে বলিলাম—যজ্ঞসকল! আপনাদের মধ্যে সর্বাপেক্ষা উৎকৃষ্ট তেজ দেখিতে পাইতেছি ॥ ৭৪

ব্রহ্মা যে কথা বলিয়াছেন এবং বেদসকলও যেরূপ প্রতিপাদন করিয়াছেন, তদনুসারে আপনারা বাস্তবিক অতি কিছুই আশ্চর্যের বস্তু আছে এরূপ বোধ হয় না ॥ ৭৫

আপনারা যজ্ঞ, যে আপনারা ত্রিজাতিগণের স্বয়ংজাত। আপনারা তর্পিত হইলে পর পার্থিব, অন্তরিক্ষ ও আহবনীয়—এই ত্রিবিধ অগ্নিও নিশ্চয়ই তৃপ্তি লাভ করেন। যজ্ঞসমূহেই সকল দেবতা নিজ নিজ ভাগে ও মহিমার মূলসমূহে তৃপ্ত হন ॥ ৭৬-৭৭

আমি এই কথা বলিলে পর মৃগরূপী অগ্নিষ্টোমাদি যজ্ঞসকল দণ্ডায়মান হইয়া আমাকে বলিলেন ॥ ৭৮

মুনে! এই আশ্চর্য জগৎ যজ্ঞ-নমস্য আমাদের পক্ষে উপযুক্ত নহে। ভগবান্ বিষ্ণুই পরম আশ্চর্যময়; কারণ, তিনিই আমাদের পরম গতি ॥ ৭৯

অগ্নিতে হোম করা হইলে পর যে পবিত্র আয়া-ভাগ আমরা আস্বাদন করি, তৎ সমস্তই বিশ্বরূপ কমললোচন ভগবান্ বিষ্ণুই আমাদের প্রদান করেন ॥ ৮০

বেদপ্রতিপাদিত যজ্ঞসকলের এই বাক্যানুসারে আমি ভগবান্ বিষ্ণুর গতি প্রাপ্ত করিবার ইচ্ছায় এস্থানে এই পৃথিবীতে আসিয়াছি। এস্থানে সকল রাজা আপনাদের দ্বারা পরিবৃত ভগবান্ বিষ্ণুরূপী শ্রীকৃষ্ণকে আমি দর্শন করিলাম ॥ ৮১

যুধিষ্ঠির! আমি শ্রীকৃষ্ণের নিকটে এই কথা বলিয়াছি

প্রত্যুক্তোঽহমনেনাদ্য বাক্যান্যান্য যতস্ততম্।
দক্ষিণাভিঃ সহেত্যেবং পর্য্যাপ্তং বচনং মম ॥ ৮৩
যজ্ঞানাং হি গতিরিক্ষুঃ সর্ব্বেষাং সহদক্ষিণঃ।
দক্ষিণাভিঃ সহেত্যেবং প্রশ্নো মম সমাপ্তবান্ ॥ ৮৪
কূর্ম্মেণাভিহিতঃ পূর্ব্বং পারম্পর্য্যাদিহাগতম্।
সদক্ষিণেঽস্মিন্ পুরুষে তদ্ বাক্যং প্রতিপাদিতম্ ॥৮৫
যদ্যাং ত্বদ্যস্তঃ পৃচ্ছন্তি বাক্যান্যান্য বিনির্ণয়ম্।
তদেতৎ সর্ব্বমাখ্যাতং সাহয়্যাং যদাগতম্ ॥ ৮৬
নারদে তু গতে স্বর্গং সর্গে তে পৃথিবীভুজঃ।
বিস্মিতাঃ স্বানি রাষ্ট্রাণি গুপ্তুঃ সবল-বাহনাঃ ॥৮৭
জনার্দ্দনোঽপি সহিতো যদুভিঃ পাবকোপমৈঃ।
স্বমেব ভবনং বীরো বিবেশ যদুনন্দনঃ ॥ ৮৮

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বণি ধন্যোপাখ্যানং নাম দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১১০ ॥

যে, জনার্দন! আপনি আশ্চর্য্য ও ধন্য। তিনিই এস্থানে আপনাদের সকলের মধ্যে বর্ত্তমানে বিরাজমান আছেন। ৮২

তিনিই আজ আমার সেই বাক্যের যে উত্তর দিয়াছেন—দক্ষিণাসমূহ সহ আমি যজ্ঞ ও আহুতি; ইহাই আমার সেই প্রশ্নের পর্য্যাপ্ত উত্তর আমি প্রাপ্ত হইয়াছি। ৮৩

কারণ, দক্ষিণাসমূহ সহ বিষ্ণুই সকল যজ্ঞের আশ্রয়, সেই জন্য তিনি "দক্ষিণাসমূহ সহ" এই কথা বলিলে পর আমার প্রশ্ন সমাপ্ত হইয়া গিয়াছে। ৮৪

পূর্ব্বে কচ্ছপ ধন্যতার প্রতিপাদন আরম্ভ করিয়াছিল, তাহাপর পরাম্পরা-ক্রমে এস্থানে এই দক্ষিণাসহ পরমপুরুষ শ্রীকৃষ্ণে তাহার উপসংহার হইল; অতএব কে ধন্য? এই বাক্যের উত্তর এ স্থলে প্রতিপাদিত হইল। ৮৫

আপনারা আমার পূর্ব্বোক্ত বাক্যের যে তাৎপর্য্য জিজ্ঞাসা করিয়াছিলেন, তাহার বিষয়ে আমি এই সব কিছুই আপনাদের বলিলাম। এখন আমি দেবলোকে আসিয়াছিলাম, সেইজন্যই স্মরণ করিতেছি। ৮৬

নারদ স্বর্গলোকে গমন করিলে পর সেই সমস্ত ভূপতিগণ বিস্মিত হইয়া সৈন্য ও বাহনসকল সহ নিজ নিজ রাজ্য রক্ষা করিলেন। ৮৭

তাহার পর যদুকুলের আনন্দবর্দ্ধন বীর জনার্দ্দনও অগ্নিতুল্য তেজস্বী যদুবংশীয় বীরগণের সহিত নিজেরই ভবনে প্রবিষ্ট হইলেন। ৮৮

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বে ধন্যোপাখ্যান-নামক দশাধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত

একাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

[শ্রীকৃষ্ণস্য মহিমা ব্রাহ্মণ-বালকা রক্ষিতুং শ্রীকৃষ্ণস্যাগমতিং গৃহীত্বার্জুনস্য গমনম্]

জনমেজয় উবাচ।

ভূয় এব মহাবাহো কৃষ্ণস্য জগতাংপতেঃ।
মাহাত্ম্যং শ্রোতুমিচ্ছামি পরমং দ্বিজসত্তম ॥ ১
নহি মে তৃপ্তিরত্যন্ত শৃণ্বতস্তস্য ধীমতঃ।
কর্ম্মণামনুসন্তানং পুরাণস্য মহাত্মনঃ ॥ ২

বৈশম্পায়ন উবাচ।

নাস্তঃ শক্যঃ প্রভাবস্য বক্তুং বর্ষশতৈরপি।
গোবিন্দস্য মহারাজ শ্রূয়তামিদমুত্তমম্ ॥ ৩
শরতল্পে শয়ানেন ভীষ্মেণ পরিচোদিতঃ।
গাণ্ডীবধন্বা বীভৎসুর্মাহাত্ম্যং কেশবস্য যৎ ॥ ৪

একাদশাধিকশততম অধ্যায়।

[শ্রীকৃষ্ণের মহিমা,—ব্রাহ্মণ বালককে রক্ষা করিবার জন্য শ্রীকৃষ্ণের আজ্ঞা লইয়া অর্জুনের গমন।]

জনমেজয় বলিলেন,—মহাবাহো! দ্বিজশ্রেষ্ঠ! আমি পুনরায় জগদীশ্বর শ্রীকৃষ্ণের উত্তম মাহাত্ম্য শ্রবণ করিতে অভিলাষী হইয়াছি। ১

সেই পরম বুদ্ধিমান্ মহাত্মা পুরাণপুরুষ শ্রীকৃষ্ণের কর্ম্মসমূহের পরম্পরা শ্রবণ করিয়া আমার এস্থানে তৃপ্তিলাভ হইতেছে না (বরং উত্তরোত্তর শ্রবণের ইচ্ছা বর্দ্ধিত হইতেছে)। ২

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ জনমেজয়! ভগবান্ গোবিন্দের প্রভাবের পূর্ণরূপে বর্ণনা করা—তাহার অন্তকথা বলা শতবর্ষেও সম্ভব হইবে না। অতএব তাঁহার এই এক অদ্ভুত মাহাত্ম্য শ্রবণ কর। ৩

মহারাজ কুরুনন্দন! বাণশয্যায় শয়ান পিতামহ ভীষ্মের আজ্ঞা প্রাপ্ত হইয়া গাণ্ডীবধন্বা অর্জুন সমস্ত রাজগণের মধ্যে

রাজ্ঞাং মধ্যে মহারাজ জ্যেষ্ঠঃ ভ্রাতৃবরব্রবীৎ।
যুধিষ্ঠিরং জিতামিত্রমিতি তচ্ছৃণু কৌরব ॥ ৫

অর্জুন উবাচ।

পুরাহং দ্বারকাং যাতঃ সম্বন্ধীনবলোকনঃ।
ন্যবসং পূজিতস্তত্র ভোজ-বৃষ্ণ্যন্ধকৈস্তথৈঃ ॥ ৬
তত্রঃ কদাচিদ্ধর্মাত্মা দীক্ষিতো মধুসূদনঃ।
একাহেন মহাবাহুঃ শাস্ত্রদৃষ্টেন কর্মণা ॥ ৭
ততো দীক্ষিতমাসীনমভিগম্য দ্বিজোত্তমঃ।
কৃষ্ণং বিজ্ঞাপয়ামাস ত্রাহি ত্রাহীতি চাব্রবীৎ ॥ ৮

ব্রাহ্মণ উবাচ

রক্ষাধিকারো ভবতঃ পরিত্রায়স্ব মাং বিভো।
চতুর্থাংশং হি ধর্মস্য রক্ষিতা লভতে ফলম্ ॥ ৯

বাসুদেব উবাচ

ন ভেতব্যং দ্বিজশ্রেষ্ঠ রক্ষামি ত্বাং কৃতো ভয়ম্
ব্রূহি তত্ত্বেন ভদ্রং তে সহপি স্যাৎ সুদুষ্করম্ ॥ ১০

ব্রাহ্মণ উবাচ

জাতো জাতো মহাবাহো পুত্রো মে ত্রিয়তেঽনঘ।
ত্রয়ো হ্যতাস্তথূর্থং ত্বং কুরু রক্ষিতুমর্হসি ॥ ১১
ব্রাহ্মণ্যাং স্মৃতিকালেঽস্য তত্র রক্ষা বিধীয়তাম্।
যথা ত্রিয়েরপত্যং মে তথা কুরু জনার্দন ॥ ১২

অর্জুন উবাচ।

ততো মামাহ গোবিন্দো দীক্ষিতোঽহং ক্রতাবিতি।
রক্ষা চ ব্রাহ্মণে কার্যা সর্ব্যবত্নাগতৈরপি ॥ ১৩
ক্রতাহমেবং কৃষ্ণস্য বচোঽবোচং নরাধিপ।
মাং নিবোধস্ব গোবিন্দ রক্ষিতব্যোঽয়ং দ্বিজঃ ত্বয়া ॥ ১৪
ইত্যুক্তঃ স স্মিতং কৃত্বা মামুবাচ জনার্দনঃ।
শক্যাসীত্যেবমুক্তস্ত ব্রীড়িতোঽহং নরাধিপ ॥ ১৫
ততো মাং ব্রীড়িতং দৃষ্ট্বা পুনরাহ জনার্দনঃ।
গম্যতাং কৌরবশ্রেষ্ঠ শক্যতে যদি রক্ষিতুম্ ॥ ১৬

নিজের শক্তিবিষয়ে জ্যেষ্ঠ ভ্রাতা যুধিষ্ঠিরকে ভগবান্ কেশবের যে মাহাত্ম্য বলিয়াছিলেন তাহা বলিতেছি, শ্রবণ কর ॥ ৫-৩

অর্জুন বলিলেন,—পূর্ব্বে একদিন আমি নিজের সম্বন্ধীদিগকে দর্শন করিবার জন্য দ্বারকাপুরী গিয়াছিলাম। সেখানে ভোজ, বৃষ্ণি ও অন্ধক বীরগণের দ্বারা সম্মানিত হইয়া আমি কয়েকদিন বাস করিয়াছিলাম ॥ ৬

একদিন ধর্মাত্মা মহাবাহু মধুসূদন শাস্ত্রোক্ত বিধি অনুসারে একাহ সাধ্য সোমযাগের দীক্ষা গ্রহণ করেন ॥ ৭

ভগবান্ শ্রীকৃষ্ণ দীক্ষা গ্রহণ করিয়া বসিয়া আছেন, এমন সময় এক শ্রেষ্ঠ ব্রাহ্মণ তাঁহার পার্শ্বে উপস্থিত হইয়া নিজের সঙ্কট নিবেদন করিলেন এবং বলিলেন—প্রভো! রক্ষা করুন, রক্ষা করুন ॥ ৮

ব্রাহ্মণ পুনরায় বলিলেন,—প্রভো! রক্ষা করা আপনার অধিকার, আপনি আমাকে রক্ষা করুন; কারণ, যিনি রক্ষা করেন, তিনি রক্ষিত পুরুষের ধর্ম্মের চতুর্থাংশ ফল লাভ করিয়া থাকেন ॥ ৯

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—দ্বিজশ্রেষ্ঠ! তুমি ভয় করিও না। আমি তোমাকে রক্ষা করিব। তোমার কল্যাণ হউক। তুমি যথাযথভাবে বল কোথা হইতে তোমার ভয় আসিয়াছে? যদি তাহা অত্যন্ত দুষ্কর কার্য্যও হয়, তথাপি তাহা বলিতে সঙ্কোচ করিও না ॥ ১০

ব্রাহ্মণ বলিলেন,—মহাবাহো! নিষ্পাপ শ্রীকৃষ্ণ! যখনই আমার কোনও পুত্র জন্মগ্রহণ করে, তখনই কাল তাহাকে হরণ করিয়া লইয়া যায়। এইভাবে আমার তিন পুত্র কাল কর্ত্তৃক অপহৃত হইয়াছে। এখন আমার চতুর্থ পুত্রের জন্ম আসন্ন, অতএব আপনিই তাহাকে রক্ষা করিবার যত্ন করুন ॥ ১১

জনার্দন! আজ রাত্রিশেষে আমার পত্নীর প্রসবের সময়; অতএব সেখানে আপনি রক্ষার বিধান করুন। আমার এই সন্তান যাহাতে জীবিত থাকিতে পারে, সেরূপ উপায় আপনি অবলম্বন করুন ॥ ১২

অর্জুন বলিলেন,—তখন ভগবান্ গোবিন্দ আমাকে বলিলেন,—পার্থ! আমি ত' যজ্ঞে দীক্ষা গ্রহণ করিয়াছি, কিন্তু সকল অবস্থাতেই ব্রাহ্মণকে সর্ব্বতোভাবে রক্ষা করা উচিত ॥ ১৩

নরেশ্বর! শ্রীকৃষ্ণের এরূপ বাক্য শ্রবণ করিয়া আমি তাঁহাকে বলিলাম—গোবিন্দ! আপনি আমাকে এই কার্য্যে নিযুক্ত করুন। আমি এই ব্রাহ্মণকে ভয় হইতে রক্ষা করিব ॥ ১৪

নরনাথ! আমি এই কথা বলিলে পর জনার্দন ঈষৎ হাস্য করিয়া আমাকে বলিলেন,—কি, তুমি রক্ষা করিবে? তিনি এই কথা বলিলে আমি লজ্জিত হইয়া পড়িলাম ॥ ১৫

তখন আমাকে লজ্জিত জানিয়া জনার্দন পুনরায় বলিলেন—

ত্বৎপুরোগাংশ্চ রক্ষস্ত বৃষ্ণ্যন্ধকমহারথাঃ।
অহং রামঃ মহাবাহুঃ প্রত্যূহাম্ব মহাবলম্ ॥ ১৭
ততোঽহং বৃষ্ণিসৈন্যেন মহতা পরিবারিতঃ।

তমব্রুতো দ্বিজঃ কৃত্বা প্রস্থাতঃ সহ সেনয়া ॥ ১৮
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্বণি
বাসুদেবমাহাত্ম্যে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১১১

কৌরবশ্রেষ্ঠ! যদি তুমি রক্ষা করিতে সমর্থ হও, তবে গমন কর। ১৬

মহাবাহু বলরাম ও মহাবল ভগ্নীয় যাতীত অন্য বৃষ্ণি ও অন্ধকবংশের মহারথীরা তোমাকে অগ্রবর্তী করিয়া গমন করুক এবং এই ব্রাহ্মণকে রক্ষা করুক। ১৭

তখন আমি বৃষ্ণিবীরগণের বিশাল সৈন্যবাহিনীতে পরিবৃত হইয়া সেই ব্রাহ্মণকে অগ্রে করত সৈন্যসহ প্রস্থিত হইলাম। ১৮

শ্রীমহাভারতের খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্বে বাসুদেবের মাহাত্ম্যবিষয়ক একাদশাধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

[অরক্ষিতে ব্রাহ্মণ-বালকে ব্রাহ্মণেনার্জুনস্য তিরস্কারঃ, শ্রীকৃষ্ণেন সহ তস্যোত্তরস্যাং দিশি গমনঞ্চ]

অর্জুন উবাচ

মুহূর্তেন বয়ং গ্রামং তং প্রাপ্য ভরতর্ষভ
বিশ্রান্তবাহনাঃ সর্বে নিবাসায়োপসংস্থিতাঃ ॥ ১

ততো গ্রামস্য মধ্যেঽহং নিবিষ্টঃ কৃষ্ণসন্নিধৌ।
সমন্তাদ্ বৃষ্ণিসৈন্যেন মহতা পরিবারিতঃ ॥ ২

ততঃ শকুনয়ো দীপ্তা মৃগাশ্চ ক্রূরভাষিণঃ
দীপ্তায়াং দিশি বাশন্তো ভয়মাবেদয়ন্তি মে ॥ ৩

সন্ধ্যারাগো জপাবর্ণো ভাগ্যমাংশ্চৈব নিষ্প্রভঃ।
পপাত মহতী চোল্কা পৃথিবীং চাপ্যকম্পত ॥ ৪

তান্ সমীক্ষ্য মহোৎপাতান্ ন দারুণাল্লোমহর্ষণান্।
যোগমাস্থায় তত্র ত্বমস্যোৎপতিতেতসম্ ॥ ৫

মৃষ্ণানপুরোগাংশ্চ বৃষ্ণ্যন্ধকমহারথাঃ
সর্বে যুক্তরথাঃ সজ্জাঃ স্থাস্যন্তি তথাভবম্ ॥ ৬

গতেঽর্ধরাত্রসময়ে ব্রাহ্মণো ভয়বিক্লবঃ।
উপাগম্য তদাস্মাভির্বচনমব্রবীৎ ॥ ৭

কালোঽয়ং সমনুপ্রাপ্তো ব্রহ্মণাং প্রসবস্য মে।
তথা ভবন্তস্তিষ্ঠন্তু ন ভবেৎ বঞ্চনা যথা ॥ ৮

মুহূর্তাদেব চাস্ত্রৌঘৈঃ কৃপণং ক্রন্দিতস্বনম্।
তস্য বিপ্রস্য ভবনে ত্রিভিস্ত্রিভিরিতি ৮ ॥ ৯

উল্কাপাত হইতে লাগিল এবং পৃথিবী কাঁপিতে আরম্ভ করিল ॥৪

এই ভয়ঙ্কর ও রোমাঞ্চকর মহোৎপাতসমূহ লক্ষ্য করিয়া সাত্যকি প্রভৃতি বৃষ্ণি ও অন্ধকবংশের মহারথী বীরগণ উদ্বেগচিত্ত সকল মানুষকে সজ্জিত হইবার জন্য আজ্ঞাদান করিলেন। সকলেরই রথ যোজিত করা হইল এবং সকলেই তখন সুসজ্জিত হইলেন। তরু আমিও সর্বতোভাবে প্রস্তুত হইলাম ॥ ৫-৬

যখন অর্ধরাত্রি সময় অতিবাহিত হইল, তখন ব্রাহ্মণ ভয়ে ব্যাকুল হইয়া আমাদের নিকট আগমন করত তীব্রচিত্তে এই কথা বলিলেন ॥ ৭

আমার ব্রাহ্মণীর প্রসবের এই সময় আসিয়া উপস্থিত হইয়াছে, অতএব আপনারা সেইভাবে প্রস্তুত থাকুন, যাহাতে না বঞ্চিত হইতে হয় ॥ ৮

তারপর মুহূর্তকালের পরেই ব্রাহ্মণের গৃহের অন্যে করুণ রোদন শব্দ আমি শুনিতে পাইলাম। তখন সকল লোক বলিতেছিল—হায়! বালককে হরণ করিয়া লইয়া যাইতেছে, হরণ করিয়া লইয়া যাইতেছে ॥ ৯

অথাকাশে পুনর্বাচমশ্রৌষং বালকস্য বৈ
উঁহেতি ত্রিয়মাণস্য ন চ পশ্যামি রাক্ষসম্ ॥ ১০
ততোঽস্ত্রাভিস্তদা তাত শরবর্ষৈঃ সমন্ততঃ।
বিহ্বলিতা দিশঃ সর্বা হৃত এব স বালকঃ ॥ ১১
ব্রাহ্মণোঽহমুর্ব্বরস্থঃ কৃত্বা হৃতে তস্মিন্ কুমারকে।
বাচঃ স পরুষাস্তীব্রাঃ শ্রাবয়ামাস মাং তদা ॥ ১২
বৃষ্ণয়ো হতসঙ্কল্পাস্তথাহং নষ্টচেতনঃ।
মামেবং বি বিশেষেণ ব্রাহ্মণঃ প্রত্যভাষত ॥ ১৩
রক্ষিষ্যামীতি চোক্তঃ ত্বে ন চ রক্ষিতবানসি।
শৃণু বাক্যমিদং শেষং যদ্যমর্হসি তচ্চার্জুন ॥ ১৪
বৃথা ত্বং স্পর্দ্ধসে নিত্যং কৃষ্ণেনামিতবুদ্ধিনা।
যদি স্যাদিহ গোবিন্দো নৈতদস্ত্যাহিতং ভবেৎ ॥ ১৫
যথা চতুর্থং ধর্ম্মস্য রক্ষিতা লভতে ফলম্
পাপস্যাপি তথা মূঢ় ভাগং প্রাপ্নোত্যরক্ষিতা ॥ ১৬

রক্ষিষ্যামীতি চোক্তঃ ত্বে ন চ শক্তোঽসি রক্ষিতুম্।
মোঘং গাণ্ডীবমেতত্তে মোঘৌ বাহূ বলঞ্চ তে ॥ ১৭
অতিক্ষিপ্তঞ্চ তৎ বিপ্রঃ ততোঽহমুপ প্রস্থিতস্তথা।
সহ বৃষ্ণ্যন্ধকস্ত্রীভির্হৃতে কৃষ্ণে মহাত্মনি ॥ ১৮
ততো দ্বারবতীং গত্বা দৃষ্ট্বা মধুনিষূদনম্।
ব্রীড়িতঃ শোকসন্তপ্তো গোবিন্দেনোপলক্ষিতঃ ॥ ১৯
স তু মাং ব্রীড়িতং দৃষ্ট্বা বিনিন্দন্ কৃষ্ণসন্নিধৌ।
মোচ্যং পশ্যত মে যোঽয়ং ব্রহ্মদণ্ডং ক্লীবকৃতনম্ ॥ ২০
ন প্রদ্যুম্নো নানিরুদ্ধো ন রামো ন চ কেশবঃ।
যত্র শক্তাঃ পরিত্রাতুং কোঽন্যস্তত্রভবনেশ্বরঃ ॥ ২১
ধিগর্জ্জুনং বৃথানাদং ধিগ্যাতুলাস্ত্রিনো ধনুঃ
দৈবাপসৃষ্টো যো মৌর্খ্যাদাত্মগুপ্তিং চ দুর্ম্মতিঃ ॥ ২২
এবং শপতি বিপ্রস্যৌ বিস্তামাস্থায় বৈষ্ণবীম্।
যদ্যৌ সংযমনীং যাতৌ যত্রাস্তে ভগবান্ যমঃ ॥ ২৩

তারপর আকাশে আমি অপহৃত বালকের 'উঁহ' এই শব্দ শুনিতে পাইলাম, কিন্তু তাহার অপহরণকারী রাক্ষসকে আমি দেখিতে পাইলাম না। ১০

তাত! তখন আমরা বাণ বর্ষণ করত চারিদিক্ বিদ্ধ সমস্ত দিককে স্তব্ধ করিলাম বটে, তথাপি সেই বালক অপহৃতই হইল। ১১

সেই কুমার অপহৃত হইলে পর ব্রাহ্মণ আর্ত্তনাদ করিয়া সেই সময় আমাকে তীব্র কর্কশ ভাষায় এই সব কথা শুনাইতে আরম্ভ করিলেন। ১২

সেই সময় বৃষ্ণিবংশীয় বীরগণ সঙ্কল্পচ্যুত হইলেন এবং আমিও যেন চৈতন্য হারাইয়া ফেলিলাম। সেই ব্রাহ্মণ বিশেষতঃ আমাকে এইরূপ বলিতে লাগিলেন। ১৩

দুর্ম্মতে! তুমি যে বলিয়াছিলে 'আমি রক্ষা করিব', কিন্তু তুমি রক্ষা করিলে না; অতএব তুমি আমার এই শেষ কথা শ্রবণ কর, তুমি ইহারই পাত্র। ১৪

তুমি অমিতবুদ্ধিমান্ ভগবান্ শ্রীকৃষ্ণের সহিত সদা বৃথাই স্পর্দ্ধা কর। যদি সেই ভগবান্ গোবিন্দ দ্বারকা প্রভৃতি স্থানে উপস্থিত থাকিতেন, তাহা হইলে এই দুর্ঘটনা ঘটিত না। ১৫

যেরূপ রক্ষাকারী ক্ষত্রিয় রক্ষিত পুরুষের ধর্ম্মের চতুর্থাংশ ফল প্রাপ্ত হয়, সেইরূপ রক্ষা না করিলে সেই পুরুষ অরক্ষিত ব্যক্তির পাপেরও ভাগী হইয়া থাকে। ১৬

তুমি ঘোষণা করিয়াছিলে যে, আমি রক্ষা করিব; কিন্তু তুমি রক্ষা করিতে সমর্থ নও। তোমার এই গাণ্ডীব ধনু ব্যর্থ। তোমার পরাক্রম ও যশও ব্যর্থ। ১৭

তখন সেই ব্রাহ্মণকে আমি কিছু না বলিয়া দুঃখি ও অন্তঃপুরের সেই রাজকুমারগণের সহিত প্রস্থিত হইয়া সেই স্থানে আসিলাম, যেস্থানে মহাতেজস্বী শ্রীকৃষ্ণ বিরাজমান ছিলেন। ১৮

দ্বারকায় উপস্থিত হইয়া মধুসূদনকে দর্শন করত আমি লজ্জিত ও শোকে সন্তপ্ত হইয়া উঠিলাম। শ্রীগোবিন্দ আমার এই অবস্থাকে লক্ষ্য করিলেন। ১৯

ইহার পরে সেই ব্রাহ্মণ আসিয়া আমাকে লজ্জিত দর্শন করত ভগবান্ শ্রীকৃষ্ণের নিকটেই এইভাবে বিদ্রূপ বাক্য বলিতে আরম্ভ করিলেন—অহো! আমার দুর্মতা দেখুন। আমি এই কাতর বা নপুংসকের বাক্যে বিশ্বাস করিয়াছিলাম। ২০

যেখানে না প্রদ্যুম্ন, না অনিরুদ্ধ, না বলরাম এবং না শ্রীকৃষ্ণও রক্ষা করিতে সমর্থ, সেখানে অন্য কোন্ পুরুষ রক্ষা করিতে সমর্থ হইতে পারে? ২১

বৃথা বাক্যাড়ম্বরী এই অর্জুনকে ধিক্! মিথ্যা আত্মশ্লাঘাকারী এই অর্জুনের ধনুকেও ধিক্! কারণ, এই দুর্মতি পুরুষ স্বয়ই দৈবের দ্বারা উপহৃত রহিয়াছে, তথাপি সে মূর্খতাবশতঃ আমাকে রক্ষা করিতে আসিয়াছিল। ২২

(বৈশম্পায়ন বলিলেন,—) সেই রশ্মি যখন এইভাবে আক্ষেপ করিতেছিলেন, তখন বীর অর্জুন বৈষ্ণবী বিদ্যা

বিপ্রপত্ত্যাবচক্ষাণস্তত ঐন্দ্রীমদাৎ পুরীম্
আগ্নেয্যাং নৈর্ঋতীং সৌম্যাযুদীচীং বারুণীং তথা ॥১৩
রসাতলং নাকপৃষ্ঠং বিক্ষোস্তস্যাদ্যাধ্বং।
ততোঽলর্ক্ক। দ্বিজসুতমনিন্দ্যৈর্গতিপ্রশ্রয়ঃ ॥১৪
অগ্নিং বিবিক্ষুঃ কৃষ্ণেন প্রচ্যাব্রেন নিষেধিতঃ।
দর্শয়ে দ্বিজসূনুং তে মাবজ্ঞাস্তানমাত্মনা ॥১৬
কীর্ত্তিং ত এতে বিপুলাং স্থাপয়িষ্যন্তি মানবাঃ।
ইতি সন্ত্রাস্য মাং স্নেহাৎ সমাশ্বাস্য চ মাধবঃ ॥১৭
সাত্ত্বয়িত্বা তু তং বিপ্রমিদং বচনমব্রবীৎ

সুপ্রীতশ্চৈব শৈব্যাঙ্গে মেঘপুষ্প-বলাহকৌ ॥১৮
যোজয়াশ্বানিতি তদা দারুকঃ প্রত্যভাষত।
আরোপ্য ব্রাহ্মণং কৃষ্ণো ধ্রুবরোপ্য চ দারুকম্ ॥১৯
মামুবাচ ততঃ সৌরিঃ সারথ্যং ক্রিয়তামিতি।
ততঃ সমাধায় রথং কৃষ্ণোঽহং ব্রাহ্মণঃ স চ।
প্রযাতাঃ স্ম নিশং সৌম্যামুদীচীং কৌরবর্ষভ ॥৩০

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বণি
বাসুদেবমাহাত্ম্যে শ্রীকৃষ্ণস্যোদীচীগমনে
দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১১১

অবলম্বন করত সংযমনপুরীতে গমন করিলেন, যেস্থানে ভগবান্ যম বিরাজমান ছিলেন। ১৩

সেস্থানে ব্রাহ্মণের বালককে না দেখিয়া তিনি ক্রমশঃ ইন্দ্র, অগ্নি, নির্ঋতি, সোমের উত্তরা এবং বরুণ—ইঁহাদের সকলের পুরীতে গমন করিলেন। ১৭

তাহার পর তিনি নিজের অধঃপুরে লইয়া রসাতল এবং স্বর্গেও গমন করিলেন। ইহাতেও তিনি সেই ব্রাহ্মণ বালককে না পাইয়া নিজের প্রতিজ্ঞা পূর্ণ করিতে পারিলেন না; অতএব তিনি প্রজ্বলিত অগ্নিতে প্রবেশ করিতে উদ্যত হইলেন। সেই সময় শ্রীকৃষ্ণ ও প্রাচ্য আসিয়া ইঁহাকে সেরূপ করিতে নিষেধ করিলেন এবং বলিলেন,—আমি ব্রাহ্মণ বালককে তোমায় দেখাইয়া দিব, তুমি কদাচ নিজেকে অবজ্ঞা করিও না। এই

সন্তানের মনস্তুষ্টি হেতুক সুবিস্তৃত কীর্ত্তি ভগতে স্থাপিত করিবে। ১৪-১৭

অর্জুন বলিলেন হেতুবশতঃ এইরূপ বাক্য বলিয়া মাধব আমাকে আশ্বাস দান করত এবং সেই ব্রাহ্মণকে সান্ত্বনা দান পূর্ব্বক সারথি দারুককে এই রূপ বলিলেন। ১৮

দারুক! তুমি সুপ্রীত শৈব্য, মেঘপুষ্প ও বলাহক নামক অশ্বগণকে রথে যোজিত কর। সেই সময় তিনি ব্রাহ্মণকে রথে আরোহণ করাইয়া এবং দারুককে রথ হইতে নামাইয়া দিয়া আমাকে বলিলেন,—তুমি সারথির কার্য্য কর। ২১

কৌরবশ্রেষ্ঠ! তাহার পর শ্রীকৃষ্ণ, আমি ও সেই ব্রাহ্মণ তিনজনে সেই রথে বসিয়া সোম্যসংজ্ঞক উত্তর দিকে গমন করিলাম। ৩০

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বে বাসুদেবের মাহাত্ম্যপ্রসঙ্গে শ্রীকৃষ্ণের উত্তর দিকে গমনবিষয়ক দ্বাদশাধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥

[ভগবতা শ্রীকৃষ্ণেন ব্রাহ্মণ-পুত্রাণামানয়নম্।]

অর্জ্জুন উবাচ।

ততঃ পর্ব্বতাজালানি সরিতশ্চ বনানি চ।
অপশ্যং সমতিক্রম্য সাগরং বরুণালয়ম্ ॥ ১

ততোঽহমুদধিং সাক্ষাদুপনীয় জনার্দ্দনম্।
স প্রাঞ্জলিঃ সমুত্থায় কিং করোমীতি চাব্রবীৎ ॥২
প্রতিগৃহ্য স তাং পূজাং তমুবাচ জনার্দ্দনঃ।
রথপথানমিচ্ছামি ত্বয়া দত্তং নদীপতে ॥ ৩
অথাব্রবীৎ সমুত্তস্থৌ প্রাঞ্জলির্বরুণাত্মজম্।
প্রসীদ ভগবন্নেবমাজ্ঞাপ্যোঽস্মি গমিষ্যতি ॥ ৪

ত্রয়োদশাধিকশততম অধ্যায়।

[ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক ব্রাহ্মণ-পুত্রগণকে আনয়ন।]

অর্জ্জুন বলিলেন,—তদনন্তর বহু পর্ব্বতসমূহ, নদীসকল ও বনসমূহ অতিক্রম করিয়া আমি বরুণালয় সমুদ্রকে দর্শন করিলাম। ১

তাহার পর সেই সময় সাক্ষাৎ সমুদ্র ভগবান্ জনার্দ্দনকে অর্ঘ্য নিবেদন করত কৃতাঞ্জলি পূর্ব্বক ভগবান হইয়া বলিলেন,—প্রভো! আমি আপনার কি সেবা করিব? ২

সমুদ্রপ্রদত্ত পূজা গ্রহণ করত ভগবান্ জনার্দ্দন বলিলেন,—নদীপতে! আমি কামনা করি যে, তুমি আমাকে আমার এই রথ যাইবার জন্য পথ প্রদান কর। ৩

তখন সমুদ্র কৃতাঞ্জলি হইয়া বক্তব্যজ্ঞ শ্রীকৃষ্ণকে

ত্বদৃতে নাপিতঃ পূর্ব্বমগাধোঽস্মি জনার্দ্দন।
তস্মা প্রযচ্ছিতে মার্গে যাস্যামি গমনীয়তাম্ ॥ ৫
অন্যেঽপ্যেবং গমিষ্যন্তি রাজানো দর্পমোহিতাঃ।
এবং সঞ্চিন্ত্য গোবিন্দ যৎ ক্ষমং তৎ সমাচর ॥ ৬

বাসুদেব উবাচ।

ব্রাহ্মণার্থে মমত্বঞ্চ কৃতং সাগর মদ্বচঃ
মদৃতে ন পুমান্ কশ্চিদগস্ত্বা দর্ষয়িষ্যতি ॥ ৭
অথাব্রবীৎ সমুদ্রস্তু পুনরেব জনার্দ্দনম্।
অতিশাপভয়াদ্ভীতো বাঢ়মেবং ভবিষ্যতি ॥ ৮
শোষয়ামোর্ব্ব মার্গং তং যেন ত্বং কৃষ্ণ যাস্যসি।
রথেন সহসুস্তেন সঙ্গতঃ ত্বং কেশব ॥ ৯

বাসুদেব উবাচ

ময়া দত্তো বরঃ পূর্ব্বং ন শাস্ত্রং যাস্যতীতি তে
মানুষ্যান্তে ন জানীযুর্বিবিধান্ রত্নসঞ্চয়ান্ ॥ ১০
জলং স্তম্ভয় সাধো ত্বং ততো যাস্যাম্যহং রথী।
ন চ কশ্চিৎ প্রমাণং তে রত্নানাং বেৎস্যতে নরঃ ॥ ১১
সাগরেণ তথেত্যুক্তে প্রস্থিতাঃ স্মো জলেন বৈ।
স্তম্ভিতেন পথা ভূমৌ মণিবর্ণেন ভাস্বতা ॥ ১২
ততোঽর্ণবাৎ সমুত্তীর্য্য কুরুনপ্যুত্তরান্ বয়ম্।
অথেন সমতিক্রান্তা গন্ধমাদনমেব চ ॥ ১৩
ততস্তু পর্ব্বতাঃ সপ্ত কেশবং সমুপস্থিতাঃ।
জগ্মুস্তো বৈদূরস্তশ্চ নীলো রক্তস্তথৈবতঃ ॥ ১৪
মহামেরুঃ শ্বেতৈলাস ইন্দ্রকূটশ্চ নামতঃ।
বিভ্রাণা বর্ণরূপাণি বিবিধানদ্ভুতানি চ ॥১৫
উপস্থায় চ গোবিন্দং কিং কুর্ম্মোত্তাক্তবংস্তদা।
তাংশ্চৈব প্রতিজগ্রাহ বিধিবন্মধুসূদনঃ ॥ ১৬

বলিলেন,—ভগবন্! আপনি আমার উপর প্রসন্ন হউন। এইভাবে আমার মধ্য দিয়া পথ নির্ম্মাণ করাইবেন না, তাহা হইলে অন্য ব্যক্তিও এইরূপে ব্যবহার করিবে। ৬

জনার্দ্দন! পূর্ব্বে আপনিই আমাকে এইরূপে প্রতিষ্ঠিত করিয়াছেন। আমি অগাধ। আপনি যদি আমার মধ্য দিয়া গমন-পথ নির্ম্মাণ করান, তাহা হইলে আমি সকলের পক্ষেই গমনীয় (লঙ্ঘন করিয়া যাইবার যোগ্য) হইয়া যাইব। ৫

তখন দর্পে মোহিত অন্য সব রাজারাও আমাকে এইভাবে লঙ্ঘন করিয়া যাইবে। গোবিন্দ! এই কথা বিশেষভাবে পর্য্যালোচনা করিয়া যাহা উচিত বিবেচনা করিবেন, তাহাই করুন। ৬

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—সাগর! তুমি এই ব্রাহ্মণের জন্য আমার এই কথা মানিয়া লও, আমি ব্যতীত অন্য কোনও পুরুষ তোমাকে লঙ্ঘন করিয়া যাইতে পারিবে না। ৭

তখন সাগর ভয়ে ভীত হইয়া সমুদ্র পুনরায় জনার্দ্দনকে বলিলেন,—আচ্ছা, তাহাই হইবে। ৮

শ্রীকৃষ্ণ! কেশব! এই আমি আপনার পথ শুষ্ক করিয়া দিতেছি, যাহাতে আপনি সারথি ও অশ্ব সহ রথের দ্বারা যাত্রা করিতে পারেন। ৯

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—আমি পূর্ব্বে তোমাকে বর দিয়াছিলাম যে, তুমি কখনও শুষ্ক হইবে না এবং মধুসূদন তোমার মধ্যে স্থিত নানাপ্রকার রত্নরাশি জানিতে পারিবে না; সেইজন্য তুমি তোমার জলকে কেবল স্তম্ভিত কর। সাধো! এরূপ করিলে আমি রথে উপবিষ্ট থাকিয়া তোমার উপর দিয়া চলিয়া যাইতে পারিব এবং কোনও মানুষ তোমার রত্নসমূহের প্রমাণও জানিতে পারিবে না। ১০-১১

তখন সমুদ্র 'তথাস্তু' বলিয়া তাঁহার বাক্য স্বীকার করিয়া লইলেন। তারপর আমরা সকলে স্তম্ভিত জলপথ দিয়া যাইতে লাগিলাম। সেই পথ তখন ভূমিতে স্থিত প্রকাশমান মণিসমূহের প্রভায় উদ্ভাসিত হইতেছিল। ১২

তাহার পর আমরা সমুদ্র পার হইয়া উত্তর কুরুদেশে যাইয়া উপস্থিত হইলাম। তারপর অল্পকালের মধ্যেই গন্ধমাদন পর্ব্বতকেও অতিক্রম করিয়া যাইলাম। ১৩

তখনক্রমে জয়ন্ত, বৈজয়ন্ত, নীল, রক্তপর্ব্বত, মহামেরু, কৈলাস ও ইন্দ্রকূট নামে এই সাতটি পর্ব্বত ভগবান্ শ্রীকৃষ্ণের সেবায় উপস্থিত হইলেন। ইঁহারা তখন নানা প্রকারের অদ্ভুত রূপ-রঙ্গ ধারণ করিয়াছিলেন। ১৪-১৫

সেই সময় গোবিন্দের সেবায় উপস্থিত হইয়া তাঁহারা সকলে বলিতে লাগিলেন,—ভগবন্! আমরা আপনার কি সেবা করিব? তখন মধুসূদন বিধিপূর্ব্বক ইঁহাদের সকলের সৎকার গ্রহণ করিলেন। ১১

শ্রীশ্রীঠাকুরের বাণী

সগুণ সমাধি লাভ করিলে প্রাণ সুষুম্নায় প্রবেশ করিবে, সেখানে প্রণব ভিন্ন অন্য কোন মন্ত্র নাই অনধিকার অধিকার সুষুম্নার বাহিরে অধিকার উল্লঙ্ঘন করে অগ্রসর হতে গেলে গমনে বিলম্ব হবে পথে বাধা আসবে, অহঙ্কার হবে মূলকেন্দ্রে পৌঁছিতে বিলম্ব হবে। শুধু চীৎকার ছাড়া আর কিছু হবে না মা আমার দ্বার রুদ্ধ করে নিদ্রা যাবেন

(২)

সব আমার মা বস্ত্রে যেমন ওতপ্রোত-ভাবে সূত্র ভিন্ন আর কিছু নাই, সেইরূপ আমার মা ব্যতিরেকে আর কিছু নাই।

( )

মা'র আমার নির্গুণ ও সগুণ—এই দুইটি রূপ। নির্গুণরূপের তিন-পাদ অপ্রকাশ, একপাদে অনন্তকোটি ব্রহ্মাণ্ড ভাসিয়াছে

ASWIN 1383 B. S.
KARTIK 1383 B. S.

Regd. No. W B NC-57

Aryashastra

Mahabharata 100 101

Sept.—Nove. 1976

25 JUL 1977

শ্রীশ্রীঠাকুরের বাণী

মানুষের প্রধান দুঃখ অজ্ঞান, অজ্ঞানের অর্থ বহু-দর্শন একমাত্র পরম-পুরুষ নানারূপ ধারণ করতে বিরাজ করছেন মানব অজ্ঞানরূপে নর নারী, পশু-পক্ষী কীট পতঙ্গ, বৃক্ষ-লতা প্রভৃতি নানারূপ দর্শন করছে সাধন-ভজন যোগ-যাগ তপস্যা —সবই বহু দর্শন দূর করবার জন্য বাহ্যদেবঃ সর্বম্—ইহা অনুভব করবার জন্য, এ-জ্ঞান লাভ করলেই জনম মরণ নিবৃত্তি হয়

(২)

নাম কল্পতরু তাঁর কাছে মানুষ যা চায় তাই পায় ঘটি-বাটি, দুধের বদলে তাঁর কাছে চাওয়া বিষয় ঠকা। চাইতে হয় তো তোমাকেই চাই, বাস! এখানকার সেখানকার কোন চিন্তা থাকবে না

(৩)

দুষ্ট প্রারব্ধ—প্রথম প্রথম ভক্তকেও চঞ্চল করে, তার কারণ সর্বদা নাম ধরে থাকতে পারেন না। নাম ধরে থাকলে নাম করতে করতে অপকর্ম করা যায় না। নামের সংস্কার দৃঢ় হলে আর কা'রও অন্যায় করবার সামর্থ্য থাকে না।

—:০:—

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ ডি রোড, কলি—৩৫ হইতে প্রকাশিত ও শান্তিগোবান প্রেস, মহামিলন মঠ, পি. ডব্লিউ. ডি রোড, কলিকাতা-৩৫ হইতে মুদ্রাপিত।



আর্য্যশাস্ত্র

শ্রীশ্রী সীতারামদাস ওঙ্কারনাথ

শ্রীশ্রীঠাকুরের বাণী

"তোমার হাত, তোমার পা, তোমার চোখ, তোমার নাক, তোমার রক্ত তোমার মাংস, তোমার দেহ—সবই তোমার। তুমি তা' হলে তোমার দেহ হতে স্বতন্ত্র? যেমন তোমার বাড়ী তুমি নও, এ সবও তুমি নও,—তোমার দেহাদির অতীত যে 'তুমি' তাহাই আত্মা।"

(২)

মানে প্রত্যক্ষ দর্শন—এই প্রার্থনা থাক্ কায়-মনো-বাক্যে। তিনি অন্তর্যামী সেখানে ফাঁকি চলে না। অন্তের দোষারোপের কথাও ভুলে যাওয়া ভাল চাই প্রত্যক্ষ দর্শন।

(৩)

"তোমার দেখলে যেমন তোমার পিতামহের অনুমান হয়, সেইরূপ ইন্দ্রিয় অঙ্গ, মন লাগায় এবং বৃত্তিরূপ সারথিযুক্ত দেহরথ দেখলে, আত্মারোহীর অনুমান কেন না হবে?"

(৪)

"—বিশ্বাস দৃঢ় না হইলেও যদি সব সময় তোমাকে মনে পড়ে তাহা হইলে সুখ-দুঃখ অভিভূত করিতে পারে না, "সব তুমি" এই বিশ্বাস দৃঢ় হইলে ত' কথাই নাই।"

—:০:—

আর্য্যশাস্ত্র

হরিবংশ—১৩-১৪

১৫শ বর্ষ, পৌষ-ফাল্গুন, ১৩৮৩

ষষ্ঠ সংখ্যা ছাদনীযাত্রা
সপ্তম সংখ্যা—পুষ্যাভিষেকযাত্রা

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাসওঙ্কারনাথপ্রবর্ত্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতঃ-

হরিবংশঃ

শ্রীশ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথকৃতবঙ্গভাষানুবাদসহিতঃ।

মুখ্য-সম্পূজক

শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ এম-এ, ডি-লিট্
শ্রীনিত্যানন্দস্মৃতিতীর্থ

সহ-সম্পূজকসঙ্ঘ

শ্রীগ্রামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীমধুসূদন কাব্য-ব্যাকরণতীর্থ

তত্ত্বাধিকারী ঃ—

শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(ভারত সঙ্ঘরাজ্য)

মুখ্য-কর্ম্মাধিকর্ত্তা ঃ—

ডাঃ শ্রীজিতেন্দ্রনাথ দে
কিঙ্কর বিমলানন্দ

কার্য্যালয় ঃ—

প্রধান কার্য্যালয় ঃ—মহামিলন মঠ, ৭।৭, পি, ভরিউ, ডি, রোড, কলিকাতা-৩১ (ফোন ঃ ৫৮-২৭৩১)
সিটি —৩৮ সি, বিধানসরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা-৬ (ফোন নং ৩৪-৪৪০৮)

বার্ষিক মূল্য সডাক ১৮·· টাকা

প্রতি সংখ্যা ১·৭৫ টাকা।

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রপ্রচারক মাসিক পত্র। প্রতিমাসে ইহার ১টী সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ। বার্ষিক গ্রাহকমূল্য ভারতে ও বাংলাদেশে সডাক ৮০০ টাকা প্রতি সংখ্যা ১৭৫ ন. প.। অন্যত্র বার্ষিক সডাক ২৪০০ টাকা, প্রতি সংখ্যা ২.৫০ টাকা মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়। নিম্ন ঠিকানায় বার্ষিক মূল্য পাঠাইবেন—সম্পাদক, "আর্য্যশাস্ত্র", ৭।৭, পি,ডব্লিউ,ডি.রোড, কলি-৩৫

২। এই মাসিকপত্রে মধ্যাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, শ্রীবাল্মীকি-রামায়ণ, শ্রীবিষ্ণুপুরাণ, শ্রীমদ্ভাগবত, মহাভারত প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে হরিবংশ প্রকাশিত হইতেছে। তাহার পরও দেবী-ভাগবতাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে

৩। সকল প্রকার যোগাযোগ, অর্থাদি ও মাসিকপত্রের প্রাপ্তি-অপ্রাপ্তিবিষয়ক সমস্ত অভিযোগ-পত্রাদি "সম্পাদক, আর্য্যশাস্ত্র, মহামিলন মঠ, ৭/৭ পি. ডব্লিউ, ডি, রোড, কলি ৩৫ এই ঠিকানায় জানাইবেন। ফোন নং ৫৮-২৭৩১। মণি-অর্ডার কুপন ও পত্রাদিতে গ্রাহকগণ নাম-ঠিকানা এবং গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে লিখিবেন। ঠিকানা-পরিবর্ত্তন পূর্ব্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

মাসিকপত্রে কেবল মুদ্রণ সংক্রান্ত কোন ভুল থাকিলে "সম্পাদক, আর্য্যশাস্ত্র, শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয় ৭।২, পি. ডব্লিউ, ডি. রোড, কলিকাতা-৩৫" এই ঠিকানায় জানাইতে হইবে।

৪। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন মনে না করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে পত্রদাতা জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) পাঠাইবেন।

৫। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে। ডাকযোগ ব্যতীত কার্য্যালয়ে আসিয়া বা অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৬। উল্লিখিত ৩ ও ৫ নং নিয়মাবলী পালিত না হইলে পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

সম্পাদক—আর্য্যশাস্ত্র
শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২ পি. ডব্লিউ, ডি. রোড,
কলিকাতা—৩৫

তানুবাচ হৃষীকেশঃ প্রণামাবনতান্ স্থিতান্ ।
বিবরং গচ্ছতো মেঽদ্য রথমার্গঃ প্রদীয়তাম্ ॥ ১৭
তে কৃষ্ণস্য বচঃ শ্রুত্বা প্রতিগৃহ্য চ পর্বতাঃ
প্রদদুঃ কামতো মার্গং গচ্ছতো ভরতর্ষভ ॥ ১৮
তত্রৈবান্তর্হিতাঃ সর্বে তদাশ্চর্যতরং মম ।
অসক্তঞ্চ রথো যাতি মেঘজালেষিবাংশুমান্ ॥ ১৯
সপ্ত দ্বীপান্ সসিন্ধূংশ্চ সপ্ত সপ্ত গিরীনথ ।
লোকালোকং তথাতীত্য বিবেশ তমস্তদা ॥ ২০
ততঃ কদাচিদ্দুঃখেন রথমুদ্বহতস্তদা ।
পঙ্কভূতং হি তিমিরং স্পর্শাদ্ বিজ্ঞায় তে নৃপ ॥ ২১
অথ পর্বতভূতং তৎ তিমিরং সমপদ্যত
তদাসাদ্য মহারাজ নিষ্পন্দা হয়াঃ স্থিতাঃ ॥ ২২
ততশ্চক্রেণ গোবিন্দঃ পাটয়িত্বা তমস্তদা ।

আকাশং দর্শয়ামাস রথপথানমুত্তমম্ ॥ ২৩
নিষ্ক্রম্য তমসস্তস্মাদাকাশে রশ্মিতে তদা ।
ভবিষ্যামীতি সংজ্ঞা মে তস্মিন্ বিগত মম ॥ ২৪
ততস্তেজঃ প্রজ্বলিতমপশ্যন্তত্রদাদ্ভুতে ।
সর্বলোকং সমাবিশ্য স্থিতং পুরুষবিগ্রহম্ ॥ ২৫
তং প্রবিষ্টো হৃষীকেশো দীপ্তং তেজোনিধিং তদা ।
রথ এব স্থিতশ্চাহং স চ ব্রাহ্মণদারকঃ ॥ ২৬
স মুহূর্তাদ্ততঃ কৃষ্ণো নিষ্ক্রম্য তদা প্রভুঃ ।
চতুরো বালকান্ গৃহ্য ব্রাহ্মণস্যাত্মজাংস্তদা ॥ ২৭
প্রদদৌ ব্রাহ্মণায়াথ পুত্রান্ সর্বান্ জনার্দনঃ ।
ত্রয়ঃ পূর্বং জিতা যে চ সন্তোঽন্তর্জলবালকাঃ ॥ ২৮
প্রজগ্মুর্ব্রাহ্মণস্যৈব পুত্রান্ দৃষ্ট্বা পুনঃ প্রভো ।
অহঞ্চ পরমপ্রীতো বিস্মিতশ্চাভবংস্তদা ॥ ২৯

প্রণাম করত বিনীতভাবে দণ্ডায়মান সেই সব পর্বতকে হৃষীকেশ এই কথা বলিলেন,—পর্বতগণ! আমি আজ এক গূঢ় স্থানে যাইতেছি, তোমরা আমাকে রথের মার্গ (পথ) প্রদান কর ॥ ১৭

ভরতশ্রেষ্ঠ! ভগবান্ শ্রীকৃষ্ণের এই বাক্য শ্রবণ করিয়া তাঁহার আজ্ঞা শিরোধার্য করত সেই সব পর্বত যাইবার সময় তাঁহাকে তাঁহার ইচ্ছানুসারে মার্গ প্রদান করিলেন ॥ ১৮

তাহার পর সেখানে তাঁহারা সকলেই অন্তর্হিত হইয়া যাইলেন। ইহা তখন আমার নিকট অত্যন্ত আশ্চর্য বলিয়া মনে হইতে লাগিল। রথ তখন বিনা বাধায় সেইভাবে যাইতে লাগিল, যেরূপ কিরণমালাপরিবেষ্টিত সূর্য মেঘমণ্ডল ভিন্না অনায়াসভাবে গমন করিয়া থাকে ॥ ১৯

সপ্ত দ্বীপ, সপ্ত সমুদ্র এবং প্রত্যেক দ্বীপের সাতটি করিয়া কুলপর্বত অতিক্রম করিয়া লোকালোক পর্বত অতিক্রম করত সেই রথ ঘোর অন্ধকারে প্রবিষ্ট হইল ॥ ২০

তখন অত্যন্ত কষ্টসহকারে রথ বহন করিতে লাগিল। নৃপ! সেই অন্ধকার পঙ্কের ন্যায় উপলব্ধ হইতেছিল, যাহা স্পর্শ করিলে জ্ঞাত হওয়া যায় ॥ ২১

তাহার পর সেই অন্ধকার পর্বতরূপে প্রাপ্ত হইলাম। মহারাজ! তাহার নিকটে যাইয়া অশ্বগণ নিশ্চেষ্ট হইয়া দাঁড়াইয়া পড়িল ॥ ২২

তখন গোবিন্দ স্বীয় সুদর্শন চক্রের দ্বারা সেই অন্ধকারকে বিদীর্ণ করত আকাশ (অবকাশ) দেখাইয়া দিলেন, যাহা সেই রথের পক্ষে উত্তম মার্গ ছিল ॥ ২৩

সেই অন্ধকার হইতে নিষ্ক্রান্ত হইয়া আকাশ দর্শন করিলে পর আমার এই জ্ঞান হইল যে, এখন আমি জীবিত থাকিব, তারপর আমার সমস্ত দুঃখ দূর হইয়া যাইল। ২৪

ইহার পর আমি আকাশে এক প্রজ্বলিত তেজ দর্শন করিলাম, যিনি পুরুষাকারে বিদ্যমান ছিলেন। তিনি সমস্ত লোকসমূহ ব্যাপ্ত করিয়া বিরাজমান ছিলেন বলিয়া মনে হইতেছিল ॥ ২৫

সেই সময় ভগবান্ হৃষীকেশ সেই প্রজ্বলিত তেজের রাশিতে প্রবিষ্ট হইয়া যাইলেন ; কিন্তু আমি ও সেই রেষ্ঠ ব্রাহ্মণ রথেই অবস্থান করিতে লাগিলাম ॥ ২৬

তাহার পর মুহূর্তকালের মধ্যেই ভগবান্ শ্রীকৃষ্ণ ব্রাহ্মণের চার বালককে সঙ্গে লইয়া সেখান হইতে বাহির হইয়া আসিলেন ॥ ২৭

ব্রাহ্মণের তিন বালক পূর্বেই অপহৃত হইয়াছিল এবং চতুর্থ সেই নবজাতক বালক ছিল। ভগবান্ জনার্দন সেই সব পুত্র ব্রাহ্মণকে প্রদান করিলেন ॥ ২৮

প্রভো! সেখানে নিজের পুত্রগণকে পুনরায় দেখিয়া ব্রাহ্মণ অত্যন্ত আনন্দিত হইলেন এবং আমিও পরম প্রীতিলাভ করিলাম। আমি তো এই সমস্ত বিস্ময়ে অভিভূত হইয়া পড়িয়াছিলাম ॥ ২৯

ততো বয়ং পুনঃ সর্ব্বে ব্রাহ্মণস্য চ তে সুতাঃ।
যথাগতা নিবৃত্তাঃ স্ম তথৈব ভরতর্ষভ ॥ ৩০

তত্ত স্ম দ্বারকাং প্রাপ্তাঃ ক্ষণেন নৃপসত্তম।
অসম্প্রাপ্তেষ্বহর্দিবসে বিস্মিতোঽহং পুনঃপুনঃ ॥৩১

ভরতশ্রেষ্ঠ! তদনন্তর আমরা সকলে এবং সেই ব্রাহ্মণ বালকরূপ ধারণ করিয়াছিলাম, সেইভাবেই ফিরিয়া আসিলাম ॥ ৩০

নৃপসত্তম! অর্দ্ধদিবস পূর্ণ হইবার পূর্ব্বেই আমরা সকলে তৎকালের মধ্যে দ্বারকায় আসিয়া উপস্থিত হইলাম। আমি

অপুত্রাং ভোজয়িত্বা তু দ্বিজঃ কৃষ্ণো মহাযশাঃ।
ধনেন বর্ধয়িত্বা চ গৃহং প্রায়াপয়ত্তদা ॥ ৩২

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বণি বাসুদেবমাহাত্ম্যে ব্রাহ্মণপুত্রানয়নে ত্রয়োদশাধিক-শততমোঽধ্যায়ঃ ॥ ১১৩ ॥

এই সময় বারংবার বিস্মিত হইতে ছিলাম ॥ ৩১

ইহার পর মহাযশস্বী শ্রীকৃষ্ণ পুত্রগণের সহিত ব্রাহ্মণকে ভোজন করাইয়া তাঁহার ভগ্ন ধনবর্ধন করিয়া অর্থাৎ প্রভূত ধনদান করিয়া তাঁহাকে সেই সময় গৃহে পাঠাইয়া দিলেন ॥ ৩২

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বে বাসুদেবের ত্রয়োদশাধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ

[ভগবতা শ্রীকৃষ্ণেনার্জুনায় স্বস্য যথার্থস্বরূপস্য পরিচয়দানম্ ।]

অর্জুন উবাচ।

ততঃ কৃষ্ণো ভোজয়িত্বা শতানি সুবহূনি চ।
বিপ্রাণামমিতপ্রজ্ঞানাং কৃতকৃত্যোঽভবত্তদা ॥ ১
ততঃ সহ বয়া ভূক্ত্বা বৃষ্ণিভোজৈশ্চ সর্ব্বদা
বিচিত্রাশ্চ কথা দিব্যাঃ কথয়ামাস ভারত ॥ ২
ততঃ কথান্তে তত্রাহমভিগম্য জনার্দ্দনম্।
অপৃচ্ছং তম্ যথাবৃত্তং কৃতঃ যদ্দৃষ্টবাংস্ত্বম্ ॥ ৩
কথা সমুদ্ভবশ্চোদ্যঃ কৃতস্তু কমলেক্ষণ।
পর্ব্বতানাঞ্চ বিবিধাঃ কৃতঃ তৎ কথমচ্যুত ॥ ৪

ততস্তচ্চ কথং ঘোরং ঘনং চক্রেণ পাটিতম্।
তচ্চ যৎ পরমং তেজঃ প্রবিষ্টোঽসি কথঞ্চ তৎ ॥ ৫
কিমর্থং তেন তে বালাস্তদা চাপহৃতাঃ প্রভো।
যচ্চ তে দীর্ঘনদ্ধানাং সংক্ষিপ্তং তৎ কথং পুনঃ ॥ ৬
কথং চাল্পেন কালেন কৃতং নস্তদ্গতাগতম্।
এতৎ সর্ব্বং যথাবৃত্তমাচক্ষ্ব মম কেশব ॥ ৭

বাসুদেব উবাচ।

মদ্দর্শনার্থং তে বালা হৃতাস্তেন মহাত্মনা।
বিপ্রার্থমেষ্যতে কৃষ্ণো নাগচ্ছেদস্তথেতি হ ॥ ৮

চতুর্দ্দশাধিকশততম অধ্যায়।

[ভগবান শ্রীকৃষ্ণ কর্ত্তৃক অর্জুনকে নিজের যথার্থ স্বরূপের পরিচয় প্রদান।]

অর্জুন বলিলেন,—রাজন্! তদনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ সেই সময় অমিতপ্রজ্ঞ বহু শত ব্রাহ্মণকে ভোজন করাইয়া কৃত-কৃত্য হইলেন ॥ ১

তারত! তাহার পর আমার এবং বৃষ্ণি ও ভোজবংশের সমস্ত বীরগণের সহিত বসিয়া ভোজন করিয়া তিনি নানাবিধ দিব্য ও বিচিত্র কথা বলিতে লাগিলেন ॥ ২

তারপর কথার শেষে জনার্দন শ্রীকৃষ্ণের নিকটে যাইয়া আমি যাহা কিছু দেখিয়াছিলাম, তাহার যথাযথ বৃত্তান্ত জিজ্ঞাসা করিলাম ॥ ৩

কমলনয়ন অচ্যুত! আপনি কিভাবে সমুদ্রের জলকে ভিত্তি করিয়াছিলেন? এবং পর্ব্বতসকলের মধ্যে বিবর কিরূপে উৎপন্ন করিলেন? ৪

সেই ঘোর ও ঘন অন্ধকারকে কিভাবে চক্রের দ্বারা বিদীর্ণ করিয়াছিলেন এবং সেই যে পরম উৎকৃষ্ট তেজ ছিল, তাহাতে আপনি কিরূপে প্রবিষ্ট হইলেন? ৫

প্রভো! সেই পরম তেজঃস্বরূপ পুরুষ সেই সময় ব্রাহ্মণ-বালকগণকে কিজন্য অপহরণ করিয়াছিলেন? এবং সেই যে বিশাল মার্গ ছিল, তাহাকে আপনি এত সংক্ষিপ্ত কি প্রকারে করিয়াছিলেন? ৬

কেশব! এত অল্প সময়ের মধ্যে আমাদের সেখানে যাতায়াত কিভাবে সম্ভব হইল? এই সব বৃত্তান্ত আপনি যথাযথভাবে আমাকে বলুন ॥ ৭

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—অর্জুন! সেই মহাত্মা তেজস্বী

ব্রহ্ম তেজোময়ং দিব্যং যদ্ধ্রুবং যচ্চ তৈর্বানসি।
অহং স ভরতশ্রেষ্ঠ মত্তেজস্তৎ সনাতনম্ ॥ ৯
প্রকৃতিঃ সা মম পরা বাক্তাব্যক্তা সনাতনী।
যাং প্রবিশ্য ভবন্তীহ মুক্তা যোগবিদস্তমাঃ ॥ ১০
সা সাঙ্খ্যানাং গতিঃ পার্থ যোগিনাঞ্চ তপস্বিনাম্।
তৎ পরং পরমং ব্রহ্ম সর্ব্বং বিভজতে জগৎ ॥ ১১
মামেব তদ্ধনং তেজো জ্ঞাতুমর্হসি ভারত।
সমুদ্রঃ স্তম্ভতোয়োঽহমদং স্তম্ভয়িতা জলম্ ॥ ১২
অহং তে পর্ব্বতাঃ সপ্ত যে দৃষ্টা বিবিধাস্ত্বয়া।
পঙ্কভূতং হি তিমিরং দৃষ্টবানসি যদ্ধি তৎ ॥ ১৩
অহং তমো ঘনীভূতমহমেব চ পাটকঃ।
অহঞ্চ কালো ভূতানাং ধর্ম্মশ্চাহং সনাতনঃ ॥ ১৪
চন্দ্রাদিত্যৌ মহাশৈলাঃ সরিতশ্চ সরাংসি চ।
চতস্রশ্চ দিশঃ সর্ব্বা মমৈবাহ্বা চতুর্বিধঃ ॥ ১৫
চাতুর্ব্বর্ণ্যং মৎপ্রসূতং চাতুরাশ্র্যমমেব চ।
চাতুর্বিধ্যস্য কর্ত্তাঽমিতি বুধ্যস্ব ভারত ॥ ১৬

অর্জ্জুন উবাচ

ভগবন্ সর্ব্বভূতেশ বেত্তু মিচ্ছামি তে প্রভো।
পৃচ্ছামি ত্বাং প্রপন্নোঽহং নমস্তে পুরুষোত্তম ॥ ১৭

বাসুদেব উবাচ

ব্রহ্ম চ ব্রাহ্মণাশ্চৈব তপঃ সত্যঞ্চ ভারত।
উগ্রং বৃহত্তমং চৈব মত্তস্তান্ বিদ্ধি পাণ্ডব ॥
প্রিয়স্তেঽহং মহাবাহো প্রিয়ো মেঽসি ধনঞ্জয়।
তেন তে কথয়িষ্যামি নান্যথা বক্তুমুৎসহে ॥ ১৯
অহং যজ্ঞাংশ্চ সামানি ঋচঃ পূর্ব্বাণি চ।
ঋত্বিগ্ দেবতা যজ্ঞা মত্তোঽন্যো ভরতর্ষভ ॥ ২০
পৃথিবী বায়ুরাকাশমাপো জ্যোতিশ্চ পঞ্চমম্।
চন্দ্রাদিত্যাবহোরাত্রে পক্ষা মাসাস্তথর্ত্তবঃ
মুহূর্ত্তাশ্চ কলাশ্চৈব ক্ষণাঃ সংবৎসরস্তথা ॥ ২১

পুরুষ আমাকে দর্শন করিবার জন্যই সেই ব্রাহ্মণ-বালকদলকে অপহরণ করিয়াছিলেন। তিনি জানিতেন যে, ব্রাহ্মণের কার্য্যের জন্যই শ্রীকৃষ্ণ আসিবেন, অন্যথা নহে ॥ ৮

ভরতশ্রেষ্ঠ! তুমি যে দিব্য তেজোময় ধ্রুব ব্রহ্মকে দর্শন করিয়াছিলে, তাহা আমিই। উহাই আমার সনাতন তেজ ॥ ৯

উহা আমার বাক্তাব্যক্তরূপা সনাতনী পরা প্রকৃতি, যাঁহাতে প্রবিষ্ট হইয়া যোগজগণের মধ্যে উত্তম পুরুষগণ মুক্ত হইয়া যায় ॥ ১০

পার্থ! উহা সাংখ্যযোগিগণ, কর্ম্মযোগিগণ ও তপস্বী পুরুষগণের গতি। উহাই পরম ব্রহ্মপদ, যাহা সম্পূর্ণ জগৎকে বিভাগ করে—তেজস হইতে জগৎকে পৃথক্ করে ॥ ১১

ভারত! সেই যে ঘনীভূত তেজ ছিল, তাহা আমারই স্বরূপ বলিয়া জানিও। যাহার জলকে স্তম্ভিত করা হইয়াছিল, সেই সমুদ্রও আমি এবং জলকে স্তম্ভনকারীও আমিই ॥ ১২

তুমি যে বিবিধরূপে সাতটি পর্ব্বতকে দেখিয়াছিলে, সেই সবও আমি এবং পঙ্করূপে যে অন্ধকার বৃদ্ধিগোচর হইয়াছিল, তাহাও আমিই ॥ ১৩

আমি ঘনীভূত অন্ধকার এবং আমিই তাহাকে বিদীর্ণকারী। আমিই সমস্ত ভূতগণের কাল ও আমি তাহাদের সনাতন ধর্ম্ম ॥ ১৪

চন্দ্র, সূর্য্য, মহাপর্ব্বতসকল, নদীসকল ও সরোবরসমূহও আমিই। এই যে চারি দিকে দেখিতেছ, তৎসমস্তই আমার চতুর্বিধ রূপ ॥ ১৫

ভারত! ব্রাহ্মণাদি চার বর্ণ এবং ব্রহ্মচর্য্যাদি চার আশ্রম আমা হইতেই উদ্ভূত হইয়াছে। তত্ত্বতঃ, অতএব, যেহেতু ও উদ্ভিজ্জ—এই চারিপ্রকার প্রাণীদিগের সৃষ্টিকারী আমিই, ইহা তুমি জানিও ॥ ১৬

অর্জ্জুন বলিলেন,—ভগবন্! সর্ব্বভূতেশ্বর! প্রভো! পুরুষোত্তম! আপনাকে নমস্কার। আমি আপনার স্বরূপ ভালভাবে জানিতে ইচ্ছা করি; সেইজন্য এই বিষয়ে আমি আপনাকে জিজ্ঞাসা করিতেছি এবং আপনার শরণাগত হইয়াছি ॥ ১৭

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—পাণ্ডুনন্দন ভারত! ব্রহ্ম, ব্রাহ্মণ, তপ, সত্য, উগ্র (সংসারবন্ধন) ও বৃহত্তম (কৈবল্য) এই সমস্ত আমা হইতেই প্রকটিত হইয়াছে, ইহা জানিও ॥ ১৮

মহাবাহু ধনঞ্জয়! আমি তোমার প্রিয় এবং তুমি আমার প্রিয়। সেইজন্য আমি তোমার নিকট এই রহস্য বর্ণনা করিতেছি, অন্যথা কদাপি বলিতে পারিতাম না ॥ ১৯

ভরতশ্রেষ্ঠ! আমি যজুর্ব্বেদ, সামবেদ, ঋগ্বেদ ও অথর্ব্ববেদ। ঋত্বিক্, দেবতা এবং যজ্ঞসকল আমারই তেজ ॥ ২০

পার্থ! পৃথিবী, বায়ু, আকাশ, জল, তেজ, চন্দ্র, সূর্য্য, দিন, রাত্রি, পক্ষ, মাস, ঋতু, মুহূর্ত্ত, কলা, ক্ষণ, সংবৎসর,

মন্ত্রাশ্চ বিবিধাঃ পার্থ যানি শাস্ত্রাণি কানিচিৎ।
বিজ্ঞাশ্চ বেদিতব্যাশ্চ মত্তঃ প্রাদুর্ভবন্তি হি ॥ ১১
মমায়ং বিদ্ধি কৌন্তেয় ক্রমঃ সৃষ্টিক ভারত।
সচ্চাসচ্চ মমৈবাত্মা সদসচ্চৈব যৎ পরম্ ॥ ১৩

অর্জুন উবাচ।

এবমুক্তোঽস্মি কৃষ্ণেন প্রীয়মাণেন বৈ তদা।
তস্যৈব চ মনো নিত্যমনবদ্যে জনার্দনে ॥ ১৪
এতচ্ছ্রুত্বা দৃষ্টবাংশ্চ মাহাত্ম্যং কেশবস্য মে।

নানাবিধ মন্ত্রসকল, যে কোনও শাস্ত্র, বিদ্যা ও বেদিতব্য—এ সমস্তই আমা হইতে প্রাদুর্ভূত হইয়াছে। ১১-১৩

কৃষ্ণীনন্দন! ভারত! সৃষ্টি ও সংহারকেও আমারই স্বরূপ বলিয়া জানিও। সৎ, অসৎ, সদসৎ এবং ইহা হইতেও বিলক্ষণ যে তত্ত্ব, তৎ সমস্তই আমার আত্মা ॥ ১৩

অর্জুন বলিলেন,—রাজেন্দ্র! সেই সময় প্রসন্ন হইয়া শ্রীকৃষ্ণ যখন আমাকে এইরূপ উপদেশ করিলেন, তদবধি আমার মন সদা সেই জনার্দনেই নিবিষ্ট হইতে লাগিল।এইরূপে আমি ভগবান কেশবের মাহাত্ম্য প্রত্যক্ষ দর্শন করিয়াছি ও

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্বে বাসুদেবের মাহাত্ম্যপ্রসঙ্গে শ্রীকৃষ্ণ ও অর্জুনের সংবাদবিষয়ক চতুর্দশাধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

যন্মাং পৃচ্ছসি রাজেন্দ্র তন্মাখ্যাতো জনার্দনঃ ॥ ১৫

বৈশম্পায়ন উবাচ

এতচ্ছ্রুত্বা কুরুশ্রেষ্ঠো ধর্মরাজো যুধিষ্ঠিরঃ।
পূজয়ামাস ধর্মাত্মা গোবিন্দং পুরুষোত্তমম্ ॥ ২৬
বিস্মিতশ্চাভবদ্ রাজা সহ সর্বৈঃ সভাসদৈঃ।
রাজভিশ্চ সমাসীনৈর্যে তত্রাসন্ সমাগতাঃ ॥ ২৭

ইতি মহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বণি বাসুদেব-মাহাত্ম্যে শ্রীকৃষ্ণার্জুনসংবাদে চতুর্দশাধিক-শততমোঽধ্যায়ঃ ॥ ১১৪ ॥

শ্রবণ করিয়াছি। আমি যাহা কিছু দেখিয়াছি ও জানিয়াছি, ভগবান্ জনার্দন তাহা হইতেও মহান্। ১৪-১৫

বৈশম্পায়ন বলিলেন, জনমেজয়! ইহা শ্রবণ করিয়া ধর্মরাজ কুরুশ্রেষ্ঠ ধর্মরাজ যুধিষ্ঠির পুরুষোত্তম ভগবান্ গোবিন্দকে পূজা করিলেন। ১৬

সেই সময় যে সমস্ত রাজা উপস্থিত হইয়াছিলেন ও সেস্থানে উপবিষ্ট ছিলেন, তাঁহাদের এবং নিজের সমস্ত ভ্রাতৃগণের সহিত রাজা যুধিষ্ঠির অত্যন্ত বিস্মিত হইলেন। ১৭

পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ

[সমাসেন ভগবতঃ শ্রীকৃষ্ণস্য পরাক্রমবর্ণনম্]

জনমেজয় উবাচ।

ভূয় এব দ্বিজশ্রেষ্ঠ বক্তুমিচ্ছামি তত্ত্বতঃ।
কর্ম্মণাপরিমেয়ানি শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ ॥ ১
শ্রূয়ন্তে বিবিধানি স্ম অদ্ভুতানি মহাত্মনঃ।
অসংখ্যেয়ানি দিব্যানি প্রকৃতাস্তপি সর্ব্বশঃ ॥ ২
তান্যহং বিবিধান্যদ্য শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ।
প্রব্রূহি সর্ব্বশস্তাত তানি মে শৃণ্বতোঽনঘ ॥ ৩

বৈশম্পায়ন উবাচ।

বহুশ্চার্য্যকৃতানি কেশবস্য মহাত্মনঃ
কথিতানি মহাবাহো নাস্ত্যঃ শক্যাঃ হি কর্ম্মণাম্ ॥ ৪
গন্তুং হি ভরতশ্রেষ্ঠ বিস্তরেণ সমন্ততঃ।
অবশ্যং হি ময়া বাচ্যা লেশমাত্রেণ ভারত ॥ ৫

পঞ্চদশাধিকশততম অধ্যায়

[সংক্ষেপেণ ভগবান্ শ্রীকৃষ্ণের পরাক্রম বর্ণন।]

জনমেজয় বলিলেন,—দ্বিজশ্রেষ্ঠ! আমি পরম বুদ্ধিমান্ মহর্ষি শ্রীকৃষ্ণের অপরিমেয় কর্ম্মসমূহের যথাযথ বর্ণনা পুনরায় শ্রবণ করিতে অভিলাষী হইয়াছি। ১

মহাভাগ্যবান্ ভগবান্ শ্রীকৃষ্ণের অনেক প্রকার অদ্ভুত, অসংখ্য ও দিব্য চরিত্র শুনা যায়, যাহা সর্ব্বথা তাঁহার দ্বারা উৎকৃষ্টরূপে অনুষ্ঠিত হইয়াছে। ২

কবচরহিত এবং হস্তে কেবল খড়্গতরবারী হইলেও যাদব-বীর অনিরুদ্ধ বাণাসুরকে 'ইনি অজেয়' এরূপ মনে করিয়া নিশ্চেষ্ট তাঁহার সম্মুখে যুদ্ধের জন্য অবস্থান করিতে লাগিলেন। ১৪৩

৩। আবিদ্ধ—তরবারি বা পরিঘকে নিজের চারিদিকে ঘুরাইতে ঘুরাইতে শত্রুর নিক্ষিপ্ত অস্ত্রকে ব্যর্থ করিয়া দেওয়াকে বলে আবিদ্ধ।

৪। চারিদিকে ঘুরিতে ঘুরিতে লাফাইয়া লাফাইয়া-পরিঘ বা তরবারি চালনাকে বলে আপ্লুত।

৫। বিপ্লুত—বিশেষ ভাবে পরিঘ সঞ্চালন করত শত্রুদের মধ্যে বিস্ময় সৃষ্টি করাকে বলে বিপ্লুত

৬। প্লুত—সাধারণভাবে লাফাইয়া লাফাইয়া শত্রুর সম্মুখে তরবারি বা পরিঘ চালনাকে বলে প্লুত।

৭। তরবারি বা পরিঘ চালাইবার যে বিভিন্ন প্রকার পদ্ধতি আছে, তাহাদের নাম—আত, উদ্ভ্রান্ত, আবিদ্ধ, আপ্লুত, বিপ্লুত, প্লুত, সৃত, সম্ভ্রান্ত, সমূদীর্ণ, বিপ্লব, প্রগ্রহ, পদাবকর্ষণ, সন্ধান, মণ্ডলব্যূহন, ক্ষুদ্রভ্রামণ, পাশ, পাদ, বিবর্ত, ভূমি, উদ্ভ্রমন, গতি, প্রত্যাগতি, আক্ষেপ, পাতন, উদ্যানবঞ্চুতি, লঘুতা, সৌষ্ঠব, শোভা, স্থৈর্য, দৃঢ়মুষ্টিতা, তির্যক্ প্রচার ও উর্দ্ধপ্রচার।

বাচং চোবাচ সংক্রুদ্ধো যুধ্যস্বামিতি
বাণস্তু ক্রুদ্ধস্তস্য প্রাদ্যুম্নিরাহবে ॥ ১৪৫
বাণস্তু ক্রুদ্ধস্তং ক্রোধাদ্ধমমানোঽভ্যুপৈক্ষত
ঊষাং তত্রপরিত্রস্তাং রুদন্তীং তত্র ভামিনীম্ ॥ ১৪৬
অনিরুদ্ধঃ প্রহস্যাথ সমাধায় চ তাং স্থিতঃ
অথ বাণঃ শরৌঘাণাং ক্ষুরকাণাং সমন্ততঃ ॥ ১৪৭
চিক্ষেপ সমরে ক্রুদ্ধো যদুনিন্দ্রবধেপ্সয়া
অনিরুদ্ধস্তু চিচ্ছেদ কাঞ্চনস্তম্ভ পরাক্রমম্ ॥ ১৪৮
ববর্ষ শরজালানি ক্ষুরকাণাং সমন্ততঃ
বাণোঽনিরুদ্ধশিরসি কাঞ্চনস্তম্ভ রণে বরম্ ॥ ১৪৯
ততো বাণসহস্রাণি চর্ম্মণা বারয়ন্ যুধি
বভৌ প্রমুখতস্তস্য স্থিতঃ সূর্য্য ইবোদয়ে ॥ ১৫০
সোঽভিভূয় রণে বাণমাস্থিতো দনুনন্দনঃ
সিংহঃ প্রমুখতো দৃষ্ট্বা গজমেকো যথা বনে ॥ ১৫১

ততো বাণঃ স বাণৌঘৈর্নর্ম্মভেদিভিরাততৈঃ।
বিব্যাধ নিশিতৈস্তীক্ষ্ণৈঃ প্রাদ্যুম্নিমপরাজিতম্ ॥ ১৫২
সমাহতস্ততস্তেন বাণৈঃ খড়্গচর্ম্মধরোঽপতৎ।
তমাপতন্তং নিশিতৈরবাসৃজ্য সাহস্রৈস্তদা ॥ ১৫৩
সোঽতিবিদ্ধো মহাবাহুর্বাণৈঃ সন্নতপর্ব্বভিঃ।
ক্রোধেনাভিপ্রজজ্বাল চিক্ষেপ চ কর্ম্ম তুষ্করম্ ॥১৫৪
রুধিরৌঘসমুদ্ভূতৈর্গাত্রৈর্বাণকৃতৈঃ সমাততঃ।
অভিভূতঃ সুসংক্রুদ্ধো মথ্যে বাণবরং প্রতি ॥ ১৫৫
অসিভির্মুসলৈঃ শূলৈঃ পট্টিশৈশ্চোমরৈস্তথা
সোঽভিবিদ্ধঃ শরৌঘৈস্তু প্রাদ্যুম্নির্ন ব্যকম্পত ॥ ১৫৬
আদ্রুত্য সহসা ক্রুদ্ধো বাণস্যাঃ তস্য সোঽক্ষিনৎ।
রুষান্বিতান্ হয়ান্ সূতঞ্চ বাণস্য ধনুষ্টঙ্কারং ॥ ১৫৭
তং পুনঃ শরবর্ষেণ পট্টিশৈস্তোমরৈরপি
চকারাস্তুহিতং বাণো বৃষ্ণ্যন্ধকবিভাবসুঃ ॥ ১৫৮

বিদ্ধস্তে সূতোদিত হইবেন বাণাসুর কুপিত হইয়া রণাঙ্গনে অনিরুদ্ধকে বলিলেন,—ইহাকে বন্দী কর বধ কর। ১৪৪-

সেই সময়াঙ্গনে এইরূপে বাণরাজা বাণাসুরের বাক্য শ্রবণ করত হাস্য করিতে করিতে ক্রোধবলতঃ প্রদ্যুম্ননন্দন অনিরুদ্ধ তাঁহার দিকে দৃষ্টিপাত করিলেন। ১৪৬।

সেস্থানে ভয়ে সন্ত্রস্তা হইয়া রোদনপরায়ণা ভামিনী ঊষাকে সান্ত্বনা দান করত হাস্য সহকারে যুদ্ধের জন্য অবস্থান করিতে লাগিলেন ॥ ১৪৬।

অনন্তর সমরাঙ্গনে কুপিত বাণাসুর অনিরুদ্ধকে বধ করিবার ইচ্ছায় তাঁহার উপর চারিদিক্ দিয়া ক্ষুরক-নামক বাণসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন। কিন্তু অনিরুদ্ধ তাঁহাকে পরাজিত করিবার বাসনায় তাঁহার সেই সব বাণ তরবারির দ্বারা ছেদন করিয়া দিলেন। ১৪৭-১৪৮

তখন বাণাসুর পুনরায় রণাঙ্গনে অনিরুদ্ধকে বধ করিবার আকাঙ্ক্ষায় তাঁহার মস্তকের উপর সর্ব্বদিকে ক্ষুরকনামক বাণসমূহ বর্ষণ করিতে আরম্ভ করিলেন। ১৪৯

সেই সমস্ত তাঁহার হাতার বাণকে চালেরই দ্বারা এদিক্ ওদিকে চালিত করিয়া দিয়া অনিরুদ্ধ তাঁহার সম্মুখে অবস্থান করত উদয়কালীন সূর্য্যের শোভা পাইতে লাগিলেন। ১৫০

রণাঙ্গনে বাণাসুরকে পরাভূত করিয়া যদুনন্দন অনিরুদ্ধ সেইভাবে নির্ভয় হইয়া অবস্থান করিতে লাগিলেন, যেরূপ বনে সিংহ নিজের সম্মুখে এক হস্তীকে দেখিয়া নির্ভয়ে অবস্থান করে। ১৫১

তদনন্তর বাণাসুর অপরাজিত বীর প্রদ্যুম্নকুমার অনিরুদ্ধকে বর্শাধারী, খড়্গধারী, চর্ম্মধারী ও তূণধারী বাণসমূহের দ্বারা বিদ্ধ করিতে লাগিলেন। ১৫২

সেই সব বাণে বিদ্ধ হইয়াও অনিরুদ্ধ চাল ও তরবারি লইয়া বাণাসুরকে আক্রমণ করিলেন। তাঁহাকে আক্রমণ করিতে দেখিয়া সেই অসুর তাঁহ বাণসমূহে তাঁহাকে আঘাত করিলেন। ১৫৩

আঘাতজর্জ্জরিত বাণসমূহে আঘাত আহত হইয়াও মহাবাহু অনিরুদ্ধ ক্রোধে জ্বলিয়া উঠিলেন এবং দুষ্কর কর্ম্ম করিতে উদ্যুক্ত হইলেন। ১৫৪

বাণবর্ষণে আঘাতিত হইয়া অনিরুদ্ধের সর্ব্বাঙ্গ রক্তপ্রবাহে আপ্লুত হইয়া যাইল এবং এইভাবে পরাভূত হইয়াও অনিরুদ্ধের ক্রোধ আরও বর্দ্ধিত হইল। তখন তিনি বাণাসুরের রথের দিকে ধাবন করিলেন। সেই সময় অসি, মুষল, শূল, পট্টিশ, তোমর ও বাণসমূহে অত্যন্ত আহত হইয়াও প্রদ্যুম্নপুত্র অনিরুদ্ধ কম্পিত হইলেন না। ১৫৫-১৫৬

বাণাসুরের রথের চালক্ত কাটিয়া দিলেন ও তরবারির দ্বারা সেই রথের ঘোড়াগুলিকে নিহত করিলেন। ১৫৭

তখন বৃষ্ণ্যন্ধকবিভাবসু বাণাসুর পুনরায় পট্টিশ, তোমর ও বাণবর্ষণ করিয়া অনিরুদ্ধকে চাকিয়া দিলেন। ১৫৮

ইত্যেবমুক্তা সহসা রথপার্শ্বে ব্যবস্থিতঃ ॥ ১৫৯

শক্তিং বাণস্ততঃ ক্রুদ্ধো ঘোররূপাং ভয়ানকাম্ ।
জগ্রাহ জ্বলিতাং ঘোরাং দৃষ্টীমালাকুলাং রণে ॥ ১৬০

জ্বলদগ্নিসমাভাসাং যমদণ্ডোপমদর্শনাম্ ।
প্রাহিণোদ্বৈত্যসঙ্ঘেন মহোল্কাং জ্বলিতামিব ॥ ১৬১

তামাপতন্তীং সম্প্রেক্ষ্য ভীষিতানুচরঃ তদা
সোঽভিমুত্য তদা শক্তিং জগ্রাহ পুরুষোত্তমঃ ॥ ১৬২

নিষিষেষ ততো বাণঃ তয়া শক্ত্যা মহাবলঃ ।
সা ভিত্ত্বা তস্য দেহং বৈ প্রাবিশদ্ধরণীতলম্ ॥ ১৬৩

স গাঢ়বিদ্ধো বাণিতো ভগ্নযষ্টিঃ সমাশ্রিতঃ ।
ততো মূর্চ্ছাভিভূতঃ তং কৃষ্ণাগ্রে বাক্যমব্রবীৎ ॥১৬৪

উপেক্ষসে দানবেন্দ্র কিমেবং শত্রুমুদ্ধতম্
লব্ধলক্ষ্যো হ্যয়ং বীরো নির্বিকারোঽদ্য দৃশ্যতে ॥ ১৬৫

মায়ামাশ্রিত্য দুর্বুদ্ধে নাহং বধ্যোঽস্মি তেঽনঘ ভবেৎ ।
আত্মানং মাং রক্ষস্ব প্রমাদাৎ কিমুপেক্ষসে ॥ ১৬৬

বধ্যোঽমরমনুষ্যৈর্বঃ ন নঃ সর্ব্বান্ বিনাশয়ে ।
অন্যান্তে শত্রুণো হত্বা উষাং নীত্বা ব্রজিষ্যতি ॥ ১৬৭

কৃষ্ণাগুবচনৈরেবং দানবেন্দ্রঃ প্রণোদিতঃ ।
বাচং রুক্ষামভিক্রুষ্টঃ প্রোবাচ বলভিদং বরঃ ॥ ১৬৮

এষোঽদ্যমস্য বিদধে মৃত্যুং প্রাণহরং রণে ।
আদাস্যামীহমেতং বৈ পশ্যতাং সর্বদেহিনাং পরমম্ ॥ ১৬৯

ইত্যেবমুক্ত্বা সরথঃ সঙ্গতঃ সাধনায়ুধৈঃ ।
গন্ধর্ব্বনগরাকারস্তৈরেবানুপথৈর্যতঃ ॥ ১৭০

মুমোচ নিশিতান্ বাণান্ ছত্রা মায়াধরো বলী ।
বিজ্ঞায়াস্ত্রগতিং বাণঃ প্রাহ্যাস্ত্রৈরপ্রবারিতঃ ॥ ১৭১

পৌরুষেণ সমাযুক্তঃ সংপ্রেক্ষ্য দিশো দশ ।
আস্থায় তামসীং বিদ্যাং তদা ক্রুদ্ধো বলোঽসৃজৎ ॥১৭২

তিনি নিহত হইয়াছেন জানিয়া সেই দৈত্যগণ গর্জন করিতে লাগিলেন, এমন সময় সহসা অনিরুদ্ধ লক্ষ দিয়া উষ্ট্রের রথের পার্শ্বদেশে অবস্থান করিলেন ॥ ১৫৯

তখন কুপিত বাণাসুর রথভূমিতে এক ঘোর ও ভয়ানক শক্তি হাতে লইলেন, যাহা অগ্নির সমান প্রজ্বলিত হইতেছিল, সেই ঘোর শক্তি বহ্নি ও মালায় আবৃত ছিল। তাহার তেজ অগ্নি ও সূর্যের সমান ছিল, তাহা যমদণ্ডের ন্যায় ভয়ানক দেখাইতে ছিল, সেই দৈত্য নির্ভয় হইয়া প্রজ্বলিত উল্কার ন্যায় সেই শক্তি অনিরুদ্ধের উপর নিক্ষেপ করিলেন ॥ ১৬০-১৬১

তখন জীবনের অন্তঃকারী সেই শক্তিকে নিজের উপর আসিতে দেখিয়া পুরুষপ্রবর মহাবলী অনিরুদ্ধ লম্ফ প্রদান পূর্বক তাহাকে হাতে ধরিয়া লইলেন এবং সেই শক্তি দ্বারা বাণাসুরকে বিদীর্ণ করিলেন। সেই শক্তি তাঁহার শরীরকে বিদীর্ণ করিয়া ভূমিতে পতিত হইল ॥ ১৬২-৬৩

সেই শক্তির আঘাতে পীড়িত বাণাসুর অস্ত্রযুদ্ধের আশ্রয় লইলেন। তাঁহাকে মূর্চ্ছিত দেখিয়া কৃষ্ণাও তাঁহাকে বলিলেন ১৬৪

হে দানবরাজ! এই প্রকার উদ্যত শত্রুকে কি জন্য উপেক্ষা করিতেছেন? এই বীর নিজের লক্ষ্য পাইয়াছে, অতএব আজ নির্বিকার দেখাইতেছে ॥ ১৬৫

হে অনঘ! আমি মায়ার আশ্রয় লইয়া যুদ্ধ করিব, অন্যথা ইনি নিহত হইবেন না। আপনি নিজেকে ও আমাকে রক্ষা করুন। প্রমাদবশে কেন উপেক্ষা করিতেছেন? ১৬৬

ইঁহাকে এখনই বধ করিব, অতঃপর ইনি আমাদের সকলকে বিনাশ করিবেন। যদি আপনি সাবধান না হন, তাহা হইলে ইনি শত শত বীরকে হত্যা করিয়া উষাকে লইয়া চলিয়া যাইবেন ॥ ১৬৭

কৃষ্ণাণ্ডের বচনে এইভাবে উৎসাহিত হইয়া অসুরেন্দ্র দানবরাজ বাণ অত্যন্ত কুপিত হইয়া এইরূপ কথা বলিলেন ॥ ১৬৮

আমি এখনই রণ ভূমিতে যাইয়া ইঁহার মৃত্যু ঘটাইতেছি। ইহার প্রাণহরণ করিতেছি। যেমন শত্রুরা সর্পদিগকে বিনাশ করিয়া থাকেন, সেইরূপ আমিও ইঁহাকে বিনাশ করিব ১৬৯

এই বলিয়া রথ, অস্ত্র, অস্ত্র ও সারথির সহিত বাণাসুর গন্ধর্বনগরের সমান সেনাদের অধিষ্ঠিত হইলেন ॥১৭০

সেই মায়াধারী বলবান্ দানব স্বয়ং আবৃত থাকিয়া অনিরুদ্ধের উপর তীক্ষ্ণ বাণ বর্ষণ আরম্ভ করিলেন। বাণাসুর অস্ত্রযুদ্ধে অনিরুদ্ধকে জানিয়া অপরাজিত বীর অনিরুদ্ধ পৌরুষ-সহকারে দশদিক্ দেখিতে লাগিলেন ॥ ১৭১॥

তখন ক্রোধে পূর্ণ হইয়া মন্ত্রধারী বলিপুত্র বলবান্ বাণাসুর তামসী বিদ্যার আশ্রয় লইয়া ও আবৃত থাকিয়া তীক্ষ্ণ বাণ প্রহার করিতে আরম্ভ করিলেন ॥ ১৭২॥

মুমোচ বিশিখাংস্তীক্ষ্ণাংস্তস্মিন্ বায়ব্যরো বলী
প্রাগ্যোতিষৈর্বিশিখৈর্বদ্ধঃ সর্পভূতৈঃ সমন্ততঃ ॥ ১৭৩
বেষ্টিতো বহুধা তস্য দেহঃ পন্নগরাশিভিঃ
স তু বেষ্টিতসর্বাঙ্গো বদ্ধঃ প্রাংশুরিবাদ্রিবৎ ॥ ১৭৪
নিষ্প্রযত্নঃ কৃতস্তস্মৈ মৈনাক ইব পর্বতঃ।
জ্বালাবলীবৃতদেহঃ সর্পভোগৈর্বিচেষ্টিতঃ ॥ ১৭৫
অভিতঃ পর্বতাকারঃ প্রাংশুরদ্রিভবদ্ রণে।
নিষ্প্রযত্নগতিশ্চাপি সর্পবন্ধময়ঃ শরৈঃ ॥ ১৭৬
ন বিব্যথে স কৃতাত্মা সর্বতঃ পরিবেষ্টিতঃ।
ততস্তং বাগ্ভিরুগ্রাভিঃ সংরব্ধঃ সমভর্ৎসয়ৎ ॥ ১৭৭
বাণো অহং সমাশ্রিত্য প্রোবাচাসিতো বচঃ
কুম্ভাণ্ড বধ্যতাং শীঘ্রময়ং বৈ কুলপাংসনঃ ॥ ১৭৮
চারিত্রাৎ যেন মে লোকে দূষিতঃ দূষিতাত্মনঃ।
ইত্যেবমুক্তে বচনে কুম্ভাণ্ডঃ বাক্যমব্রবীৎ ॥ ১৭৯

তখন প্রদ্যুম্নকুমার অনিরুদ্ধ মহাবীরের বলের দ্বারা চারিদিকে বদ্ধ হইয়া গেলেন। তাঁহার দেহ সর্পসমূহে বহুভাবে আবেষ্টিত হইয়া গেল ॥ ১৭৩॥

যুদ্ধে সমস্ত অঙ্গ সর্পে বেষ্টিত এবং বদ্ধ হইয়া প্রদ্যুম্নকুমার অনিরুদ্ধ নিশ্চেষ্ট হইলেন ও মৈনাক পর্বতের ন্যায় অচলভাবে দাঁড়াইয়া রহিলেন ॥ ১৭৪॥

যুদ্ধে অগ্নি উদ্‌গীরণকারী সর্পসমূহের দংশের দ্বারা সব দিকে বেষ্টিত এবং চেষ্টাহীন হইয়া অনিরুদ্ধ সেই রণভূমিতে পর্বতের ন্যায় প্রতীত হইতেছিলেন ॥ ১৭৫॥

সর্পবৃন্দ বাণদ্বারা সব দিক্ হইতে বেষ্টিত হইয়া আপন প্রযত্ন ও গতি অবরুদ্ধ জানিয়াও সর্বভূতাত্মা অনিরুদ্ধ মনে ব্যথিত হইলেন না ॥ ১৭৬॥

তখন রোষে পূর্ণ হইয়া বাণাসুর কঠোর বচন দ্বারা অনিরুদ্ধকে তর্জন গর্জন করিতে লাগিলেন। পুনরায় তিনি ক্রুদ্ধ আত্মা করিয়া অমর্ষবশে কথা বলিলেন ॥ ১৭৭॥

কুম্ভাণ্ড! এই কুলাঙ্গারকে শীঘ্রই বধ কর, যে দূষিতে কুলবৃক্ষে দুষ্ট সংসারে আমার বংশকে কলঙ্কিত করিয়া দিয়াছে ॥ ১৭৮॥

বাণাসুর এই কথা বলিলে পর মন্ত্রী কুম্ভাণ্ড বলিলেন—'রাজন্! এই বিষয়ে আমি কিছু বলিতে ইচ্ছা করি। যদি আপনার ইচ্ছা হয়, তাহা হইলে আমার কথা শুনুন ॥ ১৭৯॥

রাজন্ বক্ষ্যামাহং কিঞ্চিত্তস্মে শৃণু যদীচ্ছসি।
অয়ং বিজ্ঞায়তাং কস্য কুতো বাগস্মিন্নায়তঃ ॥ ১৮০
কেন বায়ুমিবানীতঃ শক্রতুল্যপরাক্রমঃ।
ময়ায়ং বহুশো রাজন্ দূরৌ যুদ্ধ্যন্নরাণে ॥ ১৮১
ক্রীড়ন্নিব চ যুদ্ধেষু দৃশ্যতে দেবসূনুবৎ।
বলবান্ সত্ত্বসম্পন্নঃ সর্বশস্ত্রবিশারদঃ ॥ ১৮২
নায়ং বধকৃতং দোষমর্হতে দৈত্যসত্তম।
গান্ধর্বেণ বিবাহেন কন্যেয়ং তব সম্মতা ॥ ১৮৩
অনেয়ং প্রতিগ্রাহ্যা অচিন্ত্যা বধং কুরু।
বিজ্ঞায় চ বধং বাস্য পূজ্যা বাণা ভবিষ্যসি ॥ ১৮৪
বধে ভূয়ো মহান্ দোষো বন্ধনে গুণবান্ গুণঃ।
অয়ং হি পুরুষোৎকৃষ্টঃ সর্বথা মানমর্হতি ॥ ১৮৫
সর্বতো বেষ্টিতস্যস্য বাণৈস্তোয়দসংস্থিতৈঃ।
কুলশৌণ্ডীর্যবীর্যাভ্যাং সদৃশং হি সমন্বিতঃ ॥ ১৮৬

প্রথমে এই কথা জানুন যে ইনি কাঁহার পুত্র, কোথা হইতে এখানে আসিয়াছেন, কেনই বা এখানে তিনি আসিয়াছেন অথবা এই ইন্দ্রতুল্য পরাক্রমী বীরকে কে এখানে আনিয়াছে ? ১৮০

হে রাজন্! আমি এই মহাযুদ্ধে যুদ্ধ করিবার সময় ইহাকে বারম্বার দেখিয়াছি। ইনি যুদ্ধক্ষেত্রে যুদ্ধ-ক্রীড়া করিতে করিতে দেবকুমারের ন্যায় দৃষ্ট হইতেছিলেন ॥ ১৮১ ॥

হে দৈত্যশ্রেষ্ঠ! তিনি বলবান্, ধৈর্যসম্পন্ন, তথা সমস্ত অস্ত্রবিদ্যায় নিপুণ। অতএব বধরূপ দোষের পাত্র নহেন ॥ ১৮২॥

জামাতার কন্যা আপনি বিবাহের দ্বারা ইহার সহিত মিলিতা হইয়াছেন। অতএব তাঁহাকেও আর অন্য জনকে দেওয়া যাইবে না এবং অন্যের দ্বারা গ্রহণযোগ্যাও হইবেন না; অতএব বিশেষ চিন্তা করিয়া ইহাকে বধ করুন ॥ ১৮৩॥

প্রথমে ইহার পরিচয় পাইয়া পরে ইহার বধ অথবা পূজা করিবেন। ইহাকে বধ করিলে মহাদোষ ও রক্ষা করিলে মহান্ গুণ হইবে ॥ ১৮৪॥

ইনি পুরুষশ্রেষ্ঠ বলিয়া সর্বথা সম্মানযোগ্য। দেখুন! সর্বপক্ষ সব দিক্ হইতে ইহার শরীর বাণে করিয়াছে, তথাপি ইনি ব্যথিত হন নাই। নিজ কুলের অভিমান, বল পরাক্রম ও ধৈর্যে তিনি সম্পন্ন ॥ ১৮৫-৮৬

পশ্য রাজন্যবীর্যোঽয়ং পুরুষোত্তমঃ
ন নো গণয়তে সর্বান্ বধং প্রাপ্তেঽপ্যয়ং বলী ॥ ১৮৭
যদি যাদবপ্রভাবেণ নাত্র বধ্যো ভবেদয়ম্
সর্বান্ সুরগণান্ সংখ্যে যোধয়েন্নাত্র সংশয়ঃ ॥ ১৮৮
সর্বসংগ্রামমার্গজ্ঞো ভবেদ্ বীর্যাধিকস্তব
শোণিতৌঘসমুত্তীর্ণস্ত্রৈলোক্যগতোঽপ্যেষ্ঠ বেষ্টিতঃ ॥ ১৮৯
ত্রিশিখাং ভ্রুকুটিং কৃত্বা ন চিন্তয়তি নঃ ক্ষিতান্।
ইথাময়বন্ধাঃ নীতোঽপি বধ্যতে বলমাশ্রিতঃ ॥ ১৯০
ন চিন্তয়তি রাজংস্ত্বাং বাণবানং কোঽপাসৌ যুধা
সহস্রবাহোঃ সমরে ছিন্ন বাহুঃ সদা স্থিতঃ
ন চিন্তয়তি তে বীর্যময়ং বীর্যমদান্বিতঃ ॥ ১৯১
উচিতং যদি তে রাজন্ জ্ঞেয়ো বীর্যবলান্বিতঃ।
কন্যা চেয়ং ন চান্যস্য নির্যাতো তেন সত্তম ॥ ১৯২
যদি চেষ্টেতমঃ কশ্চিদয়ং বংশে মহাত্মনাম্
ততঃ পূজ্যতমঃ বীরঃ প্রাজ্ঞাতে চানুলোমতঃ ॥ ১৯৩

রাজন্! দেখুন, মহাবলী সর্প বদ্ধ হইয়া যথাবস্থা প্রাপ্ত হইলেও এই বলবান্ পুরুষোত্তম বীর আমাদের সকলকেই যেন গণনায় মনেই আনিতেছেন না।

যদি তিনি মাত্র প্রভাবে বদ্ধ হইয়া না যাইতেন, তাহা হইলে রণভূমিতে কেবল অসুর নহে, সমস্ত দেবগণকেও পরাস্ত করিতেন, ইহাতে সংশয় নাই। ১৮৮

তিনি যুদ্ধের সকল মার্গই জানেন এবং তাঁহার বলবীর্যও অত্যধিক। তাঁহার সর্বাঙ্গ রক্তাপ্লুত। সর্প শরীর দ্বারা তিনি পরিবেষ্টিত, তথাপি তিনি ত্রিশিখা ভ্রূকুটি করিয়া এখানে বন্ধায়মান আমাদের কথা চিন্তাই করিতেছেন না। ১৮৯।

হে রাজন্! এই অবস্থা প্রাপ্ত হইয়াছেন জানিয়াও তিনি নিজ বাহুবলকে আশ্রয় করিয়াই অন্য কিছু চিন্তা করিতেছেন না। বস্তুতঃ এই যুবক কিরূপ অদ্ভুত পরাক্রমশালী বীর! ॥ ১৯০।

সহস্র বাহুর সহিত রণভূমিতে তিনি দুই বাহুর বীর উপস্থিত রহিয়াছেন, কিন্তু নিজ বল-পরাক্রমের গর্বে উনিও আপনার বল-বীর্য ব্যাপারে কিছুই চিন্তা করিতেছেন না। ১৯১।

হে অসুরপ্রবর! আপনার এই কন্যা উঁহার সহিত সঙ্গত হইতে চাহিয়াছে, অতএব এখন ইহার নিকট যাইতে সক্ষম হইবে না। যদি তিনি কোন মহাত্মা পুরুষের কুলে উৎপন্ন হন, তাহা হইলে আমার পক্ষে পরম অভীষ্ট, এই অবস্থায় সেই বীর আমার পূজ্য হইবে। ১৯২-১৯৩।

অতএব আপনি ইহাকে রক্ষা করুন। এই বলিয়া কুম্ভাণ্ড নীরব হইলেন। মহাত্মা কুম্ভাণ্ড এই কথা বলিলে পর পক্ষভূষণ বাণাসুরও উহাকে "তথাস্তু" বলিয়া নীরবে বসিয়া রহিলেন। ১৯৪।

তদনন্তর বুদ্ধিমান অনিরুদ্ধের জন্য রক্ষা দিয়া মহাবলী বলিপুত্র বাণাসুর নিজ পুরে চলিয়া গেলেন। ১৯৫।

মহাবলী অনিরুদ্ধকে মায়া দ্বারা বদ্ধ দেখিয়া মুনিশ্রেষ্ঠ নারদ আকাশপথে দ্বারকা পুরীর দিকে চলিলেন। ১৯৬-১৯৭

মুনিশ্রেষ্ঠ নারদ চলিয়া গেলে অনিরুদ্ধ মনে মনে চিন্তা করিলেন—এই কূর দানব আক্রান্তি হইয়া লুকাইয়াছে, পুনরায় যুদ্ধের জন্য আসিবে, ইহাতে সংশয় নাই। ১৯৮

নারদ সেখানে যাইয়া পদ্ম-চক্র-গদাধারী ভগবান্ শ্রীকৃষ্ণকে সকল সমাচার ঠিক ঠিক বলিবেন, ইহাতে কোন সন্দেহ নাই। ১৯৯

সর্পসমূহে বদ্ধ অনিরুদ্ধকে চেষ্টাহীন দেখিয়া বাণাসুর হইয়া উহা তাঁদিতে লাগিলেন। তাঁহার নয়নযুগ ক্রোধে পূর্ণ হইয়া উঠিল এবং ক্রুদ্ধনয়না উষাকে তখন অনিরুদ্ধ বলিলেন— ॥ ২০০

ভীরু! তুমি কেন কাঁদিতেছ? মৃগলোচনে! ভয় করিও না। দুর্ভোগি! দেখ, ভগবান মধুসূদন আমার জন্য এখানে

যস্য শঙ্খধ্বনিং শ্রুত্বা বাহুলক্ষং বলস্থ চ ৮
দানবা নাশমেষ্যন্তি গর্ভাশ্চাসুরযোষিতাম্ ॥ ১০১

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তানিরুদ্ধেন উষা বিস্রব্ধমাগতা।

আসিয়াছেন। যাঁহার শঙ্খধ্বনি, ভূতলক ও বলের চর্চা শুনিয়া দানব সকল ভয় পাইবে এবং অসুরবধূর গ্রীতিদের গর্ভও নষ্ট হইয়া যাইবে ॥ ১০১-১০২

নুসংসঃ পিতরং চৈব শোচন্তে সা সুমধ্যমা ॥ ১০৩

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্বণি বাণানিরুদ্ধযুদ্ধে একোনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১১৯ ॥

বৈশম্পায়ন বলিলেন—হে জনমেজয়! অনিরুদ্ধ এইরূপ বলিলে উষা বিশ্বাস করিলেন। সেই সুমধ্যমা সুন্দরী তখন আপন নির্দয় পিতার জন্য শোক করিতে লাগিলেন ॥ ১০৩

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্বে বাণাসুর ও অনিরুদ্ধের যুদ্ধবিষয়ক একোনবিংশত্যধিকশততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥

[অনিরুদ্ধোদ্ধারার্থায়দেব্যাঃ স্তুতিঃ, প্রসন্নয়া দেব্যা তস্মৈ বন্ধনকষ্টাত্ত মুক্তিদানঞ্চ]

বৈশম্পায়ন উবাচ।

যদা বাণপুরে বীরঃ সোঽনিরুদ্ধঃ সহোষয়া।
সন্নিরুদ্ধো নরেন্দ্রেণ বাণেন বলিসূনুনা ॥ ১

তদা দেবীং কোটবতীং রক্ষার্থং শরণং গতঃ
যদ্গীতমনিরুদ্ধেন দেব্যাঃ স্তোত্রমিদং শৃণু ॥ ২

অনন্তমক্ষয়ং দিব্যানাদিদেবং সনাতনম্
নারায়ণং নমস্কৃত্য প্রবক্ষ্যে জগতাং প্রভুম্ ॥ ৩

চণ্ডীং কাত্যায়নীং দেবীমার্যাং লোকনমস্কৃতাম্।
বরদাং কীর্তয়িষ্যামি নামভিরিহ সংস্তুতৈঃ ॥ ৪

ঋষিভির্দৈবতৈশ্চৈব বাক্যপুষ্পৈরচিন্তাং শুভাম্।

তাং দেবীং সর্বদেহস্থাং সর্বদেবনমস্কৃতাম্ ॥ ৫

অনিরুদ্ধ উবাচ

মন্ত্রেন্দ্রবিষ্ণুভগিনীং নমস্যামি হিতায় বৈ।
মনসা ভাবশুদ্ধেন শুচিঃ স্তোত্রং কৃতাঞ্জলিঃ ॥ ৬

সৌম্যামীং কাঞ্চনপ্রখ্যাং যশোরাজন্যবর্দ্ধিনীম্।
মেধ্যাং গোকুলসম্ভূতাং নমস্যোপস্থ নন্দিনীম্ ॥ ৭

প্রজ্ঞাং ধন্যাং শিবাং সৌম্যাং বপুষাত্রিবিনন্দিনীম্।
তাং দেবীং সর্বদেহস্থাং সর্বদেবনমস্কৃতাম্ ॥ ৮

দর্শনীং পূরণীং মায়াং বহ্নিসূর্যশশিপ্রভাম্।
শান্তিং ধ্রুবাং ধনাং জননীং মোহিনীং শোষণীং তথা ॥ ৯

বিংশত্যধিকশততম অধ্যায়।

[অনিরুদ্ধ কর্তৃক আর্যাদেবীর স্তুতি এবং প্রসন্না দেবীর তাঁহাকে বন্ধনের কষ্ট হইতে মুক্তিদান।]

বৈশম্পায়ন বলিলেন—হে জনমেজয়! যখন উষার সহিত বীর অনিরুদ্ধ বলিকুমার রাজা বাণাসুর কর্তৃক বাণপুরে বন্ধন প্রাপ্ত হইয়াছিলেন, তখন তিনি আত্মরক্ষার জন্য কোটবতী দেবীর শরণ লইলেন। সেই সময় অনিরুদ্ধ যে স্তুতি গান করিয়াছিলেন, তাহা এই প্রকার,—শ্রবণ কর ॥ ১-২

যিনি অনন্ত, অক্ষয়, দিব্য, আদিদেব ও সনাতন সেই সর্বশ্রেষ্ঠ জগদীশ্বর নারায়ণদেবকে নমস্কার পূর্বক বিশ্ববন্দিত বরদায়িনী চণ্ডী, কাত্যায়নী, আর্যা দেবীকে আমি শ্রীহরি-প্রদত্ত নামসমূহের দ্বারা কীর্তন করিব ॥ ৩-৪

ঋষিগণ ও দেবতাগণ বাণীরূপ পুষ্পদ্বারা যে মঙ্গলময়ী দেবীর পূজা করেন, যিনি সর্বশরীরে বিরাজমানা এবং সমস্ত দেবগণ যাঁহাকে নমস্কার করেন, সেই আর্যাদেবীর গুণগান আমি করিব ॥ ৫

অনিরুদ্ধ বলিলেন—যিনি দেবরাজ ইন্দ্র ও ভগবান্ বিষ্ণুর ভগিনী সেই দেবীকে আমি নিজ হিতের জন্য নমস্কার করিব এবং কৃতাঞ্জলি হইয়া পবিত্র ও ভাবশুদ্ধহৃদয়ে তাঁহাকে স্তুতি করিব ॥ ৬

যিনি সৌম্যা (গোলোকে -স্বরূপা, কাঞ্চনের ন্যায় -দীপ্তিশালিনী, যশোদার আনন্দবর্ধনকারিণী, পবিত্র, গোকুলে আবির্ভূত ও নন্দ-গোপের নন্দিনী, সেই আর্যাদেবীকে আমি নমস্কার করিতেছি ॥ ৭

যিনি প্রজ্ঞা বা বুদ্ধিমতী, ধন্যা, কল্যাণস্বরূপা, সৌম্যা, দানবনন্দিনী, সর্বশরীরে বিরাজমানা ও সর্বভূতের বন্দিতা, সেই আর্যাদেবীকে আমার প্রণাম করিতেছি ॥ ৮

যিনি দর্শনা দৃষ্টিশক্তি, পূরণী মনোরথ পূরয়িত্রী) মায়াস্বরূপা, অগ্নি, সূর্য ও চন্দ্রমার ন্যায় কান্তিযুক্তা, শান্তিময়ী,

সেব্যাং দেবৈঃ সমিগণৈঃ সর্বদেবনমস্কৃতাম্
কালীং কাত্যায়নীং দেবীং ভদ্রদাং ভদ্রমালিনীম্ ॥ ১০
কুলরাত্রিং কামগমাং ত্রিনেত্রাং ব্রহ্মচারিণীম্।
সৌদামিনীং বেদবরাং বৈতালীং বিপুলাননাম্ ॥ ১১
ঘৃণস্তাস্তাং মহাভাগাং শকুনীং রেবতীং তথা।
তিথীনাং পঞ্চমীং ষষ্ঠীং পূর্ণবাসীং চতুর্থনীম্ ॥ ১২
সপ্তবিংশতি-ভক্ত্যাদি নদ্যাং সর্বাং দিশো দশ।
নগরোপবনোদ্যান-দ্বারট্টালকবাসিনীম্ ॥ ১৩
স্ত্রীং শ্রীং গঙ্গাং গন্ধর্বাং যোগিনীং যোগদাং শুভাম্
কীর্তিমাশাং বিদ্যাং স্পর্শাং নমস্যামি সরস্বতীম্ ॥ ১৪
বেদানাং মাতরঞ্চৈব সাবিত্রীং ভক্তবৎসলাম্।
তপস্বিনীং শান্তিকরীমেকানাশাং নমাম্যহম্ ॥ ১৫

কৌটীর্য্যাং মন্দিরাং চণ্ডামিলাং মলয়বাসিনীম্।
কৃষ্ণবাত্রীং ভদ্রকরীং কৃষ্ণাণ্ডীং কুমুমপ্রিয়াম্ ॥ ১৬
দারুণীং মন্দিরাবাসাং বিন্ধ্যকৈলাসবাসিনীম্।
বরাহজনাং সিংহরথীং বহুরূপাং বৃষধ্বজাম্ ॥ ১৭
দুর্লভাং দুর্জ্জয়াং দুর্গাং নিশুম্ভশুম্ভমর্দ্দিনীম্।
পুত্রপ্রিয়াং সুরাং দেবীং বজ্রপাণিভুজাং শিবাম্ ॥ ১৮
কিরাতীং চীরবসনাং চৌরসেনানমস্কৃতাম্।
আজ্ঞাপাং সোমপাং সৌম্যাং সর্বপর্ব্বতবাসিনীম্ ॥১৯
নিশুম্ভশুম্ভমথনীং গজকুম্ভোপশোভিনীম্।
জননীং সিদ্ধসেনস্য সিদ্ধচারণসেবিতাম্ ॥ ২০
চণ্ডাং কুমারপ্রভবাং পার্ব্বতীং পর্ব্বতাত্মজাম্
পঞ্চাশদ্দেবকন্যানাং পত্নীং দেবগণস্য চ ॥ ২১

সর্বকৃত-ধারকারিণী, চণ্ডরূপী, কৃষ্ণাণ্ডী ও কুমুমপ্রিয়া, সেই আর্যাদেবীকে আমার প্রণাম। ১৬

যাঁহার স্বভাব দারুণ, মন্দির আবাসস্থানযুক্তা, যিনি বিন্ধ্য ও কৈলাস পর্বতে নিবাস করেন, যিনি সেই অরনা, সিংহ যাঁহার রথ, বিচিত্রবেশধারবকারিণী ও বৃষভ চিহ্নে চিহ্নিত ধ্বজযুক্তা—সেই দেবীকে নমস্কার করি। ১৭

যিনি দুর্লভ, দুর্জ্জয়, নিশুম্ভশুম্ভকে বধ প্রদর্শনকারিণী, দেবপ্রিয়া সুরূপা ও বজ্রপাণি ইন্দ্রের ভগ্নী, সেই কল্যাণময়ী দেবীকে প্রণাম। ১৮

যিনি কিরাত-বেশধারণকারিণী, চীরবস্ত্রধারিণী ও চোরসেনা কর্তৃক নমস্কৃতা এবং যিনি ঘৃত পানকারিণী, সোমরস পানকারিণী, সৌম্যরূপা, তথা সমস্ত পর্বতে নিবাসকারিণী—সেই দেবীকে নমস্কার করি। ১৯

যিনি শুম্ভ ও নিশুম্ভের সংহারকারিণী, যাঁহার স্তন হাতীর কুম্ভস্থলের সমান, সিদ্ধ ও চারণগণ যাঁহার সেবায় রত, যিনি কার্ত্তিকেয়ের জননী, যাঁহা হইতে কুমারের উৎপত্তি হইয়াছে, এবং যিনি পর্ব্বতের পুত্রী হইয়া সর্বত্র বিচরণশীলা, সেই পার্বতী দেবীকে আমি প্রণাম করি। ২০।

পঞ্চাশ দেবকন্যাগণের*, যাঁহারা দেবতাদিগের পত্নীরূপ, কল্পে যে সকল পুত্র—তাঁহার পুত্র ও সৌভগগণের সুন্দরী স্ত্রী,—

* পঞ্চাশ দেবকন্যা এখানে দক্ষ প্রজাপতির পঞ্চাশ কন্যাকে লক্ষ্য করিয়া কথিত হইয়াছে। এই পঞ্চাশ জন কন্যার মধ্যে ২৭ জন সোমকে, ১৩ জন কশ্যপকে এবং ১০ জন ধর্মকে পত্নীরূপে দক্ষ দান করিয়াছিলেন।

ভদ্রা, (অধিবাসিনী) সকলের জননী, রোহিণী ও লোধ্রী, অধিগণসহ দেবতাগণ যাঁহার সেবা করেন, সমস্ত দেবতা যাঁহার চরণে মস্তক অবনত করেন, যিনি কালী, কাত্যায়নী দেবী, ভদ্রধারিণী ও ভদ্রমালিনী—তাঁহাকে আমি প্রণাম করিতেছি। ১ ১০

যিনি কালরাত্রি, যিনি ইচ্ছানুরূপ রূপ করিতে পারেন, ত্রিনেত্রধারিণী ও ব্রহ্মচারিণী যিনি বিদ্যুৎরূপা, মেঘের ন্যায় গর্জনকারিণী, বৈতাল ও বিশালমুখমণ্ডলা, সেই দেবীকে প্রণাম করিতেছি। ১১

যিনি ঘৃণার প্রধান অবলম্বা, মহাদৌভাগ্যশালিনী, শকুনি, রেবতী প্রভৃতি গ্রহরূপা তথা তিথির মধ্যে পঞ্চমী, ষষ্ঠী, পূর্ণবাসী ও চতুর্দ্দশীরূপা, সেই দেবীকে আমি প্রণাম করি। ১২

সাতাশ (২৭) নক্ষত্র, সমস্ত নদী, দশ দিক্—যাঁহার স্বরূপ, যিনি নগর, উপবন, উদ্যান ও অট্টালিকাসমূহের অধিষ্ঠাত্রী দেবীর রূপে নিবাস করেন, সেই আর্যাদেবীকে আমি প্রণাম করিতেছি ॥ ১৩

যিনি স্ত্রী (লজ্জা), শ্রী (লক্ষ্মী), গঙ্গা, গন্ধর্বা (ধৈর্য্যরূপা), যোগিনী তথা সর্বপুরুষগণের যোগ-প্রদানকারিণী সেই কীর্তি, আশা, বিদ্যা, স্পর্শা এবং সরস্বতী নাম-বিশিষ্টা দেবীকে আমি প্রণাম করিতেছি। ১৪

যিনি বেদসমূহের মাতা, ভক্তবৎসলা, সাবিত্রী, তপস্বিনী, শান্তিকরী, একানাংশা এবং সর্বাভরণভূষণা, সেই আর্যাদেবীকে নমস্কার করি। ১৫

যিনি কুটীরবাসিনী, মন্দিরা, কোশলা, চণ্ডা, মলয়বাসিনী,

কল্পপুত্রসহস্রস্য পুত্রপৌত্রবতস্থিতঃ।
মাতা পিতা জগন্মাতা দিবি দেবাপ্সরোগণৈঃ ॥ ১১
ঋষিপত্নীগণানাঞ্চ যক্ষ-গন্ধর্ব-যোষিতাম্
বিদ্যাধরাণাং নারীষু সাধ্বীষু মনুজাসু চ ॥ ১২
এবমেতাসু নারীষু সর্বদা ভূতধাত্র্যসি
নমস্কৃতাসি ত্রৈলোক্যে কিন্নরৈঃ স্তূয়তে সিতে ॥ ১৪
অচিন্ত্যা শুদ্রনেত্রাসি যাসি সাসি নমোঽস্তু তে
এভির্নামভিরৈশ্চৈব কীর্তিতা ত্বমি গৌরি ॥ ১৫
ত্বৎপ্রসাদাদবিঘ্নেন ক্রিয়াঃ মুচ্যেম বন্ধনং।
অবেক্ষস্ব বিশালাক্ষি পাহি নঃ শরণং ভবে ॥ ১৬
সর্বেষামেব বন্ধানাং মোক্ষণং কর্তুমর্হসি
ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ চন্দ্রসূর্যাগ্নিরুক্তাঃ ॥ ১৭
অশ্বিনৌ বসবশ্চৈব বিশ্বে সাধ্যাস্তথৈব চ
মরুতা সহ পর্জন্যো ধাতা ভূমিস্তিলো দশ ॥ ১৮
গাবো নক্ষত্রবাক্ষাশ্চ গ্রহা নদ্যো দ্রুমাস্তথা।
সরিতঃ সাগরা চৈব নানাবিদ্যাধরোরগাঃ ॥ ১৯
তথা নার্যঃ সুপর্ণানো গন্ধর্বাপ্সরসাঃ গণাঃ।
কৃৎস্নং জগদিদং প্রোক্তং দেব্যা নামানুকীর্তনাৎ ॥ ৩০
দেব্যাঃ স্তবমিমং পুণ্যং যঃ পঠেৎ সুসমাহিতঃ।
সা তস্যৈ সপ্তমে মাসি বরমাত্রা প্রযচ্ছতি ॥ ৩১
অষ্টাদশভুজা দেবী বিদ্যাতরণভূষিতা।
হারশোভিতসর্বাঙ্গা মুকুটোজ্জ্বলভূষণা ॥ ৩২
কাত্যায়নী ভবক্রোধে ত্বং বরং প্রযচ্ছসি।
অতঃ স্তবীমি ত্বাং দেবীং বরদে বামলোচনে ॥ ৩৩
নমোঽস্তু তে মহাদেবি সুপ্রীতা যে মনা ভব।
প্রযচ্ছ ত্বং বরং রাজ্ঞঃ পৃষ্টিস্তৈব ক্ষমাং ধৃতিম্ ॥ ৩৪
বন্ধনন্তো বিমুচ্যেহং সত্রানেন্তর ভাবিতি

বৈশম্পায়ন উবাচ।

এবং স্তুতা মহাদেবী দুর্গা দুর্গপরাক্রমা ॥ ৩৫
সান্ত্বিতা কৃপয়া তস্য অনিরুদ্ধস্য বন্ধনে
অনিরুদ্ধহিতার্থায় দেবী জলবৎসলা ॥ ৩৬

ব্রাহ্মা ও পিতা, স্বর্গের দেবতা ও অপ্সরাগণের সহিত ঋষিপত্নীগণ, যক্ষ ও গন্ধর্বগণের স্ত্রীগণ বিদ্যাধরগণের স্ত্রীগণ এবং সতী-সাধ্বী-মানবী স্ত্রীগণ—এই প্রকার উপযুক্ত মহিলাগণের মধ্যে আপনি জগন্মাতারূপে বাস করেন, কারণ, আপনিই সমস্ত কৃত্যের আশ্রয়। ত্রিলোকে সর্বত্র আপনার চরণে মস্তক অবনত করা হয়। কিন্নরগণ উচ্চস্বরে আপনার মাহাত্ম্য আপনার সেবা করেন ॥ ২৯-২৫

আপনি অচিন্ত্যা ও অশুভনেত্রা, আপনি যশস্বিনী ও যশস্করী যাহা হউন, আপনাকে প্রণাম করি। হে গৌরীমনস্বিনি! এই পূর্বোক্ত নামসমূহ ও অন্য নামসমূহের দ্বারা আপনি কীর্তিতা হন ॥ ২৬

বিশাললোচনে! আমি আপনার কৃপায় সব কিছু বিঘ্ন ও বাধা হইতে শীঘ্র মুক্ত হইয়া যাইব। আপনি আমার উপর কৃপাদৃষ্টি দান করুন। আমি আপনার চরণের শরণ লইয়াছি। আপনিই আমাকে সমস্ত বন্ধন হইতে মুক্ত করিতে পারেন ॥ ২৬½

ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র, চন্দ্র, সূর্য, অগ্নি, বায়ু, অশ্বিনীকুমার, বসু, বিশ্বেদেব, সাধ্যগণ, মরুদ্গণ, পর্জন্য, ধাতা, ভূমি, দশ দিক্, গো, নক্ষত্রসমূহ, গ্রহগণ, নদীসকল, সরোবরসমূহ, সরিৎ-সকল, সমুদ্র, নানা বিদ্যাধর, সর্প, নাগ, যক্ষ, গরুড় ও অপ্সরাগণ—এই প্রকারে দেবীর নামের বারংবার কীর্তনের দ্বারাই এই সম্পূর্ণ জগতের কীর্তন হইয়া যায় ॥ ২৭-৩০

যিনি একাগ্রচিত্ত হইয়া দেবীর এই পবিত্র স্তোত্র পাঠ করেন—সেই দেবী সপ্তম মাসে তাঁহাকে উত্তম বর প্রদান করেন ॥ ৩১

দেবীর অষ্টাদশ বাহু, তিনি বিদ্যাভরণে ভূষিতা, হারের দ্বারা তাঁহার সর্বাঙ্গ শোভিত, মুকুটের আভায় তাঁহার আননমণ্ডল চমকিত হয় ॥ ৩২

হে কাত্যায়নি! যখন আপনাকে স্তুতি করা হয়, তখন আপনি উত্তম বরপ্রদান করেন। অতএব হে বরদায়িনি! বামলোচনে! আমি আপনাকে স্তুতি করিতেছি ॥ ৩৩

হে মহাদেবি! আপনাকে প্রণাম করিতেছি। আপনি সর্বদা আমার উপর প্রসন্ন থাকিয়া আমাকে শ্রেষ্ঠ আয়ু, পুষ্টি, ক্ষমা ও ধৈর্য প্রদান করুন। আমি বন্ধন দশায় আছি, কিন্তু আমি ইহা হইতে মুক্ত হইয়া যাইব—আমার এই সঙ্কল্প সত্য ॥ ৩৪½

বৈশম্পায়ন বলিলেন—হে রাজন্! এইভাবে স্তুতা দুর্গম পরাক্রম প্রকটকারিণী মহাদেবী দুর্গা বন্ধনাগারে অনিরুদ্ধের নিকটে আসিয়া তাঁহাকে দর্শন দিলেন ॥ ৩৫½

সেই সরযাতবংসলা দেবী বাণনগরে বদ্ধ বীর অনিরুদ্ধের হিতসাধনের জন্য তাঁহাকে বন্ধন হইতে মুক্ত করিয়া

বদ্ধঃ বাণপুরে বীরমনিরুদ্ধং বামোরুজং
সান্ত্বয়ামাস তং বীরমনিরুদ্ধমমর্ষণম্ ॥ ৩৭

পূজয়ামাস তাং বীরঃ সোঽনিরুদ্ধঃ প্রতাপবান্।
প্রসাদং দর্শয়ামাস অনিরুদ্ধস্য বন্ধনে ॥ ৩৮

নাগপাশেন বদ্ধস্য তস্যোবাহ্যতচেতসঃ।
স্মোচয়িত্বা করাগ্রেণ পঞ্চরং বজ্রসন্নিভম্ ॥ ৩৯

রুদ্ধঃ বাণপুরে বীরঃ সানিরুদ্ধমভাষত
সান্ত্বয়ন্তী বচো দেবী প্রসাদাভিমুখী তদা ॥ ৪০

শ্রীদেব্যুবাচ

চক্রাদ্বুধো মোক্ষয়িত্বানিরুদ্ধ
ত্বাং বন্ধনাদ্যস্তু সহস্র কালম্।
ছিত্ত্বা স বাণস্য সহস্রবাহূঃ
পুরীং নিজাং নেষ্যতি দৈত্যসূদনঃ ॥ ৪১

ততোঽনিরুদ্ধঃ পুনরেব দেবীং
তুষ্টাব তুষ্টঃ শশিকান্তবক্ত্রঃ।

অনিরুদ্ধ উবাচ

নমোঽস্তু তে দেবি বরপ্রদে শিবে
নমোঽস্তু তে ঽম্বি সুরারিনাশিনি। ৪২

নমোঽস্তু তে কামচরে সদাশিবে
নমোঽস্তু তে সর্ব্বহিতৈষিণি প্রিয়ে।
নমোঽস্তু তে ভীতিকরি ধিয়াং সদা
নমোঽস্তু তে বন্ধনমোক্ষকারিণি ॥ ৪৩

ব্রহ্মাণীত্রাণি কৃপাণি ধৃতভয়ভবে শিবে।
ত্রাহি মাং সর্ব্বভীতিভ্যো নারায়ণি নমোঽস্তু তে ॥ ৪৪

নমোঽস্তু তে জগন্নাথে প্রিয়ে লোকে মহাব্রতে।
ভক্তিপ্রিয়ে জগন্মাতঃ শৈলপুত্রি বসুন্ধরে ॥ ৪৫

ত্রাহি মাং ত্বং বিশালাক্ষি নারায়ণি নমোঽস্তু তে
ত্রায়স্ব সর্ব্বদুঃখেভ্যো দানবানাং ভয়ঙ্করি ॥ ৪৬

কৃতপ্রিয়ে মহাভাগে ভক্তানামার্ত্তিনাশিনি।
নমামি শিরসা দেবী বন্ধনাস্ত্বা বিমোক্ষিতঃ ॥ ৪৭

লিলেন এবং সেই অমর্ষশীল বীর অনিরুদ্ধকে সান্ত্বনা প্রদান করিলেন ॥ ৩৬-৩৭

তখন প্রতাপবান বীর অনিরুদ্ধ দেবীর পূজা করিলেন। দেবী বন্ধনাধারে অনিরুদ্ধকে নিজ কৃপ প্রভাব দর্শন করাইলেন ॥ ৩৮

যিনি নাগপাশে বদ্ধ হইয়াছিলেন, ও ইষা যাঁহার চিত্ত চুরি করিয়া লইয়াছিলেন, সেই অনিরুদ্ধের বজ্রতুল্য পিঞ্জর নিজ হাতের অগ্রভাগ দ্বারা ভাঙ্গিয়া দিয়া দেবী বাণপুরে অবরুদ্ধ বীর অনিরুদ্ধকে মুক্ত করিয়াছিলেন এবং কৃপা করিবার জন্য উন্মত হইয়া তাঁহাকে সান্ত্বনা দিতে দিতে এই প্রকার বলিলেন ॥ ৩৯-৪০

শ্রীদেবী বলিলেন—অনিরুদ্ধ! চক্রধারী ভগবান শ্রীকৃষ্ণ শীঘ্রই আসিয়া তোমাকে সম্পূর্ণরূপে এই বন্ধন হইতে মুক্ত করিবেন, ততক্ষণ যাবৎ কিছু সময়ের জন্য এই কষ্ট সহ্য কর। দৈত্যসূদন শ্রীহরি বাণাসুরের সহস্র বাহু যেমন করিয়া তোমাকে নিজ পুরীতে লইয়া যাইবেন ॥ ৪১

তারপর চন্দ্রমার ন্যায় কমনীয় মুখবিশিষ্ট অনিরুদ্ধ প্রসন্ন হইয়া পুনরায় দেবীর স্তব করিতে লাগিলেন ॥ ৪২।

অনিরুদ্ধ বলিলেন—হে কল্যাণরূপে! বরদায়িনি দেবি! দেবদেবেশ্বরি দেবি! আপনাকে প্রণাম জানাই ॥ ৪২

হে কামচরে সদাশিবে! আপনাকে প্রণাম করি। সর্বজনের হিতাকাঙ্ক্ষিণী হইয়াছেন! আপনাকে প্রণাম জানাই। শত্রুনিধনের সময় ভয়প্রদর্শনকারিণি দেবি! আপনাকে প্রণাম এবং বন্ধন-মোক্ষকারিণি দেবি! আপনাকে প্রণাম জানাই ॥ ৪৩

হে ব্রহ্মাণি! ঐন্দ্রাণি! কৃপাণি! ধৃত, বর্তমান ও ভবিষ্যৎ-রূপে শিবে! সকল প্রকার ভয় হইতে আমাকে রক্ষা করুন। হে নারায়ণি! আপনাকে প্রণাম করি ॥ ৪৪

জগন্নাথে প্রিয় দেবি! আপনাকে প্রণাম জানাই। যাহে (সংযমপরায়ণে)। মহব্রতধারিণি ভক্তিপ্রিয়ে! জগন্মাতঃ! শৈলরাজনন্দিনি! বসুন্ধরে! বিশালাক্ষি নারায়ণি! আপনি আমাকে রক্ষা করুন, আপনাকে প্রণাম করিতেছি। দানবদিগের ভয় প্রদর্শনকারিণি দেবি! সকল প্রকার দুঃখ হইতে আমাকে পরিত্রাণ করুন ॥ ৪৫-৪৬

কৃতপ্রিয়ে! ভক্তের পীড়ানাশিনী মহাভাগে! আমি আপনার শ্রীচরণে আমার মস্তক অবনত করিয়া প্রণাম করিতেছি; আপনি আমাকে বন্ধন হইতে মুক্ত করিয়া দিন ॥ ৪৭

বৈশম্পায়ন উবাচ

সর্বপাপবিনির্মুক্তো বিষ্ণুলোকং স গচ্ছতি।
যস্বনন্ত্যো বিমুচ্যেত সত্যা ব্যাসবচো যথা ॥ ৬৮

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্বণি
আর্যাস্তুতো নাম বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১২০

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! যিনি একাগ্রচিত্তে এই পবিত্র আর্যাস্তোত্র পাঠ করেন, তিনি সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া বিষ্ণুলোকে গমন করেন এবং যদি বন্ধনে পতিত থাকেন, তাহা হইলে তাহা হইতেও মুক্ত হইয়া যান; যেমন ব্যাসদেবের ইহা সত্য হইয়াছে ॥ ৬৮

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্বে অনিরুদ্ধকৃত আর্যাস্তব নামক বিংশত্যধিকশততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ৪

[অনিরুদ্ধাপহরণেনান্তঃপুরে শোকঃ, শ্রীকৃষ্ণস্য যাদবানাঞ্চ চিন্তা, গুপ্তচরাণাং নিয়োগঃ, তেষাং বিফলতা, নারদস্যাগমনম্, অনিরুদ্ধস্য সংবাদকথনম্, শ্রীকৃষ্ণেন গরুড়স্তাস্মানং স্তুতিঃ, গরুড়েন শ্রীকৃষ্ণস্য স্তবঃ, শ্রীকৃষ্ণস্য শোণিতপুরে প্রস্থানঞ্চ।]

বৈশম্পায়ন উবাচ

ততোঽনিরুদ্ধস্য গৃহে কৃতস্য সর্বস্বেনিতঃ।
প্রিয়ঃ নাথমপশ্যন্ত্যঃ কৃপণা ইব সস্বনঃ ॥ ১

অহো ধিগিমিং নাথ ন ত কৃষ্ণে বাবস্থিতে
অনাথা ইব সম্ভূতা কলিমঃ ভয়পীড়িতাঃ ॥ ২

যস্যেন্দ্রপ্রমুখা দেবাঃ সাদিত্যাঃ সমরুদ্গণাঃ
বাহুচ্ছায়ামুপাশ্রিতা বসন্তি দিবি দেবতাঃ ॥ ৩

তস্যোৎপন্নমিমং লোকে ভয়ন্তু মহাভয়ম্
তস্যানিরুদ্ধঃ পৌত্রস্তু বীরঃ কেনাপি নো হৃতঃ ॥ ৪

অহো নাস্তি ভয়ং নূনং তস্য লোকে মুহূর্তকে
বাসুদেবস্য যঃ ক্রোধমুদ্বহেৎ পুরুষাধমঃ ॥ ৫

যাদিত্যাস্তাস্য সংমুহ্যেয়ুস্তীব্রে পরিবর্তনে।
স বাসুদেবঃ সমরে মোহয়িত্বা রিপূন্ ॥ ৬

ইহৈবাবিধং কৃত্বা বিপ্রিয়ং মৎপুত্রকে
কথং জীবন্ বিমুচ্যেত সাক্ষাদপি শচীপতিঃ ॥ ৭

হৃতনাথাঃ স্ম লোকাঃ স্ম বয়ং নাথং বিনা কৃতাঃ
বিপ্রধর্ষণেন নাথস্য কৃতাস্তুবশগাঃ কৃতাঃ ॥ ৮

ইত্যেবং তা বরস্ত্রীস্তু করুণান্তু পুনঃপুনঃ।
নেত্রজং বারি মুমুচুর্নলিন্য ইব পদ্মজম্ ॥ ৯

আজ কে হরণ করিয়াছে? ৩-৫

অহো! সেই দুর্বুদ্ধির নিকটই সংসারে কোন ভয় নাই, যে ভগবান্ বাসুদেবের ক্রোধে উৎপন্ন করিয়াছে ॥ ৫

যে ব্যক্তি যুধ্যমানকারী দুষ্টার সম্মুখে দণ্ডায়মান হইতেছে, কেবল সেই ব্যক্তিই মোহবশে সমরাঙ্গনে গরুড়ধ্বজ ভগবান্ বাসুদেবের সম্মুখে গমন করে ॥ ৬

বহুকুলতিলক শ্রীকৃষ্ণের প্রতি এইরূপ অপ্রিয় আচরণ করিয়া সাক্ষাৎ শচীপতি ইন্দ্রও কেমন করিয়া জীবিত অবস্থায় মুক্তি লাভ করিবেন? ৭

হায়! আমরা প্রভুর অসহরণ জানিয়া আমরা সকলে অনাথা ও শোচনীয় হইয়া রহিয়াছি। আপন স্বামীর বিরোধে আমরা কালের অধীন হইয়া রহিয়াছি ॥ ৮

সেই বরস্ত্রী অজনাগণ এইরূপে বিলাপ ও রোদন করিতে করিতে নিজেদের চক্ষু হইতে অম্বরসদৃশ অশ্রু বিসর্জন করিতে লাগিলেন ॥ ৯

তাসাং বাষ্পাম্বুপূর্ণানি নয়নানি চকাশিরে।
সন্দিগ্ধনালমুত্তানীব পঙ্কজানি জলাগমে ॥ ১০

তাসাং মহালপদ্মাণি রাজন্তি স্ততানি চ
রুদিতেনামুতানীব নয়নানি চকাশিরে ॥ ১১

তাসাং কর্ণতলস্থানাং পূর্ণ আসীন্মহান্ স্বনঃ।
কুররীনাদবিত্রাসাদ্বে রুদতীনাং সহস্রশঃ ॥ ১২

তে শ্রুত্বা নিনদং ঘোরমপূর্ব্বং ভয়মাগতম্।
উৎপেতুঃ সদনা দ্বেভ্যো গৃহেভ্যঃ পুরুষর্ষভাঃ ॥ ১৩

কস্যাদেবোহনিরুদ্ধস্য শ্রূয়তে ভূমতাস্বনঃ
গৃহে কৃষ্ণাভিগুপ্তায়াঃ কুতো নো ভয়মাগতম্ ॥ ১৪

ইত্যেবমুচুস্তেঽন্যোন্যং বেগবিক্লবগদ্গদাঃ।
অবধিত্বা যথা সিংহা গুহাং তাং ইব নির্ভয়াঃ ॥ ১৫

সন্ত্রাসতস্তে কৃষ্ণস্য সংত্রাসমতুলং তদা
যযুস্তে সদনে তে সর্বে সমাসাদ্য চ বিহ্বলাঃ ॥ ১৬

তাঁহাদের অন্তরে পূর্ব্ব নেত্রসঃ বর্ষাকালে জলে আপ্লুত পদ্মের ন্যায় প্রকাশিত হইতেছিল। ১০

তাঁহাদের কুটিল পক্ষ্মযুক্ত মুক্ত ও রুক্মিম নয়নসকল যেন রক্তে আপ্লুত বলিয়া প্রতীত হইতেছিল। ১১

অট্টালিকাবাসিনী সেই সুকেশীগণের রোদনধ্বনি সমস্ত দিক্ পূর্ণ করিল এবং সেই আর্ত্তনাদ আকাশে সহস্র কুররীর ক্রন্দনের ন্যায় ধ্বনিত হইতেছিল। ১২

সেই ভয়ঙ্কর আর্ত্তনাদ শ্রবণ করত কোনও অপূর্ব ভয়ের আগমনের অনুমান করিয়া সেই পুরুষশ্রেষ্ঠগণ যাদবগণ নিজ নিজ গৃহ হইতে লম্ফপ্রদানপূর্ব্বক বাহির হইয়া আসিলেন। ১৩

তাঁহারা চিন্তা করিতে লাগিলেন—অনিরুদ্ধের গৃহে এই মহা-কোলাহল কেন ও কোথা হইতে হইল? শ্রীকৃষ্ণের সংরক্ষণে স্থিত আমাদের গৃহে এই ভয় কোথা হইতে আসিল? ১৪

এইভাবে তাঁহারা একে অন্যকে বলিতে লাগিলেন। তখন তাঁহাদের কথাবার্ত্তা বেগধ্বনিহ বিকলতাবেতু গদগদ হইয়াছিল। কাহারও জিহ্বার স্তম্ভ করিতে না পারিয়া সিংহ যেমন গুহা হইতে বহির্গত হয়, সেইরূপ সেই যাদবগণও নিজ নিজ গৃহ হইতে বাহির হইয়া পড়িলেন। ১৫

তখনও শ্রীকৃষ্ণের যুদ্ধে প্রস্তুত হইবার জন্য সূচনাকারী বিশাল ঢাক তখন বাজিয়া উঠিল, যাহার শব্দে সমস্ত যাদবগণ সেখানে একত্রিত হইয়া অবস্থান করিলেন। ১৬

কিমেতদিতি তেঽন্যোন্যং সমপৃচ্ছন্ত যাদবাঃ
অন্যোন্যস্য হিতে সর্বে যথাবদুমবেবয়ন্ ॥ ১৭

ততস্তে বাষ্পপূর্ণাক্ষাঃ ক্রোধসংরক্তলোচনাঃ।
নিঃশ্বসন্তো বার্ষিতন্ত যাদবা যুদ্ধদুর্মদাঃ ॥ ১৮

তূষ্ণীভূতেষু সর্বেষু বিষ্ণুর্যুদ্ধাকাঙ্ক্ষয়াব্রবীৎ
কৃষ্ণঃ প্রহরতাং শ্রেষ্ঠঃ নিঃশ্বসন্তং মুহুর্মুহুঃ ॥ ১৯

কিমিদং চিন্তয়াবিষ্টঃ পুরুষেন্দ্র ভবানিহ
তব বাহুবলত্রাণাঃ আশ্বিতাঃ সর্বযাদবাঃ ॥ ২০

ভবন্তমাশ্রিতাঃ কৃষ্ণ সংবিভক্তাশ্চ সর্বশঃ।
স্তবৈব বলবান্ শত্রুস্বয়াবেন্দ্র জয়াজয়ৌ ॥ ২১

মুখং ঋষিরিতি শ্রিশ্নঃ কথং ত্বং চিন্তয়াশ্বিতঃ।
লোকধারয়রক্ষোভাঃ মনো যে আত্তয়ো গতাঃ ॥ ২২

ত্রায়স্বজমানানেকস্ব সমুদ্ধর্তুং ত্বমর্হসি।
কিমেবং চিন্তয়া বিষ্টো ন কিঞ্চিদিতি ভাষসে ॥ ২৩

'ইহা কি' বলিয়া সেই যাদবগণ পরস্পর পরস্পরকে জিজ্ঞাসা করিতে লাগিলেন। তাঁহারা কারণ জানিতে পারিয়াছিলেন, তাঁহারা একে অন্যকে যথার্থ কথা বলিতেছিলেন। ১৭

তখন সেই ক্রুদ্ধ যাদবগণ বাষ্পপূর্ণ ক্রোধে রক্তবর্ণ নয়ন-বিশিষ্ট হইয়া দীর্ঘশ্বাস ত্যাগ করিতে করিতে অবস্থান করিতে লাগিলেন। ১৮

সমস্ত যাদব সেস্থানে আসিয়া নীরব রহিলেন। তখন বিষ্ণু বারংবার দীর্ঘশ্বাস লইতে লইতে যোদ্ধশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণকে এই প্রকার বলিলেন। ১৯

হে পুরুষোত্তম! আপনি এস্থানে চিন্তামগ্ন কেন? সমস্ত যাদব আপনার বাহুবল আশ্রয় করিয়া জীবনধারণ পূর্বক এস্থানে সুখে বাস করিতেছেন। ২০

হে শ্রীকৃষ্ণ! ইহারা সকলে আপনার শরণাপন্ন এবং আপনিই সকলকে পৃথক্ পৃথক্ সুখ সুবিধা দিয়াছেন। এইভাবে বলবান্ ইন্দ্রও আপনার উপর জয়-পরাজয়ের ভার রাখিয়া ভয়হীনভাবে সুখে বাস করিতেছেন। অতএব আপনি কেন চিন্তা করিতেছেন? আপনার এই সেই সমস্ত বন্ধু-বান্ধব আপনার এই দশা দেখিয়া শোকে অত্যন্ত সন্তপ্ত হইয়া পড়িয়াছেন। ২১-২২

মহাবাহো! আপনি একাই মজ্জমান স্বজনবর্গকে উদ্ধার করুন—এইরূপ চিন্তামগ্ন হইয়া আপনি কেন কিছু বলিতেছেন না হে দেব! হে মাধব! আপনি চিন্তা করিবেন না। ২৩

চিন্ত্যাং কর্তুং বৃথা বেদ ন মমর্হসি মাধব
ইত্যেবমুক্তঃ কৃষ্ণস্তু নিঃশ্বস্য মুহিতঃ মহু ॥ ১৪
প্রাহ বাক্যং স বাক্যজ্ঞো বৃহস্পতিরিব স্বয়ম্।

শ্রীকৃষ্ণ উবাচ।

বিপৃথো চিন্তয়াবিষ্টো জ্ঞেতং কার্যামচিন্তয়ম্ ॥ ১৫
বিচিন্তয়ন্বপ্যহং চাস্য কার্যস্য ন লভে গতিম্।
তথাহং তথতাপ্যুক্তো নোত্তরং বিদধে কচিৎ ॥১৬
দাশার্হসদমধ্যেঽহং যদামার্থবতীং গিরম্
শৃণুন্তঃ যাদবাঃ সর্বে যথা চিন্তাবিষ্টো মুহূর্ম্ ॥ ১৭
অনিরুদ্ধে শ্রুতে বীরে পৃথিব্যাং সর্বপার্থিবাঃ
অশক্তা ইতি মৎস্তস্তে সর্বানস্মান্ সবান্ধবান্ ॥ ১৮
আহুকশ্চৈব নো রাজা শ্রুতঃ শাল্বেন বৈ পুরা
প্রত্যানীতঃ স চাস্মাভির্যুদ্ধং কৃত্বা পুরাকৃতম্ ॥ ১৯
প্রদ্যুম্নোঽপি নো বালঃ সম্বরেণ হৃতো দ্রুতম্।
স তং নিহত্য সমরে প্রাপ্তো রুক্মিণিনন্দনঃ ॥ ৩০
ইমং তু সুমহৎ কষ্টং প্রাপ্তাস্মি ক প্রবাসিতঃ।
এবংবিধময়ং দোষং ন স্মরে মনুজর্ষভাঃ ॥ ৩১
তস্মিন্ন শুষ্কিতঃ পাপো যেন মে মূর্ধি পাতিতঃ।
তস্যাহং সানুবন্ধস্য হরিষ্যে জীবিতং রণে ॥ ৩২
ইত্যেবমুক্তে কৃষ্ণেন সাত্যকির্বাক্যমব্রবীৎ।
চারাঃ কৃষ্ণ প্রণীয়ন্তামনিরুদ্ধস্য মার্গণে।
সপর্বতবনোদ্দেশাং মার্গন্তু বসুধামিমাম্ ॥ ৩৩
আহুকং প্রাহ কৃষ্ণস্তু স্মিতং কৃত্বা বচস্তদা।
(অন্বেষণেঽনিরুদ্ধস্য চারানাশি না চিরম্।)
আভ্যন্তরাংশ্চ বাহ্যাংশ্চ ব্যাদিশন্নাঃ চরা নৃপ ॥ ৩৪

বৈশম্পায়ন উবাচ।

কেশবস্তু বচঃ শ্রুত্বা আহুকস্তুরিতোঽব্রবীৎ।
অন্বেষণেঽনিরুদ্ধস্য স চারান্ নিষ্টবাংস্তদা ॥ ৩৫
ততশ্চারাস্তু ব্যাদিষ্টাঃ পার্শ্বিনেন যশস্বিনা
হৃষ্টা যথাংশ্চ ব্যাদিষ্টাঃ পার্শ্বিনেন মহাত্মনা।
অভ্যন্তরঞ্চ মার্গন্তঃ বাহ্যাংশ্চ সমন্ততঃ ॥ ৩৬

বিপৃথু এইরূপ বলিলে পর বাক্যজ্ঞ শ্রীকৃষ্ণ অনেকক্ষণ পরে দীর্ঘশ্বাস ত্যাগ করিয়া সাক্ষাৎ বৃহস্পতির ন্যায় এই কথা বলিলেন ॥ ২৪॥

শ্রীকৃষ্ণ বলিলেন,—হে বিপৃথো! আমি চিন্তামগ্ন হইয়া এই কার্যের বিষয় চিন্তা করিয়াছি, কিন্তু বহু চিন্তা করিয়াও আমি এই কার্যের কোন নিশ্চিত উপায় লাভ করিতে পারি নাই। সেইজন্য তোমার জিজ্ঞাসার পরও আমি কোন উত্তর দিই নাই। ॥ ২৫-২৬ ॥

আজ সমস্ত যাদবগণের মধ্যে আমি এই অর্থপূর্ণ বাক্য বলিতেছি। হে যাদবগণ! তোমরা সকলে শ্রবণ কর, আমি কি চিন্তা করিয়াছি ॥ ২৭

বীর অনিরুদ্ধ অপহৃত হইয়াছে জানিলে ভূমণ্ডলের সমস্ত রাজারা বন্ধুবান্ধব সহিত আমাদের সকলকে শক্তিহীন বলিয়া জানিবে ॥ ২৮

পূর্বকালে শাল্ব আমাদের রাজা উগ্রসেনকে হরণ করিয়া লইয়াছিলেন, তখন আমরা ভীষণ যুদ্ধ করিয়া তাঁহাকে পুনরুদ্ধার করিয়াছিলাম ॥ ২৯

আমাদের প্রদ্যুম্নকেও বাল্যাবস্থায় শম্বরাসুর চুরি করিয়া লইয়া গিয়াছিল, কিন্তু রুক্মিণীনন্দন প্রদ্যুম্ন সমরাঙ্গনে সেই অসুরকে বধ করিয়া স্বয়ং চলিয়া আসিয়াছিল ॥ ৩০

কিন্তু ইহা অত্যন্ত কষ্টের কথা যে, প্রদ্যুম্নকুমার অনিরুদ্ধ কোথায় প্রবাসিত হইল। হে নরশ্রেষ্ঠ যাদবগণ! এইরূপ দোষ কখন প্রাপ্ত হইয়াছিলাম, তাহা আমি স্মরণ করিতে পারি না ॥ ৩১

যে ব্যক্তি আমার মস্তকে নিজ উষ্ণীষের পাদ স্থাপন করিয়াছে, যাবতীয় আত্মীয় স্বজনগণের সহিত সেই দুরাত্মার প্রাণকে আমি রণভূমিতে অবশ্যই হরণ করিব ॥ ৩২

শ্রীকৃষ্ণ এইরূপ বলিবার পর সাত্যকি বলিলেন—হে শ্রীকৃষ্ণ! অনিরুদ্ধের সন্ধান লইবার জন্য গুপ্তচর প্রেরণ করুন এবং পর্বত ও বনস্থলীসহিত এই সমগ্র পৃথিবীতে তাঁহার অনুসন্ধান করুন ॥ ৩৩

তখন শ্রীকৃষ্ণ স্মিত হাস্য করিয়া রাজা উগ্রসেনকে বলিলেন—হে নরেন্দ্র! আজ রাজ্য এবং আভ্যন্তর সমস্ত চরদিগকে এই কার্যের জন্য নিযুক্ত করুন ॥ ৩৪

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! ভগবান্ শ্রীকৃষ্ণের এই কথা শুনিয়া রাজা উগ্রসেন অতিশয় তৎপর হইলেন। সেই অনিরুদ্ধের সন্ধানের জন্য তখন প্রকট (বাহ্য) ও গুপ্ত (আভ্যন্তর) চর নিযুক্ত করিলেন ॥ ৩৫

যশস্বী পার্শ্বিনি মহাত্মা উগ্রসেন গুপ্তচর বিভাগ করিয়া তাহাদের জন্য অন্ন ও বেতন দিলেন এবং আদেশ করিলেন তোমরা সকলে ভিতর-বাহির সব দিকে অনিরুদ্ধকে অনুসন্ধান কর ॥ ৩৬

বেণুমন্তং লতাবিষ্টং তথা বৈবতকং গিরিম্
কক্ষবন্তং গিরিং চৈব মার্গধ্বং ত্বরিতা হয়ৈঃ ॥ ৩৭
একৈকং তত্র চোদ্যানং মার্গধ্বং কাননানি চ।
যাতব্যং চাপি নিঃশব্দমুদ্যানানি সমন্ততঃ ॥ ৩৮
হত্বানাকং সহস্রাণি রথানাং চাপ্যনেকশঃ।
আরুহ্য ত্বরিতাঃ সর্বে মার্গধ্বং যদুনন্দনম্ ॥ ৩৯
সেনাপতিরনাবৃষ্টিরিদং বচনমব্রবীৎ
কৃষ্ণমক্লিষ্টকর্মাণমসুরাস্তাং ভীততীতবৎ ॥ ৪০
শৃণু কৃষ্ণ বচো মহ্যং রোচতে যদি তে প্রভো।
চিত্তাৎ প্রভৃতি মে বক্তুং হৃদয়ং ত্বাস্তে মতিঃ ॥ ৪১
অসিলোমা চ পুলোমা চ নিসুম্ভ-নরকৌ হতৌ।
সৌভঃ শাল্বশ্চ নিহতৌ মৈন্দঃ দ্বিবিদ এব চ ॥ ৪২
হয়গ্রীবশ্চ সুমহান্ সাধুবদ্ধস্ত্বয়া হতঃ
তাদৃশে বিগ্রহে বৃত্তে দেবতোতঃ সুদারুণে ॥ ৪৩
সর্বাণ্যেতানি কর্মাণি নিঃসন্দেহানি রণে রণে
কৃতবানসি গো বিষ্ণো পাকিশাসনস্য তে ॥ ৪৪
ইদং কর্ম ত্বয়া কৃষ্ণ সাধুবদ্ধং মহৎ কৃতম্।
পারিজাতহরণে বৈ কৃতং কর্ম দুষ্করম্ ॥ ৪৫
তত্র শক্রস্ত্বয়া কৃষ্ণ ঐরাবতশিরোগতঃ।
নির্জিতো বাহুবীর্যেণ ত্বয়া বৃত্রনিষূদনঃ ॥ ৪৬
তেন বৈরং ত্বয়া সার্ধং কর্তব্যং নাত্র সংশয়ঃ।
বৈরানুবন্ধস্তু মহাংস্তেন কার্যস্ত্বয়া সহ ॥ ৪৭
তত্রানিরুদ্ধহরণং কৃতং নবতয়া যদম্
ন হ্যন্যস্য ভবেদ্ভক্তির্বৈরিনির্যাতনাং প্রতি ॥ ৪৮
ইত্যেবমুক্তে সচনে কৃষ্ণঃ নাগ ইব শ্বসন্।
উবাচ বচনং ধীমাননাবৃষ্টিং মহাবলম্ ॥ ৪৯
সেনানীস্ত্বাং ন মৈবং ন দেবরাঃ ক্ষুদ্রকর্মিণঃ
নারুতজ্ঞা ন চ স্ত্রৈবা নাবলিপ্তা ন বালিশাঃ ॥ ৫০
দেবতার্থঞ্চ মে হৃষ্টো মহান্ দানবসংক্ষয়ে
তেষাং প্রিয়ার্থঞ্চ রণে হরিঃ পৃথু সৃজাবলান্ ॥ ৫১

অন্যে আরোহণ করিয়া পাঁচই পবন পূর্বক বেণুমান্, লতাবিষ্ট, রৈবতক ও কক্ষবান্ পর্বতে তাহার অনুসন্ধান কর ॥৩৭

সেখানে এক-এক উদ্যান ও কাননসমূহ ও উদ্যানের সব দিকে বিচরণ চলিয়া যাইবে, হাজার অশ্ব ও বহু সংখ্যক রথে আরোহণ পূর্বক তোমরা সকলে পাঁচই যদুনন্দন অনিরুদ্ধের অনুসন্ধান কর ॥ ৩৮-৩৯

তারপর সেনাপতি অনাবৃষ্টি অসুরদের মহান্ কর্মকারী অচ্যুত শ্রীকৃষ্ণকে ভয়ে ভয়ে এই কথা বলিলেন ॥ ৪০

প্রভো! শ্রীকৃষ্ণ! যদি আপনার রুচি হয়, তাহা হইলে আমার কথা শ্রবণ করুন। বহুদিন হইতে আমার মনে এই কথা রহিয়াছে, তাহা আপনাকে বলিব ॥ ৪১

অসিলোমা ও পুলোমাকে আপনিই নিহত করিয়াছেন। নিসুম্ভ ও নরককেও আপনি হত্যা করিয়াছেন। সৌভ বিমান ও তাঁহার প্রভু রাজা শাল্বকেও নষ্ট করিয়া দিয়াছেন। মৈন্দ-দ্বিবিদকেও মারিয়াছেন ॥ ৪২

মহাসুর হয়গ্রীব সবলে আপনার হস্তে নিহত হইয়াছেন। দেবতাদের জন্য আপনি ভয়ঙ্কর যুদ্ধও করিয়াছেন। যে যোদ্ধি। প্রত্যেক যুদ্ধক্ষেত্রে আপনি এই সমস্ত কর্ম পূর্বরূপে সম্পন্ন করিয়াছেন, কিন্তু আপনার সমকক্ষকারী কেহই নাই ॥ ৪৩-৪৪

শ্রীকৃষ্ণ! পারিজাতহরণের সময় আপনি যে দুষ্কর কর্ম করিয়াছিলেন, তাহা সর্বাপেক্ষা মহান্ ছিল। আপনার দ্বারা কৃত এই পারিজাতহরণরূপ কার্য পরিণামসহিত সর্বাপেক্ষা উৎকৃষ্ট ॥ ৪৫

শ্রীকৃষ্ণ! তখন আপনি নিজ বাহুবলে ঐরাবতমূর্ধে উপবিষ্ট বৃত্রবিনাশক ইন্দ্রকেও পরাজিত করিয়াছিলেন ॥ ৪৬

অতএব ইহাতে কোন সংশয় নাই যে, দেবরাজ ইন্দ্র আপনার সহিত শত্রুতা করিতে সমর্থ। আপনার সহিত মহান্ শত্রুতা হওয়া অবশ্যই সম্ভব ॥ ৪৭

অতএব অনিরুদ্ধের অপহরণ বৃথা ইন্দ্রই করিয়াছেন। অন্য কাহারও এরূপ শত্রুতার প্রতিশোধ লইবার শক্তি নাই ॥ ৪৮

তিনি এইরূপ কথা বলিলে পর বুদ্ধিমান্ ভগবান্ শ্রীকৃষ্ণ হস্তীর ন্যায় উচ্ছ্বাস লইয়া মহাবলী অনাবৃষ্টিকে এই কথা বলিলেন ॥ ৪৯

ভাই! সেনাপতে! এইরূপ কথা বলিও না, বলিও না। দেবতারা এইরূপ নীচ কর্মকারী নহেন, তাঁহারা অকৃতজ্ঞ হন না, স্ত্রীর ন্যায়ও হন না; অজ্ঞানীও নহেন, দুর্বৃদ্ধও নহেন ॥ ৫০

দেবতাদিগের জন্যই আমার দানবসংহারে মহান্ প্রযত্ন তাঁহাদের প্রিয় করিবার জন্যই আমি রণে অভিযাত্রী মহাবলী অসুরদিগের বধ করি ॥ ৫১

তৎপরস্তন্নাবাচ্যমি তদুক্তংশ্রিয়ে নমঃ
কথং পাপাঃ করিষ্যন্তি বিজ্ঞায়ৈবংবিধং হি মাম্ ॥ ৫১
অক্ষুদ্রাঃ সত্যবক্তৃশ্চ নিত্যাঃ শুক্লাস্তকল্পিকাঃ
ভেত্তো ন বিদ্যতে পাপাং বালিশত্বাং প্রভাবসে ॥ ৫৩
কদাচিদিহ পুংশ্চল্যা অনিরুদ্ধো হ্যতো ভবেৎ
দেবেষু সমবেতেষু নৈতৎ কর্ম বিধীয়তে ॥ ১৪

বৈশম্পায়ন উবাচ

এবং চিন্তয়মানস্য কৃষ্ণস্যাদ্ভুতকর্মণঃ
কৃষ্ণস্য বচনং শ্রুত্বা ততোঽহংকুরোঽব্রবীদ্ বচঃ ॥ ৫৫
মধুরং শ্লক্ষ্ণয়া বাচা অর্থবাক্যবিশারদঃ
যদ্ধ্রুক্ষ্যন্তি প্রভো কার্যাং তদস্মাকং বিনিশ্চিতম্ ॥ ৫৬
অস্মাকং চাপি যৎ কার্যাং তত্ত্বি কার্যাং শচীপতেঃ
সারক্ষ্যান্তু বরং দেবৈরস্মাভিশ্চাপি দেবতাঃ
দেবতার্থং বরং চাপি মানুষত্বমুপাগতাঃ ॥ ৫৭

এবমুক্তবচনৈস্তোষিতো মধুসূদনঃ
স্নিগ্ধগম্ভীরয়া বাচা পুনঃ কৃষ্ণোঽভ্যভাষত ॥ ৫৮
নায়ং দেবৈর্ন গন্ধর্বৈর্ন যক্ষৈর্ন চ রাক্ষসৈঃ।
প্রদ্যুম্নপুত্রোঽপজ্ঞতঃ পুংশ্চল্যা হ্যু মহাযশাঃ ॥ ৫৯
মায়াবিদ্ধাঃ পুংশ্চল্যো নৈতা-দানববোষিতঃ।
তাভির্জাতো ন সন্দেহো নান্যতো বিদ্ধতে ভয়ম্ ॥ ৬০

বৈশম্পায়ন উবাচ

ইত্যেবমুক্তে বচনে কৃষ্ণেন তু মহাত্মনা।
অথাবগম্য তত্ত্বেন যদ্ধ তৃতং মহদ্ভুতম্।
উদতিষ্ঠন্মহারাজ কৃষ্ণঃ প্রসাদয়ন্ ॥ ৬১
হর্ষয়ন্ স তু সর্বেষাং সূত-মাগধ-বন্দিনাম্।
মধুরঃ শ্রূয়তে ঘোষো যাদবস্য নিবেশনে ॥ ৬২
তে চারাঃ সর্বতঃ সর্বে সভাস্থানমুপাগতাঃ।
শনৈর্গদ্গদয়া বাচা ইদং বচনমব্রুবন ॥ ৬৩
উত্তানানি গুহাঃ শৈলাঃ সভা নদ্যঃ সরাংসি চ।
একৈকং শতশো রাজন মার্গিতা ন চ লব্ধবান্ ॥ ৬৪

আমি দেবতাদের হিতসাধনে তৎপর, মনের দ্বারা তাঁহাদের হিত চিন্তা করি। তাঁহাদের প্রতি আমি ভক্তি রাখি, তাঁহাদের প্রিয় করিতে তৎপর থাকি আমাকে এইরূপ জানিয়াও আমার সহিত দুর্ব্যবহার তাঁহারা কেন করিবেন? ৫২

দেবতাগণ ক্ষুদ্রতা-রহিত, সত্যবাদী ও শুক্লজনের উপর দয়া কৃপাকারী। তাঁহাদের মধ্যে পাপ নাই। তুমি বিবেকশূন্য বলিয়া তাঁহাদের সম্বন্ধে এইরূপ কথা বলিতেছ ॥ ৫৩

কদাচিৎ ইহা সম্ভব হইতে পারে যে, কোন পুংশ্চলী স্ত্রী এখানে আসিয়া অনিরুদ্ধকে হরণ করিয়াছে। ইন্দ্র সহিত দেবতাদের মধ্যে কেহই এইরূপ কার্য্য করিতে পারেন না ॥ ৫৪

বৈশম্পায়ন বলিলেন—হে রাজন্! এইরূপ চিন্তাকারী অদ্ভুতকর্মা শ্রীকৃষ্ণের সেই কথা শুনিয়া অর্থযুক্ত বাক্য বলিতে চতুর অক্রূর ধেরুক এই বাক্য মধুর স্বরে বলিতে লাগিলেন—হে প্রভো! যাহা উহাঁর কার্য্য তাহা আমাদের, এইরূপে যাহা আমাদের কার্য্য তাহাও উহাঁরই কার্য্য। ৫৫-৫৬

দেবতাগণ আমাদিগকে রক্ষা করেন এবং আমরাও দেবতাদিগকে রক্ষা করি। কারণ, আমরা দেবতাদের জন্যই মানব-শরীর ধারণপূর্বক আসিয়াছি ॥ ৫৭

এইভাবে অক্রূরের সেই বচনে প্রেরিত হইয়া মধুসূদন শুণবান্ শ্রীকৃষ্ণ পুনরায় স্নিগ্ধ গম্ভীর বাক্যে বলিলেন ॥ ৫৮

হে মহারাজ! অক্রূর ও চারু-পুত্র অনিরুদ্ধকে দেবতাগণ, গন্ধর্ব, যক্ষ ও রাক্ষসগণ অপহরণ করেন নাই, নিশ্চয়ই কোন পুংশ্চলী স্ত্রী (বাণের দিগ্) উহাঁকে হরণ করিয়াছে ॥ ৫৯

দৈত্য ও দানবগণের যে পুংশ্চলী স্ত্রী, সে মায়ায় নিপুণ। তাহা কর্তৃকই অনিরুদ্ধের অপহরণ হইয়াছে, উহাতে সংশয় নাই। অন্য কাহা হইতেও ভয় নাই ॥ ৬০

বৈশম্পায়ন বলিলেন—হে রাজন্! মহাত্মা শ্রীকৃষ্ণ এইরূপ কথা বলিলে পর যদুমণ্ডলে যাহা কিছু হইয়াছিল, তাহা যথাযথভাবে জানিয়া সেখানে শ্রীকৃষ্ণের প্রসাদার্থ পূর্ব মহান্ শব্দ উত্থিত হইতে লাগিল ॥৬১

যদুপতি শ্রীকৃষ্ণের পূজা সকলের হর্ষবর্দ্ধনকারী সূত, মাগধ ও বন্দিগণের সেই মধুর শব্দ সকলে শুনিতে পাইল ॥ ৬২

তখন সকল শুশ্রূষক সর্ব দিক্ হইতে অন্বেষণ করিয়া সভাস্থানে আসিয়া উপস্থিত হইল এবং ধীরে ধীরে গদ্গদ বাণীতে এই প্রকার বলিল ॥ ৬৩

হে রাজন্! সমস্ত উদ্যান, গুহা, পর্বত, বনস্পতি, নদী ও সরোবর—সব স্থানেই অন্বেষণ করা হইয়াছে, এক এক স্থানে শত শত বার অনুসন্ধান করা হইয়াছে, কিন্তু অনিরুদ্ধের দর্শন পাওয়া যায় নাই ॥ ৬৪

অন্তে কৃষ্ণ চরা বাক্যমূপাগম্য তদাব্রুবন্
সর্বে বো বিদিতা দেশাঃ প্রাপ্তাশ্চাস্মি চ দুষ্কৃতে ॥ ৬৫
যদ্যস্মৎ সাধিবাস্তবাং বিধানং যদনন্দন
তদাজ্ঞাপয় নঃ ক্ষিপ্রমনিরুদ্ধস্য মার্গণে ॥ ৬৬
ততস্তে দীনমনসঃ সর্বে বাষ্পাকুলেক্ষণাঃ
অন্যোন্যমভ্যভাষন্ত কিমতঃ কার্যমুত্তমম্ ॥ ৬৭
সম্প্রষ্টোঽপৃচ্ছঃ কেচিৎ কেচিদ্ বাষ্পাকুলেক্ষণাঃ।
কেচিদ্ ভ্রুকুটিমাস্যায় চিন্তয়ন্তার্থসিদ্ধয়ে ॥ ৬৮
এবং চিন্তয়তাং তেষাং বহুবর্ষমিতাবিতম্
অনিরুদ্ধঃ কুতস্কেতি সসম্ভ্রমঃ পুনশ্চানবুঃ ॥ ৬৯
অন্যোন্যমভিবীক্ষন্তে যাদবা ভ্রান্তমনসঃ
তাং নিশাং বিমনস্কাস্তে গময়েযুঃ কথঞ্চন।
অনিরুদ্ধো হৃতস্কেতি পুনঃ পুনরবিন্দন ॥ ৭০
এবং ব্রুবতাং তেষাং প্রভাতা রজনী তদা
ততস্তূর্যানিনাদৈশ্চ শঙ্খানাঞ্চ মহাস্বনৈঃ

প্রবোধনং মহাবাহোঃ কৃষ্ণস্যাক্লিষ্টকারিণঃ ॥ ৭১
ততঃ প্রভাতে বিমলে প্রাতঃকৃত্যে বিবাকরে।
প্রবিবেশ সভামেকো নারদঃ প্রহসন্নিব ॥ ৭২
দৃষ্ট্বা তু যাদবান্ সর্বান্ কৃষ্ণেন সহ সঙ্গতান্।
ততঃ স জগদাকেন সাধবা প্রত্যপূজয়ৎ ॥ ৭৩
উগ্রসেনাদয়স্তে চ ভূমিং প্রত্যপূজয়ন্
অথাভ্যুত্থায় বিমনা রুক্ম সমিতিশুর্জয়ঃ।
মধুপর্কঞ্চ গাঙ্কেয় নারদায় বলৌ প্রভুঃ ॥ ৭৪
সোপবিষ্টাসনে শুভ্রে সর্বাস্তরণসংবৃতে।
সুখাসীনো মহাত্মাসমুবাচেদং বচোঽর্থবৎ ॥ ৭৫

নারদ উবাচ।

কিমেবং চিন্তয়াবিষ্টাঃ নিঃসঙ্গা গতমানসাঃ
উৎসাহচ্ছীনাঃ সর্বে বৈ স্ত্রীযু ইব সমাসতে ॥ ৭৬
ইত্যেবমুক্তে বচনে নারদেন মহাত্মনা
বাসুদেবোঽব্রবীদ্ বাক্যং শ্রূয়তাং ভগবন্নিদম্ ॥ ৭৭

হে রাজন্! অন্যান্য চরগণও ভগবান শ্রীকৃষ্ণের নিকটে আসিয়া বলিল—'হরে! আমরা সকল দেশে বিচরণ করিয়াছি, সর্বত্র অন্বেষণ করিয়াছি, কিন্তু কোথাও শাম্ব-কুমার অনিরুদ্ধকে দেখিতে পাই নাই। ৬৫

হে যদুনন্দন! অনিরুদ্ধের অন্বেষণের জন্য এখন আর কি যে সমস্ত কার্য করিতে হইবে, তাহা আমাদিগকে আজ্ঞা করুন। ৬৬

চরগণের এই কথা শুনিয়া সকলের মন উদাস হইয়া গেল, সকলের নয়ন জলপূর্ণ হইল এবং সকলে পরস্পরকে বলিতে লাগিল—ইহা অপেক্ষা উত্তম কার্য আর কি করা যায়? ৬৭

কেহ কেহ ক্রোধবশে দাঁতে দাঁত চাপিলেন, কেহ কেহ বাষ্পাকুললোচন হইলেন এবং কেহ কেহ ভ্রূকুটি করিয়া কার্য-সিদ্ধির উপায় চিন্তা করিতে লাগিলেন। ৬৮

এইরূপ চিন্তাকারী যাদবগণের মুখ হইতে অনেক অর্থযুক্ত বাক্য বাহির হইল। 'অনিরুদ্ধ কোথায় গেলেন' এই প্রশ্ন লইয়া সকলের হৃদয়ে মহান্ সম্ভ্রম উপস্থিত হইল। ৬৯

হে পদ্মলোচন নরেন্দ্র! তখন কুণ্ঠিত ও ভিন্ন যাদবগণ একে অন্যকে দেখিতে লাগিলেন। অনিরুদ্ধের অন্তর্ধানের কথা বারং বার চিন্তা করিতে করিতে তাঁহারা উপাসনে সেই রাত্রি কাটাইয়া দিলেন। ৭০

এইরূপে পরস্পর কথাবার্তা বলিতে বলিতে তাহাদিগের সেই রাত্রি অতীত হইয়া গেল এবং সূর্যদেব আসিয়া উপস্থিত হইল। তখন মহাবাহু শ্রীকৃষ্ণের শয়নে অভিপ্রেত শঙ্খের তূর্যনিনাদ ও শঙ্খের গম্ভীর ধ্বনি নিদ্রা ভিন্ন হইতে লাগিল। ৭১

তারপর নির্মল প্রভাতে সূর্যদেব যখন উদিত হইলেন, তখন একাকী মহর্ষি নারদ হাসিতে হাসিতে যাদবগণের সেই সভায় প্রবেশ করিলেন। ৭২

শ্রীকৃষ্ণের সহিত একত্রিত সমস্ত যাদবগণকে দেখিয়া তিনি "জয় হউক, জয় হউক" বলিয়া শ্রীকৃষ্ণের সমাদর করিলেন। ৭৩

উগ্রসেন প্রভৃতি সেই মহর্ষি নারদকে পূজা করিলেন। তারপর রণদুর্মদ ভগবান শ্রীকৃষ্ণ উঠিয়াসনে উঠিয়া নারদকে মধুপর্ক ও একটি গরু দান করিলেন। ৭৪

যাদব সংকারের পর যখন সর্বাস্তরণযুক্ত শুভ্র আসনে সুখপূর্বক বসিলেন, তখন তিনি যথোচিত রীতিতে এই অর্থযুক্ত কথা বলিলেন। ৭৫

নারদ বলিলেন—আজ সমস্ত যাদবগণ কেন এইরূপ চিন্তা-মগ্ন, অসঙ্গ, আনমনা ও উৎসাহহীন হইয়া স্ত্রীলোকের ন্যায় নীরবে বসিয়া রহিয়াছে? ৭৬

মহাত্মা নারদ এই কথা বলিলে ভগবান শ্রীকৃষ্ণ বলিলেন—'ভগবন্! ইহার কারণ শ্রবণ করুন। ৭৭

অনিরুদ্ধো জ্ঞাতো ব্রহ্মন কেনাপি নিশি সুপ্তত
বন্ধার্থং সর্ব এবাস্য চিন্তয়ানবিষ্টচেতসঃ ॥ ৭৮
এষ তে যদি বৃত্তান্তঃ শ্রুতো দৃষ্টোঽপি বা বুধৈঃ।
ভগবন্ কথয়াতো সাধু শ্রিণুমেতন্মহামন ॥ ৭৯
ইত্যেবমুক্তে বচনে কেশবেন মহাত্মনা।
প্রত্যুত্তরতঃ বচঃ প্রাহ শ্রুত্বা মধুসূদন ॥ ৮০
নির্বৃতং সুমহদ্ যুদ্ধং দেবাসুরসমং মহৎ
অনিরুদ্ধস্য চৈকস্য বাণস্যাপি মহাত্মনে ॥ ৮১
ঊষা নাম সুতা তস্য বাণস্যা প্রিয়মৌজসঃ।
তস্যার্থে চিত্রলেখা বৈ শুক্রাসাদ্য সমন্ততঃ ॥ ৮২
উভয়োরপি তত্রাসীন্মহদ্ যুদ্ধং সুদারুণম্।
প্রাদ্যুম্নি-বাণয়োঃ সংখ্যে বলি-বাসবয়োরিব ॥ ৮৩
অস্মাভিশ্চাপি স্বয়ং যুদ্ধং দৃষ্টং সুমহদদ্ভুতম্।
অনিরুদ্ধো জয়াস্তেন সংযুগেঽনিবর্তিনা ॥ ৮৪
বাণেন মায়ামাস্থায় বদ্ধো নাগৈর্মহাবলঃ
ব্যাদিষ্টস্তু বধস্তস্য বাণেন গরুড়স্য ॥ ৮৫

উক্ত ব্রতপালনকারী ব্রহ্মন! রাত্রিতে কেহ অনিরুদ্ধকে অপহরণ করিয়াছে। তাহার জন্য আমরা সকলে এখানে চিন্তিত-চিত্ত হইয়া বসিয়া আছি। ৭৮

হে নিষ্পাপ মুনে! ভগবন! যদি এই বৃত্তান্ত আপনি কোথাও শুনিয়া থাকেন বা দেখিয়া থাকেন, তাহা হইলে যথাযথভাবে আমাদিগকে তাহা বলুন—ইহাই আমার প্রিয় বিষয়। ৭৯

মহাত্মা কেশব এইরূপ কথা বলিলে পর নারদ হাসিয়া উঠিলেন ও বলিলেন—মধুসূদন! শ্রবণ কর। ৮০

এক মহাসমরে একমাত্র অনিরুদ্ধই ছিলেন ও অন্যদিকে সেনাসহিত বাণাসুর ছিলেন। এই দুই জনের মধ্যে মহান দেবাসুর-সংগ্রামের ন্যায় ভীষণ যুদ্ধ হইয়াছে। ৮১

অপ্রতিম বলশালী বাণাসুরের ঊষা নাম্নী এক কন্যা আছে। তাহার জন্য চিত্রলেখা অসুরা শৌচতাপূর্বক অনিরুদ্ধকে হরণ করিয়া লইয়া গিয়াছে। ৮২

সেস্থানে অনিরুদ্ধ ও বাণাসুর উভয়ের মধ্যে সেইরূপ ভীষণ যুদ্ধ হইল, যেরূপ দেবাসুর-সংগ্রামে বলি ও ইন্দ্রের মধ্যে যুদ্ধ হইয়াছিল। ৮৩

আমি সেই ভীষণ ও অদ্ভুত যুদ্ধ নিজ চক্ষে দেখিয়াছি। যুদ্ধ হইতে পশ্চাৎপদ হইতে না চাহিয়া বাণাসুর ভয়ভীত হইয়া স্ব নিবাহিতবান্ মধ্যে কৃষ্ণাগ্রে নাম তস্য ত
কুমারস্তানিরুদ্ধস্তু সেনাসংস্থে সংযুগে ॥ ৮৬
বাণেন মায়ামাস্থায় সর্পৈর্নিয়মনং কৃতম
উত্তিষ্ঠতু ভবান্ শীঘ্রং যশসে বিজয়ায় চ ॥ ৮৭
নায়ং সংক্ষিপ্তঃ কালঃ প্রাণাস্ত্যাজ্য ভৌষ্যিণাম্।
প্রাণৈঃ ক্ষিপ্তৈস্তবৈরীতো ধৈর্যমালম্ব্য তিষ্ঠতি ॥ ৮৮

বৈশম্পায়ন উবাচ

ইত্যেবমুক্তে বচনে বাসুদেবঃ প্রতাপবান্।
প্রাযাদ্রিক্থান্ বৈ সন্তানাজ্ঞাপয়ত বীর্যবান্ ॥ ৮৯
স্তবকন্দনপূর্বৈস্তে লালৈস্তৈর সমন্ততঃ।
নির্যযৌ স মহাবাহুঃ কৌরাণাং ভবার্দনঃ ॥ ৯০

নারদ উবাচ

শ্রবণং বৈনতেয়স্য কর্তুমর্হসি মাধব।
নন্দনেন তমস্কান্তং শক্যা গন্তুং মহাভুজ ॥ ৯১
আরুহ্য তমস্কান্তং গন্তব্যমহিতূর্জয়ম্।
একাদশসহস্রাণি যোজনানাং ভবার্দন ॥ ৯১

মায়া আশ্রয়পূর্বক নাগপাশে তাঁহাকে অনিরুদ্ধকে বন্ধন করিয়াছে। ৮৫

গরুড়ধ্বজ! তারপর বাণাসুর অনিরুদ্ধকে বধ করিতে আজ্ঞা করিল, কিন্তু তাহার মন্ত্রী কুম্ভাণ্ড তাঁহাকে ঊষা করিতে নিবারিত করিল। ৮৬

যুদ্ধে আসক্ত বাণাসুর মায়ার সাহায্যে সর্পসহ বাণসমূহ তার কুমার অনিরুদ্ধকে বন্ধন করিয়াছে, অতএব এখন তুমি যশ ও বিজয়ের জন্য শীঘ্র উত্থিত হও। ৮৬-৮৭

ভাত! ভয়াভিলাষী বীরগণের পক্ষে ঊষা নিজ প্রাণত্যাগের সময় নহে; বীরপুরুষ প্রাণের সঙ্কট জানিয়াও ধৈর্যসহকারে শত্রুর সম্মুখে উপস্থিত হয়। ৮৮

বৈশম্পায়ন বলিলেন—হে রাজন! তিনি এইরূপ বলিলে পরাক্রমী ও প্রতাপবান্ বীর বসুদেবনন্দন শ্রীকৃষ্ণ রথযাত্রার জন্য উপযুক্ত সামগ্রী প্রস্তুত করিতে আজ্ঞা দিলেন। ৮৯

তারপর মহাবাহু জনার্দন যাত্রার জন্য বাহির হইলেন। তখন তাঁহার উপর চারিদিক্ হইতে চন্দনচূর্ণ ও লাজ বিকীরণ করা হইল। ৯০

নারদ বলিলেন—হে মাধব! বিনতানন্দন গরুড়কে স্মরণ কর। হে মহাবাহো! গরুড় ব্যতীত অন্য কেহ এই পথে চলিতে সমর্থ হইবে না। ৯১

হে জনার্দন! আমার কথা শোন যে মার্গে তুমি যাইবে,

তদিতঃ শোণিতপুরং প্রাদ্যুম্নিমত সাম্প্রতম
মনোজবো মনোবীর্য্যো বৈনতেয়ঃ প্রতাপবান্ ॥ ৯৩
সমাহরত্ব গোবিন্দ স হি তাং তত্র নেষ্যতি
একেন মুমুহূর্ত্তেন বাণঃ সম্পর্দিষ্যতি ॥ ৯৪

বৈশম্পায়ন উবাচ

তস্য তদ্ বচনং শ্রুত্বা সম্যগ্ গরুড়ং তদা।
স কৃষ্ণপার্শ্বমাগম্য প্রাঞ্জলির্গরুড় স্থিতঃ ॥ ৯৫
প্রণম্যাথ বচঃ প্রাহ বৈনতেয়ো মহাবলঃ
বাসুদেবং মহাত্মানং প্লুতঃ মধুরয়া গিরা ॥ ৯৬

গরুড় উবাচ

পদ্মনাভ মহাবাহো কিমর্থং সংস্মৃতো ভবান্
কৃত্যং তে যদিহাত্মানং শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ ॥ ৯৭
কস্য পক্ষপরিক্ষেপৈর্নাশয়ামি পৃথাং প্রভো।
প্রভাবাস্তব গোবিন্দ কো ন বিদ্যাদ বলং মম ॥৯৮

গদাবেগঞ্চ তে বীর চক্রাদ্রিক্ষ মহাভুজ।
নাববুধ্যতি মূঢ়াত্মা কো ন্বর্দ্যারাধনেষ্যতি ॥ ৯৯
বলং সিংহমুখং কস্য বনমালী নিষেধ্যতি।
কস্য স্নেহস্ত নিভিন্নো নেষ্যতি ত্বাং প্রভো ॥ ১০০
কস্য শঙ্খরবৈঃ প্রাণাশ্চোদরিষ্যন্তি মাধব।
কোঽন্যঃ সপরিবারোঽস্ত্র ত্রাসয়ে যমসাদনম্ ॥ ১০১
এবমুক্তে তু বচনে বৈনতেয়েন ধীমতা
বাসুদেবো বচঃ প্রাহ শৃণু ত্বং বদতাং বর ॥ ১০২
যদ্দেঃ পুত্রেণ বাণেন প্রাদ্যুম্নিরপরাজিতঃ।
ঊষায়াঃ কারণে বদ্ধো নগরে শোণিতাহ্বয়ে।
অনিরুদ্ধস্ত কামার্ত্তো বদ্ধো নাগৈর্বিষোল্বণৈঃ ॥ ১০৩
তস্য মোক্ষার্থমাদ্যুক্তো ময়া ত্বং পতগেশ্বর।
তব বেগসমো নাস্তি পক্ষিণ্যঃ প্রবরো ভবান্।
অলক্ষ্যস্তত্রস্থানাং সত্ত্বমস্ত্রেণ কাশ্যপ ॥ ১০৪
তত্র প্রাপয় মাং শীঘ্রং যত্র প্রাদ্যুম্নিরাবসৎ।
বৈনতেয় তে শ্রুত্বা বীর রুদতী পুত্রগৃদ্ধিনী ॥ ১০৫

তাঁহা অত্যন্ত দুর্গম। প্রদ্যুম্নকুমার অনিরুদ্ধ এখন যেখানে বিদ্যমান, সেই শোণিতপুর এখান হইতে একাদশ হাজার যোজন দূরে অবস্থিত। ৯২।

হে গোবিন্দ! মহাপরাক্রম ও শস্ত্রশালী বিনতানন্দন গরুড় মনের ন্যায় বেগবান্। তুমি তাঁহাকে স্মরণ কর। সেই গরুড়ই তোমাকে সেখানে পৌঁছাইয়া দিবে। এক মুহূর্ত্তেই তোমাকে বাণাসুরের সম্মুখে উপস্থিত করিয়া দিবে। ৯৩-৯৪

বৈশম্পায়ন বলিলেন—হে রাজন্! নারদের সেই কথা শুনিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ তখন গরুড়কে স্মরণ করিলেন। স্মরণমাত্রই গরুড় তখন শ্রীকৃষ্ণের নিকটে আসিয়া হাতজোড় করিয়া দাঁড়াইলেন। ৯৫

মহাত্মা বাসুদেবকে প্রণাম করিয়া মহাবলী গরুড় তাঁহাকে স্নেহযুক্ত মধুর বাক্যে বলিলেন। ৯৬

গরুড় বলিলেন—হে পদ্মনাভ! মহাবাহো! আপনি কি জন্য আমাকে স্মরণ করিয়াছেন? এখানে আপনার আসা হইতে কি কার্য্য হইবে, তাহা আমি যথার্থভাবে শুনিতে ইচ্ছা করি। ৯৭

হে প্রভো! আজ্ঞা দিন, আমি নিজ পক্ষ প্রহারের দ্বারা কোন্ পৃথ্বীকে বিনাশ করিব। হে গোবিন্দ! আপনার প্রভাবে আমার বল কোন্ ব্যক্তি না জানে। ৯৮

হে বীর! মহাবাহো! কোন্ মূঢ়চিত্ত পুরুষ আপনার গদার বেগ ও মুষলের চক্রের ভেজ জানে না? সেই পুরুষ নিজ দর্পবশতঃ বিনষ্ট হইবে। ৯৯

প্রভো! বনমালাধারী বলরাম সিংহমুখযুক্ত নিজ হলের সহায় আজ কাহার উপর ক্রুদ্ধ হইবেন? কাহার গলার আজ ছিন্ন-ভিন্ন হইয়া ভূমিতে ফেলিতে হইবে? ১০০

হে মাধব! আপনি নিজ শঙ্খধ্বনি দ্বারা কাহার প্রাণকে মোহিত করিবেন? সেই ব্যক্তি কে, যে আজ সপরিবারে যমলোকে যাইতে চাহিতেছে? ১০১

বুদ্ধিমান্ বিনতানন্দন গরুড় এইরূপ বলিলে পর বসুদেবনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন—বক্তাদের মধ্যে শ্রেষ্ঠ গরুড়! তুমি শ্রবণ কর। ১০২

বলির পুত্র বাণাসুর অপরাজিত বীর প্রদ্যুম্নকুমার অনিরুদ্ধকে ঊষার সহিত সত্বর তাহার করিবার জন্যই শোণিতপুরে বন্দী করিয়াছে। কামপীড়িত অনিরুদ্ধকে যে প্রচণ্ড বিষযুক্ত সর্পসমূহ দ্বারা বাঁধিয়া রাখিয়াছে। ১০৩

হে পক্ষিরাজ! সেই অনিরুদ্ধের বন্ধনমুক্তির জন্যই আমি তোমাকে আহ্বান করিয়াছি। বেগে তোমার সমান অন্য কেহ নাই। তুমিই পক্ষিগণের মধ্যে শ্রেষ্ঠ। হে কশ্যপনন্দন! তুমি ছাড়া অন্য কেহ সেই পথে চলিতে সক্ষম হইবে না। ১০৪

যেখানে প্রদ্যুম্নকুমার অনিরুদ্ধ বাস করিতেছে, সেখানে শীঘ্রই আমাকে পৌঁছাইয়া দাও। হে বীর! বিনতারাজ

ত্বৎপ্রসাদাদ্ধ্রুবস্তোয়া পুত্রেষু মম ভামিনী
অমৃতত্বং তু সুব্রত পূর্বং ত্বয়া পরাজনাথন ॥ ১০৬
ময়া সহ সমাগম্য তস্মিন্ কালে মহাভুজ।
অভবন্মে অঙ্গাস্তেষ হৃষ্টাঙ্গাঃ সর্বসুন্দর:
সখিত্বং মানয়ত্বাদ্য ভক্তিশ্চ পততেশ্বর ॥ ১০৭
তব বেগসমো নাস্তি পক্ষিণো ন চ তে সমাঃ।
সুপর্ণ মুক্তেন ত্বাং শপে পন্নগনাশন ॥ ১০৮
দাসীভাবং গতা মাতা মোক্ষিতৈকাকিনা পুরা।
পক্ষবিক্ষেপমাত্রেণ হতা যোধাশ্চ পুরা ॥ ১০৯
ততঃ পার্জন্যমস্ত্রং তং ক্ষিপ্তং রুদ্রেণ বিষ্ণুনা ॥ ৩৭
যবৌ জলদ্বয় তদা যতো রুদ্রো ব্যবস্থিতঃ।
ততঃ শতসহস্রাণি শরাণাং নতপর্বণাম্ ॥ ৩৮
নিপেতুঃ সর্বতো দিগ্ভ্যো যতো হরবধূঃ স্থিতঃ।
অথাগ্নেয়ং মহারৌদ্রমস্ত্রমস্ত্রবিদাং বরঃ ॥ ৩৯
মুমোচ ঋষিভো রুদ্রস্তদদ্ভুতমিবাভবৎ
ততো বিশীর্ণদেহাস্তে চরাশ্চারোঽপি সম্ভৃতঃ ॥ ৪০
নাদমুক্তস্ত শরৈরুদ্রো দগ্ধঃ শাস্ত্র বহ্নিনা

সিংহনাদং ততশ্চক্রুঃ সর্ব এবাসুরোত্তমাঃ ॥ ৪১
হতোঽয়মিতি বিজ্ঞায় অথোবাচাথ বৈ তদা
ততস্তম্ বিসর্জিতাস্তে জগ্মুরস্তমিবাঃ বরঃ ॥ ৪২
জগ্রাহ বারুণং সোঽস্ত্র বাসুদেবঃ প্রতাপবান্।
প্রযুক্তে বাসুদেবেন বারুণাস্ত্রেঽতিতেজসি ॥ ৪৩
আগ্নেয়ং প্রশমং যাতমস্ত্রং বারুণতেজসা।
তস্মিন্ প্রতিহতে তস্ত্রে বাসুদেবেন সংযুগে ॥ ৪৪
শৈশাচং রাক্ষসং রৌদ্রং তথৈবাগ্নিরসং ভবঃ।
মুমোচাস্ত্রাণি চত্বারি যুগান্তাগ্নিসমানি বৈ ॥ ৪৫
বায়ব্যমথ সাবিত্রং বাসবং মোহনং তথা
অস্ত্রাণাং বারণার্থায় বাসুদেবো বাসুমুক্ত ॥ ৪৬
অস্ত্রৈশ্চতুর্ভিশ্চত্বারি তানি তস্য মাধবঃ
মুমোচ বৈষ্ণবং মোহং সর্বাসুরবিনাশনম্ ॥ ৪৭
বৈষ্ণব্যাস্ত্রে প্রযুক্তে তু সর্ব এবাসুরোত্তমাঃ
হৃতপ্রহরণাশ্চৈব বাণসৈন্যং পরাঙ্মুখম্ ॥ ৪৮

বাণাসুরের সৈন্যবাহিনীর পলায়নপর অবস্থা বর্ণনা করিয়া উক্ত অবস্থান করিতেছিল। বায়ু প্রবল প্রবাহিত হইতেছিল, নৃক্ষত্র-সমূহ চঞ্চল হইয়া উঠিয়াছিল। ভবিষ্যদ্বৃন্দ নিষ্প্রভ হইয়াছিল এবং আকাশচারী প্রাণিসমূহ স্থিরভাবে বিচরণ করিতে পারে নাই। ৩৪

এই সময়ে ত্রিপুরনাশক রুদ্রদেবকে দগ্ধে উদ্ভূত জানিয়া দেবতাগণের দ্বারা পরিবৃত হইয়া ব্রহ্মা তাঁহার নিকট আগমন করিলেন। ৩৫

গন্ধর্ব, অপ্সরা, যক্ষ, বিদ্যাধর, সিদ্ধ এবং চারণসমূহ এই যুদ্ধ দেখিবার জন্য আকাশে সমবেত হইলেন। ৩৬

এই সময় ভগবান্ শ্রীকৃষ্ণ রুদ্রদেবের উপর পার্জন্যাস্ত্র প্রহার করিলেন। এই প্রক্ষিপ্ত অস্ত্র যেখানে রথের উপর ভগবান্ রুদ্রদেব অবস্থান করিতেছিলেন, সেইদিকে গমন করিল। ৩৭।

অতঃপর যেখানে ভগবান্ শঙ্করের রথ অবস্থান করিতেছিল, সেই দিকে শ্রীকৃষ্ণ আনতপর্বযুক্ত লক্ষসংখ্যক বাণ নিক্ষেপ করিলেন। ৩৮।

তখন অগ্নিদেবগণের শ্রেষ্ঠ মহাদেব ক্রোধান্বিত হইয়া মহারৌদ্র নামক আগ্নেয় অস্ত্র প্রয়োগ করিলেন। তখন অদ্ভুত কাণ্ড সংঘটিত হইয়াছিল। ৩৯।

এই সময় তাঁহার চারিজন চর বিকল দেহ হইয়া এবং বাণের জ্বালা আজ্জাদিত ও দগ্ধ হইয়া অধৃক হইয়া যাইলেন। তাহা দেখিয়া শ্রেষ্ঠ অসুরগণ সিংহনাদ করিতে আরম্ভ করিল। ৩৯-৪১

তাহা দ্বারা মনে করিয়াছিল যে তাঁহাকে আগ্নেয়াস্ত্রের দ্বারা নিহত করিয়াছে। অনন্তর মৃত্যুকালে যে অস্ত্রের আঘাত সহ্য করিয়া অসুরেন্দ্রগণের মধ্যে শ্রেষ্ঠ প্রতাপবান্ বাসুদেব বারুণাস্ত্র গ্রহণ করিলেন। ৪২

বাসুদেবনন্দন শ্রীকৃষ্ণ কর্তৃক অস্ত্র বারুণাস্ত্র প্রযুক্ত হইলে ভগবান্ শঙ্করের আগ্নেয়াস্ত্র শান্ত হইয়া যাইল। ৪৩

ঐ যুদ্ধস্থলে ভগবান্ বাসুদেব কর্তৃক আগ্নেয়াস্ত্র প্রতিহত হইয়াছে জানিয়া ভগবান্ শিব প্রমথাদির ন্যায় তেজস্বী শৈশাচ, রাক্ষস, রৌদ্র এবং অগ্নিরস নামক চারিটি অস্ত্র নিক্ষেপ করিলেন। ৪৪-৪৫

তখন ভগবান্ বাসুদেব উক্ত চারি প্রকার অস্ত্র নিবারণের জন্য ক্রমশঃ বায়ব্যাস্ত্র, সাবিত্রাস্ত্র, ঐন্দ্রাস্ত্র এবং মোহনাস্ত্র প্রয়োগ করিয়াছিলেন। ৪৬

শ্রীকৃষ্ণ ঐ চারি অস্ত্রের সাহায্যে শিবের চারি অস্ত্র নিবারণ করিয়া ব্যাপিত যুদ্ধ কালের ন্যায় বৈষ্ণবাস্ত্র প্রয়োগ করিলেন। ৪৭

বৈষ্ণবাস্ত্র প্রযুক্ত হইলে সকল অসুরমুখ্যগণ ও বাণাসুরের সৈন্যসমূহ ক্ষুব্ধ ও মর্মপীড়ায় এবং মোহে ব্যাকুল হইয়া সকল দিকেই পলায়ন করিতে লাগিল। ৪৮।

দিশঃ সর্বাঃ প্রাদুরভবন্ ভয়মোহেন বিদ্রুবঃ
প্রযাণখণ্ডভূয়িষ্ঠে দীর্ণে সৈন্যে মহাসুরঃ ॥ ৪৯
নির্জগাম ততো বাণো বৃদ্ধাত্মাভিমুখস্থবন্
ভীমপ্রহরণৈর্ঘোরৈর্দৈত্যৈশ্চান্যৈ সুমহাবলৈঃ।
বৃতো মহারথৈর্বীরৈরুগ্রৌজ সুরসত্তমৈঃ ॥ ৫০
বৈশম্পায়ন উবাচ।
জগৈল্ক মন্ত্রৈল্ক তথৌষধীভি-
র্মহাত্মনঃ শস্ত্রভৃতঃ প্রচক্রুঃ
স তত্র বস্ত্রাণি শুভান্ড গাব:
ফলানি পুষ্পাণি তথৈব নিত্যম্ ॥ ৫১
বলেঃ সুতো ব্রাহ্মণেভ্যঃ প্রযচ্ছন্
বিরাজতে তেন মখো ধনেনঃ।
সহস্রসূর্য্যো বহতিস্ত্রিশীর্ষঃ
পরাণাড্যস্তৃণসত্তবৃত্তিঃ ॥ ৫২
সহস্রচক্রাদ্ভুতভারকন্ত
রথো মহানস্ত্রিবিধাবভাতি।

তমাস্থিতো দানবসার্থবীরো
মহাজবঃ কার্ত্তুকৃক্ স বাণঃ ॥ ৫৩
উদ্বর্তয়িন্ বহুপুত্রধানা-
মতীব রৌদ্রো স বিভর্তি রূপম্।
স মহ্যান্ বীরযোধসঙ্কুলো
বিনির্যযৌ তান্ প্রতি দৈত্যসাগরঃ ॥৫৪
বাতপ্রবৃদ্ধস্ত তরঙ্গসঙ্কুলো
যথার্ণবো লোকবিনাশনায়।
ভীমানি সত্ত্বানকরৈর্যুতি-
স্তাম্রাগ্রতো ভান্তি বলানি তস্ত ॥ ৫৫
মহারথাগ্রাক্তিকার্ত্তুকানি
সপর্ব্বতানীব বনানি রাজন্।
বিনিঃসৃতঃ সাগরতোয়বাসা
দত্যাদ্ভুতশ্চাবতরট্টকাম: ॥ ৫৬

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বণি রুদ্রতরুদ্ধযুদ্ধে চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১২৪

যে বাহিনীতে প্রমথগণের অধিকা ছিল, তাহাতেও পলায়ন করিতেছে জানিতে পারিয়া বাণাসুর যুদ্ধের জন্য উৎসুক হইয়া ত্বরিত গতিতে নির্গত হইলেন।৫১

যেমন ইন্দ্র প্রধান দেবতাগণের দ্বারা পরিবৃত থাকেন, সেইরূপ এই বাণাসুর মহাবলবান্ ভয়ঙ্কর অসুরদ্বারা মহারথী ও বীর ভীষণাকৃতি দৈত্যগণের দ্বারা পরিবৃত ছিলেন ॥ ৫০

বৈশম্পায়ন বলিলেন—হে জনমেজয়! ঐ সময় ব্রাহ্মণগণ জপ, মন্ত্র ও ঔষধি দ্বারা মহাসমরী বাণাসুরের জন্য স্বস্তিবাচন করিতেছিলেন এবং বলিকুমার বাণ ঐ ব্রাহ্মণগণের জন্য বস্ত্র, উত্তমোত্তম খাদ্য, ফল, ফুল ও দর্ভ মুষ্টি দান করিয়া বলাবাক মুনিদের ন্যায় শোভা পাইতেছিলেন ॥ ৫১।

তাঁহার বিশাল রথে সহস্র সূর্য্যের চিহ্ন চিহ্নিত ছিল, ক্ষুদ্র ক্ষুদ্র অনেক ঘন্টা যাঁহা ছিল। তাহা বহুমূল্য মূল্য ও রত্নে সুশোভিত হইয়া বিচিত্র শোভা ধারণ করিয়াছিল। তাহাতে সহস্র চক্রবা ও সহস্র তারকার চিহ্ন চিহ্নিত ছিল। সেই বিশাল রথ অদ্ভুত ন্যায় প্রকাশিত হইতেছিল। বানর কেতুও তাহার ঐ রথের শোভা ধারণ করিয়াছিল। তাহার উপর বিশাল ধ্বজা ছিল এবং এই রথের উপর ধনুর্দ্ধারণ করিয়া বাণাসুর উপবেশন করিয়াছিলেন ॥ ৫২-৫৩

বাতবিক্ষুব্ধ তরঙ্গসঙ্কুল সাগর যেমন লোক বিনাশ করে, তদ্রূপ বহুপুত্রযুক্ত বীরগণকে সংহার করিবার জন্য ক্রোধাবিষ্ট হইয়া ও বীর রথিসকলের দ্বারা পরিবৃত হইয়া এই দৈত্যসাগর বিনির্গত হইয়াছিলেন ॥ ৫৪।

লোকের মনে ত্রাস সঞ্চারকারী ও শরীর দ্বারা ভয়ঙ্করাকৃতি অনেক সৈন্য তাহার অগ্রে অগ্রে গমন করিতেছিল। যে রাজন্! বিশাল রথ ও উন্নত ধনুর্দ্ধারণকারী এই সৈন্যবাহিনী সুবর্ণশিখর পর্বতের ন্যায় মনে হইতেছিল। অত্যন্ত অদ্ভুত রূপধারী বাণাসুর এই যুদ্ধ দেখিবার নিমিত্ত সমুদ্রের নিকটবর্তী বাণপুরীতে বিনির্গত হইলেন ॥৫৫-৫৬

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বে রুদ্র ও শ্রীকৃষ্ণের যুদ্ধবিষয়ক চতুর্বিংশত্যধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

[শ্রীকৃষ্ণকৃত ভৃগুবরোধে ভগবতঃ শঙ্করস্য ভৃগুনাপি বন্দীভবনম্, ব্রহ্মণা শিবস্য বিষ্ণুনা সহ তস্যৈক্যতায়াঃ স্মৃতেরানয়নম্, ব্রহ্ম-জিজ্ঞাসিতেন মার্কণ্ডেয়েন হরি- হরয়োরৈক্যং স্থাপয়তা মাহাত্ম্যেন সহ হরি-হরস্তোত্রস্য বর্ণনঞ্চ]

বৈশম্পায়ন উবাচ

অন্ধকারীকৃতে লোকে প্রনষ্টে ত্র্যম্বকে তথা
ন নন্দী নাপি চ বৃষো ন রুদ্রঃ প্রত্যদৃশ্যত ॥ ১

বিগুণা দীপ্তদেহস্য রোষেণ চ বলেন চ।
ত্রিপুরান্তকরো বাণঃ জজ্ঞাহ স চতুর্মুখম্ ॥ ২

সম্ভবং কার্মুকস্যৈব ক্ষেপ্তুকামস্ত্রিলোচনঃ
বিজ্ঞাতো বাসুদেবেন চিন্তয়েন মহাত্মনা ॥ ৩

ভৃগুর্ণাম নাম সোঽপ্যাস্ত জজ্ঞায় পুরুষোত্তমঃ।
তয়া সংভৃগুবাসঃ ক্ষিপ্রকারী মহাবলঃ ॥ ৪

সশরঃ সধনুশ্চৈব হরন্তেনাও ভৃষ্টিতঃ।
সজ্ঞাং ন লেভে ভগবান্ বিস্মিতাসুরবন্দনম্ ॥ ৫

সশরঃ সধনুষ্কঞ্চ দৃষ্ট্বাত্মানং বিভূষিতম্
বলোন্মত্তোঽথ বাণোঽসৌ শর্বং চোদয়তোঽসকৃৎ। ৬

ততো ননাদ ভূতাত্মা স্থিতগম্ভীরয়া গিরা।
প্রত্যাপয়াম্যহং তদা কৃষ্ণঃ শঙ্খং মহাবলঃ ॥ ৭

পাঞ্চজন্যস্য ঘোষেণ পার্জন্যবিষ্ণুজিতেন চ।
দেবাঃ বিভ্রন্তিতঃ দৃষ্ট্বা সর্বে ভূতানি তত্রযুঃ ॥ ৮

এতস্মিন্নন্তরে তত্র কৃতন্ত্র পার্বতী বৃষে
মায়াবৃদ্ধঃ সমাশ্রিত্য প্রত্যুয়ঃ পর্যাবারয়ন্ ॥ ৯

সর্বাংস্তু নিস্ত্রাবয়ন্ কৃত্বা মকরকেতুমান্।
দানবান্নাশয়ত্তত্র শরজালেন বীর্যবান্।

প্রমাথগণভূয়িষ্ঠাংস্তত তত মহাবলান্ ॥ ১০

ততস্তু ভৃগুমাদত্ত দেবস্তাক্ষিষ্টকর্মণুঃ
মালা প্রাদুরভূদ্বক্ত্রাদ্ভগবতীব শিখা সদা ॥ ১১

ততস্তু দহনী দেবী ভীষয়ানা মহাসুরান্
ব্রহ্মাণং বিশ্ববাতারং বেপমানাভ্যুপাগমৎ ॥ ১২

পঞ্চবিংশত্যধিকশততম অধ্যায়।

[শ্রীকৃষ্ণের ভৃগুবাণে ভগবান্ শঙ্করের ভৃগুর বন্দীভূত হওয়া, ব্রহ্মা কর্তৃক শিবকে বিষ্ণুর সহিত তাঁহার একতার স্মৃতি আনয়ন এবং ব্রহ্মাকর্তৃক জিজ্ঞাসিত হইয়া মার্কণ্ডেয়ের দ্বারা হরি-হরের একতা স্থাপিত করিতে করিতে মাহাত্ম্যসহ হরি-হরের স্তোত্র বর্ণন।]

বৈশম্পায়ন বলিলেন—হে জনমেজয়! (বৈষ্ণবাস্ত্রের প্রয়োগে) সমস্ত জগৎ অন্ধকারাচ্ছন্ন হইয়াছিল এবং ভগবান্ শঙ্কর বৈষ্ণবাস্ত্রের তেজে যেন ভ্রমিতে ছিলেন। তখন নন্দী, বৃষ এবং রুদ্রদেবকে দেখা যায় নাই। ১

রোষে এবং পরাক্রমে ত্রিপুরবাসী ভগবান্ শিব ত্রিগুণভাবে দীপ্যমান হইয়া চারটী কলাযুক্ত বাণ গ্রহণ করিলেন। ২

সেই বাণ ধনুতে যোজন করিয়া তিনি নিক্ষেপ করিতে ইচ্ছা করিয়াছিলেন; কিন্তু সকলের অন্তর্যামী মহাত্মা বাসুদেব তাহা জানিতে পারিলেন। ৩

ক্ষিপ্রকারী মহাবলবান্ পুরুষোত্তম শ্রীকৃষ্ণ তখন ভৃগুবাণ গ্রহণ করিলেন এবং মহাদেবকে ভৃগুবাণের দ্বারা অভিভূত করিয়া দিলেন। ৪

শিব ধনুশের সহ নীত অভিভূত হইলেন এবং অসুর ও রাক্ষসগণের বিজেতা মহাদেব এই সময় আর সংজ্ঞালাভ করিতে পারিলেন না। ৫

ধনুঃ ও বাণসহ আত্মতত্ত্বরূপ শিবকে অভিভূত দেখিয়া বলোন্মত্ত বাণাসুর তাঁহাকে যুদ্ধের নিমিত্ত প্রেরণা দান করিলেন। ৬

তখন সকল প্রাণীর আত্মতত্ত্বরূপ ভগবান্ শ্রীকৃষ্ণ স্থির ও গম্ভীর শব্দে সিদ্ধান্ত করিলেন এবং শঙ্খ-বাদন করিলেন। ৭

পাঞ্চজন্য শঙ্খের গম্ভীর শব্দে, পার্জন্য ধনুর টঙ্কারে এবং মহাদেবকে ভৃগুবাণে অভিভূত দেখিয়া সমস্ত প্রাণী সন্ত্রস্ত হইয়া উঠিল। ৮

ইতিমধ্যে রুদ্রদেবের অনুচরগণ মায়াবৃদ্ধের আজ্ঞা লইয়া রণক্ষেত্রে প্রদ্যুম্নকে চারিদিকে পরিবেষ্টন করিলেন। ৯

তখন মহাপরাক্রমী মকরকেতু সকল শত্রুকে নিদ্রাভিভূত করিয়া দিলেন এবং বাণসমূহের দ্বারা যে অংশে দানবগণের মধ্যে প্রমথগণ অধিক ছিলেন, তাঁহাদিগকে বিনাশ করিলেন। ১০

তারপর ভৃগুবাণে বন্দীভূত এবং অনায়াসে মহান্ কর্মকারী মহাদেবের মুখ হইতে প্রজ্বলিত অগ্নি বহির্গত হইল এবং মনে হইতেছিল যে, তাহা যেন সকল বিশ্বদেব ভস্ম করিয়া দিতেছে। ১১

এই সময় মহাত্মগণের দ্বারা পীড়িত হইয়া ও কম্পিত হইয়া পৃথিবী দেবী বিশ্বস্রষ্টা ব্রহ্মার শরণ গ্রহণ করিলেন। ১২

পৃথিব্যুবাচ।

দেবদেব মহাবাহো পীড়ামি পরমৌজসা।
কৃষ্ণকৃত্তরাক্রান্তা ভবিষ্যেঽকার্ণবা পুনঃ ॥ ১৩
অবিষহ্যমিমং ভারং চিন্তয়ন্ত পিতামহ।
লঘূকৃতা যথা দেব ধারয়েয়ং চরাচরম্ ॥ ১৪

ততস্তু কাশ্যপীং দেবীং প্রত্যুবাচ পিতামহঃ।
মুহূর্তং ধারয়াত্মানমন্যতো লঘ্বী ভবিষ্যসি ॥ ১৫

বৈশম্পায়ন উবাচ।

দৃষ্ট্বা তু ভগবান্ ব্রহ্মা কৃতং বচনমব্রবীৎ।
সৃষ্টো মহাসুরবধঃ কিং ভূয়ঃ পরিকল্প্যতে ॥ ১৬

ন চ যুদ্ধং মহাবাহো তব কৃষ্ণেন রোচতে
ন চ বুধ্যসি কৃষ্ণং ত্বমাত্মানং তু দ্বিধা কৃতম্ ॥ ১৭

ততঃ শরীরযোগার্দ্ধি ভগবানব্যয়ঃ প্রভুঃ
প্রবিশ্য পশ্য তে কৃৎস্নাংস্ত্রীঁল্লোকান্ সচরাচরান্ ॥ ১৮
প্রবিশ্য যোগং যোগাত্মা বরাহাত্মানমুচিন্তয়ন্।

ধারয়ন্ত্যাং বসুকৃতঃ তত্ত্বস্তুত্যা সর্ব্বশঃ।
জগাদ নোত্তরং কিঞ্চিদ্বিগুণা হ্যভবত্তদা ॥ ১৯
আত্মানং কৃষ্ণযোনিস্থং পশ্যন্ত স্বেনযোনিজম্।
ততো নিঃসৃত্য রুদ্রস্তু স্তুতবংস্তোঽভবন্মুদে ॥ ২০
ব্রহ্মাণং চাত্তবাদ্ রুদ্রো ন যোৎস্যে ভগবন্নিতি।
কৃষ্ণেন সহ সংগ্রামে লঘ্বী ভবতু মেদিনী ॥ ২১
ততঃ কৃষ্ণোঽথ রুদ্রস্তু পরিষজ্য পরস্পরম্।
পরাং প্রীতিমুপাগম্য সংগ্রামমপজগ্মতুঃ ॥ ২২
ন চ তৌ পশ্যতে কেচিদ্ যোগিনৌ যোগমাস্থিতৌ।
একো ব্রহ্মা তথা রুদ্রো পশ্যন্লোকান্ পিতামহঃ ॥ ২৩
ঊষাচৈতৎ সমুদ্দিশ্য মার্কণ্ডেয়ং সনাতনম্।
পার্শ্বস্থং পরিপপ্রচ্ছ জ্ঞাতা বৈ দীর্ঘদর্শিনম্ ॥ ২৪

পিতামহ উবাচ।

মন্দরস্য গিরেঃ পার্শ্বে নলিন্যাং ভব-কেশবৌ।
রাত্রৌ যদ্যাসুরে ব্রহ্মন্নযা দৃষ্টৌ হরাচ্যুতৌ ॥ ২৫

পৃথিবী বলিলেন—"হে মহাবাহু দেবাধিদেব! আমি মহান্ বল ও পরাক্রমে পীড়িত হইয়াছি। ভগবান শ্রীকৃষ্ণ ও শিবের ভারে পীড়িত হইয় মনে হইতেছে যেন পুনঃ একার্ণবে নিমগ্ন হইয়া যাইব ॥ ১৩

হে পিতামহ! হে দেব! এই ভার আমার নিকট অসহ্য মনে হইতেছে। আপনি কেন উপায় চিন্তা করুন, যাহাতে আমি লঘু হইয়া সমস্ত চরাচর ধারণ করিতে পারি ॥ ১৪

তখন পিতামহ ব্রহ্মা পৃথিবীকে এই প্রকার বলিলেন—মুহূর্তকাল নিজেকে ধারণ কর, পৃথ্বি লঘু হইয়া যাইবে ॥ ১৫

বৈশম্পায়ন বলিলেন—হে জনমেজয়। তখন ভগবান্ ব্রহ্মা ভবদেবের সহিত মিলিত হইয়া তাঁহাকে এই প্রকার বাক্য বলিলেন—আপনি মহাসুরবধকে বন্ধ করিয়া পুনরায় কেন তাহাদের বধ করিতেছেন ? ১৬

হে মহাবাহু! শ্রীকৃষ্ণের সহিত আপনার যুদ্ধ আমার অনভিপ্রেত। আপনি শ্রীকৃষ্ণকে বুঝিতে পারিতেছেন না। আপনার তনুই (শ্রীকৃষ্ণ হইয়া) দ্বিধা বিভক্ত হইয়াছে ॥ ১৭

তখন অম্বিকাপতি ঈশ্বর ভগবান শিব শরীরের মধ্যে প্রবেশ পূর্বক ধ্যানস্থ হইয়া সচরাচর ত্রিলোক দর্শন করিলেন ॥ ১৮

যোগস্বরূপ ভগবান্ শঙ্কর যোগস্থ হইয়া পূর্বের বরাহরূপি ভগবান্ চিন্তা করিয়া এবং ধারণার দ্বারা ধারণ করিয়াছিলেন, তাহা স্মরণ করিয়া কোন উত্তর প্রদান করেন নাই ; কিন্তু (যুদ্ধ হইতে) নিবৃত্ত হইলেন ॥ ১৯

আপনার আত্মাকে সচ্চিদানন্দস্বরূপ শ্রীকৃষ্ণময় যোনিতে (পরব্রহ্মে) অবস্থিত দেখিয়া এবং নিজেকে একই অবিভীয় ব্রহ্মস্বরূপ যোনি হইতে একটি জানিয়া রুদ্রদেব যুদ্ধক্ষেত্র হইতে নির্গত হইলেন। যুদ্ধক্ষেত্রে শ্রীকৃষ্ণের সহিত বাদবিবাদ যাহা হইয়াছিল, তাহা পরিত্যাগ করিলেন ॥ ২০

অনন্তর ভগবান্ ব্রহ্মাকে তিনি বলিলেন—"আমি সংগ্রামে শ্রীকৃষ্ণের সহিত যুদ্ধ করিব না, পৃথিবী লঘু হউক" ॥২১

তারপর শ্রীকৃষ্ণ ও রুদ্র পরস্পর আলিঙ্গন করিয়া প্রীতি যুদ্ধক্ষেত্র হইতে অপসৃত হইলেন ॥ ২২

শ্রীকৃষ্ণ ও রুদ্র এই দুই যোগী যোগস্থ হইয়া এক হইয়া সমস্ত প্রাণ হইলেন এবং অন্যে তাহা কিন্তু বুঝিতে পারিল না। কেবল পিতামহ ব্রহ্মা এই সমস্ত জানিয়া লোকসমূহ দর্শন করিতে লাগিলেন। পার্শ্বস্থিত নারদসহ মার্কণ্ডেয়কে দূরদর্শী জানিয়া জিজ্ঞাসা করিলেন ॥ ২৩-২৪

পিতামহ বলিলেন—ব্রহ্মন্! রাত্রিতে নিদ্রিত অবস্থায় স্বপ্নে মন্দরপর্বতের পার্শ্বে সরোবরের মধ্যে পদ্মে শিব ও কেশবকে একই রূপে দেখিয়াছিলাম ॥ ২৫

হরঞ্চ হরিরূপেণ হরিঞ্চ হররূপিণম্
শঙ্খচক্রগদাপাণিং পীতাম্বরধরং হরম্ ॥ ১৬
ত্রিশূলপট্টিশধরং ব্যাঘ্রচর্মধরং হরিম্।
গরুড়স্থং চাপি হরং হরিঞ্চ বৃষভধ্বজম্ ॥ ১৭
বিস্ময়ো মে মহান্ ব্রহ্মন্ দৃষ্ট্বা তং পরমাদ্ভুতম্।
এতদ্যাচক্ষ ভগবন্ যাথাতথ্যেন সুব্রত ॥ ১৮

মার্কণ্ডেয় উবাচ।

শিবায় বিষ্ণুরূপায় বিষ্ণবে শিবরূপিণে
যথান্তরং ন পশ্যামি তেন তৌ দিশতঃ শিবম্ ॥ ১৯
অনাদিমধ্যনিধনমেতদক্ষরমব্যয়ম্
তত্ত্বেন তে প্রবক্ষ্যামি রূপং হরিহরাত্মকম্ ॥ ২০
যো বিষ্ণুঃ স তু বৈ রুদ্রো যো রুদ্রঃ স পিতামহঃ।
একা মূর্ত্তিস্ত্রয়ো দেবা রুদ্রবিষ্ণুপিতামহাঃ ॥ ২১
বরদা লোককর্ত্তারো লোকনাথাঃ স্বয়ম্ভুবঃ
অর্দ্ধনারীশ্বরাস্তে তু ব্রতাঃ তীব্রাঃ সমাস্থিতাঃ ॥ ২২

যথা জলে জলং ক্ষিপ্তং তাদৃগেব তু তদ্ভবেৎ।
রুদ্রং বিষ্ণুঃ প্রবিষ্টস্তু তথা রুদ্রময়ো ভবেৎ ॥ ২৩
অগ্নিমগ্নিঃ প্রবিষ্টস্তু অগ্নিরেব যথা ভবেৎ।
তথা বিষ্ণুঃ প্রবিষ্টস্তু রুদ্রো বিষ্ণুময়ো ভবেৎ ॥ ২৪
রুদ্রমগ্নিময়ং বিদ্যাদ্ বিষ্ণুং সোমাত্মকং স্মৃতম্।
অগ্নীষোমাত্মকং চৈব জগৎ স্থাবরজঙ্গমম্ ॥ ২৫
কর্ত্তারৌ চাপহর্ত্তারৌ স্থাবরস্য চরস্য তু।
জগতঃ শুভকর্ত্তারৌ প্রভবিষ্ণু মহেশ্বরৌ ॥ ২৬
কর্ত্তৃকারণকর্ত্তারৌ কর্ত্তৃকারণকারকৌ।
ভূতভব্যভবে দেবৌ নারায়ণ-মহেশ্বরৌ ॥ ২৭
জগতঃ পালকাবেতাবেতৌ সৃষ্টিকরৌ স্মৃতৌ।
এতে চৈব প্রবর্ষন্তি বান্তি সর্ব্বত্র চ।
এতৎ পরতরং গুহ্যং কথিতং তে পিতামহ ॥ ২৮
যশ্চৈনং পঠতে নিত্যং যশ্চৈনং শৃণুয়ান্নরঃ।
প্রাপ্নোতি পরমং স্থানং বিষ্ণুরুদ্রপ্রসাদজম্ ॥ ২৯

আমি হরকে হরিরূপে এবং হরিকে হররূপে অবলোকন করিয়াছি। তখন শঙ্করের হস্তে শঙ্খ, চক্র, গদা ছিল এবং পীতাম্বর পরিধান করিয়াছিলেন ॥ ১৬

আর শ্রীহরি ত্রিশূল, পট্টিশ ও ব্যাঘ্রচর্ম্ম ধারণ করিয়াছিলেন। মহাদেব গরুড়ের উপর এবং শ্রীহরি বৃষভধ্বজ হইয়া পতাকায় বৃষচিহ্ন ধারণ করিয়াছিলেন ॥ ১৭

হে ব্রহ্মন্! সেই অদ্ভুত রূপ দেখিয়া আমি পরম বিস্ময় হইয়াছি। উত্তম ব্রতপালনকারী ভগবন্! তাহার যথার্থ রহস্য ব্যক্ত করুন ॥ ১৮

মার্কণ্ডেয় বলিলেন—বিষ্ণুরূপধারী শিব ও শিবরূপধারী বিষ্ণুকে আমি নমস্কার করি। আমি ইঁহাদের মধ্যে কোন পার্থক্য লক্ষ্য করি না; সেইজন্য উভয়রূপে তাঁহারা আমার কল্যাণ প্রদান করেন ॥ ১৯

আমি, যথা ও তত্ত্বসহিত যে অবিনাশী অক্ষর ব্রহ্ম, তাঁহার হরিহরাত্মক রূপের বর্ণনা করিতেছি ॥ ২০

যিনি বিষ্ণু তিনিই রুদ্র আবার যিনি রুদ্র তিনিই ব্রহ্মা; তাঁহাদের মূলরূপ একই, কিন্তু কার্য্যভেদে রুদ্র, বিষ্ণু এবং ব্রহ্মা এই তিন দেবতারূপে বলা হইয়া থাকে ॥ ২১

ইঁহারা সকলে লোকস্রষ্টা, বরদায়ক, লোকনাথ, স্বয়ম্ভু, অর্দ্ধনারীশ্বর এবং কঠোরব্রতপালনকারী ॥ ২২

যেমন জলে জল নিক্ষেপ করিলে তাহা জলই হইয়া যায়, সেইরূপ বিষ্ণু রুদ্রদেবের মধ্যে প্রবিষ্ট হইয়া রুদ্রময় হইয়া যান ॥ ২৩

যেমন অগ্নি অগ্নিতে প্রবিষ্ট হইয়া অগ্নি হইয়া যান, সেইরূপ রুদ্রদেব বিষ্ণুতে প্রবেশ করত বিষ্ণুময় হইয়া যান ॥ ২৪

রুদ্রকে অগ্নিস্বরূপ জানিবেন এবং ভগবান্ বিষ্ণুকে সোমস্বরূপ জানিবেন। সেইজন্য চরাচর সমস্ত জগৎ অগ্নীষোমাত্মক বলা হয় ॥ ২৫

এই হরি এবং হর সমস্ত চরাচর জগতের কর্ত্তা; সংহারক, শুভকারক এবং প্রভাবশালী মহেশ্বর ॥ ২৬

এই নারায়ণ ও মহেশ্বরদ্বয় কর্ত্তা ও কারণেরও কর্ত্তা; আবার কর্ত্তা ও কারণে কার্য্যকারী। ইঁহারা দুই জনে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানস্বরূপ ॥ ২৭

(নারায়ণ ও মহেশ্বর) জগতের পালক ও সৃষ্টিকারী। ইঁহারাই যেরূপে বর্ষণ করেন, সূর্য্যরূপে প্রকাশিত হন এবং (বায়ুরূপে) গতিশীল হন ও সৃষ্টি করেন। হে পিতামহ! আপনার নিকট এই পরম গোপনীয় রহস্য বর্ণনা করিলাম ॥ ২৮

যিনি প্রতিদিন এই স্তোত্র পাঠ করেন বা শ্রবণ করেন, তিনি ভগবান্ বিষ্ণু ও রুদ্রের কৃপায় পরম পদ প্রাপ্ত হন ॥ ২৯

দেবৌ হরি-হরৌ স্তোত্রে তদ্ভক্তা সহ সঙ্গতৌ।
এতৌ চ পরমৌ দেবৌ জগতঃ প্রভবাপ্যয়ৌ ॥ ৪০
রুদ্রস্তু পরমো বিষ্ণুর্বিষ্ণোশ্চ পরমঃ শিবঃ।
এক এব দ্বিধাভূতো লোকে চরতি নিত্যশঃ ॥ ৪১
ন বিনা শঙ্করং বিষ্ণুর্ন বিনা কেশবং শিবঃ।
তস্মাদেকত্বমাস্থায়ো রুদ্রোপেন্দ্রৌ তু তৌ পুরা।
নমো রুদ্রায় কৃষ্ণায় নমঃ সংহৃতচারিণে ॥ ৪২
নমঃ বর্ষ্মনেত্রায় সহিনেত্রায় বৈ নমঃ
নমঃ পিঙ্গলনেত্রায় পদ্মনেত্রায় বৈ নমঃ ॥ ৪৩
নমঃ কুমারগুরবে প্রদ্যুম্নগুরবে নমঃ।
নমো ধরণীধরায় গঙ্গাধরায় বৈ নমঃ ॥ ৪৪
নমো মযূরপিচ্ছায় নমঃ কেয়ূরধারিণে।
নমঃ কপালমালায় বনমালায় বৈ নমঃ ॥ ৪৫
নমস্ত্রিশূলহস্তায় চক্রহস্তায় বৈ নমঃ
নমঃ কনকদণ্ডায় নমস্তে ব্রহ্মদণ্ডিনে ॥ ৪৬

আমি ব্রহ্মার সহিত মিলিত হইয়া হরি ও হরের স্তুতি করিব। এই দুই পরম দেব জগতের সৃষ্টি ও সংহারের কারণ ।৪০

রুদ্রের পরমদেব বিষ্ণু এবং বিষ্ণুর পরম দেবতা শিব। একই পরমেশ্বর দুইরূপে বারু হইয়া সর্বত্র সমস্ত জগতে বিচরণ করিতেছেন ।৪১

ভগবান্ শঙ্কর বিনা বিষ্ণু নাই আবার বিষ্ণু বিনা শিব নাই। পুরাকাল হইতে রুদ্র ও বিষ্ণু একত্বরূপ প্রাপ্ত হইয়াছেন। সংযুক্ত অথবা একরূপে বিচরণকারী ভগবান্ রুদ্র ও শ্রীকৃষ্ণকে নমস্কার করি। ৪২

ত্রিনেত্রধারী শিবকে নমস্কার করি এবং তদ্রূপ ত্রিনেত্রধারী শ্রীকৃষ্ণকে নমস্কার করি। পিঙ্গলনেত্রধারী শিবকে নমস্কার করি এবং কমলনয়ন শ্রীকৃষ্ণকে নমস্কার করি ।৪৩

কুমার কার্ত্তিকেয়ের পিতা ভগবান্ শিবকে নমস্কার করি, প্রদ্যুম্নের পিতা ভগবান্ শ্রীকৃষ্ণকে নমস্কার করি। সেবারূপে পৃথিবীধারণকারী শ্রীহরিকে প্রণাম করি এবং মস্তকে গঙ্গাধারণকারী শিবকে নমস্কার করি ।৪৪

মস্তকে শিখিপুচ্ছধারী শ্রীকৃষ্ণকে প্রণাম করি এবং সর্পের বাজুবন্ধধারী শিবকে নমস্কার করি। বনমালাধারী শ্রীকৃষ্ণকে এবং কপালমালাধারী শিবকে প্রণাম করি ।৪৫

হস্তে ত্রিশূলধারী শিবকে নমস্কার করি, এক হস্তে সুদর্শন-চক্রধারী শ্রীহরিকে প্রণাম করি। দণ্ডধারী শ্রীহরিকে

নমস্কর্ম্মনিবাসায় নমস্তে পীতবাসসে
নমোঽস্তু লক্ষ্মীপতয়ে উমায়াঃ পতয়ে নমঃ ॥ ৪৭
নমঃ খট্টাঙ্গধারায় নমো মুসলধারিণে।
নমো ভস্মাঙ্গরাগায় নমঃ কৃষ্ণাজধারিণে ॥ ৪৮
নমঃ শ্মশানবাসায় নমঃ সাগরবাসিনে।
নমো বৃষভবাহায় নমো গরুড়বাহিনে ॥ ৪৯
নমস্ত্বনেকরূপায় বহুরূপায় বৈ নমঃ।
নমঃ প্রলয়কর্ত্রে চ নমস্ত্রৈলোক্যধারিণে ॥ ৫০
নমোঽস্তু সৌম্যরূপায় নমো ভৈরবরূপিণে।
বিরূপাক্ষায় দেবায় নমঃ সৌম্যেক্ষণায় চ ॥ ৫১
দক্ষযজ্ঞবিনাশায় বলিনিয়মনায় চ।
নমঃ পর্ব্বতবাসায় নমঃ সাগরবাসিনে ॥ ৫২
নমঃ সুররিপুঘ্নায় ত্রিপুরঘ্নায় বৈ নমঃ।
নমোঽস্তু নরকঘ্নায় নমঃ কামারিনাশিনে ॥ ৫৩

এবং ব্রহ্মদণ্ড ধারণকারী শিবকে প্রণাম করি ।৪৬

ব্যাঘ্রচর্মধারী শিবকে প্রণাম করি, পীতাম্বরধারী শ্রীকৃষ্ণকে নমস্কার করি। লক্ষ্মীপতি শ্রীহরিকে এবং উমাপতি মহাদেবকে নমস্কার করি ।৪৭

খট্টাঙ্গধারী শিবকে এবং মুসলধারী বলভদ্র-স্বরূপ শ্রীহরিকে নমস্কার। ভস্মরূপ অঙ্গরাগ ধারণকারী শিবকে এবং শ্যামসুন্দর শরীরধারী শ্রীহরিকে প্রণাম করি। ৪৮

শ্মশানবাসী হর এবং সমুদ্রবাসী হরিকে বারংবার প্রণাম করি। বৃষবাহন হর এবং গরুড়বাহন হরিকে নমস্কার করি ।৪৯

অনেক অবতাররূপধারী শ্রীহরিকে এবং বহুরূপধারী শ্রীহরকে প্রণাম করি। প্রলয়কর রুদ্র এবং ত্রৈলোক্যরক্ষক বিষ্ণুকে নমস্কার করি ।৫০

সৌম্যরূপধারী শ্রীহরি এবং ভৈরবরূপধারী রুদ্রদেবকে নমস্কার করি। বিরূপাক্ষ মহাদেবকে এবং সৌম্যনেত্র শ্রীহরিকে প্রণাম করি ।৫১

দক্ষযজ্ঞ ধ্বংসকারী রুদ্রকে এবং বলিবন্ধনকারী শ্রীহরিকে প্রণাম করি। পর্বতনিবাসী শিবকে এবং সমুদ্রবাসী শ্রীহরিকে প্রণাম করি ।৫২

দেবদ্রোহীদের বিনাশকারী শ্রীহরিকে এবং ত্রিপুরাসুর-বধকারী মহাদেবকে প্রণাম করি। নরকাসুরকে বধকারী শ্রীবিষ্ণুকে এবং কামদেবকে দগ্ধকারী মহাদেবকে প্রণাম করি ।৫৩

নমস্ত্রস্তকনাশায় নমঃ কৈটভনাশিনে
নমঃ সহস্রস্তস্তায় নমোঽসংখ্যেয়বাহবে ॥ ৫৪
নমঃ সহস্রশীর্ষায় বহুশীর্ষায় বৈ নম।
দামোদরায় দেবায় মুঞ্জমেখলিনে নমঃ ॥ ৫৫
নমস্তে ভগবন্ বিষ্ণো নমস্তে ভগবন্ শিব।
নমস্তে ভগবন্ দেব নমস্তে দেবপূজিত ॥ ৫৬
নমস্তে সামভির্গীত নমস্তে যজুভিঃ সদা।
নমস্তে সুরশত্রুঘ্ন নমস্তে সুরপূজিত ॥ ৫৭
নমস্তে কর্মণাং কর্ম নমোঽমিতপরাক্রম।
হৃষীকেশ নমস্তেঽস্তু সর্বকেশ নমোঽস্তু তে ॥ ৫৮
ইমং স্তবং যো কুরুতে বিষ্ণোরৈশ্বৈব মহাত্মনঃ।
সমেত্য ঋষিভিঃ সর্বৈঃ স্তুতো স্তোতি মহর্ষিভিঃ ॥ ৫৯

বাসেন বেদবিদ্ভমা নারদেন চ ধীমতা
ভরদ্বাজেন গর্গেণ বিশ্বামিত্রেণ বৈ তথা ॥ ৬০
অগস্ত্যেন পুলস্ত্যেন ধৌম্যেন তু মহাত্মনা।
য ইদং পঠতে নিত্যং স্তোত্রং ত্বরিহরাত্মকম্ ॥ ৬১
অরোগো বলবাংশ্চৈব জায়তে নাত্র সংশয়ঃ।
শ্রিয়ঞ্চ লভতে নিত্যং ন চ স্বর্গাচ্চ্যবতে ॥ ৬২
অপুত্রো লভতে পুত্রং কন্যা বিন্দতি সৎপতিম্।
গুর্বিণী সূয়তে যা তু বরং পুত্রং প্রসূয়তে ॥ ৬৩
রাক্ষসাশ্চ পিশাচাশ্চ বিঘ্নাশ্চ ন বিনায়কাঃ।
তত্রঃ তত্র ন কুর্বন্তি যত্রায়ং পঠ্যতে স্তবঃ ॥ ৬৪

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্বণি
হরি-হরাত্মক-স্তবো নাম
পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১১৫ ॥

অন্ধকাসুর বধকারী মহাদেবকে এবং কৈটভ বিনাশকারী শ্রীহরিকে প্রণাম করি। সহস্র হস্তধারী শ্রীবিষ্ণুকে এবং অসংখ্য হস্তধারী শিবকে নমস্কার করি ॥ ৫৪

সহস্র মস্তকধারী শ্রীহরিকে এবং বহু মস্তকধারী ভগবান্ শিবকে নমস্কার করি। দেব দামোদরকে এবং মুঞ্জমেখলাধারী শিবকে প্রণাম করি ॥ ৫৫

ভগবান্ বিষ্ণু! আপনাকে নমস্কার করি। ভগবন্ শিব! আপনাকে প্রণাম করি। ভগবন্! মহাদেব! আপনাকে নমস্কার করি। দেবপূজিত পরমেশ্বর! আপনাকে প্রণাম করি ॥ ৫৬

(হে পরাত্মন্)! সামবেদ দ্বারা স্তুত এবং যজুর্বেদের সহিত সম্বন্ধযুক্ত আপনাকে প্রণাম করি। হে দেবপূজিত! হে দেবদ্রোহিদের বিনাশকারী! আপনাকে নমস্কার করি। হে অমিতবিক্রমশালী! কর্মসমূহের কর্মস্বরূপ! আপনাকে নমস্কার করি। হে ঋষীকেশ! হে সর্ব কেশধারক ঈশ্বর! আপনাকে প্রণাম করি ॥ ৫৭-৫৮

বেদবেত্তা ব্যাস, ধীমান্ নারদ, ভরদ্বাজ, গর্গ, বিশ্বামিত্র, অগস্ত্য, পুলস্ত্য, এবং মহাত্মা ধৌম্য প্রভৃতি সমস্ত মহর্ষিগণ কর্তৃক স্তুত ভগবান্ রুদ্র এবং বিষ্ণুর এই স্তবের দ্বারা যিনি স্তুতি করেন অথবা নিত্য হরিহরাত্মক এই স্তোত্র পাঠ করেন, তিনি জগতে নীরোগ ও বলবান্ হইয়া থাকেন—ইহাতে সংশয় নাই। তাঁহার সর্বদা লক্ষ্মী লাভ হয় এবং স্বর্গ হইতে পুনরাবর্তন হয় না ॥ ৫৯-৬২

এই স্তোত্র পাঠ করিলে অপুত্রকের পুত্র লাভ হয়, কুমারী কন্যা শ্রবণ করিলে উপযুক্ত পতি লাভ করে এবং গর্ভিণী স্ত্রী শ্রবণ করিলে উত্তম পুত্র প্রসব করে ॥ ৬৩

যেস্থানে এই স্তব পাঠ হয়, সেস্থানে রাক্ষস, পিশাচ, কোন বিঘ্ন ও বিনায়ক ভয় উপস্থিত করেন না ॥ ৬৪

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্বে হরিহরাত্মক-স্তব-নামক পঞ্চবিংশত্যধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষড়্‌বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ।

[শ্রীকৃষ্ণ-কার্ত্তিকেয়য়োর্যুদ্ধে কার্ত্তিকেয়স্য পরাজয়ঃ, কৌচবীদেব্যা কার্ত্তিকেয়স্য হর্ষঃ, শ্রীকৃষ্ণ-বাণাসুরয়োর্যুদ্ধম্ শ্রীকৃষ্ণেন বাণাসুরস্য সহস্রবাহূচ্ছেদনম্, মহাদেবেন বাণাসুরায় 'মহাকালো ভবিষ্যতীতি' বরদানঞ্চ :]

জনমেজয় উবাচ

অপযাতে ততো দেবে কৃষ্ণে চৈব মহাত্মনি ।
পুনশ্চাসীৎ কথং যুদ্ধং পরেষাং লোমহর্ষণম্ ॥ ১

বৈশম্পায়ন উবাচ

কৃত্তাওসাগৃহীতে তু রথে তিষ্ঠন্ গুহস্তথা ।
অভিদ্রুতাব কৃষ্ণক বলং প্রত্যুদ্যমেব চ ॥ ২

ততঃ শরশতৈরুগ্রৈস্তান্ বিব্যাধ রণে গুহঃ ।
অমর্ষরোষসংক্রুদ্ধঃ কুমারঃ প্রবরো নৃণাম্ ॥ ৩

শরসংবৃতগাত্রাস্তে ত্রয়স্ত্রয় ইবাগ্নয়ঃ ।
শোণিতোষ্মপরীতৈর্গাত্রৈঃ প্রাবৃষীব গুহাঃ ততঃ ॥ ৪

ততস্তে যুদ্ধমার্গজ্ঞাস্ত্রয়স্ত্রিভিরনুত্তমৈঃ ।
বায়ব্যায়েয়পার্জন্যৈর্বিভিন্দুস্তীপ্ততেজসঃ ॥ ৫

তানস্ত্রান্ ত্রিভিরেবাস্ত্রৈর্বিনিঘ্নার্থা স পাবকিঃ ।
শৈলবারুণসাবিত্রৈস্তান্ স বিব্যাধ কোপবান্ ॥ ৬

তস্য দীপ্তশরৌঘস্য দীপ্তচাপধরস্য চ ।
শরৌঘানন্তরমাস্তির্যন্তি স্ম মহাত্মনঃ ।
যদা তদা গুহঃ ক্রুদ্ধঃ প্রজ্বলন্নিব তেজসা ॥ ৭

অস্ত্রং ব্রহ্মশিরো নাম কালকল্পং দুরাসদম্ ।
সন্দধৌ তীব্রপুটঃ সংখ্যে জগৃহে পাবকিঃ প্রভুঃ ॥ ৮

প্রযুক্তে ব্রহ্মশিরসি মহদ্ভ্রাংশুসমপ্রভে ।
উগ্রে পরমদুর্ধর্ষে লোকক্ষয়করে তথা ॥ ৯

দাহাদ্ভূতেষু সর্বেষু প্রবাবৎসু সমন্ততঃ ।
অস্ত্রতেজঃপ্রমূঢ়ে তু বিমর্দে জগতি প্রভুঃ ।
কেশবঃ কেশিমথনশ্চক্রং জগ্রাহ বীর্যবান্ ॥ ১০

সর্বেষামস্ত্রবীর্যাণাং বারণং যাতনং তথা
চক্রমপ্রতিচক্রন্তু লোকে খ্যাতং মহাত্মনঃ ॥ ১১

অস্ত্রং ব্রহ্মশিরস্তেন নিষ্প্রভং কৃতমোজসা ।
ঘনৈরিবাবৃতপাপায়ে সবিতুর্মণ্ডলং যথা ॥ ১২

ষড়্‌বিংশত্যধিকশততম অধ্যায় ।

[শ্রীকৃষ্ণ ও কার্ত্তিকেয়ের যুদ্ধে কার্ত্তিকেয়ের পরাজয়, কৌচবীদেবী কর্তৃক কার্ত্তিকেয়কে বর, শ্রীকৃষ্ণ ও বাণাসুরের যুদ্ধ, শ্রীকৃষ্ণ কর্তৃক বাণাসুরের সহস্র বাহু ছেদন এবং মহাদেব কর্তৃক বাণাসুরকে 'মহাকাল' হইবার বরদান ।]

জনমেজয় বলিলেন—হে ব্রহ্মন্ ! যখন মহাদেব ও মহাত্মা শ্রীকৃষ্ণ যুদ্ধ হইতে নিবৃত্ত হইলেন, তখন পুনরায় লোমহর্ষণকারী যুদ্ধ কিরূপ হইয়াছিল ? ১

বৈশম্পায়ন বলিলেন—হে রাজন্ ! তখন কার্ত্তিকেয় কৃত্তাগণ দ্বারা নিয়ন্ত্রিত রথে আরোহণ করিয়া একই সঙ্গে শ্রীকৃষ্ণ, শ্রীবলরাম ও প্রদ্যুম্নের দিকে যুদ্ধের জন্য ধাবিত হইলেন ॥ ২

তদনন্তর অমর্ষপূর্ণিত শ্রেষ্ঠ দেবতা কুমার কার্ত্তিকেয় সিংহনাদ পূর্বক ক্রোধ প্রকাশ করিয়া শত উগ্র বাণ দ্বারা তাঁহাদের সকলকে বিদ্ধ করিলেন । ৩

তাঁহারা তিন জন সর্বাঙ্গে বাণ দ্বারা আবৃত হইয়া এবং রক্তধারায় সর্বাঙ্গ রঞ্জিত হইয়া কুমার কার্ত্তিকেয়ের সঙ্গে যুদ্ধ করিতে লাগিলেন ॥ ৪

যুদ্ধমার্গসম্পন্ন জ্ঞানসম্পন্ন সেই তিন উদ্দীপ্ত তেজস্বী বীর ক্রমশঃ বায়ব্য, আগ্নেয় এবং পার্জন্যাস্ত্র প্রয়োগ করিয়া কুমার কার্ত্তিকেয়কে ক্ষতবিক্ষত করিয়া দিলেন । ৫

ক্রোধান্বিত অগ্নিনন্দন কার্ত্তিকেয় সেই তিন অস্ত্র যথাক্রমে পর্বত, বারুণ ও সাবিত্র নামক তিন অস্ত্রের দ্বারা নিবারণ করিয়া পুনঃ তিন বাণ দ্বারা ঐ তিন বীরকে আঘাত করিলেন ॥ ৬

দীপ্তিমান্ ধনুর্ধারী ও তেজস্বী বাণ বর্ষণকারী মহাত্মা কার্ত্তিকেয়ের বাণসমূহকে ঐ তিন বীর মায়াস্ত্রের দ্বারা বিনষ্ট করিলে ক্রোধান্বিত কৃষ্ণ যেন আপন তেজে প্রজ্বলিত হইয়া উঠিলেন ॥ ৭

ওঃ যখন পূর্বক পাবকনন্দন কার্ত্তিকেয় যুদ্ধক্ষেত্রে কালের ন্যায় ব্রহ্মশির নামক অস্ত্র গ্রহণ করিলেন ॥ ৮

সূর্যতুল্য তেজস্বী, ব্রহ্মশির লোকসংহারকারী ব্রহ্মশির নামক অস্ত্র প্রযুক্ত হইলে সর্ব জীব হাহাকার পথ করিয়া চতুর্দিকে ধাবিত হইল ও অস্ত্রতেজে মোহিত হইয়া সমস্ত জগৎ বিনাশের আশঙ্কান্বিত হইল । তখন পরম পরাক্রমী কেশিহন্তা ভগবান্ কেশব চক্র গ্রহণ করিলেন । সকল অস্ত্রের নিবারণকারী ও বিনাশকারী এবং যাঁহার সম্মুখে প্রতিদ্বন্দ্বী বর্তমান থাকিতে পারে না, শ্রীকৃষ্ণের সেই চক্র জগতে প্রসিদ্ধ ॥ ৯-১১

যেমন বর্ষাকালে মেঘে আচ্ছন্ন দিবা সূর্য প্রভাহীন হইয়া

ততো নিস্ত্রস্তভাং যাতে নষ্টবীর্য্যে মহৌজসি
তস্মিন্ ব্রহ্মশিরস্ত্রে ক্রোধসংরক্তলোচনঃ ॥ ১৩
গুহঃ প্রজজ্বাল রণে রবিমেবাগ্নিরুত্থিতঃ।
শক্তিং জ্বলিতাং দিব্যাং শক্তিং জগ্রাহ কাঞ্চনীম্ ॥ ১৪
অঘোরাং ঘণ্টিতাং ঘোরাং সর্ব্বলোকভয়াবহাম্ ।
তাং প্রদীপ্তাং মহোল্কাভাং যুগান্তাগ্নিসমপ্রভাম্ ।
ঘণ্টাবালুকুলাং দিব্যাং চিক্ষেপ কৃত্বিতো গুহঃ ॥ ১৫
ননাদ কলবচ্চাপি নাদং শক্রভয়ঙ্করম্ ।
সা চ ক্ষিপ্তা তদা তেন ব্রহ্মণেন মহাত্মনা ॥ ১৬
হুঙ্কারমাণে গগনে সম্প্রদীপ্তমুখী তদা ।
অথাবত্ত মহাশক্তিঃ কৃষ্ণস্য বধকাঙ্ক্ষিণী ॥ ১৭
তৃণং বিষ্ণুঃ শক্রোঽপি সর্ব্বামরগণৈর্বৃতঃ
শক্তিং প্রজ্বলিতাং দৃষ্ট্বা হন্ত কৃষ্ণেতি চাব্রুবীৎ ॥ ১৮
তাং সমীপমনুপ্রাপ্তাং মহাশক্তিং তথাম্বরে ।

হুঙ্কারেণৈব নির্ভিন্নাং পাতয়ামাস ভূতলে ॥ ১৯
পাতিতায়াং মহাশক্ত্যাং সাধু সাধ্বিতি সর্ব্বশঃ ।
সিংহনাদং ততশ্চক্রুঃ সর্ব্বে দেবাঃ সবাসবাঃ ॥২০
ততো দেবেষু নর্দ্দৎসু বাসুদেবঃ প্রতাপবান্ ।
পুনশ্চক্রং স জগ্রাহ দৈত্যান্তকরণং রণে ॥ ২১
ব্যাবিধ্যমানে চক্রে তু কৃষ্ণেনাপ্রতিযোজসা ।
কুমাররক্ষণার্থায় বিভণ্ডী শুণ্ডতু তদা ॥ ২২
দিদৃক্ষা দেববচনাৎ প্রবিষ্টা তত্র কোটবী ।
লম্বমানা মহাভাগা ভাগা দেব্যাস্তথাষ্টমঃ ।
চিত্রা কনকশক্তিস্তু সা চ নগ্না স্থিতাম্বরে ॥ ২৩
অথান্তরাং কুমারস্য দেবীং দৃষ্ট্বা তথাবৃতঃ ।
পরাঙ্মুখস্ততো বাক্যমুবাচ মধুসূদনঃ ॥ ২৪

শ্রীভগবানুবাচ

অপগচ্ছাপগচ্ছ ত্বং ধিক্ ত্বাং ধিক্ পাপচেষ্টিতে
কিমেবং কুরুষে বিষ্ণো নিস্ত্রিংশে বধে স্থিতা ॥ ২৫

যায়, সেইরূপ আপন পরাক্রমে ঐ চক্র ব্রহ্মশির নামক অস্ত্রকে নিষ্প্রভ করিয়া দিলেন ॥ ১১

ঘৃতাহুতিতে অগ্নি যেমন প্রজ্বলিত হইয়া উঠে, সেইরূপ মহান্ শক্তিশালী ব্রহ্মশির নামক অস্ত্র রণভূমিতে (চক্রের দ্বারা) নিস্তেজ হইলে কার্ত্তিকেয় ক্রোধে আরক্তনয়ন হইয়া প্রজ্বলিত হইয়া উঠিলেন ॥ ১৩।

তারপর কার্ত্তিকের অমোঘ, ভয়ঙ্কর, সকলের ভয়োৎপাদনকারী, প্রজ্বলিত, শত্রুসংহারে সমর্থ, উল্কার ন্যায় প্রদীপ্ত, প্রলয়কালের অগ্নিকুল্যা, ঘণ্টা ও বালুকা অলঙ্কৃত সূর্যবর্ণময়ী দিব্য এবং ভিন্ন শক্তি গ্রহণ করিলেন এবং ক্রোধান্বিত হইয়া শত্রুপক্ষের ত্রাসদানকারী সিংহনাদ করিয়া তাহা নিক্ষেপ করিলেন ॥ ১৪-১৬॥

ব্রাহ্মণভক্ত মহাত্মা কার্ত্তিকের দ্বারা নিক্ষিপ্ত সেই শক্তি আকাশে বর্দ্ধিত হইল এবং তাহার মুখভাগ প্রজ্বলিত হইতেছিল। শ্রীকৃষ্ণের বধের ইচ্ছায় সেই মহাশক্তি তাঁহার দিকে ধাবিত হইল ॥১৬-১৭

সেই প্রজ্বলিত শক্তিকে দেখিয়া সকল দেবগণের দ্বারা পরিবৃত ইন্দ্র তৃণের ন্যায় বিষ্ণু হইয়া পড়িলেন এবং বলিয়াছিলেন—"হায়! শ্রীকৃষ্ণ মর হইলেন" ॥ ১৮

পরন্তু ঐ মহাসমরে শ্রীকৃষ্ণ আপনার নিকট আগত মহাশক্তিকে হুঙ্কারের দ্বারাই ছিন্নভিন্ন করিয়া পৃথিবীতে নিপাতিত করিয়া দিলেন ॥ ১৯

সেই মহাশক্তি ধরাশায়িনী হইলে চতুর্দিকে 'সাধু, সাধু' এই ধ্বনি উত্থিত হইতে লাগিল এবং ইন্দ্র সহ সমস্ত দেবগণ সিংহনাদ করিতে লাগিলেন ॥ ২০

দেবতাগণ যখন সিংহনাদ করিতেছিলেন, তখন প্রতাপবান্ বাসুদেব রণভূমিতে দৈত্যবিনাশকারী চক্র পুনরায় গ্রহণ করিলেন ॥ ২১

অপ্রতিম বলশালী শ্রীকৃষ্ণ কর্ত্তৃক চক্র ঘূর্ণিত হইলে কুমারের রক্ষণের নিমিত্ত মহাদেবের আজ্ঞায় কোটবী সুন্দর শরীর ধারণপূর্বক বিশ্বরূপা অর্থাৎ নগ্ন হইয়া রণভূমিতে প্রবেশ করিলেন। দেবী পার্ব্বতীর অষ্টম ভাগ এই নগ্না কোটবী ও বিচিত্র সুবর্ণময়ী শক্তি। শ্রীকৃষ্ণ ও কুমারের মধ্যে ঘূর্ণ্যমানা হইয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ২২-২৩

নিজের ও কুমারের মধ্যে দেবীকে অবস্থান করিতে দেখিয়া মহাবাহু মধুসূদন পরাঙ্মুখ হইয়া বলিতে লাগিলেন ॥ ২৪

শ্রীভগবান্ বলিলেন—"অপসৃত হও, অপসৃত হও, তোমাকে ধিক্। শত্রুবধে দৃঢ়নিশ্চয় আমার উদ্দেশ্য সিদ্ধিতে কেন বিঘ্ন সৃষ্টি করিতেছ" ? ২৫

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বৈবং বচনং তস্য কোটবী তু তদা বিভোঃ।
নৈব বাসঃ সমাধত্ত কুমারপরিরক্ষণাৎ ॥ ১৬

শ্রীভগবানুবাচ।

অপযাস্যে গুরং শীঘ্রমনপায়ি রণাত্তিরাৎ।
যদি ত্বেষ ভবেদস্য বোৎস্যতো বোৎস্যতা ময়া ॥ ১৭

তাঞ্চ দৃষ্ট্বা স্থিতাং দেবো হরিঃ সংগ্রামমূর্দ্ধনি।
সজ্জয়ার ততশ্চক্রং ভগবান্ বাসবানুজঃ ॥ ১৮

এবং কৃতে তু কৃষ্ণেন দেবদেবেন ধীমতা।
অপযাস্যে গুরং দেবী হরসান্নিধ্যমাগতা ॥ ১৯

এতস্মিন্নন্তরে চৈব বর্ত্তমানে মহাভয়ে।
কুমারে রক্ষিতে দেবা সাধন্তঃ দেবমায়য়া ॥ ৪০

অপযান্তং গুরং দৃষ্ট্বা মুক্তং কৃষ্ণেন সংযুগাৎ।
বাণশ্চিন্তয়তে তত্র স্বয়ং যোৎস্যামি মাধবম্ ॥ ৩১

বৈশম্পায়ন উবাচ

মৃত-রক্ষগণাংশ্চৈব বাণানীকস্য সর্ব্বশঃ।
দিশঃ প্রদ্রুদ্রুবুঃ সর্ব্বে ভগ্নোদ্বিগ্নবিলোচনাঃ ॥ ৩২

প্রমথগণভূয়িষ্ঠে সৈন্যে দীর্ণে মহাসুরঃ।
নির্জ্জগাম ততো বাণো যুদ্ধায়াভিমুখস্থয়ন্ ॥ ৩৩

ভীমপ্রহরণৈর্ঘোরৈর্বৈতোয়ৈঃ শূলহারিভিঃ।
মহাবলৈর্মহাবীর্যৈরন্ত্রীব সুরসত্তমৈঃ ॥ ৩৪

পুরোহিতাঃ শঙ্খবরং দধমু-
স্তথৈব চাস্যে দ্রুতশীলবৃদ্ধাঃ।
জপৈশ্চ মন্ত্রৈশ্চ তথৌষধীভি-
র্মহাত্মনঃ স্বস্ত্যয়নং প্রচক্রুঃ ॥ ৩৫

ততস্তূর্য্যপ্রণাদৈশ্চ ভেরীণাং তু মহাস্বনৈঃ।
সিংহনাদৈশ্চ দৈত্যানাং বাণঃ কৃষ্ণমভিস্তবৎ ॥ ৩৬

দৃষ্ট্বা বাণং তু নির্যান্তং যুদ্ধায়ৈব বাসুদেবিনম্।
আরুহ্য গরুড়ং কৃষ্ণো বাণাহাভিমুখো যযৌ ॥ ৩৭

আয়ান্তমথ তং দৃষ্ট্বা বলমাত্মসমং রণে
বৈনতেয়মথারুহ্য কৃষ্ণঃ প্রতিযযৌ তদা ॥৩৮

বৈশম্পায়ন বলিলেন—হে রাজন! শ্রীভগবানের এই বাক্য শ্রবণ করিয়াও কুমারের রক্ষণের নিমিত্ত কোটবী অন্য বস্ত্র ধারণ করেন নাই ॥ ২৬

শ্রীভগবান্ বলিলেন—রণস্থান হইতে কার্ত্তিকেয়কে লইয়া শীঘ্র অপসৃত হও। এইরূপ করিলে আমার সহিত যুদ্ধরত কার্ত্তিকেয়ের আজ কল্যাণ হইবে ॥ ২৭

কোটবীকে যুদ্ধসজ্জা বিদ্যমান দেখিয়া ইন্দ্রের অনুজ ভগবান্ শ্রীহরি আপন চক্রকে বিবর্দ্ধিত করিয়া লইলেন ॥ ২৮

দেবাধিদেব বৃষ্ণিবান্ শ্রীকৃষ্ণ এইরূপ করিলে কোটবী কার্ত্তিকেয়কে যুদ্ধক্ষেত্র হইতে লইয়া মহাদেবের নিকট চলিয়া গেলেন ॥ ২৯

ইতিমধ্যে মহাভয় উপস্থিত হইলে এবং দেবী কোটবী কার্ত্তিকেয়কে রক্ষা করিলে বাণাসুর সেই স্থানে আগমন করিলেন ॥ ৩০

শ্রীকৃষ্ণ কর্ত্তৃক যুদ্ধ হইতে মুক্ত হইয়া কার্ত্তিকেয়কে চলিয়া যাইতে দেখিয়া "আমি মাধবের সহিত যুদ্ধ করিব"—বাণ এইরূপ চিন্তা করিলেন ॥ ৩১

বৈশম্পায়ন বলিলেন—হে জনমেজয়! তখন যুদ্ধ ও যক্ষসমূহ এবং বাণাসুরের সমস্ত সৈন্যগণ ভয় কাতর নেত্রে চতুর্দ্দিকে পলায়ন করিতে লাগিল ॥ ৩২

যে সৈন্যবাহিনীতে প্রমথগণের আধিক্য ছিল, তাহারাও ভগ্নভগ্ন হইয়াছে জানিয়া যুদ্ধের জন্য সমুদ্যত বাণাসুর বহির্গত হইলেন ॥ ৩৩

মহাধারী উগ্র বেগশালী ভয়ঙ্কর দেবগণ তুল্য পরিবৃত বাণাসুর সেইরূপ ভীষণ অস্ত্রধারী, ঘোর, মহাবলী, মহাবীর এবং মহারথী দৈত্যপতিগণ কর্ত্তৃক বাণাসুর পরিবৃত ছিলেন ॥ ৩৪

যাজ্ঞবল্ক্যজ্ঞানসম্পন্ন বৃদ্ধ পুরোহিতগণ ও অন্য [illegible] শঙ্খবর বাদনাদি করিতে করিতে জপ, [illegible] দ্বারা ঐ মহাত্মা দৈত্যরাজের স্বস্ত্যয়ন করিলেন ॥ ৩৫-৩৬

অনন্তর বাদ্যধ্বনি, ভেরীনাদের শব্দ ও দৈত্যগণের সিংহনাদের সহিত বাণাসুর শ্রীকৃষ্ণকে আক্রমণ করিলেন ॥ ৩৬

যুদ্ধের জন্য সুসজ্জিত বাণাসুরকে বহির্গত দেখিয়া গরুড়ে আরোহণ পূর্ব্বক শ্রীকৃষ্ণ তাহার সম্মুখে আগমন করিলেন ॥ ৩৭

অপ্রতিম বলশালী বহুবাহুবিশিষ্ট শ্রীকৃষ্ণকে গরুড়ে আরোহণ পূর্ব্বক যুদ্ধক্ষেত্রে আসিতে দেখিয়া বাণাসুর তিনি [illegible]

অথ বাণস্তু তং দৃষ্ট্বা প্রমুখে প্রস্থাপিতম্
উবাচ বচনং ক্রুদ্ধো বাসুদেবং তদগ্রতঃ ॥ ৩৯

বাণ উবাচ

তিষ্ঠ তিষ্ঠ ন মেঽদ্য ত্বং জীবন্ প্রতিগমিষ্যসি।
দ্বারকাং দ্বারকাকান্তাংস্তথা পুত্রান্ হনিষ্যসে ন চ ॥ ৪০

সুবর্ণবর্ণান্ বৃক্ষাগ্রানদ্য ভক্ষয়সি মাধব
মন্ত্রাভিহূতঃ সমরে মুমূর্ষুঃ কালনোদিতঃ ॥ ৪১

অদ্য বাহুসহস্রেণ কদমর্দ্দকৃতো রণে।
ময়া সহ সমাগম্য যোৎস্যসে গরুড়ধ্বজ ॥ ৪২

অদ্য ত্বং বৈ ময়া যুদ্ধে নিহতঃ সবান্ধবঃ
দ্বারকাং শোণিতপুরে নিহতঃ প্রবিশিষ্যসি ॥ ৪৩

নানাপ্রহরণোপেতৈঃ নানারূপবিচূর্ণিতঃ।
অদ্য বাহুসহস্রং মে কোটিকৃত্তং নিধাস্যতি ॥ ৪৪

গর্জ্জতস্তস্য বাক্যৌঘা জলৌঘা ইব নিঃসৃতাঃ
নিষ্পতন্তি মহাঘোরা বাতোদ্ধূতা ইবার্ণবাঃ ॥ ৪৫

রোষপর্য্যাকুলে চৈব নেত্রে তস্য বভূবতুঃ।
ভগ্নচিহ্নধরাবিব যে মহাসূর্য্য ইবোদিতঃ ॥ ৪৬

তচ্ছ্রুত্বা নারদস্তস্য বাণস্যাতুষ্যতাং বচঃ।
জহাস সুমহাহাসং ভিন্দন্নিব নভস্তলম্ ॥ ৪৭

যোগপট্টমুপাশ্রিত্য তস্থৌ যুদ্ধদিদৃক্ষয়া
কৌতূহলোৎকুল্লদৃশঃ কূর্পরং পর্য্যতৃতে মুনিঃ ॥ ৪৮

শ্রীকৃষ্ণ উবাচ

বাণ কিং গর্জ্জসে মোঘাঞ্ছ্রাবণা নাস্তি গর্জ্জিতম্।
এতেহি মূঢ়াস্ত্ব রণে কিং বৃথা গর্জ্জিতেন তে ॥ ৪৯

যদি যুদ্ধানি বহুশৈঃ সিধ্যেয়ুর্দিত্তিনন্দন।
তবানেক ভবেন্নিত্যং বসুবন্ধ প্রভঞ্জতি ॥ ৫০

এতেহি তব মাং বাণ জিত্বা বা বসুধাতলে।
চিরায়াবাপ্যুহো লীলঃ পতিতং প্রেক্ষসেঽগ্রতঃ ॥ ৫১

ইত্যেবমুক্ত্বা বাণং তু মর্ম্মভেদিভিরাশুগৈঃ।
নির্বিভেদ তদা কৃষ্ণস্তনয়োর্ভৈরশনৈঃ ॥ ৫২

বিনির্ভিন্নস্তু কৃষ্ণেন মার্গণৈর্মর্ম্মভেদিভিঃ
স্রবন্ বাণস্ততঃ কৃষ্ণং শরবর্ষৈরবাকিরৎ ॥ ৫৩

উপস্থিত হইলেন এবং কুপিত হইয়া বেগবান্ বাসুদেবকে এইরূপ বলিতে লাগিলেন। ৩৮-৩৯

বাণাসুর বলিলেন—আজ আমার সম্মুখে অবস্থান কর, অবস্থান কর। এখন আর জীবন লইয়া দ্বারকায় যাইতে পারিবে না এবং দ্বারকাস্থিত সুহৃদ্‌গণকেও দেখিতে পাইবে না। ৪০

হে মাধব! আজ সমরাঙ্গনে আমার দ্বারা পরাকৃত হইয়া তুমি কালের নিকট প্রেরিত হইবে এবং মুমূর্ষু হইয়া বৃক্ষের অগ্রভাগ সুবর্ণবর্ণ (হরিদ্‌বর্ণ) দেখিবে। ৪১

হে গরুড়ধ্বজ! তোমার অদ্য বাহু লইয়া সমরভূমিতে সহস্র-বাহু আমার সহিত কি ভাবে যুদ্ধ করিবে? ৪২

আজ বন্ধুবর্গের সহিত রণভূমিতে আমার দ্বারা পরাজিত হইবে এবং শোণিতপুরে নিহত হইবে এবং দ্বারকার কথা স্মরণ করিবে। ৪৩

দেখ, নানাবিধ অস্ত্রযুক্ত ও নানাপ্রকার বাহুকৃপণে বিচূর্ণিত এই আমার সহস্র বাহু আজ কিভাবে কোটি বাহুর সমান হইয়া যাইবে। ৪৪

বর্জ্জনকারী দৈত্যরাজের মুখ হইতে সেই ভয়ঙ্কর বাক্য-সমূহ যেন বায়ুর তাড়নায় সমুদ্র হইতে উত্থিত জলপ্রবাহ ও তরঙ্গমালার ন্যায় নির্গত হইতেছিল। ৪৫

তাহার সেই চক্ষু ক্রোধে প্রদীপ্ত হইয়াছিল। মনে হইতেছিল যেন ভগ্নচিহ্ন শত করিবার জন্য বিশাল সূর্য্য আকাশে উদিত হইয়াছে। ৪৬

বাণাসুরের সেই ওজস্বী বাক্য শ্রবণ করিয়া দেবর্ষি নারদ যেন নভস্তল বিদীর্ণ করিয়া অট্টহাস করিতে লাগিলেন। ৪৭

মুনিবর যোগপট্ট আশ্রয় করিয়া যুদ্ধ দেখিবার ইচ্ছায় আকাশে উপস্থিত হইয়াছিলেন এবং উৎফুল্ল হইয়া কৌতূহল নেত্রে আকাশে পর্য্যটন করিতেছিলেন। ৪৮

শ্রীকৃষ্ণ বলিলেন—হে বাণ! তুমি মোঘবলতঃ গর্জ্জন করিতেছ। বীরগণ এইভাবে গর্জন করেন না। এস, এস যুদ্ধ কর। বৃথা গর্জনে কি লাভ? ৪৯

হে দিতিনন্দন! যদি বাক্যের দ্বারা যুদ্ধে সফলতা লাভ হয়, তবে তুমি বিজয়ী; কারণ, তুমি অনেক অসংলগ্ন বাক্য বলিয়াছ। ৫০

হে বাণ! এস, তুমি আমার সহিত যুদ্ধ কর অথবা নিজমুখী হইয়া বীরের ন্যায় সমস্ত অসুরবলের সহিত চিরকালের জন্য ধরণীতলে শায়িত হও। ৫১

এই বলিয়া শ্রীকৃষ্ণ শীঘ্রগামী মর্ম্মভেদী অযোঘ মহাবাণ-সমূহের দ্বারা বাণাসুরকে আঘাত করিলেন। ৫২

শ্রীকৃষ্ণের মর্ম্মভেদী বাণসমূহের দ্বারা ক্ষত-বিক্ষত হইয়া বাণাসুর হাসিয়া শ্রীকৃষ্ণের প্রতি বাণবর্ষণ বিকীর্ণ করিলেন। ৫৩

অসিষ্টিরিব সংযুক্তঃ তস্মিন যুদ্ধে সুদারুণে।
ততঃ পরিঘনিস্ত্রিংশৈর্গদা-তোমর-শক্তিভিঃ ॥ ৫৪
মুসলৈঃ পট্টিশৈশ্চৈব চ্ছাদয়ামাস কেশবম্।
স তু বাহুসহস্রেণ সর্ব্বিতো দৈত্যসত্তমঃ ॥ ৫৫
যোধয়ামাস সমরে দিব্যাস্ত্রময় লীলয়া।
লাঘবাত্তস্য কৃষ্ণস্য বলিসূনু রুষান্বিতঃ ॥ ৫৬
ততোঽস্ত্রং পরমং দিব্যং তপসা নির্ম্মিতং মহৎ।
যদপ্রতিহতং যুদ্ধে সর্ব্বামিত্রবিনাশনম্ ॥ ৫৭
ব্রহ্মণা বিহিতং দিব্যং তমুমোচ দিতেঃ সুতঃ
তস্মিন্ মুক্তে দিশঃ সর্ব্বাস্তমঃপিহিতমণ্ডলাঃ ॥ ৫৮
প্রাতরাসন্ সহস্রাণি সূর্য্যোরাণি চ সর্ব্বশঃ।
তমসা সংবৃতে লোকে ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥ ৫৯
সাধু সাধ্বিতি বাণঃ তু পূজয়ন্তি স্ম দানবাঃ।
হা হা বিদিতি দেবানাং শ্রুতেঃ বাগুদীরিতা ॥ ৬০
ততোঽস্ত্রবলবেগেন সাচ্ছিন্নত্বাত্তু সুদারুণাঃ

ঘোররূপা মহাঘোরা নিপেতুর্বাণবৃষ্টয়ঃ ॥ ৬১
নৈব বাতাঃ প্রবায়ন্তি ন মেঘাঃ সঙ্গচ্ছন্তি চ।
অস্ত্রে বিসৃষ্টে বালেন মহমানে চ কেশবে ॥ ৬২
ততোঽস্ত্রং সুমহাবেগং জগ্রাহ মধুসূদনঃ।
পার্জ্জন্যং নাম ভগবান্ কালান্তকনিভং রণে ॥ ৬৩
ততো বিতিমিরে লোকে সত্যাগ্নিঃ প্রশমং গতঃ।
দানবা মোঘসঙ্কল্পাঃ সর্ব্বেঽভূবংস্তদা ভৃশম্ ॥ ৬৪
দানবাস্ত্রং প্রশান্তং তু পার্জ্জন্যাস্ত্রেণভিমন্ত্রিতে।
ততো দেবগণাঃ সর্ব্বে নেদুশ্চ হসন্তি চ ॥ ৬৫
হতে শস্ত্রে মহারাজ দৈত্যেয়ঃ ক্রোধমুচ্ছ্রিতঃ।
ভৃশং স জ্বালয়ামাস কেশবং পরুষৈঃ স্তিতম্ ॥ ৬৬
মুসলৈঃ পট্টিশৈশ্চৈব চ্ছাদয়ামাস কেশবম্।
তস্য তাং তরসা সর্ব্বাং বাণবৃষ্টিং সমুদ্যতাম্ ॥ ৬৭
প্রহসন্ বারয়ামাস কেশবঃ শত্রুসূদনঃ।
কেশবস্তু তু বাণেন বর্ত্তমানে মহাহবে ॥ ৬৮
ততঃ শার্ঙ্গবিনির্ম্মুক্তৈঃ শরৈরসনিসন্নিভৈঃ।
ভিন্নমস্তুস্তথা চক্রে সোঽশ্বধ্বজসপ্তত্রাকিনম্ ॥ ৬৯

সেই অত্যন্ত ভয়ানক যুদ্ধে প্রক্ষিপ্ত বাণ দ্বারা বিদ্ধ হইয়া বাণাসুর পুনঃ শ্রীকৃষ্ণকে পরিঘ, খড়্গ, গদা, তোমর, শক্তি, মুসল এবং পট্টিশ দ্বারা আচ্ছাদিত করিলেন। ৫৪।

সেই সহস্র বাহুর দ্বারা পরিত্যক্ত দৈত্যরাজ ক্রোধ পূর্ব্বক দিব্যাস্ত্র শ্রীকৃষ্ণের সহিত রণভূমিতে যুদ্ধ করিতে লাগিলেন। ৫৫।

শ্রীকৃষ্ণের অস্ত্রনৈপুণ্যে বাণাসুর ক্ষুব্ধ হইলেন। তদনন্তর তাঁহা দ্বারা নির্ম্মিত এবং পরম দিব্য এক অস্ত্র যাহা ব্রহ্মা কর্ত্তৃক রচিত এবং যাহা যুদ্ধে অপ্রতিহত ও শত্রুবিনাশকারী, সেই অস্ত্র দিতিসুত বলিপুত্র বাণাসুর শ্রীকৃষ্ণের উপর বর্ষণ করিলেন। ৫৬-৫৭।

সেই অস্ত্র মুক্ত হইলে সমস্ত দিঙ্মণ্ডল অন্ধকারে আচ্ছাদিত হইয়া যাইল। সর্ব্বত্র সহস্র সহস্র ভয়ঙ্কর অমঙ্গল চিহ্ন দেখা দিল। ৫৮।

তখন সমস্ত দিক্ আচ্ছাদিত হইলে অন্য কিছু জানিতে পারা যায় নাই। সমস্ত দানব 'সাধু, সাধু' বলিয়া বাণাসুরের প্রশংসা করিতে লাগিল এবং 'হায়, ধিক্' এইরূপ বাণী দেবকণ্ঠের মতো উচ্চারিত হইতে শুনা যাইল। ৫৯-৬০

তদনন্তর অস্ত্রবলে, বেগে ও তেজে যুক্ত বাণসমূহের ভয়ঙ্কর ভাবে ও মহাবেগে বর্ষণ আরম্ভ হইল। ৬১

বাণাসুরের বাণবর্ষণে কেশব যেন লক্ষ্য হইতে লাগিলেন। তখন বায়ুপ্রবাহ বন্ধ হইয়া যাইল এবং মেঘের সঞ্চরণও রুদ্ধ হইয়া গেল। ৬২।

তখন ভগবান্ মধুসূদন রণভূমিতে কালান্তকের ন্যায় ভয়ঙ্কর ও মহান্ মেঘনালী পার্জন্য নামক অস্ত্র গ্রহণ করিলেন। ৬৩

এই অস্ত্রের প্রয়োগে ভূতলের অন্ধকার বিনষ্ট হইল, বাণাসুরের বাণাগ্নি নির্ব্বাপিত হইল এবং দৈত্যগণের সঙ্কল্পের দৃঢ়তা নষ্ট হইয়া যাইল। ৬৪

পার্জন্যাস্ত্র অভিমন্ত্রিত হইলে দানবাস্ত্র শান্ত হইল। তখন দেবতাগণ সিংহনাদ করিয়া হাস্য করিয়াছিলেন। ৬৫

যে মহারাজ! নিজের অস্ত্র ব্যর্থ হইতে দেখিয়া ঐ দৈত্যরাজ ক্রোধে মূর্চ্ছিত হইয়া উঠিল এবং পুনঃ শ্রীকৃষ্ণের উপর উপহাস করিতে করিতে শ্রীকৃষ্ণকে মুসল ও পট্টিশে আচ্ছাদিত করিল। ৬৬-৬৭।

শত্রুসূদন কেশব ঐ সমস্ত বেগপূর্ণ বাণের বর্ষণ হাসিতে হাসিতে নিবারণ করিয়া দিলেন। ৬৮।

ঐ যুদ্ধের সময় শ্রীকৃষ্ণের শার্ঙ্গধনু হইতে বিনির্ম্মুক্ত বজ্রতুল্য বাণসমূহের দ্বারা বাণাসুরের অশ্ব, ধ্বজ ও পতাকা সহ রথ ভিন্ন ভিন্ন ভাবে খণ্ডিত হইয়া যাইল। ৬৮-৬৯

চিচ্ছেদ কবচং কায়াদ্মুকুটঞ্চ মহাপ্রভম্
কার্ম্মুকঞ্চ মহাতেজা ভগ্বাংপঞ্চ কেশবঃ ॥ ৭০
বিব্যাধ চৈনমুরসি নারাচেন স্মরন্নিব
স মর্ম্মাণ্যভিতঃ সংখ্যে প্রমুমোহাল্পচেতনঃ ॥ ৭১
তং দৃষ্ট্বা মূর্চ্ছিতং বাণং প্রহারপরিপীড়িতম্।
প্রাসাদবরশৃঙ্গস্থো নারদো মুনিপুঙ্গবঃ ॥ ৭২
উত্থায়াপশ্যত তদা কন্যাস্ফোটনতৎপরঃ
বাদয়ানো মহাশঙ্খৈর্দিষ্ট্যা দিষ্ট্যেতি চাব্রবীৎ ॥ ৭৩
অহো মে সফলং জন্ম জীবিতঞ্চ সুজীবিতম্।
দৃষ্টং মে বসিদং চিত্রং দামোদরপরাক্রমম্ ॥ ৭৪
জয় বাণ মহাবাহো দৈত্যেন্দ্র দেবকিল্বিষম্।
যদর্থমবতীর্ণোঽসি তৎ কর্ম্ম সফলীকুরু ॥ ৭৫
এবং স্তুত্বা তদা দেবং বাণেন স্থং ত্রোতসম্ শিবৈঃ।
ইত্যুক্তস্তু সম্পত্তির্নারদো বাচরন্ রণে ॥ ৭৬
কেশবস্তু তু বাণেন বর্ত্তমানে মহাভয়ে

প্রযুধ্যতাং রণে তত্র তাবন্যোন্যমভিদ্রুতৌ।
যুদ্ধা তদ্বদ্ বাসবয়োরুভয়োর্দৈত্যদেবয়োঃ ॥ ৭৭
গরুড়শ্চ মহাতেজা মযূরশ্চ মহাবলঃ।
পক্ষতুণ্ডপ্রহারৈস্তু চরণাক্ষনখৈস্তথা ॥ ৭৮
অন্যোন্যং জঘ্নতুঃ ক্রুদ্ধৌ ময়ূর-গরুড়াবুভৌ।
বৈনতেয়স্ততঃ ক্রুদ্ধো ময়ূরং লীলয়ুতেজসম্ ॥ ৭৯
জগ্রাহ শিরসি ক্ষিপ্তং তুণ্ডেনাভিপতন্তথা।
উৎক্ষিপ্য চৈব পক্ষাভ্যাং নিজঘান মহাবলঃ ॥ ৮০
পদ্ভ্যাং পার্শ্বাভিঘাতাভ্যাং কৃত্বা ধাত্বাঞ্জনেক্ষণঃ।
আকৃষ্য চৈনং তরসা বিকৃষ্য চ মহাবলঃ ॥ ৮১
নিঃসংজ্ঞং পাতয়ামাস গগনাদিব ভাস্করম্।
ময়ূরে পতিতে তস্মিন্ পপাতাতিবলো ভুবি ॥ ৮২
বাণঃ সমরসংবিগ্নশ্চিন্তয়ন্ কার্য্যমাত্মনঃ
নয়াতিবলবন্তেন ন কৃতা যুদ্ধয়া বয়ঃ ॥ ৮৩
পশ্যতাং দেবদৈত্যানাং প্রাপ্তোঽস্যাপরমুত্তমম্।
তং লীলমনসঃ জ্ঞাত্বা রণে বাণং সুবিক্রমম্ ॥ ৮৪

তারপর মহাতেজস্বী কেশব তাঁর শরীরের কবচ, মস্তকের মহোজ্জ্বল মুকুট, শক্তিমান ধনুঃ এবং ধ্বজাবরণ কর্ত্তন করিয়া হাসিতে হাসিতে তাঁহার দেহে তেরো নারাচ বাণ দ্বারা বিদ্ধ করিলেন ॥ ৭০।

যুদ্ধস্থলে মর্ম্মভেদী আঘাত লাভ করিয়া ও চেতনাহীন হইয়া বাণাসুর মোহ প্রাপ্ত হইলেন। পীড়িত বাণাসুরকে মূর্চ্ছিত দেখিয়া তাঁহার প্রাসাদশিখরে স্থিত মুনিশ্রেষ্ঠ নারদ হস্তে তাল দান করিতে করিতে এবং নর্তনও করিতে করিতে বলিলেন—"অহো! ভাগ্য। অহো! ভাগ্য!" ॥ ৭১-৭৩

অহো! আজ আমার জন্ম সফল হইল। জীবনও সফল হইল। যেহেতু আজ শ্রীকৃষ্ণের অদ্ভুত পরাক্রম চাক্ষুষ করিলাম" ॥ ৭৪

"হে মহাবাহু! আজ আপনি দেবদ্রোহী দৈত্য বাণাসুরকে পরাজিত করুন এবং যে জন্য আপনার এই অবতার, তাহা সফল করুন" ॥ ৭৫

এই প্রকারে শ্রীকৃষ্ণের স্তুতি করিতে করিতে ঐ সময় আকাশকে প্রকাশিত করিতে করিতে এদিক্ ওদিকে পতিত তীক্ষ্ণ বাণসমূহের সহিত নারদ বিচরণ করিতে লাগিলেন ॥ ৭৬

বাণাসুরের সহিত শ্রীকৃষ্ণের এই ভীষণ যুদ্ধের সময় উভয় পক্ষ কখনও কখনও অন্যের সাহায্যে যুদ্ধ করিয়াছিল। কখনও

যখ দেব ও দৈত্যপক্ষের বাহনের সহিত বাহনের অদ্ভুত যুদ্ধ হইতে লাগিল ॥ ৭৭

বৃদ্ধিমান গরুড় ও ময়ূরের মধ্যে পক্ষের দ্বারা, চঞ্চুর সাহায্যে, চরণ ও নখের প্রহার দ্বারা যুদ্ধ চলিতেছিল ॥ ৭৮

ময়ূর ও গরুড় উভয়ে উভয়কে ক্রোধে আঘাত করিতেছিল। তদনন্তর গরুড় ক্রোধপূর্বক উহাকে আনিয়া চঞ্চু দ্বারা উদ্যত তেজস্বী ময়ূরের মস্তক ধরিতে প্রহার করিলেন এবং পক্ষের সাহায্যে তাহাকে উৎক্ষিপ্ত করিয়া আঘাত হানিতে আরম্ভ করিলেন ॥ ৭৯-৮০

চরণের সাহায্যে উভয় পার্শ্বে মহাবল গরুড় বার বার আঘাত পূর্বক আকর্ষণ করিয়া আবার দূরে নিক্ষেপ করিয়া দিলেন এবং যেন আকাশ হইতে সূর্য্য পতিত হইতেছে এইরূপে নিম্নে ফেলিয়া দিলেন ॥ ৮১।

পৃথিবীতলে ময়ূর পতিত হইলে যুদ্ধে কর্ত্তব্য-সম্বন্ধে উদ্বিগ্নচিত্ত বাণাসুরও ভূতলে পতিত হইলেন ॥ ৮২

(বাণাসুর অনুশোচনা করিতে লাগিলেন) "অহো! আমি অভিবলে উন্মত্ত হইয়া মুহূর্তের বাক্য শ্রবণ করি নাই, তাই আজ দেব ও দৈত্যের চক্ষুর সম্মুখে ভীষণ বিপদে পতিত হইয়াছি ॥ ৮৩।

চিন্তয়ন্ত্বসবান্ ক্রুদ্ধো বাণরক্ষণমাতুরঃ।
ততো নন্দীং মহাদেবঃ প্রাহ গম্ভীরয়া গিরা ॥ ৮৫

নন্দিকেশ্বর যাহি ত্বং যতো বাণো রথে স্থিতঃ।
রথেনানেন দিব্যেন সিংহযুক্তেন ভাস্বতা ॥ ৮৬

বাণং সংযোজয়াশু ত্বমলং যুদ্ধায় বানব।
প্রমাথগণমধ্যেঽহং স্থাস্যামি ন হি মে মনঃ ॥ ৮৭

যোদ্ধুং প্রস্তুবতে হন্ত বাণঃ সংরক্ষ্য মাতরম্।
ত্বমেত্যুক্ত্বা ততো নন্দী রথেন রথিনাংবরঃ ॥ ৮৮

যতো বাণস্ততো গত্বা বাণমাহ শনৈরিদম্।
দৈত্যাসুং রথমাস্থিষ্ঠ শীঘ্রমেহি মহাবল ॥ ৮৯

ততো যুদ্ধায় কৃতঃ বৈ দানবাস্থকরং রথে।
আরুরোহ বধং বাণো মহাদেবস্য বীমতঃ ॥ ৯০

আরূঢ়ঃ স তু বাণশ্চ তং বধং ব্রহ্মনিস্মিতম্।
তং স্কন্দনমথিষ্ঠায় ভবস্যাগ্নিতেজসঃ ॥ ৯১

প্রাদুশ্চক্রে মহারৌদ্রমস্ত্রং সর্বাস্ত্রঘাতনম্।
লীলং ব্রহ্মশিরো নাম বাণঃ ক্রুদ্ধোঽতিবীর্যবান্ ॥ ৯২

প্রদীপ্তে ব্রহ্মশিরসি লোকঃ ক্ষোভমুপাগমৎ
লোকসংরক্ষণার্থে বৈ তৎ সৃষ্টং ব্রহ্মযোনিনা ॥৯৩

তচ্ছ্রুত্বেশ নিহত্যাস্ত্রং প্রাহ কৃষ্ণস্তরস্বিনম্।
লোকে প্রখ্যাততমসং বাণমপ্রতিমং রণে ॥ ৯৪

কথিতানি ক তে তাত বাণ কিং ন বিকত্থসে।
অস্মন্নস্থি স্থিতো যুদ্ধে মুখাস্য পুরুষো ভব ॥ ৯৫

কার্তবীর্যার্জুনো নাম পূর্বং বাহুসহস্রবান্
মহাবলঃ স রামেণ দ্বিবাহুঃ সমরে কৃতঃ ॥ ৯৬

তথা তবাপি দর্পোঽয়ং বাহুনাং বীর্যসম্ভবঃ।
এষ তে দর্পশমনং করোমি সমমূর্ধনি ॥ ৯৭

যাবত্তে দর্পশমনং করোমাহু যবাহুনা।
তিষ্ঠেদানীং ন মেহস্ত্র যং মোঘকাসে সমমূর্ধনি ॥ ৯৮

অথ তদ্ দুর্লভং দৃষ্ট্বা বৃষ্ণ পরমবারুণম্
তত্র দেবাসুরসমে যুদ্ধে নৃত্যতি নারদঃ ॥ ৯৯

নিক্ষিপ্তাস্ত্রং গণাঃ সর্বে প্রদ্যুম্নেন মহাত্মনা।
নিক্ষিপ্তবারা বৃষ্ণস্য দেবদেবঃ গতাঃ পুনঃ ॥ ১০০

ঈশ্বরের ক্রুদ্ধ বাণাসুরকে যুদ্ধে অত্যন্ত উচিত ও বাঞ্ছিত জানিতে পারিয়া ভাবিলেন পূর্বক তাঁহাকে রক্ষার উপায় চিন্তা করিতে লাগিলেন ॥ ৮৫।

তারপর মহাদেব পার্শ্বচর নন্দীকে বলিলেন—"নন্দিকেশ্বর! সিংহযুক্ত এই উজ্জ্বল ও দিব্য রথ লইয়া রণ-ভূমিতে বাণাসুরের নিকট যাও এবং হে নিষ্পাপ! শীঘ্র যুদ্ধের জন্য পর্যাপ্ত এই রথটি বাণাসুরের সঙ্গে সম্যুক্ত কর ॥ ৮৬-৮৭।

"আমি প্রমথগণের মধ্যে থাকিব, আজ আমার মন যুদ্ধের জন্য উন্মোহিত হইতেছে না। যাও, বাণাসুরকে রক্ষা কর" ॥ ৮৭।

'তাহাই হউক'—এই বলিয়া রথিশ্রেষ্ঠ নন্দিকেশ্বর রথের সাহায্যে যে স্থানে বাণাসুর ছিল, সেই স্থানে গমন পূর্বক বীরের বীরত্ব বলিতে লাগিলেন,—হে মহাবলী দৈত্য! তুমি শীঘ্র আসিয়া এই রথে আরোহণ পূর্বক দানববিনাশী শ্রীকৃষ্ণের সহিত সমরাঙ্গনে যুদ্ধ কর ॥ ৮৮-৮৯।

নন্দিকেশ্বরের এই বাক্য শ্রবণ করিয়া বাণাসুর বীরান্ মহাদেবের রথে আরোহণ করিলেন। ব্রহ্মা ব্রহ্ম কর্তৃক নির্মিত তেজস্বী মহাদেবের রথে উপবেশন পূর্বক অত্যন্ত পরাক্রমী বাণাসুর কোপ প্রকাশ করিলেন এবং সকল অস্ত্রের বিনাশকারী মহাতেজস্কর প্রজ্বলিত ব্রহ্মশির নামক অস্ত্র প্রয়োগ করিলেন ॥ ৯০-৯২।

ব্রহ্মযোনি ব্রহ্মা কর্তৃক লোকসংরক্ষণের নিমিত্ত সৃষ্ট এই ব্রহ্মশির অস্ত্রকে শ্রীশ্রীঈ দেখিয়া সম্পূর্ণ ওজঃ পূর্ণ হইয়া উঠিল। তখন শ্রীকৃষ্ণ চক্রের দ্বারা ঐ অস্ত্র বিনষ্ট করিয়া বেদশালী, বিদ্যাবিশারদ ও যশস্বী এবং রণক্ষেত্রে অনুপম শক্তিশালী বাণাসুরকে বলিতে লাগিলেন ॥ ১৩-১৪

"তাত! তোমার আস্ফালনাকার কথা কোথায়? কেনই বা তুমি সেই বর্ষা বাক্য বলিতেছ না? এই আমি যুদ্ধে অবস্থান করিতেছি, তুমি পুরুষের মত যুদ্ধ কর ॥ ১৫

কার্তবীর্যার্জুন পূর্বকালে সহস্রবাহুযুক্ত ছিল, কিন্তু পরশুরাম সমরাঙ্গনে সেই মহাবলীকে দ্বিবাহু করিয়া দিয়াছিলেন ॥ ১৬

সেইরূপ তোমার যে দর্প এবং সহস্রবাহু উৎপন্ন বল-পরাক্রম রণক্ষেত্রে তোমার সেই দর্প চূর্ণ করিব ॥ ১৭

আমি যতক্ষণ দ্বারা যতক্ষণ তোমার দর্প চূর্ণ না করি, ততক্ষণ তুমি অবস্থান কর। আজ রণক্ষেত্রে তোমাকে জীবিত রাখিব না ॥ ১৮

তদনন্তর দেবাসুরের সংগ্রামের ন্যায় সমরাঙ্গনে অত্যন্ত ভয়ঙ্কর এবং অভূতপূর্ব যুদ্ধ দেখিয়া দেবর্ষি নারদ নৃত্য করিতে আরম্ভ করিলেন ॥ ১৯

মহাত্মা প্রদ্যুম্ন কর্তৃক সমস্ত কৃষ্ণগণ পরাজিত হইলেন এবং বাণবিভক্তা ত্যাগ করিয়া তাঁহারা পুনঃ দেবাদিদেব মহাদেবের নিকট গমন করিলেন ॥ ১০০

স তচ্চক্রং সংহারং নদন্মেঘ ইবোচ্চকৈঃ।
জগ্রাহ কৃষ্ণস্ত্বরিতো বাণাস্ত্রকরণং রণে॥ ১০১
তেজো বহ্ন্যোস্ত্রিযাং চৈব তেজো বজ্রাশনেস্তথা।
সুরেশস্য চ তত্তেজস্তচ্চক্রে পর্য্যবস্থিতম্॥ ১০২
ব্রহ্মণ্যেষ্বেব তত্তেজো যচ্চ বৈ ব্রহ্মচারিণাম্।
ক্ষমীণাঞ্চ ততো জ্ঞানং তচ্চক্রে সমবস্থিতম্॥ ১০৩
পতিব্রতানাং তত্তেজঃ প্রাণাশ্চ মৃগপক্ষিণাম্।
যচ্চ চক্রবরেষ্বাসীত্তচ্চক্রে সন্নিবেশিতম্॥ ১০৪
নাগ-রাক্ষস-যক্ষাণাং গন্ধর্ব্বাপ্সরসামপি।
ত্রৈলোক্যস্য চ যৎ প্রাণং সর্ব্বং চক্রে ব্যবস্থিতম্॥১০৫
তেজসা তেন সংযুক্তং জলদ্বিব চ ভাস্করম্।
বপুষা তেজ আধত্তে বাণস্য প্রমুখে স্থিতম্॥ ১০৬
জাজ্বাতিতেজসা চক্রং কৃষ্ণেনাদ্যুদিতং রণে।
অপ্রমেয়ং দুর্বিষহং কৃতান্তে চাত্তবীচ্ছিখম্॥ ১০৭
অজেয়মেতত্ত্রৈলোক্যে চক্রং কৃষ্ণেন যাম্যতে।
বাণং ত্রাস্যৎ দেব ত্বং যাবচ্চক্রং ন মুঞ্চতি॥ ১০৮

তারপর সীমতা পূর্বক সর্ব্বাকালের মেঘের ন্যায় গর্জন করিয়া বাণাসুরকে নিহত করিতে সমর্থ সেই শ্রীকৃষ্ণ আপনার সহস্রার চক্র হস্তে গ্রহণ করিলেন। ১০১

ঐ সময় গ্রহ ও নক্ষত্রের তেজ, বহ্নি ও অশনির প্রভাব এবং দেবেন্দ্রের বজ্রের প্রভাব ঐ চক্রে স্থাপিত হইয়াছিল। ১০২

ভিন অগ্নি ও ব্রহ্মচারিগণের যে তেজ এবং ক্ষমিগণের যে জ্ঞান, তাহা ঐ চক্রে স্থিতি লাভ করিয়াছিল।১০৩

পতিব্রতাদিগের যে তেজ, মৃগ ও পক্ষিগণের যে প্রাণ এবং চক্রবর্ত্তিদিগের যে বল, তাহা ঐ চক্রে সমাবিষ্ট হইয়াছিল। ১০৪

নাগ, রাক্ষস, যক্ষ, গন্ধর্ব এবং অপ্সরাগণের ও ত্রিলোকের যে প্রাণশক্তি, তৎসমুদায় ঐ চক্রে প্রতিষ্ঠিত হইয়াছিল। ১০৫

সেই তেজে যুক্ত হইয়া ঐ চক্র জাজ্বল্যমান সূর্য্যের ন্যায় উদ্দীপ্ত হইয়া উঠিল এবং বাণাসুরের সম্মুখে অবস্থান করিয়া তাহার শরীরের তেজ আপন শরীরে গ্রহণ করিতে লাগিল। ১০৬

রণক্ষেত্রে অগ্নি তেজসী শ্রীকৃষ্ণ অপ্রমেয় ও অমোঘ চক্র গ্রহণ করিয়াছেন জানিয়া কৃষ্ণাদী নিম্নকে বলিলেন,— ॥ ১০৭

হে দেব! যে চক্র শ্রীকৃষ্ণ গ্রহণ করিয়াছেন, তাহা ত্রিলোকে অজেয়, অতএব যতক্ষণ এই চক্র নিক্ষিপ্ত না হয়, ততক্ষণ বাণাসুরকে রক্ষার নিমিত্ত যত্ন করুন। ১০৮

ততস্তাক্ষো বচঃ শ্রুত্বা দেবীং লম্বামথাব্রবীৎ।
গচ্ছেহি লম্বে শীঘ্রং ত্বং বাণসংরক্ষণং প্রতি॥ ১০৯
ততো যোগং সমাধায় অদৃশ্যা হিমবৎসুতা।
কৃষ্ণস্যৈবন্তু তত্রস্থা দর্শন্তী পার্শ্বমাগতা॥ ১১০
চক্রোদ্যতকরং দৃষ্ট্বা ভগবন্তং বরাভিরে।
অন্তর্ধানমুপাগম্য ত্যক্তা সা বাসসী পুনঃ॥১১১
পরিত্রাণায় বাণস্য বিষ্ণুধাধিষ্ঠিতা ততঃ।
প্রমুখে বাসুদেবস্য দিবাসা কোটবী স্থিতা॥ ১১২
তাং দৃষ্ট্বাথ পুনঃ প্রাপ্তাং দেবীং কৃতন্ত সম্মতাম্।
লম্বাং দ্বিতীয়াং তিষ্ঠন্তীং কৃষ্ণো বচনমব্রবীৎ॥ ১১৩
ভূয়ঃ সামর্থতাম্রাক্ষী দিগন্ত্রাবস্থিতা রণে।
বাণসংরক্ষণপরা ত্বমি বাণং ন সংশয়ঃ॥ ১১৪
এবমুক্তা তু কৃষ্ণেন চুম্বা দেবাব্রবীদিদম্।
জানে ত্বাং সর্ব্বভূতানাং স্রষ্টারং পুরুষোত্তমম্।
মহাভাগং মহাদেবমনন্তং নীলমব্যয়ম্॥ ১১৫

পার্বতীর এই বচন শ্রবণ করিয়া ভগবান ত্রিলোচন দেবী লম্বাকে বলিলেন,— লম্বে! তুমি বাণ সুরের রক্ষার নিমিত্ত শীঘ্র গমন কর। ১০৯

তখন যোগাশ্রয় করিয়া হিমালয়কন্যা উমা অদৃশ্যা হইলেন এবং শ্রীকৃষ্ণের পার্শ্বে আগমন করিয়া একত্রে শ্রীকৃষ্ণকে সেইরূপ দর্শন করাইলেন। ১১০

সমরাঙ্গণে ভগবান্ শ্রীকৃষ্ণের হস্তে চক্রোদ্যত দেখিয়া পুনঃ অদৃশ্য হইয়া বস্ত্রত্যাগপূর্বক বাণাসুরের রক্ষার নিমিত্ত বিজয়া-বিষ্ঠিতা বিশ্বমনা কোটবী লম্বার রূপে বাসুদেবের সম্মুখে নরায়ণায় বদ্ধায়মান হইলেন। ১১১-১১২

রুদ্রপ্রিয়া পার্বতী দেবীকে পুনঃ লম্বার সহিত সম্মুখে অবস্থিতা দেখিয়া কৃষ্ণ এইরূপ বলিতে লাগিলেন—পুনরায় তুমি অসুর চক্ষু তার বর্ষ করিয়া বাণাসুরের রক্ষার নিমিত্ত রণক্ষেত্রে নগ্ন হইয়া অবস্থান করিতেছ? পরন্তু বাণাসুরকে আমি বধ করিব, ইহাতে সংশয় নাই। ১১৩-১১৪

শ্রীকৃষ্ণ এইরূপ বলিলে পুনরায় দেবী এইরূপ বাক্য বলিলেন, হে প্রভু! আমি আপনাকে জানি, আপনি সকল প্রাণীর স্রষ্টা, পুরুষোত্তম মহান্ সৌভাগ্যশালী, মহাদেব, অনন্ত, শ্যামবর্ণ অবিনাশী পুরুষ, আপনি সমস্ত ইন্দ্রিয়বর্গের নিয়ন্তা ও

পন্নগাস্ত্র সুষীকেশঃ লোকানামাদিসম্ভবম্ ।
নাইসে যেব হন্তঃ বৈ বাণমপ্রতিমং রণে ॥ ১১৬
প্রযচ্ছ ভক্তয় বাণে জীবপুত্রীয়বেব চ
যদা হন্তব্যো ত্বেব বৃষ্ণয়ঃ পরিরক্ষ্যন্তে ॥ ১১৭
ন মে মিথ্যা সমুদ্যোগঃ কর্তুমর্হসি মাধব
এবমুক্তে তু বচনে দেব্যা পরমুদারয়ঃ ॥ ১১৮
কৃষ্ণঃ প্রত্যাহতে বাক্যং শৃণু সত্যং তু তামিনি ।
বাণো বাহুসহস্রেণ নর্দতে দর্পমাশ্রিতঃ ॥ ১১৯
এতেষাং ছেদনং কৃত্ত্বা কর্তব্যো নাত্র সংশয়ঃ ।
দ্বিবাহুনা চ বাণেন জীবপুত্রী ভবিষ্যসি ॥ ১১০
আসুরং দর্পমাশ্রিত্য ন চ মাং সংপ্রযিষ্যতি
এবমুক্তে তু বচনে কৃষ্ণেনাক্লিষ্টকর্মণা ॥ ১১১
প্রোবাচ দেবী বাণেন্দ্রং দেবরাজো ভবেতিতি ।
অথ তাং কার্ত্তিকেয়স্তু মাতরং সোঽভিভাষ্য বৈ ।
ততঃ ক্রুদ্ধো মহাবাহুঃ কৃষ্ণং প্রবরতাং বরঃ ॥ ১১২
প্রোবাচ বাণং সমরে বদতাং প্রবরঃ প্রভুঃ
যুধ্যতাং যুধ্যতাং সংখ্যে ভবতাং কোটবী স্থিতা ॥ ১১৩

অশক্তানামিব রণে বিগ্ বাণ তব পৌরুষম্ ।
এবমুক্ত্বা ততঃ কৃষ্ণশ্চক্রং পরমবান্ ॥ ১১৪
নিমীলিতাক্ষো বাসুদেবং বাণং প্রতি মহাবলঃ ।
ক্ষেপণাদ্ যস্য মুহ্যন্তি লোকাঃ সস্থাবজঙ্গমাঃ ১১৫
ক্রব্যাদানি চ ভূতানি তৃপ্তিং যান্তি মহাযুধে ।
তমপ্রতিমকর্মাণং সমানং সূর্যবর্চসা ॥ ১১৬
চক্রমুদ্যম্য সমরে কোপদীপ্তো গদাধরঃ ।
স মুক্তো দানবঃ তেজঃ সমরে যেন তেজসা ॥ ১১৭
চিচ্ছেদ বাহুচ্ছেদেন শ্রীধরঃ পরমৌজসা
জলান্তচক্রবত্ঘূর্ণং ভ্রাম্যমাণং রণাজিরে ॥ ১১৮
ক্ষিপ্তং তু বাসুদেবেন বাণস্য বরমূর্ধনি ।
বিষ্ণুচক্রং ভ্রমত্যাশু সৈন্যানাং রূপং ন দৃশ্যতে ॥ ১১৯
তস্য বাহুসহস্রস্য পর্যায়েণ পুনঃ পুনঃ
বাণস্য ছেদনং চক্রে তচ্চক্রং বরমূর্ধনি ॥ ১৩০
কৃত্বা দ্বিবাহুং তং বাণং ছিন্নবাণমিব দ্রুমম্ ।
পুনঃ করাগ্রে কৃষ্ণস্য চক্রং প্রাপ্তং সুদর্শনম্ ॥ ১৩১

সম্পূর্ণ জগতের অধিকার [illegible] হে দেব! এই বাণাসুর রণক্ষেত্রে অপ্রতিম বীরত্ব প্রদর্শন করিয়াছে, অতএব তাহাকে বধ করা উচিত নহে। ১১৩-১১৫

ভগবন্! বাণাসুরকে অভয় দান করুন এবং আমাকে জীবিত পুত্রের জননী করুন। আমি ইহাকে বর প্রদান করিয়াছি। সেইজন্য পুনঃ রক্ষা করিতেছি। মাধব! আমার উদ্যোগ মিথ্যার পর্যবসিত করিও না। ১১৬।

দেবী এইরূপ কথা বলিলে পঙ্কজনয়নবিজয়ী শ্রীকৃষ্ণ বলিলেন—'তামিনি! আমার সত্য কথা শ্রবণ কর'। ১১৮

বাণাসুর আপনার সহস্র বাহু থাকায় দর্পান্বিত হইয়া। বর্তমান করিতেছিল, সুতরাং তাহার বাহু ছেদন করা কর্তব্য—ইহাতে সংশয় নাই। দেবি! তুমি দ্বিবাহুযুক্ত বাণাসুর দ্বারা জীবিতপুত্রবতী হও। এই বাণাসুর দর্পান্বিত হইয়া কখনও আমার আজ্ঞা গ্রহণ করে নাই। ১১৯-১২০।

অনায়াসে মহান্ কর্মকারী শ্রীকৃষ্ণের এইরূপ বাক্য শ্রবণ করিয়া দেবী বলিলেন,—"হে প্রভু! এই বাণাসুর মহাদেব কর্তৃক দত্ত আমার রক্ষক পুত্র"। ১২১।

কার্ত্তিকের জননীর প্রতি এইরূপ বাক্য বলিয়া বক্তাদের মহাবাহু ভগবান শ্রীকৃষ্ণ সমরাঙ্গণে ক্রুদ্ধ হইয়া বাণাসুরকে এইরূপ বলিলেন ॥ ১২২।

"হে বাণ! এই বৃষ্ণিকুলের বৃদ্ধ কর, বৃদ্ধ কর। অসমর্থ পুরুষের ন্যায় তোমাকে রক্ষার নিমিত্ত মাতা কোটবী এই রণভূমিতে দণ্ডায়মান, তোমার পুরুষার্থকে ধিক্"। ১২৩।

এই বলিয়া আত্মসদৃশী মহাবলী শ্রীকৃষ্ণ চক্ষু: বন্ধ করত (যাহাতে দেবীর প্রতি দৃষ্টি না পড়ে) বাণাসুরের প্রতি সেই চক্র নিক্ষেপ করিলেন। ১২৪।

মহাসমরে যাহা প্রযুক্ত হইলে চরাচর প্রাণিগণ সমস্ত লোক মোহিত হয় ও মাংসাশী প্রাণিগণ তৃপ্তিলাভ করে, অনুপম কর্মকারী সূর্যতুল্য তেজস্বী সেই চক্র উদ্যত করিয়া ক্রোধীপ্ত, তেজস্বী, গদাধারী ভগবান শ্রীহরি আপনার উৎকৃষ্ট তেজ ও বল দ্বারা বাণাসুরের তেজ অপহরণ পূর্বক তাহার বাহুগুলি কর্তন করিলেন। ১২৫ ১২৭।

রণক্ষেত্রে বৃক্ষের মতো বাসুদেব কর্তৃক এই বিষ্ণুচক্র নিক্ষিপ্ত হইলে উহা জলাবর্তবৎ ঘূর্ণিতে লাগিল এবং বহু সৈন্য পরিবৃত ঘূর্ণিতে লাগিল যে তাহার রূপই দৃষ্ট হইতেছিল না। ১২৮-১২৯

সংগ্রামের মধ্যে ঐ চক্র বার বার ঘূর্ণিয়া পর্যায়ক্রমে বাণাসুরের সহস্র বাহু কর্তন করিতে লাগিল। ১৩০

ছিন্ন শাখা বৃক্ষের ন্যায় বাণাসুরকে দ্বিবাহুতে পরিণত করিয়া সেই সুদর্শন চক্র পুনঃ শ্রীকৃষ্ণের করাগ্রে সমাগত হইল। ১৩১

বৈশম্পায়ন উবাচ

কৃতকৃত্যে তু সম্প্রাপ্তে চক্রে দৈত্যনিপাতনে।
প্রবৃত্তা তেন কায়েন শোণিতৌঘপরিপ্লুতঃ ॥ ১৩১
অভবৎ পর্বতাকারস্ত্রিরবাহুর্মহাসুরঃ।
অসৃঙ্‌মহদ্ভ বিবিধান্নাদান্‌মুমুচে ঘনো যথা ॥ ১৩২
ততঃ নাদেন মহতা দেবদেবো রিপুসূদনঃ।
চক্রং ভূয়ঃ ক্ষেপ্তুকামো বাহুনাশার্থমুদ্যতঃ।
তমুপেত্য মহাদেবঃ কুমারসহিতোঽব্রবীৎ ॥ ১৩৪

ঈশ্বর উবাচ

কৃষ্ণ কৃষ্ণ মহাবাহো জানে ত্বাং পুরুষোত্তমম্।
মধুকৈটভহন্তারং দেবদেবং সনাতনম্ ॥ ১৩৫
লোকানাং ত্বং সৃষ্টিকর্তা ত্বংপ্রসূতমিদং জগৎ
অজেয়স্ত্বং ত্রিভির্লোকৈঃ সসুরাসুরমানুষৈঃ ॥ ১৩৬
তস্মাৎ সংহর দিব্যং ত্বমিদং চক্রং সমুদ্যতম্
অনিবার্যবসংহার্যাং রণে শত্রুভয়ঙ্করম্ ॥ ১৩৭

পৃথ্বীনাথ! এই প্রকারে ভগবান বিষ্ণু পৃথিবীতে অবতীর্ণ হইয়া যদুকুলশিরোমণি বাসুদেব নামে বিখ্যাত হইলেন ॥ ১৩

এই সকল কারণে শ্রীমান ভগবান বিষ্ণু কৃষ্ণিবংশের অন্তর্গত বসুদেবকুলে দেবকীর গর্ভে জন্মগ্রহণ করিয়াছিলেন যে বিষয়ে তুমি আমাকে প্রশ্ন করিয়াছিলে ॥ ১৪

যে জন্মেজয়! নারদের প্রশ্নের উত্তর প্রদত্ত হইলে আমি সংক্ষেপে যাহা বলিয়াছি, সেই সমস্ত কথা পূর্বেই শ্রবণ করিয়াছ ॥ ১৫

ভগবান বিষ্ণুর মথুরায় অবতার কল্পে তোমার যাহা সন্দেহ ছিল, তাহার সমাধানের জন্য বাসুদেবের স্বরূপ এবং বাসুদেবই যে পরম গতি এই সিদ্ধান্ত প্রতিপাদন করিয়াছি ॥ ১৬

---

* এই বিষ্ণুপর্বের ১১০ অধ্যায়ে বজ্রোপাখ্যান বর্ণিত হইয়াছে। নারদের সেই বজ্রসূচক প্রশ্নের কথাই এখানে সংক্ষেপ করা হইয়াছে।

কেশবস্য চ মাহাত্ম্যং নারদস্যাভিভাষিতম্
এষা তে বৈষ্ণবী চর্চা ময়া কার্ৎস্ন্যেন কীর্ত্তিতা ॥ ৩৫
পুণ্যস্তত্তাত যজ্ঞেঽস্মিন্নিত্যশ্রুতে জনমেজয়।
আদ্যন্তপর্ব্ব নিখিলং যো হীমং ধারয়েন্নৃপ ॥ ৩৬
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকং স গচ্ছতি।
ফল্যমুত্থায় যে নিত্যং কীর্ত্তয়ন্তং সুসমাহিতঃ ॥ ৩৭
ন তস্য দুর্লভং কিঞ্চিদিহ লোকে পরত্র চ
ব্রাহ্মণঃ সর্ব্ববেদী স্যাৎ ক্ষত্রিয়ো বিজয়ী ভবেৎ ॥ ৩৮
বৈশ্যো ধনসমৃদ্ধঃ স্যাচ্ছূদ্রঃ কামানবাপ্নুয়াৎ।
নাশুভং প্রাপ্নুয়াৎ কিঞ্চিৎ পৌর্ণমাসীং তথৈব সঃ ॥ ৩৯

ঔগ্রশ্রবস উবাচ।

ইতি পারীক্ষিতো রাজা বৈশম্পায়নভাষিতম্।
শ্রুতবানচলো ভূত্বা হরিবংশং দ্বিজোত্তমাঃ ॥ ৪০
এবং সৌনক সংক্ষেপাদ্ বিস্তরেণ তথৈব চ।
প্রোক্তা বৈ সর্ব্ববংশান্তে কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ॥ ৪১

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বণি উষাহরণসমাপ্তৌ অষ্টাবিংশত্যধিকশত-তমোঽধ্যায়ঃ ॥ ১১৮ ॥

করিতে পারিবে না। হে তাত জনমেজয়! এই যজ্ঞের সমাপ্তির পর তোমার প্রশ্ন অনুসারে আমি ভগবান বিষ্ণুর সম্পূর্ণ লীলা বর্ণনা করিলাম। হে নৃপ! যে এই সম্পূর্ণ আদ্যন্তপর্ব ধারণ করে, সে সকল পাপ হইতে মুক্তিলাভ করিয়া বিষ্ণুলোকে গমন করে। যে প্রত্যহ প্রাতঃকালে উঠিয়া একাগ্রচিত্তে ইহা কীর্তন করে, তাহার নিকট ইহলোকে এবং পরলোকে কিছুই দুর্লভ থাকেনা। এই প্রসঙ্গ পাঠ বা শ্রবণ করিলে ব্রাহ্মণ সর্ববেদজ্ঞ হইয়া থাকেন, ক্ষত্রিয় যুদ্ধে জয় লাভ করেন, বৈশ্য ধনবান হন এবং শূদ্র সম্পূর্ণ অভিলষিত বস্তু লাভ করেন। তিনি কোন অশুভ লাভ করেন না এবং পৌর্ণমাসী প্রাপ্ত হন ॥ ৩৯-৩৯

হে বিপ্রবর! এই প্রকারে পরীক্ষিতের পুত্র রাজা জনমেজয় দ্বিবিচিত্ত হইয়া বৈশম্পায়ন কর্তৃক কথিত হরিবংশ শ্রবণ করিলেন ॥ ৪০

হে সৌনক! আমি এই প্রকারে সংক্ষেপে ও বিস্তৃতভাবে সকল বংশের বর্ণনা করিলাম। তুমি অতঃপর কি শ্রবণ করিতে ইচ্ছা করিতেছ? ৪১

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে বিষ্ণুপর্ব্বে উষাহরণ সমাপ্তিবিষয়ক অষ্টাবিংশত্যধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

॥ বিষ্ণুপর্ব্ব সম্পূর্ণ ॥

শ্রীশ্রীঠাকুরের বাণী

"যতই বিভীষিকা আসুক না কেন, নাম ছাড়বি না।"

(২)

"—দেশ সবই আমি। এ দেশে এসে যে ঘুমিয়ে পড়ে সেই-ই স্বপ্ন দেখে—যন্ত্রণা পায়। তুই জেগে থাক সকলি আমি এ স্থান স্থির থাকবে।"

(৩)

'রাম-নাম' মানুষকে কৃতার্থ করে—যে যা চায় 'রাম-নাম' তাকে তাই দান করেন। উঠতে-বসতে কেবল রাম-নাম করবি এ-দেশ তো আমাদের প্রকৃত দেশ নয়। দু'দিনের জন্য এখানে এসেছি সেই আলো আনন্দের দেশে যাবার একমাত্র পাথেয় রাম-নাম

(৪)

"শোন শোন—তোমার পরশের সঙ্গে সঙ্গে যেন আমি আর কেমন হ'য়ে যাই। সুখ-দুঃখের বস্তু যা' কিছু ছিল তা'র পরিবর্তন হয় না, কিন্তু আমার আর ছাড়াকার থাকে না থাকে শুধু আনন্দ আর আনন্দ।"

—:০:—

Agraheyan 1383 B. S. Regd. No. W B/NC-57 Mahabharata -102/103
Pous 1383 B. S. :
Aryashastra Nov.—Jan. 1976-77

শ্রীশ্রীঠাকুরের বাণী

[১]

"হাঁ হাঁ ডাক ডাক, খুব ডাক, তোমার ডাক শুনিলে আমি যেন কোথায় চলিয়া যাই, আমি যেন আর একজন হইয়া যাই, আমার যেন কত কথা মনে পড়ে, কত কাজ মনে পড়িয়া যায় চুপ করিও না, ডাক আমিও ডাকি তুমিও ডাক।"

[২]

তোমার ডাক বড় মিষ্টি। মনে মনেই ডাক মন ভরেই ডাক তোমার ডাক শুনিলে আমার শরীরটা শিহরিয়া উঠে যেন অবশ হইয়া আসে। আবার ডাক আবার ডাক। তোমার ডাক শুনিতে শুনিতে আমি ঘুমাইয়া পড়ি—বেশ বেশ।"

[৩]

আহা কি মধুর পরশ তোমার! আমাকে নূতন করে তুলল। সুখে দুখে আকুল, সে পুরাণ-আমি আর নই। সব মধুর—সব মধুর।"

[৪]

"আহা ডুবিয়ে রাখ—তোমার পরশ-মাঝে আমায় ডুবিয়ে রাখ, আমায় ছেড়ে যেও না এ পরশ কেড়ে নিও না। তোমার পরশে সব নূতন হ'য়ে যায়—এক পল পূর্বে যা' শুধের ব'লে মনে হচ্ছিল, পরশের সঙ্গে সঙ্গে তা' আর খুঁজে পাই না।"

12 OCT 1977

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি ডব্লিউ ডি রোড, কলি—৩৪ হইতে প্রকাশিত ও শাস্ত্রভগবান প্রেস, মহামিলন মঠ, পি. ডব্লিউ ডি রোড কলিকাতা-৩৪ হইতে মুদ্রাপিত।



আর্য্যশাস্ত্র

শ্রীশ্রী সীতারামদাস ওঙ্কারনাথ

প্রবর্ত্তিত

শ্রীশ্রীঠাকুরের বাণী

"পূজা ও প্রচার আলো ও আঁধারের মত পাশাপাশি থাকে। আজ যিনি পূজা কচ্ছেন কাল তিনি প্রচার করবেনই আজ যিনি প্রচার কচ্ছেন কাল তিনি পূজা করবেনই। এই হ'ল সাধারণ নিয়ম। স্থানবিশেষে ব্যতিক্রম হয়। মন অন্তর্মুখ হ'লে কেন্দ্র পাগলে যে 'ভাব' সন্তান জন্মায় সেটিকে সাবধানে সঙ্গোপনে লোকচক্ষুর অন্তরালে বর্দ্ধিত করতে আপনার কাজ করে যেতে হয়

(১)

সাধক মাত্রেরই প্রত্যেকটি লক্ষ্য করা উচিত আর দীক্ষার পর যতদিন পর্য্যন্ত শরীরে আনন্দ, কম্প, রোমাঞ্চ, স্বর-নেত্রাদির বিক্রিয়া না হয়, ততদিন বুঝতে হবে মন্ত্রচৈতন্য অর্থাৎ কুণ্ডলিনীর জাগরণ হয় নাই। শ্রীগুরুদেবের শরণাপন্ন হ'য়ে যাতে মন্ত্রচৈতন্য হয় তার চেষ্টা করা কর্ত্তব্য। যিনি ইষ্টদেবতা তিনি গুরুরূপে আসেন, তিনি মন্ত্ররূপে অধিষ্ঠিত হ'ন।"

(২)

অনেকেই খেয়ালের বসে দীক্ষা নেয়; দু' একমাস পরে সব ছেড়ে দেয় কোন রকমে সাড়িয়ে সাড়িয়ে দশবার—নয়ত একশত আটবার জপ করে। এইরূপ শিষ্যের সিদ্ধগুরুই বা কি করতে পারেন। কাজ তো করতে হবে, না কাজ করলে ফল কি ক'রে হবে? আবার অনেক স্থলে অজ্ঞ গুরু মন্ত্র ভুল দেন কাজেই কোন ফল হয় না।"

:০:—

১৫শ বর্ষ, মাঘ-ফাল্গুন, ১৩৮৩

অষ্টম সংখ্যা শ্রীগৌরনবী যাত্রা
নবম সংখ্যা— দোলযাত্রা

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাসওঙ্কারনাথপ্রবর্ত্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতঃ-

হরিবংশঃ

শ্রীশ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথকৃতবঙ্গভাষানুবাদসহিতঃ।

যুগ্ম-সম্পাদক

শ্রীশ্রীজীবন্তট্টাচার্য্যন্যায়তীর্থ এম. এ, বি. টি
শ্রীনিত্যানন্দস্মৃতিতীর্থ

সহ-সম্পাদকদ্বয়

শ্রীউমাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীনবনীহরণ কাব্য-ব্যাকরণতীর্থ

তত্ত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সঙ্ঘমাতা)

যুগ্ম-কর্ম্মাধিকর্ত্তা :—
ডাঃ শ্রীজিতেন্দ্রনাথ দে
কিঙ্কর বিমলানন্দ

কার্য্যালয় :—

প্রধান কার্য্যালয় :—মহামিলন মঠ, ৭।৭, পি, ভট্টিট্ট, ডি, রোড, কলিকাতা-২৭ (ফোন : ৫৮-২৭৩১)
সিটি —৩৮ সি, বিধানসরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা-৬ (ফোন নং ৩৪-৪৪০৮)

বার্ষিক মূল্য সডাক ১৮·০০ টাকা

প্রতি সংখ্যা ১·৭৫ টাকা।

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রপ্রচারক মাসিক পত্র। প্রতিমাসে ইহার ১টী সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ। বার্ষিক গ্রাহকমূল্য ভারতে ও বাংলাদেশে সডাক ১৮০০ টাকা প্রতি সংখ্যা ১'৭৫ ন. পঃ ; অন্যত্র বার্ষিক সডাক ২৪০০ টাকা, প্রতি সংখ্যা ২.৫০ টাকা মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়। নিম্ন ঠিকানায় বার্ষিক মূল্য পাঠাইবেন—সকালক,-'আর্য্যশাস্ত্র', ৭।৭, পি, ডব্লিউ, ডি, রোড, কলি-৩১।

২। এই মাসিকপত্রে মহাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, শ্রীবাল্মীকি-রামায়ণ, শ্রীবিষ্ণুপুরাণ, শ্রীমদ্ভাগবত, মহাভারত প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে হরিবংশ প্রকাশিত হইতেছে। তাহার পরও দেবী-ভাগবতাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। সকল প্রকার যোগাযোগ, অর্থাদি ও মাসিকপত্রের প্রাপ্তি-অপ্রাপ্তিবিষয়ক সমস্ত অভিযোগ-পত্রাদি "সকালক, আর্য্যশাস্ত্র, মহামিলন মঠ, ৭।৭ পি, ডব্লিউ, ডি, রোড, কলি-৩৫ এই ঠিকানায় জানাইবেন।" কোন নং ৫৮-২৭৩১। মনি-অর্ডার কুপন ও পত্রাদিতে গ্রাহকগণ নাম-ঠিকানা এবং গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে লিখিবেন। ঠিকানা-পরিবর্ত্তন পূর্ব্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

মাসিকপত্রের কেবল মুদ্রণ সংক্রান্ত কোন ভুল থাকিলে "সম্পূজক, আর্য্যশাস্ত্র, শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩১" এই ঠিকানায় জানাইতে হইবে।

৪ গ্রাহকগণের পত্র-লিখিত নির্দ্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন মনে না করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে পত্রদাতা জবাবী পত্র (রিপ্লাইকার্ড) পাঠাইবেন।

৫। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দ্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে। ডাকযোগ ব্যতীত কার্য্যালয়ে আসিয়া বা অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৬। উল্লিখিত ৩ ও ৫ নং নিয়মাবলী পালিত না হইলে পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

সম্পূজক—আর্য্যশাস্ত্র
শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২ পি, ডব্লিউ, ডি, রোড,
কলিকাতা—৩৫

অথ ভবিষ্যপর্ব্ব।

প্রথমোঽধ্যায়ঃ ॥

[রাজ্ঞো জনমেজয়স্য সন্তানানাং নামানি, পাণ্ডবংশপ্রতিষ্ঠাবর্ণনঞ্চ।]

(নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েৎ ॥)

শৌনক উবাচ

জনমেজয়স্য কে পুত্রাঃ পঠ্যন্তে সৌনহর্ষণে।
কস্মিন্ প্রতিষ্ঠিতো বংশঃ পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥ ১

এতদিচ্ছাম্যহং শ্রোতুং পরং কৌতূহলং হি মে।
ব্রূহি সূত যথাতত্ত্বং সর্ব্বং বেদ্যথ তৎ পরিস্ফুটম্ ॥ ২

সৌতিরুবাচ

পারীক্ষিতস্য কাশ্যায়াং দ্বৌ পুত্রৌ সম্বভূবতুঃ।
চন্দ্রাপীড়শ্চ নৃপতিঃ সূর্য্যাপীড়শ্চ মোক্ষবিৎ ॥ ৩

চন্দ্রাপীড়স্য পুত্রাণাং শতমুত্তমধন্বিনাম্
জনমেজয় ইত্যেষাং জ্যেষ্ঠঃ ভূবি পরিশ্রুতম্ ॥ ৪

তেষাং জ্যেষ্ঠস্য রাজাসীৎ পুত্রে বারণসাহ্বয়ে।
সত্যকর্ণো নরব্যাঘ্রহর্ম্ম্যা বিপুলদক্ষিণঃ ॥ ৫

সত্যকর্ণস্য দায়াদঃ শ্বেতকর্ণঃ প্রতাপবান্।
অপুত্রঃ স তু ধর্ম্মাত্মা প্রবিবেশ তপোবনম্ ॥ ৬

তস্মাদ্ বনগতাদস্তাৎ যাজ্ঞবল্ক্যাৎ প্রতাপবান্।
সুচারোর্দ্ধর্ষিতা পুত্রমানিনী ভ্রাতৃমালিনী ॥ ৭

স তু জজ্ঞে সুতো গর্ভে শ্বেতকর্ণঃ প্রতাপবান্।
অধ্যগচ্ছদ্ গতঃ পূর্ব্বৈরাপ্তানমৃষভং তম ॥ ৮

সা দৃষ্ট্বা সম্প্রয়াতং তং মানিনী পুত্রতোঽধিকাৎ।
পথি সা মুমুচে মুগ্ধকর্ব্বনে রাজীবলোচনম্ ॥ ৯

কুমারং তং পরিত্যজ্য ভর্ত্তারং চাপ্যগচ্ছত।
পতিব্রতা মহাভাগা দ্রৌপদীব পুরা সতী ॥ ১০

প্রথম অধ্যায়

[রাজা জনমেজয়ের সন্তানগণের নাম ও পাণ্ডববংশ প্রতিষ্ঠার বর্ণনা।]

(অন্তর্যামী নারায়ণ, নর ও নারায়ণসখা অর্জ্জুন অথবা জাতি জীব হিরণ্যগর্ভ), নরোত্তম আদিজীব হিরণ্যগর্ভ (ও অন্তর্যামী) হইতে শ্রেষ্ঠ হিংগুণ বিশুদ্ধ আত্মা শ্রীকৃষ্ণ এবং তাঁহাদের (নারায়ণ, নর ও নরোত্তমের) উভয় প্রকারের শক্তি জানয়া সরস্বতী দেবী ও মহর্ষি বেদব্যাসকে প্রণাম করিয়া "জয়"—অর্থাৎ অজ্ঞানান্ধকার পুরাণাদি গ্রন্থ পাঠ করা কর্ত্তব্য।

শৌনকঋষি কহিলেন—হে লোমহর্ষণপুত্র! রাজা জনমেজয়ের সন্তানসমূহের নাম কি এবং অবশেষে মহাত্মা পাণ্ডবগণের বংশ কোথায় প্রতিষ্ঠিত হইল? ১

উক্ত বিষয়ক শুনিবার জন্য আমার অত্যন্ত কৌতূহল হইতেছে, আমি আপনার নিকট হইতে ঐ সকল কথা সুস্পষ্টরূপে জানিব ॥২

সৌতি কহিলেন—পরীক্ষিতের পুত্র রাজা জনমেজয়ের পত্নী কাশীরাজকন্যা বপুষ্টমা। তাঁহার গর্ভে দুই পুত্র হইয়াছিল। প্রথম পুত্রের নাম চন্দ্রাপীড়। তিনি নৃপতি হইয়াছিলেন। দ্বিতীয় পুত্রের নাম সূর্য্যাপীড়। তিনি মোক্ষ-পরায়ণ ছিলেন ॥৩

রাজা চন্দ্রাপীড়ের একশত পুত্র। তাঁহারা ধনুর্দ্ধরগণের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন এবং 'জনমেজয়' (বা জনমেজয়) এই অভিধানসম্প্রদায় আর্য্যাবর্ত্ত ভূমণ্ডলে বিখ্যাত হইয়াছিলেন ॥৪

রাজা জনমেজয়ের সেই এক শত পুত্রের মধ্যে জ্যেষ্ঠ মহাবাহু সত্যকর্ণ বারাণসী পুরে রাজত্ব করিয়াছিলেন। তিনি বাজপেয় যজ্ঞের অনুষ্ঠান এবং প্রভূত দক্ষিণা দান করিয়াছিলেন ॥৫

রাজা সত্যকর্ণের পুত্রের নাম শ্বেতকর্ণ। তিনি ধর্ম্মপরায়ণ ও প্রতাপশালী ছিলেন। পুত্র না হওয়ায় সেই রাজা শ্বেতকর্ণ তপোবনে গমন করিয়াছিলেন ॥৬

রাজা শ্বেতকর্ণের সহধর্ম্মিণী পত্নী মানিনী। তিনি সুচারী ও ভ্রাতৃমতী ছিলেন। তাঁহার পিতার নাম সুচারু। তপোবনে গত সেই রাজা শ্বেতকর্ণের সাহচর্য্যে মানিনী গর্ভধারণ করিয়াছিলেন ॥৭

উক্ত গর্ভের উৎপত্তি হইলে—প্রজাপালক সেই রাজা শ্বেতকর্ণ তাঁহার পূর্ব্বপুরুষ পাণ্ডবগণের আচরিত অক্ষুণ্ণ (অবিচ্ছিন্ন) মহাপ্রস্থানের পথ অনুসরণ করিয়াছিলেন ॥৮

পতিকে মহাপ্রস্থানের পথ অবলম্বন করিতে দেখিয়া মানিনীও পতির অনুগমন করিয়াছিলেন। পথমধ্যে সুন্দরী মানিনীর একটি পুত্রসন্তান ভূমিষ্ঠ হইয়াছিল। সেই নবজাতকের নয়নযুগল পদ্মের ন্যায় শ্রীমণ্ডিত ছিল ॥৯

পুত্রকালে পতিব্রতা মহাভাগা দ্রৌপদী সব ত্যাগ করিয়া যেভাবে মহাপ্রস্থানের পথে গমনরত পঞ্চ পতির অনুসরণ করিয়াছিলেন, সেইভাবে মানিনীও নবজাত কুমারকে ত্যাগ করিয়া পতির অনুগমন করিয়াছিলেন ॥১০

স তু রাজকুমারোঽসৌ গিরিকূটে ন্যবোধয়ৎ ।
তারার্থং তস্য মেঘান্তঃ প্রাচুরাসন্ সমন্ততঃ ॥ ১১
ঋষিষ্ঠায়াশ্চ পুত্রৌ দ্বৌ শিল্পলাদশ্চ কৌশিকঃ ।
দৃষ্ট্বা কৃপান্বিতৌ গৃহ্য তং প্রাক্কালয়তাং জলৈঃ ।
নিবৃত্তৌ তস্য তৌ পার্শ্বে শিলায়াং ঋষিসূনুকৌ ॥ ১২
অজস্রাবৌ তু পার্শ্বে তাবুভাবপি সমাধিতৌ ।
ভবৈব তু সমারূঢ়ৌ অজপার্শ্বস্ততোঽভবৎ ॥ ১৩
ততোঽজপার্শ্ব ইতি তৌ চক্রাতে তস্য নাম হ ।
স তু বেমকশালায়াং দ্বিজত্বায়াভিবর্দ্ধিতঃ ॥ ১৪

বেমকস্য তু ভার্য্যা তমুদ্বহৎ পুত্রকাম্যয়া ।
বেমক্যাঃ স তু পুত্রোঽভূদ্ ব্রাহ্মণো সচিবৌ চ তৌ ॥ ১৫
তস্যাঃ পুত্রাশ্চ পৌত্রাশ্চ যুগপত্ত্বল্যজীবিনঃ ।
স এষ পৌরবো বংশঃ পাণ্ডবানাং প্রতিষ্ঠিতঃ ॥ ১৬
শ্লোকোঽপি চাত্র গীতোঽয়ং নাহুষেণ যযাতিনা ।
জরাসংক্রমণে পূর্বং দৃষ্ট্বং প্রীতেন বীমতা ॥ ১৭
আচন্দ্রার্কধ্রুবা ভূমির্ভবিষ্যতি ন সংশয়ঃ ।
অপৌরবা ন তু মহী ভবিষ্যতি কদাচন ॥ ১৮

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি প্রথমোঽধ্যায়ঃ ॥ ১

পর্জন্যকূটে তত্ত্ব সেই নবজাত রাজপুত্র রোদন করিতে লাগিলেন। সেই সময় তাঁহার উপর ত্রাণার্থ করিবার জন্য আকাশের চারিদিকে মেঘরাশি প্রাদুর্ভূত হইয়াছিল ॥ ১১

ঋষিষ্ঠার পুত্রদ্বয়—শিল্পলাদ ও কৌশিক, পর্বতের কূটে ক্রন্দনরত সেই নবজাত কুমারকে দেখিয়া কৃপান্বিত হইলেন এবং তাহাকে লইয়া জলের দ্বারা স্নেহ করিলেন। উক্ত কুমারের ঋষি-সিক্ত পার্শ্বদ্বয় পরিষ্কার করিবার জন্য পাষাণে ঘর্ষণ করায় কৃষ্ণবর্ণ হইয়াছিল। ক্রমে সেই বালক হৃষ্ট-পুষ্ট হইয়াছিল। কিন্তু তাহার পার্শ্বদ্বয় অজের (ছাগলের) ন্যায় কৃষ্ণবর্ণই রহিয়াছিল। এইজন্য ঐ বালক অজপার্শ্ব নামে বিখ্যাত হইল ॥ ১২-১৩

জনসমাজে অজপার্শ্ব নামে বিখ্যাত হওয়ার পর শিল্পলাদ ও কৌশিক অজপার্শ্ব বলিয়া ই তাহার নামকরণ করিয়াছিলেন। বেমকনামক ঋষির গৃহে অবস্থিত অজপার্শ্ব উক্ত দ্বিজদ্বয় (শিল্পলাদ ও কৌশিক) কর্তৃক লালিত-পালিত হইয়াছিলেন ॥ ১৪

বেমকঋষির পত্নী পুত্রের জন্য অজপার্শ্বকে বিবাহ করাইয়াছিলেন। ক্রমে জনসমাজে অজপার্শ্ব বেমকপুত্র বলিয়া প্রসিদ্ধিলাভ করিয়াছিলেন এবং শিল্পলাদ ও কৌশিক তাঁহার সহায়রূপে পরিণত হইয়াছিলেন ॥ ১৫

সেই অজপার্শ্ব, শিল্পলাদ ও কৌশিকের পুত্র ও পৌত্রগণ সমান-কালব্যাপক জীবন ধারণ করিয়াছিলেন। এই প্রকারে সেই প্রসিদ্ধ পৌরব (পুরুবংশ) তথা পাণ্ডববংশ প্রতিষ্ঠিত হইয়াছিল ॥ ১৬

প্রাচীনকালে—পিতা যযাতির জরাতার পুত্র পুরুর দেহে সঞ্চারণ সময়ে পরমপ্রীত নহুষকুমার যযাতি কর্তৃক আশীর্বাদাত্মক যে শ্লোকবাক্য উচ্চারিত হইয়াছিল; সেই শ্লোকবাক্য এখানে পুনরায় উচ্চারিত হইল ॥ ১৭

কোনও কালে পৃথিবী—চন্দ্র, সূর্য ও অন্যান্য গ্রহের আলোকে বঞ্চিতা হইবেন কিনা, এ-বিষয়ে সংশয় হইতেও পারে। কিন্তু কোনও কালে পৃথিবী কৌরববংশশূন্যা হইবেন না, এ বিষয়ে সন্দেহের অবকাশ নাই ॥ ১৮

শ্রীমহাভারতের অন্তর্গত খিলভাগ হরিবংশের ভবিষ্যপর্বে পাণ্ডববংশের প্রতিষ্ঠা-কথনবিষয়ক প্রথম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥

[রাজ্ঞো জনমেজয়স্যাশ্বমেধযজ্ঞং কর্তুং বিচারঃ, ব্যাসদেবস্যাগমনম্, রাজ্ঞা তস্য সৎকারঃ, ততো ব্যাসদেবং প্রতি রাজ্ঞঃ প্রশ্নঃ,—গুরুপুত্রযজ্ঞস্য ফলং দুঃখকরম্, তথান্ পাণ্ডবানাং পিতামহঃ, ত্রিকালজ্ঞ ঋষিঃ, তথাপি কথং তথান্ পাণ্ডবান্ রাজসূয়-যজ্ঞানুষ্ঠানে ন নিষিদ্ধবান্ ? তদুত্তরেণ ব্যাসদেবকর্তৃকং কালস্য প্রাবল্যপ্রতিপাদনঞ্চ ।]

সৌনক উবাচ ।

উক্তোঽয়ং হরিবংশান্তে পর্বাণি নিখিলানি চ ।
যথা পুরোক্তানি তথা ব্যাসশিষ্যেণ ধীমতা ॥ ১

তৎ কথ্যমানমমিতমিতিহাসসমন্বিতম্ ।
শ্রোতাস্মানমৃতং সর্বপাপবিনাশনম্ ॥ ২

সুখশ্রাব্যতয়া বীর মনো হ্লাদয়তীব নঃ
জনমেজয়স্তু নৃপতিঃ শ্রুত্বা চাখ্যানমুত্তমম্
সৌতে কিমকরোৎ পশ্চাৎ সর্পসত্রাদনন্তরম্ ॥ ৩

সৌতিরুবাচ ।

জনমেজয়স্তু স নৃপঃ শ্রুত্বা চাখ্যানমুত্তমম্
যদারব্ধবতাখ্যান্তে সর্পসত্রাদনন্তরম্ ॥ ৪

তস্মিন্ সত্রে সমাপ্তেষু রাজা পারীক্ষিতস্তদা
যষ্টুং স বাজিমেধেন সম্ভারানুপচক্রমে ॥ ৫

ঋত্বিক্‌পুরোহিতাচার্যানাকারৈদমুবাচ হ ।

যজ্ঞোঽহং বাজিমেধেন ইষ্টবানস্মি ভাতরমিতি ॥ ৬

ততোঽহমিজ্যায় চিকীর্ষিতং তদা
কৃষ্ণো মহাত্মা সহসাজগাম ।
পারীক্ষিতং দ্রষ্টুমদীনসত্ত্বঃ
দ্বৈপায়নঃ সর্বপরাবরজ্ঞঃ ॥ ৭

পারীক্ষিতস্তু নৃপতিস্তু ত্বমুষিমাগতম্
অর্ঘ্যপাদ্যাসনং দত্ত্বা পূজয়ামাস শাস্ত্রতঃ ॥ ৮

তৌ চোপবিষ্টাবিতি ভদ্রমস্তু সৌনক ।
কথা বহুবিধাশ্চিত্রাশ্চক্রাতে বেদসংহিতাঃ ॥ ৯

ততঃ কথান্তে নৃপতির্জনমেজয়োঽব্রবীৎ তং মুনিম্ ।
পিতামহঃ পাণ্ডবানামাত্মনঃ প্রপিতামহম্ ॥ ১০

মহাভারতমাখ্যানং বহুর্থং শ্রুতিবিস্তরম্ ।
নিমেষমাত্রমপি মে মুখশ্রাব্যতয়া গতম্ ॥ ১১

দ্বিতীয় অধ্যায়

(রাজা জনমেজয়ের অশ্বমেধ যজ্ঞ করার জন্য বিচার, ব্যাসদেবের আগমন ও রাজা কর্তৃক তাঁহার সৎকার, তৎপরে ব্যাসদেবকে প্রশ্ন— রাজপুত্র যজ্ঞের ফল দুঃখকর, আপনি পাণ্ডবগণের পিতামহ, ত্রিকালজ্ঞ ঋষি ; তথাপি পাণ্ডবগণকে রাজসূয় যজ্ঞের অনুষ্ঠান করিতে নিষেধ করিলেন না কেন ? তদুত্তরে ব্যাসদেব—কর্তৃক কালের প্রাবল্য প্রতিপাদন ।।

সৌনকমুনি কহিলেন—সূতনন্দন ! পুরাকালে মহর্ষি বেদব্যাসের বুদ্ধিমান্ শিষ্য বৈশম্পায়ন মুনি এই হরিবংশের বৃত্তান্ত বর্ণনা করিয়াছেন, তদনুসারে আপনি এই হরিবংশ ও তাহার সমস্ত পর্ব আমাদের নিকট বলিয়াছেন । যে প্রকারে হরিবংশের সকল পর্ব আপনার নিকট বর্ণিত হইয়াছিল, সেই প্রকারে পুরাবৃত্তের সহিত অনুপম, সকল পাপনাশক হরিবংশবৃত্তান্ত আমাদের নিকট বর্ণনা করিলে আমরা অত্যুত্তম আখ্যানের দ্বারা পরিতৃপ্ত হইব ॥ ১-২

হে বুদ্ধিমান্ সূতনন্দন ! শ্রুতিমধুর হেতু এ উপাখ্যান শ্রবণ করিবার জন্য আমাদের মন আহ্লাদিত হইতেছে । সর্পযজ্ঞ অনুষ্ঠানের পর রাজা জনমেজয় কি কার্য করিয়াছিলেন ? ৩

সূতপুত্র (উগ্রশ্রবা) কহিলেন—সেই রাজা জনমেজয়, সর্পযজ্ঞের পর এই উত্তম আখ্যান শ্রবণ করিয়া যাহা করিয়াছিলেন ; তাহার বর্ণনা করিতেছি ॥ ৪

সর্পযজ্ঞ সমাপ্ত হইলে পরীক্ষিতের পুত্র জনমেজয় অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় দ্রব্যসম্ভার সংগ্রহ করিতে আরম্ভ করিলেন ॥ ৫

তিনি ঋত্বিক্, পুরোহিত ও আচার্যদিগকে আহ্বান করিয়া কহিলেন—'আমি অশ্বমেধ যজ্ঞ করিব, আপনারা অদ্য উদ্যম করুন' ॥ ৬

তৎপরে ত্রিকালদর্শী মহাত্মা কৃষ্ণদ্বৈপায়ন (বেদব্যাস) রাজা জনমেজয়ের অভিপ্রায় জানিয়া উহার অনুষ্ঠান পরীক্ষিৎনন্দন জনমেজয়কে দর্শন করিবার জন্য হঠাৎ আসিয়া উপস্থিত হইলেন ॥ ৭

পরীক্ষিৎনন্দন রাজা জনমেজয় সমাগত ঋষিবর বেদব্যাসকে দেখিয়া শাস্ত্রবিধি অনুসারে—আসন, পাদ্য ও অর্ঘ্যদ্বারা তাঁহার পূজা করিলেন ॥ ৮

হে সৌনক ! তাঁহারা দুইজন (বেদব্যাস ও জনমেজয়) পরস্পর পরস্পরের অভিমুখী হইয়া আসন পরিগ্রহ করিলে এবং অন্যান্য সমস্তবর্গ স্ব স্ব আসনে উপবেশন করিলে পর উভয়ে বেদ, সংহিতা প্রভৃতি অবলম্বন করিয়া নানা প্রকার বিচিত্র কথার আলোচনা করিতে লাগিলেন ॥ ৯

উক্ত আলোচনা সমাপ্ত হইলে জনমেজয় পাণ্ডবগণের পিতামহ এবং স্বকীয় প্রপিতামহ মুনিবর বেদব্যাসকে কহিলেন—মহাভারতীয় আখ্যান বহুল অর্থে সমৃদ্ধ । ইহার মধ্যে শ্রুতিসমূহের অর্থ বিবৃত হইয়া বিস্তার লাভ করিয়াছে । ইহা এতই শ্রুতিমধুর যে—মহাভারত শ্রবণে বহুকাল অতিবাহিত হইলেও সেই দীর্ঘকাল আমার অল্পকালের ন্যায় মনে হয় ॥ ১০-১১

বিকৃতিবিস্তারকরং সর্বেষাং বৈ ভয়ঙ্করম্।
ইত্যা মুনিভিঃ ব্রহ্মন্ পঞ্চমে জীবমিত্যাহিতম্ ॥ ১২

অমৃতেন তু তৃপ্তিঃ স্যাদ্ যথা স্বর্গস্থলেন চ।
তথা তৃপ্তির্ন গচ্ছামি শ্রুত্বেমাং ভারতীং কথাম্ ॥ ১৩

অনুমান্য তু সর্বজ্ঞ পৃচ্ছামি ভগবন্তম্
যেন কুরূণাং নাশস্য রাজসূয়ো মতো মম ॥ ১৪

ক্ষয়মানাং যথা ক্ষোণীং রাজন্যানুপপ্লবে।
রাজসূয়ো তথা নস্তে বৃদ্ধার্থমুপকল্পিতম্ ॥ ১৫

রাজসূয়স্তু সোমেন ক্রতুরত্রে পূর্বমাহৃতঃ।
তস্যান্তে সুমহদ্ যুদ্ধমভবত্তারকাময়ম্ ॥ ১৬

আহূতো বরুণেনাথ তস্যান্তে সুমহাক্রতোঃ।
দেবাসুরঃ মহাযুদ্ধঃ সর্বক্ষয়করাময়ম্ ॥ ১৭

হরিশ্চন্দ্রশ্চ রাজর্ষিঃ ক্রতুনানেন বৈ পুরা
তত্রাপ্যাড়ীবকং নাম যুদ্ধং ক্ষত্রিয়নাশনম্ ॥ ১৮

ততোঽনন্তরমাযোগে পাণ্ডবেনাহিতস্ততঃ
মহাভারত আরম্ভঃ সত্ত্বতোঽদ্ভিরিব ক্রতুঃ ॥ ১৯

তস্য তুল্যং যুদ্ধং লোকক্ষয়করং তু।
রাজসূয়ো মহাযজ্ঞঃ কিমর্থং ন নিবারিতঃ ॥ ২০

রাজসূয়ো ক্রতুশ্রেষ্ঠো যজ্ঞানৈন্দ্রো ভরতর্ষভৈঃ।
বিদ্যতে প্রথিতে যজ্ঞে প্রজানাং সংক্ষয়ো ধ্রুবঃ ॥ ২১

ভবানপি চ সর্বেষাং পূর্বেষাং নঃ পিতামহঃ।
অতীতানাগতজ্ঞশ্চ নাথশ্চাসিকরশ্চ নঃ ॥ ২২

তে কথং ভবতা নেত্রা বৃদ্ধিমন্তস্ত্যজা নয়াৎ
অনাথা ইবাপরাধ্যন্তে কুনেতারশ্চ মানবাঃ ॥ ২৩

ব্যাস উবাচ।

কালেন বিপরীতাস্তে তব পূর্বপিতামহাঃ
ন মাং ভবিষ্যঃ পৃচ্ছন্তি ন চাপৃচ্ছ্যা ব্রবীমাহম্ ॥ ২৪

হে মহাত্মন্! পঞ্চমাধ্যায়ে ১৯শ শ্লোকের ন্যায় আপনার রচিত ঐতিহাসিকীয় পুণ্য আখ্যান ঐশ্বর্যবৃদ্ধিকারক ও মঙ্গলকর ॥ ১২

মন্ত্রত আহরণে ও ৯৩সূত্র ভোজে যেমন আকাঙ্ক্ষার নিবৃত্তি হয় অর্থাৎ পুনরায় অন্যতম প্রসঙ্গ ও রসসূত্র ভোগের ইচ্ছা নিবৃত্তি হয়; কিন্তু মহাভারতীয় আখ্যান শ্রবণের পরেও পুনরায় শ্রবণের ইচ্ছা নিবৃত্তি হয় না অর্থাৎ বারংবার শ্রবণ করিতে ইচ্ছা হয় ॥ ১৩

হে ভগবন্! আপনি সর্বজ্ঞ, আপনার অনুমতি গ্রহণ করিয়া জিজ্ঞাসা করিতেছি। আমার পরম পিতৃপুরুষদের অনুষ্ঠিত রাজসূয় যজ্ঞই কৌরবগণের বিনাশের হেতু ॥ ১৫

কুরুক্ষেত্রের মহাযুদ্ধে অন্যের রাজবংশের যে প্রকারে বিনাশ হইয়াছে, তাহাতে মনে হয় রাজসূয়-যজ্ঞ যুদ্ধের নিমিত্তই কল্পিত হইয়াছে ॥ ১৬

ক্রতু হয়—পুরাকালে সোমদেব রাজসূয় যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন এবং সেই যুদ্ধের পরে "তারকাময়" নামে সুমহৎ যুদ্ধ সংঘটিত হইয়াছিল ॥ ১৬

অনন্তর বরুণদেব উক্ত রাজসূয় মহাযজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন এবং তৎপরে দেবতা ও অসুরগণের মধ্যে মহাযুদ্ধ হইয়াছিল। সেই যুদ্ধের ফলে সকল প্রাণীই বিনাশ প্রাপ্ত হইয়াছিল ॥ ১৭

রাজর্ষি হরিশ্চন্দ্রও উক্ত যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন সেখানেও যজ্ঞের পরে ক্ষত্রিয়গণের মধ্যে "আড়ীবক" —নামক যুদ্ধ হইয়াছিল এবং সেই যুদ্ধে আততায়ীকারী উচ্চ পদীয় ক্ষত্রিয়গণ বিনষ্ট হইয়াছিলেন ॥ ১৮

তৎপরে—প্রজ্বলিত অগ্নির ন্যায় ১ হইতে ৬ কল্পমধ্যে রাজসূয় যজ্ঞ দ্বারা যুধিষ্ঠির কর্তৃক অনুষ্ঠিত হয় এবং সেই যজ্ঞের অনুষ্ঠান কাল হইতেই তাবী কুরুক্ষেত্র মহাযুদ্ধের সূচনা হয় ॥ ১৯

এই সকল কারণে রাজসূয় যজ্ঞ লোকক্ষয়কর বলিয়া প্রতিভাত হয়। আপনি বিদ্যমান থাকিতে রাজসূয় যজ্ঞ যে যুদ্ধের কারণ, তাহা আপনি নিশ্চয়ই অবগত আছেন ॥ তথাপি রাজসূয় যজ্ঞের অনুষ্ঠানে প্রবৃত্ত আমার পিতামহ যুধিষ্ঠিরকে কেন নিষেধ করিলেন না? ২০

রাজসূয় মহাযজ্ঞের অনুষ্ঠান সকল অঙ্গের সহিত সম্পন্ন করা দুষ্কর। যথাশাস্ত্র অঙ্গের অনুষ্ঠান না হইলে প্রজাবর্গের বিনাশ-ও অবশ্যম্ভাবী ॥ ২১

(ভগবন্!) আপনি আমার পূর্বপুরুষ পাণ্ডব ও কৌরবগণের পিতামহ। অতীতভবিষ্যৎ কি ঘটিয়াছে এবং ভবিষ্যতে কি ঘটিবে—তাহা আপনার জ্ঞাত। আমাদের কুলের অধিপতি এবং রক্ষকও আপনি ॥ ২২

আপনার ন্যায় নেতা বিদ্যমান থাকিতে বুদ্ধিমান্ পাণ্ডবগণ নীতিভ্রষ্ট হইলেন কেন? কারণ, যাঁহারা উক্ত নেতৃবিহীন অথবা কুনেতার দ্বারা পরিচালিত; তাঁহারাই ত' অপরাধ করিয়া থাকেন ॥ ২৩

ব্যাসদেব কহিলেন—হে জনমেজয়, তোমার পূর্ব পিতামহ পাণ্ডবগণ কালের প্রেরণায় বিপরীত ভাবাপন্ন হইয়াছিল।

সামর্থ্যঞ্চ ন পশ্যামি ভবিষ্যন্তু নিবর্ত্তনে
পরিহর্ত্তুং ন শক্যা হি কালেন বিহিতা গতিঃ ॥ ১৫
ইত্যা দ্বিজময়ং পৃষ্টো বক্ষ্যাম্যাগন্তু ভাবি তৎ।
অতস্ত্বং বলবান্ কালঃ ক্রুরাণি ন করিষ্যসি ॥ ১৬
ন সংরম্ভায় চারম্ভায় বৈ স্বাত্মসি পৌরুষে।
লেখাহি কালবিহিতাঃ সর্ব্বথা দুরতিক্রমাঃ ॥ ১৭
অশ্বমেধঃ ক্রতুঃ শ্রেষ্ঠঃ ক্ষত্রিয়াণাং পরিশ্রুতঃ
তেন ত্বাবেন তে যজ্ঞঃ বাসবো ধর্ষিষ্যতি ॥ ১৮
যদি তদ্ধক্ষ্যতে রাজন্ পরিহর্ত্তুং ক্ষমস্ব তৎ।
দৈবং পুরুষকারেণ মা যজেথাস্ত্বং তং ক্রতুম্ ॥ ১৯
ন চাপরাধঃ শক্রস্য নোপাধ্যায়স্যগর্হণম্ তে।
ত্বং বা যজমানস্ত্ব কালোঽত্র দুরতিক্রমঃ ॥ ২০

(যুদ্ধক্ষেত্রে) মৃত্যুর পরিস্থিতি কি হইবে—ইহা তাহারা আমাকে জিজ্ঞাসা করে নাই। জিজ্ঞাসা না করিলে আমি কাহাকেও কিছু বলি না ॥ ১৪

ভবিষ্যতে যাহা ঘটিবে, (অবশ্যই হইবে (তাহা যতই দুঃখকর হউক না কেন) তাহার বাতিক্রম করার সামর্থ্য আমার নাই। যেহেতু কালকর্তৃক বিহিত গতি (কালের বিধান) পরিহার করা অসম্ভব ॥ ১৫

(রাজন্!) তুমি আমাকে জিজ্ঞাসা করিয়াছ। (অতএব) আগন্তুক ভবিষ্যতের কথা আমি তোমাকে বলিব। আমার নিকট হইতে ভবিষ্যতের পরিণতির বিবরণ জানিয়া ও (অতঃ পরিণতির কথা অবশ্য হইয়া ভবিষ্যতে সেই কার্য্য যদি করিবে না স্থির কর, তথাপিও) বলবান্ কালের প্রভাবে ভবিষ্যতে তাহা করিবে না (অতঃকর কার্য্য হইতে বিরত হইবে না) ॥ ১৬

দুঃখাবহ পরিস্থিতির কথা অবশ্য হইয়া পুরুষকার অবলম্বনে বর্ত্তমানে যে কর্ত্তব্য স্থির করিবে,—ভবিষ্যৎকাল সমুপস্থিত হইলে অবশ্যই কেবলমাত্র পুরুষকার অবলম্বনে স্থিরীকৃত সেই কর্ত্তব্যে অটল থাকিতে পারিবে না। কারণ, কালের বিধান সকল প্রকারেই অপ্রতিরোধ্য ॥ ১৭

ক্ষত্রিয়কুলের পক্ষে অশ্বমেধ যজ্ঞ শ্রেষ্ঠ বলিয়া কথিত হইয়াছে। এই যজ্ঞের মহত্ত্বের জন্য (অর্থাৎ যথাবিধি যজ্ঞের অনুষ্ঠান সম্পন্ন হইলে যজ্ঞকারী ইন্দ্রতুল্য হন বলিয়া) দেবরাজ ইন্দ্র বিদ্বেষ বশে তোমার যজ্ঞকে (ভবিষ্যতে তুমি যে-অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিবে, সেই যজ্ঞকে) ভঙ্গ করিয়া দিবেন ॥ ১৮

হে রাজন্! তুমি যদি কোন প্রকারে পুরুষকারের দ্বারা দৈবকে পরিহার করিতে সমর্থ হও, তাহা হইলে (সঙ্গত্রিত) অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিও না ॥ ১৯

তস্য সংস্কারতন্ত্রমিদং কালস্য লক্ষণেদিনঃ
যথাদৃষ্টং প্রজাসর্গং গমিষ্যতি যুগক্ষয়ে ॥ ৩১
তথা যজ্ঞফলানাঞ্চ বিক্রেতারো দ্বিজাতয়ঃ।
তৎ প্রণেষ্যং নিবোধেদং ত্রৈলোক্যং সচরাচরম্ ॥ ৩২

জনমেজয় উবাচ

নিমিত্তাবধ্যমেধস্য কিং নিমিত্তং ভবিষ্যতি।
ব্রহ্মন্ পরিহরিষ্যামি ভগবন্ যদি মন্যসে ॥ ৩৩

ব্যাস উবাচ

নিমিত্তং ভবিতা তত্র ব্রহ্মকোপকৃতঃ প্রভো।
যতেথাঃ পরিহর্ত্তুং ত্বমিতোঽতদ্ভবমস্তু তে ॥ ৩৪
ত্বত্তা বৃত্তঃ ক্রতুঃ চৈব বাজিমেধঃ পরন্তপ
ক্ষত্রিয়া নাভরিষ্যন্তি যাবদ্ দুর্নিহরিষ্যতি ॥ ৩৫

যজ্ঞ এই কারণের জন্য দেবরাজ ইন্দ্র অপরাধী হইবেন না। তোমার উপাধ্যায়গণ, পুরোহিতগণ অপরাধী হইবেন না। বস্তুঃ তুমি— যজমানেরও অপরাধ হইবে না। কারণ কাল-প্রভাবেই ঐ সকল দুর্ঘটনা ঘটিবে। এ বিষয়ে কালের প্রভাব দুরতিক্রম্য ॥ ২০

কালরূপী পরমেশ্বর দেবের অভিপ্রায়ে কলিযুগে যেরূপে কাল-প্রভাবে অশ্বমেধ যজ্ঞের যথাযথ অনুষ্ঠান বন্ধের জন্য উপকরণ ইন্দ্রের বিদ্বেষাদি বশতঃ অসম্ভবপর হইয়াছে। কলিযুগে সকল প্রজা প্রায়শঃ অসৎ স্বভাব বিশিষ্টই প্রাপ্ত হইবে অর্থাৎ যজ্ঞাদির অনুষ্ঠানে শ্রদ্ধাপরায়ণ যাহারা ছিল, তাহা ধীরে ধীরে নষ্ট হইয়া যাইবে। এই বিষয় আমি ভবিষ্যতিতে বর্ণন করিয়াছি ॥ ২১

সেইরূপে বলবান্ কালের প্রভাবেই দ্বিজাতিগণ যজ্ঞ-ফল বিক্রয় করিবেন এবং চরাচর ভক্ষ্য ও ভাবাত্মক। ত্রিভুবন সেই কালের প্রভাবেই বিনষ্টির হইবে। ঐ সকল বিষয়ক শ্রবণ কর ॥ ২২

জনমেজয় কহিলেন—আমি যে অশ্বমেধ যজ্ঞ করিতে বাসনা করিয়াছি, তাহার অনুষ্ঠানে কি প্রকার প্রতিবন্ধক উপস্থিত হইবে —মনে করেন? ঐ বিষয় আপনার নিকট হইতে শ্রবণ করিয়া ভবিষ্যতে সেই যজ্ঞের অনুষ্ঠানে বিরত হইব ॥ ৩৩

ব্যাসদেব কহিলেন—হে রাজন্! ব্রহ্মদের প্রতি কৃত দুরাচার তোমার অনুষ্ঠেয় অশ্বমেধ যজ্ঞ-সম্ভারের (পণ্ডের) নিমিত্ত হইবে। তুমি যজ্ঞের অনুষ্ঠান পরিত্যাগে যত্নশীল হও। ইহাতে তোমার কল্যাণ হইবে ॥ ৩৪

হে শত্রুপীড়ক রাজন্! কালপ্রভাবে তুমি অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিবে। তৎপরে যাবৎ কাল পৃথিবী বর্ত্তমান থাকিবে তাবৎকাল ক্ষত্রিয়গণ অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিবেন না ॥ ৩৫

জনমেজয় উবাচ।

নিবৃত্তাবধ্বমেধস্য ব্রহ্মণাপাগ্নিতেজসা।
অহং নিমিত্তমিতি মে ভয়ং তীব্রং তু জায়তে ॥ ৩৬
কথং ভূকীর্ত্যা মুক্তোত্ত সুকৃতী দণ্ডিযো জনঃ
লোকানুৎসহতে গন্তুং যঃ সপাপ ইব দ্বিজঃ ॥ ৩৭
যথা জ্ঞানাগতমিদং দৃষ্টযত্র প্রত্যবধানম্।
বক্তুমি পুনরাবৃত্তির্যজ্ঞস্যাবাসয়ঃ মাম্ ॥ ৩৮

ব্যাস উবাচ

উপাত্তবজ্ঞো দেবেষু ব্রাহ্মণেষূপপদ্যতে
তেজসা ব্যাপ্তত্বাত্ তেজস্তেজস্কৃতোবর্তিষ্ঠতে ॥ ৩৯
ইত্যিজ্ঞো ভবিতা কশ্চিৎ সেনানীঃ কাশ্যপো দ্বিজঃ
অশ্বমেধং কলিযুগে পুনঃ প্রত্যাহরিষ্যতি ॥ ৪০

তদন্তে তং কুলীনস্তু রাজসূয়েনপি ক্রতুম্
আহরিষ্যতি রাজেন্দ্র শ্বেতগ্রহনিবাসুকঃ ॥ ৪১
যথাবলং মনুষ্যাণাং কর্তৃণাং দাস্যতে ফলম্।
যুগান্তবায়বৃষ্টিভিঃ সংবৃতং বিংরিষ্যতি ॥ ৪২
তদা প্রভৃতি লাস্যন্তি নৃণাং প্রাণাঃ পুরাকৃতাঃ।
ন নিবর্ত্তিষ্যতে লোকে বৃত্তান্তাবর্তনেষিব ॥ ৪৩
তদা সূক্ষ্মো মহোদর্কো হৃস্তরো দানমূলবান্।
চাতুরাশ্রম্যধর্মাণি বিলোপয়িতি ॥ ৪৪
তদা তন্ত্রেণ তপসা সিদ্ধিঃ প্রাপ্স্যন্তি মানবাঃ।
বক্তা ধর্ম্মং চরিষ্যন্তি যুগান্তে জনমেজয় ॥ ৪৫

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
জনমেজয়প্রশ্নে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ ২

জনমেজয় কলিনেন—ব্রহ্মশাপজনিত অগ্নির তেজে আমার অনুষ্ঠেয় অশ্বমেধ যজ্ঞে বিঘ্ন ঘটিবে এবং ব্রহ্মহত্যার নিমিত্ত-ও আমি হইব, এই ভয়ই অবশ্য হওয়ায় আমার অত্যন্ত ভয় হইতেছে ॥ ৩৬

ভগবন্! আমার ন্যায় সদাচারসম্পন্ন ব্যক্তি কিভাবে অপরাধে লিপ্ত হইবে। পাপবদ্ধ পক্ষী যেরূপ মুক্ত আকাশে বিচরণ করিতে উদ্যম বোধ করে না, সেইরূপ ব্রহ্মশাপ-কলুষে কলঙ্কিত হইয়া আমিও অশ্বমেধকে উপস্থিত হইতে উৎসাহ বোধ করিব না ॥ ৩৭

হে ভগবন্! আপনি জ্ঞানদৃষ্টিতে যেরূপে অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠানে বিঘ্নান ঘটিবে উপলব্ধি করিয়াছেন সেইরূপ অতীতের দৃষ্টিতে যদি ঐ যজ্ঞের যথাবিধি পুনরাবৃত্তির উপলব্ধি হইয়া থাকে, তবে তাহা বলিয়া আমাকে আশ্বস্ত করুন ॥ ৩৮

ব্যাসদেব কহিলেন—অশ্বমেধ যজ্ঞ উপকরণে সমাপ্তির পর সেই যজ্ঞ জ্ঞানকল্পে দেবতা ও ব্রাহ্মণগণের মধ্যে অবস্থান করিবেন। কারণ তেজের দ্বারা তেজ ব্যাহত হয় না; তেজস্বী তেজে তেজের অব্যাহত ভাবে অবস্থানের ন্যায় অশ্বমেধ যজ্ঞ-তেজঃকণে দেব ও ব্রহ্মতেজে অব্যাহত থাকিবে ॥ ৩৯

অতঃপর কাশ্যপবংশের সেনানী নামক কোন ব্রাহ্মণ তৃতীয় তেজ করিয়া আত্ম প্রকাশ করিবেন। সেই (তেজস্বী) ব্রাহ্মণ পুনরায় অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিবেন ॥ ৪০

হে রাজেন্দ্র! ইক্ষ্বাকু অশ্বমেধের পর সেই ব্রাহ্মণ রাজসূয় যজ্ঞের অনুষ্ঠানও করিবেন। আকাশে শ্বেতবর্ণ গ্রহের উদয় যেরূপ প্রলয়সূচক, সেইরূপ রাজসূয় যজ্ঞের অনুষ্ঠানও প্রলয়ের সূচক হইবে ॥ ৪১

অতঃ সহকারে যথাবিধি অনুষ্ঠিত যজ্ঞের ফল ভক্ত হয়। কলিযুগে যজ্ঞকর্তা মনুষ্যগণের প্রজা প্রকৃতি যথাযথ না থাকায় যজ্ঞ পণ্ড হইয়া যায়। পণ্ড যজ্ঞের ফল অভক্তই হইয়া থাকে। দেবতা ও ব্রহ্মতেজে তেজঃকণে অবস্থিত সেই যজ্ঞের পুনঃ প্রসার কলিযুগের অন্তে ভবিষ্যৎ করিয়া থাকেন ॥ ৪২

পূর্বোক্ত রাজসূয় যজ্ঞ অনুষ্ঠানের পর হইতে জগদ্বাসের উচ্ছিন্নধর্ম, পুরাতন আচার রাজসূয় যজ্ঞাদির অনুষ্ঠান-বিষয়ে নিচ্ছিন্ন থাকিবে। এইভাবে যুগের আবর্তনে পুরাতন নিষ্ঠাচারাদির লোকসমাজে প্রচলন থাকিবে ॥ ৪৩

কলিযুগে নানাপ্রকার বিঘ্নের জন্য ধর্ম যোগাধিকর্ম সম্পাদিত হইবে। তবে অন্ত ধর্মের যথাযথ অনুষ্ঠানের প্রচুর ফল হইবে। দানই তখন প্রধান ধর্ম হইবে। বর্ণাশ্রম ধর্মের নৈষ্ঠিল্য-নিবন্ধন ধর্মও পরে পরে যাবা প্রাপ্ত হইবে ॥ ৪৪

হে জনমেজয়! কলিযুগে সামান্য তপস্যাদির আচরণেও মানবগণ সিদ্ধিলাভ করিবেন। সুতরাং ঐ যুগেও যে মানবগণ ধর্মের আচরণ করিবেন, তাঁহারা ধন্য হইবেন ॥ ৪৫

শ্রীমহাভারতের অন্তর্গত খিল হরিবংশে ভবিষ্যপর্বে জনমেজয়ের প্রশ্নবিষয়ক দ্বিতীয় অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

তৃতীয়োঽধ্যায়ঃ ৩

[ব্যাসদেবের কলিযুগস্য স্থিতিবর্ণনম্

জনমেজয় উবাচ

আসন্না বিপ্রকৃষ্টা বা যদি কালা ন বিদ্যতে
তস্মাত্তাপরসংবিদ্ধা যুগান্তঃ শ্রূয়তামিতি ॥ ১
প্রাপ্তা বয়ং তু তৎকালননয়া ধর্মকৃন্তয়া
আদদ্মঃ পরমং ধর্মং সুখমাপ্নুম কর্মণা ॥ ২

সৌনক উবাচ

প্রজাসম্মুহ্যকরঃ যুগান্তঃ সমুপস্থিতম্
প্রনষ্টধর্মঃ ধর্মজ্ঞ মিথ্যৈবৈতু নৃষীসি ॥ ৩

সৌতিরুবাচ

পৃষ্ট এবং ভবিষ্যন্তং গতিং তত্ত্বেন চিন্তয়ন্।
যুগান্তে সর্বভূতানাং ভবান্ প্রবীত্যুবাচ ॥ ৪

ব্যাস উবাচ

অবক্ষিতারো রাজানো বলিভাগস্য পার্থিবাঃ
যুগান্তে প্রভবিষ্যন্তি ব্রহ্মবন্ধুপরায়ণাঃ ॥ ৫
জনমেজয়াংশ্চ রাজানো বিপ্রাঃ সূতাপজীবিনঃ
সূত্রান্ত প্রাহ্মণাচারা ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥ ৬
ক্যাতে স্পৃষ্টাঃ শ্রোত্রিয়ান্ত ভিক্ষিষ্যন্তি দবীঃস্বাধ।
একপঙ্‌ক্ত্যামশিষ্যন্তি যুগান্তে জনমেজয় ॥ ৭
শিল্পবন্তোঽনৃতপরা নরা নষ্টামিষপ্রিয়াঃ
মিত্রতার্যা ভবিষ্যন্তি যুগান্তে জনমেজয় ॥ ৮
রাজবৃত্তিস্থিতাশ্চৌরা রাজানশ্চৌরশীলিনঃ।
কৃত্যাস্থানিষ্ঠিতুষ্টো ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥ ৯
ধনানি প্রধনীয়ানি সন্তঃ বৃত্তপূজিতম্।
অকুলেনা চ পতিতে ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥ ১০
প্রনষ্টচেতনা নর্তা মুক্তকেশা বিচূলিনঃ
উনষোড়শবর্ষাশ্চ প্রজাস্যন্তি নরাঃ সদা ॥ ১১

কলিযুগে যাহারা ক্ষত্রিয় নহে এরূপ ব্যক্তিগণও রাজা হইবে। ব্রাহ্মণের প্রভুত্বকালে ব্রাহ্মণ ক্ষত্রিয়বৃত্তি দ্বারা জীবনির্বাহ করিবেন এবং শূদ্রগণ ব্রাহ্মণবৃত্তি আশ্রয় করিয়া ব্রাহ্মণের পালন করিতে থাকিবে। ৬

জনমেজয়! কলিযুগে ধনুর্ধারীরা (ক্ষত্রিয়বৃত্তিতে জীবিকার্জনকারী) ব্রাহ্মণ ও ক্ষত্রিয় ব্রাহ্মণগণ উভয়েই এক পঙ্‌ক্তিতে বসিয়া পরস্পরবর্দ্ধিত হবিঃ ভোজন করিবেন। ৭

জনমেজয়! কলিযুগে মনুষ্যগণ শিল্পকর্মকারী, অসত্যবাদী, মদ্য ও মাংসপ্রিয় এবং পাটকেই মিত্র বলিয়া মনে করিবে। ৮

যুগান্তকালে (কলিযুগে) চৌরেরা রাজোচিত বৃত্তিতে থাকিবে ও রাজাদের ন্যায় চৌরের কুলা হইবে এবং কৃতঘ্ন সেই সব বস্তু ভোগ করিবে, যে সব ভোগ করিবার জন্য তাহাদের প্রভুগণ অনুমতি না করিবে। ৯

কলিযুগে ধনই সকলের নিকট স্পৃহণীয় হইবে, সদ্‌গুণ-গণের আচার-ব্যবহারের সমাদর থাকিবে না এবং বর্ণ হইতে পতিত মানুষের প্রতি নিন্দাভাবপোষণকারী মানুষসকলের জন্ম হইবে না। ১০

মনুষ্যগণ ধর্ম ও অর্থ বিসর্জনহীন হইবে, বিধবা ও সন্তানাদীন পরস্পর সমাগম করিয়া সন্তান উৎপাদন করিবে। ষোল বৎসরের কম বয়সের মানুষেরাও সদা সন্তানের জন্মদান করিবে। ১১

তৃতীয় অধ্যায়

[ব্যাসদেব কর্তৃক কলিযুগের স্থিতি বর্ণন।]

জনমেজয় বলিলেন,—ভগবন্! আমাদের যোজনকাল নিকট-বর্তী কিংবা দূরবর্তী, তাহা আমি জানিনা। অতএব যে কালের যুগকে অবলম্বন আছিকো বৃদ্ধিত করিয়া দিয়াছে, সেই যুগান্তের অর্থাৎ কলিযুগের বর্ণন আমি শুনিতে অভিলাষী হইয়াছি। ১

কলিযুগের কালুষ অল্পপ্রহরে কৃত সৎকর্মের দ্বারা সুখে মহান ধর্মের ফললাভ করিতে পারে, এইরূপ এই ধর্মবিষয়ক লোকে আমরা সেই কলিযুগে জন্মগ্রহণ করিয়াছি। ২

সৌনক বলিলেন,—ধর্মজ্ঞ সূতনন্দন! প্রজাগণের উদ্বেগকর এবং ধর্মকে মহতাকারী কলিযুগ উপস্থিত হইয়াছে। আপনি ভাবী অমঙ্গলসমূহের সহিত এই কলিযুগের বর্ণন করুন। ৩

সৌতি (সূতপুত্র উগ্রশ্রবা) বলিলেন,—সৌনক! রাজা জনমেজয়ও এরূপ প্রশ্ন করিয়াছিলেন। তাহার উত্তরে কলিযুগে সমস্ত প্রাণিগণের ভবিষ্যৎ গতির তত্ত্ব বিচার করিয়া ভগবান্ ব্যাসদেব সেই সময় এই কথা বলিয়াছিলেন। ৪

ব্যাসদেব বলিলেন,—রাজন্! কলিযুগে প্রজাদিগকে রক্ষা না করিয়াই তাহাদের নিকট হইতে করগ্রহণকারী নৃপতিগণ উৎপন্ন হইবে, যাহারা সর্বদা নিজের শরীরমাত্রকেই রক্ষা করিতে তৎপর থাকিবে। ৫

অট্টশূলা জনপদাঃ শিবশূলাশ্চতুষ্পথাঃ।
প্রমদাঃ কেশশূলাশ্চ ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥ ১১
সর্বে ব্রহ্ম বদিষ্যন্তি সর্বে ব্রাহ্মণদেষিনঃ।
শূদ্রা ভোগাভিলাষিণ্যশ্চ ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥ ১২
রূপোপজীবকলাশ্চ বিক্রেতারো দ্বিজাতয়ঃ।
ক্ষত্রবন্ত ভবিষ্যন্তি বিপরীতা যুগক্ষয়ে ॥ ১৩
গুরুবস্তাহঙ্কিতাশ্চাল্প মুণ্ডাঃ কাষায়বাসসঃ।
ধূতা ধর্ম্মং চরিষ্যন্তি শাক্যবৃদ্ধোপজীবিনঃ ॥ ১৪
ঘাপদপ্রচুরত্বঞ্চ গব ভৈষ্য শশিক্ষয়ঃ।
ঋজুনাং বিনিবৃত্তিশ্চ দ্বিজাস্তন্তে যুগে ॥ ১৫
অন্ত্যা মধ্যা নিবংস্যন্তি মধ্যাশ্চান্ত্যনিবাসিনঃ।
তথা নিঃস্বাঃ প্রজাঃ সর্ব্বা ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥ ১৭
তথা স্ত্রিয়স্তনা দমাস্তথা পত্যনকর্ষকাঃ।
চিত্রবর্ষী চ পর্জ্জন্যো যুগে ঘোরে ভবিষ্যতি ॥ ১৮

সর্বে চৌরকুলে জাতাস্তৌরধর্ম্মাঃ পরস্পরম্।
স্বল্পেনাঢ্যা ভবিষ্যন্তি যৎ কিঞ্চিৎ প্রাপ্য দুর্গতাঃ ॥ ১৯
ন তে ধর্ম্মং করিষ্যন্তি মানবা নির্গতে যুগে।
ঊর্দ্ধকর্ম্মবহুলা হ্রাসিনঃ পশ্বানস্তত্ববাদিনঃ ॥ ২০
সর্বে বালিজাকাস্তৈব ভবিষ্যন্তি কলৌ যুগে।
পিতৃদত্তানি দেয়ানি বিহনস্তে সুতাদয়ঃ।
তদবাপ্ত প্রপংক্ষন্তে লোভাদ্ভবিরোধিতাঃ ॥ ২১
সৌকুমার্য্যে তথা রূপে রত্নে চোপস্করে গন্ধে।
ভবিষ্যন্তি যুগান্তে চ নার্য্যঃ কেশৈশ্চলত্তাঃ ॥ ২২
নিস্ত্রিংশাস্তত্র দৃতঙ্ক গৃহদৃতঙ্ক ভবিষ্যতি
যুগান্তে সমনুপ্রাপ্তে নাস্তা ভার্য্যা সমা গতিঃ ॥ ২৩
কুলীনার্য্যাভৃশিষ্ঠা বৃথাজপসমন্বিতম্
পুরুষাস্তু বহুস্ত্রীকাঃ তদযুগস্যক্ষ লক্ষণম্ ॥ ২৪

কলিযুগে জনপদের সমুদয় অন্ন বিক্রয় করিবে, ব্রাহ্মণগণ চতুষ্পথে বেদ বিক্রয় করিবে এবং যুবতী স্ত্রীর মূল্য লইয়া জীবিকা করিবে ॥ ১১

সেই সময় সকল মানুষই যুদ্ধে ব্রহ্মহানি হইবে অর্থাৎ ব্রহ্মজ্ঞানের আদর লইয়া কর্ম্মঠই হইয়া যাইবে। অন্ত্যা-সমূহ লুপ্ত হইয়া যাইবে। সকলেই নিজেকে ব্রাহ্মণশ্রেষ্ঠা শাখাজ্ঞানী বলিবে এবং দুষ্টগণ নিজ অপেক্ষা শ্রেষ্ঠ ব্যক্তির সম্মানের জন্য কেবল ভোগাশী হইবে অর্থাৎ আহার ॥ এই কথা বলিবে, প্রশংসাদি করিবে না। ১৩

বৃথাস্তকালে ব্রাহ্মণগণ তপস্যা ও যজ্ঞের ফল বিক্রয়কারী হইবেন। সেই সময় সমস্ত জাতি বিপরীতধর্ম্মী হইবে ॥ ১৪

মুণ্ডমস্তক কাষায়বস্ত্রী বুদ্ধের মত অবলম্বন করিয়া অর্থাৎ বেদ-বুদ্ধক নাস্তিক হইয়া বেদবিরোধী ধর্ম্মের আচরণ করিবে। তাহারা ওম মন্ত্রের মত ধারণ করিবে, চক্ষুতে কাজল লেপন করিবে এবং মস্তক মুণ্ডন করিয়া থাকিবে ॥ ১৫

অতিযুগে (কলিযুগে) কুকুর বাঘাদি হিংস্র প্রাণিগণের আধিক্য হইবে ; ঘোটকের সংখ্যা হ্রাস পাইবে এবং উত্তম রস-সমূহের অভাব হইবে ॥ ১৬

কলিযুগে অন্ত্যজ বা ম্লেচ্ছজাতির মনুষ্যগণ মধ্যদেশে বাস করিবে, মধ্যদেশের নিবাসী মনুষ্যগণ ম্লেচ্ছদেশে বাস করিতে থাকিবে এবং সমস্ত প্রজারা নীচ বৃত্তি অনুসরণ করিবে ॥ ১৭

যুগের সমাপ্তির সময় ৭ই বৎসরের গরুকে পাখী ও জল চালনা করিবার যে গা বলিয়া বিবেচিত করিবে এবং ইহারাই

স্ত্রী ও নিঃস্বামিকেও কর্ষণ করিবে এবং মেঘ বিচিত্র ভাবে জল বর্ষণকারী হইবে অর্থাৎ জলপ্লাবন এবং হইবে যে, কর্ষণরত পুরুষ এক মুষ্ট বর্ষার জলে ভিজিবে এবং অন্য মুষ্ট শুষ্ক থাকিবে ॥ ১৮

অধিকাংশ মানুষই চোরের বংশে জন্মিবে এবং পরস্পর পরস্পরের দ্রব্য চুরি করিবে। অল্প ধনেই মানুষেরা ধনী হইবে এবং অতি অল্পেই কষ্ট পাইয়া দুর্গতি প্রাপ্ত হইবে ॥ ১৯

যুগের সমাপ্তির সময় মানবগণ ধর্ম্মাচরণ করিবে না, ভূমি প্রায়ঃ উষর হইয়া যাইবে এবং সকল পথই উত্তরে পূর্ণ থাকিবে ॥ ২০

কলিযুগে প্রায় সকল মানুষই বণিজ্যকারী হইবে, পিতা কর্তৃক প্রদত্ত দেয় বস্তুসমূহ (অভিরুচিমাত্রে যাহা শাস্ত্রানুসারে বক্তব্যযোগ্য নহে) পুত্রগণ সেই সময় পরস্পর বঞ্চন করিয়া লইবে এবং লোভ ও অসত্তা প্রেরিত হইয়া বিরোধিতা করত অপরের সম্পত্তি হরণ করিবার চেষ্টা করিবে ॥ ২১

কলিযুগে সুকুমরতা, রূপ ও সুবর্ণাদি রত্ন স্ত্রীগণ হইয়া যাওয়ার নারীগণ নানাবিধ কেশসমূহের দ্বারাই নিজেদের অলঙ্কৃত করিবে ॥ ২২

যুগান্তকাল অর্থাৎ কলিকাল উপস্থিত হইলে পর স্ত্রী, ভৃত্য, দিবা আহরণাদি ভোগসামগ্রী-রহিত গৃহবাসের পক্ষে ভার্য্যার সমান অন্য কেহই গতি হইবে না ॥ ২৩

যখন প্রজাবর্গের মধ্যে নীচ দুরাচারীদিগের সংখ্যা অধিক হইবে, সমস্ত মানুষ বৃথা কথনরত হইবে, পুরুষ অল্প হইবে, এবং স্ত্রীর সংখ্যা বহু হইবে, তখন ইহাই যুগান্তকালের লক্ষণ প্রকাশ পাইবে ॥ ২৪

বহ্বাচারাস্তথা লোকা ন ভাস্যন্তি পরস্পরম্
অবিচার্য্য প্রবীষ্যন্তি দানং বর্ণানুরূপতঃ ॥ ১৫
রাজচৌরাগ্নিদণ্ডার্ত্তো জনঃ ক্ষয়মুপৈষ্যতি।
শস্যনিষ্পত্তিরুলা তরুণা বৃদ্ধজীবিনঃ
ঈদৃগানুষিনো লোকা ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥ ১৬
বর্ণাশ্চ ব্যত্যয়ঃ পরুষা নীচাঃ সর্ব্বত্রবর্ষিণঃ।
সন্দিগ্ধঃ পরলোকশ্চ ভবিষ্যতি যুগক্ষয়ে ॥ ১৭
আত্মানশ্চ তরাচারা ব্রহ্মদূষণতৎপরাঃ।
আত্মানং বহু মন্যন্তে মনুষ্যেষ্বাত্মবাদিনঃ ॥ ১৮
বৈশ্যাচারাশ্চ রাজানো ধনধান্যোপজীবিনঃ
যুগাপক্ষয়কালে সর্ব্বে ভবিষ্যন্তি দ্বিজাতয়ঃ ॥ ১৯
অপ্রবৃত্তা প্রবর্ত্তন্তে সময়াঃ লপথাস্তথা
ক্ষণং সবিনয়ভ্রংশঃ যুগে ক্ষীণে ভবিষ্যতি ॥ ২০

সেই সময় লোকসকলের মধ্যে যাচকগণের সংখ্যা বৃদ্ধি পাইবে, সকল মানুষ পরস্পরকে কোনও বস্তুই প্রদান করিবে না এবং সকল মানুষ বিনা বিচারেই অন্ত বর্ণের নিকট হইতে দান গ্রহণ করিবে ॥ ১৫

রাজা, চোর ও অগ্নিদ্বারা পীড়িত হইয়া প্রজারা ধীরে ধীরে নষ্ট হইয়া যাইবে এবং মনুষ্যকুলগণের ন্যায় বৃক্ষের ক্ষয় হইবে অর্থাৎ তাহারা উৎসাহ, বল ও পুরুষার্থ-রহিত হইয়া যাইবে। কলিযুগে প্রায় সকল মানুষই সুখের ভাগ হইতে বঞ্চিত হইবে ॥ ২১

যুগান্তকাল আসিলে পর বর্ণ সমূহে ব্যত্যয় ঘটিবে, নীচ (দুঃখদায়ক) বেদ ও) বক্তব্যবাদী হইবে। পরলোকের বিষয়ে সকল মানুষই সন্দেহযুক্ত হইবে ॥ ২৭

সেই সময় দুরাচারী মনুষ্যগণ আত্মা ও ব্রহ্মের নিন্দায় তৎপর হইবে এবং তাহারা নিজেকে নিজেই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া মনে করিবে ও ব্রাহ্মণগণের উপর ক্রোধপরায়ণ হইবে ॥ ২৮

ক্ষত্রিয়গণ বৈশ্যদিগের আচার পালনকারী হইবে এবং ধন-ধান্যের যাবনাবে জীবিকা অর্জন করিবে। কলিযুগে বর্ণ-মর্য্যাদার ভঙ্গ হইয়া যাওয়ায় সকল মানুষই দ্বিজ হইবে ॥ ২৯

যুগান্তকালে পরস্পর কৃত প্রতিজ্ঞা ও লপথ পালিত হইবে না, ক্ষণমাত্রই কথাতেই সমাপ্ত হইয়া যাইবে এবং বিনয়শীল সজ্জন পুরুষও ক্ষণকালে করিতে চাহিবে না, সেক্ষেত্রে দুর্জনগণের কথা আর কি বলিবার আছে ? ৩০

ভবিষ্যত্যাফলো ধর্ম্মঃ ক্রোধশ্চ সফলো নৃণাম্।
অজাস্তৈরোপরোধশ্চ পরস্পরার্থে যুগক্ষয়ে ॥ ৩১
অশাস্ত্রবিদ্যাঃ পুংসামেবমেব স্বভাবতঃ।
অপ্রমাণং বদিষ্যন্তি নীতিঃ পণ্ডিতমানিনঃ ॥ ৩২
শাস্ত্রোক্তস্যাপ্রবক্তারো ভবিষ্যন্তি যুগক্ষয়ে।
সর্ব্বে সর্ব্বং হি জানন্তি বৃদ্ধানুশাসনৈ বৈ ॥ ৩৩
ন কশ্চিদ্বর্ত্তিরাম যুগান্তে সমুপস্থিতে।
ন ক্ষত্রাণি নিয়োক্ষ্যন্তি বিকর্ম্মস্থা দ্বিজাতয়ঃ।
চৌরপ্রায়ান্ রাজানো যুগান্তে পর্য্যুপস্থিতে ॥ ৩৪
কৃতাবৃথা নৈকৃতিকাঃ সুতাপা ব্রহ্মবাদিনঃ।
অন্বয়েন যক্ষ্যন্তি যুগান্তে তনমেজয় ॥ ৩৫
অযাজ্যান্ যাজয়িষ্যন্তি তথাঽজ্ঞান্ত ভক্ষিণঃ।
ব্রাহ্মণা ধনতৃষ্ণার্ত্তা যুগান্তে সমুপস্থিতে ॥ ৩৬

কলিযুগে মনুষ্যগণের ধর্ম্ম বিফল হইবে এবং ক্রোধ সফল হইবে। ইহার ফলে পুত্রে পৌ পালিত হইবে না; তাহার পরিবর্ত্তে রাজাগণ পালনের নিমিত্ত ধরা থাকিবে ॥ ৩১

শাস্ত্রজ্ঞানহীন মূঢ় মনুষ্যগণের নিজেদের ইচ্ছানুসারে এক-রূপই কৃতা নির্ণীত হইবে অথবা নিজেদের ইচ্ছানুসারে যাহা কিছু বলিবে, তাহাকেই শাস্ত্রসম্মত বলিয়া অভিমত প্রকাশ করিবে। নিজেকে পণ্ডিত বলিয়া মনে করত সেই সব মূর্খগণ অপ্রমাণিক কথা বলিবে এবং তাহাকেই নীতির অনুকূল বলিয়া অভিহিত করিবে ॥ ৩২

যুগান্তকালে পাত্রে ক কথা বলিবার কেহ থাকিবে না এবং বৃদ্ধ। জ্ঞানিগণের , পুরুষগণের সেবা না করিয়াই সকল মানুষ 'সব কিছুই জানি' বলিয়া অভিমান করিবে ॥ ৩৩

যুগান্ত কাল উপস্থিত হইলে পর এরূপ কেহই থাকিবে না যে নিজেকে কবি সর্ব্বজ্ঞ বলিয়া মনে না করিবে। ব্রাহ্মণ-গণ শাস্ত্র-বিগর্হিত কর্ম্মে নিরত থাকিয়া ক্ষত্রিয়দিগকে ধর্ম্মে নিযুক্ত করিবেন না। সেই সময় রাজারা প্রায় চোর হইবে ॥ ৩৪

জনমেজয়! যুগান্তকালে কৃতাগুলি (পতি জীবিত থাকিতে জার-পুরুষের সংযোগে উৎপন্ন করাকে) বর্ত্তমানকারী, কপটী ও দুরাচারী মনুষ্যগণ ব্রহ্মবাদী হইয়া অশ্বমেধ যজ্ঞ করিবে ॥৩৫

যুগান্তকাল উপস্থিত হইলে পর ধনের তৃষ্ণায় পীড়িত ব্রাহ্মণগণ যজ্ঞে অনধিকারীদিগকেও যজ্ঞ করাইবে এবং অভক্ষ্য বস্তু (মাংস-পেঁয়াজাদি) ভক্ষণ করিবে ॥ ৩৬

তোশব্দমভিধাস্যন্তি ন চ কশ্চিৎ পঠিষ্যতি
একশঙ্খাস্তদা নার্য্যো গবেধুকপিনদ্ধকাঃ ॥ ৫৭
নক্তঞ্চারি বিরোগীনি বিপরীতা দিশস্তথা
সন্ধ্যারাগোঽথ দিগ্দাহো ভবিষ্যত্যবরে যুগে ॥ ৫৮
পিতৄন্ পূজা নিষেক্ষ্যন্তি বন্ধ্যাঃ যজ্ঞস্য কর্ম্মসু
বিবোনিষু চরিষ্যন্তি প্রমদাস্থ নরাস্তদা ॥ ৫৯
বাক্পরৈরেব্বর্ত্তয়িষ্যন্তি ওয়ন শিষ্যাস্তথৈব চ।
যুগেষু চ প্রযোক্ষ্যন্তি প্রমদাস্থ নরাস্তদা ॥ ৬০

অকৃতাগ্রাণি ভোক্ষ্যন্তি নরাশ্চৈবাগ্নিহোত্রিণঃ।
ভিক্ষাং বলিমদত্ত্বা চ ভোক্ষ্যন্তি পুরুষাঃ সমম্ ॥ ৬১
পত্নীন্ সুস্নান বরুচিরা গমিষ্যন্তি স্ত্রিয়োঽন্যতঃ।
পুরুষাস্ত্ব প্রসুপ্তাসু ভার্য্যাসু চ পরস্ত্রিয়ম্ ॥ ৬২
নাবাদিষ্যতো নাপাকৃতো জনঃ সর্ব্বোঽভাপুরুষঃ।
ন কৃতিপ্রতিকর্ত্তা চ যুগে ক্ষীণে ভবিষ্যতি ॥ ৬৩

ইতি শ্রীমদ্ভাগবতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
কলিযুগবর্ণনে তৃতীয়োঽধ্যায়ঃ ॥ ৩

সকল মানুষ সকলের উদ্দেশে ভো-শব্দেরই (এই, ওরে, আজ্ঞা ইত্যাদি) উচ্চারণ করিবে, কেহই পত্তা তনা করিবে না; সেই সময় স্ত্রীগণ একমাত্র শঙ্খকেই আভরণ করিবে এবং তাহারা নিজেদের গবেধুক নামক তৃণবিশেষের দ্বারা অলঙ্কৃত করিবে ॥ ৫৭

অতিশয় ঘোর নক্ষত্রসমূহ শনৈশ্চর গ্রহ-সংযোগাদি-রহিত হইবে, দিক্‌সকল বিপরীত ভাবেই হইবে, সেই সব সন্ধ্যাকালের ন্যায় লালিমায় আচ্ছন্ন থাকিবে এবং বিষম্ভর লাভ (ভলন বা ভসন) পূর্ণ হইয়া থাকিবে ॥ ৫৮

পুত্র পিতাকে ও বধূ শ্বশ্রূকে অবজ্ঞা করিয়া নানাবিধ কর্ম্মে নিযুক্ত করিবে। মনুষ্যগণ পশু-যোনিতে ও অশুচি অবস্থায় স্ত্রীর সহিত সমাগম করিবে ॥ ৫৯

শিষ্যেরা গুরুগণকে বাগ্‌বাণের দ্বারা আঘাত করিতে করিতে

তর্পণ করিবে এবং কামোন্মত্ত পুরুষেরা যুবেও মৈথুন করিবে ॥ ৬০

অগ্নিহোত্রী মনুষ্যগণও অগ্রগ্রাস দান না করিয়াই ভোজন করিবে, যদি প্রকৃতিকে ভিক্ষা ও দেবতাদির জন্য বলি (ভোজনগ্রাস বা উদ্দাহরণমাত্রই না দিয়াই সকল মানুষ একই ভোজন করিবে ॥ ৬১

নিশ্চিন্ত পতিকে বঞ্চনা করিয়া স্ত্রীগণ অন্য পুরুষের সহিত চলিয়া যাইবে, এইরূপ পুরুষেরাও ভার্য্যা নিদ্রিতা হইলে পর অন্য পুরুষের স্ত্রীর সহিত সমাগম করিবে ॥ ৬২

সেই সময় কোনও মানুষ এরূপ থাকিবে না, যে পারীরিক রোগ ও মানসিক পীড়ার দ্বারা গ্রস্ত না হইবে। সকল মানুষই অন্যের দোষ দর্শন করিবে। যুগান্তকালে কেহই উপকারের প্রত্যুপকারকারী হইবে না ॥ ৬৩

শ্রীমদ্ভাগবতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে কলিযুগবর্ণন-বিষয়ক তৃতীয় অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুর্থোঽধ্যায়ঃ ॥

[কলিযুগবর্ণনম্।]

জনমেজয় উবাচ।

এবং বিলুপ্তিতে লোকে মনুষ্যাঃ কেন পালিতাঃ।
নিবৎস্যন্তি কিমাচারাঃ কিমাহারবিহারিণঃ ॥ ১
কিংকর্ম্মাণঃ কিমীহন্তঃ কিংপ্রমাণাঃ কিমায়ুষঃ।
কাঞ্চ কাষ্ঠাং সমাসাদ্য প্রলয়স্যন্তি কৃতং যুগম্ ॥ ২

ব্যাস উবাচ

অত ঊর্দ্ধং চ্যুতে ধর্ম্মে গুণহীনাঃ প্রজাস্ততঃ
শীলব্যসনযাসাদ্য প্রাপ্স্যন্তে হ্রাসমায়ুষঃ ॥ ৩
আয়ুর্হ্রাসা বলহ্রাসাদ্বিবর্ণতা।
বৈবর্ণ্যাদ্ ব্যাধিসংপীড়া নির্বেদো ব্যাধিপীড়নাৎ ॥ ৪

চতুর্থ অধ্যায়

[কলিযুগ বর্ণন।]

জনমেজয় বলিলেন,—মহর্ষে! এইভাবে অনাচারে কলুষিত জগতে মনুষ্যগণ কাহার দ্বারা সুরক্ষিত হইয়া বাস করিবে? তাহাদের আচার ও আহার-বিহার কিরূপ হইবে? ১

তাহাদের কর্ম্ম কিরূপ হইবে? কিরূপ চেষ্টা হইবে? তাহাদের শরীরের উন্নতি কি প্রমাণ হইবে? তাহাদের আয়ু কত বর্ষ হইবে? এবং তাহারা কোন সীমা পর্য্যন্ত বাঁচিয়া সত্যযুগ প্রাপ্ত হইবে? ২

ব্যাসদেব বলিলেন,—জনমেজয়! ইহার পর ধর্ম্ম সরিয়া যাইলে গুণহীন সমস্ত প্রজারা নিজেদের শীল (স্বভাব)-চ্যুত হইয়া অল্পায়ু হইবে ॥ ৩

আয়ুর হানি হওয়ায় তাহাদের বল ক্ষীণ হইয়া যাইবে, বল ক্ষীণ হইলে তাহাদের অঙ্গকান্তি বিকৃত হইবে, অঙ্গকান্তির

নির্বেদাদাত্মসংবোধঃ সংবোধাদ্ধর্মশীলতা
এবং গত্বা পরাং কাষ্ঠাং প্রলয়ঃসাদি কৃতং যুগম্ ॥ ৫
ঊর্দ্ধগতো ধর্মশীলাঃ কেচিদ্ব্যবস্থিতাঃ গতাঃ।
বিমর্ষশীলাঃ কেচিত্তু হেতুবাদকৃতূহলাঃ ॥ ৬
প্রত্যক্ষমনুমানঞ্চ প্রমাণং ত্রেতি নিশ্চিতাঃ।
প্রমাণৈকা করিষ্যন্তি নেতি পণ্ডিতমানিনঃ ॥ ৭
অপ্রমাণং করিষ্যন্তি বেদোক্তমপরে জনাঃ
তদা মূঢ়ভগাশ্চৈব ভবিষ্যন্তি ত্রিয়োঽপরাঃ ॥ ৮
নাস্তিক্যপরমাশ্চাপি কেচিদ্ধর্মবিলোপকাঃ
ভবিষ্যন্তি নরা মূঢ়া মন্যাঃ পণ্ডিতমানিনঃ ॥ ৯
তদাদ্যমাত্রে শ্রদ্ধেয়াঃ শাস্ত্রজ্ঞানবচিকৃতাঃ
দাস্তিকান্তে ভবিষ্যন্তি বাদশীলকৃতূহলাঃ ॥ ১০
তদা বিচলিতে ধর্মে জনাঃ শেষপুরস্কৃতাঃ।
শুভাচারবিচারিণ্যো দানসত্যসমন্বিতাঃ ॥ ১১
সর্বভক্ষো জনস্তত্র নির্গুণো নিরপত্রপঃ।
ভবিষ্যতি তদা লোকস্তু কষায়স্য লক্ষণম্ ॥ ১২
বিদ্যাবাং শাশ্বতীঃ বৃত্তিং যদা বর্ণাবরা জনাঃ।
প্রতিপৎস্যন্তি বৃত্ত্যর্থং তৎকষায়স্য লক্ষণম্ ॥ ১৩
কষায়োপপ্লবে লোকে জ্ঞানবিদ্যাপ্রণাশনে।
সিদ্ধিঃ যত্নেন কালেন যাস্যন্তি নিরুপক্রমাঃ ॥ ১৪
মহামৃত্যু মহাবাতঃ মহাবর্ষঃ মহাক্ষয়ম্
ভবিষ্যতি যুগে ক্ষণে তৎকষায়স্য লক্ষণম্ ॥ ১৫
বিপ্রলুপ্তানি রক্ষাংসি রাজ্ঞাং কর্ণবেদিনঃ
পৃথিবীমুপমোক্ষ্যন্তি যুগান্তে সমুপস্থিতে ॥ ১৬
নিঃস্বাধ্যায়বষট্কারা অনেযাশ্চাভিমানিনঃ।
বিপ্রাঃ ক্রব্যাদরূপেণ সর্বভক্ষা ভবাপ্লুতাঃ ॥ ১৭

বিকারে তাহাদের সবারে বেদস্খলিত পীড়া হইতে থাকিবে এবং রোগজনিত পীড়ায় তাহাদের মনে নির্বেদ (বৈরাগ্যপূর্ণ ভাব) উৎপন্ন হইবে। ৪

এইভাবে নির্বেদ উৎপন্ন হওয়ায় তাহাদের মনে আত্মবোধ উপস্থিত হইবে, এই বোধের উদয়ে তাহাদের মধ্যে ধর্মশীলতা আসিবে এবং এইরূপ ধর্মশীলতার চরম সীমায় উপস্থিত হইয়া তাহারা সত্যযুগ প্রাপ্ত হইবে। ৫

(কলিযুগে) কিছু মানুষ লোকসংগ্রহ ধর্মপালনকারী হইবে, কিন্তু মানুষ ধর্মের বিষয়ে উচ্চ বা উদাসীন থাকিবে এবং কিছু মানুষ বিবেকশীল হইলেও ধর্মের সমর্থনে উত্তম উত্তম যুক্তি প্রদানেই উদ্যুক্ত থাকিবে, তবু সেই ধর্মের আচরণ করিবে না। ৬

কিছু মানুষ যুক্তিনিশ্চয়ের সহিত কেবল প্রত্যক্ষ ও অনুমানকেই প্রমাণ বলিয়া মনে করিবে (বেদ অথবা শব্দকে প্রমাণ বলিয়া মনে করিবে না।) কিন্তু পণ্ডিতমানী মানুষ একমাত্র প্রত্যক্ষকেই প্রমাণ করিবে, অন্য কোনও প্রমাণকে স্বীকার করিবে না। ৭

অন্য বহু মানুষ বেদোক্ত মন্ত্রকে প্রামাণিক বলিয়া মানিবে না। কলিযুগে বহু স্ত্রী যুগের দ্বারাই ওদের কার্যকারিণী হইবে। ৮

পণ্ডিতমানী মন্দবুদ্ধি মূঢ় বহু মানুষ নাস্তিকতায় প্রবৃত্ত হইয়া ধর্মের লোপকারী হইবে। ৯

তাহারা বর্তমানকালের প্রত্যক্ষ বিষয়কেই শ্রদ্ধা বা বিশ্বাস করিবে, শাস্ত্র-জ্ঞানহীন ও পাষণ্ড হইবে, ধর্মের চর্চা ও আচরণ —এই উভয়ই তাহাদের পক্ষে আশ্চর্যের বস্তু হইবে। অর্থাৎ তাহারা ধর্মের চর্চাই করিবে না আচরণের কথা আর কি বলিবার আছে ? ১০

সেই সময় ধর্ম বিচলিত হইয়া যাইলে পর সকল মানুষ ওদবংশপরম্পরাগত অবশিষ্ট ধর্মটুকে সম্বল করিয়া দান ও সত্যের দ্বারা যুক্ত থাকিয়া শুভকর্মযুক্ত আচরণ করিবে। ১১

কলিযুগের প্রায় সকল মানুষ সর্বভক্ষী, অতিভোজিন, গুণহীন ও নির্লজ্জ হইবে,—ইহাই কলিকালনিষ্ঠ কলুষের লক্ষণ। ১২

যখন অভিরাদি বর্ণের মানুষগণ জীবিকার জন্য ব্রাহ্মণের সনাতন বৃত্তি গ্রহণ করিবে তখন ইহাই কলিকালের কলুষতার সূচক হইবে। ১৩

সংসারে কলিকালের কলুষের উপদ্রব বাড়িয়া যাইলে যখন জ্ঞান (আত্মীয় বোধ ও বিদ্যা) আচমনের (লুপ্ত হইয়া যাইবে, তখন পবিত্রতাযুক্ত সকল মানুষ কেবল তাপসমাজের দ্বারা অন্ত সময়েই সিদ্ধি (মোক্ষ) প্রাপ্ত হইবে। ১৪

কলিকালে মহামৃত্যু, প্রচণ্ড বজ্রাঘাত, প্রবল জলবর্ষণ (অতিবর্ষণ) এবং ভয়ঙ্কর ক্ষয় উপস্থিত হইবে, ইহাই কলিকালের কলুষের লক্ষণ। ১৫

যুগান্তকাল উপস্থিত হইলে পর ভূমণ্ডলে ব্রাহ্মণরূপে রাক্ষসগণ বাস করিবে, রাজার কর্ণে ভ্রান্ত বিষয়ই যথার্থ বলিয়া মনে করিবে। চক্ষুতে দেখিয়া নহে) এবং অল্পপুরুষদের সহিত বাস করিয়া পৃথিবী উপভোগ করিবে। ১৬

ব্রাহ্মণগণ যাবাগ্ন (যথাবিহিত বেদাদি শাস্ত্রপাঠ) ও বষট্কার পূজা হোম ব্রাহ্মণাদি কর্ম ত্যাগ করিয়া এবং নীতিযুক্ত ও অভিমানী

মূর্খাঃ স্বার্থপরাঃ লুব্ধাঃ ক্রূরাঃ ক্রূরপরিচ্ছদাঃ।
ব্যবহারোপযুক্তাশ্চ চ্যুতাঃ ধর্ম্মাচ্চ শাশ্বতাৎ ॥ ১৮
হন্ত্রীরাঃ পরদম্ভজ্ঞাঃ পরদারাপচারকাঃ।
কামাত্মানো দুরাত্মানঃ সোপধাঃ স্ত্রিয়সাহসাঃ ॥ ১৯
তেষু প্রভবমাণেষু তুলাশীলেষু সর্ব্বতঃ।
অজ্ঞাবিনো ভবিষ্যন্তি নৃনয়ো বহুরূপিণঃ ॥ ২০
উৎপন্না যে কৃতযুগে প্রধানপুরুষাস্ত্রয়াঃ
কথায়োগেন তান্ সর্ব্বান্ পূজয়িষ্যন্তি মানবাঃ ॥ ২১
শঙ্কুচৌরা ভবিষ্যন্তি তথা চৈলাপহারিণঃ
মৃদ্ভাণ্ডাজ্যাপহারাশ্চ কর্ণত্রাণাশ্চ হারিণঃ ॥ ২২
চৌর্য্যাস্থৈরস্তু হর্ত্তারো হন্ত্রা হন্তৃর্ভবিষ্যতি।
চৌর্যৈস্তৈরক্ষরে চাপি কৃতে ক্ষেমং ভবিষ্যতি ॥ ২৩
নিঃসারে ক্ষুভিতে লোকে নিষ্ক্রিয়ে বান্ধবে স্থিতে।
নরাঃ শ্রদ্ধিষ্যন্তি বনং করভাংপ্রতীক্ষিতাঃ ॥ ২৪

পিতৃনাজ্ঞাপয়িষ্যন্তি পুত্রাঃ কর্ম্মণি সর্ব্বশঃ।
মুহূর্ত্তা যজ্ঞবুধা চৈব মুখ্যান্তে প্রত্যুপস্থিতে ॥ ২৫
বাক্যৈরেরয়িষ্যন্তি গুরূন শিষ্যাঃ সমন্ততঃ।
যজ্ঞকর্ম্মণ্যপগতে রক্ষাংসি বাপলানি চ।
কীটমূষকসর্পাশ্চ ধর্ম্মহিষ্যন্তি মানবান ॥ ২৬
ক্ষেমং সুভিক্ষমারোগ্যং গ্রামগ্র্যা বাপি বসুধা।
উদ্ভেক্ষতো নবশ্রেষ্ঠ ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥ ২৭
স্বয়ংপালাঃ স্বয়ংচৌরা যুগসন্ধ্যারসম্ভবাঃ
মণ্ডলৈঃ প্রচলিষ্যন্তি দেশে দেশে পৃথক্ পৃথক্ ॥ ২৮
স্বদেশেভ্যঃ পরিভ্রষ্টা নিঃসারাঃ সহ বন্ধুভিঃ।
নরাঃ সর্ব্বে ভবিষ্যন্তি তদা কালপরিক্ষয়াৎ ॥ ২৯
তদা ক্ষুদ্ধে সমাধাবে কৃতান্তে বিদ্রুতা ভৃশং
কৌলিকীঃ প্রতিধিষ্যন্তি নরাঃ ক্ষুদ্রভয়ার্দ্দিতাঃ ॥ ৩০

হইয়া রাজসদৃশ সমান সব কিছুই লক্ষ করিবে এবং বৃথা পাষণ্ডও বহুপূর্ব ব্রত পালন করিবে। ১৭

তাহারা মূর্খ স্বার্থপর হন (লোভী ও নীচ চিত্তবলরাজন হইবে; তাহাদের আকৃতি মনুষ্যরূপ হইলেও হইবে। তাহারা সনাতন ধর্ম হইতে ভ্রষ্ট হইয়া কেবল লোকব্যবহারেই তৎপর থাকিবে। ১৮

সেই সময়ের সকল মানুষ পরের বস্তুসমূহ ও পরের স্ত্রীগণকে অপহরণ করিবে। তাহাদের সকলের চিত্ত কামে কলুষিত থাকিবে, তাহারা হইবে কপট ও হিংসাপরায়ণ হইবে ॥ ১৯

সমান স্বভাবসম্পন্ন (সমভাবাপন্ন ও প্রকৃতিসম্পন্ন (প্রভাবশালী) সেই শুষ্ক মনুষ্যগণ যখন সর্বত্র পরিপূর্ণ হইয়া উঠিবে, তখন অনেকরূপধারী ও আত্মার অস্তিত্ব প্রতিপাদনকারী বৈরানিক মতাবলম্বী বহু মুনি উৎপন্ন হইবে। ২০

সত্যযুগে ঈশ্বরের আশ্রয় গ্রহণকারী যে সব শুদ্ধ মানুষ জন্ম গ্রহণ করিবেন, তাঁহাদের সকলকে কলিযুগের মানুষেরা কথাবার্তা-প্রসঙ্গে পূজা করিবে (তাঁহাদের প্রতি সমাদর করিবে, কিন্তু স্বয়ং তাহাদের আচরণ করিবে না) ॥ ২১

কলিযুগের মানুষ ভবিষ্যতে (ক্ষেত্রে। উৎপন্ন শস্য চুরি করিবে, অন্যের বস্ত্র চুরি করিবে, খাদ্য-পানীয় বস্তুসমূহও চুরি করিবে করও অর্থাৎ বীজের ঝুড়িও চুরি করিবে। ২২

সেই সময়ের চোরেরা চোরের পুত্রও চুরি করিবে, হত্যাকারীরও হত্যাকারী উৎপন্ন হইবে, এইরূপে যখন চোরদলের দ্বারা চোরেরা বিনষ্ট হইবে, তখন জগতের কল্যাণ হইবে। ২৩

যখন সম্পূর্ণ জগৎসংসার নিঃসার, সত্তাবলম্বনাদি সৎকর্মহীন এবং বর্ণভেদ-শূন্য হইয়া যাইবে, তখন করভপত্রে পরিচিত হইয়া মনুষ্যগণ বনের আশ্রয় গ্রহণ করিবে। ২৪

যুগসংকাল উপস্থিত হইলে পর পুত্রগণ নিজ নিজ পিতাকে সর্বপ্রকার কর্ম করিবার জন্য আদেশ করিবে। এইরূপ যখন নিজেদের পাণ্ডিত্যকেও আদেশ করিতে থাকিবে। ৫

সর্ব দিক্ দিয়া শিষ্যগণ গুরুদিগকে বাক্যদ্বারা পীড়িত করিবে। যজ্ঞকর্ম বন্ধ হইয়া যাইলে পর রাক্ষস, হিংসক জন্তু, কীট, মূষিক ও সর্পগণ মনুষ্যদিগকে আক্রমণ করিবে। ১৬

নরশ্রেষ্ঠ! কলিযুগে ক্ষেম, সুভিক্ষ, আরোগ্য এবং ব্রাহ্মণদের পরস্পর সৌহার্দ্যভাব অথবা বহু-ব্রাহ্মণগণের পরস্পর প্রীতিপূর্ব সদ্ভাব কমিয়া যাইবে। ২৭

সেই সময়ের মানুষ স্বয়ংই রক্ষক ও স্বয়ংই চোর (ভক্ষক) হইবে এবং মূলের আবশ্যকতার অনুরূপ উপকরণসমূহে সম্পন্ন হইয়া পৃথক্ পৃথক্ মণ্ডল (দল) গঠন করিয়া দেশে দেশে বিচরণ করিবে। ২৮

সেই সময় কালবশতঃ নিজেদের অবনতি হওয়ায় নির্ফল মানুষ নিজ নিজ দেশ হইতে নির্বাসিত হইয়া বন্ধুবর্গের সহিত নিঃসার (নির্ধন) হইয়া যাইবে ॥ ২৯

সেই সময় ক্ষুধার ভয়ে পীড়িত হইয়া মনুষ্যগণ নিজ সন্তানদিগকে ভক্ষে করিয়া আতঙ্কবশতঃ পলায়ন পূর্বক কৌশী নদীর পার হইয়া চলিয়া যাইবে। ৩০

অজান্ বন্যান্ কলিঙ্গাংশ্চ কাশ্মীরান্ সহ কেরলান্।
ত্বরিতাস্তমিস্রিণৌঘী: সাগ্রগাস্যন্তি মানবা: ॥ ৫১
কৃৎস্নং বা হিমবৎপার্শ্বং কৃৎস্নং লবণাম্ভস:।
অরণ্যেষু চ বৎস্যন্তি নরা ভ্রেচ্ছগণৈ: সহ ॥ ৫২
নৈব সূত্রা ন চাপূত্রা ভবিষ্যন্তি বসুন্ধরা।
গোপ্তারশ্চাপ্যগোপ্তার: প্রভবিষ্যন্তি শক্তিত: ॥ ৫৩
মৃগৈর্গবৈশ্চৈবিহঙ্গৈশ্চ শ্বাপদৈ: সর্পকীটকৈ:।
মধুশাকফলৈর্মূলৈর্বর্তয়িষ্যন্তি মানবা: ॥ ৫৪
চীরং পর্ণং বহুলং বল্কলাজিনানি চ।
ধরা কৃতানি বৎস্যন্তি যথা মুনিগণাস্তথা ॥ ৫৫
বীজানামাকৃতিং নিত্যমধীয়ন্ত: কাশ্যপস্মৃতে:।
অঙ্গৈরুরুং ঘরোষ্ট্রৈশ্চ পালয়িষ্যন্তি সত্তমা: ॥ ৫৬
নদীং স্রোতাংসি রোধাংসি তোয়ার্থে কুলনাশ্রিতা:।
পঞ্চরাত্রব্যবহারে বিপৎস্যন্ত: পরস্পরম্ ॥ ৫৭

তনূরুহৈর্বৃধা ভাব্যৈ: সমূলং ক্ষয়মাগতৈ:।
বহুলতায়া: প্রজাতীনা: কুলমুদ্ধরবর্জিতা: ॥ ৫৮
এবং ভবিষ্যন্তি তদা মনুষ্যা: কালকাঙ্ক্ষিতা:।
হীনাদ্ধীনা তদা ধর্ম্মা: প্রজা: সমনুবর্ৎস্যন্তি ॥ ৫৯
আয়ুস্তত্র চ মর্ত্যানাং পরং ত্রিংশদ্ভবিষ্যতি।
তুর্যলা বিবরস্থানা বহুসা সমভিপ্লুতা: ॥ ৪০
ভবিষ্যন্তি তদা স্ত্রেয়: রোমৈরিশ্রিয়সংজ্ঞকৈ:।
আয়ু:প্রজ্ঞসমারোধাদ্ বিনাশ: প্রভবিষ্যতি ॥ ৪১
শুশ্রূষবো ভবিষ্যন্তি সাধূনাং বর্ত্মনি রতা:।
সন্তশ্চ প্রতিপৎস্যন্তি ব্যবহারোপসংক্ষয়াৎ ॥ ৪২
ভবিষ্যন্তি চ কামানামলাভাদ্ধর্ম্মশীলিন:।
ক্ষয়িষ্যন্তি চ সন্তোষাৎ পরস্পরবিহিংসয়া: ॥ ৪৩
এবং কৃচ্ছ্রগতে লোকে সংক্ষয়াভিমুখে
চতুষ্পাদ: প্রকৃতস্থ: ধর্ম্ম: লোকানভিবর্ধয়ন্তে ॥ ৪৪

মনুষ্যগণ জীবিকার জন্য সহ্য, কলিঙ্গ, কাশ্মীর, কেরল এবং ত্বরিতাগামি সেনাসমূহের সঙ্গে চলিয়া যাইবে ও পর্ব্বতের ওহা প্রভৃতিতে আশ্রয় করিবে। ৫১

সেই সময়ের মানুষেরা ভ্লেচ্ছগণের সহিত সমুদ্রতীরবর্তী পার্শ্বভাগে, লবণ সমুদ্রের তীরে সেই বনসমূহে বাস করিবে। ৫২

পৃথিবী না পুত্রযুক্তা হইবে এবং না পুত্রযুক্তা থাকিবে। হস্তে অস্ত্রধারণ করিয়া রক্ষা করিলে নিয়ত পুরুষেরা কাহাকেও রক্ষা করিতে সমর্থ হইবে না। ৫৩

কলিযুগে ধর্ম্মত্রষ্ট মনুষ্যগণ ঘৃত, মধু, পক্ষী, হিংস্র জন্তু, সর্প, কীট, মধু, শাক, ফল ও মূলসমূহের দ্বারা জীবননির্ব্বাহ করিবে। ৫৪

প্রায় সকল মানুষ মুনিগণদিগের ন্যায় চীর। বল্কলও।, পত্র, বল্কল, তৃণচর্ম্ম ও নিজেদের দ্বারা প্রস্তুত অন্য বহুসমূহ পরিধান করিবে। ৫৫

যত মানুষ পর্ব্বতের কন্দর প্রভৃতি নিম্নস্থানসমূহে থাকিবে। প্রাচীন ও নবীন বীজসমূহ (আমাজ) প্রাপ্তির জন্য চেষ্টা করিতে থাকিবে। কাঠ-সদৃ (বৃষ্টি)। সকলে ছাগল ও ভেঁড়া এবং কাশ্মীরাদি অন্য স্থানবাসী মানুষেরা ঘোড়া ও উট প্রভৃতি বীমিয়া যত্নসহকারে তাহাদের পালন করিবে। ৫৬

কলিযুগের মানুষেরা জলের জন্য তীরে আসিয়া নদীর প্রবাহ রুদ্ধ করিবে। তাহারা পরস্পর পরস্পর অন্ন আমান-প্রদানরূপ ব্যবসা করিবে। যেরূপ নিজের সহোদরজাত সন্তানদিগের জন্য মানুষ পরস্পর কলহ করে, সেইরূপ মূলধনের সহিত সুদকে দেখিয়া কবিরা নিত্য পরস্পর বিবাদ করিতে করিতে সকল মানুষ পরস্পর আদান-প্রদানের ব্যবসা করিবে। ৫৭।

সেই সময় কালের দ্বারা দেখিত হইয়া কিন্তু মানুষ বহু সন্তান লাভ করিবে এবং অল্পের মানুষের একটীও সন্তান হইবে না। এইরূপে প্রায় সকল মানুষ কুলোচিত ৩৬ লক্ষণ বর্জ্জিত হইয়া পড়িবে। ৫৮।

সেই সময়ের শুদ্রগণ তীন হইতেও হীন ধর্ম্মের অনুসরণ করিবে এবং সেই সময়ে মনুষ্যগণের আয়ু সর্ব্বাধিক ত্রিশ বৎসর হইবে। ৫৯।

সকল মানুষ দুর্বল, নিয়ত ভোগে বহু থাকায় কৃশ এবং রজোগুণে পরিব্যাপ্ত হইবে। সেই সময় রোগের জন্য তাহাদের ইন্দ্রিয়সকল হীন হইয়া যাইবে, আয়ুর অল্প ও নিরোধে তাহাদের মনে বিষাদ উৎপন্ন হইবে। ৬০ ৬১

তারপর তাহারা ধর্ম্মাচরণে অনিচ্ছা বাসনা লইয়া সাধু পুরুষগণের দর্শনে রত থাকিবে এবং ব্যবহার বা ব্যবসায় হীন হইয়া যাওয়ায় তাহারা সন্তোষে আশ্রয় করিবে। ৬২

কামনাসমূহের প্রাপ্তি না হওয়ায় তাহারা ধর্ম্মশীল হইবে এবং ছলনের বিনাশে পীড়িত হইয়া পরাচারকে সঙ্কুচিত করিবে। ৬৩

এইরূপ শুশ্রূষা, দান, সত্য ও শৌচ রক্ষায় প্রবৃত্ত হইয়া অহিংসা, তপ, দান। দয়া ও সত্য এই চতুষ্পাদবিশিষ্ট ধর্ম্ম লোকপ্রাপ্তি করাইবেন। ৬৪

ত্রেতা-লক্ষ্মণমানানাং শুক্লে পরিবর্ত্তনম্
ধাতু কিং বিত্তি বিজ্ঞাস্য ধর্ম্ম এব বর্ধিষ্যতি ॥ ৪৪
যথা হানিঃ ক্রমাৎ প্রাপ্তা তথা বৃদ্ধিঃ ক্রমাদমতা।
প্রসৃষ্টীতে যতো ধর্ম্মে প্রলংকল্পি কৃতঃ যুগম ॥ ৪৬
সাধু বৃত্তং কৃতযুগে কথায়ে দানিরুচ্যতে।
এক এব তু কালঃ স হীনবর্ণো যথা দশী ॥ ৪৭
হ্রস্বো হি তমসা সোমো যথা কলিযুগে তথা
পূর্ণশ্চ তমসা হীনো যথা কৃতযুগে তথা ॥ ৪৮
অর্ব্বাদ্ধে পরঃ ব্রহ্ম বেদার্থ ইতি তং বিদুঃ
অনিরিক্তমবিজ্ঞাতং নায়াস্তমিব ধীগতে ॥ ৪৯
ইষ্টবাদ্যস্তপো নাম তপো হি দ্বাবরঃ কৃতম্

এইভাবে যে শ্রেষ্ঠতম পুরুষ অবতারের দ্বারা ধর্ম্ম ও অধর্ম্মের জন্য আসিতে পারিতেছে এবং সজাতি বিবাহসমূহে রত থাকে, তাহার পক্ষে কোন বস্তু জানিতে বা বুঝিতে—বিষয়-সমূহে ক্রমশ বা বর্দ্ধনশীল হওয়ার, এই সম্বন্ধে প্রকাশ করিয়া তত্ত্ব নিশ্চয় করত সৎপুরুষ এই রূপ বলেন। ৫১

যেরূপ ক্রমশঃ ধর্ম্মের বৃদ্ধি হইবে কারণ, ধর্ম্মকে পূর্ব্বরূপে প্রবর্ত্ত করিলে মানুষ সত্যযুগ প্রাপ্ত হইবে। ৪৫

সত্যযুগে সকলের আচরণ উত্তম হয় এবং কলিযুগে সদাচারের হানি হয় বলিয়া কথিত হইয়া থাকে। যেরূপ একই চন্দ্র কখনও কাহিনীর ও কখনও কাহিতে পূর্ণ থাকে, সেইরূপ একই কাল কখনও কৃতযুগ সত্যযুগ এবং কখনও কলিযুগরূপে সৃষ্টি হয়। ৫৭

যেরূপ চন্দ্র অমাবস্যার অন্ধকারে আচ্ছন্ন হয়, সেইরূপ কলিযুগে ধর্ম্ম কদাচারে বা অধর্ম্মে আচ্ছন্ন হইয়া যায় এবং যেরূপ পূর্ণিমাতে পরিপূর্ণ চন্দ্র অন্ধকারহীন হয়, সেইরূপ সত্যযুগে পূর্ব্বোক্ত চতুষ্পাদবিশিষ্ট ধর্ম্ম পরিপূর্ণভাবে সর্ব্বথা প্রকাশিত হয়। ৪৮

যিনি পরব্রহ্ম পরমাত্মা, তিনিই বৃত্তার্থবাদ সত্যস্বরূপ রূপে বেদের সত্য অর্থেরই প্রতিপাদন হইয়াছে। এবং বিদ্বান্ পুরুষগণ ইঁহাকেই বেদের মুখ্য অর্থও মনে করেন। (যদি ইহাই হয়, তবে সেই সর্ব্বব্যাপী নিত্যসিদ্ধ পরমাত্মা সকলকে প্রাপ্ত হন নাই কেন? ইহার উত্তরে বলা যায়—) যেরূপ দৈবকৃত সম্পত্তিরূপে প্রাপ্ত মলিন সুবর্ণখণ্ড যতক্ষণ না তাহার মল দূর হয়, ততক্ষণ সে প্রজার অবস্থাই ধারণ করে এবং তাদৃশ সুবর্ণ-

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে কলিযুগের

গুণৈঃ কর্ম্মাভিনির্বৃত্তিঃ প্রাপ্তানাং কর্ম্মণা। ৫০
আশীস্ত পুরুষং দৃষ্ট্বা বেদকালানুরূপিণী।
যুগে যুগে যথাকালমুষিভিঃ সমুদাহৃতা ॥ ৫১
ইহ ধর্ম্মার্থকামানাং বেদবাদাঃ প্রতিক্রিয়া।
আশিষশ্চ শুভাঃ পুণ্যাস্তথৈবাদ্যুগে যুগে ॥ ৫২
যথা যুগানাং পরিবর্ত্তনানি
চিরং প্রবৃত্তানি বিবিক্তভাবাৎ।
অথং ন সন্তিষ্ঠতি জীবলোকঃ
ক্ষয়োদয়াভ্যাং পরিবর্ত্তমানঃ ॥ ৫৩

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি কলিযুগবর্ণনে চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪ ॥

যত প্রাপ্ত হইয়াও মানুষ নিজেকে কৃতিত্ব বলিয়াই মনে করে, সেইরূপ অন্তঃকরণ মলিন থাকায় পরমাত্মা তাহাকে অজ্ঞাত রূপেই ধারণ করিয়া থাকেন যখন অন্তঃকরণ জ্ঞান-তপস্যাদির দ্বারা শুদ্ধ হয়, তখন তিনি তাঁর আত্মা হইতে অভিন্নরূপে প্রকাশিত হইয়া উঠেন এবং তাঁহার প্রাপ্তির ভ্রম দূর হইয়া যায়। ৪৯

তপ (বর্ণাশ্রমোচিত ধর্ম্ম) দ্বারাই অভীষ্ট ফলসমূহের প্রতিপাদক, তপ দ্বারা অনাদি অর্থাৎ অনেক ফলের সাধক, এরূপই শাস্ত্রে নিশ্চয় করা হইয়াছে। তপসমূহ যেহ ইষ্টিপ্রাপ্তি) হইতে কর্ম্মের সিদ্ধি হয় এবং যথার্থ কর্ম্ম হইতে তপসমূহের (যেহ-ইষ্টিপ্রাপ্তির) প্রাপ্তি হয়। অতএব এই শরীর ও কর্ম্ম প্রভৃতির বন্ধন হইতে মুক্তি লাভের জন্য পরমাত্মারই আশ্রয় করা কর্ত্তব্য) ॥ ৫০

ভবিষ্যৎ পুরুষের যোগ্যতাকে লক্ষ্য রাখিয়া প্রত্যেক যুগে যথাসময়ে আশীর্বাদ (কর্ম্মফলের প্রাপ্তির) প্রতিপাদন করিয়াছেন; কারণ, ইহা দেশকালের সর্ব্বথা অনুসরণ করিয়া থাকে। ৫১

এই মর্ত্যলোকে ধর্ম্ম, অর্থ ও কামসম্বন্ধী ফল, যেরূপ বাক্যের ফল, শুভ ও পুণ্য আশীর্বাদসমূহ এবং আয়ু প্রত্যেক যুগে মনুষ্য-স্বভাবের প্রকৃত ভাবতত্ত্ব অনুসারেই হইয়া থাকে। ৫২

যেরূপ বিধাতা কর্ত্তৃক নিয়ত ভাবে অনুসারে চিরকাল হইতে যুগসকলের পরিবর্ত্তন হইয়া যাইতেছে, সেইরূপ এই জীবসমূহ হ্রাস ও বৃদ্ধির সহিত নিয়তের পরিবর্ত্তিত হইতেছে, কখনও ক্ষণকালের জন্যও স্থির হইয়া বিদ্যমান নাই ॥ ৫৩

বর্ণনবিষয়ক চতুর্থ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চমোঽধ্যায়ঃ।

[ব্যাসাদীনাং গমনম্, জনমেজয়স্যাশ্বমেধ-যজ্ঞে ইন্দ্রস্য বিঘ্নসৃষ্টিঃ, জনমেজয়েনেন্দ্রায়াভিপালনম্, ব্রাহ্মণানাং নির্বাসনম্, স্বপত্নীং প্রতি তর্কসনা, বিদ্বাবসুনা জনমেজয়ায় প্রবোধনঞ্চ।]

সূত উবাচ।

ইত্যেবমাত্মসম্ভূতো রাজ্ঞাং জনমেজয়ম্।
অতীতানাগতং বাক্যমুবাচ পরিষদ্ গতম্ ॥ ১

অমৃতস্যেব সংঘাতঃ প্রভা চন্দ্রমসো যথা।
অতঃপরন্তু তচ্ছ্রোত্রং মহর্ষেরাত্মযোনেঃ রসঃ ॥ ২

ধর্ম্যকামার্থসংযুক্তং করুণং বীররঞ্জনম্।
রমণীয়ং তদাখ্যানং কৃৎস্নং পরিষদা শ্রুতম্ ॥ ৩

কেচিদগ্র্যমি মুমুচুঃ শ্রুত্বা সদ্যস্তথাপরে।
ইতিহাসং তমুষিণা পাণাবিব নিদর্শিতম্ ॥ ৪

সমস্তান্ সোঽভ্যনুজ্ঞায় কৃত্বা চাপি প্রদক্ষিণম্।
পুনর্জগ্রাম ইত্যুক্ত্বা জগাম ভগবানৃষিঃ ॥ ৫

অনুজগ্মুস্তদা সর্বে প্রয়ান্তমৃষিসত্তমম্
লোকে প্রবৃত্তাং শ্রেষ্ঠঃ যে বিশিষ্টাস্তপোধনাঃ ॥ ৬

পঞ্চম অধ্যায়।

[ব্যাসাদির গমন, জনমেজয়ের অশ্বমেধ-যজ্ঞে ইন্দ্রের বিঘ্ন সৃষ্টি, জনমেজয় কর্তৃক ইন্দ্রকে অভিশাপদান, ব্রাহ্মণগণের নির্ব্বাসন এবং নিজ পত্নীকে তর্কনা ও বিদ্বাবসু কর্তৃক জনমেজয়কে প্রবোধ দান।]

সূত বলিলেন,—শৌনক! এইরূপে রাজা জনমেজয়কে আত্মাসম্ভবকারী মহর্ষি বেদব্যাসের এই ভূত ও ভবিষ্যদ্দর্শী রাজা রাজসভায় অবস্থিত সকল সদস্যই শ্রবণ করিলেন। ১

মহর্ষি ব্যাসদেবের এই বাক্যের রস যেন অমৃতের প্রভা ছিল, চন্দ্রের প্রভার ন্যায় আহ্লাদকারক ছিল। ইহা সকলেরই কর্ণকে তৃপ্ত করিয়াছিল। ২

ধর্ম্য, কাম ও অর্থসংযুক্ত, করুণাপূর্ণ এবং বীরোচিত উৎসাহ-বর্দ্ধনকারী এই সম্পূর্ণ রমণীয় উপাখ্যান সেস্থানে সমস্ত সদস্যগণ শ্রবণ করিলেন। ৩

তখন কিছু মানুষ অঙ্গ প্রবাহিত করিতে লাগিলেন, অত বহু মানুষ ইহা শ্রবণ করত ধ্যানমগ্ন হইয়া গেলেন। মহর্ষি ব্যাসদেব এই ইতিহাসকে হস্তে রাখিয়াই যেন সকলকে বর্ণন করাইলেন। ৪

তারপর এই মহর্ষি ভগবান ব্যাসদেব সদস্যগণের অনুমতি লইয়া তাঁহাদের সকলকে প্রদক্ষিণ করত 'আমরা পুনরায় মিলিত হইব' এই কথা বলিয়া সেস্থান হইতে গমন করিলেন। ৫

যাতে ভগবতি ব্যাসে তদা ব্রহ্মর্ষিভিঃ সহ।
অথিতঃ পার্থিবশ্চৈব প্রতিজগ্রাহ তদ্বচঃ ॥ ৭

পরমান্নং সুঘোরান্নং কৃতান্নং বৈতসাতনাৎ।
জগাম রোষমুৎসৃজ্য রাজা বিধমিবোরগঃ ॥ ৮

হোত্রাগ্নিশীলশিরসং পরিত্রাণ্ চ তক্ষকম্
আস্তীকোঽথাস্ত্রনপঃ জগাম স মহামুনিঃ ॥ ৯

রাজাপি ভ্রাতৃনিপুত্রঃ জগাম স্বজনাবৃতঃ।
অথশাসচ্চ মুদিতস্তদা প্রমুদিতাঃ প্রজাঃ ॥ ১০

কস্যচিত্ত্বথ কালস্য স রাজা জনমেজয়ঃ।
দীক্ষিতো বাজিমেধেন বিধিবৎ ভূরিদক্ষিণঃ ॥ ১১

সংজ্ঞপ্তমধ্বা তত্রাস্য দেবো কাশ্যপপুষ্টিমা
সংবিবেশোপগম্যাথ বিধিদৃষ্টেন কর্ম্মণা ॥ ১২

সেই সময় সেস্থানে যে সব শ্রেষ্ঠ তপোধন মুনি ছিলেন, তাঁহারা সকলে ভগবতে শ্রেষ্ঠ ব্রহ্মণদের মধ্যে মুখ্য মুনিবর ব্যাসদেবকে গমন করিতে দেখিয়া তাঁহার অনুগমন করিলেন। ৬

ব্রহ্মর্ষিগণের সহিত ভগবান ব্যাসদেব চলিয়া যাইলে পর সেই সময় যে সব অতিথিগণ ও রাজারা ছিলেন, তাঁহারাও যেরূপে আসিয়াছিলেন সেইরূপে ফিরিয়া যাইলেন। ৭

অত্যন্ত তরান্বিত সদস্যদের অত্যন্তর প্রতিরোধ শ্রবণ করত রাজা জনমেজয় বিষ তাপকারী সর্পের ন্যায় রোষ পরিত্যাগ করত সেস্থান হইতে নিজ নগরে গমন করিলেন। ৮

হোমের অগ্নিতে ইঁহার তক্ষক প্রদীপ্ত হইয়াছিল, সেই তক্ষকের প্রাণ রক্ষা করিয়া মহামুনি আস্তীকও নিজ আশ্রমে গমন করিলেন। ৯

রাজা জনমেজয়ও বন্ধুগণের দ্বারা পরিবৃত হইয়া সেস্থান হইতে হস্তিনাপুরে গমন করিলেন এবং সানন্দে অবস্থান করত সদা আনন্দিত প্রজাগণের শাসন ও সংরক্ষণ করিতে লাগিলেন। ১০

কিছুকাল অতিবাহিত হইলে পর যজ্ঞে প্রভূত দক্ষিণাদান-কারী রাজা জনমেজয় বিধি অনুসারে অশ্বমেধ-যজ্ঞের দীক্ষা গ্রহণ করিলেন। ১১

সেই যজ্ঞে যে অশ্বকে নিহত করা হইয়াছিল, তাহার নিকট যাইয়া কাশ্যিপজকদ্রু মহারাণী বপুষ্টমা শাস্ত্রীয় বিধিঅনুসারে শয়ন করিলেন। ১২

তাং তু সর্ব্বানবদ্যাঙ্গীং চকমে বাসবস্তদা
সংজ্ঞেয়মস্বমাবিশ্ত তয়া মিশ্রীবভূব সঃ। ১৩
তস্মিন্ বিকারে জনিতে বিদিত্বা তত্ত্বতস্তু তৎ।
অসংজ্ঞয়োঽয়মস্ত্বেতি ঋষেস্তোজগৃহুমব্রবীৎ। ১৪
অথার্ষ্টিষেণসম্পন্নস্তদিন্দ্রস্য বিচেষ্টিতম্
ক্ষত্রবান্ধব রাজর্ষেঃ শশাপ স পুরন্দরম্। ১৫

জনমেজয় উবাচ

যস্যন্তি মে যজ্ঞফলং তপো বা রক্ষতঃ প্রজাঃ।
ফলেনানেন সর্ব্বেণ ত্বমীশ ভ্রষ্টতামিয়ম্। ১৬
অন্তঃপ্রবৃত্তি বেবেদ্যমভিত্তেভিঃস্থিরমস্থিরম্।
ক্ষত্রিয়া বাজিমেধেন ন যক্ষান্তীতি শৌনক। ১৭
ঋত্বিজস্তাব্রবীৎ ক্রুদ্ধঃ স রাজা জনমেজয়ঃ
দৌর্ব্বল্যাৎ ভবতামেতদ্ বলস্থ ইতি ক্রুটুঃ। ১৮
বিবরে মে ন বস্তব্যং গচ্ছধ্বং সহ বান্ধবৈঃ।
ইত্যুক্তাস্তত্যজুর্বিপ্রাস্তে নৃপং ভ্রাতরস্ত্যজ। ১৯

জমর্ষাদ্বদ্ধমাসঞ্চ পত্নীশালাগতাঃ স্ত্রিয়ঃ।
রাজা পরমধর্ম্মজ্ঞস্তামসেধী জনমেজয়ঃ। ২০
জসতীঃ বসুষ্টমামেতাঃ নির্যাতয়ত মে পুরাৎ।
বরা মে চরণৌ মূর্দ্ধি পাতিতৌ রেণুগুণ্ঠিতৌ। ২১
শৌণ্ডীর্য্যাৎ মেঽবরা ভ্রাতঃ যশো মানঞ্চ দুষিতঃ।
ন চৈনাং দ্রষ্টুমিচ্ছামি পরিক্লিষ্টামিব প্রজম্। ২২
ন খাদ্য সোঽশ্নাতি নরঃ সুখং স্বপিতি বা গৃহে।
অন্যান্তে যঃ প্রিয়াং তার্য্যাং পরেণ মৃদিতামিব।
পুনর্নৈবোপভুঞ্জন্তি শ্বাবলীঢ়ং হবির্যথা। ২৩
এবমুক্তৈঃ প্রভাষন্তঃ ক্রুদ্ধাঃ পারীক্ষিতং নৃপম্।
গন্ধর্ব্বরাজঃ প্রোবাচ বিশ্বাবসুরিদং বচঃ। ২৪

বিশ্বাবসুরুবাচ

ত্রিষপ্তশতযজ্ঞানাং বাসবস্তুং ন মুষ্যতে।
অপরাত্তেন পত্নী তে বিহিংসেঃ বসুষ্টমা। ২৫

সেই সময় এই সর্ব্বাঙ্গসুন্দরী কামিনীকে দেবরাজ ইন্দ্র লাভ করিতে অভিলাষী হইলেন। তিনি সেই নিজের অঙ্গে আবিষ্ট হইয়া রাণী বসুষ্টমার সহিত সংযুক্ত হইয়া যাইলেন। ১৩

সেই অঙ্গে বিকার উৎপন্ন হইলে পর যথার্থরূপে সেই বিষয় জানিয়া রাজা জনমেজয় অঙ্গর্ষিকে বলিলেন—অহো! তোমার আশ্রম ধন্যক দেখ, তোমার এই অঙ্গ এখনও বিনষ্ট হয় নাই। ১৪

অঙ্গর্ষী বিশেষ জ্ঞানী ছিলেন, তিনি রাজর্ষি জনমেজয়কে ইন্দ্রের অংকালীন কুচেষ্টার কথা বলিলেন। তখন রাজা ইন্দ্রকে শাপ দিতে দিতে বলিলেন। ১৫

জনমেজয় বলিলেন,—যদি আমার কিছু যজ্ঞফল থাকে অথবা প্রজাগণকে রক্ষা করিয়া আমার কিছু তপোবল সঞ্চিত থাকে, তাহা হইলে সেই সবের ফলে আমার কথিত বাক্য সত্য হউক। আমি সেই কথা বলিতেছি, আপনারা শ্রবণ করুন। ১৬

'আজ হইতে ক্ষত্রিয়গণ এই অভিতেজিস্বী ও চঞ্চল দেবরাজ ইন্দ্রকে অশ্বমেধ-যজ্ঞের দ্বারা, যজন করিবেন না'। শৌনক! এইজন্যই তিনি ইন্দ্রকে শাপদান করিলেন। ১৭

জনমেজয় ক্রুদ্ধ রাজা জনমেজয় ঋত্বিগ্‌গণকে বলিলেন,—ইহা আপনাদেরই দুর্বলতা, যাহার জন্য আমার এই যজ্ঞ বিঘ্ন হইল। ১৮

এখন আপনারা আমার এই রাজ্যে আর বাস করিবেন না, আপনারা নিজ নিজ বন্ধু-বান্ধবগণের সহিত চলিয়া যান। এই কথা বলিলে পর সেই ঋত্বিগ্‌গণ কুপিত হইলেন এবং রাজাকে ত্যাগ করিয়া চলিয়া যাইলেন। ১৯

যদিও এই রাজা জনমেজয় অতিশয় ধর্ম্মজ্ঞ ছিলেন, তথাপি তিনি জমর্ষে বশীভূত হইয়া বসুষ্টমার ভর্তা পরীক্ষিতের অবর্তমান স্ত্রীবিষয়ে এই আদেশ করিলেন। ২০

এই বসুষ্টমা অসতী (কুলটা), ইহাকে আমার গৃহ হইতে বহিষ্কার করিয়া দাও। সে এই কুকৃত্যের দ্বারা আমার মস্তকে নিজের ধূলিধূসরিত দুই চরণ পাতিত করিয়াছে। ২১

এই পাপিনী আমার মস্তক নষ্ট করিয়া দিয়াছে, আমার যশ ও মানকে দূষিত করিয়াছে; অত্যন্ত ম্লান পুষ্পমালার ন্যায় অপবিত্র এই নারীকে আর এখন দেখিতেও ইচ্ছা করি না। ২২

যে ব্যক্তি পরপুরুষের দ্বারা ধর্ষিতা নিজের প্রিয়া পত্নীর সহিত বাস করে, সেই ব্যক্তি না স্বাধিষ্ট অন্ন খাইতে পারে এবং না একাকে সুখে নিদ্রা যাইতে পারে। তাহার উচিত হইল যে, কুকুরের দ্বারা লীঢ় (চাটা) হবিষ্যের ন্যায় পরপুরুষের সম্বাধনে কলঙ্কিত সেই ভার্য্যাকে কখনও আর উপভোগ না করা। ২৩

এইরূপ ক্রোধ সংকারে উচ্চৈঃস্বরে বাক্যভাষী রাজা জনমেজয়কে গন্ধর্বরাজ বিশ্বাবসু এই কথা বলিলেন। ২৪

বিশ্বাবসু বলিলেন,—রাজন্! আপনি তিন শত করিয়াছেন, সেইজন্য ইন্দ্র আপনার এই ইষ্টকর্ম নষ্ট করিতে

রম্ভানামাপ্সরা দেবী কাশিরাজসুতা সতী।
সৈষা যোষিদ্বরা রাজন্ রম্ভত্বাদুদ্ভবোত্তমা। ১৮
যজ্ঞে বিবরমাসাদ্য বিঘ্নমিন্দ্রেণ তে কৃতম্।
যজ্ঞা ত্বসি কুরুশ্রেষ্ঠ সমুদ্ভা বাসবোপমঃ। ১৯
বিতত্যাভিচবাদ্ধক্তস্তব ক্রুদ্ধৈনৃপ
তস্মাদাবর্ত্তিতশ্চৈব ক্রুদ্ধবিঘ্নেণ তে বিভো। ২৮
মাদ্রৈষা বাসবেনেহ প্রযুক্তা বিঘ্নমিচ্ছতা
ক্রতোর্বিবরমাসাদ্য সংজ্ঞপ্তঃ পশুর্ন বাজিনম্। ২৯
রক্তমিশ্রেণ রক্তায়াং মজ্জসে যা বপুষ্টমাম্
অথ তে গুরুঃ শপ্তাস্ত্রিয়জ্ঞশতযাজিনঃ। ৩০
ভ্রংশিতশ্চক্র বিপ্রাণ্ড বলাদিন্দ্রসমাদ্রি
তস্তস্যৈব মুহূর্ত্তার্ধং ত্রিয়জ্ঞশতযাজিনঃ। ৩১
বিতেতি হি সদা ক্রতো ব্রাহ্মণেভ্যোঽপি বাসবঃ
একেন বৈ তত্তস্তস্য ভীর্ণঃ ক্রতেন মায়য়া। ৩২
স এষ সুমহাংস্তেজা বিভির্ত্তিষ্ঠুঃ পুরন্দরঃ।
কথমন্যৈরনাচীর্ণং নন্থ তারানভিক্রমেৎ। ৩৩

বিশ্বাবসুরুবাচ

যথৈব হি পরা বৃদ্ধিঃ পরো ধর্ম্মঃ পরো দমঃ।
যথৈব পরমৈশ্বর্য্যং কীর্ত্তিতঃ হরিবাহনে।
তথৈব ত্বয়ি দুর্দ্ধর্ষে ত্রিয়জ্ঞশতযাজিনি। ৩৪
মা বাজ্ঞবং মা চ গুরুমাজ্ঞানং বা বপুষ্টমাম্।
গচ্ছ দোষেণ কালো হি সর্ব্বথা দুরতিক্রমঃ। ৩৫
ঐশ্বর্য্যোপাত্তমাবিশ্য দেবেন্দ্রলক্ষ্মি রোহিতঃ
আত্মকুলোন দেবস্য বর্দ্ধিতব্যা সুখার্থিনা। ৩৬
দুস্তরং প্রতিকূলা হি প্রতিস্রোত ইবাম্ভসঃ।
স্ত্রীরত্নমুপভুঞ্জেমানপাপ্যা বিগতজ্বরঃ। ৩৭

পারেন নাই; সেইহেতু তিনি এক অপ্সরাকে আপনার এই পত্নী বপুষ্টমার রূপে পরিণত করিয়া দিয়াছিলেন। ২৫

যাঁহাকে আপনি কাশিরাজের কন্যা রাণী বপুষ্টমা বলিয়া মনে করেন, তিনি রম্ভানাম্নী অপ্সরা ছিলেন, রাজন্! অতএব নারীগণের মধ্যে শ্রেষ্ঠ এই বপুষ্টমা রমণীয়া, আপনি ইহাকে উপভোগ করুন। ২৬

এই যজ্ঞে কোনও ছিদ্র পাইয়া ইন্দ্র আপনার বিঘ্নসৃষ্টি করিয়াছেন। কুরুশ্রেষ্ঠ! আপনি যজ্ঞকর্ত্তা এবং সমৃদ্ধিতে আপনি দেবরাজ ইন্দ্রের সমান। নৃপ! আপনার যজ্ঞফল-সমূহের দ্বারা ইন্দ্রের যাহাতে পরাভব না হয়, এই চিন্তা করিয়া তিনি আপনাকে ভয় করেন। প্রভো! সেইজন্য ইন্দ্র আপনার এই যজ্ঞে বিঘ্ন সৃষ্টি করিয়াছেন। ২৭-২৮

যজ্ঞে কোনও ত্রুটি অথবা ছিদ্র পাওয়ায় বিঘ্নসৃষ্টি করিতে ইন্দ্রই এই মায়ার প্রয়োগ করিয়াছেন। তিনি অন্যকে নিহত দেখিয়া তাহার মধ্যে প্রবেশ করত রক্তার সহিত রমণ করিয়াছেন, যাহাকে আপনি বপুষ্টমা বলিয়া মনে করেন। ২৯;

অন্যদিকে আপনি এই গুরুতনয়দিগকে শাপদান করিয়াছেন, যাঁহারা আপনাকে তিন শত যজ্ঞ করাইয়াছেন। আপনি এবং আপনার এই ব্রাহ্মণগণ এখানে ইন্দ্রের সমান বল হইতে ভ্রংশিত হইয়াছেন। ৩০;

আপনি তিন শত যজ্ঞকারী অত্যন্ত দুর্দ্ধর্ষ বীর ছিলেন, সেইজন্য ইন্দ্র আপনার নিকট হইতে ও সেই ব্রাহ্মণগণ হইতেও সদা ভীত হইতেন; অতএব তিনি একাকীই মায়ার প্রয়োগ দ্বারা সেই উভয় প্রকার ভয় হইতেই উত্তীর্ণ হইয়া গিয়াছেন। ৩১-৩২

বিভুত্ব লাভ করিতে ইচ্ছুক সেই মহাতেজস্বী ইন্দ্র (যাহা অন্যে কখনও করে নাই, এরূপ পাপকর্ম্ম কিভাবে করিতে পারেন? নিজের নক্তন্ত্র ইন্দ্রের পুত্র অর্জুন, অর্জুনের পুত্র অভিমন্যু, অভিমন্যুর পুত্র পরীক্ষিৎ এবং পরীক্ষিতের পুত্র জনমেজয়, সেইজন্য ইন্দ্রের নক্ত হইলেন জনমেজয়।) পত্নীর উপর বলাৎকার করা (উহাও মায়ার দ্বারা ইন্দ্রের দ্বারা) কিভাবে সম্ভব হইতে পারে? ৩৩

হরিবাহন ইন্দ্রে যেরূপ উত্তম বুদ্ধি, উৎকৃষ্ট ধর্ম্ম, শ্রেষ্ঠ ইন্দ্রিয়-সংযম ও পরম ঐশ্বর্য্য আছে বলিয়া বর্ণিত হয়, সেইরূপ তিন শত যজ্ঞের অনুষ্ঠানকারী দুর্দ্ধর্ষ বীর আপনার মধ্যেও তদসমস্তই রহিয়াছে। ৩৪

অতএব আপনি ইন্দ্রে, গুরু ও পুরোহিতে, নিজের মধ্যে ও রাণী বপুষ্টমাতে দোষদৃষ্টি করিবেন না; কারণ, কাল সর্ব্বথা দুর্লঙ্ঘ্য। ৩৫

দেবেন্দ্র নিজের ঐশ্বর্য্য-শক্তিতে সদ্যে প্রবেশ করত আপনার হৃদয়ে রোষ উৎপন্ন করিয়া দিয়াছেন, অতএব সুখার্থী মানুষের সদা দেবতার অনুকূল আচরণ করা কর্ত্তব্য। ৩৬

যেরূপ জলের প্রবাহের প্রতিকূলে সন্তরণ করা কঠিন হয়, সেইরূপ প্রতিকূল দেবতা হইতে উত্তীর্ণ পাওয়া অতিশয় কঠিন। আপনার পত্নী বপুষ্টমা নিষ্পাপ ও রমণীগণের মধ্যে রত্নস্বরূপ, অতএব আপনি নিশ্চিন্ত হইয়া ইঁহাকে উপভোগ করুন। ৩৭

অপাপাস্তাজ্যমানা বৈ তাজেয়ুরপি যোষিতঃ
অহষ্টাস্তু স্ত্রিয়ো রাজন্ দিব্যাস্তু সবিশেষতঃ। ৫৮
তাসাং প্রভা শিখা বহ্নের্বেদী যজ্ঞে তথাহুতিঃ।
পরাবৃষ্টাপ্যসংস্কা নোপদুষ্যন্তি যোষিতঃ। ৫৯

রাজন্! যদি নিরপরাধ স্ত্রীগণকে পরিত্যাগ করা হয়, তবে তাঁহারাও নিষ্পাপ পতিদিগকে পরিত্যাগ করিতে থাকিবেন। স্ত্রীগণ প্রায়শঃ অল্প দোষদুষ্ট হন, ইঁহারা বিশেষতঃ দিব্যভাব-সম্পন্না হইয়া থাকেন। ৫৮

যেরূপ সূর্যের প্রভা, অগ্নির শিখা, যজ্ঞের বেদী ও হোমের আহুতি অন্যের স্পর্শে দূষিত হয় না, সেইরূপ স্ত্রীগণও যদি

গ্রাম্যা লালপিতব্যাশ্চ পূজ্যাশ্চ সততং বুধৈঃ
শীলবত্যো নমস্কার্য্যাঃ পূজ্যাঃ শ্রিয় ইব স্ত্রিয়ঃ। ৪০
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
বিদ্যাবসুবাক্যো পঞ্চমোঽধ্যায়ঃ। ৫ ॥

পরপুরুষে অনাসক্তা হন, ঐরূপস্থিলে মনঃপূর্ব্বক কৃত স্পর্শে তাঁহারা কলঙ্কিত হন না। ৫৯

শীলবতী স্ত্রীগণ বিদ্বান্ পুরুষদিগের পক্ষেও লক্ষ্মীর সমান গ্রাহ্য, লালন-পালনযোগ্য, সতত আদরণীয়, নমস্কার ও পূজনীয় হন। ৬০

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে বিদ্যাবসু-বাক্যবিষয়ক পঞ্চম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষষ্ঠোঽধ্যায়ঃ।

[সন্তোষঃ প্রাপ্নুবতো জনমেজয়স্য রাজ্যশাসনম্, অস্য গ্রন্থস্য পাঠ-শ্রবণয়োর্মাহাত্ম্যকথনঞ্চ]

সৌতিরুবাচ

এবং স বিদ্যাবসুনানুনীতঃ
প্রসাদমাগম্য বপুষ্টমায়াঃ।
চকার মিথ্যা বাহিণিকিতাত্মা
শাস্তিঃ পরাং মানবধর্ম্মহৃষ্টাম্। ১

শ্রমমভিবিনির্ব্বর্ত্য মানসং স
সমর্চ্চিতস্যজনমেজয়ো যশঃ স্বম্
বিষয়মনুশশাস ধর্ম্মবুদ্ধি-
র্মুদিতমনা রমনে বপুষ্টমাং তাম্। ২

ন হি বিরমতি বিপ্রপূজনা-
দ্ব চ বিনিবর্ত্ততি যজ্ঞদানশীলাৎ

ন বিষয়পরিরক্ষণাচ্চতোঽস্য
দ্ব চ পরিগর্হতি তাং বপুষ্টমাঞ্চ। ৩

বিধিবিহিতমখক্রিয়মনুষ্ঠা হি কর্ত্তুং
মুনিষু চিরচিন্তয়া পুরাব্রবীৎ সঃ।
ইতি স নৃপতিরাত্মবংশতন্ত্রং
তদনু বিচিন্ত্য বভূব বীতমন্যুঃ। ৪

ইহ মহাকাব্যমুদারধর্ম্মবন্ধুঃ
পঠতি শৃণোতি পূজ্যতামো ভবেন্নরঃ।
প্রকৃষ্টমায়ুঃ সমবাপ্য দুর্লভং
লভেচ্চ সর্ব্বফলঞ্চ কেশবম্। ৫

ষষ্ঠ অধ্যায়

[সন্তুষ্ট হইয়া জনমেজয়ের রাজ্যশাসন এবং এই গ্রন্থের পাঠ ও শ্রবণের মহিমা কথন।]

সৌতি বলিলেন,—অকাতরে যাঁহার মনে সন্তোষ উৎপন্ন হইয়াছিল, সেই রাজা জনমেজয়কে যখন বিদ্যাবসু অনুনয় পূর্ব্বক বুঝাইলেন, তখন তিনি রাণী বপুষ্টমার উপর প্রসন্ন হইলেন এবং তিনি মানব ধর্ম্মের আচরণে হৃষ্ট-পুষ্ট পরম শান্ত ভাব ধারণ করিলেন। ১

এই রাজা জনমেজয় মানসিক শ্রম দূর করিয়া নিজের গুরু উত্তম যশ অভিলাষ করত ধর্ম্মবুদ্ধিতে রাজ্যশাসন এবং প্রসন্নচিত্ত হইয়া বপুষ্টমার সহিত রমণ করিতে লাগিলেন। ২

ব্রাহ্মণদিগের পূজা ও দানশীল হইতে কখনও বিরত হইতেন না, যজ্ঞ ও দানশীল হইতে কখনও নিবৃত্ত হইতেন না, রাজ্যরক্ষারূপ কর্ম্ম হইতে চ্যুত হইতেন না এবং নিজের পত্নী বপুষ্টমার কখনও নিন্দা করিতেন না। ৩

'বিধাতার বিধানকে অতিক্রম করা সর্ব্বথা অসঙ্গত' এই কথা অতিচিরন্তন তপস্বী মহর্ষি ব্যাসদেব যে পূর্ব্বে বলিয়াছিলেন, তাঁহার সেই কথার উপর মনস্বী নরপতি বারংবার স্থির করিতে লাগিলেন, ইহাতে তাঁহার রোষ ও দ্বেষ চলিয়া যাইল। ৪

মহাত্মা মহর্ষি ব্যাসদেবের এই মহাকাব্য পাঠকারী মানুষ মনুষ্যগণের মধ্যে পরম পূজনীয় হইয়া যান। তিনি অত্যুত্তম দুর্লভ আয়ু প্রাপ্ত হইয়া সর্ব্বজ্ঞতারূপ ফল এবং ভগবান্ শ্রীকৃষ্ণকে লাভ করেন। ৫

শতক্রতোঃ কলুষবিপ্রমোক্ষণং
পঠন্তিমং মুচ্যতি কলুষাদ্নরঃ।
তথৈব কামান্ বিবিধান্ সমশ্নুতে
শ্রবাপ্তকামশ্চ চিরায় নন্দতি ॥ ৬

যথা হি পুষ্পপ্রভবং ফলং দ্রুমাঃ
ফলাৎ প্রজায়ন্তি পুনশ্চ পাদপাঃ।
তথা মহর্ষিপ্রভবা ইমাঃ গিরঃ
প্রবর্দ্ধয়ন্তে তমৃষিং প্রবর্দ্ধিতাঃ ॥ ৭

পুত্রানপুত্রো লভতে সুবর্চসঃ
শ্রুতঃ পুনর্বিন্দতি চাক্ষুষঃ স্থিতিম্।
ব্যাধির্ন চাপ্নোতি চিরং স বন্ধনং
ক্রিয়াঞ্চ পুণ্যাং লভতে গুণান্বিতঃ ॥ ৮

পতিমভিলভতে চ সৎসু কন্যা
শ্রবণমুপেত্য শুভা মুনেস্তু বাচঃ
জনয়তি চ সুতান্ গুণৈরুপেতান্
রিপুজনমর্দনযোধাংশ্চিরজীবিনশ্চ ॥ ৯

বিভয়ন্তি দুষ্টাংশ্চ সাজ্ঞপ্তয়ি-
র্ধনমতুলং লভতে বিষক্ষয়ে।
বিপুলমণি ধনং লভেচ্ছ বৈশ্যঃ
সুগতিমিহাপ্নুয়াচ্ছ শূদ্রজাতিঃ ॥১০

পুরাণমেতচ্চরিতং মহাত্মনা-
মধীত্য বুদ্ধিং লভতে চ নৈষ্ঠিকীম্।
বিহায় দুঃখানি বিমুক্তসঙ্গঃ
স বীতরাগো বিচরেচ্চ বসুন্ধরাম্ ॥ ১১

ইত্যেতদাখ্যানমৃষেরুদারং বৈ
প্রতিস্মরন্ত্যো দ্বিজমণ্ডলেষু
স্ত্রৈর্যোগৈ র্যৈর্যোগ পুনঃ সুবস্ত্রঃ
সুখং ভবন্তো ঽনুচরন্ত লোকম্ ॥ ১২

ইতি চরিতমিদং মহাত্মনা-
মৃষিকৃতসূতবীর্যকীর্তনাম্
কথিতমিহ হি সমাসবিস্তরৈঃ
কিমপরমিচ্ছসি কিং ব্রবীমি তে ॥ ১৩

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি ভবিষ্যানুগ্রহপ্রকাশো নাম ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ ৬ ॥

ইন্দ্রের পাপমোচনকারী এই কথা পাঠ করিয়া মানুষ তাহার পাপ হইতে মুক্ত হইয়া যান এবং নানাপ্রকার মনোবাঞ্ছিত কামনাসমূহ উপলোগ করেন ও আপ্তকাম হইয়া চিরকাল আনন্দময় থাকেন। ৬

যেরূপ বর্দ্ধিত বৃক্ষসকল বিভেদের পুষ্পসমূহ হইতে ফল উৎপন্ন করে এবং সেই ফল হইতে পুনরায় বৃক্ষ উৎপন্ন ও বর্দ্ধিত হয়, সেইরূপ মহর্ষি ব্যাসদেব হইতে উদ্ভূত তাঁহার এই বাণী বক্তাগণের দ্বারা বর্দ্ধিত—নানাভাবে ব্যাখ্যাত ও প্রচারিত হইলে পর সেই মহর্ষির মহত্ত্ব বর্দ্ধিত করিয়া থাকে। ৭

এই গ্রন্থের পাঠ অথবা শ্রবণকারী গুণবান্ পুরুষ যদি পুত্রহীন হন, তবে তিনি পরম তেজস্বী পুত্র লাভ করেন, তিনি যদি ধন, ধর্ম্ম ও মন্ত্র হইতে ভ্রষ্ট হইয়া থাকেন, তাহা হইলেও তিনি পুনরায় সেই পূর্ব্বস্থিতি প্রাপ্ত হন, তাঁহার কোনও রোগ হইবে না, তিনি চিরকাল বন্ধনে থাকিবেন না এবং পুণ্য কর্ম্মের ফল লাভ করিবেন। ৮

মহর্ষি ব্যাসদেবের এই মঙ্গলময়ী বাণী শ্রবণ করিয়া কুমারী কন্যা শ্রেষ্ঠ পুরুষগণের মধ্যে কাঁহাকেও অভীষ্ট পতিরূপে লাভ করেন এবং তিনি উত্তম গুণসম্পন্ন, শত্রুমর্দ্দনকারী ও পরাক্রমে

মুনোক্তিত অনেক পুত্রের জন্মদান করেন। ৯

ক্ষত্রিয়-কৃতি অবলম্বনকারী মানুষ এই গ্রন্থ পাঠ করিলে ও শ্রবণ করিলে পৃথিবীকে জয় করিতে পারিবেন, অতুল ধন-সম্পদ লাভ করিবেন এবং শত্রুদিগকে পরাজিত করিতে সমর্থ হইবেন। বৈশ্য প্রভূত ধনলাভ করিবেন এবং শূদ্রজাতি মানুষ ইহার শ্রবণে উত্তম গতি প্রাপ্ত হইবেন। ১০

মহাত্মা পুরুষগণের চরিতপূর্ণ এই পুরাণ অধ্যয়ন করিয়া মানুষ নৈষ্ঠিকী বুদ্ধি লাভ করেন এবং সর্ব্বপ্রকার দুঃখ পরিত্যাগ করিয়া তিনি আসক্তিশূন্য ও বীতরাগ হইয়া ভূমণ্ডলে বিচরণ করেন। ১১

আমার দ্বারা কথিত এই আখ্যান ব্রাহ্মণগণের সমাজে চিন্তন ও প্রবচন করিতে করিতে আপনারা দ্বিজত্ব ও বীরত্ব পূর্ব্বক ইহাকে বারংবার স্মরণ করিতে করিতে সংসারে সুখ পূর্ব্বক বিচরণ করুন। ১২

অদ্ভুত বল-পরাক্রমশালী মহাত্মাগণের এই চরিত, যাহা মহর্ষি ব্যাসদেব প্রথমাবধি রচনা করিয়াছেন, আমি সংক্ষেপ ও বিস্তারের সহিত বলিলাম। শৌনক! এখন আপনি আর কি শুনিতে ইচ্ছা করেন? আমি আপনাকে কি বলিব? ১৩

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে ভবিষ্যান্ত্র-গ্রন্থের অর্থপ্রকাশ নামক ষষ্ঠ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তমোঽধ্যায়ঃ ॥

[পুষ্কর-প্রাদুর্ভাববিষয়ে জনমেজয়ের প্রশ্নঃ, বৈশম্পায়নকর্তৃক উত্তরদান, ভগবতো নারায়ণস্য মহিমপ্রতিপাদন।]

জনমেজয় উবাচ

প্রভাবঃ পদ্মনাভস্য শ্রুতঃ সাগরসঙ্গমে।
পুষ্করে বৈ যথোদ্ভূতা দেবাঃ সর্ষিগণাঃ পুরা ॥ ১
এতদধ্যাত্মং নিখিলং যোগঃ যোগবিদাম্পতে।
শ্রুতস্তস্য মে কীর্তিঃ ন তৃপ্তিরভিজায়তে ॥ ২
কিয়ন্তং চৈব কালং বৈ স্থিতা পুরুষোত্তমঃ।
কিমর্থঞ্চ তথা খেতে কল্প কালস্য সম্ভবঃ ॥ ৩
কিয়তা চৈব কালেন প্রবুধ্যতি সুরারিপঃ
কথমুত্থায় ভগবানসৃজন্নিখিলং জগৎ ॥ ৪
কে প্রজাপতয়স্তত্র আসন পূর্বং মহামুনে।
কথং নির্মিতবাংশ্চৈব চিত্রং লোকং সনাতনঃ ॥ ৫
কথমেকার্ণবে ঘোরে নষ্টে স্থাবরজঙ্গমে
নষ্টে দেবাসুরগণে প্রণষ্টোরগরাক্ষসে ॥ ৬

নষ্টানলানিলে লোকে নষ্টাকাশমহীতলে।
কেবলং গহনীভূতে মহাভূতবিপর্যয়ে ॥ ৭
প্রভুর্যথাভূতপতির্মহাত্মেতো মহাকৃতিঃ।
আস্তে সুরগুরুস্তেষাং বিধিমাদায় কং মুনে ॥ ৮
তন্মে ভৃগুপ্রধানস্য ব্রহ্মন্নেতদসংশয়ম্
বক্তুমর্হসি ধর্মিষ্ঠ যশো নারায়ণাত্মকম্ ॥ ৯
প্রাদুর্ভাবা পুরকৃতা হৃতঃ তবাং মহাত্মনঃ।
শ্রাদ্ধানামুপবিষ্টানাং ভগবন্ বক্তুমর্হসি ॥ ১০

বৈশম্পায়ন উবাচ।

নারায়ণবশোজ্ঞানে যা তবেদ্ভবতঃ স্পৃহা।
তদ্বধানব পুত্রস্য কার্যাং কৃষ্ণকুলর্ষভ ॥ ১১
শৃণুষাদিপুরাণেভ্যো দেবতাভ্যো যথাশ্রুতি।
ব্রাহ্মণানাঞ্চ বদতাং শ্রুতোঽস্মাভির্মহাত্মনাম্ ॥ ১২

সপ্তম অধ্যায়।

[পুষ্কর-প্রাদুর্ভাবের বিষয়ে জনমেজয়ের প্রশ্ন ও বৈশম্পায়নের উত্তরদান এবং ভগবান নারায়ণের মহিমা প্রতিপাদন।]

জনমেজয় বলিলেন,—যোগবিদ্‌গণের পতি বৈশম্পায়ন। আপনি সমুদ্রের তীরে শয়নকারী ভগবান পদ্মনাভের প্রভাব বর্ণনা করুন। এই সঙ্গে ইহাও বলুন যে, পুষ্করে—শ্রীভগবানের নাভিকমলে পূর্বে দেবগণ ও ঋষিগণের উদ্ভব কিভাবে হইয়াছিল? এই সম্পূর্ণ রহস্য আপনি ব্যাখ্যা করিয়া বলুন; কারণ, ভগবান শ্রীহরির কীর্তি শ্রবণ করিয়া আমার তৃপ্তি হইতেছে না (উত্তরোত্তর শ্রবণের ইচ্ছা বর্ধিত হইতেছে)। ১-২

ভগবান পুরুষোত্তম কতকাল সময় পর্যন্ত এবং কি নিমিত্ত একার্ণব জলে শয়ন করেন ও তাঁহার উৎপত্তির কারণ কি? ৩

সুরেশ্বর বিষ্ণু কত কাল জাগরিত থাকেন এবং সেই যোগনিদ্রা হইতে উত্থিত হইয়া সেই ভগবান কিভাবে সম্পূর্ণ জগৎ সৃষ্টি করেন? ৪

তাত! মহামুনে! পুরাকালে তাঁহারা প্রজাপতি ছিলেন এবং সনাতন শ্রীহরি এই বিচিত্র জগতের সৃষ্টি কিরূপে করিয়াছিলেন? ৫

মুনে! সেই প্রলয়ের একার্ণবে, যখন সমস্ত চরাচর প্রাণী নষ্ট হইয়া যায়, দেবতা ও অসুরগণও থাকেন না, নাগ ও রাক্ষস-সকলও কালকবলিত হয়, অগ্নি, বায়ু, আকাশ ও ভূতলেও কিছুই অবশিষ্ট থাকে না, মহাভূতগণের মধ্যে মহাবিপর্যয় উপস্থিত হয় এবং জগৎ-সংসার এক গহন গুহার সমান প্রতীত হয়, তখন মহাভূতগণের অধিপতি, মহান কর্মকারী ও মহাদেবতা সুরগুরুদেবই ভগবান নারায়ণ কিরূপে ও কোন্ বিধি আশ্রয় করিয়া বিরাজমান থাকেন? ৬-৮

ব্রহ্মন্! ধর্মিষ্ঠ মহর্ষে! আমি শিষ্যরূপে আপনার শরণাগত হইয়াছি, আপনি আমার নিকট ভগবান নারায়ণের যশ এইরূপে বর্ণন করুন, যাহাতে আমার সমস্ত পাপ নষ্ট হইয়া যায়। ৯

ভগবন্! আমরা প্রস্তাবকালে আপনার কথা শুনিবার জন্য উপবিষ্ট রহিয়াছি, আপনি আমাদের সম্মুখে মহাত্মা শ্রীহরির ভূত ও ভবিষ্যতের অবতারসকলের দিকে দৃষ্টি রাখিয়া তাঁহার সুযশ বর্ণন করুন। ১০

বৈশম্পায়ন বলিলেন,—নিষ্পাপ কুরুকুলশ্রেষ্ঠ জনমেজয়! ভগবান নারায়ণের যশের জ্ঞান প্রাপ্ত হইবার জন্য যে তোমার স্পৃহা উদিত হইয়াছে, ইহা তোমার কুলেরই অনুরূপ; এরূপ স্পৃহার উদয় হওয়া পুণ্য কর্মকারী কুল। ১১

আমরা পূর্বে পুরাতন দেবগণ ও প্রবচনকারী মহাত্মা ব্রাহ্মণগণের নিকট হইতে শ্রুতি অনুসারে ভগবান পদ্মনাভের প্রভাবের বর্ণনা যেরূপ শুনিয়াছি, তাহা বলিতেছি, শ্রবণ কর। ১২

যথা চ তপসা দৃষ্টো ভূতভব্যভবদ্ভাবিঃ
পারাশর্য্যস্ততঃ শ্রীমান্ গুরুর্মে পায়নোঽব্রবীৎ ॥ ১৩
তত্তেঽহং সম্প্রবক্ষ্যামি যথাপ্রজ্ঞং যথাশ্রুতম্
ন বিজ্ঞাতুং মমা শক্যমবিমাত্রেণ ভারত ॥ ১৪
কঃ সমুৎসহতে জ্ঞাতুং পরং নারায়ণাত্মকম্
বিধাস্যন্নোঽয়ং ব্রহ্মাদি ন বেদয়তি তত্ত্বতঃ ॥ ১৫
শ্রুতা মে বিশ্বদেবানাং যদ্বরস্তুং মহর্ষিণাম্
তদিদং সর্ব্বদেবানাং তত্ত্বতত্ত্ববরাদিনাম্ ॥ ১৬
তদধ্যাত্মবিদাং চিন্ত্যং কারণং চৈব কর্ম্মিণাম্
অবিদৈবক্ষ বদ্বেদ্যং তদ্বৈবমিতি সংজ্ঞিতম্ ॥ ১৭
বহুতত্ত্বমধিকৃত্য যৎ পরক্ষ মহর্ষিণাম্
যৎ সত্যং বেদদৃষ্টক যত্তৎ বেদবিদো বিদুঃ ॥ ১৮
যঃ কর্ত্তা কারকো বুদ্ধির্মনঃ ক্ষেত্রজ্ঞ এব চ।
প্রধানং পুরুষঃ শাস্তা একস্তদভিধীয়তে ॥ ১৯
কালঃ কালা স্বপয়িতৃ ভ্রষ্টা স্বাধীন এব চ।
প্রাণঃ পঞ্চবিধৈশ্চৈব ধ্রুবমক্ষয় এব চ ॥ ২০
উচ্যতে বিবিধৈর্ভাবৈস্তদ্বৈতাদ্বৈতলক্ষণৈঃ
স এব ভগবান সর্ব্বং করোতি বিকরোতি চ ॥ ২১
যোঽস্মান্ কারয়তে কর্ম্ম তেনাস্ম ব্যাকুলীকৃতাঃ।
যজামহে তমেবেশং তমেবেচ্ছাম নির্বৃতাঃ ॥ ২২
যো বক্তা বক্ত্র বক্তব্যো বাক্যাঃ যদ্ভ্রাবী বঃ।
ইহং শৃণুতে যচ্ছ্রুত্বো সচ্চাস্তৎ পরিগৃহ্যতাম ॥ ২৩
যাঃ কথাশ্চৈব বর্ত্তন্তে শ্রুতয়ো বাথ গুহ্যকাঃ।
বিদ্যঃ বিদ্যপতির্দেবোঃ সর্ব্বাঃ নারায়ণাত্মকম্ ॥ ২৪
যৎ সত্যং যদ্ভূতমাদিমক্ষরং বৈ
যদ্ভূতং ভবতি নিত্যং যদ্ভবিষ্যম্।
যৎ কিঞ্চিচ্চরমচরাচরাত্রিলোকে
তৎসর্ব্বং পুরুষবরঃ প্রসূর্বরিষ্ঠঃ ॥ ২৫

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি পুষ্করপ্রাদুর্ভাবে সপ্তমোঽধ্যায়ঃ ॥ ৭ ॥

ভারত! যিনি যাঁর তপে বলে দর্শন করিয়াছেন, সেই বৃহস্পতিপুত্র তেজস্বী শ্রীমান্ গুরুদেব পরাশরনন্দন বৈশম্পায়ন ব্যাসদেব এবিষয়ে যেরূপ আমাকে উপদেশ করিয়াছেন এবং যেরূপ আমি শ্রবণ করিয়াছি, তাহাই আমি নিজ বুদ্ধি অনুসারে বর্ণনা করিতেছি। কেবল আমি হওয়াতেই যে তাঁহার কথিত বিষয় তাঁহারই ন্যায় যথাযথভাবে বুঝিতে পারা আমার পক্ষেও সম্ভব হয় নাই। ১৩-১৪

যাঁহাকে ব্রহ্মাও যথাযথভাবে জানিতে পারেন না, সেই বিধাতা নারায়ণাত্মক পরম তত্ত্বকে অন্য কে জানিতে সমর্থ হইবে? ১৫

যাঁহাদের সৃষ্টিতে সব কিছুই নারায়ণ দেব এবং যাঁহারা তত্ত্ববিদ্ পরম তত্ত্বের প্রতিপাদনকারী, সেই বিশ্বেদেবগণ ও মহর্ষিদিগের নিকট হইতে আমি যে গোপনীয় রহস্য শ্রবণ করিয়াছি, তাহা বাস্তবে এই নারায়ণেরই যশ। ১৬

এই নারায়ণ-তত্ত্বই অধ্যাত্মবিদ্ পুরুষদিগের চিন্তনীয় বস্তু, তাহাই কর্ম্মপরায়ণ পুরুষদিগের কারণ-তত্ত্ব, তাহাই অধিদৈব ও দৈব এবং তাহাকেই প্রাকৃত যা তাথা মাত্র বেদ্য হইয়াছে। ১৭

যাহা ভূত ও অধিভূত, যাহা মহর্ষিগণের পরম জ্ঞেয় বস্তু, যাহা সত্য ও যাহাকে বেদের দ্বারা বেদ্য বা জানা যায়, সেই পরমাত্ম-তত্ত্বকে যাঁহারা জানেন, তাঁহারাই বেদবিদ্ ॥১৮

যিনি কর্ত্তা, কারক, বুদ্ধি, মন, ক্ষেত্রজ্ঞ, প্রধান, পুরুষ ও শাস্তা, যিনি একাকীই এই সব শব্দের দ্বারা প্রতিপাদিত হন, সেই একমাত্র পরমাত্মাই ভগবান্ নারায়ণ। ১৯

যিনি কাল হইয়া কালকেও নিদ্রিত করান অর্থাৎ কালেরও কাল তিনি, তিনি সকলের স্রষ্টা ও সর্ব্বাধীন স্বতন্ত্র, পঞ্চবিধ প্রাণও তিনিই, তিনি ধ্রুব চির সত্য এবং অক্ষয় ব্রহ্ম। ২০

অনন্য তাঁহার উপদেশের তত্ত্বের সাধক মহাপুরুষগণ বিবিধ ভাবে তাঁহার প্রতিপাদন করিয়া থাকেন। সেই ভগবানই সকলকে সৃষ্টি করেন এবং সংহার করেন। ২১

যিনি আমাদের কর্ম্ম করান, তিনিই আমাদিগকে নানা বিধি-নিষেধের বন্ধনে বাঁধিয়া ব্যাকুল করিয়াছেন। আমরা সেই ঈশ্বরকেই যজ্ঞসমূহের দ্বারা যজন করি এবং শান্তভাবে তাঁহাকেই লাভ করিতে ইচ্ছা করি। ২২

যিনি বক্তা (বাণীর প্রবর্তক) যিনি বক্তব্য বিষয় এবং যিনি বক্তৃতার অভিমানকারী জীবাত্মা আমারও রূপে বিদ্যমান, তাঁহার স্বরূপ আমি তোমার সম্মুখে প্রতিপাদন করিতেছি, তাহা তুমি শ্রবণ কর। যিনি মুখ্য জ্ঞেয় (মোক্ষ) এবং তোমরা যাঁহাকে ধর্ম্মীয় অঙ্গ জ্ঞেয় রূপে চর্চা কর, যে সমস্ত নানা কথা (আখ্যান) আছে ও যে সব গহন শ্রুতিসমূহ আছে, তৎসমস্তই ভগবান্ নারায়ণেরই স্বরূপ। এই বিশ্ব, এই বিশ্বের পালক এবং যেসকল সবই নারায়ণ-স্বরূপ। ২৩-২৪

যাহা সত্য, যাহা অসত্য, যাহা কারণ ও কার্য্য, যাহা ভূত, যাহা পরম্পরা পরম্পরের জনক বীজ-বৃক্ষাদি, যাহা ভবিষ্যৎ এবং তিন লোকে যাহা কিছু চর-অচর ও বৃহত্তম বস্তু আছে, তৎ সমস্তই সর্ব্বশ্রেষ্ঠ পুরুষপ্রবর ভগবান্ নারায়ণই। ২৫

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে পুষ্কর-প্রাদুর্ভাববিষয়ক সপ্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টমোঽধ্যায়ঃ

[সত্যযুগাদীনাং পরিমাণবর্ণনম্ ।]

বৈশম্পায়ন উবাচ ।

চত্বার্যাহুঃ সহস্রাণি বর্ষাণাং তু কৃতং যুগম্ ।
তস্য তাবচ্ছতী সন্ধ্যা বিগুণা তনমেভয় ॥ ১
তস্য ধর্মশ্চতুষ্পাদো হ্যধর্মঃ পাদবিগ্রহঃ ।
ধর্মনিরতাঃ সত্ত্বা যজন্তে চৈব মানবাঃ ॥ ২
দ্বিজা ধর্মপরা বিপ্রা রাজন্যতো দ্বিজা নৃপাঃ ।
কৃষ্যাবণিতরো বন্যাঃ শূদ্রাঃ শুশ্রূষবস্তথা ॥ ৩
সর্বা মন্ত্যাঃ তপল্কৈব ধর্মস্কৈব বিবর্ধতে ।
সদ্ধিরাচরিতঃ যজ্ঞ ক্রিয়তে খ্যায়তে চ যৎ ॥ ৪
এতৎ কৃতযুগে বৃত্তং সর্বাবামেব ভারত
প্রাণিনাং ধর্মবৃত্তানামপি চেষ্টাচ্যবানিনাম্ ॥ ৫
ত্রীণি বর্ষসহস্রাণি ত্রেতাযুগমিহোচ্যতে
তস্য তাবচ্ছতী সন্ধ্যা বিগুণা পরিকীর্তিতা ॥ ৬

ত্র্যাস্যধর্মঃ পাদাভ্যাং ত্রিভির্ধর্মো ব্যবস্থিতঃ ।
তত্র সত্যক্ সত্রক কৃতে সর্বঃ প্রবর্ততে ॥ ৭
ত্রেতায়াং বিকৃতিঃ যান্তি বর্ণা লোলোন সংযুতাঃ ।
চাতুর্বর্ণ্যস্য বৈকৃত্যাদ্ যান্তি দৌর্বল্যমাশ্রিতাঃ ॥ ৮
এষ ত্রেতাযুগবিধিবিহিতো দেবনির্মিতঃ ।
দ্বাপরস্যাপি বা চেষ্টা তামপি শ্রোতুমর্হসি ॥ ৯
দ্বাপরং যে সহস্রং তু বর্ষাণাং কুরুসত্তম
তস্য তাবচ্ছতী সন্ধ্যা বিগুণা পরিকীর্তিতা ॥ ১০
তত্রাপ্যর্ধপরা বিপ্রা জ্ঞানিনো সত্যসংযুতাঃ ।
শঠা নৈষ্কৃতিকাঃ ক্ষুদ্রা জায়ন্তে কুরুসত্তম ॥ ১১
দ্বাভ্যাং ধর্মঃ স্থিতঃ পদ্ভ্যামর্ধস্ত্রিভিরুপস্থিতঃ ।
বিপর্যয়ং শনৈর্যান্তি কৃতে যুগ ধর্মস্তেতঃ ॥ ১২

অষ্টম অধ্যায়।

[সত্যযুগাদির পরিমাণ বর্ণন।]

বৈশম্পায়ন বলিলেন,—তনমেজয়! বিদ্বান্ পুরুষগণ সত্যযুগের আয়ুর পরিমাণ চারি হাজার দিব্য বর্ষ বলিয়া অভিহিত করিয়াছেন। তাহার সন্ধ্যাংশ কাল হইল—ইহার বিগুণ শত বৎসর অর্থাৎ আট শত বৎসর। ১

এই সত্যযুগে ধর্ম নিজ চারি পদ (তপ, শৌচ, দান ও সত্য অথবা অহিংসা, তপ, দান ও সত্য) চরণের পূর্ণ থাকেন। অধর্মের সম্পর্ক সর্বত্র একই চরণে স্থিত থাকে। সেই সময় নিজ ধর্মে উৎসর্গ সাধু পুরুষগণ প্রায়শঃ যজ্ঞসমূহের দ্বারা ভগবানের যজন করেন। ২

ব্রাহ্মণগণ ধর্মপালনে তৎপর থাকেন, ক্ষত্রিয়গণ ব্রাহ্মণোচিত বৃত্তিতে অবস্থিত থাকেন, বৈশ্যগণ কৃষি-কর্মে নিরত থাকেন এবং শূদ্রগণ ব্রাহ্মণাদি তিন বর্ণের সেবাকর্মে তৎপর থাকেন। ৩

এই যুগে সত্য, তপ ও ধর্মের সদাই বৃদ্ধি হইতে থাকে। সত্যপূতজন দ্বারা আচরণ করেন, তাহাই অন্যকে উপদেশ করিয়া থাকেন। ৪

ভারত! সত্যযুগে নষ্টচেতনা বা নীচকুলে উৎপন্ন হইলেও সমস্ত ধর্মবৃত্তি প্রাণিগণেরই এইরূপ আচরণই হয়। ৫

এ জগতে তিন হাজার দিব্য বর্ষপরিমাণ 'ত্রেতাযুগ' বলিয়া কথিত হয়। ইহার সন্ধ্যাকাল তাহা হইতে বিগুণ শত বৎসর অর্থাৎ ছয় শত বৎসর বলিয়া অভিহিত হয়। ৬

এই যুগে ধর্ম তিন পাদে এবং অধর্ম এক পাদে অবস্থিত থাকে। সত্যযুগে সত্য ও সত্রক্ষণ সব অবিকলরূপে বিদ্যমান থাকে। ৭

কিন্তু ত্রেতাযুগে লোলুপতা কর্মফলের স্পৃহায়) যুক্ত থাকায় সকল বর্ণই বিকার প্রাপ্ত হয় এবং চার বর্ণে বিকৃতি আসায় সকল লোক দুর্বল হইয়া যায়। ৮

ইহাই ত্রেতাযুগের স্থিতি কথিত হইয়াছে, যাহার নির্মাণ সাক্ষাৎ ভগবানই করিয়াছেন। এখন দ্বাপরের যে চেষ্টা, তাহাও তোমার শ্রবণ করা আবশ্যক। ৯

কুরুশ্রেষ্ঠ! দ্বাপর যুগ দুই হাজার দিব্য বর্ষে হইয়া থাকে এবং তাহার সন্ধ্যা চার শত বৎসর বলিয়া কথিত হয়। ১০

কুরুশ্রেষ্ঠ! সেই যুগেও অর্ধপরায়ণ, জ্ঞানী, সত্যোচ্চারণে আসক্ত, শঠ, ক্ষুদ্রস্বভাবী ও ক্ষুদ্র ব্রাহ্মণাদি উৎপন্ন হন। ১১

সেই সময় ধর্ম দুই পদে অবস্থান করে, কিন্তু অধর্ম তিন পদে অবস্থিত থাকিয়া ক্রমশঃ উত্থান প্রাপ্ত হয়। সত্যযুগে ধর্মের যে মর্যাদা স্থাপিত হইয়াছিল তাহা ক্রমে ক্রমে এই যুগে বিপর্যস্ত হইয়া যায়। ১২

ব্রাহ্মণাভাবা নশ্যন্তি তথাস্তিক্যং বিনশ্যতে
ব্রতোপবাসাস্তাস্ত্যন্তে দ্বাপরে যুগপর্য্যয়ে ॥ ১৩
তথা বর্ষসহস্রে তু বর্ষাণাং যে শতে তথা।
সন্ধ্যয়া সহ সংখ্যাতং কৃতং কলিযুগং স্মৃতম্ ॥ ১৪
তত্রাধর্ম্মস্তুতুষ্পাদঃ শ্বাভর্ম্মঃ পাদবিগ্রহঃ।
কামনিষ্ঠস্তদা ধর্ম্মো জায়তে তত্র মানবঃ ॥ ১৫
নৈবোপবাসকৃৎ কশ্চিন্ন চ সাধুর্ন সত্যবাক্।
আস্তিকো ব্রহ্মবক্তা বা নরো ভবতি বৈ তদা ॥১৬
অহঙ্কারবৃতাস্তাস্ত প্রক্ষীণস্নেহবান্ধবাঃ
বিপ্রাঃ শূদ্রসমাচারাঃ শূদ্রাশ্চাচারলক্ষণাঃ ॥ ১৭
ধূমকাশ্চাগ্রমাণাশ্চ বর্ষাণাং চৈব সম্ভবাঃ।
অগম্যাশ্চাস্তিরস্তেষু বর্ত্তন্তেঽব্দাঃ কলৌ যুগে ॥ ১৮
এবং দ্বাদশসাহস্রং তদেকং যুগমুচ্যতে।
তদেকসপ্ততিগুণং মন্বন্তরমিহোচ্যতে ॥ ১৯

ত্রয্যাং চৈব ন সন্দেহো যুগান্তে সমুপস্থিতে।
দিব্যং দ্বাদশসাহস্রং যুগং তু কবয়ো বিদুঃ।
এতৎসহস্রপর্য্যন্তং তদহো ব্রাহ্মমুচ্যতে ॥ ২০
ততোঽহনি গতে তস্মিন্ সর্ব্বেষামেব দেহিনাম্।
শরীরনির্ব্বৃতির্দৃষ্টা লোকসংহারবুদ্ধিমান্ ॥ ২১
দেবতানাঞ্চ সর্ব্বেষাং ব্রাহ্মণানাং মহীপতে।
দৈত্যানাং মানবানাঞ্চ যক্ষ-গন্ধর্ব-রক্ষসাম্ ॥ ২২
দেবর্ষীণাং ব্রহ্মর্ষীণাং তথা রাজর্ষিণামপি।
কিন্নরাণামপ্সরসাং ভূতজ্ঞানাং তথৈব চ ॥ ২৩
পর্ব্বতানাং নদীনাঞ্চ পশূনাং চৈব ভারত।
তির্য্যগ্যোনিগতানাঞ্চ সত্ত্বানাং মৃগপক্ষিণাম্ ॥ ২৪
মহাভূতপতির্দেবঃ পঞ্চভূতানি ভূতকৃৎ।
জগৎসংহরণার্থায় কুরুতে বৈশসং মহৎ ॥ ২৫

ব্রাহ্মণদের ব্রাহ্ম নষ্ট হইয়া যায়, আস্তিকতা ক্ষীণ হইয়া যায়, দ্বাপর-যুগের অন্তে কলি-ধর্ম্মের সম্মিলন হওয়ায় মনুষ্যগণ ব্রত ও উপবাস পরিত্যাগ করিবে। ১৩

কৃত কলিযুগ নিজের ১৪ শত বর্ষের সন্ধ্যার সহিত এক হাজার দিব্য বর্ষপরিমাণ বলিয়া কথিত হয়। ১৪

এই কলিযুগে অধর্ম্ম নিজের চার পদে অবস্থিত থাকে এবং ধর্ম্ম এক পদে অবস্থান করে। এই যুগের মানুষ প্রায়শঃ কাম-পরায়ণ ও তমোগুণে আচ্ছন্ন হয়। ১৫

কলিকালে প্রায় কোনও মানুষ উপবাসকারী, সাধু, সত্য-বাদী, আস্তিক ও ব্রহ্মজ্ঞ বেদ উপদেশকারী হইবে না। ১৬

কলিযুগের ব্রাহ্মণেরা অহঙ্কারের বশীভূত ও স্নেহবন্ধনমুক্ত হইয়া, শূদ্রতুল্য আচারপরায়ণ হইবেন এবং শূদ্রগণ সদাচার পালন করিবেন। ১৭

প্রায় সকল মানুষই আশ্রমসমূহকে কলঙ্কিত করিবে, বর্ণসঙ্কর উৎপন্ন হইয়া অবশ্য। স্ত্রীগণের সহিত ভ্রমণ করিবে, কলিযুগে প্রায় সকল মানুষেরই এরূপ আচরণ হইবে। ১৮

এইরূপ বার হাজার দিব্য বর্ষে এক চতুর্যুগ কথিত হয়। এরূপভাবে এইরূপ একাত্তর চতুর্যুগে এক 'মন্বন্তর' হয় বলিয়া অভিহিত হয়। (এই একাত্তর চতুর্যুগের পর এক মনু নষ্ট হইয়া যান।) ১৯

অনন্তরের। যুগান্তে প্রলয় কালে সমস্ত চরাচর জগৎ নষ্ট হইয়া যায়,—ইহাতে কোনও সন্দেহ নাই। তিন বেদেও ইহার বর্ণনা পাওয়া যায়। জ্ঞানী পুরুষগণ বার হাজার দিব্য বর্ষে এক চতুর্যুগ হয় বলিয়া মনে করেন। এই চতুর্যুগের যখন এক সহস্র বার আবৃত্তি হইয়া যায়, তখন তাহাকে ব্রহ্মার এক দিন বলা হয়। ২০

তৃপাল! তদনন্তর ব্রহ্মার সেই দিন অতিবাহিত হইলে পর সমস্ত দেহধারীদিগের শারীরিক সুখে আসক্তি দেখিয়া সংহার-কুশল ভগবান সমস্ত দেবতা, ব্রাহ্মণ, দৈত্য, মনুষ্য, যক্ষ, গন্ধর্ব্ব, রাক্ষস, দেবর্ষি, ব্রহ্মর্ষি, রাজর্ষি, কিন্নর, অপ্সরা, সর্প, পর্ব্বত, নদী, পশু, তির্য্যক্-যোনিজাত প্রাণী, মৃগ ও পক্ষিসমেতও সর্ব্বাত্মক সংহার করেন। মহাভূতগণের পতি ও ভূতস্রষ্টা এই ভগবান্ সম্পূর্ণ ভূত ও জগৎকে সংহার করিবার জন্যই তাহাদের সৃষ্টি করিয়া থাকেন। ২১-২৫

নিজের দিনের (এক সহস্র চতুর্যুগের) শেষে রুদ্ররূপ ভগবান্ ব্রহ্মা সূর্য্য হইয়া সমস্ত লোকগুলিকে নেত্র (দর্শন শক্তি) হরণ করিয়া থাকেন, বায়ু হইয়া সমস্ত প্রাণিবর্গের প্রাণ অপহরণ করেন, অগ্নি হইয়া সমস্ত লোকসমূহ দগ্ধ করেন এবং

ভূত্বা সূর্য্যশ্চকুথী চাদধানো
ভূত্বা বায়ুঃ সংহরন্ প্রাণিজাতম্।
ভূত্বা বহ্নির্দহতে সর্ব্বলোকা-
ন্মেঘো ভূত্বা ভূয় এবাভ্যবর্ষৎ ॥ ২৬

ইতি শ্রীমহাভারতে হরিবংশে খিলভাগে ভবিষ্যপর্ব্বণি পুষ্করপ্রাদুর্ভাবে কৃতাদিযুগপরিমানবর্ণনে অষ্টমোঽধ্যায়ঃ ॥ ৮ ॥

যেন হইয়া পুনরায় প্রবল বর্ষণ করিতে থাকেন (যাহাতে সব কিছুই একার্ণবে নিমগ্ন হইয়া যায়।) ॥ ২৬

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে পুষ্করপ্রাদুর্ভাব-প্রসঙ্গে সত্যযুগাদির পরিমানবর্ণনবিষয়ক অষ্টম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

নবমোঽধ্যায়ঃ।

[প্রলয়ান্তে পরমেকার্ণব-জলে ভগবান্ নারায়ণের শয়ন]

বৈশম্পায়ন উবাচ

ভূত্বা নারায়ণো যোগী সপ্তমূর্ত্তিবিভাবসুঃ।
গভস্তিভিঃ প্রদীপ্তাভিঃ সংশোষয়তি সাগরান্ ॥ ১
পীত্বার্ণবাংশ্চ সর্ব্বান্ স নদীঃ কূপাংশ্চ সর্ব্বশঃ।
পর্ব্বতানাংশ্চ সলিলং সর্ব্বং পীত্বা চ রশ্মিভিঃ ॥ ২
ত্রিভা সহস্রশৈলেন মহীং নৌত্বা রসাতলম্।
রসাতলজলং কৃৎস্নং পিবতে রসমুত্তমম্ ॥ ৩
অপ্সু সৃজন্ ক্লেদমন্ত্রুদাভি প্রাণিনাং ধ্রুবম্।
তৎসর্ব্বময়বিশ্বাংশ্চ আদত্তে পুরুষোত্তমঃ ॥ ৪
বায়ুশ্চ বলবান্ ভূত্বা স বিধূয়াখিলং জগৎ।

প্রাণোদয়ঃ সুবাংশ্চ বায়ুনা কুরুতে হরিঃ
ততো দেহগণানাংশ্চ সর্ব্বেষামেব দেহিনাম্ ॥ ৫
যে চেন্দ্রিয়গণাঃ সর্ব্বে যে চান্যে চ যতোদ্ভবাঃ।
পুনঃ প্রাণঃ শরীরঞ্চ পৃথিব্যামাশ্রিতা গুণাঃ ॥ ৬
জিহ্বা রসশ্চ ক্লেদশ্চ সংশ্রিতাঃ সলিলে গুণাঃ
রূপং চক্ষুর্বিপাংশ্চ জ্যোতিষ্যেবাশ্রিতা গুণাঃ ॥ ৭
স্পর্শঃ প্রাণশ্চ চেষ্টা চ পবনং সংশ্রিতা গুণাঃ।
পরমেষ্ঠিনং বরেণ্যাংশ্চ ভুবীকেশং সমাশ্রিতাঃ ॥৮
সত্তো ভগবতা তত্র রশ্মিভিঃ পরিবারিতাঃ
বায়ুনা কৃত্স্নমাংশ্চ রূপাণ্যোজসমাশ্রয়ং ॥ ৯

নবম অধ্যায়

[প্রলয়ের পর একার্ণব-জলে ভগবান্ নারায়ণের শয়ন।

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! যোগেশ্বর ভগবান্ নারায়ণ সাত মূর্ত্তি (শিখা-বিশিষ্ট অগ্নিদেবের রূপ ধারণ করত নিজের প্রজ্বলিত কিরণসমূহের দ্বারা সমস্ত সাগরের জল শোষণ করিয়া থাকেন। ১

সমস্ত সমুদ্র, নদী, কূপ ও পর্ব্বতসকলের সম্পূর্ণ জল তীব্র কিরণসমূহের দ্বারা পান করত পৃথিবীকে সহস্র খণ্ড করিয়া তাহাকে রসাতলে লইয়া গমন করত রসাতলেরও উত্তম রস পান করেন। ২-৩

জলে ক্লেদ সৃষ্টি করিতে করিতে তিনি প্রাণিবর্গকে নিশ্চিত রূপে অন্ত দ্বারা ভিন্ন প্রদান করেন, তৎসমস্ত প্রলয়কালে সেই কমলনয়ন পুরুষোত্তম তাঁহাদের নিকট হইতে গ্রহণ করিয়া থাকেন। ৪

এই শ্রীহরি বলবান্ বায়ু হইয়া সম্পূর্ণ জগৎকে কম্পিত করিতে করিতে সেই বায়ুর দ্বারাই দেহগণের মধ্যে প্রাণসঞ্চার করেন। ৫

তদনন্তর দেবগণের ও সমস্ত দেহধারীদিগের যে সমস্ত ইন্দ্রিয়বর্গ এবং যে সব অন্য বিষয় আছে, তাহাদের যেস্থান হইতে উৎপত্তি হইয়াছিল, তাহার সেই সব কারণ-তত্ত্বে লীন হইয়া যায়। পরে, প্রাণেন্দ্রিয় ও শরীর—এই তিনটী গুণ পৃথিবীর আশ্রিত। ৬

জিহ্বা, রস ও ক্লেদ—এই তিনটি জলের আশ্রিত গুণ। রূপ, নেত্র ও পাক—এই তিনটি অগ্নির আশ্রিত গুণ। ৭

স্পর্শ, প্রাণ ও চেষ্টা—এই তিনটি বায়ুর আশ্রিত গুণ (এবং শব্দ, শ্রবণেন্দ্রিয় ও আকাশ—এই তিনটি শব্দের আশ্রিত গুণ।) এ সমস্তই পরমেষ্ঠী এবং বরণীয় ভগবান্ হৃষীকেশকে আশ্রয় করিয়া অবস্থিত থাকে। ৮

ভাস্করূপ ভগবানের কিরণরাশি তাঁহারই কিরণসমূহে আবেষ্টিত হইয়া সেই দেবগণ, ইন্দ্রিয় সমূহাদি বায়ুর দ্বারা আকর্ষিত হইতে থাকিয়া পরস্পরের আশ্রিত গুণের পরস্পর সম্মেলনে প্রবৃত্ত হয়। ৯

তেষাং সঙ্কর্ষজোদ্ভূতঃ পাবকঃ শতহা জ্বলন্
অনন্তরিবিলাল্লোকাংস্ত্রীন্ সংবর্তকোঽনলঃ ॥ ১০

সপর্বতান্তরুন্ কৃৎস্নান্ তাবন্মাত্রাণি চ
বিমানানি চ দিব্যানি পুরাণি বিবিধানি চ ॥ ১১

আব্রহ্মস্থাংশ্চ তথা পুণ্যান্ দিব্যান্যায়তনানি চ
যানি চান্যানি তানি সর্বাণি সোঽদহৎ ॥ ১২

ভস্মীভূতাংস্ততঃ সর্বাল্লোকাল্লোকগুরুর্হরিঃ।
ভূত্বা নির্মাপয়ামাস জলমুক্তেন কর্ম্মণা ॥ ১৩

সহস্রদৃঙ্ মহাতেজা ভূত্বা কৃত্তো নভোঘনঃ।
দিব্যাভোরেন হবিষা তর্পয়ামাস মেদিনীম্ ॥ ১৪

ততঃ ক্ষীরনিকাশেন স্বাদুনা পরমাম্ভসা।
শিবেন পুণ্যেন মহী নির্মলসমম্বয় পরম ॥ ১৫

তে নদ্যা জলসংভগ্না পয়সা সর্বতোধারা:
একার্ণবজলা কৃত্বা সর্বমদ্যবিবর্জিতা: ॥ ১৬

মহাভূতান্যপি চ তা প্রবিষ্টান্যমিতৌজসম্।
নষ্টাকপবনাকাশে সূক্ষ্মে জনবিবর্জিতে ॥ ১৭

সংশোষয়িত্বা পীত্বা চ বসন্তোকঃ সনাতনঃ
পৌরাণঃ রূপমাস্থায় কিমপাম্ভিতবুদ্ধিমান্ ॥ ১৮

একার্ণবজলে স্থাসীদ্ যোগী যোগসমাগতঃ।
অযুতানাং সহস্রাণি গতাস্তেকার্ণবেঽহসি ॥ ১৯

ন চৈনং কশ্চিদব্যক্তং বেদিতুমর্হতি ॥ ১৯

জনমেজয় উবাচ।

একার্ণববিধিঃ কোঽয়ং যস্ত্বৈব পরিকীর্তিতঃ
ক এষ পুরুষো নাম কিং যোগঃ কস্ত যোগবান্ ॥ ২০

বৈশম্পায়ন উবাচ

এতাবদ্ভবতশ্চো কালমেকার্ণবিধিং প্রতি।
করিষ্যতীমং ভগবানিতি কশ্চিন্ন বুধ্যতে ॥ ২১

ন বৈ মাতা ন চ স্রষ্টা ন স্রষ্টাতা নৈব পার্থগঃ।
ন স্বাবজ্ঞাহতে কশ্চিদ্যতে তং দেবমীশ্বরম্ ॥ ২২

তাহাদের সম্বর্ষণ হইতে অগ্নি শত শত স্থানে প্রজ্বলিত হইয়া উঠে এবং মহাভূতের সংবর্তক অগ্নিরূপে উদ্ভাসিত হইতে থাকে। এই সংবর্তক অগ্নি তখন সম্পূর্ণ লোকসমূহকে প্রজ্বলিত করিয়া ভস্মীভূত করে। ১০

সেই সংবর্তক অগ্নি পর্বত, বৃক্ষ, ওষধি লতা, বল্লী, তৃণ বিবা বিমান, নানাপ্রকার নগর, পুণ্য আশ্রম, দিব্য লোকায়তনসমূহ মন্দির ও অন্য যে সমস্ত আশ্রয় গ্রহণযোগ্য স্থান আছে—সেই সমস্তই দগ্ধ করে। ১১-১২

তাহার পর জগদ্গুরু শ্রীহরি ভস্মীভূত সেই সমস্ত লোক-সমূহকে পুনরায় জলের সাহায্যকারী উপায়ে নির্মাণিত করেন। ১৩

সহস্র নেত্রবিশিষ্ট সেই মহাতেজস্বী শ্রীকৃষ্ণ মহামেঘ-রূপ ধারণ করত জলরূপী হবিষের দ্বারা পৃথিবীকে তৃপ্ত করেন। ১৪

বৃহজ্জলা স্বাদিষ্ট, উত্তম কল্যাণকারী ও পবিত্র সেই জলের দ্বারা এই প্রজ্বলিতা পৃথিবী পূর্ণরূপে শান্ত হইয়া যায়। ১৫

সেই পর্বত ও বৃক্ষাদি জলে আপ্লাবিত হইয়া সর্বদিকে কেবল জলই ধারণ করিয়া থাকে এবং একার্ণব জলে বিলীন হইয়া সর্বপ্রকার প্রাণিশূন্য হইয়া যায়। ১৬

পঞ্চ মহাভূতও সেই অমিততেজস্বী ভগবান্ বিষ্ণুতে প্রবিষ্ট হইয়া যায়। তখন সূর্য, বায়ু ও আকাশেরও সূক্ষ্ম পরমাণু-রূপে লয় হইয়া যায়, জীব-জন্তুগণের সর্বথা অভাব হইয়া যায়, তখন সেই একার্ণব অমিত বৃদ্ধিমান্ সনাতন পুরুষ শ্রীহরি নিজের কোনও এক অনির্বচনীয় পুরাতন রূপের আশ্রয় লইয়া প্রথমে জলকে শোষণ ও পান করত সেই দিব্য একার্ণবের জলে নিবাস করিতে থাকেন। ১৭-১৮

সেই যোগী শ্রীহরি যোগের আশ্রয় লইয়া একার্ণবের জলে অবস্থান করেন। সেখানে অবস্থান করিতে করিতে তাঁহার সহস্র অযুতবর্ষ অতীত হইয়া যায়। এই অবাক্ত পরমেশ্বরকে কেহই ব্যক্তরূপে জানিতে সমর্থ হয় না। ১৯

জনমেজয় বলিলেন,—যাহার এস্থানে বর্ণনা করিলেন, সেই একার্ণবের বিধি (অর্থাৎ বিধি) কি? অর্থাৎ ভগবান্ এইভাবে কতকাল নিবাস করেন? কে এই পুরুষ? তাঁহার যোগের স্বরূপ কি? এবং যোগবান্ (যোগেশ্বর) কে? ২০

বৈশম্পায়ন বলিলেন,—এই ভগবান্ এতকাল পর্যন্ত একার্ণব বিধি পালন করিবেন অর্থাৎ এতকাল পর্যন্ত একার্ণব-জলে অবস্থান করিবেন, ইহা কেহই জানেন না। ২১

(এই পুরুষ অনির্বচনীয়। সুতরাং) না তিনি প্রভাতা, না স্রষ্টা, না জ্ঞাতা ও না তটস্থ, পরন্তু তিনি এ সব হইতেই বিলক্ষণ। ইঁহাকে সেই পরমেশ্বরের যাতীত অন্য কেহই জানিতে সমর্থ হন না। সেইজন্য তাঁহার যোগও অনির্বচনীয়। ২২

নষ্টঃ ক্ষিতং পবনমথ প্রকাশয়ন
প্রজাপতিঃ ভুবনচয়ঃ পুরেশ্বরম্।
পিতামহঃ শ্রুতিনিলয়ঃ মহামুনিঃ
শশাস তু শরণমরোচয়ৎ প্রভুঃ ॥ ২৩

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি পুরুরপ্রাদুর্ভাবে নবমোঽধ্যায়ঃ ॥ ৯ ॥

যিনি আকাশ, পৃথিবী ও বায়ুকে প্রকাশিত করিতে করিতে সমস্ত ভুবনময়ে বিচরণকারী, সুরেশ্বর, প্রজাপতি ও বেদনিধি মহামুনি পিতামহ ব্রহ্মাকেও জ্ঞানের উপদেশ করেন, তিনিই সকলের উৎপত্তির কারণভূত ভগবান্ (যোগেশ্বর), তিনিই একার্ণব-জলে শয়ন করা ভালবাসেন ॥ ২৩

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে পুরুরপ্রাদুর্ভাববিষয়ক নবম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দশমোঽধ্যায়ঃ ॥

[একার্ণবে ভগবতঃ, মার্কণ্ডেয়স্য চ সংশেষবর্ণনম্]

বৈশম্পায়ন উবাচ

এবমেকার্ণবীভূতে শ্লোকে মহাত্মাতি:
প্রচ্ছান্ত সলিলা সর্ব্বাঃ হরিনারায়ণঃ প্রভুঃ ॥ ১
নহুতো বজ্রসো মধ্যে মহার্ণবমস্ত বৈ
বিরজস্কো মহাবাহুরুরুঃ ব্রহ্ম যঃ বিদুঃ ॥ ২
আত্মরূপপ্রকাশনে তপসা সংবৃতঃ প্রভুঃ।
ত্রিকমাত্মায় কালং তু ততঃ সুষাপ সোঽব্যয়ঃ ॥ ৩
পুরুষো যজ্ঞ ইত্যেবং যৎপরং পরিকীর্ত্তিতম্
যজ্ঞাক্ষুপ্ত পুরুষাখ্যাঃ স্যাৎ সর্ব্বং তৎ পুরুষোত্তমঃ ॥ ৪
যে চ যজ্ঞপরা বিপ্রা ঋষিণা ইতি সংজ্ঞিতাঃ

আত্মদেহাৎ পুরা সৃষ্টা যজ্ঞেভ্যঃ শ্রুয়তাং তথা ॥ ৫
ব্রহ্মাণা পরমং বক্ত্রাদ্দণ্ডাত্মাত্মক সামগম্।
হোতারমথ চাধ্বর্য্যুং বাহুভ্যামসৃজৎ প্রভুঃ ॥ ৬
ব্রাহ্মণো ব্রাহ্মণশ্চাজ্ঞ সপ্রস্তারক সর্ব্বশঃ।
তস্মিন্নঃ বরুণং সৃষ্ট্বা প্রতিষ্ঠাত্তারমেব চ ॥ ৭
উদরাৎ প্রতিহর্ত্তারং পোতারঞ্চৈব ভারত।
অচ্ছাবাকং মনোস্তাত্যাং নেষ্টারঞ্চৈব ভারত ॥ ৮
পাণিভ্যামথ চাগ্নীধ্রং শুভ্রস্থানক যজ্ঞিয়ম্
প্রাবাণমথ বাহুভ্যাং দুদ্রুতারক যজ্ঞিয়ম্ ॥ ৯

দশম অধ্যায়।

[একার্ণবে ভগবান ও মার্কণ্ডেয়ের সংবাদ বর্ণন।]

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! আত্মস্বরূপকে প্রকাশিতকারী, জগৎসম্পন্ন, সর্ব্বসমর্থ, অক্ষয়ক্ষরহিত, মহাতেজস্বী, মহাবাহু ও অবিনাশী ভগবান্ নারায়ণ শ্রীহরি এইভাবে সম্পূর্ণ জগৎ একার্ণবময় হইয়া যাইলে পর সম্পূর্ণ জগতে আচ্ছাদিত করিয়া উহাতে শয়ন করেন। তিনিই সেই ভগবান্, যাঁহাকে বিদ্বান্ পুরুষগণ অবিনাশী ব্রহ্মের রূপে জানেন। তিনি ভূত, ভবিষ্য ও বর্ত্তমান—এই তিন কালের আত্মরূপ লইয়া সেখানে শয়ন করিয়া থাকেন ॥ ১-৩

যে পরম তত্ত্বকে যজ্ঞপুরুষ নামে অভিহিত করা হইয়াছে এবং পুরুষ নামে প্রসিদ্ধ আছে যে সমস্ত বস্তু আছে, তাহারাই পুরুষোত্তম শ্রীহরি ॥ ৪

যজ্ঞপরায়ণ যে সমস্ত ব্রাহ্মণ ঋষিরূপে কথিত হন, তাঁহারা পূর্ব্বকালে পরমাত্মা শ্রীহরির শ্রীবিগ্রহ হইতে উদ্ভূত হইয়াছেন। সেই সময় তিনি কিভাবে ইঁহাদের উৎপন্ন করিয়াছিলেন, তাহা বলিতেছি, শ্রবণ কর ॥ ৫

সেই ভগবান সর্ব্বশ্রেষ্ঠ ব্রহ্ম ও সামগানকারী উদ্গাতাকে নিজের মুখ হইতে উৎপন্ন করিয়াছেন এবং হোতা ও অধ্বর্য্যুকে নিজের দুই বাহু হইতে সৃষ্টি করিয়াছেন ॥ ৬

ব্রহ্মযোনি বরাহরূপী নারায়ণিক ব্রাহ্মণ তাঁহা হইতেই উৎপন্ন হইয়াছেন। তিনি প্রস্তোতা ও ব্রহ্মাবরুণ নামক প্রশাস্তার সৃষ্টি করিয়া প্রতিপ্রস্থাতাকে সৃজন করেন ॥ ৭

ভারত! সেই ভগবান্ যাঁর উদর হইতে প্রতিহর্ত্তা ও পোতার সৃষ্টি করিয়াছেন। ভরতবংশধর! তিনি মন ও উরু হইতে অচ্ছাবাক্ এবং নেষ্টাকে উৎপন্ন করিয়াছেন ॥ ৮

তিনি দুই হস্ত হইতে আগ্নীধ্র ও যজ্ঞসম্বন্ধী শুভ্রস্থানকে উৎপন্ন করিয়াছেন। দুই বাহু হইতে গ্রাবোদ্গাতা এবং যজ্ঞসম্বন্ধী উন্নেতাকেও সৃষ্টি করিয়াছেন ॥ ৯

এবমেবৈষ ভগবান্ সোঽনীশস্তান্ জগৎপতিঃ।
প্রবক্ষ্যন্ সর্ব্বযজ্ঞানাম্ঋিত্বোঽসৃজত্তত্তমান্ ॥ ১০
তস্যেষ বৈ বেদময়ঃ পুরুষো যজ্ঞসম্মিতঃ।
বেদাশ্চ তস্যাঃ সর্ব্বে সাঙ্গোপনিষদক্রিয়াঃ ॥ ১১
ঋষিভ্যোঽর্থবৈ চৈব যথাবচ্চ্যবনাদৃতে তথা
শ্রুয়তে তদ্ যথাবৃত্তং মার্কণ্ডেয়ো বনদ্রুমে ॥ ১২
জীর্ণো ভগবতস্তস্য কৃষ্ণাবেব মহামুনিঃ।
বহুবর্ষসহস্রায়ুস্তস্যৈব বরতেজসা ॥ ১৩
ইতি তীর্থপ্রসঙ্গেন পৃথিবীতীর্থগোচরঃ।
আশ্রমানপি পুণ্যাংশ্চ তীর্থান্যায়তনানি চ ॥ ১৪
দেশান্ রাষ্ট্রাণি চিত্রাণি পুরাণি বিবিধানি চ।
জপহোমরতঃ ক্ষান্তস্তপো ঘোরং সমাশ্রিতঃ ॥ ১৫
মার্কণ্ডেয়স্তত্তস্তত্র শনৈর্বক্ত্রাদ্ বিনিঃসৃতঃ।
নিষ্ক্রামন্তং ন চাত্মানং জনীতে বেদমাতরম্ ॥ ১৬
নিষ্ক্রান্তস্তস্য বদনাদেকার্ণবমথো গতঃ
সর্ব্বতত্ত্বময়াজ্ঞানঃ মার্কণ্ডেয়ো নিরীক্ষতে ॥ ১৭
তস্যোৎপন্নঃ ভয়ঃ তীব্রঃ সংশয়শ্চাত্মজীবিতে।
বেদদর্শনসম্ভ্রান্তো বিস্ময়ঃ চাসমং পরম্ ॥ ১৮
সঞ্চিন্তয়তি মধ্যাহ্নো মার্কণ্ডেয়োঽভিশঙ্কিতঃ।
কিং বিদ্ধ্যবেদিয়ঃ চিন্তা মোহঃ স্বপ্নোঽথবা মৃষা ॥ ১৯
ব্যক্তমন্যতমো ভাবো হ্যেতেষাং ভবিতা মম
ন হীদৃশমসংক্লিষ্টমমুক্তং সম্ভবেদিতি ॥ ২০
নষ্টচন্দ্রার্কপবনে হ্রদপর্ব্বতভূতলে
কতমঃ স্যাদয়ং লোক ইতি চিন্তাব্যবস্থিতঃ ॥ ২১
অপশ্যচ্চাপি পুরুষং মহান্তং পর্ব্বতোপমম্।
তোয়াচ্চাম্বি ভীমূতং মধ্যে মগ্নং মহার্ণবে ॥ ২২

এইভাবে সেই জগদীশ্বর ভগবান্ শ্রীহরি সম্পূর্ণ যজ্ঞকর্ম-সমূহের উপদেশকারী বেদ তন উত্তম অগ্নিকে সৃষ্টি করেন। ১০

সেইহেতু তিনিই বেদময় ও যজ্ঞসম্মিত পুরুষ। শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত ছন্দঃ ও জ্যোতিষ—এই ছয় অঙ্গ, উপনিষদসমূহ এবং কর্মকাণ্ডসহ সম্পূর্ণ বেদও তাঁহারই স্বরূপ। ১১

যখন তিনি একার্ণব-জলে শয়ন করিয়াছিলেন, সেই সময় যে আশ্চর্য্যজনক ঘটনা সংঘটিত হইয়াছিল, তাহা মুনিবর মার্কণ্ডেয় যথাযথভাবে অনুভব করিয়াছিলেন—এরূপ কথা শুনা যায়। ১২

মহামুনি মার্কণ্ডেয় সেই ভগবান্ শ্রীহরির উদরেই মৃত্যুর হইতে মুক্ত হইয়া বিরাজিলেন। সেই শ্রীভগবানেরই উত্তম তেজে মার্কণ্ডেয়ের অনেক সহস্র বৎসর আয়ু লাভ হইয়াছিল। ১৩

এইভাবে তিনি তীর্থযাত্রাপ্রসঙ্গে ভগবানের উদরেই ভূমণ্ডলের তীর্থসমূহে বিচরণ করিতেছিলেন। তিনি সেখানে পবিত্র আশ্রম, তীর্থ, দেবালয়, দেশ, বিভিন্ন রাষ্ট্র ও নানাপ্রকার নগরসমূহ দর্শন করেন। তাহার পর তিনি ঘোর তপশ্চর্যার আশ্রয় লইয়া জপ এবং হোমে নিরত থাকিয়া অত্যন্ত দুর্বল হইয়া যান। ১৪-১৬

ইহার পর একদিন মার্কণ্ডেয় ধীরে ধীরে ভগবানের মুখ বিবর বাহির হইয়া আসেন। দেবমাতার গোপিত হইয়া তিনি নিজের এই নির্গমন জানিতে পারেন নাই। ১৬

ভগবানের মুখ হইতে নির্গত হইয়া মার্কণ্ডেয় একার্ণবের জলে আসিয়া পড়িলেন। তখন তিনি নিজেকে নিয়ে সর্ব্বদিকে অন্ধকারে আচ্ছন্ন দেখিলেন। ১৭

ইহাতে তাঁহার মনে তীব্র ভয় হইল এবং তাঁহার নিজের জীবনেরও সংশয় উপস্থিত হইল। কিন্তু এই সময়ে ভগবানের দর্শনে তাঁহার অত্যন্ত আনন্দ হইল। তিনি তখন অতিশয় বিস্মিত হইয়া যাইলেন। ১৮

এই মার্কণ্ডেয় মুনি অত্যন্ত পণ্ডিত হইয়া মধ্যাহ্নের প্রায় এইরূপ বিচার করিতে লাগিলেন—আমার এই চিন্তা কি হইতে পারে? আমার মধ্যে কি মোহ আসিয়া উপস্থিত হইয়াছে বা স্বপ্নের অনুভব হইতেছে? ১৯

নিশ্চয়ই আমার এই ভাব চিন্তা, মোহ ও স্বপ্নের মধ্যে যাহা কিছু এক হইবে; কারণ, এরূপ অসম্ভব ও অমুক্ত বিষয় কখনও সত্য হইতে পারে না। ২০

যেখানে চন্দ্র, সূর্য্য ও বায়ু দেখা যায় না এবং পর্ব্বত ও ভূতল আচ্ছন্ন হইয়া রহিয়াছে, এরূপ ইহা কোন্ লোক? এইভাবে চিন্তা করিতে করিতে তিনি সেখানে অবস্থান করিতে লাগিলেন। ২১

সেখানে তিনি মহাসাগরের মধ্যে মগ্ন হইয়া শয়নকারী এক পর্ব্বতাকার পুরুষকেও দর্শন করিলেন, যিনি সজল জলধরের ন্যায় প্রতিভাত হইতেছিলেন। ২২

তপন্তমিব তেজোভির্ভাস্বন্তমিব বর্চসা।
জাগ্রন্তমিব মান্ধাত্র্যাদ্যাজ্ঞসন্তমিব পল্বলম্ ॥ ১৩
স বেদা প্রচুমাচাতি কো ওবানিতি বিস্ময়াৎ
তস্যৈব চ শনৈর্মূর্ত্যা মুনিঃ কুক্ষিঃ প্রবেশিতঃ ॥ ১৪
স প্রবিষ্টঃ পুনঃ কুক্ষৌ মার্কণ্ডেয়ঃ পুনিশ্চিতঃ।
তস্যৈব চরতস্তত্র বিজ্ঞানং স্বয়মর্দনম্ ॥ ১৫
স তস্যৈব বযাপূর্ণঃ পৃথিবীমটতে পুনঃ।
পুণ্যতীর্থানি পুতানি নিরৈক্ষদ্ধিবি ভূতলে ॥ ১৬
ক্রতুভির্বাজপেয়াদ্যৈঃ সমাপ্তবরদক্ষিণৈঃ।
পজতে যেবকুক্ষিস্থান যজ্ঞিয়ান্ভতশো দ্বিজান ॥ ১৭
সবৃত্তমাশ্রিতাঃ সর্বে বর্ণা ব্রাহ্মণপূর্বকাঃ।
চত্বারস্চাশ্রমাঃ সম্যগ্ যথোদ্দিষ্টপদানুগাঃ ॥ ১৮
বর্ষাণাং শতমাত্রস্তু মার্কণ্ডেয়ো মহামুনিঃ।

বিচরন পৃথিবীঃ কৃৎস্নাঃ ন চ কুক্ষাবমৈক্ষত ॥ ১৯
ততঃ কদাচিদথ বৈ পুনর্ব্রহ্মাদ্ বিনিঃসৃতঃ।
সুপ্তাং স্তম্ভোদ্ধনাধারাং বালমেকং নিরীক্ষতে ॥ ৩০
যথা চৈকার্ণবজলে নীহারেণ বৃতাস্তরে।
অবাক্তভীষণে লোকে সর্বস্মিন্ভূতবিবর্জিতে ॥ ৩১
স তূতো বিস্ময়াবিষ্টঃ কৌতূহলসমন্বিতঃ।
বালমালিত্যসঙ্কাশং ন শক্নোত্যুপসর্পিতুম্ ॥ ৩২
সোঽচিন্তয়দথৈবান্তে স্থিত্বা সলিলসন্নিধৌ।
পূর্বদৃষ্টমিদং নেতি শঙ্কিতো দেবমায়য়া ॥ ৩৩
অম্ভাথে সলিলস্তস্মে মার্কণ্ডেয়ঃ প্রবন্ধুনিঃ
ন শান্তিং লভতে তত্র শ্রান্তঃ সন্তস্থিবাংস্তদা ॥ ৩৪
তস্যৈব ভগবান্ হংসো গতো যোগেন বালতাম্।
বভাষে মেঘতুলোন স্বরেণ পুরুষোত্তমঃ ॥ ৩৫

এই পুরুষ যাঁর ভেতে যেন স্থাপিত করিতেছিলেন, নিজ দীপ্তিতে যেন উদ্ভাসিত হইতেছিলেন, গম্ভীরতায় তিনি যেন ভাবান্বিত হইতেছিলেন এবং সর্পের ন্যায় শ্বাস গ্রহণ করিতেছিলেন ॥ ২৩

সেই মুনি তখন বিস্ময়বশতঃ যেই জিজ্ঞাসা করিবার জন্য শ্রীভগবানের নিকট আসিলেন যে আপনি কে ? সেই সময়েই পুনরায় তাঁহাকে ধীরে ধীরে ভগবানের উদরে প্রবেশ করাইয়া দিলেন ॥ ২৪

তাঁহার উদরে পুনরায় প্রবেশ করিবার পর মার্কণ্ডেয় মুনির ভ্রম হইলেন। তিনি একার্ণবের সেই বটবৃক্ষকে বহু যত্ন ভাবিতে ভাবিতে পুনঃ চতুর্দিকে বিচরণ করিতে লাগিলেন ॥ ২৫

তিনি পূর্ব্বের ন্যায় পুনরায় পৃথিবীতে ভ্রমণ করিতে লাগিলেন এবং ভূতল ও স্বর্গের পুণ্য তীর্থসমূহ দর্শন করিতে লাগিলেন ॥ ২৬

তিনি শ্রীভগবানের উদরে অবস্থান করত যাজিক ব্রাহ্মণবর্গ এবং উত্তম দক্ষিণার সহিত সমাপনীয় যজ্ঞসমূহের অনুষ্ঠানে নিরত যজ্ঞবাবন্ধিকের দর্শন করিতে লাগিলেন ॥ ২৭

ব্রাহ্মণাদি সকল বর্ণের মনুষ্যগণ সদাচার পালন করিতেছিলেন। ব্রহ্মচর্য্যাদি চার আশ্রম উত্তম রীতিতে শাস্ত্রোক্ত মর্য্যাদার অনুসরণ করিতেছিল ॥ ২৮

মহামুনি মার্কণ্ডেয় এক শত বর্ষ পর্য্যন্ত সমগ্র পৃথিবীতে বিচরণ করিতেছিলেন, কিন্তু তিনি কোথাও শ্রীভগবানের উদরের অন্ত দেখিতে পাইলেন না ॥ ২৯

তদনন্তর কোনও একদিন তিনি পুনরায় শ্রীভগবানের মুখ দিয়া বহির্গত হইলেন। সেখানে অব্যক্ত, ভীষণ ও সর্ব্ব প্রাণিহীন জগতে, যে জগৎ তখন একার্ণব জলে পূর্ণ ছিল এবং যাহার মধ্যভাগ কুয়াসায় আচ্ছন্ন ছিল, সেই জগতে অক্ষয়বটের শাখায় এক বালককে নিদ্রিত অবস্থায় তিনি দর্শন করিলেন ॥ ৩০-৩১

তখন তিনি পুনরায় বিস্ময়াবিষ্ট ও কৌতূহলাক্রান্ত হইয়াও সেই নবোদিত সূর্য্যতুল্য তেজস্বী বালকের নিকট যাইতে সমর্থ হইলেন না ॥ ৩২

তিনি জলের নিকট একাকী অবস্থান করিয়া চিন্তা করিতে লাগিলেন যে, আমি পূর্ব্বে কখনও এরূপ আশ্চর্য্য বস্তু দেখি নাই। এই চিন্তা আসিতেই তিনি দেবমায়া দ্বারা ভীত হইয়া পড়িলেন ॥ ৩৩

অম্ভাথ ও মৃত্তির জলমুক্ত একার্ণবে সন্তরণ করিতে করিতে মার্কণ্ডেয় মুনি পরিশ্রমবশতঃ ভয়ে ব্যাকুল হইয়া উঠিলেন, তিনি তখন কোনরূপেই শান্তিলাভ করিতে পারিলেন না ॥ ৩৪

এই সময়েই যোগে বালকরূপধারী হংসস্বরূপ ভগবান্ পুরুষোত্তম মেঘসদৃশ গম্ভীর স্বরে বলিলেন ॥ ৩৫

শ্রীভগবানুবাচ।

মা ভৈর্বৎস ন তেঽত্রাস্মিন্বেত্যাদি চান্তিকম্।
মার্কণ্ডেয় মুনে ধীর বালত্বঃ শ্রমপীড়িতঃ ॥ ৩৫

মার্কণ্ডেয় উবাচ।

কো মাং নাম্না কীর্তয়তে তপঃ পরিতপন্তম।
বহুবর্ষসহস্রায়ুর্বরশ্চৈব মে বরঃ ॥ ৩৭
ন হ্যেষু সমুদাচারো দেবেষপি সমাহিতঃ
মাং ব্রহ্মাপি স বিশ্বেশো দীর্ঘায়ুরিতি ভাষতে ॥ ৩৮
কস্তপো ঘোরশিরসো মমান্ত ত্যক্তজীবিতঃ।
মার্কণ্ডেয়েতি মাং প্রোক্ত্বা মৃত্যুমীক্ষিতুমিচ্ছতি ॥ ৩৯

বৈশম্পায়ন উবাচ।

এবমাভাষতে ক্রোধান্মার্কণ্ডেয়ো মহামুনিঃ
অথৈনং ভগবান্ ভূয়ো বভাষে তৎপরায়ণম্ ॥ ৪০

শ্রীভগবানুবাচ

অহং তে জনকো বৎস ত্বমাত্মৈকঃ সুপুত্রকঃ
আয়ুঃপ্রদাতা পৌরাণঃ কিমর্থং নোপসর্পতি ॥ ৪১
মাং পুত্রকামঃ প্রথমং পিতা তে ভক্তিতো মুনিঃ।
পূর্বমারাধয়ামাস তপস্তীব্রমুপাশ্রিতঃ।
ততস্তং ঘোরশিরসং দহনোপমতেজসম্।
দত্তবানহমুগ্রেষ্টং মহাবিষমিতায়ুষম্ ॥ ৪৩
তত্র নোৎসহতে চাত্মা যো ন ভূতো মমাত্মজঃ।
দ্রষ্টুমেকার্ণবস্তস্মাৎ ক্রীড়ন্তং যোগমব্যয়ম্ ॥ ৪৪

বৈশম্পায়ন উবাচ

ততঃ প্রসন্নবদনো বিস্ময়োৎফুল্ললোচনঃ।
মূর্ধ্নি বদ্ধাঞ্জলিপুটো মার্কণ্ডেয়ো মহাতপাঃ ॥ ৪৫
নামগোত্রে ততঃ শ্রুত্বা দীর্ঘায়ুর্লক্ষণপূজিতঃ।
অথাকরোন্নমস্কারং প্রথমং শিরসা প্রভুম্ ॥ ৪৬

মার্কণ্ডেয় উবাচ

ইচ্ছেয়ং তনুতো মায়াদিমাং জ্ঞাতুং ভবানিব
যদেকার্ণব ধাস্তে লেখে ত্বং বালরূপধৃক্ ॥ ৪৭

শ্রীভগবান্ বলিলেন,—বৎস! ভীত হইও না। তুমি করিবার আবশ্যকতা নাই; এস্থানে আমার নিকটে এস। ধীর মুনে মার্কণ্ডেয়! তুমি বালক, শৈশবজনিত শ্রমে পীড়িত হইতেছ ॥ ৩৬

মার্কণ্ডেয় বলিলেন,—আমার তপস্যা ও অনেক সহস্রবর্ষ আয়ুযুক্ত বরসকল বিস্তার করিতে করিতে কে আমার নাম করিয়া আহ্বান করিতেছেন? ৩৭

দেবগণের মধ্যেও এই আচার দৃষ্টিগোচর নাই; সাক্ষাৎ লোকনাথ ব্রহ্মাও আমাকে দীর্ঘায়ু বলেন। তিনি আমার নাম উল্লেখ করেন না।) ॥ ৩৮

কে নিজের জীবনের মায়া ত্যাগ করিয়াছেন, যিনি ঘোরমস্তক আমার তপস্যাকে বিস্তার করিতে করিতে আমাকে মার্কণ্ডেয় বলিয়া নিজের মৃত্যু দেখিতে ইচ্ছা করিতেছেন? ৩৯

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! যখন মহামুনি মার্কণ্ডেয় ক্রোধসহকারে এরূপ কথা বলিলেন, তখন শ্রীভগবান্ পুনরায় নিজের শরণাগত ভক্ত মহর্ষিকে এই কথা বলিলেন ॥ ৪০

শ্রীভগবান্ বলিলেন,—বৎস! আমি তোমার জন্মদাতা পিতা ও গুরু হইতেছি। তোমাকে দীর্ঘায়ু প্রদানকারী পুরাতন পুরুষ আমি। তুমি আমার নিকটে কেন আসিতেছ না? ৪১

পুরাকালে পুত্রকামনাকারী তোমার পিতা ভক্তিমান্ মুনি তীব্র তপস্যা অবলম্বন করত সর্বপ্রথম আমারই আরাধনা করিয়াছিল ॥ ৪২

তখন আমি অগ্নিসদৃশ তেজস্বী, অনপরিমিত আয়ুবিশিষ্ট, নিজের পরম প্রিয়, মহর্ষি ঘোরশিরা তোমাকে পুত্ররূপে তাহাকে প্রদান করিয়াছিলাম ॥ ৪৩

অতএব এই পরিস্থিতিতে যে আমা হইতে অভিন্ন নয়, এরূপ অন্য কোন্ ভূত অচেতন বলিয়া একার্ণব জলে থাকিয়া ক্রীড়াকারী, যোগবলী পরমাত্মা আমাকে দর্শন করিবার সাহস করিতে পারে? ৪৪

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! ইহা শ্রবণ করত মহাতপস্বী মার্কণ্ডেয়ের মুখ প্রসন্ন হইয়া উঠিল, নেত্র বিস্ময়ে উৎফুল্ল হইয়া যাইল এবং তিনি নিজ মস্তকে হস্তযুগল অঞ্জলিবদ্ধ করিয়া ধারণ করত প্রণাম করিলেন ॥ ৪৫

সেই লোকপূজিত দীর্ঘায়ু ঋষি শ্রীভগবানের মুখ হইতে নিজের নাম ও ঘোর প্রলয় করিয়া তাঁহার চরণে মস্তক নত করিলেন এবং সেই প্রভুকে নমস্কার করিলেন ॥ ৪৬

মার্কণ্ডেয় বলিলেন,—অনঘ! আপনি এই একার্ণবের মধ্যে যে বালরূপ ধারণ করত শয়ন করিয়া আছেন, আপনার এই মায়াকে আমি যথাযথভাবে জানিতে ইচ্ছা করি ॥ ৪৭

কিংমাংসঃ কল্প ভগবাল্লোকে বিজ্ঞাহসেঽনঘ
তর্করে দ্বাঃ মহাভূতং ন দৃষ্টপূর্বি তিষ্ঠতি ॥ ৪৮

শ্রীভগবানুবাচ

অহং নারায়ণো ব্রহ্মা সম্ভবঃ সর্ব্বদেহিনাম্।
সর্ব্বভূতোদ্ভবকরঃ সর্ব্বভূতবিনাশনঃ ॥ ৪৯

অহমৈন্দ্রে পদে শক্র ভভূনামপি বৎসরঃ।
অহং যুগে যুগাক্ষশ্চ যুগসংবর্ত্ত এব চ ॥ ৫০

অহং সর্ব্বাণি সত্ত্বানি দৈবতান্যখিলানি চ।
ভূজঙ্গানামহং শেষস্তার্ক্ষ্যোঽহং সর্ব্বপক্ষিণাম্ ॥ ৫১

অহং সহস্রশীর্ষা ভৌমঃ পঞ্চৈশ্বভিঃসংবৃতঃ।
আদিত্যো বহ্নিপুরুষো দেবো যজ্ঞময়ো মখঃ।
অহমগ্নিরবাবাহো বাহ্যসাঃ পতিরবাহঃ ॥ ৫২

যৎপৃথিব্যাং দ্বিজেশ্রাণাং তপসা ভাবিতাত্মনাম্
বহুজন্মনিরুদ্ধা ব্রাহ্মণো যতিকুচাতে ॥ ৫৩

জ্ঞানবান্ দৃষ্টবিদ্যাত্মা যোগিনাং যোগবিত্তমঃ।
কৃতান্তঃ সর্ব্বভূতানাং বিশ্বেষাং কালসাজিতঃ ॥ ৫৪

অহং কর্ম্ম ক্রিয়া জীবঃ সর্ব্বেষাং ধর্ম্মদর্শনঃ
নিষ্ক্রিয়ঃ সর্ব্বভূতেষু স্বাত্মজ্যোতিঃ সনাতনঃ ॥ ৫৫

প্রধানঃ পুরুষো দেবোঽহমাদ্যন্তশ্চক্ষয়োঽব্যয়ঃ।
অহং ধর্ম্মস্তপশ্চাহং সর্ব্বাশ্রমনিবাসিনাম্ ॥ ৫৬

অহং হয়শিরো দেব ক্ষীরোদে যো মহার্ণবে।
ভক্তা সত্যাক্ষ পরমমহমেকঃ প্রজাপতিঃ ॥ ৫৭

অহং সাঙ্খ্যময়ং যোগময়ং তং পরমং পদম্।
অহমিজ্যো ভবচ্ছাত্রময়ঃ বিদ্যাশিপঃ স্মৃতঃ ॥ ৫৮

অহং জ্যোতিময়ঃ বায়ুময়ঃ ভূমিময়ঃ নভঃ।
অহমাপঃ সমুদ্রাশ্চ নক্ষত্রাণি দিশো দশ
অহং বর্ষময়ঃ সোমঃ পর্ব্বভ্যাত্মময়ঃ রবিঃ ॥ ৫৯

ক্ষীরোদঃ সাগরশ্চাহং সমুদ্রো বড়বামুখঃ।
বহ্নিঃ সম্বর্ত্তকো দ্বাত্মা পিবাম্যোষময়ঃ রবিঃ ॥ ৬০

নিষ্পাপ পরমেশ্বর! সম্পূর্ণ ঐশ্বর্য, বর্ম, যশ ও শ্রীসম্পন্ন আপনি কে? এবং কোন্ নামে লোকে আপনাকে জানা যায়? আমি অনুমান করিতেছি যে, আপনি কোনও মহাভূত; কারণ, কোনও সাধারণ ভূত এস্থানে থাকিতে পারে না ॥ ৪৮

শ্রীভগবান্ বলিলেন, মুনে আমি নারায়ণ সমস্ত দেহধারিগণের উৎপত্তির কারণভূত ব্রহ্মা, সম্পূর্ণ ভূতবর্গের উদ্ভবকারী ও সমস্ত ভূতগণের সংহারকারী রুদ্র ॥ ৪৯

আমি শক্ররূপে ঐন্দ্র পদে এবং উত্তমপদে অভিষ্ঠিত ছিলাম, আমিই ভভূতলের পতি সংবৎসর এবং আমিই প্রত্যেক যুগে যুগাক্ষ ও যুগাবর্ত্ত নামে কথিত হই ॥ ৫০

আমিই সকল প্রাণী, সমস্ত দেবতা, সর্পগণের মধ্যে শেষ নাগ ও সম্পূর্ণ পক্ষিকুলের মধ্যে গরুড়ও আমিই ॥ ৫১

আমি সহস্র মস্তকবিশিষ্ট বিরাট্ পুরুষ। আমিই এই আকাশ বা স্বর্গ, যাহা আমার চরণ ছিলসমূহে ব্যাপ্ত আছে। আমিই সূর্য্যদেব, যজ্ঞপুরুষ এবং অগ্নিদেব, যোগমজ্ঞাদি অনেক প্রকার যজ্ঞসমূহে সম্পন্ন মখ (মহাযজ্ঞ)। আমিই দেবগণের হবিঃবহনকারী অগ্নিদেব এবং জলজন্তুগণের পালনকারী বরুণও আমিই ॥ ৫২

ভূমণ্ডলে স্বর্গপ্রাপ্তির-উপযোগী তপস্যার দ্বারা বিশুদ্ধ অন্তঃকরণবিশিষ্ট পুরুষগণের মধ্যে যে অনেক জন্ম পর্য্যন্ত চিত্তবৃত্তিনিরোধরূপ যোগ সাধনাকারী ব্রহ্মজ্ঞ সন্ন্যাসী, সেই সন্ন্যাসী যে ব্রহ্মের স্বরূপ বর্ণনা করেন, সেই ব্রহ্মও আমিই ॥ ৫৩

যিনি বিদ্যাত্মাকে সাক্ষাৎকার করিয়াছেন, সেই জ্ঞানীও আমিই। যোগিগণের মধ্যে পরম যোগবিৎ আমিই সমস্ত প্রাণিগণের অন্তঃকরণ কৃতান্ত এবং সমস্ত লোকসকলেরই কাল ॥ ৫৪

আমিই কর্ম, ক্রিয়া, জীব ও সকলের ধর্ম্মের স্বরূপ বা জগতের ধর্মনকারী। আমিই সমস্ত প্রাণিগণের মধ্যে অন্তর্যামী রূপে স্থিত, নিষ্ক্রিয় (সাক্ষী) এবং আত্মজ্যোতিতে প্রকাশিত সনাতন পরমাত্মা ॥ ৫৫

আমিই প্রকৃতি, পুরুষ ও দেবতা। আমিই সকলের আদিকারণ, অন্ত ও অবধি পরমেশ্বর। আমিই সমস্ত আশ্রমসমূহে নিবাসকারী পুরুষগণের ধর্ম্ম ও তপ ॥ ৫৬

যিনি হয়গ্রীব রূপ ধারণ করিয়া ক্ষীরসাগরে বেদসমূহকে রক্ষা করিয়াছিলেন, সেই ভগবান্ হয়গ্রীব আমিই। ভক্ত ও পরম সত্যও আমিই। একমাত্র আমিই প্রজাপতি ॥ ৫৭

আমি সাঙ্খ্য, আমি যোগ ও আমিই পরম পদ। আমি পূজনীয়, আমি গুরু (শিক্ষা) ও আমিই বিদ্যাসমূহের অধিপতি ॥ ৫৮

আমি অগ্নি, আমি বায়ু, আমি ভূমি ও আমিই আকাশ। জল, সমুদ্র, নক্ষত্র ও দশ দিক্‌সমূহও আমিই। আমি বর্ষ, আমি সোম, আমি মেরু ও আমি সূর্য্য ॥ ৫৯

আমি ক্ষীরসাগর সমূহ এবং বড়বামুখ অগ্নি আমিই সংবর্ত্তক অগ্নি হইয়া জগতের জলরূপী হবিঃ পান করি ॥ ৬০

অহং পুরাণং পরমঃ ভবিষ্যেচ্চ পরায়ণম্
অহং কৃতঞ্চ ভব্যঞ্চ বর্তমানঞ্চ সম্ভবঃ ॥ ৬১
যৎকিঞ্চিৎ পঞ্চমে চৈব যচ্চান্যেষ্বপি চ ক্ষিতৌ।
যচ্চাস্তুতরে লোকে তৎসর্বং মামকং স্মৃতম্ ॥ ৬২
বিদ্ধা স্রষ্টা ময়া পূর্বং সৃজেয়ং চাদ্য পশ্য মাম্।
যুগে যুগে চ স্রক্ষ্যামি মার্কণ্ডেয়াখিলং জগৎ ॥ ৬৩
তদেতদখিলং সর্বং মার্কণ্ডেয়াবধারয়।
শুশ্রূষুর্মম ধর্মেণ্ড্যঃ কৃষ্ণো ত্বং সুখী ভব ॥ ৬৪
মম ব্রহ্মা শরীরস্থো দেবাশ্চ ঋষিভিঃ সহ।
ব্যক্তমব্যক্তযোগাশ্চ মামবগচ্ছাপরাজিতম্ ॥ ৬৫
অহমেবাক্ষরো মন্ত্রস্ত্বাক্ষরস্তৈব সর্বশঃ
ত্রিপদস্তৈব পরমস্ত্রিবর্গার্থনিদর্শনঃ ॥ ৬৬

আমি পরম পুরাতন ব্রহ্ম। আমিই এস্থানে সকলের পরম আশ্রয়। আমি ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান জগতের উৎপত্তির কারণ ॥ ৬১

তুমি এই লোকে যাহা কিছু দেখিতেছ, যাহা কিছু শুনিতেছ ও যাহা কিছু অনুভব করিতেছ, তৎসমস্তই আমার স্বরূপ বলিয়া জানিবে ॥ ৬২

পুরাকালে আমিই বিশ্বকে সৃষ্টি করিয়াছি এবং অদ্যও আমিই সব সৃষ্টি করিয়া। তুমি আমাকে দর্শন কর। মার্কণ্ডেয়! প্রত্যেক যুগে (কল্পে) সম্পূর্ণ জগতের সৃষ্টি আমিই করিয়া ॥ ৬৩

মার্কণ্ডেয়! এই নিখিল জগৎ সম্পূর্ণরূপে আমারই স্বরূপ—ইহা স্থির জানিও। এখন তুমি ধর্মোপদেশ শুনিবার ইচ্ছা পোষণ করত আমার ধর্মপ্রাপ্তির জন্য ইচ্ছুক (উৎসুক) হইয়া আমার উপরে বিচরণ কর এবং সুখী হও ॥ ৬৪

ব্রহ্মা আমারই শরীরে অবস্থান করিতেছে। ঋষিগণ সহ দেবতারাও আমার শরীরেই বিদ্যমান আছে। তুমি আমাকে ব্যক্ত অব্যক্তরূপ ও অব্যক্ত যোগরূপ পরমাত্মা এবং সকলেরই অপরাজিত বিষ্ণু বলিয়া জানিও ॥ ৬৫

বৈশম্পায়ন উবাচ

এবমেতৎ পুরাণেষু বেদান্তে চ মহামুনিঃ।
যদ্ভূ ব্যাহৃতবানাত্ত মার্কণ্ডেয়ঃ মহামুনিম্।
প্রবেশয়ামাস ততো জঠরং বিশ্বরূপধৃক্ ॥ ৬৭
ততো ভগবতঃ কৃষ্ণাৎ প্রবিষ্টো মুনিসত্তমঃ।
রমাং সুখমবাপাশু শুশ্রূষুর্ঋষিসত্তমঃ ॥ ৬৮
তদক্ষরং বিবিধমাশ্রিতো বপু-
র্মহার্ণবে বাপগতচ্ছদস্তাক্ষরে।
শনৈশ্চরন্ প্রভুরপি হংসসংজ্ঞিতোঽ-
সৃজচ্চরাচরং বিসসর্জ কালপর্যায়ে ॥৬৯

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি পৌষ্করে মার্কণ্ডেয়কর্তৃক ভগবদ্দর্শনে দশমোঽধ্যায়ঃ ॥ ১০ ॥

আমি একাক্ষর মন্ত্র ওঁকার, ত্র্যক্ষর মন্ত্র প্রণব ও ত্রিপদ মন্ত্র গায়ত্রী। আমিই ধর্ম, অর্থ ও কাম—এই ত্রিবর্গ প্রাপ্তিকারক (ও যোক্ষপ্রদ) পরমাত্মা ॥ ৬৬

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! এইরূপে মহামুনি ব্যাসদেব এই বেদান্তপ্রসিদ্ধ পরমতত্ত্ব পুরাণসমূহে বর্ণনা করিয়াছেন। বিশ্বরূপধারী ভগবান্ বাসুদেব মহামুনি মার্কণ্ডেয়কে নিজ মুখে প্রবিষ্ট করাইবার জন্য তাঁহাকে সম্মুখ নিজ পার্শ্বে আসিতে আহ্বান করিলেন এবং তাহার পর তাঁহাকে হাঁ উদরে প্রবেশ করাইয়া দিলেন ॥ ৬৭

তদনন্তর শ্রীভগবানের উদরে প্রবিষ্ট হইয়া মুনিশ্রেষ্ঠ মার্কণ্ডেয় হংসস্বরূপ অবিনাশী পরমাত্মার আরাধনা করিবার ইচ্ছা করত সুখে বিচরণ করিতে লাগিলেন ॥ ৬৮

চন্দ্র ও সূর্য্যরহিত সেই একার্ণব জলে অনেক প্রকার স্বরূপ আশ্রয়কারী, হংসনামধারী অক্ষর ব্রহ্মস্বরূপ শ্রীভগবান্ যে যে বিচরণ করিতে লাগিলেন। তারপর সৃষ্টিকাল আসিলে তিনিই জগৎ সৃষ্টি করিলেন এবং বিবিধ ভৌতিক বস্তুসমূহের তিনিই সৃষ্টি করিতে থাকিলেন ॥ ৬৯

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বে পুত্রার্থীব্রতপ্রসঙ্গে মার্কণ্ডেয় কর্তৃক শ্রীভগবদ্দর্শনবিষয়ক দশম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একাদশোঽধ্যায়ঃ ॥

[পরমাত্মনা কৃতানাং সৃষ্টিঃ, ব্রহ্মণা প্রকটিতুং তস্য নাভিত একস্য মহতঃ পদ্মস্য প্রাদুর্ভাবশ্চ ।]

বৈশম্পায়ন উবাচ

আপশ্চঃ স বিভূর্ভূত্বা কায়রূপমাস বৈ তপঃ।
তাদরিত্বাত্মনো দেবমাত্মনা কৃতসম্ভবঃ ॥ ১
ততো মহাত্মাত্ত্ববিদো মতিং লোকস্য সর্জনে।
মহতাং পঞ্চভূতানাং বিধভূতো যাচিস্তবৎ ॥ ২
তস্য চিন্তয়তস্তত্র তপসা ভাবিতাত্মনঃ।
নিরাকাশে ভোয়মধ্যে শুশ্রে জগতি গহ্বরে ॥ ৩
ঈষৎ সংক্ষোভয়ামাস সোঽর্ণবং সলিলে স্থিতঃ
সোঽনন্তরোস্মিনা শুষ্কমথ স্থিতমভূৎ তদা ॥ ৪
তস্য শব্দমভির্ভূয়া মারুতস্তবসম্ভবঃ।
স লব্ধান্তরমক্ষোভ্যো ব্যবর্ধত সমীরণঃ ॥ ৫
বিবর্ধতা বলবতা তেন সংক্ষোভিতোঽর্ণবঃ।
অক্ষোভ্যবেগাভিহতা মমর্দুশ্চোর্ণয়ো ভৃশম্ ॥ ৬
মহার্ণবস্য ক্ষুব্ধস্য তস্মিন্নম্ভসি মধ্যতি
কৃষ্ণবর্ত্মা সমভবৎ প্রভূর্বৈধাংনরোঽচ্ছিমান্ ॥ ৭
তস্য সংশোষয়ামাস পাবকঃ সলিলং বহু।
কণাঞ্জলনিঘেস্কিষ্টমম্ভবদ্ভিঃসৃতঃ নভঃ ॥ ৮
আম্ভস্তোভোদ্ভবাঃ পুণ্যা আপোঽমৃতরসোপমাঃ।
আকাশং ছিদ্রসম্ভূতং বায়ুবাকাশসম্ভবম্ ॥ ৯
আকাশমর্ণবোদ্ভূতং পাবকঃ সাঞ্জসম্ভবম্।
দৃষ্ট্বা প্রীতিমুতো দেবো মহাংস্তানিদমব্রবীৎ ॥ ১০
দৃষ্ট্বা ভূতানি তগবাংল্লোকস্রষ্টার্থতত্ত্ববিৎ
ব্রহ্মণো তস্য স বিত্তং বহুরূপো বিধিষ্যতি ॥ ১১

একাদশ অধ্যায়।

[পরমাত্মা কর্তৃক কৃতগণের সৃষ্টি এবং ব্রহ্মাকে প্রকটিত করিবার জন্য তাঁহার নাভি হইতে এক মহান্ পদ্মের প্রাদুর্ভাব।]

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! সেই হংসনামক পরমাত্মা কৃতযোনি ব্রহ্মর্ষি বন্দিত হইয়া নিজের কৃতসন্নিধ দেহকে বীয় আত্মার (সমষ্টি অভিমানী চেতনের) দ্বারা আত্মাবিত করিয়া তপস্যা করিতে লাগিলেন। ১

সেই সময় সেই অত্যন্ত শক্তিশালী বিশ্বরূপ মহান্ ভৌতিক জগৎ এবং তাহার উপাদান কৃত পঞ্চমহাভূতকে সৃষ্টি করিবার বিষয় চিন্তা করিতে লাগিলেন। ২

আকাশাদিহিত জলস্বরূপ দৃশ্য ওঁহার তপঃ লীন হইয়া যাইলে পর সেখানে সেই সময় তপস্যায় তাবিত অন্তঃকরণ-বিশিষ্ট এই পরমেশ্বর যখন এইরূপ চিন্তা করিতে ছিলেন, তখন জলরাশিতে স্থিত তিনি সেই একার্ণবে কিছু ক্ষোভ উৎপন্ন করিয়া দিলেন। তাহার পর তাঁহার মনে সৃষ্টিবিষয়ক যে দ্বিতীয় তত্ত্ব উদিত হইল, তাহাতে সেই জলে শুষ্ক স্থিত (আকাশ বা অবকাশ) প্রকটিত হইয়া যাইল। ৩-৪

জলসত্ত্বের সম্বন্ধের যে পুনরায় তৃতীয় তত্ত্ব উঠিল, উহা হইতে সেই আকাশে শব্দের গতি হইল অর্থাৎ সেই ঈশ্বরই সেখানে শব্দরূপে পরিণীল হইলেন। তাঁহার এই পরিণাম হওয়াতে বায়ুর যেই কারণ ছিল। যদি বলা হয়, সেই সময় সেখানে বায়ু কোথায় ছিল, তাহা হইলে উহার উত্তর এবম্ প্রকার—এই ঈশ্বর সেই ছিদ্র বা অবকাশ পাইয়াই অক্ষোভ্য হইয়াও তার বায়ুরূপে প্রকটিত হইয়া সেখানে পরিণত হইতে লাগিলেন। (তাৎপর্য্য এই- আকাশের পর উৎপন্ন বায়ু শব্দ ও গতির অতিরিক্তে বায়ু হইল।) । ৫

সেই পরিবর্দ্ধমান প্রবল বায়ুর দ্বারা এই একার্ণবের জল সর্বতোভাবে ক্ষুব্ধ হইয়া উঠিল। উহাতে বহু তরঙ্গ উত্থিত হইয়া পরস্পরকে সবেগে আঘাত করিতে করিতে সেই মহাসাগরকে মথিত করিতে লাগিল। ৬

সেই ক্ষুব্ধ মহাসাগরের জল যখন এইভাবে মথিত হইতে লাগিল, তখন তাহা হইতে দিবারাত্রে পরিব্যাপ্ত শক্তিশালী কৃষ্ণবর্ণ অগ্নি প্রাদুর্ভূত হইল। ৭

সেই অগ্নি সেখানে বিস্তারলাভ করত অথাধ জলরাশিকে শোষণ করিয়া ফেলিল। সেই জলরাশির ফল হওয়ায় সেখানে শূন্যতার সৃষ্টি হইল এবং আকাশ নির্গত হইয়া আসিল। ৮

অন্তঃকরণের সদৃশ মধুর ও পবিত্র জল পরমাত্মার তেজ হইতে উদ্ভূত হইয়াছে। সেই জলে যে ছিদ্র উৎপন্ন হইয়াছিল, উহা হইতে আকাশ উৎপন্ন হইয়াছে এবং আকাশ হইতে বায়ুর উৎপত্তি হইয়াছে। ৯

ভূতভূতা ভগবান যে জল, উহার পারমার্থিক সম্বন্ধে পৃথিবীর প্রাদুর্ভাব হইয়াছে। এই পৃথিবী বা পার্থিব শরীরে জঠরানল উৎপন্ন হইয়াছে, যার পরস্পরাক্রমে জল হইতেই উদ্ভূত হইয়াছে। ইহাকে দেখিয়া মহাভূতগণের আশ্রিতই পরমাত্মাদেব অত্যন্ত প্রসন্ন হইলেন। ১০

লোকসৃষ্টির প্রয়োজন ও তত্ত্বসম্বন্ধে বিশেষজ্ঞ অনেক

চতুর্যুগাদিসংখ্যান্তে সহস্রযুগপর্যয়ে
যং পৃথিব্যাং দ্বিজশ্রেষ্ঠাঃ তপসা ভাবিতাত্মনাম্ ॥ ১১
বহুজন্মনিরুদ্ধাত্মা ব্রাহ্মণো যতিরুত্তমঃ।
জানবান্ দৃষ্টবিদ্যাত্মা যোগিনাং যোগবিত্তমঃ ॥ ১৩
তং যোগবন্তো বিদ্বেয়ঃ সম্পূর্ণৈশ্বর্যবিক্রমম্।
যেন ব্রহ্মাণি বিশ্বে চ নিবোঢ়ব্যতি যোগবিৎ ॥ ১৪
ততস্তস্মিন্ মহাভোগে হরিষ্যে হরিরচ্যুতঃ।
স্বপন্ ক্রীড়ংশ্চ বিবিধৈঃ মোদতে চৈব পার্থিবৈঃ ॥ ১৫

পদ্মঃ নাভ্যুদ্ভবঃ শ্রীমান্ সমুৎপাদিতবান্ প্রভুঃ
সহস্রপত্রং বিরজো ভাস্বরাভং হিরণ্ময়ম্ ॥ ১৬
হুতাশনসমিতবিদ্যোজ্জ্বলপ্রভঃ
পুরস্তিনঃ শরদমলার্কতেজসম্।
বিরাজতে কমলমুদারবর্চসঃ
মহাত্মনস্তমুরুচারুদর্শনম্ ॥ ১৭

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি পৌষ্করে মহাপদ্মোৎপত্তৌ একাদশোঽধ্যায়ঃ ॥ ১১

তপস্বারী সেই ভগবান্ প্রত্যেক কল্পে এইভাবে মৃতসমূহের প্রাদুর্ভাব দেখিয়া সৃষ্টিবিস্তারের জন্য চিন্তকর ব্রহ্মার জন্মের চিন্তা করেন অর্থাৎ মানসিক সঙ্কল্পের দ্বারা ব্রহ্মাকে উৎপন্ন করেন। ১১

এক সহস্র চতুর্যুগ অতিক্রান্ত হইলে পর ব্রহ্মার একদিন হয় (এবং এই দিনানুসারে তিনি শত বৎসর জীবিত থাকেন।) এই ব্রহ্মা পৃথিবীতে তপস্যার দ্বারা অন্তঃকরণবিশিষ্ট দ্বিজেন্দ্রগণের মধ্যে শ্রেষ্ঠ, ব্রহ্মের উপাসক, মহাশীল, অনেক জন্ম পর্যন্ত চিত্তবৃত্তিনিরোধকারী, জ্ঞানবান, সিদ্ধান্তের সাক্ষাৎকারকারী এবং যোগিগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ যোগবিৎ হইয়া থাকেন। ১২-১৩

যোগবিৎ বিদ্বেয়রদেব এই যোগবান্, সকলেরই উপাস্য এবং সম্পূর্ণ ঐশ্বর্য ও বিক্রমসম্পন্ন ব্রহ্মাকে বেদ এবং জগতের পরম্পরাকে সৃষ্টি করিয়া রাখিবার কার্যে অর্থাৎ সৃষ্টিকার্যে নিযুক্ত করেন। ১৪

ব্রহ্মাকে নিযুক্ত করিবার পর ভগবান্ শ্রীহরি নিজের স্বরূপভূত সেই মহাতলে একার্ণবে। অদ্ভুতরূপে অবস্থান করেন এবং সেই নিযুক্ত বৈভব ব্রহ্মা প্রাণিগণের কর্মফলতঃ তাহাদের কর্মসমূহ হইতে উপরত হইলে পর শয়ন করেন ও সকলের কর্মসমূহের উদ্ভব হইলে পর নানাপ্রকারে ক্রীড়া করিতে করিতে আনন্দমগ্ন হন। ১৫

সেই সময় যখন কি ব্রহ্মার জন্মের সময় উপস্থিত হইল, ভগবান শ্রীহরি তখন নিজ নাভি হইতে এক সহস্রদল কমল প্রকটিত করিলেন, যাহা হতাশন বা রক্তরহিত সূর্যমণ্ডল তেজস্বী এবং সুবর্ণবর্ণ ছিল। ১৬

মহাত্মা শ্রীহরির শরীর হইতে প্রকটিত হইয়া অত্যন্ত মনোহরদর্শন সেই অতিশয় কান্তিমান্ সুশোভিত কমল অত্যন্ত শোভা পাইতে লাগিল। এই কমল অগ্নির প্রজ্বলিত শিখার সদৃশ নিজের উজ্জ্বল প্রভায় প্রকাশিত হইতেছিল। ইহার তেজ শরৎকালের নির্মল সূর্যের ন্যায় উদ্ভাসিত হইতেছিল। ১৭

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বে পুষ্করপ্রাদুর্ভাব প্রসঙ্গে মহাপদ্মের উৎপত্তিবিষয়ক একাদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বাদশোঽধ্যায়ঃ ।

[নারায়ণস্য নাভিকমলস্য দলসমূহেষু সর্ব্বেষামেব লোকানাং কল্পনা ।]

বৈশম্পায়ন উবাচ ।

অথ যোগবিদাং শ্রেষ্ঠঃ সর্ব্বভূতমনোময়ম্ ।
স্রষ্টারং সর্ব্বভূতানাং ব্রহ্মাণং সর্ব্বতোমুখম্ ॥ ১

তস্মিন্ হিরণ্ময়ে পদ্মে বহুযোজনবিস্তৃতে ।
সর্ব্বজ্ঞেজোগুণময়ে পার্থিবৈর্ব্বলিভির্বৃতে ॥ ২

তচ্চ পদ্মং পুরাণজ্ঞাঃ পৃথিবীরূপমুত্তমম্ ।
নারায়ণাঙ্গসম্ভূতং প্রবদন্তি মহর্ষয়ঃ ॥ ৩

যা তু পদ্মাসনা দেবী পৃথিবী তাং প্রচক্ষতে ।
যে গর্ভসারাম্বুতস্তান্ দিব্যান্ পর্ব্বতান্ বিদুঃ ॥ ৪

হিমবন্তশ্চ মেরুশ্চ নীলঃ শ্বেতশ্চ পর্ব্বতঃ ।
কৈলাসঃ মুঞ্জবন্তশ্চ ওষধিঃ গন্ধমাদনঃ ॥ ৫

পুণ্যা ত্রিশিখরঃ চৈব কাঞ্চনঃ মন্দরশ্চ যঃ ।
ঊর্দ্ধরুক্ কন্দরঃ চৈব বিদ্যুন্মণ্ডল পর্ব্বতম্ ॥ ৬

এতে দেবগণানাঞ্চ সিদ্ধানাঞ্চ মহাত্মনাম্ ।
আশ্রমাঃ পুণ্যশীলানাং সর্ব্বকামবৃতাস্তুতঃ ॥ ৭

এতেষামিতরো দেশো জম্বুদ্বীপ ইতি স্মৃতঃ ।
জম্বুদ্বীপস্য সংস্থানং বাজিভিঃ যত্র চক্রিরে ॥ ৮

গর্ভাদ্ যৎ স্রবতে তোয়ং দেবানামুত্তরোপমম্ ।
দিব্যতীর্থশতাপাদ্যন্তা দিব্যাঃ সরিতঃ স্মৃতাঃ ॥ ৯

বাজ্যেতানি তু পদ্মস্য কেসরাণি সমন্ততঃ ।
অসংখ্যাতাঃ পৃথিব্যাং তু বিশ্রে তে ধাতুপর্ব্বতাঃ ॥ ১০

যানি পদ্মস্য পত্রাণি তৃতীয়ার্দ্ধং নরাধিপ ।
তে দুর্গমাঃ শৈলচিতা ম্লেচ্ছদেশা বিকল্পিতাঃ ॥ ১১

যান্যস্য পদ্মপত্রাণি বাসার্থং তানি ভাগশঃ ।
দৈত্যানামুরগানাঞ্চ পাতালঃ তস্য সংস্থিতঃ ॥ ১২

তেষামধ্যেগতঃ যত্তদ্বৃষকেতোর্ভিসংজ্ঞিতম্ ।
মহাপাশুপতকর্ম্মাণো মজ্জন্তে যত্র মানবাঃ ॥১৩

দেবতা, সিদ্ধ ও পুণ্যশীল মহাত্মাগণের আশ্রম । ৭

ইহাদের মহাভারতোক্ত দেশ জম্বুদ্বীপ বলিয়া খ্যাত । যেস্থানে যাজ্ঞিকগণ যজ্ঞ করিয়াছেন, সেই প্রদেশেরই জম্বুদ্বীপ সংজ্ঞা বা খ্যাতি লাভ হইয়াছে । ৮

সেই কমলের গর্ভ হইতে দেবগণের অমৃতস্রবের ন্যায় যে জল নির্গত হইতেছে, সেই জল প্রণাত্রিতকারিণীদিগকে দিব্য সরিৎ (নদী) বলা হয় । শত দিব্য তীর্থ ইহাদের আশ্রয় । ৯

সেই কমলের কাঞ্জিকে কেসরবৃত্তি আছে, তাহারাই ভূমণ্ডলের সমস্ত ধাতুপর্ব্বত, যাহাদের সংখ্যা নির্ণয় করা অসম্ভব । ১০

নরনাথ ! সেই কমলের যে বহুসংখ্যক উর্দ্ধগামী পত্র আছে, তাহারাই পর্ব্বতসমূহে পরিপূর্ণ দুর্গম ম্লেচ্ছদেশ বলিয়া কথিত হইয়াছে । ১১

সেই কমলের যে সব নিম্নগামী পত্র আছে, তাহারা পৃথক্ পৃথক্ বাসের জন্য নির্দ্দিষ্ট হইয়াছে । এই সব মহাত্মা দৈত্য ও সর্পগণের বাসস্থান পাতাল বলিয়া কথিত হয় । ১২

এই পদ্মপত্রসমূহের নীচেতে যে 'উদক'* নামক স্থান, উহাতে মহাপাশুপত কর্ম্মকারী মানবগণ নিমগ্ন হয় । ১৩

---

* 'উং উৎকৃষ্টম্ অকং দুঃখং যত্র, তৎ উদকম্' অর্থাৎ যেস্থানে মহাদুঃখ লাভ হয়, সেই স্থানকে উদক বলে । এই ব্যুৎপত্তি অনুসারে নরককেই উদক বলা হয় ।

পদ্মস্যান্তে কৃতং যত্তদেকার্ণবজলং মহৎ
প্রোক্তান্তে দিক্ষু সর্ব্বাস্তাস্তোয়ারো জলসাগরাঃ ॥ ১৪
অথৈনারায়ণস্যাঙ্গাৎ মহাপুষ্করসম্ভবঃ।
প্রাদুর্ভাবোঽভবত্তস্য তস্মান্নাম্না পুষ্করসম্ভবঃ ॥ ১৫
এতস্মাৎ কারণাজ্জাতৈঃ পুরাণৈঃ পরমর্ষিভিঃ।
যজ্ঞিয়ৈর্বেদদৃষ্টৈর্যৈর্যজ্ঞে পদ্মচিতী কৃতঃ ॥ ১৬
এবং ভগবতা পদ্মে বিধিস্তু পরমো বিধিঃ।

এই পদ্মের অন্তে চারিদিকে যে কৃত অর্থাৎ জল আছে, তাহাই একার্ণবের অনন্ত জলরাশি। ইহার চারিদিকে যে চারি ভাগ জল সঞ্জিত আছে, ইহারাই জলের সাগর বলিয়া কথিত হয় ॥ ১৪

নারায়ণ ঋষির নাভি হইতে এই মহাপদ্ম উদ্‌ভূত হইয়াছে, সেইজন্য এই প্রাদুর্ভাবকে পুষ্করসম্ভব (পুষ্করপ্রাদুর্ভাব নামে আখ্যা দেওয়া হইয়াছে ॥ ১৫

এই কারণেই এই পদ্মসম্বন্ধে অভিজ্ঞ, যজ্ঞসম্পাদন বেদার্থবিৎ শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে পুষ্কর-প্রাদুর্ভাবপ্রসঙ্গে সম্পূর্ণ কৃতাকৃতের উৎপত্তিবিষয়ক দ্বাদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পর্ব্বতানাং নদীনাঞ্চ দেশানাঞ্চ বিনির্ম্মিতঃ ॥ ১৭
বিভূতির্যৈবাপ্রতিমপ্রভাবঃ
প্রভাকরো বৈ ভগবান্মহাত্মা।
স্বয়ং স্বয়ম্ভূঃ শরনেঽম্বুতল্পা
জগস্বয়ঃ পদ্মবিধিং মহার্থবে ॥ ১৮
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
পৌষ্করে সর্ব্বভূতোৎপত্তৌ দ্বাদশোঽধ্যায়ঃ ॥ ১২ ॥

ও পুরাতন ঋষিগণ যজ্ঞে পদ্মের আকারে যজ্ঞ-কুণ্ড নির্ম্মাণ করেন ॥ ১৬

এইভাবে ভগবান্ শ্রীহরি সেই একমেবাদ্বিতীয় বিশ্বের ব্যবহারিক সৃষ্টি করিয়াছেন এবং পর্ব্বত, নদী ও বিভিন্ন দেশসমূহেরও রচনা করিয়াছেন ॥ ১৭

অপ্রতিম প্রভাবশালী, সর্ব্বব্যাপী, প্রভাকর, ঐশ্বর্য্যসম্পন্ন, মহাত্মা, স্বয়ম্ভূ ভগবান্ নারায়ণ সেই মহার্ণবের মধ্যে শয়ন করিয়া থাকিবার সময় স্বয়ংই এই জগতের পদ্মবিধির সৃষ্টি করিয়াছিলেন ॥ ১৮

ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥

[ব্রহ্মার সহ মধু-কৈটভয়োঃ সংলাপঃ, ভগবতো বিষ্ণুনা তয়োর্বিনাশশ্চ]

বৈশম্পায়ন উবাচ

চতুর্যুগাদিসম্ভূতো মহাপ্রলয়কারকঃ।
বিষ্ণুতমসি সম্ভূতো মধুর্নাম মহাসুরঃ ॥ ১
তস্যৈব চ সহায়োঽন্যো ভূতো রজসি কৈটভঃ।
তৌ রজস্তমসাবিষ্টৌ সম্ভূতৌ কামরূপিণৌ ॥ ২

একার্ণবজলং সর্ব্বং ক্ষোভয়ন্তৌ মহাসুরৌ।
কৃষ্ণরক্তাম্বরধরৌ শ্বেতমৌল্যুগ্রদীপ্তিণৌ ॥ ৩
উভৌ মন্দরকোদগ্রৌ কেয়ূরবলয়োজ্জ্বলৌ।
মহাবিকৃততাম্রাক্ষৌ শীঘ্রোদ্যন্তৌ মহাভুজৌ ॥ ৪

ত্রয়োদশ অধ্যায়।

[ব্রহ্মার সহিত মধু ও কৈটভের সংলাপ এবং ভগবান্ বিষ্ণু-কর্ত্তৃক তাহাদের বিনাশ।]

বৈশম্পায়ন বলিলেন,—ভরতবংশজ। সহস্রযুগের ব্রহ্মার রাত্রি অতিবাহিত হইলে পর চারযুগের আদি যে সত্যযুগ আসিল, উহাতে সত্তার সৃষ্টির কার্য্যে বিঘ্নসৃষ্টিকারী এক অতি অসুর উৎপন্ন হইয়াছিল। তাহার নাম মধু। সে তমোগুণ হইতে উদ্‌ভূত হইয়াছিল ॥ ১

তাহার সহায়ক এক অন্য অসুর উৎপন্ন হইল, যে রজোগুণ হইতে সম্ভূত হইয়াছিল; তাহার নাম কৈটভ। ইহারা উভয়েই ইচ্ছানুসারে রূপধারণকারী এবং রজোগুণ ও তমোগুণে আবিষ্ট ছিল ॥ ২

এই দুই মহাসুর সম্পূর্ণ একার্ণবজলে ক্ষোভ উৎপন্ন করিতেছিল এবং কৃষ্ণবর্ণ ও রক্তবর্ণের বস্ত্র পরিধান করিয়াছিল। ইহাদের উভয়েরই ভয়ঙ্কর সুন্দরমুখ শ্বেতবর্ণ ও প্রদীপ্ত ছিল ॥ ৩

ইহারা উভয়ে অতি উচ্চ (উন্নত) এবং উন্নত ছিল। কেয়ূর ও বলয়—এই দুই বাহুভূষণে ভূষিত থাকায় তাহারা দেদীপ্যমান ছিল। ইহাদের রক্তবর্ণ নয়নদ্বয় অতিশয় বিকরাল, বক্ষঃস্থল মাংসপূর্ণ এবং বাহুদ্বয় দীর্ঘ ছিল ॥ ৪

মহচ্ছিরঃসংঘনেনৈ ভগবানিব পর্বতৈঃ।
নীলমেঘাভ্রসঙ্কাশাবাদিত্যাপ্রতিমাননৌ ॥ ৫
বিদ্যাসম্ভোদসম্ভাভ্যাং করাভ্যামতিভীষণৌ।
পাষসঙ্কারবেগাভ্যামুৎক্ষিপন্তাবিবার্ণবম্ ॥ ৬
কম্পয়ন্তাবিব হরিং শত্রানরতিদুর্দমম্।
তৌ তত্র বিবরন্তৌ স পুরুষৌ বিশ্বতোমুখম্ ॥ ৭
পশ্যতাং দীপ্তবপুষাং যোগিনাং শ্রেষ্ঠসূত্তমম্।
নারায়ণসমাজ্ঞপ্তং সৃজন্তমখিলাঃ প্রজাঃ।
দৈবতানি চ বিশ্বানি মানসাংশ্চ সুতানৃষীন্ ॥ ৮
ততস্তাবুচতুস্তত্র ব্রহ্মাণমমরোত্তমৌ
দৃপ্তৌ মুহুঃসকৌ ক্রুদ্ধৌ রোষসংরক্তলোচনৌ ॥ ৯
দৃষ্ট্বা পুরুষমাদ্যঞ্চ সিতোষ্ণীষস্তচুর্মুখঃ
আবামগ্রজমাত্মানং ত্বং বিদ্ধ্যমর ॥ ১০
এত্যাবরোধাদ্বহুধা প্রবৃদ্ধ কমলোদ্ভব
আবাভ্যামভিবীতাভ্যাং ন শঙ্কা স্যাদুমাদ্রবে ॥ ১১

ইহাদের হস্তক ও শরীর বিশাল ছিল। ইহারা উভয়ে ২টি চলমান পর্বতের ন্যায় ছিল। ইহাদের অঙ্গকান্তি নীলবর্ণ মেঘের ন্যায় কালবর্ণ ছিল এবং ইহাদের মুখ সূর্যতুল্য তেজস্বী ছিল। ৫

বিদ্যুৎসহ মেঘতুল্য ভয়ঙ্কর ২টি হস্তের দ্বারা ইহারা অতিশয় ভীষণ দেখাইতেছিল এবং নিজেদের পরাক্রমের দ্বারা দেই মহাসাগরকে তাহারা যেন উৎক্ষেপ করিতেছিল। ৬

তখন পরাক্রান্ত শত্রুদমন ইন্দ্রকে কম্পিত করিতে করিতে সেই দুই অসুর সেখানে বিচরণ করিতেছিল। ইহারা চারিদিকে মুখবিশিষ্ট, তেজস্বী শরীরধারী ও জ্যোতিষ্মানের ন্যায় শ্রেষ্ঠ সর্বোত্তম ব্রহ্মাকে কমলের উপরে দেখিল, যিনি ভগবান্ নারায়ণের আজ্ঞায় সমস্ত প্রজাগণকে, সমস্ত দেবগণকে এবং নিজের মানস-পুত্রগণকে সৃষ্টি করিতেছিলেন। ৭-৮

তখনত এই দুই অসুরশ্রেষ্ঠ নিজেদের বলের গর্বে পরিপূর্ণ হইয়া এবং মুখের জন্য উদ্যুক্ত হইয়া রোষে চক্ষু রক্তবর্ণ করত সেখানে ব্রহ্মাকে বলিল। ৯

আরে! তুমি কে? মোহবশতঃ আমাদের উভয়কে কোনও কিছু বলা না করিয়া শ্বেতবর্ণের উষ্ণীষ (পাগড়ী) ও চারিটি মুখ ধারণ করত এই কমলের মধ্যভাগে নিশ্চিন্ত হইয়া বসিয়া রহিয়াছ? ১০

কমলোদ্ভব পুরুষ! তুমি এস, আমাদিগকে বাহুযুদ্ধ প্রদান কর। আমরা দুইজনে অত্যন্ত বীর। আমাদের সহিত যুদ্ধে তুমি অবস্থান করিতে সমর্থ হইবে না। ১১

কস্ত্বং কচ্চোদ্ভবস্তভ্যং কেন বাসীহ চোদিতঃ।
কঃ স্রষ্টা কচ্চ বৈ গোপ্তা কেন নাম্নাভিধীয়তে ॥ ১২

ব্রহ্মোবাচ।

যঃ ক ইত্যুচ্যতে লোকে ভবিষ্যজ্জাতঃ সনাতনঃ।
তৎসম্ভবা যোগবলাঃ কিং মাং নাভ্যবজানথ ॥ ১৩

মধু-কৈটভাবূচতুঃ।

নাবয়োঃ পরমা লোকে কিঞ্চিদস্তি মহামতে।
আবাভ্যাং ছাদ্যতে বিশ্বং তমসা রজসা তথা ॥ ১৪
রজস্তমোময়াবাবাং মতীনাং দুঃখলক্ষণৌ।
হলকৌ ধর্মশীলানাং দুস্তরৌ সর্বদেহিনাম্ ॥ ১৫
আবাভ্যাং মুহ্যতে লোক উচ্ছ্রিতাভ্যাং যুগে যুগে।
আবাময়ঞ্চ কামঞ্চ যজ্ঞাঃ সর্বপরিগ্রহাঃ ॥ ১৬
শ্রুবং যত্র মুদা যত্র সত্র শ্রীঃ সম্প্রতিষ্ঠতে।
এবাং যৎ কাঙ্ক্ষিতঞ্চৈব তত্তদাবাং বিচিন্তয় ॥ ১৭

তুমি কে? তোমাকে কে উৎপন্ন করিয়াছে? কে তোমাকে এই সৃষ্টিকার্যে নিযুক্ত করিয়াছে? তোমার রক্ষা কে এবং তোমাকে কে রক্ষা করিতেছে? তুমি কি নামে অভিহিত হও অর্থাৎ তোমার নাম কি? ১২

ব্রহ্মা বলিলেন,—যিনি লোকে ভগতে 'কঃ' নামে কথিত হন, যাঁহাকে সহস্র সহস্র প্রণাম করিয়া কেহ পূর্ণরূপে জানিতে পারে না, আমি সেই পরমাত্মা হইতে উৎপন্ন এবং যোগশক্তি-সম্পন্ন। তোমরা দুইজনে কি আমাকে জানিতে পারিতেছ না? ১৩

মধু ও কৈটভ বলিল,—মহামতে! সংসারে আমাদের দুই জন অপেক্ষা শ্রেষ্ঠ কোনও বস্তু নাই। (এই বিশ্বকে আচ্ছাদিত-কারী রজোগুণ ও তমোগুণ হইতে আমরা দুইজনে উদ্ভূত হইয়াছি; অতএব) আমরা দুইজনে নিজ স্বরূপভূত তমোগুণ ও রজোগুণের দ্বারা এই বিশ্বকে আচ্ছাদিত করিয়া আছি। ১৪

আমরা দুইজনে ক্রমশঃ রজোময় ও তমোময়। মহাপরাক্রম সাধকগণকে দুঃখদান করা আমাদের কার্য। আমরা ধর্মশীল পুরুষগণকে ছলনা করি। আমাদিগকে লঙ্ঘন করিয়া যাওয়া সমস্ত দেহধারীদের পক্ষে অত্যন্ত কঠিন। ১৫

আমরা প্রত্যেক যুগে উন্নত হইয়া সারা সংসারকে মোহগ্রস্ত করি। অর্থ, কাম, যজ্ঞ ও সমস্ত পরিগ্রহ আমরা দুইজনই। ১৬

যেখানে সুখ, আনন্দ, যেখানে শ্রী, সম্পত্তি ও নয় এবং এই সবের দ্বারা যাহা যাহা অভিলষিত বস্তু, সেই সব বস্তুই আমরা দুইজনই। তুমি এরূপ চিন্তা কর। ১৭

ব্রহ্মোবাচ।

যত্তদ্ যোগবতাং শ্রেষ্ঠং যচ্চ সর্বং ময়াচ্চিতম্।
তৎ সমাধায় গুপ্তাত্মা সংযতে চাস্মি প্রতিষ্ঠিতঃ ॥ ১৮

যৎ পরং যোগযুক্তানামক্ষরং সর্বমেব চ
রজসত্ত্বসঙ্গৈশ্চ যৎ শ্রেষ্ঠা ভাবসম্ভবঃ ॥ ১৯

যতো ভূতানি জায়ন্তে সাত্ত্বিকানীতরাণি চ।
স এষ মুক্তো সমরে বধী বাং শমমিষ্যতি ॥ ১০

বৈশম্পায়ন উবাচ।

ততঃ শয়ানং শ্রীমন্তং বহুযোজনবিস্তৃতম্
পদ্মনাভং হৃষীকেশং প্রণম্যোবাচ তাবুভৌ ॥ ১১

জানীবস্ত্বাং বিশ্বযোনিমেকং পুরুষসত্তমম্
ত্বত্তোপাসনহেতোর্বৈ নৌ বিদ্ধি কারণম্ ॥ ১২

অযোঘদর্শনং সত্যং ভবন্তং বিদ্মনীশ্বরম্।
ততস্ত্বামভিতো দেব কাঙ্ক্ষাবঃ প্রতিবীক্ষিতুম্ ॥ ১৩

তন্নিচ্ছাবো বরং দত্তং বৃণা হ্যাবামরিন্দম
অমোঘং দর্শনং দেব নমস্তেঽস্ত্বচ্যুতোত্তম ॥ ১৪

শ্রীভগবানুবাচ

কামিচ্ছতো দ্রুতং ব্রূত বরানসুরসত্তমৌ।
দত্তাদ্বৌ মত্তো দুষ্প্রাপ্যং ত্রৈবিষ্টপমিচ্ছতঃ ॥ ১৫

তস্মাদ্ যদ্বো বরং দদ্মস্তৎ প্রাপ্নুতং মহাবলৌ।
বধো ভবন্তৌ তু হ্যাভ্যাং তাভ্যোবাচাবরীন্তরিঃ।
উভাবপি মহাত্মানাবুক্তিতৌ কৃতবজ্জিতৌ ॥ ১৬

মধু-কৈটভাবূচতুঃ

যস্মিন্ কস্মিংস্তবাস্তস্মিন্ দেশে বিভো বধম্।
ইচ্ছাবঃ পুত্রতাং যাতু তব চৈব মুরারিপ ॥ ১৭

শ্রীভগবানুবাচ

বাঢ়ং মুক্তৌ মে প্রসাদৌ ভবিষ্যো কল্পসম্ভবে
ভবিষ্যথো ন সন্দেহঃ সত্যমেতদ্ ব্রবীমি বাম্ ॥ ১৮

ব্রহ্মা বলিলেন,—যিনি যোগযুক্ত পুরুষগণের মধ্যে শ্রেষ্ঠ এবং যাঁহাকে আমি পূর্বে আরাধনা করিয়াছি, সেই পরমাত্মাকে হৃদয়ে ধারণ করিয়া আমি সমস্তগুণে প্রতিষ্ঠিত আছি। আমি গুণবান্,—সৃষ্টির সাধনভূত ত্রিগুণাত্মক ধনুষ্মত্র আমার নিকট সংগৃহীত আছে। ১৮

যিনি যোগিগণের পরম তত্ত্ব, অবিনাশী সত্ত্ব, রজোগুণ ও তমোগুণের স্রষ্টা এবং জীবগণের উৎপত্তির কারণ, যাঁহা হইতে সাত্ত্বিক ও অসাত্ত্বিক সমস্ত ভূতগণ উৎপন্ন হয়, সেই সকলকে বশীভূতকারী পরমাত্মাই সমরাঙ্গনে যুদ্ধ করিয়া তোমাদের দুই জনকে শান্ত করিয়া দিবেন। ১১-২০

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! তদনন্তর সেস্থানে অনেক যোজনবিস্তৃত শরীর ধারণ করত শয়ান, সকল ইন্দ্রিয়-গণের প্রেরক শ্রীমান্ ভগবান্ পদ্মনাভকে প্রণাম করিয়া সেই দুই মধু ও কৈটভ তাঁহাকে এইরূপ বলিল। ২১

প্রভো! আমরা আপনাকে জানি, আপনি সমস্ত বিশ্বের উৎপত্তির একমাত্র স্থান ও পুরুষোত্তম। আমাদের দুইজনের যে এই সৃষ্টি হইয়াছে, ইহাকে আপনি নিজের উপাসনার জন্য জানিবেন। ২২

দেব! জ্ঞানী পুরুষগণ আপনার দর্শন অমোঘ বলিয়া প্রতিষ্ঠিত করেন, আপনাকে সত্যস্বরূপ ঈশ্বর বলিয়া জানেন, সেইজন্য আমরা দুইজনে নিকটে আসিয়া আপনাকে দর্শন করিতে ইচ্ছা করি। ২৩

শত্রুদমন! আমরা দুইজনে আপনার প্রদত্ত বরের কামনা করি। যে কাহাকেও দ্বারা কখনও পরাজিত হয় নাই, তাহাকেও জয়কারী দেব। আপনার দর্শন অমোঘ, আপনাকে নমস্কার ২৪

শ্রীভগবান বলিলেন,—অসুরশ্রেষ্ঠদ্বয়! সত্বর বল, তোমরা কোন্ কোন্ বর গ্রহণ করিতে ইচ্ছা কর? অহো! আমি তোমাদের দুইজনকে যত আয়ু প্রদান করিয়াছি, তাহা হইতেও অধিককাল পর্যন্ত ত্রৈবিষ্টপ হইতে বাসনা করিতেছ? আশ্চর্য! ২৫

অতএব তোমরা উভয়ে যে এই প্রকার করিয়াছ, তোমরা দুই মহাবল অসুর তাহার ফল লাভ কর। তোমরা দুইজনে আমার বধ্য হও। শ্রীহরি এইভাবে তাহাদের দুইজনকে বলিলেন। তখন সেই দুই আমরণরহিত মহাবলশালী মহাকায় অসুর উঁহাকে বলিল। ২৬

মধু ও কৈটভ বলিল,—প্রভো! সুরেশ্বর! যে যেখানে এতাবৎ-কাল কেহ মরে নাই, সেই দেশে আপনি আমাদের বধ করুন, ইহাই আমাদের উভয়ের ইচ্ছা। আর আমরা উভয়ে আপনার পুত্র হইতে বাসনা করি। ২৭

শ্রীভগবান্ বলিলেন,—আচ্ছা, তাহাই হইবে। তোমরা দুইজনে চিরকালেও আমার শ্রেষ্ঠ পুত্র হইবে, ইহাতে কোনও সংশয় নাই। এই সত্য কথা আমি তোমাদের দুইজনকে বলিলাম। ২৮

বৈশম্পায়ন উবাচ

বরং প্রদায়াথ মহাসুরাজ্যা
সনাতনো বিশ্ববরেণ্যমো বিভুঃ।
রজস্তমোভ্যাং ভবভাবনোপমৌ
মমন্থ তাবুরুতলে মুরারিহা ॥ ২১

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি মধুকৈটভবরপ্রদানে ত্রয়োদশাঽধ্যায়ঃ ॥ ১৩ ॥

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! দেবশ্রেষ্ঠদিগের বরদাতা এবং বিশ্বে সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ, সর্ব্বব্যাপী সনাতন পুরুষ নারায়ণদেব রজোগুণ ও তমোগুণের মূর্ত্তিমান্ স্বরূপ সেই দুই মহাসুরকে এরূপ বরদান করিবার পর তাহাদিগকে তাঁহার জঙ্ঘার উপরে রাখিয়া মথিত করিলেন। এই দুই অসুর বিশ্বধিষ্ঠাতা ব্রহ্মার সমানই শক্তিশালী ছিল ॥ ২১

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে মধু ও কৈটভকে বরদানবিষয়ক ত্রয়োদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

[ব্রহ্মপুত্রগণাদি পুত্রাদ্যাঃ পরমপদপ্রাপ্তিঃ, তেন বৈষ্ণবনক্ষত্রৈস্তারাঃ, শুক্রকৃতনামানঃ সপ্তর্ষিবর্ণনঞ্চ]

বৈশম্পায়ন উবাচ

দ্বিধা তস্মিংস্তু কমলে ব্রহ্মা ব্রহ্মবিদাং বরঃ
ঊর্দ্ধবাহুর্মহাবাহুস্তপো ঘোরং সমাশ্রিতঃ ॥ ১
অলম্বিব চ তেজস্বী ভাতিঃ স্বাভিস্তমোনুদঃ
যজ্ঞাসে সর্ব্বধর্ম্মজ্ঞঃ সহস্রাংশুরিবাংশুমান্ ॥ ২
অথাজ্ঞয়া স্বয়ম্ভূবঃ শম্ভুর্নীলবাহনোঽব্যয়ঃ
দ্বিধা কৃত্বাত্মনাঽঽত্মানমচিন্ত্যাত্মা সনাতনঃ ॥ ৩
আজগ্মাম মহাত্মেতৌ যোগাচার্য্যৌ মহাবলৌ।
সাংখ্যাচার্য্যশ্চ নস্তিমান্ কপিলো ব্রাহ্মণো বরঃ ॥ ৪

দেবর্ষিভিস্তু তাবেতৌ ব্রহ্ম ব্রহ্মবিদাং বরৌ
উভাবপি মহাত্মানাবৃষ্ভিস্তে ক্ষেত্রমৎপতে ॥ ৫
তৌ প্রাপ্তাবৃচতুস্তত্র ব্রহ্মাণমমিতৌজসম্
পরাবরবিশেষজ্ঞৌ পৃচ্ছিতৌ পরমর্ষিভিঃ ॥ ৬
বহুরাত্মচ্ছপাদস্ত বিশ্বস্থা কুতঃ স্থিতিঃ।
গ্রামণীঃ সর্ব্বলোকানাং ব্রহ্মা লোকগুরুর্ভবঃ ॥ ৭
তয়োস্তদ্ বচনং শ্রুত্বা স্রিগ্ধো বাক্যমুবাচ হ
ত্রীনিমান্ কৃতবান্ পূর্ব্বান্ যথাহং ব্রাহ্মণী শ্রুতিঃ ॥ ৮
পুত্রং চুম্বংস্তদা চৈব সমুৎপাদিতবান্ প্রভুঃ।
ভবোঽগ্রে তমসস্তস্মাৎ ব্রহ্মা মানসসংযমম্ ॥ ৯

বৈশম্পায়ন বলিলেন,—সেই সময় ব্রহ্মজগতের মধ্যে শ্রেষ্ঠ মহাবাহু ব্রহ্মা সেই কমলের উপর বর্ত্তমান হইয়া দুই বাহু উপরে উত্তোলিত করত কঠোর তপস্যায় নিরত হইলেন ॥ ১

তখন তিনি তাঁর তেজে যেন প্রজ্বলিত হইতেছিলেন এবং নিজের প্রভাসমূহে অন্ধকার নিবারণ করিতেছিলেন। সর্ব্ব-ধর্ম্মের জ্ঞাতা ব্রহ্মা সেই সময় সহস্র কিরণবিশিষ্ট জাজ্বল্যমান সূর্য্যের ন্যায় প্রকাশিত হইতেছিলেন ॥ ২

অনন্তর কল্যাণকারী ও অবিনাশী অচিন্ত্যস্বরূপ সনাতনদেব ভগবান্ নারায়ণ অঙ্গ ত্যাগ করত নিজেকে নিজে দুই স্বরূপে ব্যক্ত করিয়া মহাতেজস্বী, মহাবলশালী ও যোগাচার্য্য নারায়ণ এবং পরম মূর্ত্তিমান্ শ্রেষ্ঠ ব্রাহ্মণ সাংখ্যাচার্য্য কপিলরূপে সেখানে উপস্থিত হইলেন। এই দুই মহান্ ব্রহ্মর্ষিগণের মধ্যে শ্রেষ্ঠ, শক্তিশালী ও ক্ষেত্রের (দেহের বা অধ্যাত্মতত্ত্বের) চিন্তার উৎপত্তি ছিলেন। দেবর্ষিগণ ইঁহাদের স্তুতি করিতেছিলেন। সেখানে আসিয়া ইঁহারা উভয়ে অমিততেজস্বী ব্রহ্মাকে ব্রহ্মের উপদেশ করিলেন। ইঁহারা উভয়েই পর ও অবর, পুরুষ ও প্রকৃতি অথবা কারণ ও কার্য্যের বিশেষজ্ঞ। (অন্বয়) জানিতেন। মহর্ষিগণ ইঁহাদের পূজা করিলেন ॥ ৩-৬

তাঁহারা এইরূপ বলিলেন,—লোক বহু, অতএব সেই সমস্ত লোকসমূহের নেতা ও গুরু ব্রহ্মা সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। ইনিই সম্পূর্ণ বিশ্বের জ্ঞাতা ও জগতের প্রতিষ্ঠা। ইঁহার বিষ্ণু, ত্রৈলোক্য, প্রাজ্ঞ ও ভূতাত্মা নামক পাদ ত্রয়ও ॥ ৭

এই উত্তরের এই কথা শ্রবণ করত ভূঃ, ভুবঃ ও স্বঃ—এই তিন ব্যাহৃতি জপ করিতে করিতে ব্রহ্মা এই তিন লোক সৃষ্টি করিলেন, যেরূপ ব্রহ্ম-প্রতিপাদনকারিণী শ্রুতি বলিয়াছেন ॥ ৮

তাহার পর ভগবান্ ব্রহ্মা প্রথমে ভূনামক মানস-পুত্রকে উৎপন্ন করিলেন, যিনি অব্যয় (বিকারশূন্য) ছিলেন। তাঁহার মনে এই পুত্রের প্রতি অত্যন্ত স্নেহ ছিল ॥ ৯

সোঽপশ্যৎপুরস্তাত্রে ব্রহ্মাণমমুমানসঃ সুতঃ।
করোমি কিং তে সাধ্যমিতি ব্রবীতু ভগবানিতি ॥ ১০

ব্রহ্মোবাচ।

য এষ কপিলো নাম ব্রহ্মা নারায়ণস্তথা
যদতে বরয়ত্যাত্মা তু তৎকুরুষ মহামতে ॥ ১১

বৈশম্পায়ন উবাচ।

ব্রহ্মণোক্তো তথা তৃষ্ণঃ সংশয়ং সমুপস্থিতঃ।
ঊর্ধ্বমুদ্বীক্ষ্য মুনয়ঃ কিং কৃর্মীতি কৃতাঞ্জলিঃ ॥ ১২
পরমেশ্বরমাবৃণ্বন্ঃ
যৎ সত্যমৃজ্বং ব্রহ্ম তুষ্টাবাদিনিধিং স্তুতম্।
যৎ সত্যমমৃতং চৈব পরং তৎ সমুপস্থিত ॥ ১৩

বৈশম্পায়ন উবাচ।

এতদ্ বচো নিশম্যাথ স যযৌ নিলমমুত্তমম্

গত্বা চ তত্র ব্রহ্মত্বমগমদ্ ব্রহ্মজ্ঞানকৃৎ ॥ ১৪
ততো ব্রহ্মা তুষ্টবর্নাম বিতীয়ং পুত্রমীশ্বরম্।
সমুদ্ভূয়িত্বা চ পুনর্মনসৈব মহামনাঃ ॥ ১৫
তমুবাচ সোঽপ্যব্রবীন্ বাক্যং কিং কৃর্মীতি পিতামহম্।
পিতামহসমাজ্ঞপ্তো ব্রহ্মাণং সমুপস্থিতঃ ॥ ১৬
ব্রহ্মভ্যাং সহিতঃ সোঽথ ভূয়ো ভাগবতীং গতিম্।
প্রাপ্তশ্চ পরমং স্থানং স তু যোগঃ পারমগতঃ ॥ ১৭
তস্মিন্নপি গতে পুত্রঃ তৃতীয়মসৃজৎ প্রভুঃ।
ক্রোধোপায়েতি কুলজং কৃর্দুর্বর্নাম তং বিভুং ॥ ১৮
আসসাদ স তদ্ধর্ম্যং তস্যোদ্বেগমজনয়ত্তিম্।
এবং পুত্রাণুযোঽপ্যেতে উক্তাঃ শাস্ত্রেষ্বনাদৃতাঃ ॥ ১৯
তান্ গৃহীত্বা কৃতাংস্তত্র প্রসাদো স্বাং গতিং তথা
নারায়ণোঽথ ভগবান্ কপিলশ্চ সতীশ্বরঃ ॥ ২০

প্রথমে উৎপন্ন সেই মানসিক পুত্র ব্রহ্মাকে জিজ্ঞাসা করিলেন, তথন্। যথা—আমি আপনার কি সহায়তা করিব ? ১০

ব্রহ্মা বলিলেন,—মহামতে ! এই যে কপিলনামক ব্রহ্মা ও বরদায়ক নারায়ণ রহিয়াছেন, ইহাঁর তোমাকে যাহা কিছু বলিবেন, তুমি তাহাই কর ? ১১

বৈশম্পায়ন বলিলেন জনমেজয় ! সেই সময় ব্রহ্মা এইরূপ বলিলে পর তুল্যনাম পুত্রের এই সংশয় হইল যে, আমার পিতা অপেক্ষা শ্রেষ্ঠ আর কে আছেন ? তথাপি তিনি তাঁহাদের উভয়ের নিকট যাইলেন এবং কৃতাঞ্জলি হইয়া এইরূপ বলিলেন,—আমি আপনাদের উভয়ের সেবক, বলুন আমি আপনাদের কি সেবা করিব ? ১২

সেই দুই পরমেশ্বর বলিলেন,—যিনি সত্য ও অবিনাশী ব্রহ্ম, তাঁহার আঠারটি পর্ব কথিত আছে। (সেই সব পর্ব হইতে মুক্ত হইবার জন্য) যাহা সৎ এবং অমৃত পরম তত্ত্ব, তাহা তুমি নিয়ত চিন্তা কর। ১৩

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয় ! তাঁহাদের এই কথা শ্রবণ করত ব্রহ্মার সেই তুল্যনাম মানস পুত্র উত্তর দিকে চলিয়া যাইলেন, সেস্থানে যাইয়া তিনি জ্ঞানদৃষ্টিতে বিচার করত ব্রহ্মভাব প্রাপ্ত হইলেন। ১৪

তখন মহামনস্বী ভগবান্ ব্রহ্মা পুনরায় মনেরই দ্বারা সঙ্কল্প করিয়া 'ভূয়ঃ' নামক দ্বিতীয় পুত্রকে সৃষ্টি করিলেন। ১৫

তাহাতে ঈশ্বর সেই পিতামহ ব্রহ্মাকে সেই কথাই বলিলেন যে, আমি আপনার কি সেবা করিব ? তখন ব্রহ্মার আজ্ঞা প্রাপ্ত হইয়া পূর্বোক্ত দুই ব্রহ্মার (কপিল ও নারায়ণের) সেবায় উপস্থিত হইলেন। ১৬

তাঁহাদের উভয়ের সাথে এ স্থিত তিনি পুনরায় দুই ব্রহ্মার সহিতই ভাগবতী গতি পরম পদ প্রাপ্ত হইলেন। ১৭

ইনিও চলিয়া যাইলে পর প্রভাবশালী ভগবান্ ব্রহ্মা 'কৃর্দুর্বর' নামক তৃতীয় পুত্রকে উৎপন্ন করিলেন, যিনি ক্রোধসাধনে অত্যন্ত কুশল ছিলেন। ১৮

ইনিও নিজের পূর্বজদেরই ধর্ম প্রাপ্ত হইলেন এবং তাঁহাদেরই গতি লাভ করিলেন এইরূপে ব্রহ্মার তিন মানসপুত্রকে সেই কর্মাধিকারী হয়ে কপিল ও নারায়ণ উপদেশ ও মুক্ত) করিয়াছিলেন। ১৯

ব্রহ্মার এই তিন মানস-পুত্রগণকে সঙ্গে লইয়া সেই ভগবান্

ও এস্থলে সাংখ্যাচার্যগণের মতে আটটি পাশ এবং যোগাচার্যগণের মতে দশটি পাশ একত্রে করিয়া আঠারটি পাশ গণনা করা হইয়াছে। সাংখ্যাচার্যগণের মতে আটটি পাশ যথা—১। পঞ্চ কর্মেন্দ্রিয় (বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ), ২। পঞ্চ জ্ঞানেন্দ্রিয় (চক্ষু, কর্ণ, নাসিকা, ত্বক্ ও জিহ্বা), ৩। অন্তঃকরণ চতুষ্টয় (মন, বুদ্ধি, চিত্ত ও অহংকার), ৪। পঞ্চ মহাভূত (ক্ষিতি, অপ্, তেজ, বায়ু ও আকাশ), ৫। পঞ্চ প্রাণ (প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান), ৬। কাম, ৭। কর্ম এবং ৮। অবিদ্যা। এই সকলকে পূর্বাষ্টকও বলা হয়। যোগাচার্যগণের মতে দশটি পাশ যথা—১। পঞ্চ কর্মেন্দ্রিয়, ২। পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, ৩। অন্তঃকরণ চতুষ্টয়, ৪। পঞ্চ প্রাণ, ৫। পঞ্চ মহাভূত, ৬। কাম, ৭। কর্ম, ৮। প্রকৃতি, ১। পুরুষ এবং ১০। ঈশ্বর। উভয় মতে সর্বসমেত মূলে আঠারটি পাশ।

যং কালং তৌ গতৌ মুক্তৌ ব্রহ্মা তৎকালমেব তু
জেপে ঘোরতরং ঘোরঃ স তপঃ সংশিতব্রতঃ ॥ ২১
ন যযাম ততো ব্রহ্মা প্রভূতেরুক্তপস্তপন্।
শরীরার্দ্ধময়ো ভার্য্যাং সমুৎপাদিতবান্ প্রভূঃ ॥ ২২
তপসা তেজসা চৈব বর্চসা নিয়মেন চ।
সমৃদ্ধীমাত্মনো ভার্য্যাং সমর্থাং লোকসর্জ্জনে ॥ ২৩
তয়া সহ ততস্তত্র রেমে ব্রহ্মা তপোময়ঃ।
সৃজন্ প্রজাপতীন্ সর্ব্বান্ সাগরান্ সরিতস্তথা ॥ ২৪
ততোঽসৃজদ্ বৈ ত্রিপদা গায়ত্রীং বেদমাতরম্।
অকরোচ্চৈব চত্বারো বেদান্ গায়ত্রিসম্ভবান্ ॥ ২৫
আত্মার্থে চাসৃজৎ পুত্রান্ রোকেকর্তৃন্ পিতামহঃ।
বিশ্বে প্রজানাং পতয়ো যেভ্যো লোকা বিনিঃসৃতাঃ ॥ ২৬
বিশ্বেশং প্রথমং নাম মহাতপসমাবৃতম্
সর্ব্বাশ্রমতমং পুণ্যং নান্না ধর্ম্মং স সৃষ্টবান্ ॥ ২৭

নারায়ণ এবং মহাদেব কশিল নিজের রূপ প্রাপ্ত করিয়া ছিলেন। ২০

যে সময় সেই কশিল ও নারায়ণ নিজের রূপ প্রাপ্ত ও যুক্ত হইলেন, সেই সময় কাষ্ঠ ও রূপধারণকারী ব্রহ্মা পুনরায় ঘোরতর তপস্যা আরম্ভ করিয়া ছিলেন। ২১

সেই সময় একাকী তপস্যা করিতে করিতে ভগবান্ ব্রহ্মা যখন রমণ করিতে (আনন্দ লাভ করিতে) পারিলেন না, তখন তিনি এক শুভ লক্ষণা ভার্য্যাকে উৎপন্ন করিলেন, যিনি তাঁহার শরীরের অর্দ্ধভাগ ছিলেন। ২২

তপ, তেজ, কান্তি ও নিয়মের দৃষ্টিতে তিনি সর্ব্বথা নিজের অনুরূপ ভার্য্যাকে সৃষ্টি করিলেন, যিনি লোকসমূহ সৃষ্টি করিতে সমর্থ ছিলেন। ২৩

তখন তপোময় জীবন নির্ব্বাহকারী ব্রহ্মা সেখানে তাঁহার সহিত রমণ করিতে লাগিলেন, সেই সময় তিনি সমস্ত প্রজাপতি, সাগর ও সরিৎ (নদী)-সকলকে সৃষ্টি করিলেন। ২৪

তাহার পর ব্রহ্মা বেদমাতা ত্রিপদা গায়ত্রীকে সৃষ্টি করিলেন। অনন্তর এই গায়ত্রী হইতে প্রকটিত চার বেদকে সঞ্চালন করিলেন। ২৫

ইহার পর ব্রহ্মা নিজের জন্যও লোককর্ত্তা বহু পুত্র উৎপন্ন করিলেন। ইহারা সকলেই প্রজাপতি ছিলেন, যাঁহাদের নিকট হইতে সমস্ত লোকসকলের প্রাদুর্ভাব হইয়াছে। ২৬

দক্ষঃ মরীচিমত্রিঞ্চ পুলস্ত্যং পুলহং ক্রতুম্।
বসিষ্ঠং গৌতমং চৈব ভৃগুমঙ্গিরসং মনুম্ ॥ ২৮
অথর্ব্বাণমৃতা ইত্যেতে খ্যাতা ব্রহ্মমহর্ষয়ঃ।
ত্রয়োদশসুতানাং বৈ যে বংশা বৈ মহর্ষিণাম্ ॥ ২৯
অদিতিদিতির্দনুঃ কালা দনায়ুঃ সিংহিকা মুনিঃ।
প্রবোধা সুরসা ক্রোধা বিনতা কদ্রুরেব চ ॥ ৩০
দক্ষস্তৈতা দুহিতরঃ কন্যা দ্বাদশ ভারত।
নক্ষত্রাণি চ তাসাং তে সপ্তবিংশতিরুদ্ভিতাঃ ॥ ৩১
মরীচেঃ কশ্যপঃ পুত্রস্তপসা নির্ম্মিতঃ প্রভুঃ।
তস্যৈতা কন্যা দ্বাদশৈমা দক্ষস্য অন্বমন্যত ॥ ৩২
নক্ষত্রাখ্যানি সোমায় বরমেব দত্তবানৃষিঃ।
রোহিণ্যাদীনি সর্ব্বাণি পুণ্যানি জনমেজয় ॥ ৩৩
লক্ষ্মীঃ কীর্ত্তিস্তথা ধাত্রী বিধা কান্যানুগা দ্যুতা।
দেবী মরুদ্বতী চৈব ব্রহ্মণা নির্ম্মিতা পুরা ॥ ৩৪

ইহাদের মধ্যে প্রথম পুত্রের নাম ছিল বিশ্বেশ। ইনি মহাতপস্বী ছিলেন। তারপর তিনি ধর্ম্ম নামক দ্বিতীয় পুত্রকে সৃষ্টি করিলেন, যিনি সমস্ত আশ্রমসমূহের শ্রেষ্ঠ ও পবিত্র ছিলেন। ২৭

তদনন্তর ব্রহ্মা দক্ষ, মরীচি, অত্রি, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ঠ, ভৃগু, অঙ্গিরা ও মনুকে উৎপন্ন করিলেন। ২৮

এই ব্রহ্মর্ষিগণ অথর্ব্ববেদরূপ সরিতা বিখ্যাত ছিলেন। ব্রহ্মার এই তের জন পুত্রই মহর্ষি ছিলেন। ইহাদের যে সব বংশ, তাহাদেরই বর্ণনা করিতেছি। ২৯

তত্তত্ত্ববাদের জনমেজয়! তোমার কল্যাণ হউক। অদিতি, দিতি, দনু, কালা, দনায়ু, সিংহিকা, মুনি, প্রবোধা, সুরসা, ক্রোধা, বিনতা ও কদ্রু—এই যাঁর জন দক্ষপ্রজাপতির কন্যা ছিলেন। রোহিণী প্রভৃতি যে সাতাশটি জ্যোতী নক্ষত্র, ইহারাও দক্ষেরই কন্যা ছিলেন। ৩০-৩১

মরীচির প্রভাবশালী পুত্র কশ্যপ তপস্যার দ্বারাই নির্ম্মিত হইয়াছিলেন। দক্ষ নিজের পূর্ব্বোক্ত অদিতি প্রভৃতি বার কন্যাকে এই কশ্যপের সহিত বিবাহ দিয়াছিলেন। ৩২

জনমেজয়! রোহিণী আদি যে সমস্ত পুণ্য নক্ষত্ররূপা কন্যা ছিলেন, তাঁহাদিগকে মহর্ষি দক্ষ সোমনামক মনুকে প্রদান করিয়াছিলেন। ৩৩

লক্ষ্মী, কীর্ত্তি, ধাত্রী, ইচ্ছানুসারে বিচরণকারিণী শুভলক্ষণা

এতাঃ পঞ্চ বহ্নিষ্ঠা বৈ সুরশ্রেষ্ঠাঃ ভারত
দত্তা ধর্ম্মায় তৈঃ তে ব্রহ্মণা সৃষ্টধর্ম্মণা ॥ ৩৫
যা ব্রহ্মার্থময়ী পত্নী ব্রহ্মণঃ কামরূপিণী।
মূরতিঃ সা তু গৌর্ত্বা ব্রহ্মাণং সমুপস্থিতা ॥ ৩৬
ততস্তামগমদ্ব্রহ্ম মৈথুনে লোকপূজিতঃ।
লোকসর্জ্জনহেতুজ্ঞো ভবায়র্থায় ভারত ॥ ৩৭
জজ্ঞে চৈকাদশ সুতান্ বিপুলান্ ধর্ম্মসংস্থিতান্।
রক্তসন্ত্যাশ্রসম্পন্নান্ দহনোপমতেজসঃ ॥ ৩৮
তে রুদন্তো দ্রবন্তশ্চ ভগবন্তং পিতামহম্।
রোদনাদ্ ধাবণাচ্চৈব তস্তো রুদ্রা ইতি স্মৃতাঃ ॥ ৩৯
নির্ঋতিশ্চৈব সর্পশ্চ তৃতীয়ো রুদ্র একপাৎ
মৃগব্যাধঃ পিনাকী চ দহনোঽপরাজিতঃ ॥ ৪০
অহির্বুধ্ন্যশ্চ ভগবান্ কপালী চাপরাজিতঃ
সেনানীশ্চ মহাতেজা রুদ্রা একাদশ স্মৃতাঃ ॥ ৪১
তস্মাদেব সুরভ্যাং তু জজ্ঞে গোমিথুনং তথা।
আকৃষ্টাশ্চ তথা মাত্রা সিক্তাঃ প্রস্রবোঽক্ষতাঃ ॥ ৪১

অজাশ্চৈবৈকপাদাশ্চ তথৈবাহির্বুধ্ন্যমুত্তমম্।
ওষধ্যঃ প্রবরা বাক্ষ সুরভ্যাস্তাঃ সমুত্থিতাঃ ॥ ৪৩
ধর্ম্মাদ্রক্ষাদ্ভবঃ কামঃ সাধ্যা সাধ্যান্ ব্যজায়ত।
ভবশ্চ প্রভবঃ চৈবমীশানঃ সুরভী তথা ॥ ৪৪
অরুন্ধত্যাকৃতী চৈব বিশ্বাধস্যবলপ্রবৌ।
মহিষশ্চ তনূজশ্চ বিজ্ঞাতমনসাবপি ॥ ৪৫
মৎসরশ্চ বিভূতিশ্চ সর্পাঃ সুরভিসূনবঃ।
সুপর্ণত্বঃ বিষং নাগাঃ সাধ্যা লোকনমস্কৃতা ॥ ৪৬
বাসবাদ্বসুতা দেবী জনয়ামাস বৈ সুতান্।
বসবৈ প্রথমং দেবাঃ বিত্তায় ধ্রুববর্চসম্ ॥ ৪৭
বিধাবসুশ্চ তৃতীয়শ্চ চতুর্থো সোমমীশ্বরম্
পঞ্চমঃ পর্ব্বতঃ চৈব যোগেশঃ তনয়স্তথা ॥ ৪৮
সপ্তমশ্চ স্মৃতো বায়ুরষ্টমং নির্ঋতিং বসুম্।
ধর্ম্মপত্ন্যামিতৌজায়াং সুতভাঃ সমজায়ত ॥ ৪৯
বিশ্বেদেব্যাস্তু বিশ্বাধাঃ ধর্ম্মাজ্জাতা ইতি শ্রুতিঃ।
সুধর্ম্মা চ মহাবাহুঃ সত্যপাচ্চ মহাবলঃ ॥ ৫০

বিদ্যা ও দেবী মরুদ্বতী—এই পঞ্চ কন্যাকে সৃষ্টাকালে ব্রহ্মা (পঞ্চপ্রজাপতি) উৎপন্ন করিয়াছিলেন। ৩৫

ভারত। তোমার কল্যাণ হউক। ধর্ম্মপত্নী ব্রহ্মা (পঞ্চ) এই পঞ্চ শ্রেষ্ঠ কন্যাকে সুরশ্রেষ্ঠ ধর্ম্মকে প্রদান করিয়াছিলেন। ৩৫

ব্রহ্মার যে ইচ্ছানুসারে রূপ ধারণকারিণী অর্দ্ধাঙ্গরূপা পত্নী ছিলেন, তাঁহার নাম মূরতি। তিনি গাভীর রূপ ধারণ করত ব্রহ্মার সেবায় উপস্থিত হন। ৩৬

ভারত। তখন লোকসৃষ্টির হেতুসম্ভূত অতিশয় লোক-পূজিত ব্রহ্মা যোনিরূপ উৎপত্তির জন্য মূরতির সহিত মৈথুন করিয়াছিলেন। ৩৭

ইহাতে তাঁহার (মূরতির) গর্ভ হইতে তিনি (ব্রহ্মা) একাদশ পুত্র উৎপন্ন করিলেন, যাঁহারা ছষ্ট-পুষ্ট, ধর্ম্মপরায়ণ, সন্ধ্যাকালের মেঘের ন্যায় কান্তিমান ও অগ্নিতুল্য তেজস্বী ছিলেন। ৩৮

ইহারা রোদন করিতে করিতে ও দৌড়াইতে দৌড়াইতে ভগবান্ ব্রহ্মার নিকটে যাইলেন। রোদন করিতে ও দৌড়াইতে (বা পশ্চ করিতে) থাকায় ইঁহারা 'রুদ্র' বলিয়া অভিহিত হইলেন। ৩৯

তাঁহাদের নাম হইল—নির্ঋতি, সর্প, তৃতীয় অজৈকপাদ, অহির্বুধ্ন্য, পিনাকী, দহন, ঈশ্বর, অপরাজিত ও মহাতেজস্বী সেনানী। এই একাদশ রুদ্র বলিয়া কথিত হন। ৪০-৪১

এই মূরতির গর্ভ হইতে গোমিথুনের (ষাঁড়ের) জন্ম হয়। কর্ষণ ও রোপণ না করিয়াই উৎপন্ন শস্য (আনাজ), মাষ, তিলক (লোমশাক শ্রেণি শস্যবিশেষ জাতক (ধান, যবাদি), ছাগল, বরস, উত্তম অশ্বত এবং শ্রেষ্ঠ ওষধিসমূহ—এই সবের উৎপত্তি মূরতি হইতে হইল। ৪২-৪৩

ধর্ম্ম হইতে লক্ষ্যর গর্ভে কামের উৎপত্তি হইল। সাধ্যা সাধ্যদেবগণকে জন্মদান করিলেন। ব্রহ্মার পত্নী মূরতী ভব, প্রভব ও ঈশানকে উৎপন্ন করিলেন। অরুন্ধতী, আকৃতী, বিশ্বাধস্যু, বলপ্রব, বিজ্ঞাতমনস মহিষ ও তনূজ, মৎসর এবং বিভূতি—ইহারা সকলে মূরতির সন্তান ছিলেন। ৪৪-৪৬

বিশ্বধন্যিতা দেবী সাধ্যা ইন্দ্রের অনুসরণ করিয়া সুপর্ণত্ব, বিষ ও নাগ নামক পুত্রগণকে উৎপন্ন করিয়াছিলেন। ৪৬

(ধর্ম্মের এক পত্নীর নাম ছিল মূরতি।) সেই মূরতি প্রথম বর্ষ, দ্বিতীয় অবিনাশী ধ্রুব, তৃতীয় বিধাবসু, চতুর্থ সোমেশ্বর, পঞ্চম পর্ব্বত, ষষ্ঠ যোগেশ্বর, সপ্তম বায়ু এবং অষ্টমে নির্ঋতি নামক বসুকে উৎপন্ন করেন। এই ভাবে মূরতি হইতে ধর্ম্মের সন্তানগণ জন্মগ্রহণ করেন। ৪৭-৪৯

ওষা বায়ু, ধর্ম্ম হইতে বিশ্বার গর্ভে বিশ্বেদেবগণ উৎপন্ন

ভক্তশ্চৈব মহাবাহুর্বপুষ্মাংশ্চ তথৈব চ ৮
চাক্ষুষস্য মনোরেতে তথানন্তময়ীরণৌ ॥ ৫১
বিশ্বাবসুস্তপর্ণ্যাংশ্চ বিষ্টব্ধস্ত মহাবলঃ।
রুরুশ্চ ঋষিপুত্রো বৈ ভাস্করপ্রতিমদ্যুতিঃ ॥ ৫২
বিশ্বেদেবান্ দেববাতা বিশ্বেশান্ জনয়ৎ সুতান্।
মরুদ্বতী মরুত্তস্তো দেবানজনয়চ্ছুভান্ ॥ ৫৩
অশ্বিন্যন্তু হবির্ভোজিঃ সাবিত্রঃ মিত্রমেব চ।
অনয়ঃ পরয়ন্নিশ্চ সাক্ষাচ্চ মহাভূজম্ ॥ ৫৪
বিরজং চৈব শুক্রঞ্চ বিশ্বাবসুমিভাবসুঃ।
অসুতন্তু চিত্ররশ্মিঞ্চ তথা নিষুপিতং নৃপম্ ॥ ৫৫
দুষ্মানঞ্চ দ্যুতিঞ্চ চারিত্রঃ বহুপ্রজম্।
বৃষন্তঞ্চ বৃহদ্ভানুঃ তথৈব পরতাপনম্ ॥ ৫৬
মরুত্বত্যাঃ পুত্রা ধর্ম্মাজ্জজ্ঞে পুত্রত্রয়ঃ শুভম্।
অধিত্যাঃ জজ্ঞিরে বাজ্রাদিত্যাঃ কক্ষপাধ্বগ।
ইন্দ্রো বিষ্ণুর্ভগস্ত্বষ্টা বরুণোঽর্য্যোঽর্য্যমা রবিঃ ॥ ৫৭
পূষা মিত্রশ্চ বরুণো মনুঃ পঞ্চদশ এব চ ৯

ইত্যেতে দ্বাদশাদিত্যা বরিষ্ঠা ত্রিদিবৌকসঃ ॥ ৫৮
আদিত্যাস্তু সরস্বত্যাং জজ্ঞে পুত্রত্রয়ং শুভম্।
রূপজ্যেষ্ঠং বলজ্যেষ্ঠং ত্রিদিবে রূপিণাং বরম্ ॥ ৫৯
দনুস্তু দানবান্ জজ্ঞে দিতির্দৈত্যান্ ব্যজায়ত।
কালানুকালকেয়াংশ্চ সুপুরান্ রাক্ষসাংস্তথা ॥ ৬০
দনায়ুষায়াস্তনয়া ব্যাখ্যাতাবয়ুতথা।
সিংহিকা গ্রহমাতা চ গন্ধর্ব্বজননী মুনিঃ ॥ ৬১
প্রবোধাপরসাঃ মাতা সুরসায়াঃ সরীসৃপাঃ।
ক্রোধায়াঃ সর্ব্বভূতানি শিশাচাশ্চৈব ভারত ॥ ৬২
তথা যক্ষগণাশ্চৈব গুহ্যকাশ্চ বিশাম্পতে।
চতুষ্পদানি সর্ব্বাণি ঋতে গাবস্তু সৌরভ্যাঃ ॥ ৬৩
অরুণো গরুড়শ্চৈব বিনতায়াঃ ব্যজায়ত।
মহীধরান্ সর্পনাগান দেবী কদ্রর্বাজায়ত ॥ ৬৪
এবং বিবৃদ্ধিমগমন্ বিশ্বেলোকাঃ পরস্পরম্।
তদা পৌষকরে রাজন্ প্রাদুর্ভাবে মহাত্মনঃ ॥ ৬৫
পুরাণে পৌষকরঃ চৈব মহা বৈপোরনাচ্ছ্রুতম্।
কবিতং তেন পূর্ব্বেণ যৎ কৃতঃ পরমর্ষিতিঃ ॥ ৬৬

হইয়াছিলেন। মহাবাহু সুবর্ণা, মহাবল ভক্তশাখ, মহাবাহু ধনু, বপুষ্মান্, অনঘ ও মহাবল—ইহারা চাক্ষুষ মনুর পুত্র। (যাঁহারা বিশ্বেদেব হইয়া উৎপন্ন হন।) ৫০-৫১

ইহারা ব্যতীত বিশ্বাবসু, তৃপর্ণা, মহাবলশালী বিষ্টব্ধ ও সূর্য্য-তুল্য তেজস্বী ঋষিপুত্র রুরুও বিশ্বেদেব হইয়াছিলেন। ৫২

এই সাতটীকালে বিশ্বেদেবগণকে দেববাতা বিশ্বা পুত্ররূপে উৎপন্ন করিয়াছিলেন। মরুত্বতী মরুত্তনামক ভগ্নীদ্বয় দেবতাগণকে জন্মদান করেন। ৫৩

তাঁহাদের নাম—অবি, চক্ষু, রবি, জ্যোতি, সাবিত্র, মিত্র, অমর, পরয়ন্তি, মহাবাহু সংক্ষর, বিরজ, শুক্র, বিশ্বাবসু, বিভাবসু, অসুত, চিত্ররশ্মি, রাজা নিষুপিত, দুষ্মান, দ্যুতি, চারিত্র, বহু-প্রজ, বৃহদ্ভানু, বৃষরুক্ত ও পরতাপন। ৫৪-৫৬

পুরাকালে ধর্ম্ম হইতে মরুত্বতীর গর্ভে আরও দুইজন পুত্র হইয়াছিলেন। রাজন্! কক্ষপ হইতে অদিতির গর্ভে দ্বাদশ আদিত্য উৎপন্ন হন, যাঁহাদের নাম হইল—ইন্দ্র, বিষ্ণু, ভগ, ত্বষ্টা, অরুণ, অংশ, অর্য্যমা, রবি, পূষা, মিত্র, বরুণাত্মক মনু এবং পর্জন্য—এই দ্বাদশ আদিত্য শ্রেষ্ঠ দেবতা। ৫৭-৫৮

আদিত্যের সরস্বতীর গর্ভ হইতে অতিশয় দুই পুত্র উৎপন্ন হয়। ইহারা রূপে ও বলে শ্রেষ্ঠ ছিলেন এবং স্বর্গের রূপবান্ পুরুষগণের মধ্যে সর্ব্বাপেক্ষা উত্তম ছিলেন। ৫৯

দনু দানবগণকে জন্ম দিয়াছিলেন। দিতি দৈত্যদিগকে উৎপন্ন করেন। কালা কালকেয়গণকে, অসুর ও রাক্ষসদিগকে জন্মদান করিয়াছিলেন। ৬০

দনুর পুত্র আয়ি ও ব্যাখ্যিকল। সিংহিকা গ্রহগণের মাতা এবং মুনি গন্ধর্ব্বগণের জননী ছিলেন। ৬১

ভারত! প্রবোধা অপ্সরাদিগের মাতা। সুরসার গর্ভ হইতে সর্পগণ উৎপন্ন হন। ক্রোধা হইতে সম্পূর্ণ ভূতগণ ও পিশাচগণ উৎপন্ন হন। ৬২

প্রজানাথ! যক্ষগণ, গুহ্যক এবং সমস্ত চতুষ্পদগণও ক্রোধারই পুত্র। কিন্তু সুরভির সন্তান গোগণকে এই ক্রোধার পুত্রদিগের মধ্যে গণনা করা চলিবে না। ৬৩

অরুণ ও গরুড় বিনতার গর্ভ হইতে উৎপন্ন হন। দেবী কদ্রু পৃথিবীধারণকারী সর্প ও নাগগণকে জন্মদান করেন। ৬৪

রাজন্! মহাত্মা শ্রীহরির সেই পুরুষপ্রাধান্যের সময়-এই ভাবে সমস্ত লোক পরস্পরের সহযোগে বৃদ্ধি প্রাপ্ত হয়। ৬৫

আমি গুরুদেব বৈপায়নের নিকট হইতে পুরাণে এই পুরুষ-প্রাধান্যের প্রসঙ্গ শ্রবণ করিয়াছি। পূর্ব্বে মহর্ষিগণ যাহা কিছু করিয়াছিলেন, তৎসমস্তই তিনি আমাকে বলিয়াছিলেন। ৬৬

যশ্চেমমগ্র্যং প্রথমং পুরাণং
সদাপ্রমত্তঃ পঠতে মহাত্মা।
অবাপ্য কামানিহ লোকতশ্চ
পরত্র স স্বর্গফলানি ভুঙ্‌ক্তে ॥ ৬৭

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
পৌষ্করে সর্ব্বভূতোৎপত্তৌ চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ ১৪ ॥

যে মহাত্মা পুরুষ সাবধান হইয়া এই শ্রেষ্ঠ ও প্রথম পুরাণ সদা পাঠ করেন, তিনি এই জগতে সমস্ত মনোবাঞ্ছিত কামসমূহ লাভ করত লোকত্রয়ে পূজিত হইয়া পরলোকে স্বর্গীয় ফলসমূহ উপভোগ করিয়া থাকেন। ৬৭

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে পুরুষপ্রাদুর্ভাবপ্রসঙ্গে সমস্ত ভূতগণের উৎপত্তিবিষয়ক চতুর্দ্দশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চদশোঽধ্যায়ঃ ॥

[জনমেজয়ের মহাভারত বর্ণিত-চরিত্রস্তু প্রশংসা]

জনমেজয় উবাচ।

শ্রুতং নঃ পরমং ব্রহ্মন্ স্বয়ম্ভূচরিতং মহৎ।
দিব্যমানুষসম্ভূতং নানিত্যং বহুভির্গুণৈঃ ॥ ১
ঋদ্ধোতির্বৃত্তসঙ্ঘাতৈঃ সমাসৈশ্চ সবিস্তরৈঃ।
লঘুভির্মধুরাক্ষরৈর্বৈশ্চিতং পরমর্ষিভিঃ ॥ ২
ত্রিবর্গেণাভিসম্পন্নং ধর্ম্মেণার্থেন ভোগিনাম্।
কামেন বহুরূপেণ শরীরানুগতেন চ ॥ ৩
ব্রাহ্মণানাং প্রভাবৈশ্চ যোধানাঞ্চ পরাক্রমৈঃ
বৈরনির্য্যাতনৈশ্চৈব প্রতিজ্ঞানাঞ্চ পারগৈঃ ॥ ৪
ত্রিপুরুষবসুসম্পন্নৈর্নৃবরৈঃ প্রবিচোদিতঃ

বংশস্যোদ্বিনিবাণায় নৃপেণ দ্বিজবিগ্রহাৎ ॥ ৫
যে চ তস্মিন্মহারৌদ্রে সংগ্রামে নিহতা নৃপাঃ।
তেষাং সর্ব্বাণি রাষ্ট্রাণি পুত্রাঃ সর্ব্বে প্রপেদিরে ॥ ৬
কৌরবঃ প্রথিতো রাজা ভগবচ্ছমনাগুগঃ।
ধর্ম্মঞ্চ বহুধা প্রোক্তবান্যাণাং বর্ণসম্পদাম্।
পুরাণামপি বিখ্যাতঃ স্বর্গহেতুর্বিগর্হতঃ ॥ ৭
অনুগ্রহার্থং ভূতানাং নোৎসেকাদ্য কথঞ্চন।
চতুর্ণাং বর্ণসংজ্ঞানাং পৃথক্ পৃথগনেকধা ॥ ৮
গর্ভবাসং পতন্তঞ্চ ভূতানাং সম্প্রবোধিতাঃ
পৃচ্ছন্তো দেবশর্ম্মাণং ক্ষীণে পুণ্যে চ কর্ম্মণি ॥ ৯

পঞ্চদশ অধ্যায়।

[জনমেজয় কর্ত্তৃক মহাভারত-বর্ণিত চরিত্রের প্রশংসা।]

জনমেজয় বলিলেন,—ব্রহ্মন্! আমি আমাদের বীজ বংশের উদ্ভব, মহান্ ও দিব্য চরিত্রের বর্ণনা শ্রবণ করিয়াছি, যাহা আমাদের পূর্ব্বপুরুষগণের পরস্পর সহযোগে সম্ভব হইয়াছিল। এই চরিত্র অনেক গুণসমূহে সমন্বিত। ১

এই চরিত্র ঋদ্ধ্যোদ্যোক্ত গুণসমূহে সংক্ষেপে ও সবিস্তরে কুদ্র কুদ্র পদসকলের দ্বারা মধুর ভাষায় গ্রথিত করা হইয়াছে। ২

ইহাতে ধর্ম্ম, অর্থ ও ভোগী পুরুষগণের শরীরের মধ্যে অনেকরূপে নিবাসকারী কামনামক ত্রিবর্গেরও বর্ণনা রহিয়াছে। ৩

এই চরিত্রে ব্রাহ্মণগণের প্রভাব, যোদ্ধাদিগের পরাক্রম, বৈর প্রতিশোধের ঘটনা এবং প্রতিজ্ঞার পারঙ্গামী পুরুষগণের জন্মরূপ বৃত্তান্তসমূহেরও উল্লেখ রহিয়াছে। ৪

ব্রহ্মন্! যাঁহাদের পরাক্রান্ত গুণ করিয়াছে, এরূপ বীর পুরুষগণের চরিত্রসমূহ হইতে বর্ণিত হইয়াছে। রাজা দুর্য্যোধন পাণ্ডবগণের সহিত বিদ্বেষ ভাব করিয়া যে প্রেমপূর্ণ সম্বন্ধ স্থাপিত হইতে দেন নাই, তাহা ই এই উভয় কুলের বিনাশের কারণ হইয়াছে। ৫

সেই মহাভয়ঙ্কর সংগ্রামে যে সব রাজা নিহত হইয়াছিলেন, তাঁহাদের সমস্ত রাজ্যই তাঁহাদের পুত্রগণই প্রাপ্ত হইয়াছিলেন। ৬

বিদ্বজ্জেষ্ঠ! কুরুবংশের সুবিখ্যাত রাজা যুধিষ্ঠির শ্রীভগবানের আজ্ঞার অনুকূলে চলিতেন। তিনি ভিন্ন বর্ণের জন্য বারবার ধর্ম্মের বর্ণনা করিয়াছেন। তিনি শৌর্য্যশালী বীরগণকে স্বর্গপ্রাপ্তি করাইতে প্রধান হেতুরূপে বিখ্যাত ছিলেন। ৭

তিনি কোনও রূপে অহঙ্কার প্রকাশ করিবার জন্য নহে, সমস্ত প্রাণিসমূহের প্রতি কৃপা করিবার জন্যই চারি বর্ণের পৃথক্ পৃথক্ অনেক ধর্ম্ম অভিহিত করিয়াছেন। ৮

প্রাণিসমূহের মধ্যে যাহারা গর্ভবাস হইতে পতিত হইতেছিল এবং পুণ্যকর্ম্ম ক্ষীণ হইয়া যাইলে পর পুনরায় দেবলোকে প্রবেশ করিবার উপায় জিজ্ঞাসা করিতেছিল, ইহাদের সকলের জন্যই তিনি পৃথক্ পৃথক্ বর্ণের উপদেশ করিয়াছেন। ৯

দানে যদ্যপি সংযোগঃ স চাপি বহুধা কৃতঃ
ত্বয়োঃ সংযোগবিত্তিঃ মধু বাপ্নুবনং ত্বয়োঃ ॥ ১০
ন তদ্ভক্ষ্যা মহাযাত্রা ভারতাখ্যানমেব চ
একত্রেণ মহান্ ব্রহ্মরাশি দিবোন চক্ষুষা ॥ ১১

দানকার্যে। যিনি যজ্ঞ নিত্য থাকেন এবং অন্য ব্যক্তিগণকেও যিনি দানকার্যে ব্রতী করান, এই সব কার্যও তিনি বহু বার করিয়াছেন। যখন শান্তনুপুত্র ও শ্রীকৃষ্ণ এই উভয়ের সংবাদ হইল, তখন তাঁহাদের মধ্যে অতিশয় মধুর বার্তালাপ (সংঘটন) আরম্ভ হইয়া যাইত। ১০

মহান্ ব্রাহ্মণসেবন। মহাভারতের যে বিশাল অধ্যয়ন, তাহার

ব্রহ্মণোঽকৃতস্য বিস্তারং সংক্ষেপঞ্চ সুসংগ্রহম্
শ্রোতুমিচ্ছামি ভগবন্মহৎ কৌতূহলং হি মে ॥ ১২
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি
পুরূরবে জনমেজয়বাক্যে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥ ১৫ ॥

একদিনে দিবা-দৃষ্টিতেও বহুত বর্ণনা করা আমার পক্ষে সম্ভব নয়। ১১

ভগবন্। আমি ব্রহ্মার দিনের। বা যজ্ঞের। বিস্তার, সংক্ষেপ ও উত্তম সংগ্রহ শুনিতে ইচ্ছা করি। ইহার জন্য আমার হৃদয়ে অত্যন্ত কৌতূহল হইতেছে। ১২

শ্রীমহাভারতে খিলভাগ হরিবংশে ভবিষ্যপর্বে পুরূরবা-প্রাদুর্ভাবপ্রসঙ্গে জনমেজয়ের বাক্যবিষয়ক পঞ্চদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষোড়শোঽধ্যায়ঃ ॥

[সৃষ্টিবিষয়কবর্ণনপ্রসঙ্গেন জ্ঞান-যোগয়োর্বিচারঃ]

বৈশম্পায়ন উবাচ

শৃণুষ্বৈকমনা রাজন পঞ্চেন্দ্রিয়সমান্বিতঃ।
কথাং কথয়তো রাজন্নিবোধাবেত চেতসা ॥ ১
ব্রহ্মসদ্ভসদ্ভবঃ কর্মভির্নৃপ
পুরস্তাদ্ ব্রহ্ম সম্প্রাপ্ত তক্ষণো বদনক্ষিণম্ ॥ ২
অব্যক্তঃ কারণং যত্তদ্বিত্তাং সদসদাত্মকম্।
নিত্যঃ পুরুষস্তস্মাৎ সম্ভূবাক্তযোনিজঃ ॥ ৩
দিব্যো দিব্যেন বপুষা সর্বভূতপতির্বিভূঃ।
অচিন্ত্যশ্চাব্যয়শ্চৈব যুগাদাঃ প্রভবোঽব্যয়ঃ ॥ ৪

অভূতশ্চাপ্যজাতশ্চ সর্বত্র সমতাং গতঃ।
অব্যক্তাৎ পরমং যত্তদ্ব্রাহ্মণবিদো বিদুঃ ॥ ৫
সর্বতঃ পাণিপাদং ত্ত সর্বতোঽক্ষিশিরোমুখম্।
সর্বতঃ শ্রুতিমল্লোকে সর্বমাবৃত্য তিষ্ঠতি ॥ ৬
অসত্তশ্চ সতশ্চৈব বিদ্ধ্যেনং তত্ত্ব কারণম্।
অব্যক্তো ব্যক্তরূপস্তুক্ষরূপি ন দৃশ্যতে ॥ ৭
বিকারপুরুষোঽব্যক্তো দ্বিত্তীয়ো রূপমাশ্রিতঃ।
চরত্যচিন্ত্যঃ সর্বেষু পুরোঽগ্নিরিব দারুষু ॥ ৮

এই ব্রহ্মা যখন দিবা এবং দিব্য দেহে সংযুক্ত। ইনি সমস্ত প্রাণিগণের পালক, প্রভু, অচিন্ত্য, নির্বিকার, বুদ্ধিমত্তের উৎপত্তির কারণ এবং ইঁহার জ্ঞান সর্বত্র সমান। যিনি অব্যক্ত হইতেও পরে পরমাত্মতত্ত্বরূপ, সেই নারায়ণের স্বরূপ যাঁহারা জানেন, তাঁহারা সেই উপাসকগণই তাঁহাকে জানিতে পারেন। ৫

তাঁহার সর্বদিকেই হস্ত ও পদ, সর্বদিকে নেত্র, মস্তক ও মুখ এবং তাঁহার সর্বদিকে কর্ণ আছে, তিনি লোকে (প্রকাশমান জগতে) সমস্তকে ব্যাপ্ত করিয়া বিরাজমান আছেন। ৬

তাঁহার জগৎ ও সত্তের কারণ জানা আবশ্যক, তিনি অব্যক্ত, ব্যক্তরূপে অবস্থান করত বিচরণ করিলেও তাঁহাকে কেহ দেখিতে পায় না। (যাঁহাকে তিনি দিব্য দৃষ্টি দান করেন, কেবল সেই ভাগ্যবান্ পুরুষই তাঁহাকে দর্শন করিতে সমর্থ হন।) ৭

বিকারযুক্ত অর্থাৎ জড় পুরুষ একপাদ হন, অব্যক্ত ও রূপহীন

তৃতভব্যোদ্ভবো নাথঃ পরমেষ্ঠী প্রজাপতিঃ
প্রভুঃ সর্বস্য লোকস্য নাম চাস্যেতি তত্ততঃ ॥ ৯
অপগাত্তু পদো জাতস্তস্মান্নারায়ণোঽভবৎ।
অব্যক্তো ব্যক্তিমাপন্নো ব্রহ্মযোনের কামতঃ ॥ ১০
ব্রহ্মভাবে চ তং বিদ্ধি সনাথং লব্ধবান্ প্রভুঃ
প্রভুঃ সর্বস্য লোকস্য স্বাবরস্যেতরস্য চ ॥ ১১
অহং স্রিষ্টি স যোবাচ প্রজাঃ স্রক্ষ্যামি ভারত।
প্রভবঃ সর্বভূতানাং যস্য ত্বত্রিমাঃ প্রজাঃ ॥ ১২
স্বভাবাজ্জায়তে সর্বং স্বভাবাচ্চ তথাভবৎ।
অবস্থানাৎ স্বভাবাচ্চ তথা সর্বমিদং জগৎ ॥ ১৩
সর্বব্যাপী নিরালম্বো হ্যপ্রাহ্যোঽথ জন্তো ধ্রুবঃ।
এষো ব্রহ্মময়ো জ্যোতির্ব্রহ্মজন্মেন শব্দিতঃ ॥ ১৪

অব্যক্তো ব্যক্তিমাপন্নঃ পঞ্চধাত্মকতাং গতঃ
ধারয়ন্ ব্রহ্মণো ব্যক্তং বিবিধং চিন্তিতং বহুন্ ॥ ১৫
অম মূর্তিং সমাধায় স্বভাবাদ্ ব্রহ্মচোদিতঃ।
সসর্জ সলিলং ব্রহ্মা যেন সর্বমিদং ততম্ ॥ ১৬
বায়ুং পূর্বমথো সৃষ্টা যো ধারয়তি সর্বতঃ।
ধারণাদ্ভূতসঙ্ঘস্য লভতে লোকসংজ্ঞিতম্ ॥ ১৭
তস্যেতদ্বায়ুসংভূতং কৃৎস্নং জগদবৃতং পুরা।
এতচ্ছৈবেরতিক্রান্তং পূর্বমেব সরস্বতি ॥ ১৮
পৃথক্কৃতং গমিতং তোয়ং পৃথিবীপর্বমিচ্ছতা।
ঘনত্বাচ্চ স্বভাবাচ্চ নিধিলেনোপলভ্যতে ॥ ১৯
ফলত্বাৎ সীদমানা চ সলিলে সলিলোদ্ভবা।
ব্যাজহার শুভা বাণী সমস্যাং পুরয়ন্নিব ॥ ১০

চিন্তায় পুরুষ পরমাত্মা তাঁহারই রূপ আশ্রয় করেন অর্থাৎ তর পুরুষের মধ্যেই সেই অজর পরমাত্মা বিরাজমান থাকেন। যেরূপ কাষ্ঠমধ্যে অগ্নি লুক্কায়িত ভাবে অবস্থান করে, সেইরূপ এই অচিন্ত্য পরমাত্মা সমস্ত ভূতসমূহে গূঢ়ভাবে অবস্থান বিচরণ করেন ॥ ৮

তিনিই ভূত, ভবিষ্যৎ ও বর্তমানের উৎপত্তির কারণ, সকলের প্রভু ও সংরক্ষক, পরমেষ্ঠী প্রজাপতি ও সর্বলোকপ্রভু ইত্যাদি ইঁহার যথার্থ নাম ॥ ৯

অপদ অর্থাৎ নির্গুণ নিরাকার হইতে পদ অর্থাৎ সগুণ সাকাররূপে প্রকটিত এই পরমাত্মা নার অর্থাৎ জলকে অয়ন অর্থাৎ নিবাসস্থান করায় নারায়ণ নামে প্রসিদ্ধ হন। যিনি প্রথমে অব্যক্ত ছিলেন, তিনিই পুনরায় ব্রহ্মযোনে ইচ্ছানুসারে সমস্ত জগৎ ব্যক্তভাব প্রাপ্ত হন ॥ ১০

তাঁহাকে ব্রহ্মরূপে স্থিত বলিয়া তুমি জানিও। সেই প্রভুই ব্রহ্ম নাম প্রাপ্ত হইয়াছে। তিনিই স্থাবর-জঙ্গমরূপ সমস্ত লোকের প্রভু ॥ ১১

ভারত। তিনি প্রথমে এই সমস্ত প্রাকাশ করিতে করিতে বলিয়াছিলেন যে, আমি প্রজাগণকে সৃষ্টি করিব, অতএব তিনিই সমস্ত ভূতগণের উৎপত্তির কারণ। এই সকল প্রজাই তাঁহার সন্তান ॥ ১২

স্বভাব হইতেই সকলের উৎপত্তি হয়, স্বভাব হইতেই পরমাত্মা পূর্বোক্তরূপে প্রকটিত হইয়াছেন, স্বভাব হইতেই অহঙ্কার এবং সম্পূর্ণ জগৎ উৎপন্ন হইয়াছে ॥ ১৩

এই সর্বব্যাপী, আলম্বরহিত, ইন্দ্রিয়াতীত, জন্মরহিত, অবিনাশী জ্যোতির্ময় ব্রহ্মজন্ম পরমাত্মাই ব্রহ্মনামে প্রতিপাদিত হন ॥ ১৪

তিনি স্বরূপতঃ অব্যক্ত হইলেও সহজ হইতে প্রকটিত পঞ্চ সূক্ষ্ম ভূতরূপ উপাদিসমূহে ব্যক্তভাব পুরুষ শরীর) প্রাপ্ত হইয়াছেন এবং বেদ হইতে জ্ঞাত বিবিধ সঙ্কল্পিত জগৎকে জগতে ধারণ করত উহা সৃষ্টি করিবার জন্য উদ্যোগী হইয়া উঠিলেন ॥ ১৫

যিনি সম্পূর্ণ জগৎকে ব্যাপ্ত করিয়া রহিয়াছেন, সেই ব্রহ্ম ও স্বভাব হইতে প্রেরিত হইয়া শরীর ধারণ করত ব্রহ্মা জলের সৃষ্টি করিলেন ॥ ১৬

জলের সৃষ্টির পূর্বে বায়ুকে অবস্থিত দেখিয়া জগদ্ধাতা পরমেষ্ঠীর অধীনে স্থিত যে মরীচি প্রভৃতি ধাতা, উঁহাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ ব্রহ্মা সকলকে ধারণ করিয়া থাকায় লোকপ্রসিদ্ধ ধাতা নাম ব্যাপ্ত হইলেন ॥ ১৭

এইরূপে এই সম্পূর্ণ জগৎ পূর্বে বায়ু হইতেই প্রকটিত হয় এবং পূর্ব হইতেই সমুদ্রে অবস্থান করে, সেরূপ ইহাকে অতিক্রম করিয়া উপরে উত্থিত হন ॥ ১৮

পৃথিবী পর্বের বাচ্যার্থ ভূমির (তাহার উপর সম্পূর্ণ জগতের স্থিতির জন্য) অভিলাষকারী ব্রহ্মা জলকে তাহা হইতে ভিন্ন অবস্থায় উপস্থিত করিয়া দিলেন। এক (জল) দ্রব পদার্থ হওয়ায় এবং দ্বিতীয় (পৃথিবী) ঘনীভূত হওয়ায় উভয়ের ভেদ স্পষ্ট হইয়া যাইল। পৃথিবী ও জলের এই পার্থক্যকে প্রত্যক্ষ দেখা যায় ॥ ১৯

জল হইতে হইতে উৎপন্ন পৃথিবী ইহার জল-সা কার্যাত্মক

ঊর্দ্ধেঽহং স্থাস্যামিহানি সংশোষয়ামুদ্ধরন্ত মাম্
গম্ভীরে জোয়বিবরে মৃত্তিবিক্ষোভিতান্তরম্ ॥ ২১
ততো মৃত্তিরসা দেবী সর্বভূতপ্ররোহিণী।
যথাযোগেন সম্ভূতা সর্বত্র বিবরৈরিহি ॥ ২২
শ্রুত্বা চ গদিতং তস্যা স্বিরং তাক্ষ সুভাষিতম্।
বরাহরূপধারায় বিপদাত মহার্ণবে ॥ ২৩
উদ্ধৃত্য সোঽথনিঃ জোয়ং কৃত্বা কর্ম সুদুষ্করম্।
সমাধৌ প্রলয়ং কৃত্বা প্রলীনো ন চ দৃশ্যতে ॥ ২৪
যত্তদ্ ব্রহ্মময়ং জ্যোতিরাকাশমিতি সংজ্ঞিতম্।
তত্র ব্রহ্মা সমুদ্ভূতঃ সর্বভূতপিতামহঃ ॥ ২৫
অদ্যাপি মমতা যাত্রা বার্ধাতে সর্বযোনিষা।
জ্ঞানযোগেন সূক্ষ্মেণ [illegible] ॥ ২৬

স্থিত্বা তু পৃথিবীমধ্যমুপধাতি সমুদ্ভবম্।
তপনর্ভূষ্ণাভিষ্টন্ রশ্মিভিঃ স রসন্নিধ ॥ ২৭
তস্য মণ্ডলমধ্যাত্তু নিঃসৃতং সোমমণ্ডলম্।
স সনাতনজো ব্রহ্মা সোম্যং সোমময়ং গাঃ ॥ ২৮
সোমমণ্ডলপর্যায়াৎ পবনঃ সমজায়ত।
তদ্ভস্মময় জ্যোতিস্তেজোভিরতিবর্ধতম্ ॥ ২৯
স তু যোগময়াজ্ জ্ঞানাৎ স্বভাবাদ্ ব্রহ্মসম্ভবাৎ।
সৃজতে পুরুষং দিব্যং ব্রহ্মযোনিং সনাতনম্ ॥ ৩০
তৃবা যৎ সলিলং তস্য ঘনং যৎ পৃথিবী ভবৎ।
দ্বিত্রা যচ্চ তদাকাশং জ্যোতির্যচ্চক্ষুষের তৎ ॥ ৩১
বায়ুনা স্পন্দতে তৈস্ত সভ্যাতাজ্যোতিসম্ভবঃ।
পুরুষাৎ পুরুষো ভাবঃ পঞ্চভূতময়ো মহান্ ॥ ৩২

হওয়ায় নিজের কারণভূত জলে যখন নিমজ্জিত ও প্লাবিত হইয়া যাইতে লাগিল, তখন তাহার অধিষ্ঠাত্রী দেবী সহদিকে আকাশকে যেন মূর্তিত করিতে করিতেই এই শব্দগুলি বলিলেন ॥ ২০

অহো! জলের এই বর্ধমান তাড়ে আমি নিমজ্জিত হইয়া পলিয়া যাইতেছি। নিজের শরীরে কোন্ স্তরের বা গুরুত্বভার আমার অঙ্গকরণ এত পরিপূর্ণ হইয়া উঠিয়াছে, অতএব আমি উপরে অবস্থান করিতে ইচ্ছা করিতেছি, কেহ আসিয়া আমাকে উদ্ধার করুন ॥ ২১

তখনকার সমস্ত ভূতগণকে প্রভবিত্রকারিণী পৃথিবীদেবী মূর্তিমতী হইয়া প্রকটিত হইলেন এবং নিজের অবস্থানের জন্য স্থান কামনা করিতে করিতে পূর্বোক্ত কারণে সর্বদিকে মুখ করিয়া নিজের রক্ষার জন্য বলিতে লাগিলেন ॥ ২২

তাঁহার মুখ হইতে নির্গত এই সুভাষিত বাক্য শ্রবণ করিয়া ভগবান্ শ্রীহরি বরাহরূপ ধারণ করত সেই মহাসাগরে লম্ফপ্রদান পূর্বক পতিত হইলেন ॥ ২৩

জল হইতে পৃথিবীকে উপরে উত্তোলিত করিয়া এই অত্যন্ত দুষ্কর কর্ম করত সেই ভগবান্ সমাধিতে লয়প্রাপ্ত অথবা লীন হইয়া অদৃশ্য হইয়া যাইলেন—নিজের মূল স্বরূপে প্রতিষ্ঠিত হইয়া যাইলেন ॥ ২৪

শ্রীহরির এই স্বরূপ পরব্রহ্ম এবং চিন্ময় প্রকাশস্বরূপ, জগতে ইহার 'আকাশ' নাম দেওয়া হইয়াছে। ইহাতেই সম্পূর্ণ ভূতগণের পিতামহ ব্রহ্মার প্রাদুর্ভাব হইয়াছে ॥ ২৫

আজও সকলের উৎপত্তির স্থানভূত এই ভগবান্ার পরমেশ্বর প্রজাপতির হিরণ্যগর্ভ সূক্ষ্ম জ্ঞানযোগের দ্বারা মনে (সেব, সূর্যাগ্নিরূপে) এই পৃথিবীকে ধারণ করিয়া আছেন ॥ ২৬

ঊর্দ্ধে থাকিয়া তাপসনিকরে সূর্যদেব নিজের সর্বদিক্-প্রসারী কিরণসমূহের দ্বারা যেন হাস্য করিতে করিতে পৃথিবীর মহাভাগ ভেদ করত উহার উপরিভাগ জলের নিম্নে পর্যন্ত খনন করিয়াছেন ॥ ২৭

এইরূপ অত্যন্ত তাপের দ্বারা সূর্যমণ্ডলের মহাভাগ হইতে সোমমণ্ডলের প্রাদুর্ভাব হইয়াছে। সনাতন পরব্রহ্মা হইতে উৎপন্ন এই সোম-মণ্ডলের অধিষ্ঠাত্রী চেতন রূপের সৌম্যভাব ও সোমত্ব প্রাপ্ত হইয়াছেন ॥ ২৮

উক্ত সোম-মণ্ডলের মধ্য হইতে যে বিশেষ বায়ু প্রকটিত হইয়াছিল, তাহাই জগৎকে স্নেহময় জ্যোতি দ্বারা নিজ জীবের প্রকাশের দ্বারা সমস্ত ভূতের বৃদ্ধি প্রবং স্থিতির বিস্তার করিতে সমস্ত ঊর্ধ্বসমূহের সঞ্চালক হইয়াছে ॥ ২৯

সেই স্রষ্টা পুরুষ যোগময় জ্ঞান ও স্বভাবনিত্য হওয়ায় হইতে সনাতন ব্রহ্মযোনিরূপ দিব্য পুরুষকে সৃষ্টি করেন ॥ ৩০

সেই পুরুষের যে দ্রব অংশ, তাহাই জল। তাহার ঘনীভূত অংশই পৃথিবীরূপে পরিণত হয়। তাহার যে ছিদ্র, তাহাই আকাশ এবং যাহা চক্ষু, তাহাই তেজ ॥ ৩১

পুরুষ অর্থাৎ ঈশ্বর হইতে প্রাপ্ত যে সূক্ষ্মভাব (চৈতন্য), তাহাই বায়ুর সংযোগে এই শরীরকে চেষ্টাশীল করে। এইভাবে পঞ্চভূতের সঙ্ঘাতরূপ শরীরকে প্রাপ্ত হইয়া যখন জীব এখানে নিবাস করে, তখন সেই সেই চিন্ময়রূপী জ্যোতি ও অন্তরাত্মার প্রাকট্য হয়। পঞ্চভূতদ্বারা নির্মিত যে বিরাট্ শরীর, তাহাতেও সেই অন্তর্যামী ভূতাত্মা নিবাস করেন। বিভিন্ন প্রকারের ছোট শরীর, তার সমস্তই ইহার পক্ষে সমভাবেই এই সনাতন পরব্রহ্মা

কৃত্যাত্মা বৈ সমে তস্মিংস্তস্মিন্ দেহে সনাতনঃ
ওঙ্কারাং নিহিতা জ্ঞানং যোগাদ্ যজ্ঞঃ সনাতনঃ ॥ ৪৩
তপনস্তৈব তত্ত্বানাং যোঽহির্বসতি দেহিনাম্।
শরীরে নিত্যাশো যুক্তে ধাতুভিঃ সহ সঙ্গতঃ ॥ ৪৪
স্বভাবাৎ ক্ষয়মায়ান্তি স্বভাবাদ্ভবমেতি চ।
স্বভাবাদ্ বিন্দতে শান্তিং স্বভাবাচ্চ ন বিন্দতি ॥ ৪৫
ইন্দ্রিয়ৈরভিমূঢ়াত্মা মোহিতো ব্রহ্মণঃ পদে।
সম্ভবং নিধনং চৈব কর্ম্মভিঃ প্রতিপদ্যতে ॥ ৪৬
যাবজ্জ্ঞ ব্রহ্মবিষয়ং নোপযাত্যাত্মবৈ তবতঃ।
তাবৎ সংসারমাপ্নোতি সম্ভবাংশ্চ পুনঃ পুনঃ ॥ ৪৭
ইন্দ্রিয়ৈর্ব্যতিরিক্তো বৈ যদা ভবতি যোগবিৎ।
তদা ব্রহ্মত্বমাপন্নঃ প্রলয়াগ্রে প্রতিষ্ঠতি ॥ ৮

প্রতিবিদ্ধমমুং লোকং ব্রহ্মবান্ ন ভবত্যুত
ন চ রাগদ্বয়ৈর্যাতি ন চ সজ্জতি কর্হিচিৎ ॥ ৪৯
আগতিঞ্চ গতিং চৈব নিধনং সম্ভবং তথা।
ভূতেভ্যো বেত্তি সর্ব্বজ্ঞঃ পরাং সিদ্ধিমুপাগতঃ ॥ ৪০
আত্মনো গন্তব্যস্তৈব তথা বিবরগোচরম্।
পুরস্তাৎ কর্ম্মনির্বৃত্তে পদে ব্রহ্মা প্রতিষ্ঠিতঃ ॥ ৪১
চিত্রগ্রহীন্দ্র মনসা রুদ্ধ্যাং পূর্ব্বান্ বাতনাঃ।
ক্ষিপ্যমানাঃ প্রলোভেন বায়ুভিরিবার্ণবম্ ॥ ৪২
পচ্যন্তে জ্বলনৈঃ নীলঃ পরেভ্যো জ্ঞানচক্ষুষা।
ব্রহ্মপ্রোক্তমিবাত্মা বৈ বিমুক্তো দেহবন্ধনাৎ ॥ ৪৩
সূক্ষ্মেণাপি পরং লোকং সংস্তরেদপি বিদ্বত্তম।
তেজোমূর্ত্তিরিবাবিদ্ধমিং লোকঞ্চ সংসৃজেৎ ॥ ৪৪

সেই সবের মধ্যে অনাদিকাল হইতেই নিত্যভাবে আছেন। এই জ্ঞানরূপ ব্রহ্ম সকলেরই বৃদ্ধিরূপ গুহায় অবস্থিত এবং এই সনাতন পরব্রহ্মই যোগবলে নিজের স্বরূপভূত সেই জ্ঞানের সাক্ষাৎকারকারী। ৩১-৩৮

দেহধারিগণের দেহে যে অগ্নি বাস, সেই অগ্নি সূর্য্যেরই স্বরূপ। এইভাবে পঞ্চভূতসমূহে সদা সংযুক্ত শরীরে সেই ভূতগণের সহিত মিলিত যে জীবাত্মা, তিনি সেই সনাতন পরমাত্মারই অংশ। ৩৯

এই জীবাত্মা অনলশীল বায়ুসমূহের সহিত সঙ্গত, অতএব নিজের স্বরূপকে বিস্মৃত হইয়া সেই মোহকর স্বভাববশতই ক্ষয় প্রাপ্ত হন (তিনি নিত্য অক্ষয় হইলেও অজ্ঞতাবশতঃ দেহের ক্ষয়ে নিজেকে ক্ষয়শীল মনে করেন।) এই স্বভাববশতই তিনি নিজের স্বরূপ ও ঐশ্বর্য্যের নাশের ভয় প্রাপ্ত হন। স্বভাববশতই তিনি শরীরের দুঃখের শান্তি অনুভব করেন এবং ঐরূপ অবস্থার স্বভাবতই তিনি শান্তিলাভ করেন না। ৪৫

ইন্দ্রিয়গণের বেগে অত্যন্ত মূঢ়চিত্ত মানব ব্রহ্মপদ (পরমাত্মার স্বরূপ) সম্বন্ধে মোহিত (জ্ঞানশূন্য) হইয়া যায় এবং কর্ম্মসমূহে বদ্ধ থাকিয়া জন্ম-মরণ লাভ করিতে থাকে। ৪৬

যতকাল না তত্ত্বজ্ঞানের দ্বারা সেই মানব ব্রহ্মানন্দের সাক্ষাৎকার উপস্থিত হয়, ততকাল তাহার সংসার ও তাহার মধ্যে বারম্বার জন্ম-মরণ প্রাপ্তি হইতে থাকে। ৪৭

যখন যোগবেত্তা পুরুষ যোগবলে নিজেকে ইন্দ্রিয়গণ হইতে পৃথক্ উহাদের নিয়ন্তাকে বুঝিতে পারেন, তখন তিনি ব্রহ্মভাব প্রাপ্ত হইয়া নিজের স্বরূপভূত জ্ঞানেতে প্রতিষ্ঠিত হইয়া যান। ৪৮

সেই পুরুষ যখন পরলোকেরও মূল পরিত্যাগ করত ব্রহ্মজ্ঞানসম্পন্ন হইয়া যান, তখনই তিনি রাগ দ্বেষাদির কারণ দ্বন্দ্বভাব প্রাপ্ত হন না এবং না তখনও কোনও বিষয়ে আসক্তি হন। ৪৯

তিনি সর্ব্বজ্ঞ ও পরম সিদ্ধি প্রাপ্ত হইয়া সমস্ত প্রাণিগণের প্রাণ-মনোগমন যাতায়াত ভূত-সমূহকে জানিতে পারেন; কিন্তু নিজে সেই চক্রে পতিত হন না। ৫০

ব্রহ্মজ্ঞ পুরুষ নিজের পরিত্রাণরূপ মুক্তির উপায়সমূহ, এবং মৃত্যু, বর্ত্তমান ও ভবিষ্যৎ বিষয়সমূহও জানিতে পারেন। তাঁহার কর্ম্মসমূহের দ্বারা তদনুরূপফল হইতে নিবৃত্তি হইয়া যাওয়ায় পরমপদে প্রতিষ্ঠিত হইয়া যান। ৫১

অতএব বিবেকী পুরুষের কর্ত্তব্য হইল—তিনি চিত্তকে বন্ধনকারী কামাদি দোষসকল ও শ্রবণ লোভে অনেক শাখা-সমূহে বিস্তৃত সেই পূর্ব্ববাসনাসমূহকেও নিরোধ করিবেন, যাহা বায়ুতে বিক্ষুব্ধ সমুদ্রের ন্যায় মনুষ্যকে ক্ষুব্ধ করিয়া থাকে। ৫২

এইভাবে বাসনাসমূহের নিরোধকারী পুরুষের কামাদি দোষসমূহে মজ্জিত বুদ্ধি আবাহিতে তপ্ত হইয়া শুষ্ক হইয়া যায়। এই জ্ঞান বেদে কথিত হইয়াছে। যাহার দ্বারা জীবাত্মা এই শরীরে থাকিয়াও উহার বন্ধন হইতে মুক্ত হইয়া যান। ৫৩

তেজোমূর্ত্তি যোগী যাতিয়নী পুরুষের ন্যায় যোগবিদ্যার প্রভাবে দ্বিতীয় লোকের সৃষ্টি ও সংহারও করিতে পারেন। তিনি বিশ্বামিত্র প্রভৃতির ন্যায় এই লোককেও পূর্ব্বকালে সৃজন করিতে পারেন। ৫৪

ত্রিযাগযোনৌ গত্বাঽঽত্মৈব কর্ম্মভিরুপোদয়ৈঃ
তাভ্যশ্চ প্রতিমুচ্যেত ব্রহ্মযুক্তেন চেতসা ॥ ৪৫
অক্ষয়ঞ্চ ভবেত্তস্য যোগকর্ম্মাভিরিচ্যতে।

ন ক্ষয়ঃ বিদ্যতে তত্র যত্র ব্রহ্ম কর্ম্মভির্ভবম্ ॥ ৪৬
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি পৌরুরে যোড়শোঽধ্যায়ঃ ॥ ১৬ ॥

এই যোনী বেষ্টনের ন্যায় বন্ধনকর কর্ম্মসমূহের দ্বারা পশু-পক্ষী প্রভৃতি যোনিসমূহে পতিত জীবগণকেও ব্রহ্মে সংলগ্ন নিজের চিত্তের সত্ত্বগুণাশ্রয়ে যুক্ত করিতে পারেন এবং সেই সব কর্ম্মসমূহের বন্ধনও মুক্ত করিয়া দিতে পারেন। ৪৫

যোগসাধক সাধনা করে ও অক্ষয় (ভোগ ও মোক্ষ) উভয়কে প্রাপ্ত করিয়া অবস্থিত অর্থাৎ যোগীর ভোগ ও মোক্ষ উভয়ই সুলভ হয়। কিন্তু যিনি অবিনাশী ব্রহ্ম, তাঁহাকে কর্ম্ম-সমূহের দ্বারা উপলব্ধি করেন। অনন্তস্বরূপ অক্ষয় ও ঐশ্বর্য ভোগের) সত্তা নাই। ৪৬

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে পুরুরূ-প্রাদুর্ভাববিষয়ক ষোড়শ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তদশোঽধ্যায়ঃ।

[মৈনাকপর্ব্বতস্থ স্থিতিঃ, মেরুপৃষ্ঠোপরি পরমাত্মনো ব্রহ্মণঃ প্রাদুর্ভাবঃ, মেরুপর্ব্বতস্থ বিশালতা, ব্রহ্মণা সৃষ্টিঃ, ব্রহ্মণো ব্রহ্মণস্য স্বরূপবর্ণনম্, পঞ্চাগ্নেঃ প্রাদুর্ভাবঃ, সোমস্যোৎপত্তিঃ, ধর্ম্মস্য পাদঃ, যোগ-সাধনা, ঐশ্বর্যাণ্যস্য হানিঃ, বেদানামাবির্ভাবঃ, যজ্ঞপুরুষস্য বর্ণনম্, যোগবিদো মহিমা, চিত্তস্যোপলব্ধৌ কারণম্, মোক্ষসম্বন্ধিকর্ম্মকরণস্য বিধানম্, কর্ম্মফলত্যাগে মুক্তিশ্চ।]

বৈশম্পায়ন উবাচ

পৃথিব্যাঃ যৎ কৃতং ত্রিভিঃ তৎসর্বেন বিসর্জিতা
তস্মিন্নাস্তোঽথ মৈনাকঃ স্বভাবাবিহিতোঽচলঃ ॥ ১
পর্ব্বভিঃ পর্ব্বতত্বঞ্চ লব্ধবান্ নাম সাঞ্জিতম্
অচলাদচলত্বঞ্চ স্বভাবাদেবমেব সঃ ॥ ২
তস্য পৃষ্ঠে পৃথিব্যাংশে নগাস্তে সুমহদ্ধিনাম
তস্মিংস্তু পুরুষো বাক্যো বসতি জ্যোতিসম্ভবঃ
বিহিতশ্চ স্বভাবেন তেনৈব পরমাত্মনা ॥৩

যত্তদ্ ব্রহ্মময়ং তেজো নিহিতং শিরসোঽন্তরে।
তস্য জ্যোতির্ম্ময়ঃ রূপং লোকঃ পুরুষবিগ্রহম্ ॥ ৪
বদনাদভিনিষ্ক্রান্তং জলমুদ্ভিদ তেজসা
চতুর্ভির্বদনৈর্যুক্তং চতুর্দ্দিক্ বিলোকয়ৈঃ ॥ ৫
বক্ত্রং ব্রহ্মসমুদ্ভূতং ব্রহ্মা ব্রাহ্মণপুরুষঃ
তদেব তস্যবক্ত্রভূতং পুনর্বীরত্বমাগতম্ ॥ ৬
উদ্ভূতা পৃথিবী দেবী পুরস্তাৎ সলিলাশয়াৎ।
ব্রহ্মণঃ ব্রহ্মণঃ স্থানাল্লোকতাং গতঃ ॥ ৭

সপ্তম অধ্যায়।

[মৈনাক পর্ব্বতের স্থিতি, মেরুপৃষ্ঠের উপর পরমাত্মা হইতে ব্রহ্মার প্রাদুর্ভাব, মেরুপর্ব্বতের বিশালতা ব্রহ্মাকর্তৃক সৃষ্টি, ব্রহ্ম ও ব্রহ্মার স্বরূপ বর্ণন, পঞ্চাগ্নির প্রাদুর্ভাব, সোমের উৎপত্তি, ধর্ম্মের পাদ, যোগ সাধনা, ঐশ্বর্য্য হইতে হানি, বেদসমূহের আবির্ভাব, যজ্ঞপুরুষের বর্ণন, যোগবিদের মহিমা, চিত্তের উপলব্ধিতে কারণ মোক্ষসম্বন্ধী কর্ম্ম করিবার বিধান এবং কর্ম্ম ফল ত্যাগে মুক্তি।]

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! পরিবর্ত্তমান সূর্য্য পৃথিবীতে যে ছিদ্র করিয়া দিয়াছিলেন, উহাতেই স্বভাবতঃ নির্দ্দিষ্ট মৈনাক পর্ব্বতকে স্থাপিত করা হয়। ১

উহার উপর বহু পর্ব্ব (কামনা পূরক 'চিতাবলি' ফলপ্রদ ও কামনেত্র প্রভৃতি) আছে, সেইজন্য এই মৈনাক 'পর্ব্বত' সংজ্ঞা প্রাপ্ত হইয়াছে। এই মৈনাক অচিল হওয়ায় 'অচল' নামেও অভিহিত হয় এবং স্বভাবতই মেরুর সমান অবস্থিত। ২

এই পর্ব্বতের পৃষ্ঠদেশে এক মহান্ সমৃদ্ধিশালী, বাক্যকর্ত্তা পুরুষ নিবাস করেন, যিনি জ্যোতির্ম্ময় পরমেশ্বর হইতে আবির্ভূত হইয়াছিলেন। সেই পরমাত্মা স্বভাবতই এই পুরুষকে সৃষ্টি করিয়াছিলেন। ৩

মস্তকবর্ত্তী সহস্রার চক্রে যে ব্রহ্মময় তেজ বিরাজমান আছেন অথবা বেদান্তে যে ব্রহ্মময় তেজকে প্রতিপাদন করা হইয়াছে, তাঁহারই জ্যোতির্ম্ময়স্বরূপ এই পুরুষের রূপে প্রকটিত হইয়া প্রকাশিত হন। ৪

সেই পুরুষের মুখ হইতে চারমুখযুক্ত ও চার হাত হাতে ব্রাহ্মণের সহিত ব্রহ্মার প্রাদুর্ভাব হয়, যিনি তাঁর তেজে যেন ঐশ্বর্যশালি আছেন। ৫

তাঁহার মুখ বেদ, যিনি পরমাত্মার নিঃশ্বাসরূপে প্রকটিত হইয়াছেন। ব্রহ্মা সেই বেদধারণকারী ব্রাহ্মণশিরোমণি। এইভাবে সেই মহাভূত পুনরায় পূজ্যত্বলাভ প্রাপ্ত হইয়াছেন। ৬

যিনি পূরাকালে মহাসাগরের মধ্য হইতে পৃথিবীকে উদ্ধার করিয়াছিলেন, তিনিই এই মহাভূত, তিনি ব্রহ্মার স্থান মেরু-

পদসঙ্ঘো ব্রহ্মলোকঃ শৃঙ্গং মেরোস্তদাভবৎ
উদ্ধ্রিতং যোজনশতং সহস্রশতমেব চ ॥ ৮
এবমেব চ বিস্তারঃ চতুর্ভির্ণিত ওচ্যতে।
অথবা নৈব সংখ্যাতুং শক্যঃ কৃতেন কেনচিৎ।
সমাঃ সহস্রৈর্বহুভিরপি দিব্যেন তেজসা ॥ ৯
চতুর্ভিঃ পার্শ্ববিস্তারৈঃ শিলাভিরভিসংবৃতৈঃ।
নগস্য তস্য রাজেন্দ্র বিস্তারৈঃ শতযোজনৈঃ ॥ ১০
কোটিকোটিশতগুণৈর্ণিতং ব্রহ্মবাদিভিঃ।
যোগযুক্তৈঃ সদা সিদ্ধৈর্নিত্যং ব্রহ্মপরায়ণৈঃ ॥ ১১
মরুদ্ভিঃ সহ দেবেন্দ্র কৃতৈর্বৈশ্বভিরেব চ।
আদিত্যৈর্বিশ্বসহিতৈ রক্ষস্ত বসুধাধিপান ॥ ১২
রক্ষস্ত পৃথিবীং চৈব ভগবান্ বিষ্ণুনা সহ।
বিবস্বদ্-বরুণাদ্যাশ্চ সঙ্ঘাস্তং গন্তিতং নৃপ ॥ ১৩

তেন ব্রাহ্মেণ বপুষা ব্রহ্মপ্রাপ্তেন ভাবত।
যত্তদ্ বিষ্ণুময়ং তেজঃ সর্বত্র সমতাং গতম্ ॥ ১৪
যত্তদ্ব্রহ্মেতি বৈ প্রোক্তং ব্রাহ্মণৈর্বেদপারগৈঃ।
নিয়তৈর্বহ্নিঃ প্রাপ্তৈঃ সত্যব্রতপরায়ণৈঃ ॥ ১৫
এবমেতে ত্রয়ো লোকা ব্রাহ্মেঽহনি সমাহিতাঃ।
অনন্তে ব্রহ্ম চাব্যক্তং বাক্তং প্রাণে প্রতিষ্ঠিতম্ ॥১৬
ব্রহ্মণো নিয়তং কর্ম প্রভাবেন প্রচোদিতম্।
প্রবর্ত্তমানং ভাবেন শশ্বদ্ধ্রুবমবিনাশি ॥ ১৭
এতদ্ভিত্তমিতি প্রোক্তং ব্রাহ্মণৈর্বেদপারগৈঃ।
যদেকং ব্রহ্মণঃ পাদং দিষ্ট্যা গমিতং পরম্ ॥ ১৮
বহুত্বাদ্ বিপ্রভাবানাং বিবস্বৎপ্রমুক্তাতে।
ব্রাহ্মণৈর্ঋক্ষুতাস্তা সত্যব্রতপরায়ণৈঃ ॥ ১৯

পৃষ্ঠে যাইয়া চতুর্মুখ ব্রহ্মারূপে প্রতিষ্ঠিত হইয়াছেন, যিনি বরাহরূপে পৃথিবীকে উদ্ধার করিয়া অনুগত হইয়া দিয়াছিলেন, সেই ভগবান্ পুনরায় ব্রহ্মার রূপে সৃষ্টিযোগের হইলেন। ৭

সেই সময় এই ভগবানের হই চরণের সন্ধি স্থানে যে মেরু-পর্ব্বতের শিখর ছিল, তাহাই ব্রহ্মলোক হইল। ইহার উচ্চতা এক লক্ষ একশত যোজন। এইরূপে ইহার বিস্তারও ইহা হইতে চতুর্গুণ পরিমিত। ৮

অথবা কোনও প্রাণী কয়েক সহস্র বর্ষে দিব্য জ্ঞানের দ্বারাও ইহার বিস্তার গণনা করিতে সমর্থ হন না। ৯

রাজেন্দ্র! তাহার চার ধারে চার শত শত শিলা আছে, যাহাদের দ্বারা ইহার বিস্তৃত পার্শ্বভাগ পরিবৃত রহিয়াছে। এই সব শিলার বিস্তার শত যোজন। মেরুপর্ব্বতের বিস্তার এই সব হইতে কোটি কোটি শত গুণ অধিক—এইরূপই বিজ্ঞাসিদ্ধ, নিত্যব্রহ্মপরায়ণ, যোগযুক্ত ব্রহ্মবাদী পুরুষগণ নির্ণয় করিয়াছেন। ১০-১১

নৃপ! ভগবান্ বিষ্ণু এবং মরুদ্গণ, দেবেন্দ্রগণ, বসুগণ, আদিত্যগণ, বিশ্বেদেবগণ, বিবস্বান্ ও বরুণের সহিত থাকিয়া ওষধীগণ ব্রহ্মা সেই ব্রহ্মভাবপ্রাপ্ত ব্রাহ্ম শরীরের দ্বারা পৃথিবী ও পৃথিবীপতিগণকে রক্ষা করেন। ১২-১৩½

ব্রহ্মা যে ব্রহ্মকে প্রাপ্ত হইয়াছিলেন, সেই ব্রহ্ম সর্বত্র তেজোরূপে অবস্থিত এবং বিষ্ণুময় তেজরূপে প্রকাশমান। যে নিয়মসমূহ যাঁহাদিগকে অনুগত করিয়া লইয়াছিল, যাঁহারা সত্যভাষণ ও ব্রহ্মচর্য্য-ব্রতপালনে তৎপর, সেই বেদপারগামী

বিদ্বান ব্রাহ্মণগণ যাঁহাকে 'ব্রহ্মা' নামে অভিহিত করিয়াছেন ও জানিয়াছেন, তিনিই সেই ব্রহ্ম। ১৪-১৫

এইরূপ এই তিন লোক ব্রহ্মার দিনে অবস্থান করে। অব্যক্ত ব্রহ্মও সেই দিনে প্রাণরূপ শরীরের মধ্যে জীবাত্মারূপে ব্যক্ত ও প্রতিষ্ঠিত হন। ১৬

পরব্রহ্ম পরমাত্মার প্রভাবে নিয়োজকগণ বেদের দ্বারা প্রতিপাদিত যে নিয়ত নিত্য কর্ম, তাহা বল কলপ্রদাতারূপে বাক্যার্থী পুরুষগণের দ্বারা যদি নিরন্তর শুদ্ধভাবে অনুষ্ঠিত হয়, তবে উহা হিতকারক হইয়া থাকে। ১৭

বেদের পারগত বিদ্বান ব্রাহ্মণগণ এইরূপে নিত্যভাবে কৃত কর্মকেই হিতকারক বলিয়াছেন, যে পক্ষে দিষ্ট—প্রারব্ধ বা পূর্ব্বকৃত কর্ম্মের ফল বলা হইয়াছে, সেই বিশ্ব ব্রহ্মের (পরমাত্মার) এক পাদ (লেশমাত্র)। ১৮

বিশ্বকে যাঁহার এক পাদ বলা হইয়াছে, সেই ব্রহ্ম সম্পূর্ণ ঋতুগণের নিত্যসিদ্ধ আত্মা। তাঁহাকে সকাম কর্ম্মসমূহের দ্বারা লাভ করা যায় না। তথাপি বেদত্যাগী বিপ্রগণের ভাবসমূহের বিধিবদ্ধতার জন্য সত্যব্রতে তৎপর ব্রাহ্মণগণ ইন্দ্র, মিত্র, বরুণাদি সমস্ত দেবতা যাঁহার মধ্যে বাচকরূপে প্রতিষ্ঠিত, সেই বিশ্বরূপ যজ্ঞ-সমূহে বিনিয়োগ করেন। * সেই সকাম যজ্ঞসমূহের দ্বারা ইত্যাদি লোকসকলই লাভ হয়, যাহা মোক্ষ বা ভগবৎপ্রাপ্তির

---

* শ্রুতিও বলিয়াছেন যে, 'পাদোঽস্য বিশ্বাভূতানি' ইত্যাদি। অর্থাৎ সম্পূর্ণ ভূত বা সমস্ত ভৌতিক জগৎ এই পরমাত্মার এক পাদ (সমৃতম অংশ)।

বিশ্বরূপঃ মনোরূপঃ বুদ্ধিরূপশ্চ মানদঃ
এবং ত্বত্বং স ভগবান্ প্রথমঃ পিতৃণাং সৃজৎ। ২০
স এব ভগবান্ বিষ্ণো দেব্যা সহ সনাতনঃ
বিধায় বিপুলান্ লোকান্ ব্রহ্মা চরতি সাত্বতঃ। ২১
স এব ভগবান্ ব্রহ্মা নিত্যঃ ব্রহ্মবিদাং বরঃ।
নির্ব্যাপদমস্তু নামকিঞ্চনপথৈষিণাম্। ২২
সোমাৎ সোমঃ সমুৎপন্নো ধারাসলিলবিগ্রহাৎ।
যজ্ঞাভিষিক্তো ভূতানামাধিপত্যে মহেশ্বরঃ। ২৩
অভিষিচ্য চ ভূতেশং কৃত্বা কর্ম স্বভাবতঃ।
নদতি স্ম তদা নাদং তেন সা হ্যাহ্বতে নদী। ২৪
সা ব্রহ্মলোকাৎ সম্ভাবা অভিভূত্য মহপ্রভা।
গাং গতা গগনাদ্দেবী সপুত্রা প্রসসার চ। ২৫
সহস্রধা চ রাজেন্দ্র বিসৃতা চ পুনঃ পুনঃ।
ইমং লোকমুং চৈব ভাবয়ন্ কৃৎস্নসম্ভবম্। ২৬
ততো ভূতানি রোধন্তি মহাভূতকৃতানি চ।
ততঃ সর্বে ক্রিয়ারম্ভাঃ প্রবর্ত্তন্তে মনীষিণাম্। ২৭
চতুর্ভির্বদনৈস্তস্য মুখপদ্মাদ্ বিনিঃসৃতা।
তদাক্ষরময়ী সিদ্ধির্নিশ্চরঃ সমুপাগতা। ২৮
তস্য জ্ঞানময়ঃ পুণ্যঃ চতুষ্পাদঃ সনাতনঃ।
পতিত্বেনাভবদ্ধেবো ব্রহ্মা চাত্র পিতামহঃ। ২৯
পাদা বর্ণাস্ত চত্বারো বৈরিণঃ বার্য্যতে জগৎ।
ব্রহ্মচর্য্যেণ বাক্যেন গৃহস্থেন চ পাবনে। ৩০

নিকট বিতাড়িত হইল। অতএব মৃত্যুর পুরুষগণের নিরাস কর্ম-সমূহের দ্বারাই পরমাত্মার আরাধনা করা কর্তব্য। ১৯

বিষ্ণুরূপ (স্থূল) ও মনোরূপ (সূক্ষ্ম)—এই উভয়ই কেবল বৃদ্ধিমাত্ররূপ। এরূপ জানিয়াই সেই ভগবান্ ব্রহ্মা প্রথমে স্ত্রী-পুরুষরূপ যুগলকে সৃষ্টি করিয়াছেন। ২০

সেই বিষ্ণুরূপ সনাতন ভগবান্ ব্রহ্মা ঘীয় শক্তিরূপা দেবীর সহিত বিপুল লোকসমূহ রচনা করত নিজের অনুগামী কল্পনাদির সহিত সেই সব আশ্রয়ে উপস্থান করিতে লাগিলেন। ২১

অক্ষিজল-পথে। সন্ন্যাস-ধর্মে যাহাতে মুক্তি হইয়া থাকে, সেই ব্রহ্মবিদ্গণের পক্ষে যিনি সদা বরণীয় পরমাত্মা, তিনিই এই ভগবান্ ব্রহ্মা। ২২

অমৃত জ্ঞানশক্তিসম্পন্ন পরমেশ্বর হইতে ওষধিসমূহের পতি সোম উৎপন্ন হইয়াছেন। সেই সময় এই সোমের উৎপাদক সেই পরমেশ্বরের স্বরূপ ঊর্দ্ধলোক হইতে নিঃসৃত জলধারাই ছিল, যাহার দ্বারা ভগবান্ মহেশের ভূতনাথের পদে অভিষিক্ত হইয়াছেন। ২৩

এই জলধারা সেই সময় যাবতীয়কর্তায় ভূতনাথ মহেশ্বরকে অভিষিক্ত করিয়া সেই মহৎ কর্ম সম্পাদন করিবার পর কলকলনাদ করিতে লাগিলেন, সেইজন্য তিনি 'নদী' নামে কথিত হন। ২৪

ব্রহ্মলোকের মহত্ত্ব বর্দ্ধিত করিয়া পথচারিকারী পর্বত-সমূহকে সহস্রধাতে খণ্ডিত করিয়া সেই দেবী যখন হইতে ভূতলে অবতীর্ণ হইলেন। অতএব 'গাং গতা' এই বুৎপত্তি অনুসারে তাঁহার নাম 'গঙ্গা' হইল। তিনি তখন গঙ্গা, যমুনা, সরস্বতী, ইরাবতী, সরযূ, গোমতী ও গণ্ডকী—এই সপ্ত ধারায় বিভক্ত হইয়া সর্বদিকে প্রসারিতা হইলেন। ২৫

রাজেন্দ্র! এই ভগবতী গঙ্গা অনেক নদী ও তীর্থরূপে সহস্র সংখ্যায় বিভক্তা হইলেন এবং পুনঃ পুনঃ বিভূতিভেদে অনেক রূপ ধারণ করিলেন। এই গঙ্গা হইতেই উৎপন্ন সোমদেব অন্নাদি ওষধিসমূহ বর্দ্ধিত করিয়া এই চৌদ্দভুবন লোককে এবং নিজের সুধাময়ী কিরণধারার দ্বারা পরলোককেও পুষ্টি এবং রক্ষা করিতে লাগিলেন। ২৬

এই লোকের বৃদ্ধি ওষধ্যন্নাদি প্রাণিগণও বর্দ্ধিত হইতে লাগিল। পৃথিবী, জল ও তেজ—এই তিন মহাভূত ও এই মহাভূতত্রয়ের যে রীতি প্রভৃতি ফলসমূহ, তাহারাও বৃদ্ধি-প্রাপ্ত হইল। তারপর এই রীতি প্রভৃতি ফলসমূহ ও অন্নাদি প্রাণিদেহের দ্বারা মনীষী পুরুষদিগের সমস্ত ক্রিয়াকলাপ যজ্ঞ যোগ আরম্ভ হইল। ২৭

সেই পরমেশ্বরের মুখারবিন্দ হইতে যে চার বেদরূপ অক্ষর ব্রহ্মময়ী সিদ্ধি প্রকটিতা হইল, তাহাই উপদেশভাব প্রাপ্ত হইয়া থাকিল। ২৮

সেই পরমাত্মার যে চিন্ময়, পুণ্যজনক, (ব্রহ্মা, উদ্গাতা, হোতা ও অধ্বর্যু)—এই চার পাদযুক্ত এবং সনাতন (অগ্নি)-রূপ যজ্ঞ, তাঁহার অধিপতিরূপে এখানে পিতামহ ব্রহ্মাই প্রতিষ্ঠিত হইলেন। ২৯

ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস—এই চার আশ্রম ধর্মের চার পাদ। যাহাদের দ্বারা এই সম্পূর্ণ জগৎ বৃত আছে। যাযাবররূপে যাহা ব্রহ্মচর্য্য আশ্রমের দ্বারা ধর্মের এক পাদ পূর্ণ হয়। পবিত্র গৃহকে আশ্রয় করিয়া পালিত গৃহস্থাশ্রমের দ্বারা ধর্মের দ্বিতীয় পাদ পরিপুষ্ট হয়। ৩০

গুরুভাবেন বাকোন শুদ্ধযোমিনগামিনা
ইত্যেতে ধর্ম্মপালাঃ স্যুঃ স্বর্গদ্বারোদ্ঘাটাঃ প্রচোদিতাঃ ॥ ৩১
ত্রায়ান্তর্ধর্ম্মগুহ্যেন সোমো বর্দ্ধতি মণ্ডলে
ব্রহ্মণো ব্রহ্মচরণাদ্ বেদা বর্দ্ধন্তি শাশ্বতাঃ ॥ ৩২
গৃহস্থানন্তি বাকোন তৃপ্যন্তি পিতরস্তথা
ধ্রুবয়োঽপি চ ধর্ম্মেণ নমস্তু শিরসি স্থিতাঃ ॥ ৩৩
নমস্ত তস্য সম্পশ্য মেরোঃ শিখরমুত্তমম্ ।
পদ্ভ্যাং সংপীড্য বৃষণাবুবিভিত্তৈবিচার্য্যতে ॥ ৩৪
শ্রোত্রৌ নিগৃহ্য পৃষ্ঠঞ্চ বিনাম্য প্রহসন্নিব ।
নাভিদেশে করৌ ন্যস্য সর্পাংশ্চ্ছানি সংক্ষিপন্ ॥ ৩৫

মূর্দ্ধি ব্রহ্ম সমুৎক্ষিপ্য মনসাপি পিতামহঃ
অনন্তনলনা বিষ্ণুঃ যোগাদ্ যোগেশ্বরস্ত চ ॥৩৬
ব্যতিরিক্তেন্দ্রিয়ো বিষ্ণুর্বিষাদ বিশ্বমিবোদ্ধৃতঃ ।
তেজোমূর্ত্তিধরো দেবো নভশ্চক্ষুরিবোদিতঃ ॥ ৩৭
বরাজ ব্রহ্মযোগেন সতত্রাঃ গুরিবাপরঃ ।
বিরাজন্তসো মধ্যে প্রভাভিরতুলঃ প্রভুঃ ॥ ৩৮
নোপলভ্যন্তি মূঢ়ানাং প্রভাভঃ ব্রহ্ম শাশ্বতম্ ।
ললাটমধ্যে তিষ্ঠন্তঃ দ্বিধাভূতাঃ ক্রিয়াঃ প্রতি ॥ ৩৯
জ্যোতিশ্চক্ষুষি সম্ভূতঃ বিষ্ণুঃ ভাস্কর-সোময়োঃ ।
বৃদ্ধ্যা পূর্ব্বং তু পশ্যন্তি অধ্যাত্মবিষয়ে রতাঃ ॥ ৪০

উপস্থার ভারে পৌরবাধিত বানপ্রস্থাশ্রমের দ্বারা ধর্ম্মের তৃতীয় পাদের পুষ্টি হয় এবং আত্মতত্ত্বের প্রতিপাদক ও মুক্তি প্রদের প্রাপ্তিকারক 'তত্ত্বমসি' আদি মহাবাক্যের বিচারে যুক্ত সন্ন্যাস-আশ্রমের দ্বারা ধর্ম্মের চতুর্থপাদ পুষ্ট হয়। ইহাই হইল—ধর্ম্মের চার পাদ, যাহা ধর্ম (ত্রিবর্গ ও মোক্ষ) প্রাপ্তির জন্য লাভের দ্বারা প্রতিপাদিত হইয়াছে। ৩১

ত্রায়ানুসারে গুহ্য-ধর্ম্মের পালনে সোম। সোমাধিষ্ঠিত মন ব্রহ্মমণ্ডলে বৃদ্ধিপ্রাপ্ত হয় এবং বিশ্বের অভিমান ত্যাগ করিয়া সমষ্টির অভিমানসম্পন্ন হয়। বেদের উপদেশানুসারে ব্রহ্মচর্য্য-ব্রতের পালন ও ত্রায়ীতত্ত্বের দ্বারা সনাতন বেদ সদা বর্দ্ধমান থাকেন। ৩২

যোগেশ্বর ধর্ম্মপালন-রত গৃহস্থজনকে দেখিয়া মেরুপর্ব্বতের শিখরে অবস্থিত সিদ্ধগণ ও ঋষিগণও তাঁহাদের ধর্ম্মে তৃপ্তিলাভ করেন। ৩৩

সেই মেরু-পর্ব্বতের উত্তম শিখরকে (যাঁহাকে ব্রহ্মলোক বলা হইয়াছে) দর্শন কর—তাঁহার প্রাপ্তির জন্য প্রযত্ন কর। (কিভাবে প্রযত্ন করিবে, তাহা বলিতেছেন—) ঋষিগণ দুই পদের দ্বারা অণ্ডকোষদ্বয়কে চাপ দিয়া সিদ্ধাসনে অবস্থান করত তাঁহার (ব্রহ্মলোকের) চিন্তা করেন। ৩৪

শ্রোত্রকে মুদ্রিত দুই বাহুর মধ্যভাগের সন্ধিস্থলে যোজিত করিবে এবং পৃষ্ঠকে এইভাবে ভিতরের দিকে নত করিবে, যাহাতে বক্ষঃস্থল কিছু উঁচিয়া থাকে। তারপর হাসরত পুরুষের ন্যায় মুখ করত শরীরকে পরস্পর স্পর্শ হইতে দিবে না। দুই হস্তকে নাভিদেশে রাখিয়া অঞ্জলি মুদ্রা করিবে অর্থাৎ বাম হস্তের উপর দক্ষিণ হস্ত রাখিবে। তারপর সর্ব্বদিক্ হইতে নিজের অন্তঃকরণকে সংযত রাখিয়া ধ্যান করিবে। ৩৫

এইভাবে ধ্যান করিতে করিতে ঋষিরাজ পিতামহ মনঃপ্রধান প্রাণের দ্বারা ব্রহ্ম অর্থাৎ নিজের জীবত্বকে মূর্দ্ধায় (ভ্রূদ্বয় ও নাসিকার মধ্যভাগে সহস্র বাইরা) মানসিক সঙ্কল্পের দ্বারা বিষ্ণুকে অর্থাৎ বিশ্বরূপকে সৃষ্টি করিয়াছেন। ঐরূপে তিনি যোগেশ্বরের যোগ হইতে কৃত (চিত্তবৃত্তি-নিরোধকে যোগ বলে। ইহা প্রাণায়ামের বা প্রাণায়ামের অধীন। অতএব ইনিই যোগেশ্বর।) সেই প্রাণায়ামের যোগ অর্থাৎ অভ্যাসের দ্বারা তিনি পূর্ব্বোক্ত রীতিতে জীবকে মূর্দ্ধায় স্থাপিত করত ঐশ্বর্য্য লাভ করিয়াছেন যাহার দ্বারা তিনি সম্পূর্ণ জগতের রক্ষায় সক্ষম হন। ৩৬

প্রত্যাহারের সাধনার দ্বারা ইন্দ্রিয়গণ বিষয়সমূহ হইতে পৃথক্ হইয়া, পিতামহ, সেই যোগী পিতামহ পরিচ্ছিন্নতার মণ্ডল হইতে মুক্ত এবং ব্যাপক বিষ্ণুরূপ হইয়া বিশ্ব হইতে প্রকটিত বিশ্বের ন্যায় নিজের স্বরূপ হইতেই তেজোমূর্ত্তিধারী নারায়ণদেবরূপে প্রকটিত হইলেন এবং আকাশে উদিত সূর্য্যের সদৃশ প্রকাশিত হইতে লাগিলেন। ৩৭

তিনি আকাশের মধ্যভাগে নিজের প্রভাসমূহে অনুপম শোভাসম্পন্ন দ্বিতীয় ভগবান্ সূর্য্যের ন্যায় ব্রহ্মযোগে (চৈতন্য-জ্যোতির সংযোগে) উদ্ভাসিত হইতে লাগিলেন। ৩৮

মূঢ়চিত্ত পুরুষ প্রত্যেক ক্রিয়ার নিয়ন্তা ও নিয়ামকরূপে দুই রূপে স্থিত এবং ললাটের মধ্যভাগে বিরাজমান সনাতন ব্রহ্মকে (বিষ্ণুকে) সাক্ষাৎকার করিতে পারে না। ৩৯

সূর্য্য ও চন্দ্র যাহাদের দেবতা, সেই ইড়া ও পিঙ্গলানামক দুই নাড়ীর মধ্যে বিস্তৃত যে চৈতন্য জ্যোতি আছে, তাহার

• অন্যত্র সিদ্ধাসনের লক্ষণ এইরূপ দেখা যায়—"মেঢ্রোপরি বিন্যস্য সব্যং গুল্ফং তথোপরি। গুল্ফান্তরঞ্চ বিন্যস্য সিদ্ধাসনমিদং ভবেৎ"। অর্থাৎ বামপদের গুল্ফ (গোড়ালি) লিঙ্গের উপরে রাখিয়া তাহার উপরে দক্ষিণ পদের গুল্ফ রাখিয়া বসিলে 'সিদ্ধাসন' হয়।

ব্রাহ্মণা বেদবিধ্যাঙ্গঃ সত্ত্বাত্তত্বপরাবণাঃ।
নেত্রতো জাতু পশ্যন্তি অধ্যাত্মং নাববুধ্যতে ॥ ৪১
হিংসাযোগৈরযোগাত্মা সর্বপ্রাণচয়ৈরুপ।
কৃতরো ভুবি কৃত্তেশো মোঃপ্রাপ্তেন চেতসা ॥ ৪২
কর্মাঙ্গৈঃ কৃৎসিতৈস্তস্যৈঃ সর্বপ্রাণিবধৈষিণাম্।
নরাণাং যোগমার্গাণাং যেষু মাত্রেষু তাবত ॥ ৪৩
সম্যাহিতমনা ব্রহ্মন যোক্তপ্রাপ্তেন হেতুনা।
চন্দ্রমণ্ডলসংস্থানাজ্যোতিশ্চাদ্রং মহত্তরা ॥ ৪৪
প্রবিশ্য হৃদয়ং ক্ষিপ্রং গাত্রাত্ত্যো নরনান্তরে।
গর্ভস্থ সম্ভবো যস্ত চতুর্থো পুরুষাত্মকঃ ॥ ৪৫
ব্রহ্মতেজোময়ো বৃক্তঃ শাশ্বতোঽথ ধ্রুবোঽব্যয়ঃ।
ন চেন্দ্রিয়গুণৈর্যুক্তো যুক্তস্তেজোগুণেন চ ॥ ৪৬

ধারণা করা আবশ্যক। ইহ নেত্রেন্দ্রিয়ে প্রতিনিবিষ্ট হয় (ইহার দ্বারা নেত্রে রূপকে প্রকাশিত করিবার শক্তি লাভ হয়)। প্রথমে অধ্যাত্মবিষয়ক চিন্তাশীল সত্ত্বাত্তত্বপরায়ণ বেদবিৎ ব্রাহ্মণগণ বিশুদ্ধ বুদ্ধির দ্বারা ইহাকে সাক্ষাৎকার করেন। অন্য ব্যক্তিগণ কদাপি ইহাকে দর্শন করিতে সমর্থ হয় না। অন্য ব্যক্তিগণের ত' কথাই নাই বেদের জ্ঞান হয় না। রূপ বোধ ও' দূরের কথা। ৩০ ৬;

রূপ জন্মেজয়! যিনি চক্ষুতে যোগনিষ্ঠ ঈশ্বরের দ্বারা সমস্ত প্রাণিগণকে নিত্য ও অনুগ্রহ করিতে সমর্থ, সেই যোগী যদি নিজের চিত্তকে মোহবশতঃ যোগে নিযুক্ত করিয়া না রাখেন, তবে সেই ঈশ্বর তাঁহাকে সমস্ত প্রাণিগণের সংহারকারী হিংসাযোগে ব্যাপৃত রাখিয়া পরাভূত করিয়া দেন ৩১

তত্ত্বজ্ঞগণ! সেই সব বিভূতি, ঈশ্বরী) সমস্ত প্রাণিগণের বধকারী মনুষ্যদিগকে নিজেদের ভোগ বিষয়ের জন্য অতি কুৎসিত কর্মে আসক্ত রাখিয়া তাহাদিগকে বিনাশের মধ্যে পাতিত করে ৩৩

সেইজন্য যোগপ্রাপ্তির নিমিত্ত পরব্রহ্ম পরমাত্মার চিন্তায় চিত্তকে পূর্ণরূপে নিরত রাখ। চন্দ্রমণ্ডল অর্থাৎ মনের সংস্থান-(ঈশানচিত্ত)-কে পরিত্যাগ করিয়া মহান চান্দ্র জ্যোতিতে, যাহার স্থান হৃদয়, প্রবেশ কর। শীঘ্র নিজ আত্মিবার আনন্দায় গাত্রাদী অর্থাৎ সকল ব্রহ্মের নেত্রের তায় প্রকাশক বিশুদ্ধ তেজের মধ্যে অবস্থান কর, যাহা কি অবাক্তের উৎপত্তি স্থান। ইনি অকার, উকার, মকার ও অর্দ্ধমাত্রাত্মক অথবা বিন্দু, ত্রৈতন, প্রাজ্ঞ এবং তুরীয়রূপে চার ভেদে বিভক্ত পুরুষরূপ ৩৪-৩৬

এই পুরুষ ব্রহ্ম ত্রৈতনময়, অবাক্ত অর্থাৎ ইন্দ্রিয়, মন, বুদ্ধি

চক্ষুরাদিবিলপ্রখ্যো ব্রাহ্মিকুর্বর্ণসংস্থিতঃ।
নেত্রাত্তাঃ জনয়ন্নেত্রো রূপং গচ্ছতি সর্ব ॥ ৪৭
সামবেদক জিহ্বাগ্রাদৃগ্বেদাদক মূর্দ্ধতঃ
ভাত্তমাত্তাস্ত তে বেদাঃ ক্ষেত্র বিশন্তি তত্ত্বতঃ ॥ ৪৮
তেন বেদত্বমাপন্না যস্মাদ্ বিশন্তি তৎপদম্।
তে সৃজন্তি তদা বেদা ব্রহ্ম পূর্বং সনাতনম্ ॥ ৪৯
পুরুষঃ দিব্যরূপাঙঃ বৈঃ বৈর্তাবৈর্বেদতৈবৈঃ।
অথর্বণস্তু যো যোগঃ শীর্ষং যজ্ঞস্য তং পুরুষম্ ॥ ৫০
শ্রীবা বাহ্বন্তরঃ চৈব ঋগ্ভাগঃ স ভবেত্তস্তঃ।
হৃদয়ঃ চৈব পার্শ্বক সামভাগস্তু নির্মিতঃ ॥ ৫১
বস্তিবীর্যঃ কটীদেশঃ ভাগো যজুরুদরৈঃ সহ।
এবমেষ যজুর্ভাগঃ সম্ভূতো যজ্ঞকল্পিতঃ।
পুরুষো দিব্যরূপস্তু সম্ভূতো গুহ্যসংজ্ঞকঃ পদাৎ ॥ ৫২

প্রভৃতির অবিষয়, নিত্য, দৃষ্টির ও অন্য বিকাররহিত), ইন্দ্রিয়গণের দ্বারা গ্রহণযোগ্য, কপালি গুণসমূহরহিত ও তেজোযুক্ত তিনি সদা সংস্থরূপে প্রকাশমান এবং নরীরাকারে পরিণত হইয়া লোহিত শুক্ল প্রভৃতি বর্ণসমূহে আবির্ভূত হইয়া অবস্থিত ৪১;

সেই প্রকাশমান দেবতা নিজের নেত্রেন্দ্রিয় হইতে অগ্নিবর্ণ ও যজুর্বেদকে প্রকটিত করিয়াছেন। জিহ্বার অগ্রভাগ হইতে সামবেদকে এবং মূর্দ্ধা (ললাট তাল হইতে অথর্ববেদকে প্রকটিত করিয়াছেন। ৫৭;

এই সব বেদ প্রকটিত হইয়া নিজ নিজ ক্ষেত্রকে তত্ত্বতঃ বেদন (উপলব্ধি) করিলেন সেইজন্য ইহারা 'বেদ' সংজ্ঞা প্রাপ্ত হইলেন। ইহার সেই ব্রহ্মপদকে বেদন লাভ) করেন, সেই জন্যও 'বেদ' বলিয়া ইহারা অভিহিত হন ৪৮;

সেই সমস্ত এই বেদসকল পূর্বে সনাতন ব্রহ্মকেই নিজ নিজ মানসিক ভাবনমুহূর্মসারে দিব্যরূপ ও প্রভার যুক্ত দিব্য, ত্রৈতন, প্রাজ্ঞ এবং তুরীয় পুরুষ অথবা যজ্ঞপুরুষরূপে প্রকটিত করিয়াছেন ৪৯;

অথর্ববেদের যে যোগ, তাহা যজ্ঞপুরুষের মস্তক বলিয়া কথিত হয়। ঋগ্বেদের ভাগ, তাহা ইহার গ্রীবা ও বাহুদ্বয়ের মধ্যভাগের অঙ্গ। সামবেদের ভাগের দ্বারা সেই যজ্ঞপুরুষের হৃদয় ও পার্শ্বভাগ নির্মিত হইয়াছে। এইরূপ এই যে যজুর্বেদ ভাগ, ইহার দ্বারা যজ্ঞপুরুষের বস্তি (বস্তি) ও তাহার উদরভাগ কটি প্রদেশ, উরু, জঙ্ঘা এবং চরণের সহিত অবশিষ্ট শরীর কল্পিত হইয়াছে। সেই দিব্য রূপ ও মায়াযুক্ত পুরুষ অয়ং—অশ্বিনীকুমার তুরীয় পদ হইতে প্রকটিত হইয়াছেন। ৫০-৫২

স হি বেদময়ো যজ্ঞঃ সর্বকৃত্তন্তুসাবহঃ।
উত্তরোর্দোকিরোত্তাত হিংসাবর্জঃ সনাতনঃ ॥ ৪৩

যোগারব্ধস্তু কর্মাদ্যাং ব্রহ্মচর্যাং সনাতনম্।
প্রভবঃ সর্বকৃতানাং যো বিদ্যাত স বেদবিৎ ॥ ৪৪

স সিদ্ধঃ প্রোচ্যতে লোকে সিদ্ধিস্তেষ ন সংশয়ঃ।
নির্মুক্তৈঃ সর্বকর্মভ্যো মুনিভির্বেদপারগৈঃ ॥ ৪৫

বৈষ্ণবং যজ্ঞমিত্যেবং ক্রবতে বেদপারগাঃ।
ব্রাহ্মণা নিয়তাত্মানো যোগাগমিষদে পদে ॥ ৪৬

জনমেজয় উবাচ।

চেতসত্যুপলব্ধে যি মনোগ্রাহ্যস্তু কামতঃ।
কারণং শ্রোতুমিচ্ছামি যথা তু মন্ত্রসে মুনে ॥ ৪৭

বৈশম্পায়ন উবাচ।

ন হ্যস্তু কারণং কিঞ্চিদ্ যদ্যদ্ বক্ষ্যতি ভারত
অন্তর্গতং কারণং তু শারীরং মানসং নৃপ ॥ ৪৮

যেন বেদ্যঃ বিচর্তব্যা ব্রাহ্মণাঃ সংশিতব্রতাঃ
অবেদ্যমপি বেদ্যঞ্চ শক্যা বেত্তুং ন কর্মণা ॥ ৪৯

ব্রাহ্মণেন বিনীতেন সদা ব্রহ্মনিবেষিণা।
সদা বিদিতভত্তেন সিদ্ধিরেতেন্নগীপতে ॥ ৫০

সদা চৈব শুচির্দান্তো নিয়তো ব্রহ্মকর্মণা।
উপতিষ্ঠেত স গুরুং বদ্ধাঞ্জলিপুটো দ্বিজঃ ॥ ৫১

সায়ং প্রাতশ্চ তত্ত্বজ্ঞো মোক্ষকর্মাণি কারয়েৎ।
বিনীতো ব্রহ্মভাবেন সমাহিতমতির্মুনিঃ ॥ ৫২

সম্প্রপন্নেন মনসা বৈষ্ণবং পদমুত্তমম্।
ধ্যায়তেন প্রসীদেত্ত সমাহিতমতির্দ্বিজঃ ॥ ৫৩

গচ্ছন্তে পরমং ব্রহ্ম নির্বিকারেণ চেতসা।
অপুনর্ভবভাবজ্ঞো নির্মমো ভববন্ধনাৎ ॥ ৫৪

ভাত! এই হিংসাবর্জিত সনাতন বেদময় যজ্ঞ ইহলোক ও পরলোকে সমস্ত প্রাণিগণের পক্ষেই সুখপ্রদ হইয়া থাকে। ৪৩

যোগের আরম্ভ মনঃসংযমরূপ কর্মের দ্বারা সিদ্ধ হইয়া থাকে ইহাই সনাতন ব্রহ্মচর্য। যিনি ইহা জানেন, তিনি সমস্ত প্রাণিগণের উৎপত্তির কারণ এবং বেদবিৎ। ৪৪

সমস্ত কর্মবন্ধনের বন্ধন হইতে মুক্ত বেদপারগত মুনিগণ জগতে তাঁহাকে সিদ্ধ বলিয়া অভিহিত করেন। তাঁহার সিদ্ধি লাভ অবশ্যই হইয়া থাকে—ইহাতে কোন সংশয় নাই। ৪৫

বেদপারগত যে সব ব্রাহ্মণ এই মনোনিগ্রহরূপ নিয়ম পালন (অভ্যাস) করিতে করিতে প্রাপ্ত হইয়া পড়িয়াছেন, তাঁহাদের পক্ষে বেদোপনিষদের (ব্রহ্মবিদ্যার) দ্বারা অবিহত হইবার যোগ দ্বারাও পদ প্রাপ্তির জন্য এইরূপ বৈষ্ণব যজ্ঞের (যোগের) আবশ্যকতা আছে বলিয়া বলিয়াছেন। ৪৬

জনমেজয় বলিলেন,—মুনে! যারা ইচ্ছানুসারে মনের দ্বারা গ্রাহ্য অর্থাৎ কাজ করা হইয়া যাইবার পর অন্তির ভাব যারা রয়েছে যতই শান্ত হইয়া যাইবার যোগ্য, সেই চিত্তের উপলব্ধিতে কি কারণ আছে, ইহা আমি শুনিতে ইচ্ছা করি; এবিষয়ে আপনি কি মনে করেন, তাহাই বলুন। ৪৭

বৈশম্পায়ন বলিলেন,—ভরতবংশধর নৃপ জনমেজয়! ইহার কোনও বাহ্য কারণ নাই। ইহার কারণ নিজের মধ্যেই আছে। শরীরের দ্বারা কৃত যে কর্ম, ইহাই মনে সংস্কার রূপে থাকিয়া ইহার উপলব্ধির কারণ হয় (সেই চিত্তের উপলব্ধিতে কারণ হইয়া থাকে)। ৪৮

কঠোর ব্রত-পালনকারী ব্রহ্মজ্ঞ মনুষ্যগণ যে বৈষ্ণবযজ্ঞের দ্বারা সমস্ত জ্ঞেয় বস্তুকে জানেন তাহা অতি দুষ্কর হইলেও অবেদ্য, অপ্রাপ্য ও অজ্ঞাতের উপলব্ধি পরে লক্ষণের দ্বারা তাঁহারা জানা হয়; কিন্তু কর্মের দ্বারা কোনরূপে তাঁহাকে জানা যায় না। ৪৯

নৃপতে! বেদজ্ঞানসম্পন্ন ব্রাহ্মণের কর্তব্য হইল, তিনি মোক্ষপ্রাপ্তির জন্য বিনয় অবলম্বন করিয়া বিনীতভাবে থাকিবেন সদা ব্রহ্ম-যজ্ঞের দ্বারা তাহার সেবা করিবেন এবং প্রতিদিন প্রাতঃ ও সায়ংকালে উপলব্ধি-মূলক ভাবে ও অন্যান্যকে জানিবার চেষ্টা করিবেন। ৫১

সদা পবিত্র থাকিয়া ব্রহ্মার্পণরূপে কর্ম করিতে করিতে নিয়ম পূর্বক শম-দমাদির সাধনে রত থাকিবেন। এইভাবে দ্বিজ হাত জোড় করিয়া শ্রীগুরুর সেবায় উপস্থিত হইবেন। ৫১

গুরুগৃহের আশ্রয় লইয়া প্রতিদিন সায়ং ও প্রাতঃকালে মোক্ষসম্বন্ধী কর্ম (আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান ও ধারণা) করিবেন, মনে মোক্ষপ্রাপ্তির নিমিত্ত গর্ব আসিতে না দিয়া বিনম্রশীল থাকিবেন, নিরন্তর ব্রহ্ম ভাবনা করিতে করিতে মনকে একাগ্র রাখিবেন এবং মৌন থাকিবেন। ৫২

স্থির মনে মনে উত্তম বৈষ্ণব পদের (শুদ্ধ ব্রহ্মের) চিন্তা করিবেন। এইরূপ একাগ্রচিত্ত দ্বিজ ধ্যানপরায়ণ হইয়া প্রসন্ন থাকিবেন। ৫৩

যোগের রক্তপরিষ্কার মমতারহিত এই পুরুষ চিত্তবৃত্তিকে নিরোধ করত বিকারহীন চিত্তে পরব্রহ্ম পরমাত্মাকে প্রাপ্ত হন। ৫৪

তদেষাক্ষরমিত্যাহুর্যৎ তদ্ব্রহ্ম সনাতনম্
তহি তৎ কর্মযোগেন বিদ্যাযোগেন বা পুনঃ ॥ ৬৫
ব্রাহ্মণানাং বিনীতানাং বৈফবে পদসঞ্চয়ে।
সর্বদ্রব্যাতিরিক্তানাং কামযোগবিগর্হিণাম্ ॥ ৬৬
অপুনর্ভাবিনাং লোকাঃ কর্মযোগপ্রতিষ্ঠিতাঃ।
অনাবানে মনসা রাজন্ কর্মণি কর্মণি ॥ ৬৭

আদানাদ্ যথাতে জন্তুর্নিধানাৎ প্রসূচ্যতে।
ব্রাহ্মণেভ্যঃ ক্রিয়াবাপ্তির্ভ্যস্তঃ পূর্বাজ্ঞনাধিপ ॥ ৬৮
মুক্তকেন্দ্রিয়বন্ধেন প্রাপ্তব্যং পরমং পদম্।
ন ভূয়ঃ পুনরায়াতি মানুষং দেহবিগ্রহম্ ॥ ৬৯

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি
পৌষ্করে সপ্তদশোঽধ্যায়ঃ ॥ ১৭ ॥

এই যে সনাতন ব্রহ্ম, তাঁহাকে অক্ষর বলে। ইহাকে পাইতে নিষ্কাম কর্মযোগ ও জ্ঞানযোগের দ্বারা সাক্ষাৎকার করান হইয়াছে ॥ ৬৫

যাঁহারা বৈষ্ণব পদ প্রাপ্তির তত্ত্ব সর্বস্ব পরিত্যাগ করত কাম-যোগের (স্ত্রী-পুত্রাদির সঙ্গের) নিন্দা করেন, সেই বিনম্রশীল ব্রাহ্মণগণের সেই অক্ষর ব্রহ্মের জ্ঞান হয় ॥ ৬৬

রাজন্! যাঁহারা প্রতি কর্মে মনের দ্বারা কর্মের ফল গ্রহণ না করিয়া পুনর্জন্মের বন্ধন হইতে উপরে উঠিয়া বিরাজেন, তাঁহাদের লোক নিষ্কাম কর্মযোগে প্রতিষ্ঠিত আছে ॥ ৬৭

সংসারে। কর্মের ফল গ্রহণ করিলে জীব বদ্ধ হয় এবং ফল ত্যাগ করিলে মুক্ত হইয়া যায়। জীবের পূর্বজন্মের সংস্কার-বশতঃ ব্রাহ্মণাদি শ্রেষ্ঠ পুরুষগণ হইতে ক্রিয়াসমূহের প্রাপ্তি হয় ॥ ৬৮

ফল পরিত্যাগকারী পুরুষ ইন্দ্রিয়গণের বন্ধন হইতে মুক্ত হইয়া পরম-পদ প্রাপ্ত হন। তিনি পুনরায় এই মানব শরীরে আসেন না ॥ ৬৯

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বে পুষ্কর প্রাদুর্ভাব বিষয়ক সপ্তদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টাদশোঽধ্যায়ঃ।

[যোগসন্ন্যাসপর্বকথনম্, যোগিনো বিকুব্বণেন স্থিতিঃ, কর্মফলমুক্তিঃ, সকামকর্মিণাং ধূমমার্গেণ গতিঃ পুনরাবৃত্তিশ্চ, যোগিনস্তত্ত্বসাক্ষাৎকারঃ, ব্রহ্মস্তুবর্ণনঞ্চ]

জনমেজয় উবাচ

উপসর্গঞ্চ যোগস্য দীপ্তাস্যা চৈব যৎ পদম্
সিদ্ধিং সিদ্ধিগুণাংশ্চৈব ব্রূহি মে ভগবন্ ভবান্ ॥ ১

বৈশম্পায়ন উবাচ

শৃণু বিস্তরতঃ সর্বং যৎ পৃচ্ছসি মহেশ্বরম্।
উপসর্গান্ মনসা ব্রহ্মণামনেকধা ॥ ২

পঞ্চ সিদ্ধিগুণাংস্তাক্ত্বা পঞ্চত্বং তত্ত্বগো নৃপ।
যোগযুক্তেন মনসা পঞ্চেন্দ্রিয়নিবাসিনঃ ॥ ৩
ব্রহ্মণশ্চিন্তয়ানস্য ব্রহ্মযজ্ঞং সনাতনম্।
বহ্বন্তরায়নৈর্ঘাংশ্চ প্রবর্ত্তন্তি সিদ্ধয়োনয় ॥ ৪
পঞ্চেন্দ্রিয়স্য গ্রামস্য নবদ্বারস্য ভারত
কামক্রোধস্য লোভস্য সন্নিরুদ্ধস্য মেধয়া ॥৫

তুমি বুদ্ধিযুক্ত মনে বিস্তার সহকারে শ্রবণ কর ॥ ২

মূল জনমেজয়। দূর শ্রবণাদি যে পঞ্চ-সিদ্ধি, তাহাদের পঞ্চ ইন্দ্রিয়ময়ী বাসনারূপী যে শব্দাদি বিষয়, তৎসমস্ত পরিত্যাগ করিয়া ব্রহ্মদর্শী ব্রাহ্মণ যখন যোগযুক্ত মনে সনাতন ব্রহ্মরূপ যজ্ঞের চিন্তা করিতে থাকেন, তখন তাঁহার মধ্যে পঞ্চ-বৈরাগ্য, বলের অভাব হওয়ায় তাঁহার সম্মুখে অনেক রূপে বিঘ্ন উপস্থিত হইতে আরম্ভ করে ॥ ৩-৪

ভারত। যাহার মধ্যে পঞ্চ ইন্দ্রিয়ের প্রধানতা, সেই নবদ্বার-বিশিষ্ট দেহেন্দ্রিয়-প্রাণসমাকুলিত গ্রামের এবং কাম, ক্রোধ ও লোভের বৃদ্ধির দ্বারা বিরোধ হইয়া যাইলে পরও যখন যোগী ব্রহ্ম ও নাড়িকার মধ্যভাগে স্থাপিত তেজ অর্থাৎ দেহ প্রাণি-ধানের দ্বারা চিত্তকে কোনও আধারে সংযুক্ত করিয়া স্থিত তখন তাঁহার সম্মুখে বিবিধ বিঘ্ন উত্থিত হইতে থাকে ॥ ৫।

তেজসা মূর্ত্তি চাধায় ধূমো দোধূয়তে মহান্
নীললোহিতবর্ণাভৈঃ পীতৈঃ শ্বেতৈশ্চ ধাতুভিঃ ॥ ৬
মাঞ্জিষ্ঠরাগবর্ণাভৈঃ কপোতসদৃশৈস্তথা।
শুক্লবৈদূর্য্যবর্ণাভৈঃ পদ্মরাগসমপ্রভৈঃ ॥ ৭
স্ফাটিকৈর্গন্ধিবর্ণাভৈর্নাগেন্দ্রসদৃশৈস্তথা।।
ইন্দ্রগোপকবর্ণাভৈশ্চন্দ্রাংশুসলিলপ্রভৈঃ ॥ ৮
বহ্বর্চিঃ সুমনৌবৈস্ত্রায়ুবসমপ্রভৈঃ।
সম্পতদ্ভিশ্চ মুসলসন্নৈরিব সমাগমে।
নিরুধ্যন্ত ইবাকাশে পঞ্চবদ্ধিরিবাদ্রিভিঃ ॥ ৯
তে ধূমবর্ণাঃ সঞ্জাতা ঘনাঃ সলিলধারিণঃ
নির্বেমুশ্চৈব তোয়োঘান্ বিবিধৈর্বপুষাতলে ॥ ১০
মূর্ত্তি চৈবমবানস্থির্মানসো ধূয়তে প্রভুঃ
যুক্তঃ পরমযোগেন শতশোঽথ সহস্রশঃ ॥ ১১
তস্যার্চ্চেবিপুলিঙ্গানাং সহস্রাণি শতানি চ

বিসৃজ্যন্ত সর্ব্বগাত্রেভ্যো মুসলৈর যুগায়ুধঃ ॥ ১১
সাবর্ত্তো বর্ষবাহশ্চ তাবর্ত্তোঽথ সংবর্ত্তকো বলশ্চ চ।
সমেঘুর্বারিধারাভিবিপুলে বসুধাতলে ॥ ১২
বর্ণাভ্যাং যুক্তমানস্তু বায়ুর্দৌধূয়তে মহান্
দিব্যাসিদ্ধগুণোদ্ভূতঃ সুমহাপ্রাণবিবর্দ্ধনঃ ॥ ১৩
বেগবান্ ভীমনির্ঘোষো বলবান্ প্রাণসোচরঃ।
তৈরেব চাগ্নিসঞ্জাতৈর্বৃত্তিঃ সহ সমন্ততঃ ॥ ১৪
সহস্রশোঽথ শতশো মূর্ত্তিং কৃত্বা পৃথগ্বিধাম্।
অগ্নির্বায়ুর্জলং ভূমির্ভাতবো ব্রহ্মচোদিতাঃ ॥ ১৬
সমবায়ত্বমাপন্না বীজভূতা মহীপতে
সঞ্জাতাঃ ব্রহ্মবেগেন ধাতবো গমিতা নৃপ ॥ ১৭
যদ্ ব্রহ্ম চক্ষুষোর্ম্মধ্যে স সৃষ্টঃ পুরুষো বিরাট্।
তস্যোরুস্থান বহূন্ সৃষ্টান্ সংসজে পুরুষোত্তমঃ ॥ ১৮

নীল, লোহিত। পীত, শুভ্র ধাতুসকলের ন্যায় বর্ণবিশিষ্ট, মঞ্জিষ্ঠারঙ্গের ন্যায় কান্তিমান্, কপোত (পায়রা)-সদৃশ ধূসরবর্ণ, শুভ্র বৈদূর্য্যমণির ন্যায় প্রভাবিশিষ্ট, পদ্মরাগমণির ন্যায় আভাযুক্ত, স্ফটিকমণিতুল্য উজ্জ্বল বর্ণ, গন্ধরাজসদৃশ কান্তিবর্ণ, ইন্দ্রগোপকীট (বাললোক)-তুল্য রক্তবর্ণ, চন্দ্রকিরণ ও জলের ন্যায় শ্বেতবর্ণ, বহুরঙ্গের মৃদুমসৃণ, বায়ু ইন্দ্রধনুসদৃশ প্রতীত হয়, একই সময়ে মেঘমণ্ডলের ন্যায় একত্র হইয়া সর্ব্বদিকে উত্থিত থাকে, সেই সময় সায়ং আকাশ পক্ষধারী পর্ব্বতসমূহের ন্যায় সেই ধূমসমূহে যেন অবরুদ্ধ হইয়া যায়। ৫-৯

তদনন্তর এই ধূম্রবর্ণ সঞ্জাতসমূহ জলবাহনকারী মেঘরূপে পরিণত হইয়া জলধারা বর্ষণ করিতে থাকে এবং মনুষ্যরূপে (যোগীর শরীরে) বিলীন হইয়া যায়। ১০

তাঁহার মস্তকেও মন হইতে উৎপন্ন বিশাল অগ্নি ধূ ধূ করিয়া জ্বলিয়া উঠে, উহা দগ্ধ করিতে সমর্থ, উত্তম যোগশক্তিসম্পন্ন এবং শত শত শিখায় আবৃত থাকে। ১১

এই শিখা হইতে শত শত, সহস্র সহস্র স্ফুলিঙ্গ বাহির হইতে থাকে। সেই যোগীর সকল অঙ্গ হইতে প্রলয়াগ্নির ন্যায় প্রজ্বলিত অগ্নিসমূহ নিঃসৃত হইতে থাকে। ১২

বর্ষাকের সময় জলের দ্বারা পতিত হইতেছে বলিয়া মনে হয়, এই অগ্নির শিখাও তদ্রূপ বলিয়া প্রতীত হইতে থাকে। তাঁহারা বিকৃত রূপেতে সেই জলধারার সহিত মিশিয়া যায়। ১৩

জল ও অগ্নির বর্ণ শ্বেত এবং লোহিত রঙ্গে সংযুক্ত চিতে যখন সহস্র ঔঘের বৃষ্টি হইতে থাকে, তখন উহাতে রূপরহিত বায়ুরূপ ভাবকে প্রাপ্ত হয়। উহা দিবা ও অনাদি জ্ঞান-সম্ভূতসমূহ হইতে উৎপন্ন বিশাল বায়ু (যাহা মূল বায়ু হইতে ভিন্ন প্রবাহিত করিতে থাকে এবং সৃষ্ম প্রাণ (সূত্রাত্মা)-কে প্রকাশিত করে। ১৪

অগ্নির সহিত মিলিত হইয়া সেই পৃথিবী ও জলনায়ক বায়ুসমূহে সংযুক্ত বায়ু প্রাণবেগের ন্যায় সঞ্চরণশীল। সূত্রাত্মা হইয়া যায়। এই প্রাণ বা সূত্রাত্মা অতিশয় বেগবান্; কারণ, ইহা মনকেও উৎপন্ন করে। ইহা হইতে অতিশয় ভয়ঙ্কর ধ্বনি প্রকটিত হইতে থাকে, যেহেতু ইহা মূল আকাশেরও জনক এবং অত্যন্ত বলবান্; কারণ, ইহার মধ্যে ব্রহ্মওকেও ভেদ করিবার শক্তি আছে। ১৫

তদনন্তর ব্রহ্মা (যোনী) কর্ত্তৃক প্রেরিত হইয়া অগ্নি, বায়ু, জল ও পৃথিবীনায়ক ধাতুসমূহ পৃথক্ পৃথক্ শত শত ও সহস্র সহস্র মূর্ত্তি নির্ম্মাণ করত অবস্থান করে। ১৬

হে নৃপাল! নৃপ জনমেজয়! ব্রহ্মের বেগে অর্থাৎ চৈতন্যশক্তির অনুপ্রবেশে সঞ্জাত মূর্ত্তিভাব প্রাপ্ত হইয়া পৃথিবী-জলাদি ধাতুসকল পরস্পর মিলিত হইয়া বীজভূত হয় অর্থাৎ ভাবী সৃষ্টিরূপ কার্য্যের কারণ হইয়া যায়। ১৭

যিনি চক্ষুর মধ্যভাগে বারম্বার বিষয়ভূত যে ব্রহ্ম, তিনিই সৃষ্ম এবং তিনিই বিরাট্ পুরুষ। এই ব্রহ্মাত্মক পুরুষোত্তম যোগী এই সৃষ্ম ও বিরাট্ হইতে ভিন্ন এবং [illegible] বহু পুরুষকে সৃষ্টি করেন। ১৮

স এব ভগবান্ বিষ্ণুর্যঃ ক্রব্যাদঃ সনাতনঃ
আধারঃ সর্ববিদ্যানাং প্রলয়ে প্রলয়ান্তকৃৎ ॥ ১৯
তং মূর্দ্নি ধাতুভির্দ্বন্দ্ব বিশন্তি রক্তচোষিতাঃ
তেনৈতত্তা পুরুষাঃ সর্বে জ্ঞাতারঃ সুখ-দুঃখয়োঃ ॥ ২০
অথ চেষ্টিতুমারব্ধা মূর্দ্ধ্নো ব্রহ্মসম্ভিতাঃ।
ভিত্ত্বা চ ধরণীং দেবীং প্রাপ্নুবন্তি দিশো দশ ॥ ২১
ইত্যেতে পার্থিবাঃ সর্গে ত্বয়ঃ ব্রহ্মনিশ্চিতাঃ
তত্রৈব প্রলয়ং যান্তি ভূমিমুপযান্তি চ ॥ ২২
কর্ম্মক্ষয়াদ্ বিযুজ্যন্তে ধাতুভিঃ কর্ম্মবন্ধনৈঃ।
কর্ম্মক্ষয়াদ্ বিমুক্তাস্তিস্রিয়ামাদ্য বন্ধনাৎ ॥ ২৩
তামেব প্রকৃতিং যান্তি অজ্ঞাতাঃ কর্ম্মগৌরবৈঃ।
ক্রব্যাদ্ মুক্তাঃ চৈব অগ্নিসর্গাস্তুরূপেণ ময়াঃ ॥ ২৪

এই ব্রহ্মীভূত যোগী ভগবান বিষ্ণুর রূপে প্রতিষ্ঠিত হন। এই বিষ্ণুই বাক্যাবাক্যরূপ সনাতন পুরুষ। ইনিই সমস্ত বিদ্যাসমূহের আধার। প্রলয়কালে ইঁহারই দ্বারা সবের প্রলয় এবং বিনাশকার্য্য সম্পন্ন হয়। ১৯

মস্তক অর্থাৎ ভ্রূদ্বয় ও নাসিকার মধ্যভাগে সূত্রাত্মারূপে স্থিত সেই যোগীতে পরমেশ্বরের সেবনার্থ সুখ ও দুঃখের অনুভবকারী অত্ত সব জীবগণ প্রবেশ করে। ২০

তদনন্তর স্থূল দেহ ত্যাগ করত পরমেশ্বরের সমতা প্রাপ্ত হইয়া এই মূর্দ্ধন্যনাড়ী যখন চেষ্টা করিতে আরম্ভ করে, তখন তাহারা পৃথিবীদেহকে ভেদ করত দশ দিকে প্রাপ্ত হইয়া থাকে। ২১

এইরূপে স্থূল কৃতঘন হইতে উৎপন্ন সমস্ত ভবিষ্যৎ (ব্যাবহারিক পদার্থ), যাঁহাদের নির্ম্মাণ সেই যোগীরই দ্বারা হইয়াছে, তাঁহাতেই লীন হইয়া নিজ উপাদান-কারণে সেইভাবে স্থিত হয়, যেরূপ মৃত্তিকানির্ম্মিত ঘট ভগ্ন হইয়া নিজের উপাদান কারণ মৃত্তিকাতেই মিশিয়া যায়। ২২

কর্ম্মসমূহের ক্ষয় হইলে পর জীবগণ কর্ম্মবন্ধনরূপ বায়ুসমূহ হইতে মুক্ত হইয়া যায়। কর্ম্মের ক্ষয়ে বায়ুবন্ধন হইতে মুক্তি লাভ করায় তাহারা ইন্দ্রিয়বন্ধন হইতেও মুক্ত হইয়া যায়। ২৩

কর্ম্মবন্ধন হইতে মুক্ত জীবগণ নিজেদের সেই প্রকৃতিকে (মূলস্থান পরব্রহ্মভাব) প্রাপ্ত হয়, যাহা কর্ম্মবন্ধনে বদ্ধ পুরুষগণের অনুভবের অতীত বস্তু। যে ব্যক্তি সকাম কর্ম্মসমূহে উৎসক্ত থাকে, সেই ব্যক্তি বাসনাযুক্ত কর্ম্ম করায় ধূমাদি পথ দিয়া অন্যস্থান প্রাপ্ত হয় যেস্থান হইতে পুনরাবৃত্তি অবশ্যম্ভাবী)। এই সব সকাম কর্ম্মিগণের মধ্যেও তাঁহারাই এই

যেন তন্ত্রবিবাহ্যন্তো ভাবাভাবং প্রপদ্যতে।
ধূমাদ্যন্তাস্তু সম্ভূতা অন্ত্যত্রোষং পুনর্ম্মলম্ ॥ ২৫
ভগতী ভলাস্তু, সম্ভূতা ভগভোব চ যং ভলম্।
ভলাদ্ রসস্তু সজ্জেত রসাৎ প্রাণস্তু দেহিনাম্ ॥ ২৬
রসস্তু ত্বয়ং ভজ্ঞে যতদ্ব্রহ্ম সনাতনম্।
প্রধানং ব্রহ্ম চোক্তিঃ বর্ততি কারণান্তরৈঃ।
ব্রাহ্মণৈস্তপসি প্রাপ্তৈঃ সত্যাব্রতপরায়ণৈঃ ॥ ২৭
অব্যক্তাদ্ ব্যক্তিমাপন্নং যেন ভাবেন ভারত।
অন্তঃস্থাঃ সর্ব্বভূতেষু চরন্তঃ বিদুষা সহ ॥ ২৮
কর্ম্ম কর্ত্তেতি রাজেন্দ্র বিদ্যয়স্তমনেকধা
নোপলভ্যেত চক্ষুর্ভ্যাং তপসা সঙ্কচিত্তৈঃ ॥ ২৯

ধূমমার্গ প্রাপ্ত হন, ইঁহারা পরলোকে অগ্নিহোত্র ও কৃষ্ণ রাত্রাদ্যাভিমানিনী ভগবতীর অনুষ্ঠান করিয়াছেন। ২৭

যে কর্ম্মের দ্বারা অবিশুদ্ধ তত্ত্বের কৃত্ত সদসদ্রূপ সংসার প্রাপ্তি হয়, সেই সকাম কর্ম্মের অনুষ্ঠানকারী মানুষ ধূমমার্গই প্রাপ্ত হয়। ধূমাদি মার্গে পিতৃলোকে গত জীব কর্ম্মক্ষয়ের পর সেস্থান হইতে ভষ্ট হইয়া আকাশাদি ক্রমে বৃষ্টিভাব লাভ করত বৃষ্টি হইতে মেঘ এবং মেঘ হইতে অত্যন্ত নির্ম্মল জলধারারূপে পৃথিবীতে আসিয়া অন্ন ও বীর্য্যের রূপে পরিণত হইয়া পুনরায় জন্মধারণ করে। ২৪

পৃথিবী জলকে প্রাপ্ত হইয়া জলের দ্বারা সংযুক্ত হয়, তাহার ব্রীহি প্রভৃতি রূপ পৃথিবীরূপই। রস হইতে রস উৎপন্ন হয় এবং রস হইতে দেহধারীদিগের প্রাণের পুষ্টি হয়। ২৬

রস রেতঃরূপ, যাহা চৈতন্যযুক্ত হইয়া প্রকটিত হইয়াছে; যাঁহাকে সনাতন ব্রহ্ম বলা হয়, তিনিই এই চৈতন্য। তপস্যার দ্বারা থাকিয়া কষ্ট সহকারী সত্যব্রতপরায়ণ ব্রাহ্মণগণ বহু অন্য কারণসমূহের (মৃত্তিসমূহের) দ্বারা একমাত্র ব্রহ্মকেই প্রধান বলিয়াছেন অর্থাৎ ব্রহ্মধারীই দেহধারীদিগের মধ্যে চৈতন্য আনে। ২৭

ভারত! এই ব্রহ্ম নিজের সংযোগেরই দ্বারা অব্যক্ত হইতে ব্যক্তভাব প্রাপ্ত হন্। ইনিই সমস্ত প্রাণিগণের মধ্যে অন্তর্যামী রূপে বিদ্যমান আছেন এবং বিদ্বান দ্বারা প্রকাশিত হন, ইহা জানিও। ২৮

রাজেন্দ্র! কর্ম্ম (সৃষ্টি) ও কর্ত্তা (সাংখ্যের অহঙ্কার)—এই দুইটি বিষয়কোটির অন্তর্গত (বিষয়াতীত চিদাত্মাকে নহে)। সৃষ্টি অনেকরূপে বিদ্যমান হইলেও মায়াবশীর ন্যায় বাস্তবে সেই

উপলভ্যেত ঽকুর্ত্তাঃ জ্ঞানিভির্ব্রহ্মবাদিভিঃ
নিস্পৃহস্তু ভবোর্বাদ্যাস্তেষামুক্ত ইবাংশুমান্ ॥ ৩০
চরন্তি পক্ষিবল্লোকে নির্ব্বৈশ্মিন্পরিগ্রহৈঃ।
যোগধর্ম্মেণ কৌরব্য ধ্রুবমাসাদ্যতে ফলম্ ॥ ৩১
প্রাদুর্ভাবো জয়া চৈব কৃতস্য নিধনং তথা
বিদ্যতে শতশো ব্রহ্মন্ সংক্ষয়ে চ ভবেত্তদা ॥ ৩২
কর্ম্মণঃ কর্ম্ম-যোগজ্ঞো দুর্জ্ঞেয়ো নাত্র সংশয়ঃ।
অবিনাশায় লোকস্য ধর্ম্মস্যাপ্যায়নেন চ ॥ ৩৩

অন্যের দ্বারা উপলব্ধ হয় না, তপস্যার দ্বারা যাঁহাদের পাপ নষ্ট হইয়া গিয়াছে, সেই ব্রহ্মবাদী জ্ঞানী পুরুষগণেরই ইহার যাথার্থিক স্বরূপের উপলব্ধি হয় অর্থাৎ তাঁহারা ইহা জানিতে পারেন যে, যেরূপ সূর্য্যই কুণ্ডলাদি রূপে প্রতীত হন, সেইরূপ ব্রহ্মই কর্ত্তা-কর্ম্ম প্রভৃতি বিবিধ রূপে প্রকাশিত হন। যেরূপ মেঘের আবরণ হইতে মুক্ত হইলেই সূর্য্য প্রকাশিত হইয়া থাকেন, সেইরূপ মোহ-বন্ধনের অবসানে সংসারাসক্তি দূরীভূত করিয়া ধ্যান করিলে পর এই ব্রহ্ম সেস্থানে আবির্ভূত হইয়া থাকেন ॥ ২৯-৩০

কৃষ্ণবচন। যে ব্যক্তি জগতে পক্ষীর ন্যায় অনঘ, নির্ব্বন্ধ ও পরিগ্রহশূন্য হইয়া বিচরণ করেন, তিনিই এই যোগধর্ম্মের দ্বারা ব্রহ্মদর্শনরূপ অবিনাশী ফল প্রাপ্ত হন ॥ ৩১

এই ব্রহ্মজ পুরুষ সৃষ্টি ও সংহারের সময় শত শত বার সমস্ত প্রাণিসমূহের উৎপত্তি, তাহাদিগকে ঈশ্বর্য্য প্রদান এবং তাহাদের সংহার করেন ॥ ৩২

যোগজ পুরুষ প্রাণীদিগকে যোগাদি কর্ম্মের ফল (সুখ) যুগং দ্বাদশসাহস্রং সহস্রযুগসংস্তিম।
এতদ্ ব্রহ্মযুগং নাম যুগানাং প্রথমং যুগম্ ॥ ৩৪
সহস্রযুগপর্য্যন্তে সংহারঃ প্রলয়াত্মকঃ।
সূক্ষ্মাঃ ভবন্তি লোকানাং নির্ব্বিকারমচেতনম্ ॥ ৩৫
তথা প্রলয়মাপন্নং জগৎ সর্ব্বং সনাতনম্।
ব্রহ্ম সম্পাদ্যতে সূক্ষ্মং নিমিত্তং কারণৈশ্চ তৈঃ ॥৩৬
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
পৌত্রকে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥ ১৮ ॥

প্রদান করেন—ইহাতে সন্দেহ নাই। তিনি ধর্ম্মের পোষণ করত জগতের রক্ষার জন্যই এরূপ করেন। ইহার তাৎপর্য্য হইল এই যে,—এই ব্রহ্মীভূত যোগীর প্রীতির জন্যই যজ্ঞানুষ্ঠান করা হয় এবং তিনি প্রসন্ন হইয়া জগৎকে রক্ষা করেন ॥ ৩৩

বার হাজার চিরাবর্ত্তে এই চতুর্যুগ হয়। এইরূপ সহস্র চতুর্যুগের যে সময়, তাহার নাম ব্রহ্মযুগ যাহা যুগসমূহের মধ্যে প্রথম যুগ (কল্প) বলিয়া কথিত হইয়াছে ॥ ৩৪

এক সহস্র যুগের শেষে ব্রহ্মার দিনের সমাপ্তি হয়, যাহাতে সংহার (কল্পের অন্ত) হয় এবং অন্য সহস্র যুগের অন্তে তাহার রাত্রির অবসান হয়, যাহা প্রলয়ের অন্য অবার কল্পের আরম্ভ-কারী। সংহারকালে লোকসকলের যখন সূক্ষ্ম, নির্ব্বিকার ও অচেতন হয় ॥ ৩৫

কারণভূত সনাতন জগৎসমূহের দ্বারা নিমিত্ত এই সমাজন সম্পূর্ণ জগৎ প্রলয় প্রাপ্ত হইলে পর সূক্ষ্মরূপ হইয়া ব্রহ্মে অবস্থান করে ॥ ৩৬

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে পৌত্র-প্রাদুর্ভাববিষয়ক অষ্টাদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনবিংশোঽধ্যায়ঃ।

[যোগিনঃ স্থিতিঃ, তৎসমীপে আগমনযোগ্য-বিষ্ণুরূপৈশ্বর্য্যাণাং বর্ণনঞ্চ]

জনমেজয় উবাচ।

প্রাব্রাহ্মণ্যে জ্ঞোতুমিচ্ছামি বিস্তরেণ মহামুনে
আত্মযোনের্যুগাদৌ ত্বং ব্রহ্মপ্রাপ্তস্য সর্ব্বশঃ ॥ ১

বৈশম্পায়ন উবাচ।

শৃণু বিস্তরশঃ সর্ব্বং যন্মাঃ পৃচ্ছসি মেধাবী।
উপপন্নেন মনসা দৈবপ্রত্যয়সাধিনা ॥ ২

একোনবিংশ অধ্যায়।

[যোগীর স্থিতি এবং তাঁহার সমীপে আগমনযোগ্য বিষ্ণুরূপ ঐশ্বর্য্যসমূহের বর্ণন।]

জনমেজয় বলিলেন,—ব্রহ্মন্! মহামুনে! আমি শুনিতে ইচ্ছা করি যে, ব্রহ্মভাব প্রাপ্ত যোগী ব্রহ্মার প্রথমে যে কার্য্যসম্ভতি ছিল, তাহা আদি পূর্ব্বরূপে নিস্তারের সহিত শুনিতে ইচ্ছা করি ॥ ১

বৈশম্পায়ন বলিলেন,—রাজন্! তুমি বুদ্ধিপূর্ব্বক আমাকে যাহা কিছু জিজ্ঞাসা করিলে, তৎ সমস্তই দিব্য জ্ঞানপ্রাপ্তির সাধনায় রত নিজের যোগযুক্ত মনের দ্বারা সবিস্তরে স্মরণ কর ॥ ২

ঋদ্ধিঃ প্রাপ্তস্ত ভগবান যোগাত্মা ব্রহ্মসম্ভবঃ।
ভূতানাং বহুলত্বক চকারেশ্বরঃ প্রভুঃ ॥ ২
স্থিতো ব্রহ্মাসনে ব্রহ্মা বিশিষ্টঃ সহসা প্রভুঃ।
অচলেনৈব ভাবেন স্বাত্মভূতেন ভারত ॥ ৪
ব্রহ্মণ্ড মোক্ষবিষয়ে স চ জ্ঞানময়ে পথে।
ঋষ্যাৎ পরমধ্যাপি প্রতবন্তি ভবন্তি চ ॥ ৫
ব্রহ্মযজ্ঞাস্তু যজ্ঞস্তে যোগাদ্ বেদাস্তকাঃ সদা।
ব্রহ্মণো বিপুলং জ্ঞানমৈশ্বর্যাঞ্চ প্রবর্ত্ততে ॥ ৬
ততঃ প্রথমমৈশ্বর্য্যং মুক্তানেন প্রবর্ত্তিতম্।
ব্রহ্মণা ব্রহ্মভূতেন ভূতানাং হিতমিচ্ছতা ॥ ৭
তদা স্বাকাশমৈশ্বর্য্যং মুক্তানস্তু প্রবর্ত্ততে
ব্রহ্মণো ব্রহ্মভূতস্ত নির্বিকারেণ কর্ম্মণা ॥ ৮
তদাস্তরিক্ষং সম্প্রাপ্তঃ নির্ম্মলং ব্রহ্ম চাব্যয়ম্
সংহারঃ সর্ব্বভূতানাং নরাণাং ব্রহ্মবাদিনাম্।

ধ্রুবমৈশ্বর্য্যমোহানাং প্রতিপত্তন্তি দেহিনঃ ॥ ৯
আকাশমৈশ্বর্য্যভূতেন সংমুগ্ধে ব্রহ্মবাদিনা।
প্রবর্ত্তমানমৈশ্বর্য্যং বায়ুভূতঃ করোতি চ ॥
বিকারৈর্বহুভিঃ প্রাপ্তৈঃ সম্পত্তন্তির্মহাবলৈঃ ॥ ১০
এতৈর্বিকারৈঃ সংবৃত্তৈর্নিরুদ্বৈগৈঃ সমন্বিতঃ।
ধ্রুবমৈশ্বর্য্যমাপন্নঃ সিদ্ধো ভবতি ব্রাহ্মণঃ ॥ ১১
শরীরানভিনিক্রম্য আকাশেন প্রধাবতি।
নিরালম্বো নিরালম্বানালম্ব্য মনসা স্তুতঃ ॥ ১২
ঐশ্বর্য্যভূতো ভূতাত্মা চরন্ বিধি ন পশ্যতে।
চক্ষুর্ভির্বহুভির্লোকৈঃ পুরুষর্ষভসত্তমৈর্ষি ॥ ১৩
ওঁকারাং যে বষট্যাস্তু মনসা ব্রহ্মসম্মতাঃ।
বিভক্তাঃ সর্ব্বকর্ম্মাণ্ডে যে পশ্যন্তি সাধবঃ ॥ ১৪
এতদ্ধি পরমং ব্রহ্ম ব্রাহ্মণানাং মনীষিণাম্।
অন্তশ্চরতি ভূতানাং বিদ্ধি তেষ্বনঘা সদা ॥ ১৫

ভারত। তাঁহার মন যোগে আসক্ত, যিনি সাক্ষাৎ পরব্রহ্ম পরমাত্মা হইতে উৎপন্ন হইয়াছেন, তাঁহার কবিত্বশক্তি কবিত্বও অন্যের কবিত্বের শক্তি বিলক্ষণ আছে এবং যিনি অত্যন্ত প্রভাবশালী, সেই ভগবান্ ব্রহ্মা মনন সহায়ে লাভ করত স্বাত্মভূত ভাব অক্ষিপ্তভাবে ব্রহ্মাসনে বিরাজমান ছিলেন, তখন সহসা ব্রহ্মোদ্ভব তাঁহাকে বিক্ষিপ্ত করিয়া দিল। অতএব তিনি সৃষ্টিরচনার দ্বারা এখানে ভূতগ্রামের বাহুল্য বিস্তার করিলেন। ১-৩

তিনি মোক্ষই যাহার লক্ষ্য, সেই জ্ঞানময় পথে অনুরক্ত ছিলেন, যাহা হইতে সত্ত্ব সাম্প্রদায়ী পথ উৎপন্ন হইল। (যেরূপ দৈত্যেরা ও কর্দম ঋষি নিজেদের যোগশক্তির প্রভাবে অনেক বস্তু রচনা করিয়াছিলেন।) ৪-৫

ব্রহ্মা যোগযুক্ত হইয়া সদা বেদান্তক ব্রহ্মযজ্ঞের অনুষ্ঠান করিতে লাগিলেন (অথবা বেদপ্রতিপাদ্য ব্রহ্মরূপ যজ্ঞ বিষ্ণুর যজ্ঞ-রূপিত্ব সাধিলেন), সেইজন্য সেই যোগ ও যজ্ঞনের প্রভাবে তিনি বিপুল জ্ঞান ও ঐশ্বর্য্য প্রাপ্ত হইলেন। ৬

ভগবান যোগযুক্ত ও ব্রহ্মভূত ব্রহ্মা সমস্ত প্রাণিগণের হিত কামনা করিয়া সেই প্রথম প্রাপ্ত ঐশ্বর্য্যকে তাহাদের মঙ্গলের জন্য উপযোগ করিলেন। ৭

সেই নির্বিকার (পরম ভব) কর্ম্মের দ্বারা যোগপরায়ণ ব্রহ্মীভূত ব্রহ্মার সেই সহ আকাশরূপ (অব্যাকৃত) ঐশ্বর্য্য লাভ হইল। ৮

সেই সময় তাঁহার দৃষ্টিতে সম্পূর্ণ আকাশ নির্ম্মল ও অবিনাশী ব্রহ্মভাব প্রাপ্ত হইল। এই অবস্থায় সমস্ত জ্ঞানবান্ মনুষ্যই জানিতে পারিলেন যে, চরম প্রাণী, মনুষ্য ও ঐশ্বর্যমূলক ব্রহ্মবাদী যোগিসমূহের লয় স্থান কূটস্থ ব্রহ্মই। ১

সেই যোগযজ্ঞে সংস্কৃত হইয়া আকাশরূপ অথবা অব্যাকৃত ঐশ্বর্য্যপ্রাপ্ত ব্রহ্মবাদী ব্রহ্মার রূপে প্রবৃত্তিপ্রকাশ হইয়া ব্রহ্ম সর্ব্বদিকে আসিয়া প্রাণা বহুসংখ্যক মহাবল বিকারসমূহের সহিত বায়ুরূপ অথবা প্রাকৃত ঐশ্বর্য্যকে প্রকটিত করেন। ১০

এই প্রাণা সমস্ত বিকারসমূহে সর্ব্বদিকে আবদ্ধ হইয়া থাকিলে পর সিদ্ধ ব্রহ্মজ যোগী ধ্রুব ঐশ্বর্য্যকে (কূটস্থ ব্রহ্মকে) প্রাপ্ত হইয়া থাকেন। ১১

এই সিদ্ধ যোগী শরীর হইতে নির্গত হইয়া কোনও অবলম্বন যাচ্ঞাতেই আকাশে ধাবিত হন এবং বহুদর্শন মনঃকল্পিত নিরালম্ব ভাবসমূহ আশ্রয় করত সেখানে বিচরণ করেন। ঐশ্বর্য্যসম্পন্ন সেই ভূতাত্মা যোগীর আকাশে বিচরণ করিবার সময় ঊর্দ্ধস্থিত লোকসকলও নিজেদের বহুসংখ্যক নয়নের দ্বারা দেখিতে পায় না। ১২-১৩

যে ব্রাহ্মণেরা সাধু মনের দ্বারা ওঁকারকে চিন্তা করেন, তাঁহারাই সমস্ত কর্ম্মের বন্ধন হইতে মুক্ত হইয়া সেই (ব্রহ্মীভূত আকাশচারী) যোগীর দর্শন লাভ করিয়া থাকেন। ১৪

রাজন্! এই ওঙ্কার প্রণবসংজ্ঞক পরব্রহ্ম, যিনি মনীষী পুরুষগণেরই চিন্তনের বিষয়। এই প্রণবধারী পরব্রহ্ম পরমাত্মা

এষ শব্দো মহানাদঃ পুরাণো ব্রহ্মসম্ভবঃ।
বাঙ্ময়ত্বাচ্চ ভূতানাং প্রাপ্তো বন্দ্যত্বমেব হি ॥ ১৬
অরূপী রূপসম্পন্নো ধাতুভিঃ সহ সম্ভতঃ।
অক্ষরশ্চরতি পূর্ত্তেষু কামকারকরো বশী ॥ ১৭
এতৎ পূর্ব্ববদুদ্যাস্য মনসাপুরুষত্রিধা।
বেদাত্মকং তদা যজ্ঞং চিন্তয়ন্তো মনীষিণঃ ॥ ১৮
ব্রাহ্মণাঃ শুচয়ো দান্তা ধর্ম্মেষূদ্যুক্তমানসাঃ।
ব্রহ্মলোকং কালরূপাণা বৈষ্ণবং পদমুত্তমম্ ॥ ১৯
পরমেষ্ঠ্যাঃ ক্রিয়াঃ সর্ব্বাঃ কৃর্ব্বন্তি বিগতজ্বরাঃ।
ন ক্ষেত্তে প্রসবাদানে ভবনিষ্ক্রান্তি তাসু তু ॥ ১০
ত্রিভির্যাজ্ঞৈঃ পরৈস্তু প্রতিযাজৈশ্চ বৈ দ্বিজাঃ।
যজন্তি পরমাত্মানং বিষ্ণুং সর্ব্বপরায়ণম্ ॥ ১১
যজনং বিক্রমঃ চৈব তস্যপূর্ব্বাঃ প্রচক্রিরে।
ব্রহ্মাপি বৈষ্ণবং তেজো বেদোক্তৈর্ম্মন্ত্রকর্ম্মভিঃ ॥ ২২
ব্রাহ্মণৈস্ত্রিঋষিভিস্তু ব্রহ্মজৈস্ত্রিঃ ক্রমাদিভিঃ।
শুচিভিঃ কর্ম্মনির্ম্মৈঃ সত্যব্রতপরায়ণৈঃ ॥ ২৩
ধাতুভির্মোক্ষকালে চ মহাত্মা সম্প্রযুজ্যতে।
তদেব পরমং ব্রহ্ম বৈষ্ণবং পরমাদ্ভুতম্ ॥ ২৪
রসাত্মকং তদৈশ্বর্য্যং বিকারান্তে প্রযুজ্যতে।
যোগরূপা বিকারান্তে ব্যাখ্যান্তি মহাস্মৃতম্ ॥ ২৫
সপ্তাষ্টাতীব ভোগেন ক্ষুভাত্মানো বিচেতনঃ।
উন্মিভিশ্ছাদ্যতে চৈব শীতোষ্ণাভির্বিকারতঃ ॥ ২৬

সমস্ত প্রাণিগণের অন্তরে তাঁহাদের চেতনার সহিত বিচরণ করেন, তুমি ইহা জানিও। ১৫

এই ওঙ্কার সমস্ত বর্ণসমূহের অধিষ্ঠাতৃ দেবতা মহানাদ, পুরাণ অর্থাৎ নিত্য এবং ইঁহার অবলম্বনে সাধকের ব্রহ্মের সহিত একতা হইয়া যায়। তিনি ধাতুযুক্ত হইয়া অক্ষরভাবে প্রাণ হইয়াছেন—এইরূপ বিজ্ঞানবিৎ ব্রাহ্মণগণ বলেন। ১৬

এই প্রণব রূপরহিত হইয়াও ভেজ, জল ও অন্ন—এই তিন ধাতুতে সংযুক্ত হইয়া৹ ওষধিসমূহ অর্থাৎ বৈশ্বরী বাণীরূপে প্রকটিত হন। তিনি ঔঙ্কারাকারে সমস্ত প্রাণিগণের অন্তরে বিচরণ করেন, ইচ্ছানুসারে কার্য্য করেন এবং সমস্ত ইন্দ্রিয়গণকে নিজের বশীভূত করিয়া রাখেন। ১৭

পুরাকালে এই প্রণবের সাহায্যে ও আচার্য্যের নির্দ্দেশে উপদেশ প্রাপ্ত হইয়া ইঁহার নিরন্তর চিন্তা পূর্ব্বক বেদাত্মক যজ্ঞের (যোগের) ভাবনা করিতে করিতে মনীষী পুরুষগণ নিজেদের মনের দ্বারা সকলকে ব্যাপ্ত করিয়া লইয়াছিলেন। ১৮

ঐশ্বরূপ ব্রহ্মে যুক্ত ও সেই ব্রহ্ম হইতেই প্রকটিত পবিত্র জিতেন্দ্রিয় ব্রাহ্মণগণ ব্রহ্মলোক ও উত্তম বৈষ্ণবপদ আকাঙ্ক্ষা করত সেই পদপ্রাপ্তির জন্যই নিশ্চিত ভাবে সমস্ত ক্রিয়া করেন। তাহারা ইঁহারা পুনর্জন্ম গ্রহণের জন্য সংসারের আসিতে ইচ্ছা করেন না, যত্ন জ্ঞানপ্রাপ্তির জন্যই তপশ্চরণ করিতে যাজনা করেন। ১৯-২০

এই ত্রিগুণ (প্রাতঃ, মধ্যাহ্ন ও সায়ংকালে) তিন বার যাজ্ঞোপচার সমর্পণ এবং প্রতিপাদের দ্বারা সেই সত্যপরায়ণ পরমাত্মা শ্রীবিষ্ণুর যজন করেন। ২১

পূর্ণ জ্ঞানলেশ। ব্রহ্মের প্রথমে প্রণাম মাত্রায় এই ব্রহ্মবিৎ যোগিগণ যজন। যোগাঙ্গের ৩ বিক্রম যোগৈশ্বর্য্যলাভ করিয়াছেন। বেদোক্ত৹ মন্ত্রানুসারে ব্রহ্মজ্ঞ যোগীও বৈষ্ণব তেজঃ (ব্রহ্ম)। ২২

তাঁহারা ব্রহ্মবিদ্ (বেদজ্ঞ ব্রহ্মজ্ঞ, ব্রহ্মবাদী কর্ম্মসমূহের যজন হইতে মুক্ত, পবিত্র এবং সত্যব্রত-পরায়ণ ব্রাহ্মণ, তাঁহারাই তেজ, জল ও অন্নরূপ ধাতুসমূহের দ্বারা মোক্ষকালে সেই পরমাত্মাস্বরূপ মহাত্মাকে দর্শন লাভ করেন। ২৩-২৪

এই পরমাত্মাই পরব্রহ্ম, তিনিই পরম অদ্ভুত বৈষ্ণব তেজ এবং তিনি রসাত্মক (পরম আনন্দস্বরূপ) ঐশ্বর্য্য। পূর্ব্বোক্ত বিকারসমূহের লয় হইয়া যাইলে পরই তাঁহার দর্শনলাভ হয়। ২৫।

তদ্ভিন্ন রূপবিশিষ্ট যে সব তামস বিকার আছে, তাহারা সেই মহাত্মা যোগীকে বাধিত করে। এই বিকারসমূহ তাঁহাকে জলে যেন অত্যন্ত আচ্ছাদিত করিয়া দেয়, তখন তিনি ক্ষুব্ধ হন এবং চেতনাহীন হইয়া যান। বহু তরঙ্গমালাও তাঁহাকে আচ্ছাদিত করে, সেই সব তরঙ্গের মধ্যে কিছু শীতল ও কিছু উষ্ণ তরঙ্গ থাকে; এইভাবে তিনি বিকারগ্রস্ত হইয়া যান। ২৫-২৬

• শ্রুতি বলেন,—"অন্নময়ং হি সোম্য মনঃ, আপোময়ঃ প্রাণঃ, তেজোময়ী বাক্"। অর্থাৎ মন অন্নময়, প্রাণ জলময় এবং বাক্ তেজোময়ী। ইহা দ্বারাই "মনঃ কারণমিচ্ছতি স হেয়তি মারুতম্" ইত্যাদি শিক্ষাগ্রন্থের বাক্যে মনের উৎপত্তিতে মন ও প্রাণেরও সংযোগ অপেক্ষিত। অতএব তেজ, জল এবং অন্ন—এই তিন ধাতুর সংযোগেই শব্দ উত্থিত হয়।

•"ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি" ব্রহ্মজ্ঞ যোগী ব্রহ্ম হইয়াই ব্রহ্মকে প্রাপ্ত হন। এই সব বাক্যই ব্রহ্মজ্ঞের ব্রহ্মস্বরূপ হইবার পক্ষে প্রমাণ।

মহার্ণবসমস্তস্থে দহ্যতে ন চ সজ্জতে ।
মন্থনৈশ্চৈব মহানদ্যঃ সলিলে নৈব সীদতি ॥ ২৭
সীদমানস্ত সলিলে স শীতে পাত্যতে বলাৎ ।
আসনাচ্ছাদনাচ্ছৈব মৃত্যমানো বিচেতনঃ ॥ ২৮
স্বপ্নে প্রপাতমানস্ত তোয়েন পরিচাল্যতে ।
শুক্লবর্ণেন বহুনা স্রোতসা মুহি সর্বশঃ ॥ ২৯
উর্দ্ধঃ জ্যোতিরবেক্ষন্ত ওষ্ঠৈঃ শীতৈশ্চ বাধ্যতে ।
বারিপূর্ণৈঃ সুসম্ভারৈর্বিদ্যাদ্বিদ্বিব তাসিতৈঃ ॥ ৩০
এতৈর্বিকারৈঃ সংযুক্তৈর্নিকৈশ্চৈব সর্বশঃ ।
ঐশ্বর্যমার্যমাপ্নোতি সিদ্ধো ভবতি ব্রাহ্মণঃ ॥ ৩১
রসাত্মকঃ তত্রৈশ্বর্যাঃ ক্রিয়াস্রোতোভিনিঃসৃতম্ ।
সহস্রধারঃ বিততং মেঘস্থ সদৃশাগতম্ ॥ ৩২
রসাংশ্চ বিবিধান যোগাং সংসিদ্ধঃ সৃজতে প্রভুঃ ।
ধারণ্যঃ সর্বভূতানাং যোগপ্রাপ্তেন হেতুনা ॥ ৩৩

তিনি সেই মহাসাগরে পতিত হইয়া মগ্ন হইতে থাকেন, কিন্তু উহাতে নিমজ্জিত হন না। কখনও কখনও মহানদীর জলে নিমগ্ন হইয়া যান, পরন্তু জলের মধ্যে তিনি অধিক কষ্ট পান না এবং কখনও কখনও যখন তিনি জলে মগ্ন হন, তখন তাঁহাকে বলপূর্বক অধিক শীতল জলে পাতিত করিয়া দেওয়া হয়। আসন এবং আচ্ছাদন হইতে বঞ্চিত হইয়া তিনি তখন যেন অচেতন হইয়া যান ॥ ২৭-২৮

কখনও স্বপ্নে পতিত হইয়া জলের দ্বারা তিনি হৃতা হইয়া যান। তাঁহার মস্তকের উপর চারিদিক দিয়া জলের বহু শ্বেতপ্রবাহ পতিত হইতে থাকে ॥ ২৯

তিনি উপরের দিকে জ্যোতি দর্শন করেন এবং জলে পূর্ণ অত্যন্ত গম্ভীর এবং বিদ্যুতে উদ্ভাসিত শ্বেত ও পতাকাবর্ণের মেঘমণ্ডলের দ্বারা পদে পদে বাধা পাইতে থাকেন ॥ ৩০

বিকারসমূহ প্রাপ্ত হইলে এবং সর্বপ্রকারে উহার নিবৃত্তি হইলে পর অক্ষয় ঐশ্বর্যলাভ করত সেই ব্রাহ্মণ (ব্রহ্মজ্ঞ যোগী) সিদ্ধ হইয়া যান ॥ ৩১

তাঁহার রসাগারে অনেক প্রকার রসাত্মক ঐশ্বর্য প্রকটিত হয়, যাহা সহস্র ধারায় বিস্তৃত হইয়া মেঘরূপে পরিণত হইয়া যায় ॥৩২

সেই সার্বভৌমী সিদ্ধ যোগী যোগের দ্বারা নানাপ্রকার রসসমূহের সৃষ্টি করেন এবং যোগপ্রাপ্ত হেতুর দ্বারা সমস্ত প্রাণিগণের পরীরের উপযোগের জন্য বিবিধ ঐশ্বর্যের সৃষ্টি (প্রকট) করেন ॥৩৩

ব্রহ্মজ্ঞ যোগীর যোগ-সাধনযোগে তাঁহার দেহ আত্মার সমস্ত বিঘ্ন উপস্থিত করিবার জন্য দৈবতম ঐশ্বর্য প্রকটিত হইয়া

তেজসো রূপমৈশ্বর্যাং বিকারৈঃ সহ বর্ধতে ।
আত্মনো বিঘ্নজননং স্বস্থো ব্রাহ্মণকারণে ॥ ৩৪
উগ্ররূপৈরিয়ৈশ্চণ্ডৈ রুদ্যতে রুদ্রপাণিভিঃ ।
ঘোররূপৈঃ সুসম্ভারৈঃ শিলাশৈলৈর্নগৈরিবৈঃ ॥ ৩৫
নেত্রৈঃ সমুদ্ধরন্ ভীমঃ জিহ্বাস্ত্রাঃ চাস্ত বিদ্যতি ।
নদন্তি মুগপদ্রাবাঃ ভূত্তমাণাঃ পুনঃ পুনঃ ॥ ৩৬
পুনরেব তদা ভূত্বা বহুরূপাস্তদাভবন্
নৃত্যমানাঃ প্রগায়ন্তি তর্পয়ন্তো বিশেষতঃ ॥ ৩৭
স্ত্রীভূতাশ্চ তত্ত সর্বে যুক্তামাশ্চাবলম্বিরে ।
কণ্ঠেষ্বসা বহুরূপাশ্চ বিস্ফোটৈরেব প্রলোভয়ন্ ॥৩৮
মধুরৈরতিবাক্যৈশ্চ বাধন্তি ন ভীতবৎ ।
পতন্তি মুগপৎ সর্বে পাদয়োর্মূর্ধভির্ভুতাঃ ॥৩৯
প্রসাদং কাঙ্ক্ষমাণাশ্চ যোগস্যান্তরবিস্মতঃ
বহুপ্রকারাঃ কথয়ন্ত্যাস্তি চ তত্রস্তি চ ॥ ৪০

বিভবের বিকারসমূহের সহিত বৃদ্ধি প্রাপ্ত হয় ॥ ৩৪

উগ্র, ঘোর ও বিকরাল রূপধারিণী পরমেশ্বর এবং শিবলনয়ন নরাকার প্রাণীরা তাহে বড় লইয়া সেই যোগীকে প্রহার করিতে থাকে ॥ ৩৫

কোন ভয়ানক পুরুষ তাঁহার নেত্র উৎপাটিত করিতে থাকে, কোনও পুরুষ তাঁহার জিহ্বাকে বড় বড় করিতে থাকে এবং বহুভাবে বিকারী অনেক পুরুষ বারংবার রূপ ধারণ করিতে করিতে একসঙ্গে উচ্চৈঃস্বরে কোলাহল করিতে থাকে ॥৩৬

পুনরায় সেই সময় তাহারা বহু রূপ ধারণ করিয়া থাকে এবং সেই যোগী পুরুষকে বিশেষ সন্তুষ্ট করিবার জন্য নৃত্য-গীত করিতে থাকে ॥ ৩৭

তাহার পর তাহারা সকলে স্ত্রীরূপ ধারণ করিয়া যোগীর সহিত সম্বন্ধ হইয়া যায় এবং তাঁহার কণ্ঠে ধরিয়া অবস্থান করিতে থাকে। তাহারা বহু রূপ ধারণ করায় তাঁহাকে নানা বিঘ্নসমূহের দ্বারা প্রলোভিত করে ॥ ৩৮

এই স্ত্রীরূপধারী বিঘ্ন যেন নির্ভয় হইয়া মধুর বাক্যে লাভ করিয়া তাঁহাকে আহ্বান করিতে থাকে এবং সকলে একসঙ্গে যোগীর চরণে মস্তকের দ্বারা তাঁহাকে প্রণাম করে ॥৩৯

তাহারা যোগে বিঘ্ন জানিবার জন্যই সেই যোগীর কৃপা-প্রসাদ কামনা করিতে থাকে। তাঁহার সহিত বহু প্রকারের কথা বলেন এবং নৃত্য করিতে থাকে। এরূপ করিয়া তাহারা কখনও কখনও যোগীকে ভয় করিতেও পারে ॥ ৪০

এতৈর্বিকারৈঃ সাধ্যৈস্তৈর্নিকৈস্তৈশ্চৈব সর্বশঃ।
ক্রমমৈশ্বর্য্যমাসাদ্য সিদ্ধো ভবতি ব্রাহ্মণঃ ॥ ৪১

তদগ্নিব ইবাগ্নেয়া আদিত্যাস্তেব রশ্ময়ঃ।
তেজোরূপকমৈশ্বর্য্যং জনিতাস্তেজসস্তবিন্দবঃ ॥ ৪২

জ্যোতীংষি চৈব সর্বাণি তস্যাকাশে গুণসংবৃতাঃ।
চরন্তি লোকে সততং সূর্য্যাচন্দ্রমসোর্গতিম্ ॥ ৪৩

চন্দ্রসূর্য্যাত্মকং দিব্যং জ্যোতিঃ সদনমুত্তমম্।
এতদ্ বিভ্রাজতে লোকে কালচক্রং ধ্রুবং বয়ম্ ॥ ৪৪

অর্দ্ধমাসাংশ্চ মাসাংশ্চ ঋতু-সংবৎসরাণ্যথ।
ক্ষণা লবা মুহূর্তাংশ্চ কলাঃ কাষ্ঠাস্তথৈব চ ॥ ৪৫

অহোরাত্রপ্রমাণঞ্চ নিমিষোন্মেষণং তথা
তারাণাং গতয়শ্চৈব গ্রহাণাঞ্চ বিশেষতঃ ॥ ৪৬

অথ পার্থিবমৈশ্বর্য্যং বিকারগ্রহসম্ভবম্।
যোগযুক্তাত্মভিস্তত্ত্বা যান্ত্যন্তে শুচলাসনাৎ ॥ ৪৭

অলোভাদ্ভিদ্যতে সদ্যো বেগমানোঽপ্যুদাহৃতঃ।
সীদতে বসুধামধ্যে ভিদ্যমানঃ পুনঃ পুনঃ ॥ ৪৮

কৃতাভাবাঃ বহুরূপৈশ্চ অক্লেদ্যৈ জলবাসিভিঃ।
বিবর্ষৈর্যুজ্যতে ক্ষিপ্রং সংক্ষেপাৎ সর্ববরুদ্ধতে ॥ ৪৯

ততঃ পার্থিবমৈশ্বর্য্যং সেবমানস্ত সর্বতঃ।
মৃত্তিমদ্ভিশ্চ বহুধা ধাতুভিঃ স চ রুদ্ধ্যতে ॥ ৫০

শক্তিতোমরনির্ঘাতৈর্গদাভিস্তাপনেকধা।
অসিভিঃ পাত্যতে চৈব ক্ষুরধারৈঃ সহস্রশঃ ॥ ৫১

ভিদ্যতে চৈব বাণাগ্রৈঃ শ্রুতীর্ঘৈর্মর্মভেদিভিঃ।
এতিবিকারৈর্নির্ঘাতৈর্নিকৈস্তৈশ্চৈব সর্বশঃ ॥ ৫২

ক্রমমৈশ্বর্য্যমাপন্নঃ সিদ্ধো ভবতি ব্রাহ্মণঃ
ততঃ পার্থিবমৈশ্বর্য্যং নির্মুক্তঃ বিকারতঃ ॥ ৫৩

প্রাদুর্ভবতি সপ্তানাং সমাধৌ তলয়ং গতে।
দিব্যং গন্ধং সমাশ্রয়ে দিব্যার্থাংস্তান্ শৃণোতি চ ॥ ৫৪

এই সব বিকার প্রাপ্ত হইলে এবং তৎসমস্ত পূর্বরূপে নিরুদ্ধ হইলে পর অক্ষয় ঐশ্বর্য প্রাপ্ত হইয়া সেই ব্রহ্মজ্ঞ যোগী সিদ্ধ হইয়া যান ॥ ৪১

তদনন্তর অগ্নির শিখা ও সূর্যের কিরণের সমান তেজস্বী ঐশ্বর্য তাঁহার লাভ হয়। তখন তাঁহার সকীয় হইতে তেজোবিন্দু উৎপন্ন হইতে থাকে ॥ ৪২

সন্ধ্যাদি গুণসমূহে পরিবৃত এই যোগী আকাশে জ্যোতির রূপ ধারণ করত এই লোকে প্রকাশিত হইতে থাকেন ॥ ৪৩

চন্দ্র-সূর্য রূপ ধারণ করত এই লোকে প্রকাশিত হইতে থাকেন ॥ ৪৪

এই যোগীই পক্ষ, মাস, ঋতু, সংবৎসর, ক্ষণ, লব, মুহূর্ত, কলা, কাষ্ঠা, দিন-রাত্রির প্রমাণ, নিমেষ, উন্মেষ, তারাসমূহ এবং বিশেষতঃ গ্রহসকলের গতি ইত্যাদি সব কিছুই হইয়া যান ॥ ৪৫-৪৬

তদনন্তর বিকারসমূহ ধ্বংস করিয়া সততায় যোগীর পার্থিব ঐশ্বর্য লাভ হয় এবং তাঁহার দ্বারা প্রযুক্ত যোগীকে তখন সিদ্ধির অধিষ্ঠিত সিংহাসন হইতে পাতিত করা হয় ॥ ৪৭

কিন্তু লোভ ত্যাগ করিলে পর এই বিদ্যুতরূপ ঐশ্বর্য তৎক্ষণাৎ ভিন্ন-ভিন্ন হইয়া যায়। বিঘ্নের দ্বারা কম্পিত ও ভীত যোগী তখনও নিন্দনীয় হন। তিনি কৃতবো পুনঃ পুনঃ বিঘ্নসমূহে আহত হইয়া কষ্ট পাইতে থাকেন ॥ ৪৮

তাপিগণের বহুবিধ রূপ ও কৃতঘ্নবাসী অক্ষ বিষয়সমূহের সহিত তিনি সম্বন্ধ স্থাপিত করেন এবং সেই সবের দ্বারা বিক্ষেপে পতিত হইয়া তাঁহার প্রগতি রুদ্ধ হইয়া যায় ॥ ৪৯

তদনন্তর পার্থিব ঐশ্বর্য ভোগ করিতে করিতে সেই যোগী পুরুষ সর্বদিক্ দিয়া মূর্তিমান্ পার্থিব ধাতুসমূহের দ্বারা বারংবার হত হইতে থাকেন ॥ ৫০

শক্তি, তোমর, বজ্র, গদা ও ক্ষুরধার তরবারিসমূহের দ্বারা তাঁহাকে সহস্র সহস্র বার পাতিত করা হয় ॥ ৫১

অন্যান্য তীক্ষ্ণ মর্মভেদী বাণসমূহের অগ্রভাগের দ্বারা বিদীর্ণ হইতে থাকেন। কিন্তু এই সব বিকার প্রাপ্ত হইলে ও তাহারা পূর্বরূপে নিরুদ্ধ হইলে পর অক্ষয় ঐশ্বর্য লাভ করত ব্রাহ্মণ (ভাবপ্রাপ্ত) যোগী সিদ্ধ হইয়া যান ॥ ৫২।

ত হার পর বিকারযুক্ত সেই যোগীর সমক্ষে পার্থিব ঐশ্বর্য উপস্থিত হয়। এই অবস্থায় যখন সমাধি উৎপন্ন হয় এবং বিকারসমূহ ক্ষীণ হইয়া যায়, তখন তিনি দিব্য গন্ধ আঘ্রাণ করত দিব্য লোকসমূহের কথাও শুনিতে পান ॥ ৫৩-৫৪

দিবারাত্রৈশ্চ পুরুষৈর্ছিদ্যতে ন চ ছিদ্যতে
গচ্ছন্ যুক্তস্তিনাং চান্তঃ প্রধানাত্মা জনার্দন ॥ ৫৫

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি পৌত্তরে একোনবিংশোঽধ্যায়ঃ ॥ ১৯ ॥

তিনি যেন থাকা পর্যন্ত দিবা পুরুষগণ হইতে ভিন্ন থাকেন এবং যেখানে হইলে পর সর্বাত্মভাব প্রাপ্ত হইলে তিনি সেই সব হইতে অভিন্ন হইয়া যান। অন্তর্গতে গমনকারী এই যোগী পরিণামপ্রাপ্ত হবাদের ন্যায় পুণ্যাত্মাগণের অন্তঃকরণেও প্রবেশ করেন ॥ ৫৫

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বে সূতত্ব-প্রাদুর্ভাববিষয়ক একোনবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

বিংশোঽধ্যায়ঃ।

[ব্রহ্মণা যোগধারণাপূর্বক-কৃত-মানসিক-সৃষ্টের্বর্ণনম্।]

বৈশম্পায়ন উবাচ

ততোঽচিন্তয়ং ধারণাং গত্বা মনসা স পিতামহঃ
ব্রহ্মকর্মসমারম্ভং নির্মুক্তেনান্তরাত্মনা ॥ ১
সর্বাত্মধারণাং কৃত্বা মনসা প্রপ্রসর্পিব।
ব্রহ্মযোগেন চ ব্রহ্মা সৃজতে মনসা প্রজাঃ ॥ ২
চক্ষুষো রূপসম্পন্না গুণবন্তঃ সৃজতে প্রভুঃ।
নাসিকাগ্রাচ্চ গন্ধর্বান্ সুচিত্রাম্বরসঃ সমঃ ॥ ৩
তুম্বুরুপ্রমুখান্ সপ্তাঞ্জগৃহুর্গীতমেব সত্রশ্রম।
নৃত্যবাদিত্রকুশলান্ কুশলান্ সমন্ততঃ ॥ ৪
ব্রহ্মযোগেন যোগাত্মা স্বয়ংমূর্তিধরান্ প্রভুঃ।
চারুনেত্রাং শুভকেশান্তাং সুভগাং চারুনিতম্বিনীম্ ॥ ৫

পদ্মেন শতপত্রেণ চারুণা সুবিরাজিতাম্
বক্ষসা শুচিগিরং দেব্যাং ব্রাহ্মীং মূর্তিমতীং শ্রিয়ম্ ॥ ৬
সসৃজে মনসা ব্রহ্মা সমাক্ প্রোক্তেন চেতসা।
ভাবযোগেন কৃতাত্মা সর্বপ্রাণিকৃতাং নৃপ ॥ ৭
চক্ষুষো রূপসম্পন্নাঃ সৃজন্ দেবোঽপ্সরসঃ প্রভুঃ
নাসিকাগ্রাচ্চ গন্ধর্বান্ সুবর্ণাঃ সুপ্রবাদিতান্ ॥ ৮
গানপ্রভাবাঃ সঙ্কল্পে গন্ধর্বাধানমেব তঃ
অঙ্গেভ্যাং চৈব বিপ্রাণাং গানং ব্রহ্মপ্রভাষিতম্ ॥ ৯
পদ্ভ্যাং সৃজতি কৃতানি গন্ধিন্যস্ত্রি ধ্রুবাণি চ।
নর-কিন্নর-যক্ষাংশ্চ পিশাচোরগ-রক্ষসাম্ ॥ ১০

বিংশ অধ্যায়

[ব্রহ্মা কর্তৃক যোগধারণ পূর্বক কৃত মানসিক সৃষ্টির বর্ণন।]

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! তদনন্তর যোগযুক্ত পিতামহ ব্রহ্মা মনের দ্বারা অন্ত ধারণা প্রাপ্ত হইয়া বিকারযুক্ত অন্তঃকরণে ব্রহ্মের প্রাপ্তিকারক কর্ম আরম্ভ করিলেন ॥ ১

ব্রহ্মা মনের দ্বারা সর্বাত্ম ধারণা করত যেন হাত করিতে করিতেই ব্রহ্মযোগে যুক্ত হইয়া মানসিক সঙ্কল্পের দ্বারা প্রজাগণকে সৃষ্টি করিলেন ॥ ২

এই সর্বাত্মধারণাশালী ব্রহ্ম চক্ষু হইতে রূপবতী অপ্সরাদিগকে সৃষ্টি করিলেন এবং নাসিকার অগ্রভাগ হইতে বিচিত্র বস্ত্রধারী গন্ধর্বগণকে সৃজন করিলেন ॥ ৩

তুম্বুরপ্রমুখ সেই সপ্ত ও সহস্র সহস্র গন্ধর্ব সকলেই নৃত্য এবং বাদ্যে কুশল ও সামগানে নিপুণ ছিলেন ॥ ৪

তদনন্তর যোগজ ও সর্বাত্মস্বরূপ, ভগবান্ ব্রহ্মা ব্রহ্মযোগের দ্বারা দিব্য নেত্রবিশিষ্ট, পবিত্র, দ্বিজগণের দ্বারা সেবনীয়া, মূর্তিমতী, দেবীপ্রতিমা লক্ষ্মীকে প্রকটিত করিলেন, যাঁহার নেত্র অতিশয় মনোহর, কেশগুলাগ সুন্দর, জঘন মনোহর ও মুখের শ্রী কমনীয় করিতে প্রকাশিত হইতে ছিল এক হস্তে পরম সুন্দর শতদল পদ্ম ধারণ করিয়া তিনি শোভা পাইতেছিলেন ॥ ৫-৬

নৃপ জনমেজয়! কৃতাত্মা ব্রহ্মা সমস্ত প্রাণিগণের ভাবযোগ (অন্তঃকরণের বাসনা) অনুসারে ঈশ্বরপ্রেরিত চিত্তের দ্বারা মানসিক সঙ্কল্পেই তাঁহাকে সৃষ্টি করিলেন ॥ ৭

এই প্রভু চক্ষু হইতে সৌন্দর্যশালিনী অপ্সরাগণকে এবং নাসিকার অগ্রভাগ হইতে সুন্দর বস্ত্রধারী ও বাক্যকুশল গন্ধর্বদিগকে সৃষ্টি করিলেন ॥ ৮

তিনি সমস্ত গন্ধর্বগণের জন্য গন্ধর্বশাস্ত্র এবং অন্যান্য ব্রাহ্মণদিগের জন্য সামবেদের বিধানে রচনা করিলেন ॥ ৯

ঘাবর-জঙ্গম সমস্ত প্রাণিগণকে তিনি নিজের চরণ হইতে উৎপন্ন করিলেন, যাহাদের নাম এইরূপ—মনুষ্য, কিন্নর, যক্ষ, পিশাচ, নাগ, রাক্ষস, গন্ধর্ব, সিংহ, ব্যাঘ্র, সহস্র প্রকারের মৃগ (পশু), নানাপ্রকারের তৃণজাতি এবং বহু চতুষ্পদ প্রাণি—

গজান্ সিংহান্ ব্যাঘ্রাংশ্চ মৃগাংশ্চৈব সহস্রশঃ।
তৃণজাতীশ্চ বহুধা ভাবদ্বৈতোঽন্তুপান্ ॥ ১১
যে তু যজ্ঞাহ্বিষাদন্তি কর্ম্মপ্রাপ্তেন হেতুনা।
হন্তেভ্যঃ কর্ম্ম সম্ভূতে মন্তব্যা মনসা তথা ॥ ১২
বায়ুনা স বিসর্গশ্চ তৃতানাং পুষমিচ্ছতা।
উপতত্থে তদাত্মস্থ পঞ্চেন্দ্রিয়সমাধিনা ॥ ১৩
হৃদয়াদস্জদ্ গাবো বাহুভ্যাং পক্ষিণস্তথা।
অন্যানি চৈব সত্ত্বানি দৈতেরৈবৈঃ পৃথগ্বিধৈঃ ॥ ১৪
ঋষিং ঋক্সিরসং চৈব মুনিং অত্রিতভেজসম্।
ব্রহ্মবর্ধনকরং দিব্যং বাতিসিক্তমভিদ্রিয়ম্ ॥ ১৫
ভ্রুবোঽস্তুরাদজনয়দ্ যোগাদ্ যোগেশ্বরঃ প্রভুঃ।
ব্রহ্মবর্ধনকরং দিব্যং ভৃগুং পরমধামিকম্ ॥ ১৬
ললাটমধ্যাদ্ভূতাদঃ প্রিবিধ্রুগম্
সনৎকুমারং মুর্দ্ধ্নঃ মহাযোগী পিতামহঃ ॥ ১৭

অতিবিক্তং তু দোষক যৌবরাজ্যে পিতামহঃ।
ব্রাহ্মণানাঞ্চ রাজানং শাশ্বতং বরুনীশ্বরম্ ॥ ১৮
তপসা মহতা যুক্তো ব্রহ্মৈঃ সহ নিশাকরঃ।
ষষ্ঠার বরসো মধ্যে প্রভাভির্ভাসয়ন্ জগৎ ॥ ১৯
স গাত্রৈর্ভগবান্ যোগাত্মনসা সিদ্ধিমাগতঃ।
সসৃজে সর্ব্বভূতানি স্থাবরাণি চরাণি চ ॥ ২০
তত্র স্থানানি ভূতানাং যোগাংশ্চৈব পৃথগ্বিধান্।
ব্যধত্ত শতশো ব্রহ্মা সর্ব্বং সম্পিণ্ডামহঃ ॥ ২১
এষ ব্রহ্মময়ো যজ্ঞো যোগঃ সাংখ্যশ্চ তত্ত্বতঃ।
বিজ্ঞানঞ্চ স্বভাবশ্চ ক্ষেত্রং ক্ষেত্রজ্ঞমেব চ ॥ ২২
একত্বঞ্চ পৃথক্ত্বঞ্চ সম্ভবো নিধনং তথা
কালঃ কালফলৈশ্চৈব ভোক্তা বিজ্ঞানমেব চ ॥ ২৩

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
পৌষ্করে বিংশোঽধ্যায়ঃ ॥ ২০ ॥

এই সকলকেই তিনি ইঁহাদের পূর্ব্বজন্মের আন্তরিক বাসনা অনুসারে উৎপন্ন করিলেন। ১০-১১

প্রাণিগণের পূর্ব্বজন্মের কর্ম্মানুসারে প্রাপ্ত কারণের (অদৃষ্টের) বিচার করত ব্রহ্মা পূর্ব্বোক্ত ছয়টির ঔষসকলকে সৃষ্টি করিলেন এবং এরূপ ঔষধসকলকে উৎপন্ন করিলেন, যাহারা হন্তে বস্তু সইয়া ভক্ষণ করে, বিধাতা হস্তসকল হইতে কর্ম্মের এবং মন হইতে মন্তব্যের সৃষ্টি করিলেন। ১২

প্রাণিগণের সুখ কামনা করিয়া ব্রহ্মা প্রাণাদি রূপে তাহাদের অন্ত প্রাণাদি বিবিধ কার্য্যের সৃষ্টি করিলেন ও পঞ্চ ইন্দ্রিয়ের নিরোধের দ্বারা পরমাত্মস্বরূপ পরমেশ্বরকে সাক্ষাৎকার করিয়া তাঁহার সাযীপ্যপ্রাপ্ত হইলেন। ১৩

তিনি হৃদয় হইতে যোগধকে, বাহুদ্বয় হইতে পক্ষিসকলকে এবং ভিন্ন ভিন্ন বেশসমূহ হইতে অন্যান্য জন্তুদিগকে সৃজন করিলেন। ১৪

প্রবর্দ্ধিত তেজোযুক্ত, মনসহ পঞ্চ ইন্দ্রিয়কে নিজের বশীভূতকারী, ব্রহ্মবর্ধনপ্রবর্ত্তক দিব্য ঋষি মুনিবর অত্রিরাকে যোগধের ওষধান্ ব্রহ্মা যোগবলের দ্বারা নিজের দুই ভ্রূ মধ্যভাগ হইতে উৎপন্ন করিলেন। ১৫;

ব্রহ্মবর্দ্ধনকারক পরম ধর্ম্মাত্মা দিব্য ঋষি ভৃগুকে তিনি ললাটের মধ্যভাগ হইতে সৃষ্টি করিলেন এবং এই মহাযোগী পিতামহ কলহপ্রিয় নারদ ও মুখ্য পরিবারকে সনৎকুমারকে নিজের মস্তক হইতে উৎপন্ন করিলেন। ১৬-১৭

পিতামহ সেই দোষকেও সৃষ্টি করিলেন, যিনি যুবরাজ-পদে অভিষিক্ত হইয়াছিলেন বরুনীপতি সোম (চন্দ্র)। ব্রাহ্মণধর্ম্মের সনাতন রাজা। ১৮

মহাতপোযুক্ত ষষ্ঠ নিজের অঙ্গ সমূহের দ্বারা জগৎকে প্রকাশিত করিতে করিতে অন্য গ্রহগণের সহিত আকাশমণ্ডলে বিচরণ করেন। ১৯

যোগের দ্বারা সিদ্ধিপ্রাপ্ত ভগবান্ ব্রহ্মা মানসিক সঙ্কল্পে নিজের ভিন্ন ভিন্ন অঙ্গসমূহের দ্বারা সমস্ত চরাচর প্রাণিগণকে সৃষ্টি করিলেন। ২০

সমস্ত ভূতগণের পিতামহ ব্রহ্মা এই ভূতবর্গের জন্য বহু স্থান ও তাহাদের যোনিভেদের জন্য বিভিন্ন প্রকারের শত শত উপায় উদ্ভাবন করিলেন। ২১

ইহা ব্রহ্মময় যজ্ঞ। জ্ঞানযজ্ঞ বলিয়া কথিত হয়; ইহাই যোগ ও বাস্তবিক সাংখ্য। বিজ্ঞান, স্বভাব, ক্ষেত্র, ক্ষেত্রজ্ঞ, একত্ব, নানাত্ব, জন্ম ও মৃত্যু, কাল, যেখানে কালেরও জয় হইয়া যায়, সেই জ্ঞান এবং বিজ্ঞান (আত্মানুভব)-ও জানিবার যোগ্য। ২২-২৩

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে পৌষ্কর-প্রাদুর্ভাববিষয়ক বিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একবিংশোঽধ্যায়ঃ ॥

[ক্ষত্রযুগস্য প্রসঙ্গেন জ্ঞানসিদ্ধানাং ব্রাহ্মণানাং বর্ণনম্, প্রজাপতি-দক্ষেণ প্রাণিনাং চতুর্ণাং বর্ণানাং সৃষ্টিঃ, তস্য স্বপুত্রেভ্যো যাত্রায় অন্তং জ্ঞাতুমাদেশদানঞ্চ।]

জনমেজয় উবাচ।

শ্রুতং ব্রহ্মযুগং ব্রহ্মন্ যুগানাং প্রথমং যুগম্।
ক্ষত্রস্যাপি যুগং ব্রহ্মন্ শ্রোতুমিচ্ছামহে প্রভো ॥ ১
সসঙ্ক্ষেপং সবিস্তরং নিয়তৈর্মহদ্ভিশ্চিন্তম্।
উপায়ৈশ্চ কথিতা ক্রতুভিশ্চৈব শোভিতম্ ॥ ২

বৈশম্পায়ন উবাচ।

এতত্তে কথয়িষ্যামি যজ্ঞকর্মভিরন্বিতম্
দানধর্মৈশ্চ বিবিধৈঃ প্রজাভিরুপশোভিতম্ ॥ ৩
তেষ্বেষ্বন্তরমাত্রা মুনয় আদন্তাঃ পৃথগ্বিধিতিঃ।
মোক্ষপ্রাপ্তেন বিধিনা নিত্যাধ্যেন কর্মণা ॥ ৪
প্রবৃত্তে চাপ্রবৃত্তে চ নিত্যাঃ ব্রহ্মপরায়ণাঃ।
পরায়ণস্য সঙ্গমা ব্রহ্মণস্তু মহীপতে ॥ ৫
শ্রীমন্তাঃ পাবনাশ্চৈব ব্রাহ্মণাশ্চ মহীপতে।
চরিতব্রহ্মচর্য্যাশ্চ ব্রহ্মজ্ঞানবিবোধিতাঃ ॥ ৬
পূর্ণে যুগসহস্রান্তে প্রপ্লাবে প্রলয়ং গতাঃ।
ব্রাহ্মণা বিত্তসম্পন্না জ্ঞানসিদ্ধাঃ সমাধিতাঃ ॥ ৭
বাতিরিক্তেন্দ্রিয়ে বিষ্ণুর্যোগাত্মা ব্রহ্মসম্ভবঃ।
দক্ষঃ প্রজাপতির্ভূত্বা সৃজতে বিপুলাঃ প্রজাঃ ॥ ৮
অক্ষরাদ্ ব্রাহ্মণাঃ সৌম্যাঃ ক্ষরাৎ ক্ষত্রিয়বান্ধবাঃ।
বৈশ্যা বিকারতস্তেষ্ব শূদ্রা যুগবিকারতঃ ॥ ৯
শ্বেতলোহিতকৈর্বর্ণৈঃ পীতৈর্নীলৈশ্চ ব্রাহ্মণাঃ।
অভিনির্বর্ত্তিতা বর্ণাস্তিস্রস্ত্যানেন বিষ্ণুনা ॥ ১০
ততো বর্ণত্রয়োপন্নাঃ প্রজা লোকে চতুর্বিধাঃ
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রাশ্চৈব মহীপতে ॥ ১১

একবিংশ অধ্যায়

[ক্ষত্রযুগের প্রসঙ্গে জ্ঞানসিদ্ধ ব্রাহ্মণগণের বর্ণন, প্রজাপতি দক্ষ কর্তৃক প্রাণিগণের ৪ টার বর্ণের সৃষ্টি এবং তাঁহার নিজ পুত্রগণকে যাত্রার জন্য জানিবার জন্য আদেশদান।]

জনমেজয় বলিলেন,—ব্রহ্মন্! আমি যুগসকলের প্রথম যুগ এবং যাহাকে ব্রহ্মযুগ বলে, তাহার বর্ণন শ্রবণ করিয়াছি। প্রভো! এখন আমি ঔপায়নির পুত্রগণের দ্বারা কথিত, যজ্ঞসমূহে সুশোভিত এবং বহুসংখ্যক নিয়ম-সকলে সুসম্পন্ন ক্ষত্রযুগের বর্ণন সংক্ষেপে অথচ বিস্তারের সহিত শ্রবণ করিতে ইচ্ছা করি। ১-২

বৈশম্পায়ন বলিলেন, রাজন্! এই ক্ষত্রিয়-যুগ আমি তোমার নিকট বর্ণনা করিব। এই যুগ যজ্ঞকর্মসমূহে পূর্ণিত, নানাবিধ দান-ধর্মসকলে সম্পন্নিত এবং বহুসংখ্যক প্রজাবর্গে সুশোভিত। ৩

সেই প্রসিদ্ধ অদ্বৈতমাত্রপ্রধান মুনিগণ, যাঁহারা মোক্ষপ্রাপ্ত হইয়াছেন, বিবিধ কর্মের দ্বারা প্রভাবে সূর্য্যের কিরণাবলির দ্বারা পূরীত অর্থাৎ সূর্য্যমণ্ডল ভেদ করিয়া ব্রহ্মলোকে উপনীত, যাঁহারা যজ্ঞাদি প্রবৃত্তি-কর্ম্মে ও শমাদি নিবৃত্তি-কর্ম্মে তৎপর থাকিয়া নিত্য ব্রহ্মপরায়ণ, হে নৃপতে! যাঁহারা সকলের আত্মভূত ব্রহ্মের সহিত মিলিত হইয়া পরমাত্মার পরমতত্ত্বের উদ্দেশে বেদোক্ত কর্ম্মে সদা রত থাকেন, যাঁহারা ব্রহ্মচর্য্যপালন করিয়াছেন, যাঁহারা ব্রহ্মজ্ঞানরূপ জ্যোতিতে প্রকাশিত হইয়া শ্রীমন্ত ও পবিত্র হইয়া বিরাজমান এবং যাঁহারা পূর্ব্বকল্পে সহস্র চতুর্যুগ পূর্ণ হওয়া পর্য্যন্ত ব্রহ্মলোকে থাকিয়া তাহার অন্তে সেখানে প্রলয় প্রাপ্ত হইয়াছেন, যাঁহারাই এই তাবৎ কল্পে একাগ্রচিত্ত, সমাহিতসম্পন্ন ও জ্ঞানসিদ্ধ ব্রাহ্মণ হন। ৪-৭

সেই ব্রাহ্মণগণের মধ্যে একজন হইলেন ব্রহ্মপুত্র প্রজাপতি দক্ষ। যিনি ইন্দ্রিয়রহিত ও তাঁহাদের বিষ্ণুসমূহ হইতে অসঙ্গ থাকিয়া যোগযুক্ত চিত্তে বহুসংখ্যক প্রজাগণের সৃষ্টি করিতে লাগিলেন। যিনি ভগবান বিষ্ণুকে নিজের আত্মা বলিয়া মনে করায় 'বিষ্ণু' বলিয়া কথিত হইতেন। ৮

অক্ষর (ভর্গ সত্ত্বময় নিত্যান বর্ণ, যাঁহার বর্ণ সুবার ন্যায় শুভ্র) হইতে সৌম্য ব্রাহ্মণবিশিষ্ট ব্রাহ্মণগণের উৎপত্তি হইয়াছে। ক্ষর (রজ-রজোময় মিশ্র বর্ণ, যাঁহার বর্ণ রক্ত—লাল) হইতে ক্ষত্রিয়-বন্ধুগণের উদ্ভব হইয়াছে। বিকার (রজোময় সকাম বর্ণ, যাঁহার বর্ণ হরিদ্রার ন্যায় পীত) হইতে বৈশ্যগণ উৎপন্ন হইয়াছে এবং যুগ-বিকার (তমোময় বর্ণ, যাঁহার বর্ণ ঘুমের ন্যায় কাল) হইতে শূদ্রসকল জন্মগ্রহণ করিয়াছে। ৯

এইভাবে সৃষ্টির বিষয়ে চিন্তাশীল বিষ্ণুরূপ প্রজাপতি শ্বেত, রক্ত, পীত ও নীল বর্ণবিশিষ্ট বিভিন্ন বর্ণসমূহের দ্বারা ব্রাহ্মণাদি বর্ণসকলের সৃষ্টি করিলেন। ১০

এইরূপে বিভিন্ন বর্ণ প্রাপ্ত হইয়া প্রজাগণ এই লোকে চার ভাগে বিভক্ত হইয়া যাইল। নৃপতে! এই চার বর্ণের নামসমূহ ক্রমশঃ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র বলিয়া অভিহিত হয়। ১১

একলিঙ্গাঃ পৃথগ্ধর্মা দ্বিপদাঃ পরমদ্যুতাঃ। যাতনায়াস্বিদশ্চাপি গতিজ্ঞাঃ সর্বকর্মসু ॥ ১১
ত্রয়াণাং বর্ণজাতানাং বেদপ্রোক্তা ক্রিয়াঃ স্মৃতাঃ। তেন ব্রাহ্মণযোগেন বৈষ্ণবেন মহীয়তে ॥ ১৩
প্রজ্ঞয়া তেজসা যোগাত্তস্মাৎ প্রাচেতসঃ প্রভুঃ। বিষ্ণুরেব মহাযোগী কর্মণামন্তর গতঃ ॥ ১৪
ততো নির্মাণসম্ভূতাঃ পুত্রাঃ কর্মবিবর্জিতাঃ। তস্মান্নার্হন্তি সংস্কারং ন ক্ষত্র ব্রহ্ম বিদ্যতে ॥ ১৫
যথাগ্নৌ ধূমসম্ভূতো ন্যুব্জগা মন্দমানসা। প্রাদুর্ভূতো বিসর্পন্ বৈ নোপযুজ্যতি কর্মণা ॥ ১৬
এবং পুত্রা বিসর্পন্তো ভূবি কার্যেষ্বনা জনা। নাসংস্কৃতেন ধর্মেণ বেদপ্রোক্তেন কর্মণা ॥ ১৭
ততোঽহংস্তে দক্ষপুত্রাশ্চ সম্ভূতা ব্রহ্মযোনয়ঃ।

বলবন্তো মহোৎসাহা মহাবীর্যা মহৌজসঃ ॥ ১৮
পিত্রা প্রোক্তা মহাত্মানো নপিনা যজ্ঞকর্মণা।
অন্তর্মিত্তানমঃ শ্রোতুং ধাত্রাঃ পুত্রা বলো জ্বয়ম্ ॥১৯
ততো বিবাংশে তত্রজ্ঞাঃ প্রজানাং বিপুলা বলম্।
বিপুলাদ্ধি ক্ষেত্রাণাং সমাপি বিপুলাঃ প্রজাঃ ॥ ২০
ন তেষাং দর্শয়ন্দেবো ঢক্ষুষা রূপমাত্মনঃ।
প্রজাপতিসুতানাং বৈ বিপুলানাং মিচ্ছতাম্ ॥ ২১
আত্মনো ভাবমিচ্ছন্তি তেঽপি কৃতযুগে স্ত্রিয়া।
জনিত্রী সর্বভূতানাং মনুষ্যাণাং সুতা ॥ ২২
সংবেদজননী ধাত্রী চেষ্টিতা মাত্রা প্রচোদিতা।
অণুস্তাঃ তনুতাঃ চৈব ক্ষুদ্রাঃ কমঠোগিনাম্ ॥ ২৩
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি
পৌষ্করে একবিংশোঽধ্যায়ঃ ॥ ২১ ॥

ইহাদের সকলেরই আকৃতি এক রূপ; কিন্তু বর্ণ পৃথক্ পৃথক্, এই সব দুই পদবিশিষ্ট জীব (মানুষ) অতিশয় দ্যুতিমান্। কর্মফলের ভোগের জন্য ইহারা পৃথক্ পৃথক্ বর্ণে জন্মগ্রহণ করিয়া থাকে। ইহাদের সমস্ত কর্মসমূহের গতির জ্ঞান (তাহাদের শুভাশুভ ফলসমূহের উপর নির্ভর করে। ১২

রাজন্! ব্রাহ্মণাদি তিন বর্ণে উৎপন্ন মনুষ্যগণেরই সমস্ত ক্রিয়া বেদোক্ত বিধির দ্বারা সম্পন্ন হইবার যোগ্য বলিয়া কথিত হয়। এই কারণে তোমাদের যে তিন বর্ণ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য, ইহাদেরই ভগবান্ বিষ্ণুর কৃপায় বেদাধ্যয়নের অধিকার সুলভ হয়। ১৩

প্রজ্ঞা ও তেজের যোগে যুক্ত এই সামর্থ্যশালী মহাযোগী প্রাচেতস দক্ষনায়ক বিষ্ণুই 'প্রজাপতি'র অধিকারগ্রহণ কর্মসমূহে (সৃষ্টি আদিতে) জন্মগ্রহণ করিলেন। ১৪

অতএব নিম্নকর্ম ও বৈষয়িকগণের সেবা করিবার জন্য উৎপন্ন পুরুষগণ বৈদিক কর্মের অধিকার-রহিত হইল। সেইজন্য তাহারা উপনয়নাদি সংস্কারের যোগ্য নহে; কারণ, তাহাদের বেদাধ্যয়নের অধিকার নাই। ১৫

যেরূপ অগ্নি মন্থন করিলে উদ্ভূত অগ্নিতে ধূমরাশি উৎপন্ন হইয়া বহু দূর পর্যন্ত বিস্তৃত হয়, তথাপি অগ্নিহোত্রী (যজ্ঞকারী) কিন্তু যজ্ঞকর্মে সেই ধূমের উপযোগ করেন না, সেইরূপ পৃথিবীতে জন্মগ্রহণ করিয়া পূর্বরূপে সর্বদিকে বিস্তৃত পুরুষগণ সংস্কার-হীন হওয়ায় বেদোক্ত ধর্ম-কর্মের উপযোগে আসিবার যোগ্য হয় না। ১৬-১৭

তদনন্তর দক্ষের আরও ষষ্ঠ পুত্র হয়, তাঁহারা বেদের জ্ঞানযুক্ত ব্রাহ্মণ ছিলেন তাঁহারা বলবান্, অতিশয় উৎসাহসম্পন্ন, মহাপরাক্রমশালী ও মহাতেজস্বী ছিলেন ১৮

এই সামর্থ্যশালী মহাত্মা পুত্রগণকে যজ্ঞকর্মপরায়ণ পিতা দক্ষ বলিলেন,—পুত্রগণ! আমি তোমাদের নিকট হইতে যাত্রীর (পৃথিবীর) অন্ত গুনিতে ইচ্ছা করি, ও হন, আমি বলবান্ (অতএব যাত্রীর অন্ত জানি। ১৯

তদুত্তরে পুত্রগণ! তোমাদের নিকট হইতে যাত্রীর অন্ত শ্রবণ করিয়া তোমাদের বলের জ্ঞানলাভ করিলে পর আমি প্রজাবর্গের জন্য বিপুল বলের সৃষ্টি করিব করণ, ক্ষেত্রসমূহের (নারীসমূহের) বিশালতাহেতু আমার প্রজাগণ অধিক বলশালী হইতে পারিবে। ২০

বিশাল পৃথিবীর অন্ত জানিতে ইচ্ছুক এই প্রজাপতিপুত্রকে পৃথিবীদেবী নিজের আধিদৈবিক রূপের প্রত্যক্ষ দর্শন করাইলেন না। ২১

তদনন্তর যখন ভবাবসিত কৃতযুগ (বিশুদ্ধ সত্ত্বময় ভাব) আসিল, তখন (সেই প্রজাপতিপুত্রগণের নিজেদের অভিপ্রায়ের সিদ্ধি হইয়া যাইলে পর) প্রমাতা ক্ষেত্রজ্ঞ (পরমাত্মা বিষ্ণু) দ্বারা প্রেরিত হইয়া যাত্রী যাঁর সচ্চিদানন্দ স্বরূপের দ্বারা সমাগ্ জ্ঞানের জননী এবং সমস্ত প্রাণিগণের জন্মদায়িনী হইলেন। তিনি অণ্ডজ ও স্বেদজ প্রাণিবর্গকে উৎপন্ন করিলেন এবং তিনি কর্মফলভোগকারী প্রাণিবর্গের শরীরসকলের লঘু, সূক্ষ্ম ও বিশাল রূপ প্রদান করিলেন। ২২-২৩

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বে পুরুরপ্রাদুর্ভাববিষয়ক একবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বাবিংশোঽধ্যায়ঃ ৪

[স্বীয় অঙ্গজাত ব্রাহ্মণপরায়ণা দক্ষের কন্যাদানমুৎপাদনম্, তাভ্যঃ ধর্ম্মায়, কশ্যপায়, সোমায় চ প্রদানম্, দক্ষ-কন্যানাং সন্তানানাং বর্ণনম্, তেভ্যঃ দেবলোকে উচ্চবংশমর্য্যাদকথনঞ্চ]

জনমেজয় উবাচ

সাম্প্রতং শ্রোতুমিচ্ছামি ত্রেতায়াঃ ব্রহ্মণোত্তম
যজ্ঞভাগা সর্ব্ববিদ্যানাং পরং পশ্যেয়মব্যয়ম্ ॥ ১

বৈশম্পায়ন উবাচ।

দক্ষস্তু পুনরালভ্য স্ত্রীভাবং পুরুষোত্তমঃ।
যোগাদ্ যোগেশ্বরাত্মানং নিয়ম্যো গিরিমূর্দ্ধনি ॥ ২
পুজাভূঃ স্ত্রীনজঘনা শুভ্রঃ পদ্মনিভাননা।
রক্তান্তনয়না কান্তা সর্ব্বদুস্তনয়োরমা ॥ ৩
দক্ষঃ প্রাচেতসস্তস্যাঃ কন্যায়াঃ জনয়ৎ প্রভুঃ।
দেহার্দ্ধযোগবিধিনা কন্যাঃ পদ্মনিভাননাঃ ॥ ৪
দক্ষঃ পুরুষরূপেণ স্ত্রীরূপলবণায় বৈ
দর্শনে সর্ব্বভূতানাং কান্তঃ কান্ততরোঽভবৎ ॥ ৫

তাঃ কন্যাঃ প্রদদৌ দক্ষঃ স্বয়ং প্রাচেতসঃ প্রভুঃ।
ব্রহ্মদেয়েন বিধিনা ব্রহ্মপ্রাপ্তেন ভারত ॥ ৬
প্রদদৌ দশ ধর্ম্মায় কশ্যপায় ত্রয়োদশ।
সপ্তবিংশতি সোমায় পত্নীত্বেতাঃ সমাহিতঃ ॥ ৭
দক্ষো দত্ত্বাথ তাঃ কন্যা ব্রহ্মক্ষেত্রঃ প্রপদ্য চ।
ব্রহ্মণাধ্যুষিতঃ পুণ্যাঃ সমাহিতমনা মুনিঃ ॥ ৮
তপ্যমানো মৃগৈঃ সার্দ্ধং ষষ্টিং বর্ষসহস্রকং বৃপ।
তৃণমূলফলৈর্বৃদ্ধো বৃক্ষস্ত তপসাসকৃৎ ॥ ৯
মৃগাস্তস্য মোদন্তি ফলাঃ মোদন্তি বৃক্ষগাঃ।
দীক্ষিতঃ পুণ্যকর্ম্মাণস্তপসা দগ্ধকিল্বিষাঃ ॥ ১০
সংগ্রামকালে কালজ্ঞঃ শরীরাণিপরিমুনিঃ
কর্ম্মযজ্ঞকৃতাঃ তত্র সিদ্ধিং পশ্যতি লক্ষণাম্ ॥ ১১

দ্বাবিংশ অধ্যায়

[দক্ষের স্ত্রীর অঙ্গ জাত হইতে স্ত্রীরূপ হইয়া বহু কন্যার উৎপাদন এবং তাঁহাদিগকে ধর্ম্ম, কশ্যপ ও সোমকে প্রদান, দক্ষ-কন্যাদিগের সন্তানগণের বর্ণন তাঁহাদের দেবলোকে উৎপন্ন হইবার যোগ্যতাকথন।]

জনমেজয় বলিলেন,—ব্রহ্মন্! ত্রেতাযুগের প্রবৃত্তিকাল (যজ্ঞাদি) ধর্ম্মে যাহা সনাতন তত্ত্ব, তাহা আমি শুনিতে ইচ্ছা করি, যাহা জানিয়া এবং আচরণ করিয়া আমি সমস্ত বিদ্যা-সমূহের লক্ষ্য অধিনায়ী ব্রহ্মকে সাক্ষাৎকার করিতে পারি। ১

বৈশম্পায়ন বলিলেন,—রাজন্! পুরুষোত্তম দক্ষ যোগবলে স্ত্রী-দেহ প্রাপ্ত হইলেন। এই স্ত্রী-দেহ সেই যোগেশ্বর দক্ষের বিভেদেই উদ্ভব ছিল। সেই উদ্ভব অবলম্বন করিয়া তিনি এক পর্ব্বতের শিখরে উপবিষ্ট ছিলেন। ২

সেই স্ত্রীর জানু জঘন, জঘনপ্রদেশ স্থূল, উরুদ্বয় মনোহর, মুখ প্রফুল্ল পদ্মের ন্যায় কান্তিমান্ এবং দুই নয়নের প্রান্তভাগ রক্তবর্ণ ছিল। সমস্ত স্তনদ্বয়ের মনোমোহিনী এই নারী কমনীয় কান্তিমতী ছিলেন। ৩

তখবান্ প্রাচেতস দক্ষ দেহার্দ্ধ সংযোগের বিধি অনুসারে সেই অর্দ্ধাঙ্গজনিত নারীর গর্ভ হইতে প্রফুল্ল কমলের ন্যায় মনোহর মুখবিশিষ্ট বহু কন্যা উৎপন্ন করিলেন। ৪

তাহার পর সেই স্ত্রীরূপ ত্যাগ করত দক্ষ পুনরায় পুরুষরূপে অবস্থান করিতে লাগিলেন। সেই সময় তিনি সমস্ত প্রাণিগণের দৃষ্টিতে পরম কান্তিমান্ ও কমনীয় প্রভীত হইতেছিলেন। ৫

তাহার পর প্রাচেতস তখবান্ দক্ষ সেই কন্যা-দিগকে যেমোক্ত ব্রাহ্মবিধি অনুসারে বিবাহে দান করিলেন। ৬

তিনি একাগ্রচিত্তে ধর্ম্মকে দশ, কশ্যপকে তের এবং সোমকে (চন্দ্রকে) সাতাশ কন্যা এইরূপ দান করিলেন যে, তাঁহারা এই কন্যাগণকে ধর্ম্মপত্নীরূপে গ্রহণ করিবেন। ৭

সেই কন্যাদিগকে দান করিবার পর দক্ষমুনি ব্রহ্মার ক্ষেত্র প্রয়াগে আসিলেন, যেখানে ব্রহ্মা পূর্ব্বে বাস করিয়াছিলেন এবং সেইজন্য যাহা পরম পুণ্যপ্রদ তীর্থ হইয়া বিরাজিত। সেখানে আসিয়া তিনি মনকে একাগ্র করত পরমাত্মার চিন্তা করিতে লাগিলেন। ৮

নৃপ জনমেজয়! তখনতর দক্ষ তপস্যায় রত হইয়া মৃগগণের সহিত পৃথিবীতে বিচরণ করিতে লাগিলেন। তিনি তৃণ ও ফল-মূলের দ্বারাই নিজের শরীরের পোষণ করিতেছিলেন। এইভাবে তাঁহার তপস্যার বিস্তর বৃদ্ধি হইতে লাগিল। ৯

তাঁহার তপস্যার প্রভাবে মৃগগণ অত্যন্ত আনন্দ অনুভব করিতে লাগিল (কারণ, তাঁহার তপস্যায় সর্ব্বত্র অহিংসাভাব প্রসারিত হইয়া উঠিল)। বৃক্ষে দীক্ষিত হইয়া পুণ্যকর্ম্মকারী ও তপস্যার দ্বারা নিজের পাপসমূহ দগ্ধকারী ব্রাহ্মণ দক্ষ সেই অহিংসাপ্রধান তপস্যার বৈভবাগমন ফল প্রত্যক্ষ দেখিয়া আনন্দে মগ্ন হইয়া যাইলেন। ১০

নিজের চিত্তের উপর জয়লাভ করিবার জন্য যে সংগ্রাম (রজ-বিক্ষেপাত্মক তপশ্চরণতাপূর্ণ সাধন) যোগীকে করিতে হয়, তাহার সময় আসিলে পর কালের গতিবিধি এবং শরীর-ইন্দ্রিয়াদি-

দানমানপ্রধাবাদ্ধ নিরুদ্বেগা নিরাশিষঃ।
মুনেঃ সত্ত্ব ভবা যান্তি সপত্নীকাঃ সুপুত্রিণঃ ॥ ১১
ব্রাহ্মণাঃ স্তোত্রসংসিদ্ধা জনিত্রে প্রথমে পদে
ব্রহ্মসাধ্যায়িতত্বাচ্চ ব্রহ্মক্ষেত্রমিতোচ্যতে ॥ ১৩
যতিভিঃ কর্মভিস্তৈস্তৈস্তত্রোদ্বৈজিতজৈস্তিঃ।
চরদ্ভির্বশুধাং বিপ্রৈরকিঞ্চনপরৈর্মিতিঃ ॥ ১৪
যা প্রজা পূর্বমারূঢ়া মানসী ব্রহ্মচারিণী।
সৈবৈষা ব্যক্তিমাপন্না স্বভাবচরতিক্রমা ॥ ১৫
অব্যক্তা ব্যক্তমাপন্না স্বভাবাদ্ বৃত্তিক্রমা।
ব্যক্তাব্যক্তগতিশ্চৈষা কালধর্ম্মাশ্রয়াপতে ॥ ১৬
স্থাবরা জঙ্গমাশ্চৈব স্থূলসূক্ষ্মাশ্চ ভারত
কালযোগেন কালজ্ঞা ভবন্তি ন ভবন্তি চ ॥ ১৭
এতাশ্চৈতাঃ প্রজাঃ সর্বা দক্ষকন্যাসু ভক্তিরে।
কল্পোপনাবারেণেহ সংযুক্তাঃ কালধর্মণা ॥ ১৮
আদিত্যা বসবো রুদ্রা বিশ্বেদেবা মরুদ্গণাঃ।
নাগাশ্চাপ্যনেকশিরসঃ সাধ্যা বৈ পরমাস্তথা ॥ ১৯
গন্ধর্বাঃ কিন্নরা যক্ষা স্তথাপ্সরসি চাপরে।
গরুত্মান্ সহ সংক্ষেপ্ত কিন্নরাশ্চ সুবাসসঃ ॥ ২০
গাবঃ পশুগণৈঃ সার্দ্ধং নরাশ্চ বসুধাধিপ।
চরাচরাশ্চ বসুধা ধর্ত্রীবন্ত ইহাভবাঃ ॥ ২১
গজাঃ সিংহাশ্চ ব্যাঘ্রাশ্চ হয়া পঞ্চদরাস্তথা।
খড়্গা বিষাণিনশ্চৈব বৃষভাশ্চ মৃগাস্তথা ॥ ২১
চতুর্বিষাণা গাবেন্দ্রা পদ্মাভা বর্ণতঃ শুভাঃ
সর্বলক্ষণসম্পন্নাঃ প্রাণিনঃ কানকাপিচ ॥ ২৩
তেষাং রূপৈস্তথা গাত্রৈস্তৈঃ শীলৈস্তৈঃ পরাক্রমৈঃ।
মুনয়ঃ পুনরুদ্ভূতা ধর্ম্মক্ষেত্রে সনাতনে ॥ ২৪

দিগকে দাসত্বকারী মুনিবর দক্ষ কন্যাদিগের সিদ্ধি প্রভাব দেখিতে পাইলেন; কারণ, তাঁহার নিকট সিদ্ধিসূচক লক্ষণ প্রকাশ পাইতে লাগিল ॥ ১১

যাঁহারা অপরকে দান মান দান করিতে প্রধান বীর, যাঁহাদের উদ্বেগ শান্ত হইয়া গিয়াছে, যাঁহারা আমিষাদি ভোগ-সমূহ পরিত্যাগ করিয়াছেন এবং যাঁহারা শ্রেষ্ঠ পুত্রগণের পিতা, এরূপ বৃহদ্ব্রত বিজগণ নিজ নিজ পত্নীর সহিত সেই বনে যাইয়া তৃণমূলের সহিত বৃত্তাবস্থা প্রাপ্ত হন ॥ ১২

বেদাধ্যয়নে সিদ্ধ ব্রাহ্মণগণ সেস্থানে সকলের উৎপাদক প্রথম পদ—পরব্রহ্ম পরমাত্মার প্রতিষ্ঠিত হইয়াছিলেন এবং ব্রহ্মা সেস্থানে বাস করিয়াছিলেন, সেইজন্য সেস্থানে প্রজাগণকে ব্রহ্মক্ষেত্র বলা হয় (আধ্যাত্মিক দৃষ্টিতে ব্রহ্মের উপলব্ধির স্থান বলিয়া এই শরীরই ব্রহ্মক্ষেত্র) ॥ ১৩

যাঁহারা কর্মসকল (কর্মবন্ধন) হইতে মুক্ত হইয়াছেন, ক্রোধকে জয় করিয়াছেন এবং ইন্দ্রিয়দিগকে বশীভূত করিয়াছেন, সেই অকিঞ্চন (পরিগ্রহশূন্য) পথে চলিতে ইচ্ছুক ও পৃথিবীতে বিচরণকারী সেই সন্ন্যাসী ব্রাহ্মণগণ এই ক্ষেত্রকে (প্রজাগণ বা শরীরকে) ব্রহ্মক্ষেত্র বলেন ॥ ১৪

যে প্রজা (সৃষ্টি) জগদারম্ভকালে হিত সর্বাত্মরূপ ব্রহ্মে আরূঢ় ছিলেন, ব্রহ্মেই বিচরণ করায় ব্রহ্মচারিণী বলিয়া কথিতা হইতেন এবং মানসিক সঙ্কল্পে অবস্থান করায় মানসী বলিয়াও কথিতা হইতেন, এই সেই তিনিই স্বভাবে সংস্কার বা প্রারব্ধে) দুর্লভা হইয়া অব্যক্তাবস্থা হইতে ব্যক্তাবস্থা প্রাপ্ত হইয়াছেন ॥ ১৫

যিনি অব্যক্তা ছিলেন, তিনি স্বভাবে দুর্লভা হইয়া ব্যক্তাবস্থা প্রাপ্ত হইয়া থিয়াছেন। রাজন! কালধর্মে এই সমস্ত প্রজা ব্যক্ত ও অব্যক্তরূপে পরিণত হইতেছে ॥ ১৬

ভারত! কালযোগে স্থাবর-জঙ্গম, স্থূল ও সূক্ষ্ম সকল প্রাণী যোগজ্ঞ হয়, আবার যোগজ্ঞ হয়ও না ॥ ১৭

এই সমস্ত প্রজাই সৃষ্টির কল্পের দ্বারা দক্ষকন্যাগণের গর্ভ হইতে উৎপন্ন হইয়াছে। ইঁহারা সকলেই কালরূপ ধর্ম্মবিশিষ্ট অক্ষয়-স্বভাবে সংযুক্ত ॥ ১৮

রাজন! আদিত্য, বসু, রুদ্র, বিশ্বেদেব, মরুদ্গণ, অনেক মস্তকবিশিষ্ট নাগ, সাধ্য, সর্প, গন্ধর্ব, কিন্নর, যক্ষ, সুপর্ণ, গরুড়, সুন্দর বস্ত্রধারী কিন্নর, অন্যান্য পশুসমূহের সহিত গো, মনুষ্য, চরাচর প্রাণী, পৃথিবীধারণকারী পর্ব্বত, হস্তী, সিংহ, ব্যাঘ্র, পঞ্চনখী অশ্ব, গর্দ্দভ, খড়্গধারী বৃষভ ও মৃগ, চার দন্তযুক্ত ও পদ্মতুল্য কান্তিমান্ শুভলক্ষণ গজরাজ এবং সমস্ত লক্ষণসমূহে সম্পন্ন ও ইচ্ছানুসারে রূপ ধারণকারী অন্যান্য প্রাণী—এই সকলেরই উৎপত্তি মহর্ষি কশ্যপ ও তাঁহার পত্নী দক্ষকন্যাগণ হইতেই হইয়াছে ॥ ১৯-২৩

ধর্ম্মের সনাতন প্রসবভূমি ভারতবর্ষে যে সব মুনিগণ পুনরায় উৎপন্ন হইয়াছেন, তাঁহারা পূর্বকল্পের ঋষি-মুনিগণের রূপ, শরীর, শীল ও পরাক্রমসম্পন্ন ছিলেন ॥ ২৪

ক্ষেত্রজ্ঞা মানসে লোকে ধর্ম্মিণো বেদগোচরাঃ।
যজ্ঞোদ্ভূতাঃ সুরাঃ সর্ব্বে দিবি লোকে প্রতিষ্ঠিতাঃ ১৫
যে চাত্তে তপসা সিদ্ধা গৃহস্থা মনুজাধিপ।
ব্রহ্মচর্য্যেণ সংসিদ্ধাঃ পরিচর্য্যা সতা গুরোঃ ॥ ১৬
যে চ যোগগতিং প্রাপ্তাঃ সিদ্ধিহেতোর্মহীপতে।
ক্লেশাধিকৈঃ কর্ম্মভিস্তৈস্তৈঃ লব্ধান্তি বৈ দ্বিজাঃ ॥১৭
শিলোঞ্ছবৃত্তয়ঃ খ্যাতাঃ সপত্নীকা দৃঢ়ব্রতাঃ।
সর্ব্বে তেতে দিবিচরা ভবন্তি চরিতব্রতাঃ ॥ ১৮
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
পৌত্তরে ত্রাবিংশোঽধ্যায়ঃ ॥ ১১ ॥

বেদোক্ত পথে গমনকারী ধর্ম্মাত্মা ক্ষেত্রজ (আত্মনিষ্ঠ) পুরুষগণ মানসলোকে (মনঃকল্পিত বাহ্য বা অতীন্দ্রিয় ভবনে) দেবতারূপে প্রকটিত হন এবং ইঁহারা সকলে দিবা লোকে প্রতিষ্ঠিত হইয়া থাকেন ॥ ১৫

নরপতে! অন্য যে সব পুরুষ তপস্যায় সিদ্ধ হন অথবা যে সব ব্রহ্মচারী গুরুর সেবা করিয়া ব্রহ্মচর্য্যপালনের দ্বারা সিদ্ধি লাভ করেন; পৃথ্বীনাথ! যাঁহারা সিদ্ধির জন্য যোগপথ অবলম্বন করিয়াছেন, যে ত্রিগুণ সংকর্ম্মের জন্য অধিক ক্লেশ সহ্য করত জীবিকা প্রাপ্ত হন, যাঁহারা অগ্নিতে পতিত শস্যাদি সংগ্রহ বা হাটে বাজারে পতিত শস্যাদি সংগ্রহ করিয়া জীবন নির্ব্বাহ করেন বলিয়া বিখ্যাত এবং পত্নীর সহিত অবস্থান করত দৃঢ়ভাবে ধর্ম্মপালনে রত আছেন, ইঁহার সকলেই উত্তম ব্রতপালনকারী এবং ইঁহারা সকলেই আকাশচারী দেবতা হন ॥ ১৬-১৮

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে পুত্রোৎপ্রাদুর্ভাব বিষয়ক বাকিল অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥

[ব্রাহ্মণো মহাযজ্ঞবর্ণনম্।]

বৈশম্পায়ন উবাচ

পিতামহং পুরস্কৃত্য মেরুপৃষ্ঠে সনাতিতাঃ।
জটাজিনধরা বিপ্রাস্ত্যক্তক্রোধা জিতেন্দ্রিয়াঃ ॥ ১
পর্ব্বতান্তরসংসিদ্ধে বহুপাদপসংকুলে
ধাতুসংরঞ্জিতশিলে সমে নিষ্ণকণ্টকে ॥ ২
ত্রয়াণাং ব্রহ্মবেদানাং পরস্পরবিরাজিতে
মন্ত্রব্রহ্মপরা নিত্যং নিত্যং ব্রতহিতে রতাঃ ॥ ৩

একমেবাগ্নিমাধায় সর্ব্বে ব্রাহ্মণপুঙ্গবাঃ
বিভিন্নমন্ত্রবিষয়ৈঃ পৃথগাহিতমানসাঃ ॥ ৪
ত্রিধা প্রণীতো অনলো মুনিভির্বেদপারগৈঃ।
অতস্তে তস্যমাপন্না যদেকস্ত্রিবিধঃ কৃতঃ ॥৫
একমেব মহানগ্নির্হবিঃ সংপ্রবর্ত্ততে।
স্বধাকারেণ ধর্ম্মজ্ঞ মন্ত্রাণাং কার্য্যসিদ্ধয়ে ॥ ৬

ত্রয়োবিংশ অধ্যায়।

[ব্রহ্মার মহাযজ্ঞ বর্ণন।]

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! মেরুপর্ব্বতের পৃষ্ঠে (শিখরে) পিতামহ ব্রহ্মাকে অগ্রে করত একাগ্রচিত্ত বহু ব্রাহ্মণ অবস্থান করিতেছিলেন। ইঁহারা সকলেই জটা ও মৃগচর্ম্ম ধারণ করিয়াছিলেন, ক্রোধকে ত্যাগ করিয়াছিলেন এবং চিত্তেন্দ্রিয়কে জয় করিয়াছিলেন ॥ ১

পর্ব্বতের এই শিখর অন্য পর্ব্বতসমূহে পরিবৃত ছিল। সেখানে বহু বৃক্ষ শোভা পাইতেছিল। এখানে শিলাসমূহ অনেকপ্রকার ধাতুতে রঞ্জিত ছিল। সেই সমতল প্রদেশে তৃণ ও কণ্টক ছিল না। ব্রহ্মের জ্ঞানরূপক তিন বেদের পদ (উদাত্ত, অনুদাত্ত, স্বরিত, একশ্রুতি ও প্রচয়) দ্বারা এই পর্ব্বতশিখরের অভিনয় শোভা হইতেছিল। সেই স্থানে উপবিষ্ট ব্রাহ্মণগণ মন্ত্রজপরূপী যজ্ঞে সদা তৎপর ছিলেন। ব্রতপালনে ও পরহিতসাধনে সতত ইঁহাদের প্রবৃত্তি ছিল ॥ ২-৩

এই সব ব্রাহ্মণপ্রবরগণ সেস্থানে একই অগ্নি স্থাপন করত একাগ্রচিত্ত হইয়া তাঁহার উপাসনা করিতেছিলেন। ইঁহারা যজ্ঞপ্রতিপাদ্য বিষয়সমূহের প্রতি লক্ষ্য রাখিয়া সেই অগ্নিকে অনেক ভাগে বিভক্ত করিলেন ॥ ৪

বেদজ্ঞানবতী বিদ্বান্ মুনিগণ সেই অগ্নিকে তিন ভাগে বিভক্ত করিয়া স্থাপিত করিলেন। (সেই তিন অগ্নির নাম আহবনীয়, গার্হপত্য ও দক্ষিণ।) ইঁহাদের দ্বারা একই অগ্নির তিন রূপে অভিব্যক্তি হইল, সেইজন্য তাঁহারা তত্ত্বের বোধ প্রাপ্ত হইলেন ॥ ৫

ধর্ম্মজ্ঞ জনমেজয়! একই অগ্নি মন্ত্রোক্ত কার্য্যের সিদ্ধির জন্য স্বধারূপ হবিষ্যের সেবনে মহান্ হইয়া সমাকৃরূপে প্রজ্বলিত হইলেন ॥ ৬

স্বরূক স্রুক্ সংপ্রাপ্তো ভগবান্ ভূতসংকৃতঃ।
ব্রহ্মা ব্রহ্মাণনির্মাতা সর্ব্বভূতপিতামহঃ ॥ ৭
ধন্বী চর্ম্মী শরী খড়্গী শিখী পদ্মনিভাননঃ।
অজবাস্ত্রসন্তাপো জিতক্রোধো জিতেন্দ্রিয়ঃ ॥ ৮
যজতে পুষ্করে ব্রহ্মা মেধ্যয়া সহ সঙ্গতঃ।
ইজ্যপ্রোক্তানি সামানি গীয়ন্তে ব্রহ্মবাদিভিঃ ॥ ৯
ঘৃতং ক্ষীরং যবা ব্রীহিঃ সর্ব্বং পরমকং হবিঃ।
বেদপ্রোক্তং মখে হুক্তং কল্পিতং ব্রহ্মণঃ পদে ॥ ১০
নির্মথ্যারণিমাত্রেণ শমীগর্ভসমুত্থিতাম্।
স ব্রহ্মা প্রথমঃ তস্মিন্নগ্নিমগ্র্যং প্রবর্ত্তয়ং ॥ ১১
ন হ্যন্যং বিদিতং ত্বগ্র্যং যথাগ্নির্ব্রহ্মকর্মণি।
প্রবর্ত্তয়েদ্ বিভাগৈর্যো হুতহব্যমমন্ত্রং বলম্ ॥ ১২
ফলানি তৈঃ প্রযুক্তানি হবীংষি বিততেঽধ্বরে।
প্রযুঞ্জতে প্রয়োগজ্ঞা মুনয়ঃ ব্রহ্মবাদিনঃ ॥ ১৩
যস্মাসাংস্তুতুরো বেদান সমভাষে বৃহস্পতিঃ।
ব্রহ্মণো বিততে যজ্ঞে পরমা ব্রহ্মসম্পদা ॥ ১৪
শিক্ষাক্ষরসমেতাভা মধুরাভাঃ সমন্ততঃ।
সাদ্ভুতরিতমায়াভাঃ সরবত্যাঃ প্রভাবতঃ ॥ ১৫
তেন ব্রাহ্মণশব্দেন ব্রহ্মপ্রোক্তেন ভারত।
বিভাতি স মখো ব্যক্তং ব্রহ্মলোক ইবাপরঃ ॥ ১৬
মখো ব্রহ্মমুখোদ্গীর্ণো ব্রহ্মণৈস্তেনানলৈঃ।
প্রয়োগৈঃ সম্প্রযুক্তস্তু ভস্মনীব বিবর্ত্ততে ॥ ১৭
সমিদ্ভিঃ সোমকলসৈঃ পাত্রৈশ্চৈব বলিশ্চরৈঃ।
ঋত্বৈর্ভীভিরাক্তৈশ্চ পূর্ণৈশ্চ ফলভাজনৈঃ ॥ ১৮
কর্ম্মপ্রাপ্তৈশ্চ পশুভিঃ কর্মভিশ্চাপরাজিতৈঃ।
গোভিঃ পয়স্বিনীভিশ্চ পরিবৃংহৈশ্চ কোমলৈঃ ॥ ১৯

সমস্ত প্রাণিগণের দ্বারা সম্মানিত স্বয়ং ভগবান্ ভক্ত সেই ব্রহ্মাকে প্রাপ্ত হইলেন, যিনি ব্রাহ্মণগণকে সৃষ্টি করিয়াছেন এবং সকল ভূতের পিতামহ ॥ ৭

তিনি ধনু, বর্ম্ম, ঢাল ও তরবারি—এই সব অস্ত্রধারণ করিয়াছিলেন এবং শিখা ধারণ করিয়াছিলেন। তাঁহার মুখ কমলের ন্যায় কান্তিমান্ ছিল। তিনি সন্তাপ-রহিত, ক্রোধজয়ী ও জিতেন্দ্রিয় ছিলেন ॥ ৮

সেস্থানে পুষ্করতীর্থে ব্রহ্মা মেধার সহিত উপবিষ্ট হইয়া যজ্ঞ করিতে লাগিলেন এবং ব্রহ্মবাদী ঋত্বিগ্‌গণ যজ্ঞ-কর্ম্মিত সামমন্ত্র-সমূহ গান করিতে লাগিলেন ॥ ৯

সেই যজ্ঞে ঘৃত, ক্ষীর, যব, তণ্ডুলাদি সব উত্তমোত্তম যেকবিধ হবিঃ ব্রহ্মার নিকটে সজ্জিত করিয়া রাখা হইয়াছিল ॥ ১০

শমীর গর্ভ হইতে উৎপন্ন অগ্নিসম্পর্কযুক্ত অরণী মন্থন করিয়া ব্রহ্মা সেই যজ্ঞে অন্য এক প্রধান অগ্নিকে প্রকটিত করিলেন ॥ ১১

যেরূপ যজ্ঞকর্ম্মে মন্থন করিয়া উদ্ভূত অগ্নিদ্বারা স্থাপিত করিয়া তাঁহাকেই হব্যবাহ পদার্থসমূহের আহুতি দান করিবার বিধান আছে, সেইরূপ এস্থানে অন্য দ্রব্য দানের বিধি নাই। যজ্ঞকারী পুরুষের কর্ত্তব্য হইল যে, তিনি হুত দ্রব্যসমূহ মন্ত্রকে বিভাগ পূর্ব্বক প্রকটিত করিবেন ॥ ১২

সেই বিশাল যজ্ঞে যে সব বিহিত হবিদানসমূহের উপযোগ করিয়া তাঁহাদের দ্বারা উহার যথাযোগ্য ফলও প্রকাশিত হইয়া থাকে, প্রয়োগবিৎ ব্রহ্মবাদী মুনিগণ সেই সব হবিদ্রব্যের প্রয়োগ করিতে ছিলেন ॥ ১৩

উহাতে ব্রহ্মসম্পদে যুক্ত ব্রহ্মার সেই বিস্তৃত যজ্ঞে যেকালে বৃহস্পতি ঐ যজ্ঞ সহায় চার বেদের প্রচলন করিয়াছিলেন ॥ ১৪

তিনি উপনিষদ ও কর্ম্মকাণ্ডের দ্বারা অত্যন্ত রমণীয় এবং শিক্ষার অক্ষরসমূহে যুক্ত মধুর বেদবাণীর সর্ব্বাধিকৃষ্ট প্রচলন করিতেছিলেন ॥ ১৫

তাহাতে ব্রাহ্মণ-শব্দসমূহের পাঠে ও বেদের সেই প্রচলনে এই বিশাল যজ্ঞমণ্ডপ নিশ্চয়ই অপর ব্রহ্মলোকের ন্যায় শোভা পাইতেছিল ॥ ১৬

ব্রহ্মার মুখ হইতে প্রকটিত অথবা ব্রহ্মার প্রধানতায় সম্পাদিত এই যজ্ঞ অনাময় অগ্নিসমূহের আলম্বনযুক্ত। বেদের মন্ত্র সকল ও শ্রুতি অনুসারে বিনিযুক্ত (প্রযুক্ত) যজ্ঞ-সমূহের দ্বারা সম্পাদনে অনুষ্ঠিত হইয়া আলোচনা করিতে করিতে উত্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত হইতে লাগিল ॥ ১৭

সেই যজ্ঞে সমিধ, সোমরস রাখিবার কলস, স্রুক্, স্রুবা প্রভৃতি যজ্ঞপাত্র, বাজপাত্র, যব, ব্রীহি, ঘৃত ও ফলপূর্ণ বহুপাত্র সাজাইয়া রাখা হইয়াছিল, এই সবের দ্বারা সেই যজ্ঞের অতিশয় শোভা হইতেছিল ॥ ১৮

সর্ব্ব দিক্ হইতে প্রাপ্ত মুখ্যাদি ঋত্বিগ্‌সমূহ, পরমাত্মাকে সমর্পণ করিয়া ঘৃত ইষ্টি প্রভৃতি কর্ম্মময়, যজ্ঞের দ্বারা আনীত হব্যবাহী পাত্রীসমূহ এবং তাহাদের কোমল বৎসযুক্ত দুগ্ধোপহিত সেই যজ্ঞ উত্তরোত্তর বৃদ্ধি পাইতে লাগিল ॥ ১৯

ব্রহ্মবৃদ্ধো ধরোবৃদ্ধস্তপোবৃদ্ধশ্চ ভারত
ব্রহ্মজ্ঞানদয়ো দেবা বিদ্ধযা সহ সঙ্গতাঃ ॥ ২০
যানৈশ্চ ক্রিয়ামুদ্ভির্ধৈ চ তৃতাঃ স্বয়ং নৃপ।
ব্রহ্মা জুহোতি তাংস্তত্র সারুক্তিঃ সহিতস্তদা ॥ ২১
তেজোবৃদ্ধিকরৈ রূপৈর্ন তৎকর্মণাস্পৃশৎ।
বেদপ্রোক্তেন বিধিনা সর্বপ্রাণভৃতাং বর ॥ ২২
নির্বর্ত্যাগ্নিমাত্রেয়ৈঃ শনীগর্ভসমুদ্ভিতাম্।
ক্রুত্নুনা যজতে পূর্বমিষ্টিয়ৈনেন স প্রভুঃ ॥ ২৩
সদস্তৈস্তৎসদো বাক্যৈ শুশুতে যজ্ঞকর্মণি।
জুহ্বতি মধুরা বাচঃ সাধুসারাঃ ক্রিয়াস্তথা ॥ ২৪
কর্মভিস্তে তপোযুক্তৈর্বেদবেদাঙ্গপারগৈঃ।
সূর্যোন্দুসদৃশৈ রাজন্ বিরাজন্ মহাক্রতুঃ ॥ ২৫
ব্রহ্মণ্যেষেণ মহতা ব্রহ্মবাস ইবাপরঃ

বসুধামিব সম্প্রাপ্তৈঃ সর্বৈরেব দিবৌকসৈঃ ॥ ২৬
বেদবেদাঙ্গবিদ্ভিশ্চ বিনীতৈর্ঋষিসত্তমৈঃ
সত্রাগতৈস্তপঃপ্রাপ্তৈঃ সর্বলোকে মহীয়তে ॥ ২৭
অলঙ্কৃতৈব বিপ্রেন্দ্রৈস্ত্রিভিরেবাধ্বরেঽগ্নিভিঃ।
ব্রহ্মলোক ইবাভাতি ব্রহ্মণঃ স মহাক্রতুঃ ॥ ২৮
ইন্দ্রপ্রোক্তানি সামানি গায়ন্তি ব্রহ্মবাদিনঃ।
বচনানি প্রযুক্তানি যজ্ঞাদি বিততেঽধ্বরে ॥ ২৯
তপঃশান্তা ব্রহ্মপরাঃ সত্যব্রতসমাহিতাঃ।
আষয়ুর্মুনয়ঃ সর্বে মনোভিঃ শ্রোত্রবাদিভিঃ ॥ ৩০
হোতা চৈবাভবত্ তত্র ব্রহ্মত্বে চ বৃহস্পতিঃ।
সর্ববর্ষবিদাং শ্রেষ্ঠঃ পুরাণো ব্রহ্মসম্ভবঃ ॥ ৩১
যজমানস্ত যজ্ঞান্তে বিপ্রেভ্যঃ পূজাং প্রযুজ্য চ।
অদিত্যাঃ পশ্চিমে গর্ভে তপসা সম্ভবিষ্যতে নৃপ ॥ ৩২

ভারত। বেদমন্ত্রসমূহের ধ্বনি, ক্ষত্রিয়গণের বচন ও তপস্যার প্রভাবে। বৃদ্ধিপ্রাপ্ত এই ব্রহ্মজ্ঞ নরত্র যজ্ঞদেব বিস্তার (যজ্ঞ কর্মের অঙ্গভূত ইষ্টপশ্বাদির উপাসনার)। দ্বারা সংযুক্ত হইয়া ক্রমশঃ বর্দ্ধিত হইতে লাগিলেন ॥ ২০

নৃপ জনমেজয়! সেই সময় যজ্ঞস্থলে বক্তা মন্ত্রগণের সহিত অবস্থান করত মনঃকল্পিত ঋত্বিগাদি উপকরণসমূহে যুক্ত যাজ্ঞ দ্বারা তাঁহারই দ্বারা প্রকল্পিত মৃত্তিকাদি নির্মিত পশ্বাদিসকল ভিন্ন, তাহাদিগকে অগ্নিতে আহুতি দিতে লাগিলেন ॥ ২১

নৃপ! বেদোক্ত বিধি অনুসারে কৃত ও তেজোময় (ক্ষিপ্রতর) বৃদ্ধি বায়ুকারী ব্রহ্মা-বেদবাদি যাবদ্বেদজ্ঞ তপঃসমূহে যুক্ত ব্রহ্মার এই যজ্ঞ সমস্ত প্রাণিগণের কর্মের দ্বারা অস্পৃষ্ট হইয়া যাইল অর্থাৎ ব্রহ্মার যজ্ঞ সকল প্রাণিকৃত যজ্ঞ হইতে উৎকৃষ্টরূপে পরিলক্ষিত হইল ॥ ২২

এই ভগবান্ ব্রহ্মা শমীগর্ভ। অগ্নি হইতে উৎপন্ন অগ্নি সম্পর্কিতা অরণী মন্থন করিয়া। (উৎপন্ন অগ্নিতেই) অগ্নিহোত্র যাগের দ্বারা পূর্ব বিধির সহিত যজ্ঞ করিতে লাগিলেন ॥ ২৩

সেই যজ্ঞকর্মের সম্পাদনকালে সদস্যগণে পূর্ণ এই যজ্ঞসভার মণ্ডপ অতিশয় শোভা পাইতে লাগিল। সেখানে সকলেই মধুর কথাবার্তা বলিতেছিলেন এবং সভাস্থ কর্মসহ সমস্ত ক্রিয়াই সম্পন্ন হইতেছিল ॥ ২৪

রাজন্! এই মহাযজ্ঞ বেদ-বেদাঙ্গ পারদর্শী বিদ্বান্ ও সূর্য এবং চন্দ্রতুল্য তেজস্বী ব্রাহ্মণগণের দ্বারা কৃত তপোযুক্ত কর্ম-সমূহের দ্বারা অতিশয় শে ভা পাইতেছিল ॥ ২৫

বেদসকলের মহান্ অঙ্গে এই যজ্ঞাগ বিস্তীর্ণ ব্রহ্মলোকের ন্যায় প্রতীত হইতেছিল। সেই সময় সমস্ত দেবগণ যেন ভূতলে আসিয়া উপস্থিত হইলেন ॥ ২৬

বেদ-বেদাঙ্গবিদ্, বিনয়শীল, ব্রহ্মবাদী ও তপঃসিদ্ধিপ্রাপ্ত ঋষিগণকে যাজ্ঞাস্থলে আকৃষ্ট করিতে যেন যাইতেছিল। ইহার দ্বারা এই যজ্ঞ এরূপ লোভা পাইতেছিল যেন স্বর্গলোকে প্রতিষ্ঠিত রহিয়াছে ॥ ২৭

ব্রহ্মার এই মহাযজ্ঞ তেজস্বী ব্রাহ্মণগণ ও যজ্ঞস্থলে প্রজ্বলিত ত্রিবিধ অগ্নির দ্বারা ব্রহ্মলোকের ন্যায় প্রকাশিত হইতেছিল ॥ ২৮

এই বিস্তৃত যজ্ঞে ব্রহ্মবাদী মুনিগণ ইন্দ্রকথিত সামযজ্ঞসমূহের গান করিতেছিলেন এবং যজুর্বেদের বাক্যসমূহ পাঠ করিতেছিলেন ॥ ২৯

সেস্থানে তপস্যায় শান্ত, ব্রহ্মপরায়ণ ও সত্যব্রতপালনে তৎপর সমস্ত মুনিগণ দ্রুত বাক্যের অনুসরণকারী মানসিক সঙ্কল্পের দ্বারা আসিয়া উপস্থিত হইতেছিলেন ॥ ৩০

রাজন্! সেই যজ্ঞে সমস্ত বর্ষজ্ঞগণের মধ্যে শ্রেষ্ঠ ও ব্রহ্মপুত্র অঙ্গিরার পুত্র পুরাতন ঋষি বৃহস্পতি হোতা ছিলেন এবং তাঁহাই ব্রহ্মার পদেও প্রতিষ্ঠিত ছিলেন ॥ ৩১

নৃপ জনমেজয়! যজ্ঞের শেষে ভগবান্ বিষ্ণুর পূজা করিয়া যজমান ব্রহ্মা তপস্যার পুণ্ড অদিতিদেবীর পশ্চিম গর্ভে অবতীর্ণ হইলেন ॥ ৩২

পদং বিষ্ণুজ্ঞো ব্রহ্ম নির্দ্বন্দ্বং নিষ্পরিগ্রহম্
যতঃ পদমভ্রাণি ভবিষ্যন্ত্যনুবন্তি চ ॥ ৪

অবস্থাং চাপ্রমেয়ঞ্চ ব্যতিরিক্তং কর্ম্মভিঃ
আপ্নোতি যত্র মুনয়ো ভবন্তি নিষ্পরিগ্রহাঃ । ৩৪

পরিগ্রহাস্তু বিষয়া দোষপ্রাপ্তা মহীপতে
দোষাস্তু মূলতঃ সর্ব্বে জায়ন্তে মনো বলাৎ ॥ ৩৫

ইন্দ্রিয়গ্রামরিষয়ে পরক্তো নিষ্পরিগ্রহাঃ ।
পরিগ্রহং তু কুর্ব্বন্তি লক্ষণং বিদ্ধি ॥ ৩৬

বিদ্যালক্ষণসংযোগান্ন মনস্তাপ্যতে নৃপ ।
যদি তেষুনিশঙ্কেন গৃহ্যতে তত্ত্বমাদিভিঃ ॥ ৩৭

বেদবিদ্যাব্রতস্নাতৈর্নিষ্ঠিতঃ কুরুসত্তম
বিধিং লোকাঃ সতাং স্থানং লোকানাং লোক উচ্যতে ॥৩৮

যত্র দেবা ন ম্রিয়ন্তে ন ক্ষয়ো যস্মিন্ ভারত
যজমানস্ত ভোগৈঃ স্বৈঃ কর্ম্মপ্রাপ্তোপিতে পদে ।
মোদতে সহ পত্নীভিরিন্দ্রো বসুষাধিপ ॥ ৩৯

যজ্ঞাবসানে শৈলেন্দ্র বিজেভ্যঃ প্রদদৌ প্রভুঃ ।
দয়য়া সর্ব্বভূতানাং নির্ম্মলেনান্তরাত্মনা ॥ ৪০

তা শৈলাঃ সর্ব্বগাত্রাণি পরস্পরবিশেষিণঃ ।
ন শেকুঃ প্রবিভাগার্থং ভেত্তুং সর্ব্বোঽপ্যয়ৈরপি ॥ ৪১

ততস্তে ব্রাহ্মণগণা নিঃসেহুর্দগ্ধপাদপে
ভ্রমেণাভিহতাঃ সর্ব্বে বিষণ্ণবদনা নৃপ ॥ ৪২

নৃপার্থো গিরিমুখ্যস্ত বাগ্ভিরিষ্টাভিরীড়িতা
অব্রবীৎ প্রণতঃ সর্ব্বান্ বিনয়াভ্যান্ দ্বিজোত্তমান্ ॥ ৪৩

ন হি শক্যো বলাদ্ভেত্তুং মূর্খাভিরসুসঙ্গিভিঃ ।
অপি বর্ষশতৈর্দ্বিজৈঃ পরস্পরবিরোধিভিঃ ॥৪৪

পরম পদ বিষ্ণু। অতএব এরূপ সেই বিষ্ণুসংজ্ঞক নির্দ্বন্দ্ব ও পরিগ্রহশূন্য পদ প্রাপ্ত হইলেন, ইঁহা হইতে সমস্ত ইহাদি পদ প্রকটিত হয় এবং প্রকটিত হইবে। ৩৩

এই বিষ্ণুপদ অবক্ত অব ং ইঁহার প্রাপ্তিতে সমস্ত কর্ম্মের ফল লাভ হইয়া থাকে। ইহা অপ্রমেয় অনন্ত। ও কর্ম্মসমূহে অসঙ্গ। পরিগ্রহশূন্য মুনিগণ এই বিষ্ণুপদের আশ্রয় হন। ৩৪

কুপতে! সর্ব্বাত্মকারে স্বেচ্ছাকৃত রূপাদি বিষয় রাগাদি দোষসমূহের দ্বারাই প্রাপ্ত হয় সমস্ত পূর্ব্বপরম্পরার বলে মনকে আক্রান্তিত করে। ৩৫

মুনিগণ ইন্দ্রিয়গণের বিষয়সমূহে বিচরণ করিতে করিতেও পরিগ্রহশূন্য হন অর্থাৎ বিষয়সমূহে কখনও আসক্ত হন না। জ্ঞানী পুরুষ বেদবেদোক্ত ধর্ম্মকে ৩৬ বলিয়া মনে করেন, কিন্তু পরিগ্রহকে অবিদ্যা। অজ্ঞানের। লক্ষণ বলিয়া জানেন। ৩৬

নৃপ জনমেজয়! যদি ব্রহ্মজ্ঞানী পুরুষগণ মুনিত্ব প্রাপ্তি-কারক পথে ("তত্ত্বমসি" প্রভৃতি বাক্য প্রবণ প্রণবের উপদেশে) সাধককে অনুগৃহীত করিয়া থাকেন, তবে (উঁহার মননে তত্ত্ব জ্ঞানী হইয়া যান, এই অবস্থায়) বিদ্যার লক্ষণে সাযুক্ত হওয়ায় সাধকের মনকে রাগাদি দোষ আক্রান্তিত করিতে পারে না। ৩৭

কুরুশ্রেষ্ঠ! যাঁহারা বেদবিদ্যা ও ব্রহ্মচর্য্যব্রত পূর্ণ করিয়া স্নাতকে নিষ্ণাত হইয়াছেন এবং লোক সতোঽমি নিয়মসমূহের পালনে তৎপর থাকেন, সেই কর্ম্মই পুরুষগণ ধর্ম্মে সংযুক্তমিগের যে স্থান, তাঁহাদেরও সেই স্থান। লোক। বলিয়া অভিহিত করেন ৩৮

তাহাতে! সেই লোক হইল, যেখানে হইতে সৃষ্টি দেবগণ কখনও ক্ষয়প্রাপ্ত হন না। কুপতে! যজ্ঞকারী যজমানও সেখানে কামনানুসারে প্রাপ্ত ও সেইস্থানের অধিকারিগণের দ্বারা অনুমোদিত পদে প্রতিষ্ঠিত হইয়া নিজের জন্য নিয়ত ভোগসমূহ এবং পত্নীগণের সহিত মিলিত হইয়া সুখভোগ করেন এবং আনন্দে মগ্ন থাকেন। ৩৯

যজ্ঞের শেষে মানবাধিপতি ভগবান ব্রহ্মা নিজের নির্ম্মল অন্তঃকরণের দ্বারা সমস্ত প্রাণিদের উপর দয়া করিয়া সেই শ্রেষ্ঠ পর্ব্বত দ্বিজগণকে প্রদান করিলেন। ৪০

পরস্পর পরস্পর আপেক্ষ বিশিষ্ট ভোগাত্মাসম্পন্ন সেই ব্রাহ্মণগণ পরস্পর বিভাগ করিয়া লইবার জন্য সেই পর্ব্বতের সকল অঙ্গকে ভেদ করিতে উদ্যত হইলেন ; কিন্তু সর্ব্বপ্রকার উদ্যোগ করিয়াও উঁহাকে বিদীর্ণ করিতে সমর্থ হইলেন না। ৪১

নৃপ জনমেজয়! তখন পরিশ্রমে অত্যন্ত ক্লান্ত হইয়া সেই সব ব্রাহ্মণগণ বিষণ্ণবদনে কুরুলে বসিয়া পড়িলেন। ৪২

তখন পর্ব্বতসকলের মধ্যে শ্রেষ্ঠ ও মধুরভাষী নৃপার্থ সেই সব দ্বিজোত্তমদিগকে মস্তক নত করিয়া প্রণাম করত বলিলেন। ৪৩

ব্রাহ্মণগণ! আপনারা প্রাণে (ইন্দ্রিয়গণে। আসক্ত, অতএব পরস্পরের বিরোধী। আপনাদের ন্যায় ব্যক্তিগণ শত দিবা বৎসরকাল ধরিয়া যদিও প্রযত্ন করেন, তাহা হইলেও এই পর্ব্বতকে বলপূর্ব্বক ভেদ করিতে সমর্থ হইবেন না। ৪৪

একীভূতাঃ যদা সর্বে ভবিষ্যথ সমাহিতাঃ
অবিরোধেন যুগপদ্ বিভজিষ্যথ নির্ব্যথাঃ ॥ ৪৫
তদা হি রাগদ্বেষাভ্যাং বর্জিতে ব্রহ্মসত্তমাঃ।
বিমুক্তা রাগদোষাভ্যাং ব্রহ্ম বর্দ্ধতি শাশ্বতম্ ॥ ৪৬
ন্যাহং ভেত্স্যিন্তামি ধর্ম্মভিন্নৈঃ শিলাশতৈঃ।
ধাতুভিস্তি বিসর্পন্তি শিখরৈশ্চাপ্যপাতিভিঃ ॥ ৪৭

যখন আপনারা সকলে একীভূত ও একাগ্রচিত্ত হইতে পারিবেন এবং পরস্পর বিরোধ ত্যাগ করিয়া একসঙ্গে প্রযত্ন করিবেন, তখন আপনার সুখের সহিত এই পর্ব্বতকে বিভাগ করিতে সমর্থ হইবেন। ৪৫

ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! রাগ ও দ্বেষ বলের নাশ হয়; কিন্তু যদি নিজের চিত্ত রাগ ও দ্বেষ হইতে মুক্ত হইয়া যায়, তবে সনাতন ব্রহ্মের প্রতি সাধকের নিষ্ঠা বর্দ্ধিত হয়। ৪৬

যখন আমি এই পর্ব্বতের উপরে শয়নকারী বহুসংখ্যক হিংস্রক জন্তু—ব্যাঘ্র, সিংহ ও সর্পাদির দ্বারা প্রেরিত হইয়া আপনাদিগকে এই পর্ব্বত ছেদ করিতে নিযুক্ত করিব, তখনই আপনারা এই পর্ব্বতকে ছেদ করিতে সমর্থ হইবেন। সেই সময় ধর্ম্ম হইতে বিচ্যুত হইয়া ইহার শত শত শিলা বিকীর্ণ হইয়া

বিশীর্ণৈঃ পার্শ্ববিবরৈর্নানাগৈল্ক গলিতৈর্ভুবি।
বহুভির্ব্যালসঙ্ঘৈশ্চ চোপশায়িনো গুহাশয়ৈঃ ॥ ৪৮
প্রতিযুদ্ধ চ তদ্ বাক্যং বৈখেলস্রক্ত সুভাষিতম্।
কৃত্বা বভূবুস্তে সর্ব্বে তদা ব্রাহ্মণসত্তমাঃ ॥৪৯
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
পৌরুষে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥ ২৩ ॥

যাইবে। ক্রমান্বয়ে পতিত শিখরসমূহের সহিত বিসর্পিত (সর্পিল গতিতে পতনোন্মুখ) ধাতুসকলও ভিন্ন ভিন্ন হইয়া যাইবে। ভীষণ ভীষণ পার্শ্বগত বিবরসমূহের সহিত তাহাদের মধ্যে স্থিত নানাজাতীয়কেও কৃতলে পতিত হইতে দেখা যাইবে। (আধ্যাত্মিক দৃষ্টিতে ইহার ব্যাখ্যা হইল—এই মুলাধার পর্ব্বত হইলেন সদ্গুরু, যাহাকে ভেদ করিতে হইবে, সেই পর্ব্বত হইল অবিদ্যান; আর এই ব্রাহ্মণগণ হইলেন জ্ঞানদ্বেষী সাধক এবং পর্ব্বতের ওপরে শয়নকারী হিংস্রক জন্তুগণ হইল অন্তঃকরণে সঞ্চিত নানা প্রকারের পশু সংস্কার)। ৭৭ ৭৮

পর্ব্বতরাজ মুলাধারের কথিত এই উত্তম বাক্য শ্রবণ করিয়া সেই সব ব্রাহ্মণশ্রেষ্ঠগণ সন্তুষ্ট হইয়া যাইলেন। ৪৯

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বে পুরুর-প্রাদুর্ভাববিষয়ক ত্রয়োবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ।

[চতুর্বাহ্মণেষু স্থিতানাং ব্রাহ্মণানাং ব্রহ্মণো যজ্ঞস্থলস্য পুণ্যপ্রদেশে বাসং কর্ত্তুমিচ্ছাপ্রকাশঃ]

বৈশম্পায়ন উবাচ।

বলির্হোমান্ বহুন্ হুত্বা অজস্রশঃ ভারত।
দ্বিজানাং তপসাঢ্যানাং গৃহধর্ম্মেষু তিষ্ঠতাম্ ॥ ১
দেবতাশ্চাপ্ত পূজ্যন্তে তদা প্রভৃতি ভারত।
তেষাং ব্রহ্মবিদাং তাত্ত্ব পৃথিব্যাং ব্রহ্মবাদিনাম্ ॥ ২

তত্রৈব ব্রহ্মসদনে সমে নিম্নকটকে
প্রাজোদ্ভবনকূলে দেশে পুণ্যে পর্ব্বতরোধসি ॥ ৩
বাসং বয় প্রকুর্ব্বন্তি দৃষ্ট্বা ভগবতঃ ক্রিয়াম্।
তপোঽধিনো মহাভাগা ব্রহ্মচর্য্যব্রতে স্থিতাঃ ॥ ৪
গৃহস্থধর্ম্মনিরতা দানপ্রেপ্সু তেজসা।
যজতশ্চাপি কাল্পন্তি ধর্ম্মেণৈব বিকাল্পিনঃ ॥ ৫

চতুর্ব্বিংশ অধ্যায়।

[চার জায়গায় স্থিত ব্রাহ্মণগণের ব্রহ্মার যজ্ঞস্থলের পুণ্য-প্রদেশে বাস করিবার ইচ্ছা প্রকাশ।

বৈশম্পায়ন বলিলেন,—ভরতনন্দন! সেই সময় হইতেই সেই তপোধন ব্রহ্মজ্ঞ দ্বিজগণ গৃহস্থ-ধর্ম্মে অবস্থান করিতে লাগিলেন। তাঁহাদের গৃহে প্রতিদিন বলিবৈশ্বদেব ও হোমাদি কর্ম্মসমূহ অহিত হইতে লাগিল। রাজন্! সেই সময় হইতেই এই ব্রহ্মবাদী ব্রাহ্মণগণ কৃতলে দেবতাদিগের পূজাও করিতে লাগিলেন। ১-২

ব্রহ্মার নিবাসস্থানভূত সেই পুণ্যপ্রদেশেই পূর্ব্বোক্ত তৃণ ও কণ্টকহীন পর্ব্বতের সমতল তটে, সেখানে উদুম্বর (ডুমুর) ও বাসাদি প্রভৃতি পরিবারে পরিবৃত হইয়া যাইত, তথাবান্ ব্রহ্মার সেই যজ্ঞকর্ম্ম দেখিয়া তপস্যাভিলাষী মহাভাগ ব্রাহ্মণগণ ব্রহ্মচর্য্য-ব্রত পালনে তৎপর থাকিয়া বাস করিতে লাগিলেন। যজ্ঞ ব্রাহ্মণ উচিতরূপে গৃহস্থ-ধর্ম্মের অনুষ্ঠানে রত হইয়া সেখানে বাস করিতে লাগিলেন এবং আকাঙ্ক্ষা পরিত্যাগকারী যতিদিগের মতোই সেখানে ধর্ম্মানুসারে বাস করিতে লাগিলেন। ৩-৫

বীতাঃ কর্ম্মফলৈশ্চৈব তত্র ব্রাহ্মণপুঙ্গবাঃ।
অগ্নিহোত্রব্রতস্নাতা ছিন্নদ্বৈধাঃ সমাহিতাঃ ॥ ৬
বৈখসৃক্তেন বা যুক্তাঃ কর্ম্মণা তন্ত্রসম্মতাঃ।
চীরবল্কলসংবীতা নিয়তা নিয়তেন্দ্রিয়াঃ ॥ ৭
চরন্তো ব্রহ্মচর্য্যাঙ্গ ব্রতমগ্র্যাঙ্গ দারুণম্।
অনেন বিধিনা রাজন ক্রমপ্রাপ্তেন সর্ব্বশঃ ॥ ৮
ক্রমাদ্ যে বেদসংস্কারং পুণ্যং প্রাপ্তাঃ সনাতনম
পূর্ব্বৈর্ঋষিচরিতং রাজন মুনিভির্ব্রহ্মবাদিভিঃ ॥ ৯
নাবেদবিদ্যাগচ্ছেয়াপি বৌদ্ধং ব্রতং চরেৎ
ন চ ত্যাগেন গচ্ছেত বৃত্তধর্ম্মং ন চ ত্যজেৎ ॥ ১০
নৈবং গচ্ছেত্ত ক্রমান্নমপ্রাপ্তো বেদসঙ্গমম

অচল্ল সঙ্গমঃ পূর্ব্বং সামগানাঞ্চ ভারত ॥ ১১
যে চাপি পুত্রিণো ন স্যুঃ শ্রুতাপি প্রাপ্নুয়ুঃ ফলম্।
ব্রাহ্মণাস্তপসা শ্রান্তা গুরোস্তু পরিচর্য্যয়া ॥ ১২
যস্য নৈষ শ্রুতঃ ব্রহ্ম ন গৃহীতঃ বিশাম্পতে।
কামং তং ধার্ম্মিকো রাজা ভৃতকর্ম্মাণি কারয়েৎ ॥১৩
অথবা নৈব বিদ্যেত যদ্যত্র নাহিতেদ্ধিতঃ।
ত্রাতাং তু শ্রোত্রবিদ্যেষু মনঃ পূর্ব্বং সমাহিতম্ ॥ ১৪
এবং সর্ব্বেন্দ্রিয়ারম্ভান্ বেদপূর্ব্বেণ সমাচরেৎ।
ব্রাহ্মণো ভৃতসম্পন্নো ন ইচ্ছেদ্বৃত্তিমাত্মনঃ ॥ ১৫
ইতি শ্রীমহাভারতে খিলেষু হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
পৌষ্করে চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥ ১৪ ॥

যাঁহারা বনজাত-ফল-মূলে জীবননির্ব্বাহ করিতে করিতে বানপ্রস্থোচিত কর্ম্ম করিতেছিলেন, অগ্নিহোত্রের নিয়মে নিজাত ছিলেন, ক্রোধকে জয় করিয়া চিত্তকে একাগ্র করিয়া রাখিয়াছিলেন, সেই ব্রাহ্মণশ্রেষ্ঠগণও সেখানে বাস করিবার বাসনা করিলেন ॥ ৬

যাঁহারা বৈখসূক্ত (বিনা প্রার্থনায় সংগৃহীত। অথবা যাচ্ঞা করিয়া প্রাপ্ত অন্নেই জীবন-নির্ব্বাহ করিতেন, চীর ও বল্কল পরিধান করিতেন এবং নিয়মপরায়ণ হইয়া ইন্দ্রিয়দিগকে সংযত করিয়া রাখিতেন, সেই শ্রেষ্ঠ ব্রাহ্মণগণও সেখানেই বাস করিবার ইচ্ছা করিলেন। যাঁহারা কঠোর ব্রত আশ্রয় করিয়া ব্রহ্মচর্য্য পালন করিতেছিলেন, তাঁহারাও সেখানে বাস করিতে অভিলাষী হইলেন ॥ ৭৫

রাজন্! এই বিধি অনুসারে ক্রমশঃ প্রাপ্ত আশ্রমধর্ম্ম পূর্ব্বরূপে পালন করিতে করিতে যে ব্রাহ্মণগণ প্রাচীন ব্রহ্মবাদী মুনিগণের দ্বারা আচরিত পবিত্র সনাতন বেদ-সংস্কারকে ক্রমশঃ উপলব্ধ করিয়াছিলেন, তাঁহারাও এখানে বাস করিতে ইচ্ছুক হইলেন ॥ ৮-৯

সম্পূর্ণ বেদের জ্ঞান লাভ না করিয়া মানুষের ব্রহ্মচর্য্য আশ্রম হইতে গৃহস্থাশ্রমে আসা উচিত নয়। তিনি কঠোর ব্রত (বানপ্রস্থোচিত তপ) করিবেন না। সন্ন্যাস পথও অবলম্বন করিবেন না এবং গৃহস্থ ধর্ম্ম পরিত্যাগ করিবেন না। (বেদের জ্ঞান লাভের পর বিবেকানুসারে এক আশ্রম ত্যাগ করত অন্য আশ্রম গ্রহণ করিতে হয়) ॥ ১০

ভারত! বৈদিক জ্ঞানলাভে বঞ্চিত না করিয়া বেদানে স্থির থাকা কঠিন, সেই চতুর্থ আশ্রমে যাওয়াও উচিত নয়। ঋগ্বেদ, সামগ ও যজুর্বেদীয়গণদের প্রথমে ঋক্‌সংহিতার জ্ঞান সঞ্চয় করা কর্ত্তব্য ॥ ১১

যাঁহারা পুত্রবান্ নহেন অথবা যাঁহারা গৃহস্থাশ্রমে প্রবেশ করেন নাই, যাঁহারা বেদাদি গ্রন্থ পড়িয়াও তাহার ফলস্বরূপ জ্ঞান লাভ করিতে পারেন নাই। তপস্যা ও শ্রীগুরুসেবার ব্রত স্বীকার করিয়া তাহার ফলস্বরূপ জ্ঞান ব্রাহ্মণগণ প্রাপ্ত হইয়া থাকেন ॥ ১২

প্রজানাথ! যে ব্রাহ্মণ শ্রীগুরুদেবের নিকট হইতে বেদ শ্রবণ ও তাহার জ্ঞান শ্রবণ করেন নাই, সেই ব্রাহ্মণকে দিয়া ধর্ম্মাত্মা রাজা নিজের ইচ্ছানুসারে দূতোচিত কর্ম্ম করাইবেন ॥ ১৩

অথবা যদি দ্বিজ ব্রাহ্মণ হইয়াও বেদের সমাদর না করেন, তবে তাঁহার মধ্যে ব্রাহ্মণত্বই থাকে না। যিনি ব্রহ্মচর্য্য ও পার্থিব উভয় অবস্থাতেই শ্রবণযোগ্য ধর্ম্ম এবং ব্রহ্মে প্রথম হইতেই (অন্যান্যাবাপনা সময় হইতেই) মনকে একাগ্র করিয়াছেন, তিনিই ব্রাহ্মণ (অতএব রাজার তাঁহাকে অবহেলা করা উচিত নয়) ॥ ১৪

অতএব যে বৈতবসম্পন্ন ব্রাহ্মণ নিজের কল্যাণ কামনা করেন, তিনি এইরূপে সমস্ত ইন্দ্রিয়গণের দ্বারা আরম্ভ করিবার যোগ্য কার্য্যসকল বেদাধ্যয়ন পূর্ব্বক নিষ্পাদন করিবেন ॥ ১৫

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে পুষ্করপ্রাদুর্ভাববিষয়ক চতুর্বিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥

[নারদপ্রভৃতিভির্ঋষিভিঃ ব্রহ্মণশ্চ সংস্কারঃ, যজ্ঞঃ কর্ত্তুং কল্পায় ব্রহ্মণ আদেশদানম্, দেব দানবানাং যুদ্ধম্, ভগবতা বিষ্ণুনা মধুদৈত্যস্য পরাভবশ্চ]

বৈশম্পায়ন উবাচ

তে তু সোত্রাহ্মণা নাগাশ্চস্রাদিত্যাপুরস্কৃতাঃ।
ব্রাহ্মণান্ পূজয়ন্ দেবান বসূন্রুদ্রসঙ্গতৈঃ ॥ ১

নারদপ্রমুখাশ্চৈব গন্ধর্ব্বা ঋষয়ো নৃপ
কুর্ব্বন্তি সততং যজ্ঞে ক্রমপ্রাপ্তং পিতামহম্ ॥ ২

যচোক্তির্মধুরাভাষৈঃ পঞ্চেন্দ্রিয়নিবাসিভিঃ।
সর্ব্বকৃত্তপ্রিয়করৈঃ সর্ব্বকৃত্তহিতৈর্গিভিঃ ॥ ৩

তূয়মানস্তু যজ্ঞান্তে পঞ্চেন্দ্রিয়সমাহিতৈঃ।
প্রোবাচ ভগবান্ ব্রহ্মা দিষ্টাদিষ্টেতি ভারত ॥ ৪

ততঃ কল্পমাভাষ্য প্রোবাচ ভগবান প্রভুঃ
ভবানপি সুতৈঃ সার্দ্ধং যজতাং বসুধাতলে ॥ ৫

ক্রুদ্ধৈঃ পরমদুষ্প্রৈঃ সম্পূর্ণবদনক্ষিতৈঃ
যজ্ঞাঃ সুরাস্তে সর্ব্বে যজ্ঞা প্রতিগুণৈঃ প্রভো ॥ ৬

পঞ্চবিংশ অধ্যায়।

[নারদ প্রভৃতির দ্বারা ব্রহ্মণের ও যজ্ঞের সংস্কার, ব্রহ্মা কর্ত্তৃক কল্পকে যজ্ঞ করিবার জন্য আদেশদান, দেব দানবের যুদ্ধ এবং ভগবান্ বিষ্ণু কর্ত্তৃক মধুর পরাভব]

বৈশম্পায়ন বলিলেন—জনমেজয়! হে ৫ সূর্য্যকে অগ্রে করিয়া উপস্থিত নাগ, হে ৫ ব্রাহ্মণগণ রুদ্রসঙ্গতির দ্বারা দেবতা ও ব্রাহ্মণদিগের পূজা করিলেন ॥ ১

নৃপ! সেই যজ্ঞে নারদাদি গন্ধর্ব্ব ও ঋষিগণ সদা ব্রাহ্মণ-পূজার ক্রমে প্রাপ্ত ব্রহ্মাকে পূজা করিলেন ॥ ২

ভারত! যজ্ঞের শেষে পঞ্চ ইন্দ্রিয়কে বশীভূতকারী, সমস্ত প্রাণিগণের প্রিয়কারী, সমস্ত কৃতিগণের হিতকারী ও পঞ্চ ইন্দ্রিয়কে একাগ্র করত যোগযুক্ত মধুরভাষী ব্রাহ্মণগণের বাক্যে প্রশংসিত হইয়া ভগবান্ ব্রহ্মা বলিলেন,—অহো! ভাগ্য! অহো! ভাগ্য ॥ ৩-৪

অনন্তর সামর্থ্যশালী ভগবান ব্রহ্মা কল্পকে সম্বোধন করিয়া বলিলেন,—তুমিও নিজের পুত্রগণের সহিত ভূতলে পূর্ব ও উত্তম দক্ষিণাবিশিষ্ট শ্রেষ্ঠ যজ্ঞসমূহের অনুষ্ঠান করিবে ॥ ৫

প্রভো! সেই সমস্ত যজ্ঞ ও সমস্ত দেবতারা পরস্পর বিরোধী ভগবদ্বাক্যে প্রেরিত হইয়া এইরূপ বলিতে লাগিলেন, প্রথমে আমরা যজ্ঞ করিব, প্রথমে আমরা যজ্ঞ করিব। এইভাবে পরস্পরের প্রতি রোষবশতঃ তাঁহারা বলের দর্পে উন্মত্ত হইয়া যাইলেন ॥ ৬-৭

দৈত্য ও দেবতাগণ তখন পরস্পরকে জয় করিবার ইচ্ছায় নিজেদের বিশাল বাহু উত্তোলিত করিয়া যুদ্ধের জন্যই প্রস্তুত করিলেন ॥ ৮

তদনন্তর যাঁহাদের পাপ নষ্ট হইয়া গিয়াছে, সেই ঋষিগণ এবং বেদ-বেদাঙ্গের পারগামী বিদ্বান অন্যান্য বহু ব্রাহ্মণগণ নিষেধ করিলে পরও তাঁহারা রোষাবেশে পরস্পর মিলিত যুদ্ধ-বিদের ন্যায় পরস্পর যুদ্ধ করিতে লাগিলেন। তাঁহারা সকলেই যুদ্ধের দ্বারা আক্রান্ত হইয়া পরস্পরের প্রাণ লইবার জন্য উদ্যত হইলেন ॥ ৯-১০

সকল প্রাণীর সাক্ষীভূত তাঁহারা যুদ্ধার রাজো উপস্থিত হইলেন। তারপর মহাসিংহনাদ করিয়া সেই মহাবল দেবতা ও দানবগণ পরস্পর কুপিত হইয়া পক্ষধারী পক্ষীদিগের ন্যায় নিজেদের বাহুর দ্বারা পরস্পরকে জয় করিতে লাগিলেন ॥ ১১

তখন রোষপূর্ণ সেই যোদ্ধাগণের পদের দ্বারা আক্রান্তা হইয়া পৃথিবী বিচলিত হইয়া উঠিল। যেরূপ বহুসংখ্যক পুরুষের ভারে জলমগ্নিত নৌকা পত্নীর জলে টলমল করিতে থাকে, সেইরূপ দশা পৃথিবীরও হইল ॥ ১২

টীৎকারকারী হস্তিগণের ন্যায় শব্দের সহিত পর্ব্বত-

চুক্ষুভুস্তে মহানদ্রস্তাড়িতা মাতরিশ্বনা
ততঃ সমভবদ্ যুদ্ধং মধোর্বিষ্ণোশ্চ ভারত ॥ ১৪
যুগান্তকরণং ঘোরং সর্বপ্রাণিভয়ঙ্করম্।
প্রযযৌ মধোর্বিষ্ণুঃ সমগ্রং বলপৌরুষম্ ॥ ১৫

বজ্রেরিব বলং ঘোরং পরমর্ত্যুমুখৈ র্যথা
তথা প্রপতিতস্তেন প্রভূতা তাপকারিণা ॥ ১৬
ইতি শ্রীমহাভারতে খিলেষু হরিবংশে ভবিষ্যপর্বণি
পৌণ্ডরে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥ ১৫ ॥

সকল দিশি হইয়া ঘাইতে লাগিল। বায়ুর তাড়ায় মহানদী-সমূহ বিক্ষুব্ধ হইয়া উঠিল ॥ ১৩।

ভারত! তখন মধু ও বিষ্ণুর মধ্যে যুগান্তকারী ঘোর যুদ্ধ চলিতে লাগিল, যাহা সমস্ত প্রাণিগণের পক্ষেই ভয়ঙ্করহিল ॥১৪।

তখবান্ বিষ্ণু এই সমস্ত মধুর সমস্ত বলপৌরুষকে মথিত করিয়া দিলেন। যেরূপ প্রজ্বলিত অগ্নির তেজস্বিনী ধারা জলের দ্বারা নাশ হইয়া যায়, সেই সকলের উপকারকারী ভগবান্ বিষ্ণু মধুর বল-পরাক্রমকে নাশ করিয়া দিলেন ॥ ১৫-১৬

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বে পুরুরবঃপ্রভৃতীতিবিষয়ক পঞ্চবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষড়্‌বিংশোঽধ্যায়ঃ।

[মধোর্বিষ্ণোশ্চ ঘোরং যুদ্ধম্, দেবৈর্মহর্ষিভিশ্চ শ্রীবিষ্ণোঃ স্তুতিঃ, হয়গ্রীবরূপধারিণা বিষ্ণুনা মহাসুরং, পৃথিব্যা মেদিনীনামপ্রাপ্তিশ্চ।]

বৈশম্পায়ন উবাচ

বলবান্ স তু দৈত্যেয়ো মধুর্ভীমপরাক্রমঃ
বরদ পাশৈরিশিতৈর্বলেন্দ্রঃ পর্বতান্তরে ॥ ১
ততঃ বৈ প্রহ্লাদবচনাদ্বজ্রনির্ভিন্নতশ্চ ভারত।
ঐশ্বর্যমৈন্দ্রমাকাঙ্ক্ষন্ ভবিষ্যং বুদ্ধিমাস্থায় ॥ ২
বদ্ধবেন্দ্রঃ সহসা মধো পাশৈঃ সর্বাবিভিত্তৈঃ
আয়সৈর্বহুভিশ্চিত্রৈর্বলবদ্ধবিমোক্ষণৈঃ ॥ ৩
বিষ্ণুসেবাগ্রণী রুক্তমাস্থরে যুদ্ধকোবিদঃ।
মধো গণানাং সর্বেষাং কালস্য বশমাগতঃ ॥ ৪
স্বৈরীকৃতাঃ কাঙ্ক্ষপেয়া মহর্ষেরমুমাগতাঃ।

যুদ্ধার্থমভ্যধাবন্ত প্রযুক্ত বিপুলা গদাঃ ॥ ৫
গন্ধর্বাঃ কিন্নরাশ্চৈব রাক্ষসা যক্ষতে চ কোবিদাঃ।
প্রনৃত্তাস্ত্রি প্রগায়ন্তি প্রহসন্তি চ সর্বশঃ ॥ ৬
তন্ত্রীভিঃ সুপ্রযুক্তাভিমধুরাভিঃ সুভাষতঃ
মনো মহোর্বিধুন্বি মৃদুমানস্য গায়িনঃ ॥ ৭
মহোর্বলার্থং মধুনো নিঘ্নতাং পদ্মযোনিনঃ।
এতান্ বিকারান্ কুর্বন্তি গন্ধর্বাঃ সপ্তবাধিনঃ ॥ ৮
তত্র শক্রো ত্রি গন্ধর্বে তস্মিন্ শব্দে মধুর্মনঃ
দানবাস্ত্রানুগ চৈব প্রভাবাঃ যান্তি প্রাণদম্ ॥ ৯

ষড়্‌বিংশ অধ্যায়।

[মধু ও বিষ্ণুর ঘোর যুদ্ধ, দেবতা ও ঋষিগণের দ্বারা শ্রীবিষ্ণুর স্তুতি, হয়গ্রীবরূপধারী বিষ্ণু কর্তৃক মধুর বধ এবং পৃথিবীর মেদিনী নাম প্রাপ্তি।]

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! তদনন্তর পরাক্রমশালী বলবান্ মধু দৈত্য প্রহ্লাদের বাক্যে দেবরাজ ইন্দ্রকে পর্বতের মধ্যে তীক্ষ্ণ পাশসমূহের দ্বারা বন্ধন করিলেন। ভারত! তিনি সমস্ত ঐশ্বর্য জানিতেন বটে, কিন্তু তাঁহার বুদ্ধি নষ্ট হইয়া গিয়াছিল; সেইজন্য তিনি ভবিষ্যতে ইন্দ্রের ঐশ্বর্যের অভিলাষী হইয়া তাঁহাকে বন্ধন করিয়াছিলেন ॥ ১-২

সৌহনির্মিত বহুসংখ্যক বিচিত্র, প্রবল ও বিশীর্ণকারী মর্মস্থিত পাশসমূহের দ্বারা ইন্দ্রের কোমরে সহসা বন্ধন করিয়া দৈত্যগণের অগ্রগামী নেতা যুদ্ধকুশল ও কালের বশীভূত মধু যুদ্ধের জন্য আহ্বান করিলেন ॥ ৩-৪

কঙ্কপের পুত্রগণ ইহাতে বিচলিত হইয়া ও মধুর বশীভূত হইয়া বিশাল গদা হস্তে গ্রহণ করত দেবতাদিগের সহিত যুদ্ধ করিবার জন্য ধাবিত হইলেন ॥ ৫

তখন বাদ্য ও গীতে কুশল গন্ধর্ব এবং কিন্নরগণ সর্বতোভাবে নৃত্য করিতে, গান করিতে ও হাস্য করিতে লাগিলেন ॥ ৬

ভভাবঃ মধুর ও সুন্দর রীতিতে বাদিত বীণার তারসমূহের মোহনকর ধ্বনি উৎপন্ন করিয়া তাঁহারা যুদ্ধরত রাক্ষস মধুর মনকে বিচলিত করিতে লাগিলেন ॥ ৭

তমঃপ্রধান মধুর মনকে ক্ষীণ করিয়া দিবার জন্য পদ্মযোনি ব্রহ্মার আদেশে সপ্তবাধী গন্ধর্বগণ এই বিকার উৎপন্ন করিতেছিলেন ॥ ৮

শক্তিশালী দানব দেই মন্ত্রের শব্দে মনঃসংযোগ করিলেন।

মধোশ্চ মন আক্ষিপ্য পদ্মন ত্বাংগেন চক্ষুষা
মন্দরং প্রস্থতে বিষ্ণুর্দোভ্যাগিরির দারুণ ॥ ১০
জ্বলতো তীব্রতেজসঃ কিঞ্চিদ্ বাধিতমানসাঃ।
পিতামহং পুরস্কৃত্য অন্যেনান্তরধীয়ত ॥ ১১
বিষ্ণুঃ সোঽস্তরাত্মনং ক্রুদ্ধো মধুমধুনিসেবনঃ।
ভুজেন শঙ্খবেগান্তে ন চকম্পে পদাৎ পদম্ ॥১২
বিষ্ণুশ্চাভ্যাহনদ্বৈত্যং করাগ্রেণ স্তনান্তরে।
স পপাত মহীং তূর্ণং ভ্রাতৃভ্যাঃ রুধিরং বমন্ ॥ ১৩
ন চৈনা পতিতং হন্তি বিষ্ণুর্ভবিধারণঃ।
বাহুযুদ্ধে হি সমস্তং নরাচিন্ত্যপরাক্রমঃ ॥ ১৪
ইন্দ্রজজ্ঞ ইবোত্তিষ্ঠন্ ভ্রাতৃভ্যাঃ স মহাতলাৎ।
মধু রোষপরীতাত্মা নির্দহন্নিব চক্ষুষা ॥ ১৫
পরুষাভিস্ততো বাগ্ভিরেজোক্রমভিগর্জতুঃ।

তখন ধাবক ও অনুধাবক তাঁহার সম্মুখে সংঘটিত এবং গর্জন করিতেছিল। ১৯

এইভাবে মধুর মনকে বিষয়ে বিক্ষিপ্ত করত যোগযুক্তিতে দর্শনকারী ভগবান্ বিষ্ণু সহসা মন্দরাচলের দিকে যখন করিলেন, উহাতে মনে হইল অগ্নি কাষ্ঠে আরোপণ করিয়াছে। ১০

সেই সময় ভবিষ্যৎ মনে মনে চিন্তিত হইলেন। তাঁহারা সন্তপ্তচিত্ত পিতামহ ব্রহ্মাকে অগ্রে করত ভগবানের মধ্যে সেস্থান হইতে অন্তর্হিত হইয়া যাইলেন। ১১

এদিকে ক্রুদ্ধ ও মধুর ন্যায় পিঙ্গলনয়ন মধু ভগবান বিষ্ণুর নিকটে যাইয়া নিজের হস্ত তাঁহার কর্ণপটহে প্রহার করিলেন; কিন্তু ইহাতে তিনি একপদও বিচলিত হইলেন না। ১২

তাহার পর ভগবান বিষ্ণুও নিজের হস্তের অগ্রভাগের দ্বারা সেই দৈত্যের বক্ষে আঘাত করিলেন তখন মধু রক্ত বমন করিতে করিতে ছিন্ন তরুর (উঁচুর) ন্যায় সত্বর ভূতলে পতিত হইলেন। ১৩

অচিন্ত্যপরাক্রমী যুদ্ধবিশারদ ভগবান্ বিষ্ণু বাহুযুদ্ধের সময় উপস্থিত জানিয়া পৃথিবীতে পতিত সেই দৈত্যকে আঘাত করিলেন। ১৪

ভগবানের রোষপূর্ণচিত্ত মধু ভ্রাতৃদ্বয়ের সাহায্যে ইন্দ্রজয়ের ন্যায় উত্থিত হইলেন। এই সময় তিনি নীলিমার দিকে এইভাবে দৃষ্টিপাত করিলেন, যেন নিজের চক্ষুদ্বারা তাঁহাকে দগ্ধ করিবেন। ১৫

তারপর তাঁহারা পরস্পর কঠোর বাক্যের দ্বারা গর্জন করিতে

সমীহতুর্বাহুযুদ্ধে পরস্পরবৈরিণৌ ॥ ১৬
উভৌ তৌ বাহুবলিনাবুভৌ সত্যপরাক্রমৌ ॥ ১৭
কৃতপ্রযত্নিণৌ বীরাবন্যোন্যং বিচকর্ষতুঃ
শৈলেন্দ্রাবিব বৃধ্যন্তৌ পক্ষৈঃ পাষাণসন্নিভৈঃ ॥ ১৮
বিকর্ষন্তৌ বমন্তৌ চ অন্যোন্যং বসুধাতলে।
গজাবিব বিষাণাগ্রৈর্নখাগ্রৈশ্চ বিচেরতুঃ ॥ ১৯
ততো ব্রণমুখৈস্তৈব স্রুস্রাব রুধিরং বহু।
গ্রীষ্মান্তে ধাতুসংসৃষ্টৈঃ শৈলেভ্যা ইব কাঞ্চনম্ ॥ ২০
সংসিক্তৌ রুধিরৌঘৈস্তৌ স্রবদ্ভিঃ সমরস্থিতৌ।
অযোধ্যতাং পদাগ্রৈশ্চ তৌ বাদারতয়া মহীম্ ॥ ২১
অভিহত্য তু তৌ বীরৌ পরস্পরমনেকধা।
পতত্রাবিব যুধ্যন্তৌ পক্ষাভ্যাং মাংসগৃধ্নিনৌ ॥ ২২

লাগিলেন এবং পরস্পরকে বহু করিবার ইচ্ছায় বাহুযুদ্ধে মিলিত হইলেন। ইঁহারা উভয়েই বাহুবলশালী ও যুদ্ধবিষয়ে বিশেষজ্ঞ ছিলেন। উভয়েই তপস্যার প্রভাবে শক্তিশালী হইয়া বিরাজিলেন এবং উভয়েই যথাযথভাবে পরাক্রম প্রকাশ করিতেছিলেন। ১৬-১৭

দৃঢ়তা সহকারে চেষ্টাকারী এই দুই বীর পরস্পরকে আকর্ষণ করিতে লাগিলেন, উহাতে মনে হইল পাষাণসদৃশ পক্ষযুক্ত দুই পর্বতরাজ পরস্পর যুদ্ধ করিতেছে। ১৮

যেরূপ দুইটি হস্তী নিজেদের বল ও নখসমূহের অগ্রভাগের দ্বারা পরস্পর প্রহার করিতে করিতে যুদ্ধস্থলে বিচরণ করে, সেইরূপ এই দুই বীর মধু ও শ্রীবিষ্ণু পরস্পরকে আকর্ষণ করিতে করিতে ও রক্তবমন করিতে করিতে ভূতলে বিচরণ করিতেছিলেন। ১৯

তখনকার পরস্পরের প্রহারে যে ব্রণ (ঘা) হইয়া বিরাজিল, তাহার মুখসমূহ হইতে বহু রক্ত সেইভাবে প্রবাহিত হইতে লাগিল, যেরূপ বর্ষাকালে পর্বতসকল হইতে ধৈতিক ধাতুমিশ্রিত কাঞ্চনরস নির্গত হইয়া থাকে। ২০

ইহারা উভয়ে নির্গত রক্তের প্রবাহে আর্দ্র হইয়া সমানরূপে রক্তলিপ্ত হইয়া বিরাজিলেন। তারপর উভয়েই উত্থান-পতনকালে পদসমূহের অগ্রভাগে সেস্থানের ভূমিকে বিদীর্ণ করিয়া দিলেন। ২১

পরস্পর পরস্পরকে বারংবার আঘাত করত এই দুই বীর পক্ষসমূহের দ্বারা যুদ্ধকারী দুইটি মাংসলোলুপ পক্ষীর ন্যায় যুদ্ধ করিতে লাগিলেন। ২২

ওঙ্কারপুরোত্তরিক্ষেঽথ সর্বভূতানি পুষ্করে।
সিদ্ধানাং বদনেঽযুক্তাঃ পরয়া বর্ণসম্পদা ॥ ১৩
স্তুতয়ো বিষ্ণুসংযুক্তাঃ সত্তাঃ সত্যপরাক্রমে।
শরীরা ধাতুসংযুক্তাঃ সংযুক্তঃ ছেদনেন চ ॥ ১৪
তদ্ ব্রহ্ম ইন্দ্রিয়ৈর্যুক্তঃ ভেজোভূতা সনাতনম্।
এবং স্থিতিস্তি ভূতানে শুক্লে প্রলয়তাং গতে ॥ ১৫
পুনশ্চোদ্ভবতে সৃষ্টঃ বহুরূপমনেকধা।
প্রবোধ্য তাবৎ ভূতানাং ত্রিষু লোকেষু কামদঃ ॥ ১৬
শুক্লরূপো বহুরূপাংস্তাংল্লোকান্ সঙ্গরতে বশী।
মানসীং তনুমাস্থায় বহুত্বে কারণান্তরৈঃ ॥ ১৭
যোগাত্মা ধারয়ন্ বীরঃ নাগাস্তানং দিবঙ্করঃ।

ব্রহ্ম ভূতং পরং চৈব সূক্ষ্মেণাত্মানমীশ্বরঃ ॥ ১৮
ব্রাহ্মণে বিপ্রান্ বসতি যুক্তৈনৈব চ ক্ষত্রিয়ান্।
প্রদানকর্মণা বৈশ্যান্ শূদ্রান্ পরিচরেণ চ ॥ ১৯
গাবঃ ক্ষীরপ্রদানেন অথান্ যজ্ঞেষু প্রোক্ষণৈঃ।
পিতরশ্চোদ্ধদৈবেহ হবির্ভাগেন দেবতাঃ ॥ ৩০
চতুর্ভির্বিংশিতিভৈস্ত্রিভিরস্তৈশ্চ ধাতুভিঃ।
সপ্তভিঃ পিতৃভির্নিত্যৈর্যোগৈঃ কান্ পরিতপ্যতি ॥ ৩১
চন্দ্রসূর্য্যাত্মকং নিত্যং তদ্ভূতপনিতন্ত্রাত্মকম্
প্রকাশং চাপ্রকাশঞ্চ নিগূঢ়ং স্বেন তেজসা ॥ ৩২
ত্রয়স্ত পিতরো নিত্যং বর্ধয়ন্তি দিবাকরম্।
চতুর্ভিঃ পিতৃভিশ্চৈব চন্দ্রো বর্ধতি মণ্ডলে ॥ ৩৩

এই সমস্ত পুষ্করের আকাশে সমস্ত কৃতগণ ভগবান্ বিষ্ণুর সত্যকৃত স্তুতিসমূহ শ্রবণ করিল, যাহা সেই সত্যপরাক্রমী ভগবানে যথার্থরূপে সংঘটিত হইতেছিল। সেই স্তুতিসকল সিদ্ধগণের মুখ হইতে নির্গত হইতেছিল এবং উত্তমোত্তমবর্ণ-সম্পদে সুশোভিত ছিল। ২৮।

এই শরীর ভেজ, জল ও অন্ন—এই তিন ধাতুর অথবা রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা ও শুক্র—এই সপ্ত ধাতুর সংযোগ-রূপ। ইহা ছেদনে সংযুক্ত। এই ছেদন ভেজোভূত সনাতন ব্রহ্মই। যাঁহাকে ইন্দ্রিয়বর্গে যুক্ত ভাব বলিয়া অভিহিত করা হয়। ২৯।

শরীরের ধারণকারী এই ভূতকৃতগণ প্রলয়ের অধিষ্ঠানভাব প্রাপ্ত হইয়া সূক্ষ্ম-কারণে নিদ্রায় অবস্থান করে। পুনরায় সেই সৃষ্টাই অনেক রূপ ধারণ করত প্রকটিত হয়। ১৫।

সকলের কামনাপূর্ণকারী ও সকলকে বশীভূতকারী জগৎ পরমাত্মা তিন লোকেই কৃতগণকে তাঁহাদের স্বরূপ বোধ করাইয়া তাহা সূক্ষ্মরূপ ধারণ করিয়া সেই অনেক রূপবিশিষ্ট লোকসমূহে বিচরণ করেন। ১৬।

যিনি দেবলোককে ধারণ করেন, সেই যোগাত্মা ঈশ্বর সূক্ষ্মরূপে নিজেকে দেব নামকরণে প্রকটিত করিয়া পৃথিবীকে ধারণ করিতে করিতে বিচরণ করেন। তিনি দুষ্টনিগ্রহ ও সাধু-সংরক্ষণাদি অনেক কারণসমূহে মানসশরীর—দেব, কূর্মাকৃতিরূপ ধারণ করত জগৎকে রক্ষা করেন। তিনিই যেব, ভরাম্বুজ, অশ্বত্থ, বেদজ ও উদ্ভিজ্জ—এই চারিপ্রকার প্রাণিবর্গ এবং অন্য অন্য ভূতগণকে ধারণ করেন। ১৭-১৯

এই ভগবান্ দেবস্বরূপে ব্রাহ্মণগণের আশ্রয় লইয়া অবস্থান করেন, যুদ্ধরূপে ক্ষত্রিয়ে অবস্থান করেন, ধনধর্ম প্রভৃতি বস্তু-সমূহের আদান-প্রদানকারী বণিজ্য কর্মরূপে বৈশ্যগণে এবং ত্রৈবর্ণিকদিগের সেবারূপে শূদ্রগণকে আশ্রয় করত বাস করেন। ২০

তিনি ক্ষীরপ্রদানের আশ্রয় লইয়া গোপ্রদানের দ্বারা তোমাদের সকলকে রক্ষা করেন। যজ্ঞসমূহে অশ্বত্থকে (যজ্ঞ-সম্বন্ধী উপকরণসমূহকে আশ্রয় করিয়া প্রোক্ষণের (জলরূপ অস্ত্রের অভিষেকের দ্বারা তোমাদিগকে রক্ষা করেন। পক্ষ হবিষ্যের উপভোগের ভাগের দ্বারা পিতৃগণকে এবং যজ্ঞে হবিষ্যদান অর্পণ করিয়া দেবতাদিগকে তৃপ্ত করেন। ৩০

পৃথক্ পৃথক্ চতুর্বিংশতি তত্ত্ব ধাতুর (ধর্ম, সৌম্যধাম, পিতৃযজ্ঞ সাধারণ চারিটক ও অগ্নের) ৪ ও এই অন্য তিন ধাতুর (মন, বাক্ ও প্রাণ ৭ ও—এইরূপে সাত প্রকারের নিত্য তর্পণ করিবার যোগ আশ্রয় করে সেই ভগবান্ বিষ্ণু পিতৃগণ-সহ তিন লোককে রক্ষা করেন অথবা উক্ত অগ্নি এবং কব্যবাহ অনল, যম, সোম, অর্য্যমা, অগ্নিষ্বাত্ত, সোমপ এবং বর্হিষদ্—এই সাত প্রকারের নিত্য তর্পণীয় পিতৃগণের দ্বারা তিনি তিন লোককে রক্ষা করেন।

এই সপ্তসমূদায় চন্দ্র-সূর্যাত্মক জগৎ ইহাদের মধ্যে তিন সূর্যাত্মরূপ এবং চার চন্দ্রস্বরূপ। ইহা যথাযোগ্য প্রকাশ (শুক্ল-ভাগ) এবং অপ্রকাশ (কৃষ্ণ-ভাগ) রূপ এবং ইহা কর্তৃশক্তির তেজের দ্বারা পরীক্ষে সম্যক্ প্রকারে ব্যাপ্ত আছে। ৩২

তিন পিতৃগণ সদা সর্বদাকে বৃদ্ধি করেন এবং চার পিতৃগণ সহ চন্দ্র নিজ মণ্ডলে বর্ধিত হন

ত্রয়ঃ পিতৃগণা নিত্যাঃ পিতরঃ পঞ্চাঙ্কদন্তি তে
চত্বারোঽন্যে পিতৃগণাঃ সিদ্ধাঃ পঞ্চ চ আনন্দে ॥ ৩৪
ত্বমেব পঞ্চ তান্ বর্ষ্মাস্ত্বমেবাপঞ্চ তান্ বিভো।
সনাতনস্থঃ শিবাঃ শাশ্বতো ব্রহ্মনস্তবঃ ॥ ৩৫
তস্মাত্তেজঃ আদত্তে অগ্নির্যাদ্যুক্ত সংশ্রয়ঃ
অতস্ত্বং কর্ম্মণা তেন আদিত্যঃ সমপদ্যতে ॥ ৩৬
যদাবৎসি জগৎ সর্ব্বং রশ্মিভিঃ প্রদহন্নিব।
যুগান্তকালে সম্প্রাপ্তে পরাঃ সিদ্ধিমুপাগতঃ ॥ ৩৭
পঞ্চসন্ধ্যবমাখ্যাস্ত লোকাঃ ত্বয়ি মাগতম্
অধিভিঃ সহ গৃহ্যন্তে সূর্য্যেন্দুবসুসম্ভবৈঃ ॥ ৩৮
সকলং কর্ম কুর্বাণং যজন্তাঃ পুষ্টিবর্দ্ধনঃ
হেতুনামবিকারায় মা ভূং কর্ম্মবিপর্যয়ঃ ॥ ৩৯
বনস্পতোঽথবীরুদ্ধে বৃক্ষপত্রে প্রতিপদ্যসে
বালতায়ায় বসুধাং পক্ষে পক্ষে অনিত্যব ॥ ৪০
তৃতানাং ভূমি ভূতেশ ভাবার্থং বসুধাতলে।
বসু বসুবি কিঞ্চিত্ত সর্বং তত্ত্বময়ং বিভো ॥ ৪১
ত্বমেব বিবিধঃ বর্ষ্মা খাশতঃ বসুধাতলে
দেবযজ্ঞঃ মনুষ্যাণামাত্মযজ্ঞস্তথা সনাতনম্ ॥ ৪২
বিবিধঃ বর্ষ্মমার্গশ্চ সূর্য্যশ্চন্দ্রস্তথা নিশ্চলঃ।
চন্দ্রমাঃ পিতৃযানস্ত দেবযানস্তু ভাস্করঃ ॥ ৪৩
ত্বমেব বসুধামুক্তা বিশ্বং চরসি সীমযা।
একীকৃত্য গণান সর্বান্ সংক্ষিপ্যামৃত সম্ভবঃ ॥ ৪৪
একত্বমসি সম্ভূতঃ পুরাণপুরুষো বিরাট্
অক্ষরশ্চাপ্রমেয়শ্চ কর্ম্মকৃৎকরো বশী ॥ ৪৫
মূর্দ্ধস্তেজসি সম্ভূতো বায়ুঃ প্রাণেতি যেচরঃ
সপ্তধা রূপমাস্থায়ৈনিত্যমাবৃত্য তিষ্ঠতি ॥ ৪৬

তিন পিতৃবর্গ সহ তুমিতে দেব পর পিতৃকে (মূল, সূক্ষ্ম ও কারণ শরীরকে)। সংসার করেন এবং চার প্রকার পিতৃবর্গ সিদ্ধরূপ হইয়া পঞ্চবিধরূপে হইয়া থাকেন, ইঁহাদিগকে যজমান প্রজাপতি টীকায় করিয়া লইয়াছেন। ৩৩

প্রভো! আপনিই সেই পঞ্চ বর্গকে (পঞ্চীকৃত ভূতবর্গকে) এবং আপনিই অপঞ্চীকৃত ভূতবর্গকে প্রকটিত করেন। আপনি সনাতনস্থ, শিবা, শাশ্বত এবং বেদের অধিষ্ঠানের স্থান। ৩৫

অগ্নি এবং বায়ুও সকলেই তাহার আপনারই তেজকে আদান (গ্রহণ) করেন, সেইজন্য এই আদান-রূপ কর্ম্মের দ্বারা আপনি 'আদিত্য' বলিয়া অভিহিত হন। আপনিই সকলের প্রকাশক বলিয়া প্রকাশমান। ৩৬

যুগান্তকাল আসিলে পর আপনি স্বীয় কিরণসমূহে সম্পূর্ণ জগতকে দগ্ধ করিতে করিতেই যেন তাহাকে আদান (গ্রহণ) করেন, সেইজন্যও আপনি 'আদিত্য' বলিয়া অভিহিত হন। আপনি সদা পরম সিদ্ধি প্রাপ্ত হইয়াছেন। ৩৭

আপনি আপনার তেজকে আবৃত করিয়া (গোপন করিয়া) সূর্য্য, চন্দ্র ও বসুধন হইতে উৎপন্ন অধিদিগের সহিত পূর্ণিমা ও অমাবস্যাকে (পূর্ণমাস ও দর্শনামক যোগসমূহকে) গ্রহণ করিবার জন্য অম্বরলোকে বিচরণ করেন। ৩৮

আপনি সকল কর্ম্মকারী যজমানগণের পুষ্টি (সুখ-সমৃদ্ধি)-বর্দ্ধনকারী। কর্ম্মসাধনভূত যে সব কর্ম আছে, তাহাতে যেন বিকৃতি না আসে—সেই সব যেন ব্যর্থ হইয়া না যায় এবং কালক্রমে কর্ম্মসমূহ কৃতাকৃতের হাতাতে লোপ না হয়, তরসমস্তই পর্যাবেক্ষণ করিবার ভার আপনি মনুষ্যলোকে বিচরণ করেন। ৩৯

আপনিই অমাবস্যার চতুর্থপে একই সঙ্গে বনস্পতি, ওষধি ও বসুধায় বাস করেন। পুনরায় বালরূপে উৎপন্ন হইবার জন্য আপনি এরূপ করেন। প্রত্যেক পক্ষকে আপনার নূতন জন্ম হয়। ৪০

ভূতেশ্বর বিভো! এই ভূতলে ভূত ও ওষধি প্রাণিগণের পুষ্টির জন্য যাহা কিছু ধন সঞ্চিত আছে, তৎসমস্তই আপনার স্বরূপ। ৪১

আপনিই ভূতলে নানা প্রকার সনাতনধর্ম্মসম্বন্ধী কর্ম্ম এবং আপনিই দেবযজ্ঞ, মনুষ্যযজ্ঞ, আত্মযজ্ঞ ও এই সবের অধিকারী মনুষ্য। ৪২

আপনিই ধর্মলোকের বিবিধ মার্গ নির্মল সূর্য্য ও চন্দ্র। এই দুই মার্গের মধ্যে চন্দ্র পিতৃযান (ধূমমার্গ) এবং সূর্য্য দেবযান (শুক্লমার্গ)। ৪৩

আপনিই ইন্দ্রিয়াদি সমস্ত গণকে এক করুন—দেহযাত্রারূপে সঙ্কীর্ণ করুন ভূমিবাসী প্রাণিবর্গের রূপে বসুধার দ্বারা সংযুক্ত হইয়া বিশ্বে বিচরণ করেন এবং মর্য্যাদাপূর্ব্বক এগ্রামের বিষয়-সমূহ ভোগ করেন। পরলোকেও আপনিই বিবিধ রূপে প্রকটিত হন। ৪৪

একমাত্র পুরাণপুরুষ আপনিই বিরাটরূপে প্রকটিত হইয়াছেন। আপনি অবিনাশী, অপ্রমেয়, সকলকে বশীভূত-কারী এবং নানাপ্রকারের লীলাকর্ম্মকারী। ৪৫

সাধনে চাপি নির্ব্বাণে সংহারে প্রলয়ে তথা।
ধাতা ধারণকালে চ দিশন্‌চক্রুশি বারিণি ॥ ৪৭
সেব্যমানো মুনিগণৈর্নিত্যং বিগতকিল্বিষৈঃ।
কর্ম্মভিঃ সত্যযাগাদ্যৈঃ সম্প্রাপ্তৈর্দেবতেজিতৈঃ ॥ ৪৮
তুরয়ণাদ্যৈর্বিবুধৈঃ সিদ্ধৈর্মুনিবরৈস্তথা
সম্যক্ বিপুলং দেহং হরির্দধ্যৌ শিরো মহান্ ॥ ৪৯
কৃত্বা বেদময়ং রূপং সর্ব্বদেবময়ং বপুঃ
শিরোমধ্যে মহাদেবো ব্রহ্মা তু হৃদয়ে স্থিতঃ ॥ ৫০
আদিত্যা রশ্ময়ো বালাশ্চক্ষুষী শশি-ভাস্করৌ।
জজ্ঞে তু বদনং সাধ্যাঃ সর্ব্বসন্ধিষু দেবতাঃ ॥ ৫১

জিহ্বা বৈশ্বানরো দেবঃ সত্যা দেবী সরস্বতী।
মরুতো বরুণশ্চৈব জানুদেশে ব্যবস্থিতাঃ ॥ ৫২
এবং কৃত্বা তথা রূপং যুগধারণমুত্তমং মহৎ।
অসুরং পীড়য়ামাস ক্রোধাদ্ রক্তান্তলোচনঃ ॥ ৫৩
মধ্যোর্দ্ধমেদোঽবসুপূর্ণা চ পৃথিবী সমুদস্কৃত।
প্রমেদেব যদা চৈষ শুক্লাঃ শুক্লনিবাসিনী ॥ ৫৪
মেদিনীত্যেব শব্দশ্চ লব্ধঃ পৃথ্যা নরোত্তম
নামানুপ্রসহস্রেণ ধরণ্যাঃ সম্প্রতিষ্ঠিতম্ ॥ ৫৫
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
পৌষ্করে ষড়্‌বিংশোঽধ্যায়ঃ ॥ ১৬

আপনিই তেজস্তত্ত্বে 'তপ' হইয়া প্রকটিত হইয়াছেন। সেই তপ তৈজস দেহের দ্বারা রূপের গ্রহণ হয়। আপনিই বায়ু হইয়া আকাশে সর্ব্বদিকে বিচরণ করেন। যজ্ঞ, অহঙ্কার ও পঞ্চ ভন্মাত্র—এই সমস্ত রূপ সংস্থানের দ্বারা আপনি সর্ব্ব সব কিছুই ব্যাপ্ত করিয়া আছেন। ৪৬

সাধনকালে ভৌতরূপে, নির্ব্বাণের (কৈবল্য মোক্ষের) অবস্থায় শুদ্ধরূপে, নৈমিত্তিক ও প্রাকৃত প্রলয়ে রুদ্ররূপে এবং ধারণ-(পোষণ)-কালে ধাতা (পালক) বিষ্ণুরূপে আপনিই বিরাজমান আছেন। দিক্‌সমূহ—বর্ণাশ্রমধর্ম্মের মর্য্যাদাসকল আপনিই বিষয়সমূহধারণকারী নেত্রাদি ইন্দ্রিয়রূপে ইহাদের অধিষ্ঠান ক্ষেত্ররূপে অবস্থিত। ৪৭

এইরূপ নিত্যপ্রসন্নরহিত, ত্রিতেন্দ্রিয়, পক্ষ ও মিত্রের প্রতি সমানভাবে স্নেহসম্পন্ন এবং সৎকর্ম্মসমূহের দ্বারা সত্যকে প্রাপ্ত মুনিগণ যখন শ্রীহরির সেবা করিতেছিলেন ও দেবতা এবং মহর্ষিগণ তাঁহার স্তুতি করিতে ছিলেন, সেই সময় মহান্ দেব শ্রীহরি নিজের হরগ্রীবাময়ক বিশাল শরীরের স্মরণ করিলেন। ৪৮-৪৯

সর্ব্বদেবময় দেবময় রূপ ধারণ করত ভগবান্ শ্রীহরি সেস্থানে শোভা পাইতে লাগিলেন। তাঁহার মস্তকে মহাদেব শিব এবং হৃদয়ে ব্রহ্মা বিরাজমান ছিলেন। ৫০

সূর্য্যের কিরণাবলি তাঁহার রোমশ্রেণী ছিল। চন্দ্র ও সূর্য্য তাঁহার নেত্রস্থানে প্রকাশিত হইতেছিলেন। তাঁহার দুই জঙ্ঘায় বসুগণ ও সাধ্যগণ বিরাজমান ছিলেন এবং সমস্ত সন্ধিস্থানে দেবতারা বাস করিতেছিলেন। ৫১

জিহ্বায় অগ্নিদেব ছিলেন। সত্যা (দেববাণীরূপা) দেবী সরস্বতী তাঁহার বাণী ছিলেন। মরুদ্‌গণ ও বরুণদেব তাঁহার জানুদেশে ছিলেন। ৫২

এইরূপ সর্ব্বদেবময় মহান্ ও অদ্ভুত রূপ ধারণ করত যাঁহার নয়নের প্রান্তভাগ রক্তবর্ণ ছিল, সেই ভগবান হরগ্রীব ক্রোধে পূর্ব্বকে সেই অসুর মধুকে সবলে চূর্ণ করিতে লাগিলেন (ইহাতে মধুর মেদ বাহির হইয়া আসিল)। ৫৩

সেই সময় মধুর মেদরূপী জলে আপ্লাবিত হইয়া এই সম্পূর্ণ পৃথিবী গুরুত্ব যুক্ত হইতে লাগিল, যেন কোনও শুচি-শুভ্রা যুবতী স্নেহবর্দ্ধের দ্বারা পরিধান করিয়া শোভা পাইতেছে। ৫৪

নরশ্রেষ্ঠ জনমেজয়! এই মেদের কারণেই পৃথিবীদেবী 'মেদিনী' নাম প্রাপ্ত হইলেন। সহস্র অসুরের দ্বারা এই নাম ভূতলে প্রতিষ্ঠিত ও প্রচারিত হইয়া যাইল। ৫৫

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে পৌষ্করপ্রাদুর্ভাববিষয়ক ষড়্‌বিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥

[মধোঃ পতনেন সর্বেষাং প্রাণিনাং হর্ষঃ, তত্র সমবেতানাং পর্বতানাং বসন্ত-বর্ণনম্, মধুবাহিন্যা নদ্যা উৎপত্তিঃ সৌরীসিন্ধায়া মাহাত্ম্যম্—কথনঞ্চ ।]

বৈশম্পায়ন উবাচ ।

মধোর্নিপতনাৎ পৃষ্ঠা সর্বভূতানি পুষ্করে ।
প্রহৃষ্টানি প্রগায়ন্তি প্রনৃত্যন্তি চ সর্বশঃ ॥ ১

সুপার্শ্বো গিরিমুখ্যস্তু কাঞ্চনৈঃ শিখরোত্তমৈঃ ।
বহুধাতুবিচিত্রৈশ্চ যঃ শিখরিষু চাবভৌ ॥ ২

শিরঃস্থাভিশ্চোত্তভে ধাতুভিঃ সমলঙ্কৃতাঃ ।
প্রাংশুভিঃ শিখরাগ্রৈশ্চ সবিদ্যুদ্ভ ইবাম্বুদাঃ ॥ ৩

পঞ্চবাতোদ্ধতৈ রেণুস্তুরৈঃ সাঞ্জনবালুকৈঃ ।
ছাদয়ন্ পর্বতাগ্রাণি মহামেঘ ইবাবভৌ ॥ ৪

মেঘসংলিষ্টশিখরাঃ পঙ্কবিক্ষিপ্তপাদপাঃ ।
কাঞ্চনোদ্ভেদবহুলাঃ খে তিষ্ঠন্ত্যব পর্বতাঃ ॥ ৫

পঞ্চবন্তঃ শশিখরা হেমধাতুবিভূষিতাঃ ।
পবনেন সমুদ্ধূতৈস্তূর্যসঙ্ঘৈরিবোদ্যতাঃ ॥ ৬

কাঞ্চনাঃ পর্বতাঃ সর্বে স্ফাটিকৈর্মণিভিশ্চিতাঃ ।
সূর্যাকাস্তৈশ্চ বহ্নিভস্প্রকাশৈশ্চ নির্মলাঃ ॥ ৭

হিমবাংস্তু মহাশৈলঃ শ্বেতৈর্ধাতুভিরাচিতঃ ।
কাঞ্চনৈঃ শিখরাগ্রৈশ্চ সূর্যপাণ্ডুপ্রকাশিতৈঃ ॥ ৮

মণিভিশ্চ প্রকাশদ্ভিঃ পঙ্কজান্তরবিনিঃসৃতৈঃ ।
তাম্রপুষ্পৈশ্চ শিখরৈর্দীপ্যমানৈঃ স্বতেজসা ॥ ৯

মন্দরশ্চোত্তমশিখরঃ স্ফাটিকৈর্মণিচিত্রিতঃ ।
বজ্রসর্গো নিরালম্বৈঃ স্বর্গোপম ইবাবভৌ ॥ ১০

মহাশৃঙ্গঃ কৈলাসঃ শিলাধাতুবিভূষিতঃ ।
তোরদৈশ্চৈব নিবিড়ৈঃ প্রাংশুভিশ্চৈব পাদপৈঃ ॥ ১১

প্রবাদদ্ভির্গন্ধর্বৈঃ কিন্নরৈশ্চ প্রশোভিতঃ ।
দেবকন্যাচরাগ্রৈশ্চ ক্রীড়াভূমিরিবাবভৌ ॥ ১২

সপ্তবিংশ অধ্যায়।

[মধুর পতনে সমস্ত প্রাণিগণের হর্ষ, সেখানে সমবেত পর্বতসকল ও বসন্ত ঋতুর বর্ণন, মধুবাহিনী নদীর উৎপত্তি এবং সৌরীসিন্ধুর মাহাত্ম্যকথন

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! মধুর পতন হইতে দেখিয়া পুষ্করে সমস্ত প্রাণীরা অত্যন্ত হর্ষযুক্ত হইয়া উচ্চৈঃস্বরে গান করিতে এবং নৃত্য করিতে লাগিলেন। ১

পর্বতসকলের মধ্যে সুপার্শ্ব নামক শ্রেষ্ঠ শিখরসমূহ আকাশে যেন বেগে ভ্রমণ করিতে করিতে প্রতীত হইতেছিলেন। তাঁহার সেই সব শিখর ধাতুসমূহে অতিশয় বিচিত্র দেখাইতেছিল। ২

অন্য বহু পর্বতও নানাপ্রকার ধাতুতে রঞ্জিত হইয়া নিজেদের উচ্চ শিখরসমূহে বিদ্যুৎসহিত মেঘমণ্ডলের ন্যায় শোভা পাইতেছিল। ৩

পঞ্চসমূহের বায়ুর দ্বারা উপরে উত্থিত ধূলিরাশি অঞ্জন (কজ্জলচূর্ণ) ও বালুকাসহ চূর্ণের সহিত পর্বতসকলের শিখর-সমূহকে আবৃত করত মহামেঘমণ্ডলের ন্যায় মনে হইতেছিল। ৪

ইহাদের সমস্ত শিখরই মেঘে আশ্লিষ্ট ছিল। ইহারা নিজেদের পঞ্চসমূহের বায়ুর দ্বারা বৃক্ষসমূহকে বিক্ষেপ করিতেছিল এবং ইহার মধ্যে স্বর্ণের বহু খনি প্রাদুর্ভূত হইয়াছিল। এইভাবে এই পর্বতসকল আকাশেই যেন অবস্থান করিতে লাগিল। ৫

পঞ্চ ও শিখরসমূহের দ্বারা সুশোভিত, সর্বদাই ধাতুসমূহে বিশেষভাবে রঞ্জিত ও মধুর বেগে যেন প্রস্তাবিত হইয়া এই সব পর্বত আকাশচারী পক্ষিসকলকে শ্রেষ্ঠ করিতেছিল। ৬

সেখানে সমস্ত পর্বতই সুবর্ণময় ছিল। স্ফটিক মণির রাশি সঞ্চিত ছিল এবং এই সব পর্বতই বহুসংখ্যক সূর্যকান্তমণি ও চন্দ্রকান্তমণির দ্বারা নির্মল প্রভায় উদ্ভাসিত হইতেছিল। ৭

মহাপর্বত হিমবান্ শ্বেতবর্ণের ধাতুসমূহে ব্যাপ্ত ছিলেন। তাঁহার শিখরসমূহের অগ্রভাগ সূর্যের কিরণমালাতে প্রকাশিত হইয়া সুবর্ণময় দেখাইতেছিল। তাঁহার পঙ্কসমূহের মধ্যভাগ হইতে উদ্ভূত প্রকাশমান মণিসকল তাঁহার শোভাবর্ধন করিতেছিল। ৮-৯

তাহার শিখরবিশিষ্ট মন্দরাচল স্ফটিকমণিরাশিতে পরিপূর্ণ ছিল। উহার মধ্যে বজ্রমণি (হীরক) ছিল। এই পর্বত (মন্দরাচল) নিরালম্ব শিখরসমূহে স্বর্গের সদৃশ সুশোভিত হইতেছিল। ১০

শিলা ও ধাতুসমূহে বিভূষিত মহান্ শিখরবিশিষ্ট কৈলাস পর্বত তোরণের সমান উচ্চ ও ঘন বৃক্ষশ্রেণীতে সুশোভিত হইতেছিল। ১১

বিবিধ বাদ্যবাদনকারী গন্ধর্বগণ, মধুর গীতকারী কিন্নরগণ ও দেবকন্যাগণের অবস্থানসমূহে সুশোভিত কৈলাস পর্বত ক্রীড়াপর্বতের ন্যায় শোভিত হইতেছিল। ১২

মধুরৈর্বাদ্যগীতৈশ্চ নৃত্তৈশ্চাভিনয়োদ্গতৈঃ
শৃঙ্গারৈঃ সাদরৈশ্চক্রে কৈলাসো মদনাশ্রয়ঃ ॥ ১৩
আদিত্যাভাসিভিঃ শৃঙ্গৈর্ভিন্নাঞ্জনচয়োপমৈঃ।
বিদ্যোৎ নীলাম্বুদশ্যামো বিভিন্ন ইব তোয়দঃ ॥ ১৪
ধাতুর্ধ্বং সর্বধাতূনাং মেরুপৃষ্ঠে মহাবলে।
নির্ব্যূঢ়মিব নীলং তোয়ং মেঘজালৈরিবোত্থিতৈঃ ॥ ১৫
শিলাভির্বিচিত্রাভির্ধাতুভির্বহুরূপিভিঃ।
প্রস্রবদ্ভিশ্চ তোয়ানাং সলিলং স্ফটিকপ্রভম্ ॥ ১৬
গ্রীষ্মান্তে বায়ুসংঘৃষ্টা ঘনা ইব সবিদ্যুতঃ।
চিত্রৈঃ পুষ্পৈস্তরুগণাঃ শোভন্তে ইব চূম্বিতাঃ ॥ ১৭
নাগাঃ কনকসঙ্কাশৈর্বিচিত্রৈশ্চিত্রিতা ইব।
বিহঙ্গমাভিলীনাশ্চ লতাস্তরুসমাশ্রিতাঃ ॥ ১৮
বিলম্বন্তাঃ সপুষ্পাশ্চ নৃত্যন্ত্যে বায়ুচোদিতাঃ।
পবনেন সমুদ্ধূতা মত্তা মাধবেয়নিঃ ॥ ১৯

মধুর বাদ্যযুক্ত গীত, অভিনয়সমৃদ্ধ নৃত্য, শৃঙ্গারময়ী ক্রীড়া এবং নৃত্যকালে কৃত অবশ্যকৈশসমূহের দ্বারা কৈলাস পর্ব্বত মূর্ত্তিমান্ কামদেবের ন্যায় রসের উদ্দীপক হইয়াছিল ॥ ১৩

ভাস্বর করিয়া তুলিয়াছে তপনের কিরণরাশি, বিদ্যুৎ ও সূর্য্যের কিরণাবলিতে প্রকাশিত শিখরযুক্ত বিদ্যুৎপর্ব্বত নীল মেঘের ন্যায় শ্যামকান্তি ধারণ করিয়া থাকিত মেঘের সমান প্রতীত হইতেছিল ॥ ১৪

সমস্ত প্রাণিগণের জীবন ধারণের জন্য এই পর্ব্বত মহাশক্তিশালী মেরুপৃষ্ঠের উপর উত্তর মেঘমণ্ডলের সদৃশ নির্ম্মল জলবর্ষণ করিতেছিল ॥ ১৫

বহু বিচিত্র শিলা, অনেক রূপবিশিষ্ট ধাতু ও স্ফটিক মণির সদৃশ নির্ম্মল জলের স্রোত প্রবাহিতকারী ঝরণারসমূহে এই পর্ব্বতের অভিনয় শোভা হইতেছিল ॥ ১৬

বিচিত্র পুষ্পসমূহে বিভূষিত বৃক্ষগণ বর্ষাঋতুতে বায়ুর দ্বারা আন্দোলিত বিদ্যোৎপরিযুক্ত মেঘমণ্ডলের ন্যায় শোভা পাইতেছিল অথবা স্বর্গের বিচিত্র অলঙ্কারসমূহে অলঙ্কৃত হস্তিগণের তুল্য সুশোভিত হইতেছিল ॥ ১৭।

যাহাদের মধ্যে পক্ষীরা বাস করিতেছিল, সেই সব বৃক্ষকে আলিঙ্গন করিয়া বিস্তৃত ও লম্বমান (ঝুলন) পুষ্পিত লতাসমূহ বায়ুর তাড়না পাইয়া যেন নৃত্য করিতেছিল ॥ ১৮।

বৈশাখ মাসের দিনে প্রবল বায়ুর দ্বারা কম্পিত হইয়া এই লতাসমূহ সেইভাবে পুষ্পরাশি বর্ষণ করিতে লাগিল, যেরূপ

বমুঃ পুষ্পসহস্রাণ্যস্তোয়ং বেলেব বর্ষতি।
ফলবদ্ভিশ্চ বিপুলৈঃ শাখাস্কন্ধাববোধিভিঃ
পাদপৈর্বর্ণবহুলৈর্দ্রিয়ন্তে চ বনস্থলী ॥ ২০
মধুপ্রিয়া মধুকরা মধুমত্তা বিহঙ্গমাঃ
ঘোষয়ন্তীব গায়ন্তঃ কানন্তাগমসম্ভবম্ ॥ ২১
বিকুর্ব্বণোনিহন্তা চ চকার মধুবালিনীম্।
নদীং প্রস্রবনির্ভেদাঃ সুতীর্থাং বহুলোদকাম্ ॥ ২২
অঙ্গারবর্ণসিকতাং মধুতীর্থাং মনোরমাম্
বিমলৈরম্বুভিঃ পূর্ণাং পুষ্পসঙ্কববাহিনীম্ ॥ ২৩
বিবেশ পুষ্করং সা তু ব্রহ্মণো বাক্যচোদিতা।
ঋষিভিশ্চানুচরিতা ব্রহ্মস্থানৈর্যেবিভিঃ ॥ ২৪
ধাত্রী কপিলরূপেণ গৌর্ভূত্বা ক্ষরতে পয়ঃ।
মধুরং বিততে যজ্ঞে ব্রহ্মণো বাক্যচোদিতা ॥ ২৫
শিরশ্চ পৃথিবীভূতং সঙ্কটাৎ প্রাণ্যবাপ্তবীম্।
গুহ্যঞ্চ তস্যতে লোকাঃ শাশ্বতং পরমাসুতম্ ॥ ২৬

তরঙ্গের আঘাতে সমুদ্রের তটভূমি জলবিন্দু বিকীরণ করে ॥ ১৯।

যাহাদের মধ্যে বহু শাখা স্কন্ধ ও অবরোহ (জটা) লোভ পাইতেছিল, এরূপ বহু বর্ণবিশিষ্ট, বিশাল এবং ফলশালী বৃক্ষসকল যেন বনস্থলীকে ধরিয়া রাখিতেছিল ॥ ২০

মধু-মত্ততা হাতের শিষ্য সেই মত্তমত্ত মধুকরগণ গুঞ্জরণ করিতে করিতে কামদেবের আগমনের ঘোষণা করিতে ছিল ॥ ২১

মধুদৈত্যের বিনাশক ভগবান বিষ্ণু সেখানে মধুবাহিনী নাম্নী এক নদীর সৃষ্টি করিলেন, যাহার স্রোত বেগ করিয়া প্রবাহিত হইতেছিল। উত্তম তীর্থযুক্তা এই নদী প্রভূত (অথাধ) জলে পূর্ণ ছিল। উহার বালুকা অঙ্গারের তুল্য কৃষ্ণবর্ণবিশিষ্ট ছিল। এই মধুতীর্থবতী নদী মনোরমা ও নির্ম্মল জলে পূর্ণা ছিল এবং রাশি রাশি পুষ্প বহন করিয়া লইয়া যাইতেছিল ॥ ২২-২৩

ব্রহ্মার বাক্যে প্রেরিতা হইয়া এই নদী পুষ্করে প্রবেশ করিল। ব্রহ্মতত্ত্বসেবী ঋষিগণ উহার অনুগমন করিতে লাগিলেন ॥ ২৪

তদনন্তর মহাযজ্ঞ আরম্ভ হইলে পর ব্রহ্মার বাক্যে পৃথিবী গাভীরূপ ধারণ করত মধুর দুগ্ধ প্রবাহিত করিতে লাগিলেন ॥ ২৫

সেই দুগ্ধে যে সরোবর পরিপূর্ণ হইয়াছিল, তাহা পৃথিবী-স্বরূপ ছিল। এই সরোবর প্রাণিসমূহকে ধারণ করিবার জন্য ভূতলে আসিয়া প্রতিষ্ঠিত হইল এবং নিজের পরম অদ্ভুত ও শাশ্বত স্বরূপও ধারণ করিল ॥ ২৬

সরস্বত্যাঃ সমুদ্ভূতঃ ব্রহ্মক্ষেত্রে তমোনুদম্ ।
মরুতীর্থমতিক্রম্য পুষ্করেষু বিসর্পতি ॥ ১৭
সুচারুরূপা ধর্ম্যা চ অক্ষারূপেণ ভাসতে ।
রূপং কনকবর্ণাভং তপোযুক্তেন তেজসা ॥ ১৮
অক্ষগন্ধবতোদ্ভূতঃ সম্ভূতঃ পর্ব্বতো মহান্ ।
গুরুদ্বারগুণপ্রাপ্তঃ শাশ্বতঃ সিদ্ধসেবিতঃ ॥ ১৯
বেদিকাভিঃ সুচিত্রাভিঃ কাঞ্চনাভিরিবাচিতঃ ।
পুষ্করাণি পবিত্রাণি দৃষ্ট্বা বিপুলদক্ষিণ ॥ ৫০
মহামেরোর্যথা রূপং পঞ্চধাতুবিভূষিতঃ
চেতনা যাতিসম্পন্নো রূপেণাদ্ভুতদর্শনঃ ॥ ৫১
করিষ্যামহমপ্যেতন্মনসা ধর্ম্যমিত্যপি
রূপং বহুবিধং লোকে পার্থিবৈঃ চেতনাঃ তথা ॥ ৫২

ত্রীংল্লোকান্ প্রলম্ভেন পঞ্চভির্ধাতুলক্ষণৈঃ ।
যত্নেন চ সমর্জ্জেদং মনসা ধর্ম্যচারিণম্ ॥ ৫৩
সজেষু তাব মোহাদ্যাঃ পশ্যন্তি চ সমুদ্ভবঃ
বিমুক্তাঃ সর্ব্বসজেভ্যো ধারয়ন্তি পরিগ্রহান্ ॥ ৫৪
ন চ বিদ্যেত মাং কশ্চিন্মনসা কামরূপিণম্ ।
পঞ্চধাতুনিবদ্ধঞ্চ নানাভাবিতচোদনঃ ॥ ৫৫
যে চ বিষ্ণুমধীয়ন্তে বহুধা কামরূপিণঃ ।
যে মাং পশ্যন্ত্যুবাচ্যং তপসা দগ্ধকিল্বিষাঃ ॥ ৫৬
যে চ মামভিরোচেয়ুর্নরা ধর্ম্মপথে স্থিতাঃ ।
তেঽপি স্বর্গজিতঃ সন্তঃ পশ্যেয়ুর্মাং গতক্লমাঃ ॥ ৫৭
যত্রৈব পর্ব্বতঃ প্রাংশুর্মেরুপৃষ্ঠে ব্যবস্থিতঃ ।
এতন্মারুহ্য বৃক্ষেষু প্রাণত্যাগেষু নির্ম্মলাঃ ॥ ৫৮

সরস্বতী হইতে উৎপন্ন হইয়া তম ও অন্ধকারনাশকারী পুণ্যতীর্থ মরুতীর্থকে অতিক্রম করিয়া ইহা ব্রহ্ম ও ক্ষেত্রভূত পুষ্করতীর্থে প্রবাহিত হইতে লাগিল। ১৭

পরম মনোরম গুণবিশিষ্ট ধর্ম্মজ্ঞা অক্ষা সরস্বতী মাহাত্ম্যরূপে এই তীর্থকে সুবর্ণরেণুর বিন্যাসরূপে আস্বাদিত করিলেন। তপোযুক্ত (আলোচনাযুক্ত চিত্তের দ্বারাই ইহার যথার্থরূপ চিন্তায় ব্রহ্মের সাক্ষাৎকার হয়। ১৮

সেস্থানে এক বিশাল পর্ব্বত উৎপন্ন হইল, যাহা স্বাভাবিক সুখদে পূর্ণ ও চন্দনে ভরা ছিল। ইহা ব্রহ্মার অতিশয় বিশাল ছিল এবং তাহাই তাহার প্রাণ ছিল। (অথবা ওঙ্কই এই অক্ষারূপী পর্ব্বতে আরোহণ করিবার দ্বার এবং চন্দনাদি তিন গুণ তাহার জীবন।) ইহা অনাদি বলিয়া সনাতন বলা হয় এবং নিত্য পুষ্করও ইহার সেবা করেন; সুতরাং মৃঢ় ব্যক্তিগণের আর কি বলিবার আছে? ২১

প্রভূত দক্ষিণাদানকারী জনমেজয়! সুবর্ণময়ী বিচিত্র বেদিকাসমূহের দ্বারা এই পর্ব্বত সুশোভিত আছে। পুষ্করতীর্থ বিচিত্র গুণকর্ম নির্ম্মাণকারী শিল্পী ব্রহ্মার দ্বারা (অথবা পরমেশ্বরের দ্বারা) ব্যাপ্ত আছে। ৫০

যেরূপ মহামেরুগিরির রূপ পঞ্চ ধাতুসমূহের দ্বারা পরিপূর্ণ আছে, সেইরূপ এই পর্ব্বত পঞ্চ ধাতুসমূহের (বৃক্ষগণের) দ্বারা পরিপূর্ণ রহিয়াছে। রূপে এই পর্ব্বত অদ্ভুতদর্শন ছিল এবং যাহা সুচিন্তিত চেতনা, তাহার দ্বারা ইহা সম্পন্ন মনে হইতেছিল। ৫১

(এখন নিজেকে পরমাত্মা হইতে অভিন্ন মনে করিয়া 'আমিই সব কিছু করিতেছি' এইভাবে ভক্তের নিরূপণ করিতেছেন।) আমিই ধর্ম্মাচরণকারী এই শরীরকে মানসিক সঙ্কল্পের দ্বারা নির্ম্মাণ করিতেছি। লোকে যে নানাপ্রকার রূপ দেখা যায়, তাহারও সৃষ্টি আমিই নিজের দ্বারা করি। এই পার্থিব শরীরে যে চেতনা, তাহাকেও আমিই অভিব্যক্ত করি। ৫২

আমি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের দ্বারা তিন লোকের বিষয় জানিতে পারি। মন ইন্দ্রিয় মনের দ্বারা ধর্ম্মচারিণী বুদ্ধিকে সৃষ্টি করি। ৫৩

যে সঙ্ঘবিশালী পুরুষ সঙ্ঘভিসমূহের সঙ্গ প্রাপ্ত হইলে পর ভাব ও মোহের দ্বারা (সঙ্গরাগ ও ভ্রমরূপে) ঐহিকের দর্শন করেন এবং সর্ব্বপ্রকার আসক্তিসমূহ হইতে মুক্ত হইয়া বিষয় সংগ্রহকারী মন, বুদ্ধি, ইন্দ্রিয় ও প্রাণকে বশীভূত করিতে পারেন, তিনিই তত্ত্বজ্ঞানের অধিকারী হন। ৫৪

প্রায় সকল মানুষ পঞ্চভৌতিক শরীরে বদ্ধ থাকিয়া নানা প্রকার ফলের প্রকটনকারী বেদবাক্যের দ্বারা প্রেরিত হইয়া সকাম কর্মসমূহে রত থাকে; অতএব কেহই মনের দ্বারা ইচ্ছানুসারে রূপ ধারণকারী পরমাত্মা আমাকে উপলব্ধি করিতে পারে না। ৫৫

যাহারা ইচ্ছানুসারে গৃহীত শ্রীরাম-কৃষ্ণাদি বিগ্রহসমূহে উপলব্ধিত ভগবান্ বিষ্ণুনাম কীর্ত্তনাদির দ্বারা বারংবার স্মরণ করে, এই উপচার দ্বারা নিজেদের পাপসকলকে দগ্ধকারী উপাসকগণ অব্যক্ত পরমাত্মা আমাকে সাক্ষাৎকার করিতে পারে। ৫৬

অপ্সরোভিঃ সমাগম্য বিচরেদ্‌মনোভবঃ
নন্দনং বনমাসাদ্য কামাকল্প মহদ্ বনম্ ॥ ৩৯
ইষ্বাং বিদ্যাং সমাস্থায় মন্ত্রকাঃ পুরুষেষিষ
শরীরং ক্ষপয়িত্বাস্তি ব্রতৈর্বহুবিধৈঃ কৃতৈঃ ॥ ৪০
সিদ্ধিং প্রাপ্য ক্রমেণৈতে কামৈর্বহুবিধৈর্নরাঃ।
ইমং লোকমমুষ্মৈব সম্পতেয়ুর্যথাক্রমম্ ॥ ৪১
সৌরী সিদ্ধেতি বাখ্যাতা ত্রিষু লোকেষু বিশ্রুতা
প্রভাবং তপসা বৃত্তং দর্শয়ন্তী সমাহিতাঃ ॥ ৪২
যস্যাং জ্ঞানাভিসন্ধানাদভিজ্ঞানাং সমাগ্রহাঃ
ভবেয়ুস্তে নিরাবস্থা ধাতুনির্মুক্তবন্ধনাঃ ॥ ৪৩
সহস্রগুণমব্যক্তা দত্ত্বা দানফলানিব।

অধিষ্ঠানেন বিপ্রাণাং মনঃশুদ্ধেন কর্ম্মণা ॥ ৪৪
সর্ব্বত্রৈবাপ্রমেয়েণ অভ্যস্তং ফলমাপ্নুয়ুঃ।
অমুষ্মিন্নৈব লোকে বৈ সর্ব্বজ্ঞাঃ সহ সর্ব্বলোকৈশ্চ ॥ ৪৫
যেষামিহ চ সান্নিধ্যং যজ্ঞে ব্রাহ্মণসঙ্গমে।
তে তূষ্ণীং যজমানাস্তা অভিষিক্তা পুনঃ পুনঃ ॥ ৪৬
তথা তাঃ মন্ত্রসে গৌরীঃ মনসা ধর্ম্মচারিণীম্।
অমুগ্রহায় ভূতানাং তমুমাত্রে তপোধনে ॥ ৪৭
সত্তা এষ পরোঽবিদ্যে ভবিতা নাত্র সংশয়ঃ।
নাফলো বিদ্যতে ধর্ম্মশ্চরিতো ধর্ম্মচারিণা ॥ ৪৮
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
পৌষ্করে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥ ১৭ ॥

যে সব মানুষ বর্ষশতেই থাকিয়া উচ্চ সাধন-সোপানের দ্বারা নির্গুণ ব্রহ্মরূপী মন্ত্রর গাত্রমাঝে ত্র রোহণ করে, সেই সংপুরুষ-গণও পাপ-তাপরহিত হইয়া স্বর্গলোক ভয় করে এবং আমার সাক্ষাৎকার লাভ করে। ৩৭

যেরূপথে যে উচ্চ পর্যন্ত আছে তাহাতে আরোহণ করত নির্মল অন্তঃকরণবিশিষ্ট পুরুষগণ শরীর (ইন্দ্রিয়গণের) আসক্তি ত্যাগ করিবার জন্য ব্রত—সকল অর্থাৎ উহা সাধন করিতে থাকে। ৩৮

সিদ্ধিপ্রাপ্ত সাধকগণ ক্রমের সরল রেখাগামী হইয়া নন্দনবন ও বিশাল কামাকবনে উপস্থিত হইয়া অপ্সরাদিগের সহিত মিলিত হয় এবং তাহাদের সহিত বিহার করে। ৩৯

আমার ভক্ত এই বিদ্যা প্রাপ্ত হইয়া পুরুষগণেরা নানাপ্রকার ব্রতের অনুষ্ঠান করত নিজের শরীরকে ক্ষীণ করিবে। ৪০

সেই মনুষ্যগণ সিদ্ধি প্রাপ্ত হইয়া ও নানাপ্রকার কামনাসমূহে সম্পন্ন হইয়া ক্রমশ উপরে উঠিতে থাকে এবং আনন্দ-সহকারে ইহলোক এবং পরলোকে পরিভ্রমণ করিতে থাকে। ৪১

যখন একাগ্রচিত্ত যোগীর তপস্যার প্রাপ্ত পূর্ব্বোক্ত প্রভাব দেখেন, তখন বিদ্যার (যাহা ও আচার্য্যের উপদেশপ্রাপ্ত জ্ঞানের) দ্বারা সিদ্ধা যোগীদেবী দর্শনদান করেন : যিনি তিন লোকে 'সিদ্ধা' নামেই বিখ্যাত। ৪২

কর্ম্মাঙ্গ, বাক্ত ও অব্যক্তার ক্রমে তথবস্তুতির দুই প্রতীক, বিদ্যাই, সূত্রাত্মা ও অন্তর্য্যামী এই সব মিলিয়া হয় জ্ঞানাভিসন্ধি (সন্ধেতের স্থান)। ইহাদের যে সম্পূর্ণরূপে অনুভব, তাহার প্রয়োজনের অভাব হইয়া যাওয়ায় সাধকগণের অন্তর যোগৈশ্বর্য্য লাভ হয়। তাহারা তখন আর কোনও কার্য্য আরম্ভ করে না এবং পাঞ্চভৌতিক বন্ধন হইতে মুক্ত হইয়া যায়। ৪৩

যেরূপ কোনও অপরাধী রাজাকে হত্যা করিয়া সেই করণের ফলে রাজার পরাক্রান্ত করত অপরাধ হইতে মুক্ত হইয়া যায়, সেইরূপ ধর্ম্মজ পুরুষগণ সর্ব্বই অসুষ্ঠিতভাবে ব্রাহ্মণ গণের সম্মান ও শুদ্ধভাবে নিষ্কাম কর্ম্মের অনুষ্ঠান এবং দান করত নিজেদের সমস্ত পূর্ব্বাঞ্জ পুণ্যফলের সহিত ব্রহ্মলোকে গমন করিয়া আত্যন্তিক দুঃখের নিবারণকারী অক্ষয় ফল লাভ করিয়া থাকে। ৪৪-৪৫

যে যজমান ও অধিগমনের ব্রাহ্মণগণে পূর্ব যজ্ঞে সান্নিধ্য হইয়াছে :- যে (যজ্ঞাঙ্গ দেবতাদিতে চিত্তের একাগ্রতা আসিয়াছে), সেই যজমানাদি পুরুষগণ বারবার বহু যজ্ঞে অবভৃথ (যজ্ঞান্ত) স্নান করিয়া পুনরায় পূর্বোক্ত ফলদাতা করিয়া থাকে। ৪৬

রাজন্! তুমি মনে ও যজ্ঞের সম্পত্তিকে যেরূপ আমার সম্বন্ধে উপস্থিত মনে কর, তবে এখন হইতে আর সেরূপ মনে করিও না ; কারণ, এই যোগীদেবী সমস্ত প্রাণিগণের প্রতি অনুগ্রহ করিবার জন্য নিয়তর ধর্ম্মে আচরণ করেন (এই বাহ্য সম্পত্তি ও পরিমিত ; কিন্তু তিনি আত্যন্তিক জ্ঞান সম্পত্তি হওয়ায় অনন্ত)।৪৭

এই আত্মা অবশ্যই সত্তা ; কিন্তু বিদ্যারহিত পুরুষ হইতে বহু দূরে থাকেন। ইহাতে কোনও সংশয় নাই। নিষ্ফল ধর্ম্মের আচরণকারী পুরুষের দ্বারা আচরিত ধর্ম্ম কখনও নিষ্ফল হয় না (অতএব ধর্ম্ম হইতেও চিত্তশুদ্ধির দ্বারা আত্মতত্ত্বের সাক্ষাৎকার হইতে পারে)। ৪৮

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বে পুষ্কর-প্রাদুর্ভাববিষয়ক সপ্তবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টাবিংশোঽধ্যায়ঃ।

[পুরুরে শ্রীবিষ্ণু – প্রভৃতীনাং তপস্যা, তস্যাঃ প্রভাববর্ণনঞ্চ

বৈশম্পায়ন উবাচ

দিশং ত্রিরমিদুর্দিব্যামুত্তরাং সত্যসাধনঃ
তথা স বাতুলিচরেয়ু পুণ্যো পর্ব্বততোবসি ॥ ১
বিষ্ণুঃ পরমধর্ম্মাত্মা একপাদেন তিষ্ঠতি।
দশবর্ষসহস্রাণি পুষ্করে পুষ্করেক্ষণঃ ॥ ২
আত্মভাত্মানমাধায় তপসা ব্রহ্মসম্ভবঃ।
ঘটতে কর্ম্মযোগেণ লোকমুখানকারণাৎ ॥ ৩
তামুরো তস্যনাচ্ছান্ত গাত্রাণি ধর্ম্মাত্মনঃ
অষ্টৌ বর্ষসহস্রাণি সংপ্রক্ত স্তপোধনঃ ॥ ৪
তেজসা তেন জ্যোতীংসি বিভাবা প্রজ্বলর্ষভঃ।
তিষ্ঠতে নভসো মধ্যে যোগাত্মা ভাবয়ন জগৎ ॥ ৫
সোমো বিবয়নাক্ষিপ্য মনসা ধারয়ন মনঃ।
যুক্তঃ পরমধর্ম্মাত্মা ব্রাহ্মী সিদ্ধিমুপাগতঃ ॥ ৬
সম্প্রসৃষ্টস্তত সর্ব্বত্র দিবি ভূবান্তরে তথা।
জ্যোতিষ্কর্ম কর্ম্ম কুর্ব্বাণো বরূপঃ স সম্পদা ॥ ৭
মহেশ্বরোঽভিপূজ্যো বৃষরূপেণ তিষ্ঠতি।
উদ্ভূতা দক্ষিণং পাদং বায়ুভক্তঃ সমাহিতঃ ॥ ৮
অষ্টৌ বর্ষসহস্রাণি সংপ্রলম্বতমেব চ
মহাযোগী মহাদেবো নিয়মাত্ম ব্রহ্মসম্ভবঃ ॥ ৯
অথ বায়ুর্ঘনীভূতো অন্তে চরতি গোপতেঃ।
ফেনীভূতঃ সমুদ্রপারৈঃ পবনঃ নিঃসৃতমুখাৎ ॥ ১০
স নিষ্ক্রান্তস্ততো বক্ত্রাৎ প্রাণেন পরনাত্মবান্
নির্য্যাসভূতঃ পতিতো নৈষাবৈর্ত্তো নৈষ পার্থিবঃ ॥ ১১

অষ্টাবিংশ অধ্যায়।

[পুরুরে শ্রীবিষ্ণু প্রভৃতির তপস্যা এবং তাহার প্রভাব বর্ণন।]

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! সত্যই যাঁহার সাধন, সেই পরম ধর্ম্মাত্মা ভগবান্ বিষ্ণু উত্তর দিকে যাইবার জন্য ঊর্দ্ধে সিদ্ধির পরাকাষ্ঠা মোক্ষকে লাভ করিবার জন্য ইচ্ছা করিলেন। এই কমললোচন শ্রীহরি পুষ্করতীর্থে বায়ুভক্ষণে নিরত পরিপূর্ণ এক পর্ব্বতের পবিত্র তীরে একপদে দশ হাজার বৎসর পর্য্যন্ত দণ্ডায়মান রহিলেন। ১-২

ব্রহ্মার জন্মদাতা এই ভগবান্ বিষ্ণু নিজের চিত্তকে বিশুদ্ধ আত্মাতে স্থির দ্বারা বিলীন করত ঈশানের। মোক্ষের জন্য উগ্র কর্ম্ম (ঘোর তপস্যা) করিতে লাগিলেন। সাক্ষাৎ পরমেশ্বর হইয়াও জগৎকে শিক্ষা দিবার জন্য এরূপ করিলেন। ৩

এই প্রকাশবান সোমও যদিও নিজের অঙ্গসমূহ তপে আত্মাবিত করিয়া আট হাজার বর্ষ পর্য্যন্ত তপস্যারূপী ধন সঞ্চয় নিরত রহিলেন। ৪

তপস্যার দ্বারা প্রাপ্ত সেই প্রদিপ্ত তেজে সমস্ত গ্রহ-নক্ষত্রমণ্ডলকে ভিতরকে করিয়া যোগাত্মা ব্রাহ্মণশ্রেষ্ঠ সোম সম্পূর্ণ জগৎকে আচ্ছাদিত করিতে করিতে আকাশের মধ্যভাগে প্রকাশিত রহিলেন। ৫

পরম ধর্ম্মাত্মা সোম বৃত্তির দ্বারা মনকে বশীভূত করিয়া সমস্ত বিষয়কে অধিকার করত যোগযুক্ত হইয়া তিনি ব্রাহ্মী সিদ্ধি প্রাপ্ত হইলেন। ৬

তিনি প্রকাশশিখার কান্তি বিতরণ করিতে করিতে স্বর্গ, পৃথিবী ও উহাদের মধ্যভাগ জগতিকে সকল দৃষ্টি হইতে লাগিলেন এবং নিজের যোগপ্রভাবে নানা প্রকার বরূপ বহু রূপ ধারণ করিলেন। ৭

নিজের স্বরূপকে অত্যন্ত যোগপরায়ণ ভগবান্ মহেশ্বর বৃষরূপে তপস্যা করিবার জন্য নিজের দক্ষিণ চরণ উত্তোলিত করিয়া বহু হাজার একশত বৎসর পর্য্যন্ত দণ্ডায়মান রহিলেন। সেই সময় তিনি কেবল বায়ুর আহার করিলেন। তিনি মনকে ঘোর বহুতে নিরন্তর একাগ্র করিয়া রাখিলেন। ব্রহ্মার উৎপত্তিস্থান মহাযোগী মহাদেব নিয়মপূর্ব্বক তপস্যায় রত রহিলেন। ৮-৯

অনন্তর একদিন ইন্দ্রিয়গণের নিয়ামক ভগবান্ মহেশ্বরের নিকট ঘনীভূত বায়ু বিচরণ করিতে লাগিল। সেই সময় বৃষরূপধারী মহাদেব নিজের উপস্থারসমূহের দ্বারা ফেনরূপ পরিণত সেই বায়ুকে অন্তরে আকর্ষণ করত পুনরায় মুখ দিয়া বাহিরে নিঃসারিত করিয়া দিলেন। ১০

উপস্থার বায়ুর সহিত ঈশ্বরের মুখ হইতে নিঃসৃত বায়ু রূপান্তর প্রাপ্ত হইয়া বৃক্ষের রসের সমান নিম্নে পতিত হইল। সেই সময় উহা না আর্দ্র (ভিজা), ছিল এবং না পার্থিব পাথরাদির ন্যায় শুষ্ক ছিল। ১১

স ফেনো বারিণাবিদ্ধ ৬৬ার বসুধাতলে
নৈবাম্ভো নৈব শুষ্কাঙ্গো বায়ুসন্ত্বাত্তমাসতঃ ॥ ১১
তৎকালে ফেনমুৎক্ষিপ্তা পবনঃ সঽ বারিণা।
নিরালম্বে নিরালম্বত্বভ্রাণি সনশুস্তত ॥ ১৩
তে ক্ষিপন্তি পরো ভূমাবাত্মানং স্বেন বহ্নিতাঃ।
নীলমেঘারুণপ্রখ্যা নৈবাম্ভো নৈব পার্থিবাঃ ॥ ১৪
ব্রাহ্মীং মূর্ত্তিং সমাধায় বায়ুঃ সর্ব্বত্রগো বশী।
সমাঃ সহস্রং সম্পূর্ণা ৬৬ার বিপুলং তপঃ ॥ ১৫
বহির্বিধুন্বতী চীরবল্কলাবসৃতং।
তপস্তপ্যদনাহারো মৌনমাস্থায় পৌষ্করে ॥ ১৬
বর্ষাণাঞ্চ সহস্রাণি ত্রীণি ত্রৈলক্য ঈশ্বরঃ
তস্যাগ্নেস্তেজঃসম্ভূতো মহানগ্নিঃ প্রবর্ত্ততে ॥ ১৭

স্বর্গপ্রকাশং কৃত্বা চ স্বর্গবাসী তনোদ্ভবঃ ॥
দিবি ভূতপ্রকাশাখ্যস্তপসা ব্রহ্মসম্ভবঃ ॥ ১৮
তস্মিন্ ভূমি রাজেন্দ্র মাত্যসেমু প্রতিষ্ঠিতম্।
ভাস্করস্তেজঃসংহারস্ততো ভবতি সম্ভবঃ ॥ ১৯
মর্ত্ত্যানাং সর্ব্বভূতানাং তেজ আক্ষিপ্য বর্ত্ততে।
ন তু যোগবলে রাজন্ ব্রাহ্মণস্য বিশেষতঃ ॥ ২০
তস্মিন্ নাশয়েদ্ রাজো নাশায়ো ভবিতাধ্বরম্।
পুষ্পমিত্রো মহাতেজা যজ্ঞঃ সর্ব্বত্রগো বশী।
তপশ্চরতি ধর্ম্মাত্মা পুষ্করেষু সমাহিতঃ ॥ ২১
মহেন্দ্রশিখরাদ্ভ্রাতা যাবন্তং যান্তি মেদিনীম্।
তাবৎ স্বরূপনাস্থায় তিষ্ঠন্তে নিখিলাঃ সমাঃ ॥ ২২
তাদ্ভূতাঃ পতিতো ভাগো জ্যোতির্ভিরপি পদ্যতে।
সমাঃ সহস্রং নিখিলং মৌনব্রতিনি বর্ত্ততে ॥ ২৩

বায়ুর সেই রূপ ফেনের ন্যায় পতিত হইল। এই ফেন জলে আবিষ্ট হইয়া ভূতলের সর্ব্বদিক্ আবরিত করিতে লাগিল। ইহা ন জল কি ন স্থল ছিল ইহা বায়ুরই ঘনীভূত রূপ প্রাপ্ত হইল ॥ ১১

সেই সময় জলময় ফেনকে উপরে উৎক্ষিপ্ত করিয়া নিরাধার আকাশে নিরাধার জল এই সমুদ্রের মধ্যগতরূপে পরিণত হইয়া যাইল ॥ ১৩

তাহারা ওলের সমান নিজেরই স্বরূপে ঘনীভূত প্রাপ্ত হইয়া নীল মেঘরূপ ধারণ করত নিজের আভা জলকেই ভূতলে বর্ষণ করিতে লাগিল। সূর্য্যমণ্ডলে অবস্থিত রক্তবর্ণের কান্তি পতিত হওয়ায় উহারা তখন রক্তবর্ণেরও দেখাইতেছিল। ইহারাও না আর্দ্র ছিল এবং না শুষ্কিকাদির ন্যায় শুষ্ক ছিল ॥ ১৪

তদনন্তর সর্ব্বত্র বিচরণকারী বায়ুদেব ব্রাহ্মণ শরীর ধারণ করত মন ও ইন্দ্রিয়সমূহকে বশীভূত রাখিয়া পূর্ণ এক সহস্র বর্ষ পর্য্যন্ত কঠোর তপস্যা করিলেন ॥ ১৫

অগ্নিদেবও বল্কল পরিধারণ করত চীর ও বল্কল পরিধান পূর্ব্বক জলাহারে থাকিয়া মৌন অবলম্বন করত পুষ্করতীর্থে চার হাজার বৎসর পর্য্যন্ত যত্নসহকারে তপস্যায় রত রহিলেন ॥ ১৬।

এই অগ্নির তেজে অন্য এক মহান্ অগ্নির প্রাদুর্ভাব হইল, তিনি সূর্য্যকে প্রকাশিত করিয়া সেখানেই বাস করিতে লাগিলেন এবং স্বর্গের অন্ধকার অপসারিত করিয়া দিলেন। (ইনিই সূর্য্যাধিপতি প্রসিদ্ধ। এই ব্রাহ্মণ অগ্নি নিজের তপস্যার প্রভাবে স্বর্গে দিবাপ্রকাশ নামে প্রসিদ্ধ হইলেন ॥ ১৭-১৮

রাজেন্দ্র! জল হইতে বিনির্গত সেই অন্ধকার তখন ভূতলে মনুষ্যলোকে প্রতিষ্ঠিত হইল। স্থলে অন্ধকার শব্দের অর্থ ভূমি এবং উহারই দ্বারা উপলক্ষিত হয় বলিয়া যাহা বর্ষাঋতুগামী মনুষ্যগণের মধ্যে প্রতিষ্ঠিত আছে তেজঃপুঞ্জ সূর্য্য সেই পূর্ব্ব অগ্নি অপেক্ষা অধিক উৎকৃষ্ট ॥ ১৯

রাজন্! যোগবলসম্পন্ন ব্রাহ্মণ সূর্য্যলোকের অন্ত সমস্ত প্রাণিদিগের তেজকে তিরস্কৃত করিয়া থাকেন অথবা হরণ করেন। কিন্তু রাজার তেজকে তিনি সংহার করেন না। তাঁহার উপর বিশেষ অনুগ্রহ করেন। তিনি সূর্য্যদেবের উপাসক, তাঁহার তেজ দ্বারা তিনি রাত্রিতেও বাস করিয়া যেন অর্থাৎ সূর্য্যোপাসকের রাত্রিতে মৃত্যু হইলেও তাঁহার অর্চ্চি আদি মার্গ লাভ হয়। কিন্তু যে ব্যক্তি সকাম কর্ম্মসমূহে রত থাকে, তাহার যদি দিনেও মৃত্যু হয়, তবে সেই দিন তাহার অভয় (মোক্ষ) পদ প্রাপ্তিকারক হয় না ॥ ২০

সর্ব্বত্র যাইতে সমর্থ ও জিতেন্দ্রিয় যজ্ঞ মহাতেজস্বী বর্ষাত্মা পুষ্পমিত্র একাগ্রচিত্ত হইয়া পুষ্করে তপস্যা করিতে লাগিলেন ॥২১

মহেন্দ্রপর্ব্বতের শিখর হইতে জলের যত ধারা পৃথিবীতে পতন করে, তত বৎসর যাবৎ করত তিনি পূর্ব বৎসর ধরিয়া তপস্যায় রত রহিলেন ॥ ২২

তিনি যে জল দ্বারা পতিত হইলেন অর্থাৎ সূর্য্যমণ্ডলের ঘনাভাগে যে আকাশের ন্যায় প্রকাশিত হয়, উহাতে তিনি

নেত্রাগ্নি বহ্বয়ো তস্য নেত্রোদ্ভববিনিঃসৃতাঃ।
মধ্যাহ্নিকরবে প্রাপ্তে রশ্মিবান্ সপরিগ্রহে ॥ ১৪
তে রুদ্রাঃ প্রতানেত্রৈঃ শতশোঽথ সহস্রশঃ।
রত্নাক্ত রেতঃসংঘোগাদ্ বিষদ্ধিরিব পাবকঃ ॥ ১৫
স বিষ্ণুলিঙ্গৈর্নেত্রোত্থৈর্লিঙ্গামমুবর্ত্ততে।
কর্ম্মণোঽন্তে যুগান্তে বা জগতো বহুরূপিণঃ ॥ ১৬
বহুতাপঃ পুনর্ভূত্বা নিবহো বসুধাতলে।
স বো রশ্মিষু সম্পূর্ণো তপস্তেপে সুদারুণম্ ॥ ১৭
নিগৃহীতেন্দ্রিয়ো ভূত্বা অপ্সরোভির্বিলালিত ঃ।
মেরোঃ শিখরমাসাদ্য কাম্যং কামেন নির্ব্বমন্ ॥ ১৮
তপস্কামঃ স বক্ষস্ত কুবেরো নরবাহনঃ।
বিষ্ণুরেব তপোঽধ্যক্ষস্তেজসোঽন্তে বিভূস্তুতি ॥ ১৯
নহি কশ্চিৎ পুমানস্তি য এবং তপ আচরেৎ।

ত্রিষু লোকেষু রাজেন্দ্র ঋতে বিষ্ণুঃ সনাতনম্ ॥ ৩০
বাসুকির্বহুশীর্ষস্তু নাগেন্দ্রো মৌনমাস্থিতঃ।
তপ আচরতে সম্যক্ নিয়ম্য মনসা মনঃ ॥ ৩১
নেত্রঃ সত্যধৃতির্নাগো বলবান্ ব্রহ্মসম্মতঃ।
বৃক্ষমারুহ্য ঘর্ম্মার্ত্তো অবাক্‌শীর্ষোঽবলম্বতে ॥ ৩২
জিহ্বাভিলেলিহানোঽভির্গাত্রজং বিষমুৎসৃজন্।
সমাঃ সপ্তত্রঃ সম্পূর্ণ নিরাহারস্তপোধনঃ ॥ ৩৩
কালকূটং বিষং তস্য মুখাদ্ বমতি নিত্যশঃ।
যেন লোকা হতিক্রান্তা ন সুখং বিন্দতে নৃপ ॥ ৩৪
সর্ব্বত্রাগুগতং তীক্ষ্ণং ভুজঙ্গেষু মহীপতে।
জন্তবঃ স্থাবরাশ্চৈব সর্ব্বত্রাগুগতং বিষম্ ॥ ৩৫
পরস্পরবিবৃদ্ধেন হিংসাযুক্তেন ভারত
নাশয়ত্যাত্মনোঽঙ্গানি তেন তীক্ষ্ণেন ভারত ॥ ৩৬

অনিমেষ নয়নে তিনি সহস্র বৎসর পর্য্যন্ত সম্পূর্ণ জগৎকে দেখিতে লাগিলেন। ১৩

সূর্য্যমণ্ডলের মধ্যে দুই নিবদ্ধ করিলে পর অন্তর্ধানী সূর্য্য পরিবেষের পরিমণ্ডলের ন্যায় প্রতীত হন এবং মহাভাগে খোল বর্ণত্বের তুল্য দৃষ্ট হন। যখন পুণ্ডরিকের নেত্রপ্রান্ত সূর্য্যমণ্ডলে উপস্থিত হয়, তখন সূর্য্যের প্রভাব দ্বারা নিঃসৃত নেত্রের সহিত এই মুক্তমিশ্র সূর্য্যকিরণসমূহ চক্ষুর মধ্য হইতে নির্গত হইয়া উপর দিয়ে এদিক্ ওদিক্ সর্ব্বদিকে বিস্তৃত হইয়া যায় এবং সূর্য্যের রক্ষণকারী সেই যক্ষরাজের পক্ষে বহু সংখ্যক—শত শত ও সহস্র সহস্র নেত্র হইয়া যায়। এই সব অনেক ভেজে সংযুক্ত হইয়া তিনি এরূপ শোভা পাইতে থাকেন, যেরূপ বিধান্ অগ্নিসমূহে পরিবৃত হইয়া অগ্নিদেব সুশোভিত হন। ১৪-১৫

যখন নেত্ররন্ধ্রের কর্ম্মসমূহের শেষ হইয়া যায় অথবা অনেক রূপবিশিষ্ট জগতের প্রলয়কাল উপস্থিত হয়, সেই সময় এই পুণ্ডরিক অথবা ভাবী কুবের অগ্নির স্ফুলিঙ্গসমূহের সদৃশ প্রকাশিত নেত্রকোণসমূহের দ্বারা সূর্য্যদেবের অনুবর্ত্তন করেন ১৬

নিজের তপস্যার প্রভাব অধিক বর্দ্ধিত হইলে পর তিনি পৃথিবীতলে উপস্থিত হইলেন এবং ইন্দ্রিয়গণকে বশীভূত করিয়া পূর্ণ এক সহস্র বৎসর পর্য্যন্ত পুনরায় অত্যন্ত দারুণ তপস্যা করিতে লাগিলেন। তারপর মেরুপর্ব্বতের শিখরে গমন করত ভোগের দ্বারাই কামকে পরিত্যাগ করিতে করিতে তিনি অপ্সরাগণের সহিত রমণ করিতে লাগিলেন। ১৭-১৮

তপস্যাকামী সেই পুণ্ডরিক যক্ষই নরবাহন কুবের হইলেন। তাঁহার রূপে তপস্যার অধ্যক্ষ স্বয়ং বিষ্ণুই ছিলেন, তিনি তপস্যার অন্তে তেজোবৃদ্ধি প্রাপ্ত হন। ১৯

রাজেন্দ্র! তিন লোকে সনাতন বিষ্ণু ব্যতীত অন্য কোনও পুরুষ এরূপ নাই, যিনি এরূপ কঠোর তপস্যা করিতে পারেন ৩০

বহু মস্তকবিশিষ্ট নাগরাজ বাসুকিও মৌন অবলম্বন করত বুদ্ধির দ্বারা মনকে সম্যক্‌রূপে রুদ্ধ করিয়া তপস্যা আচরণ করিতে লাগিলেন। ৩১

সত্যকে ধারণকারী ব্রহ্মসম্মত বলবান্ নাগ নেত্র ঘর্ম্মার্ত্ত হইয়া এক বৃক্ষে আরোহণ করত নীচের দিকে মস্তক করিয়া ঝুলিতে লাগিলেন এবং লেলিহান জিহ্বাসমূহের দ্বারা নিজের শরীরের বিষ ত্যাগ করিতে লাগিলেন। তপোধন নেত্র পূর্ণ এক সহস্র বৎসর নিরাহার হইয়া অতিবাহিত করিলেন ৩২-৩৩

তাঁহার দ্বারা পরিত্যক্ত বিষই মহান্ কালকূট নামক বিষ হইল। নৃপ জনমেজয়! সেই বিষে গ্রস্ত হইয়া কোনও লোকই সুখলাভ করিতে পারিবে না। ৩৪

নৃপতে! এই তীক্ষ্ণ বিষ সর্পগণের মধ্যে সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া যাইল। এই বিষ স্থাবর ও জঙ্গম সকল প্রাণীর মধ্যেই অনুগত হইল ৩৫

ভারত! পরস্পরের প্রতি বর্দ্ধিত হিংসাভাববুক্ত তীব্র ক্রোধে পরিণত তপ তাহাদের নিজেরই অঙ্গসমূহকে নাশ করিয়া দেয়। ৩৬

অথ ব্রহ্মা মহাভাগো ভূতানাং হিতকাম্যয়া।
মন্ত্রং বিসৃজতে রাজন্ ব্রহ্মাক্ষরনৃসিংহকম্ ॥ ৫৭
পঞ্চভ্যস্তান্ বিভক্তৈঃ পঞ্চৈর্মন্ত্রৈঃ সলিলং মন্ত্রীম্

রাজন্! হিংসক বিশ্বের উৎপত্তির পর মহাভাগ ব্রহ্মা সম্পূর্ণ ভূতগ্রামের হিতের নিমিত্ত ব্রহ্মাক্ষরনৃসিংহনামক বিদ্যাময় মন্ত্রের সৃষ্টি করিলেন, যাহা ব্রাহ্মমন্ত্র বলিয়া কথিত হয়। ৫৭

পঞ্চম বিভক্তে বিভক্ত পঞ্চমন্ত্র, মন্ত্রাভিমন্ত্র। পঞ্চাক্ষর এবং স্থূলত বিশ্বের অন্তরাত্মার ন্যায় জল। জীবন) ও পৃথ্বীকে (পৃথ্বীরূপে। পূর্ণ সমস্ত বন্দের পরাক্ত রক্ষা করেন ॥ ৫৮

---

* এখানে মূলে ("এ শ্লোকের শেষ চরণে মন্ত্রের বিশেষণ 'ব্রহ্মাক্ষরনৃসিংহকম্' আছে। উহার মধ্যে ব্রহ্মশব্দে প্রণব (ওঁ) গ্রহণ করা হইয়াছে। 'অক্ষিসক্থ অক্ষর' হইতে অন্তরবীজ 'য' গ্রহণ করা হইয়াছে। এই বীজকে বিস্তৃতপক্ষ অর্থাৎ বৌজ বলা হয়। উহার পর 'পঞ্চভ্যস্তান' পদ গ্রহণ করিতে হইবে। উহার উপরোক্ত মহাবিধি ব্যবহার) পঞ্চস্থানাদিতে করিতে হয়। যথা—'ওঁ নমঃ পঞ্চ ন হৃদয়ায় নমঃ অঙ্গুষ্ঠাভ্যাং'—এই মন্ত্র বলিয়া দুই হাতের তর্জনী অঙ্গুলি দ্বারা দুই অঙ্গুষ্ঠ অঙ্গুলিতে স্পর্শ করিবে। ওঁ পঞ্চমান শিরসে স্বাহা তর্জনীভ্যাং'—এই মন্ত্র বলিয়া দুই হাতের অঙ্গুষ্ঠ অঙ্গুলিদ্বারা দুই মধ্যমা অঙ্গুলি স্পর্শ করিবে। 'ওঁ যূ পঞ্চমান্ শিখায়ৈ বষট্ মধ্যমাভ্যাং'—এই মন্ত্র বলিয়া দুই হাতের অঙ্গুষ্ঠ অঙ্গুলি দ্বারা দুই মধ্যমা অঙ্গুলি স্পর্শ করিবে 'ওঁ বৈ পঞ্চমান্ কবচায় হুম্ অনামিকাভ্যাং'—এই মন্ত্র বলিয়া পৃষ্ঠাদির দুই অঙ্গুষ্ঠ অঙ্গুলির দ্বারা দুই অনামিকা অঙ্গুলি স্পর্শ করিবে। 'ওঁ বৌং পঞ্চমান্ নেত্রত্রায় বৌষট্ কনিষ্ঠাভ্যাং'—এই মন্ত্র বলিয়া দুই অঙ্গুষ্ঠ অঙ্গুলির দ্বারা দুই কনিষ্ঠাঅঙ্গুলি স্পর্শ করিবে। 'ওঁ যঃ পঞ্চমান্ অস্ত্রায় ফট্ করতলপৃষ্ঠাভ্যাং' এই মন্ত্র বলিয়া বামকরতলের উপর দক্ষিণ করের পৃষ্ঠভাগ স্পর্শ করিবে। ইহাই হইল করন্যাস। অঙ্গন্যাসও এই মন্ত্রেই হইবে। যথা ১। ওঁ নমঃ পঞ্চমান্ হৃদয়ায় নমঃ, ২। ওঁ যৌ পঞ্চমান্ শিরসে স্বাহা, ৩। ওঁ যূ পঞ্চমান্ শিখায়ৈ বষট্, ৪। ওঁ বৈঃ পঞ্চমান্ কবচায় হুম্, ৫। ওঁ বৌং পঞ্চমান্ নেত্রত্রায় বৌষট্, ৬। ওঁ যঃ পঞ্চমান্ অস্ত্রায় ফট্। এই অঙ্গন্যাসের অনুলিবিধি—অঙ্গুষ্ঠ অঙ্গুলিকে বাদ দিয়া অন্য অঙ্গুলি গুলির দ্বারা হৃদয় ও মস্তক স্পর্শ করিবে। অঙ্গুষ্ঠ অঙ্গুলিকে ভিতরে রাখিয়া মুষ্টিবদ্ধ করত শিখা স্পর্শ করিবে। (কাহারও মতে কেবল অঙ্গুষ্ঠের দ্বারাই

সনাঃ সপ্তভ্রঃ সম্পূর্ণঃ চূলাগ্রৈর বলম্বিনা ॥ ৫৮
পর্বভিশ্চৈব বিকটৈর্বিস্তীর্ণৈর্ধরণীতলে।
বরাজ বসুধা চৈব পর্বৈর্বিচিত্রিতৈঃ ॥ ৫৯

এই পঞ্চম বিভক্ত বিকৃত ও বিকসিত পঞ্চমন্ত্রসমূহের দ্বারে পৃথিবী এবং আকাশকে ব্যাপ্ত করিয়া অবস্থিত, এই ভূতলে (এবং পরীরেও অন্তর্যামিরূপে বিরাজমান আছেন; তাঁহার বহুসংখ্যক বিচিত্র পঞ্চমন্ত্রে পৃথিবীর অতিসুন্দর শোভা হইতেছে। ইহা পঞ্চমের জ্ঞান ॥ ৫৯

শিখা স্পর্শ করিতে হয়। (কাহারও মতে—দক্ষিণ হস্তের সমস্ত অঙ্গুলির দ্বারা বাম হস্তের মূল স্পর্শ এবং বাম হস্তের সমস্ত অঙ্গুলির দ্বারা দক্ষিণ হাতের মূল স্পর্শ করিবে। দুই নেত্র মধ্যস্থিত তৃতীয় নেত্র ললাটে আছে মনে করিয়া দক্ষিণ হস্তের তর্জনী অঙ্গুলি ও অনামিকা অঙ্গুলির দ্বারা দুই চক্ষু এবং মধ্যমাঅঙ্গুলির দ্বারা ললাটস্থিত নেত্রকে এক সঙ্গে এই তিন অঙ্গুলির দ্বারা স্পর্শ করিবে। ৮। সন্ধ্যাকর্ম করিলে অঘ নাশ হয়। দক্ষিণ হস্তকে বাহ্যিক ক্রিয়া সকলের উপর হইতে ঘুরাইয়া আনিয়া বাম হস্তের তালির উপর দক্ষিণ করতলে বাম করিবে। কাহারও মতে এই অঙ্গন্যাস হইল নাভি চতুষ্পার্শ্বে দুই হাতকে উপরে তুলিয়া অঙ্গুষ্ঠ ও তর্জনীর দ্বারা মস্তকের চারিদিকে লক্ষ করা।

৩৮ শ্লোকে "সলিলং মন্ত্রীম্" হইতে আরম্ভ করিয়া "... বলম্বিনা" পর্যন্ত তান্ত্রিক সম্প্রদায়ের মূল মন্ত্র বর্ণিত আছে। মহাভারতের ও মহাভারতের অন্তর্গত এই হরিবংশের প্রখ্যাত টীকাকার নীলকণ্ঠ তাহার উদ্ধার করিয়া পঞ্চাক্ষর মন্ত্রের এই রূপ নির্ণয় করিয়াছেন—"নং রুদ্রং নং বষট্"। এই মন্ত্রের বিনিয়োগ এইরূপ "ওঁ অস্য শ্রীপঞ্চবক্ত্রস্য ব্রহ্মা ঋষির্গায়ত্রী ছন্দঃ পঞ্চমান দেবতা বং বীজং রুদ্রঃ শক্তিঃ নং কীলকং বিন্যাসনে বিনিয়োগঃ"। এই মন্ত্রে বিনিয়োগ করিয়া নিম্নলিখিত মন্ত্রে ন্যাস করিতে হয়।

"পর্বভিশ্চৈব বিকটৈর্বিস্তীর্ণৈর্ধরণীতলে। বরাজ বসুধা চৈব পর্বৈর্বিচিত্রিতৈঃ ॥" মহাশ্লোক—যিনি বিকৃত ও বিকসিত পঞ্চমন্ত্রসমূহের দ্বারে সম্পূর্ণ পৃথিবী এবং আকাশকে ব্যাপ্ত করিয়া অবস্থিত, যিনি ভূতলে (পরীরের মধ্যেও অন্তর্যামিরূপে বিদ্যমান এবং যাঁহার বহুবিচিত্র পঞ্চমন্ত্রে পৃথিবীর অতিসুন্দর শোভা হইতেছে সেই পঞ্চম থেকে আমি ধ্যান করিতেছি)। এই মন্ত্রের দ্বারা ধ্যান করিয়া "নং রুদ্রং নং বষট্" এই পঞ্চাক্ষর মন্ত্রের পাঁচ লক্ষ রূপ করিলে এই মন্ত্র সিদ্ধ হইবে।

যেন বৃত্তেন জীবেয়ুঃ সর্বভূতানি ভারত
ইহলোকে মনুষ্যেন্দ্র দেবলোকে চ ভারত
জ্যোরিয়াচিত্তনক্ষত্রা মহীমণ্ডলবিমণ্ডিতঃ ॥ ৪০
হিমবান্ হিমসম্পাতে ভবতোকচরো বশী
পুরুরাত্মসি ধর্ম্যাত্মা মংস্যোল্লিখিতমূর্দ্ধজঃ ॥ ৪১
অথ খরলাক্রমা পৃথিবীঃ প্রাংশুদেহিনীম্।
তপশ্চরতি ধর্ম্যাত্মা বাহুমুদ্যম্য দক্ষিণম্ ॥ ৪২
সাগ্রং বর্ষসহস্রক শতমেকঞ্চ সুব্রত।
তপশ্চরতি সংযোগাদ্ বায়ুভক্ষঃ সমাহিতঃ ॥ ৪৩
সমাধিযোগাৎ সঙ্গাদ্ বা ব্রহ্মযোগমৃতং ভারত
যেনেহ পৃথিবী রাজন্ ধার্য্যতে ব্রহ্মযোনিনা ॥ ৪৪
অনাদ্যন্তেন নিত্যেন সর্বত্র বিধিযৈধিনা।
যেনঽসৌ বিষ্ণুরগাধাত্মা পরমাত্মা নিরাকৃতিঃ ॥৪৫

দিনে নিষণ্ণো ভবতি রাত্রৌ ভবতি বৈ স্থিরঃ
সত্যসন্ধঃ স ধর্ম্যাত্মা কালকারকরো ভবেৎ ॥ ৪৬
তস্য যঃ সোমতঃ পাণিঃ পৃথিব্যাঃ পৃথিবীসহঃ।
রাত্রৌ স তপনো ভবতি মণ্ডলঃ বিপুলঃ নক্তং ॥ ৪৭
স ঽস্ত্রবিবরঃ রাজন্যামাস কণ্ডতি।
গ্রহাণাং গতয়শ্চৈব তারাণাঞ্চ বিশেষতঃ ॥ ৪৮
তাং ছায়ামাক্ষপন্ সোমাং প্রবাহুর্বলেন বৈ।
পৃথিব্যাং দক্ষিণো হস্তো মহাযোগী মহামনাঃ ॥ ৪৯
মৈথা ছায়া মহী ভূত্বা শশিনমণ্ডলমাবিশৎ।
অলিক্ষা পৃথিবীলিঙ্গাদ্ভুতাকৃত্যা দিবি ॥ ৫০
অঙ্গাঙ্গাদ্ভূতপৃষ্ঠেষু তপশ্চরতি নিশ্চয়াৎ।
প্রোক্ষ্য পাণৌ তু সতলে পৃথিবী তপসি স্থিতা ॥৫১

(এখন মহর্ষি মার্কণ্ডেয় বলিতেছেন,— ভারত। নরেন্দ্র যজ্ঞ-মহোৎসবে ইহলোক এবং পরলোকের সকল প্রাণী জীবিত হইতে পারে। নিম্নলোকে অসংখ্য প্রাণিসমূহ (ও ইন্দ্রিয়াদি) সহিত এই পৃথিবী এবং সেই হিমবানও হইয়া নক্ষত্র সমূহে ব্যাপ্ত আকাশের ন্যায় শোভা পাইতে থাকে। ৩৯

ধর্ম্যাত্মা হিমবান্ হেমন্ত ও শিশির ঋতুতে পুষ্করের জলে অবস্থান করিয়া তপস্যা করিতে লাগিলেন, সেই সময় সহোদরের বধ মনে উঁহার হৃদয়ের কোমলাংশে ভ্রান্তি নাশ করিতে ছিল। তিনি মন ও ইন্দ্রিয়গণকে সংযত করিয়া একাকীই সেস্থানে বিচরণ করিতেছিলেন। ৪১

এই ধর্ম্যাত্মা হিমবান্ যাঁর বলে উক্ত সরোবরিশিষ্টা পৃথিবীকে ধারণ করিয়া দক্ষিণ বাহুকে উপরে উত্তোলিত করত তপস্যায় রত রহিলেন। ৪২

সুব্রত! কেবল বায়ুভোজী হইয়া একাগ্রচিত্তে উত্তম যোগ অবলম্বন করত হিমবান্ একশত বৎসর ধরিয়া তপস্যা করিলেন। ৪৩

ভারত! রাজন্! তিনি ব্রহ্মার উৎপত্তি স্থান, অনাদি, অনন্ত ও নিত্য এবং জীবকুলে সর্ব্বত্র বিহরের অনুমতাবকারী, তিনি সমাধিযোগ অথবা প্রণবের জপ ও চিন্তনে নিরত হইয়া এই সমস্ত পৃথিবীকে ধারণ করেন, তিনি সাক্ষাৎ পরমাত্মা বিষ্ণু। (ইনিই সূর্য্যাদিরূপে এই বসুধাকে ধারণ করেন।) ইঁহার স্বরূপ অথাধ এবং ইনি নিরাকার ব্রহ্ম। ৪৪-৪৫

তিনি দিনে উপবিষ্ট থাকেন অর্থাৎ বিশ্রাম দ্বারা প্রাণা হন এবং রাত্রিতে দণ্ডায়মান থাকেন অর্থাৎ অধিষ্ঠাতা উপরে উত্থিত হইয়া থাকেন। এই সত্যপ্রতিজ্ঞ ধর্ম্যাত্মা শ্রীহরি ইচ্ছানুসারে (লীলাপূর্ব্বক) কার্য্য করেন। ৪৬

এই ভগবান্ বিষ্ণুর যে বাম হস্তস্বরূপ উঁহার কতিপয় জন্য উপাত্ত রহিয়াছেন, তিনিই এই ভূতলে ধর্ম্য বলিয়া অভিহিত হন। পৃথিবীর ন্যায় এই হস্ত সকলের ধারণকারী। উনি রাত্রিতে (অধিষ্ঠাতে) প্রকাশ বা বিবেক) প্রদান করেন এবং উনি বিশাল আকাশমণ্ডলে ব্যাপ্ত রহ। ৪৭

রাজন্! এই ধর্ম্য ৬ষ্ঠ অর্থাৎ মনকে নিয়ন্ত্রণকারী রাশাদি যোগসমূহকে প্রাপ্ত করেন এবং ক্ষুদ্র গ্রহ ও তারাসকলের গতি যে নেত্রাদি ইন্দ্রিয়সকল, তাহাদের বিষয়সমূহের দিকে ধাবিত হইবার শক্তিকে রুদ্ধ করেন। ৪৮

পৃথিবীতে শ্রীভগবানের যে দক্ষিণ হস্ত ধর্ম্য, তিনি চন্দ্র হইতে নির্গতা গঙ্গার ধারাসমূহ ও চন্দ্রমণ্ডলের দ্বারা অধিষ্ঠানের বাধা করিতে করিতে সাধককে মহাযোগী এবং মহামনা করিয়া থাকেন। (ইহার তাৎপর্য্য এইরূপ যে, গঙ্গার দেবতা এবং চন্দ্রের কৃষ্ণ ধারবার দ্বারা অধিষ্ঠানে নিয়ন্ত্রণ হয় ও ধর্ম্যের আশ্রয় গ্রহণ করিলে জ্ঞান ও যোগশক্তির সহিত মোক্ষও লাভ করা যায়।) ৪৯

এই অধিষ্ঠাত্রী রাত্রিরূপা ছায়া নিজরহিত (প্রকাশশূন্য—মিথ্যা)। ইহা অদ্ভুত পৃথিবীরূপ শরীর ধারণ করত মূর্ত্তির একাগ্রতার প্রভাবরূপ হইয়া আকাশস্থ চন্দ্রমণ্ডলে প্রবেশ করে। মিথ্যা বলিয়া ইহা অলক্ষ্য (চক্ষুরাদির সংযোগের স্থান রহিত।) ৫০

এই পৃথিবীতলস্থ দুই পদ যৌত করিয়া অর্থাৎ বিবিধ

সূর্য্যাভিস্তিঃ পীয়মানাবাক্ষিপ্তা মহী তলে
মহীমিবাম্বুবসনাং মুগয়ন্তে বিষ্ণুতেজসা ॥ ৫১
বরাজ সূর্য্যরশ্মিভির্ব্যাত্তিরিকা মহানলী।
স্ফাটিকেব গুণা সৈষা কাঞ্চনৈর্ধাতুভির্যুতা ॥ ৫৩
আদিত্যেন সমাদত্তা রশ্মিভেজোঽভিসম্ভবৈঃ।
মণ্ডলান্তর্গতা দেবী চক্ষুষা নোপলভ্যতে ॥ ৫৪
রশ্মিভিঃ পুনরুত্তীর্ণা ততো যোগেন ধারিতা
আকাশগঙ্গা সংযুক্তা বিপুলৈরম্বুবিপ্রুষৈঃ ॥ ৫৫
শীতচ্ছায়ৈশ্চ তরুভির্লতাভিশ্চ সুগন্ধিভিঃ।
পল্লবৈশ্চ বিবিধৈঃ শুশুভে দিব্যগন্ধিভিঃ ॥ ৫৬
কাঞ্চনাদ্রিতটপ্রখ্যা স্ফাটিকাম্বরমেখলা।
পল্বলেষুসিতা পীতা চক্রবাকাবতংসিকা ॥ ৫৭

নীলগর্ভমুকোন্মাদ্যা পুষ্পস্তবকসঙ্কুলা
শোভতে বিপ্রসর্পন্তী প্রনদেব বিভূষিতা ॥ ৫৮
সৈষা গঙ্গা ফলং লেভে পুষ্করেণ সমাহিতা।
তপসা চন্দ্রবিখ্যাতা লোকানাং ধারণে রতা ॥ ৫৯
সরস্বতী স্বরৈর্বৈক্লৈরর্থবতে স্তন্ধবাদিনী।
পৃষ্ঠাং প্রয়াতা শৈলেন্দ্র মন্দরে মন্দমালিনী ॥ ৬০
ঊর্ধ্বয়াশ্চতুরো বেদান্ পাদৈশ্চতুর্ভিরাবৃতান্।
যজুর্ভিঃ সামভিশ্চৈব প্রমিতাক্ষিভা তদা ॥ ৬১
ঋষিভির্মন্দনপ্রখ্যৈস্তপসা দগ্ধকিল্বিষৈঃ।
সুপার্শ্বস্য গিরেঃ পার্শ্বে পরিবার্যৈঃ সুলাবৃতৈঃ ॥ ৬২
নিঃস্বনং সর্ব্বভূতানি নিরীক্ষন্তে ন শৃণ্বতে
মন্দরাগ্রে বিসর্পন্তং তপসং কৃৎস্নতীন্দ্রিয়ম্ ॥ ৬৩

তীর্থে স্নান করিয়া সম্পূর্ণ জগৎকে সন্তুষ্টিত করত অর্থাৎ বিষয়-সমূহ হইতে নিবৃত্ত করত দৃঢ় নিশ্চয়ের সহিত তপস্যা করিতে লাগিলেন এবং দীর্ঘকাল তাঁহাতে স্থির রহিলেন। (এই তপস্যার প্রভাবে জলের বনীভাবরূপ দোষের আকারে পরিণত হইয়া পৃথিবী চন্দ্রমণ্ডলে পরিষ্কৃত হইলেন।) ॥ ৫১

তারপর সূর্য্যের কিরণসমূহের দ্বারা পীত জলের সহিত পৃথিবীও সেইভাবে তাঁহার নিকটে আকৃষ্টা হইয়া যাইলেন, যেরূপ মুগাভাবকালে রমণীগণের মধ্যে নিমজ্জিতা সলিলবসনা পৃথিবীকে বরাহরূপধারী ভগবান বিষ্ণু তাঁর তেজে উপরে আকর্ষণ করিয়া আনিয়াছিলেন ॥ ৫২

সূর্য্যের কিরণসমূহের সহিত মিশ্রিতা হইয়া পৃথিবী এক মহানদীর রূপে পরিণতা হইলেন। সেই সময় তিনি সুবর্ণময় ধাতুসমূহে পরিবৃত স্বচ্ছ স্ফটিকশিলার ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ৫৩

সূর্য্যের দ্বারা গৃহীতা হইলে পর কিরণসমূহের তেজে একীভাব প্রাপ্ত হইয়া সূর্য্যমণ্ডলের মধ্যে স্থিতা পৃথিবীদেবী চক্ষুর অগ্রাহ্য হইয়া যাইলেন ॥ ৫৪

সূর্য্যকিরণসমূহ হইতে পুনরায় উত্তীর্ণ হইয়া অথাৎ জলরূপ বিন্দুর ধারণ করত তিনি আকাশগঙ্গা হইয়া যাইলেন এবং সেস্থান হইতে সংযোগ ধারিত হইলেন ॥ ৫৫

পথে শীতল ছায়াযুক্ত বৃক্ষ, লতা, সুগন্ধিত পুষ্প ও দিব্য গন্ধপূর্ণ বিবিধ পল্লবসমূহের দ্বারা তিনি অতিশয় শোভা পাইতে লাগিলেন ॥ ৫৬

এই মহানদী অগ্রগমনরতা বস্ত্রাভরণে বিভূষিতা যুবতী স্ত্রীর ন্যায় শোভা পাইতে লাগিলেন। সুবর্ণময় কমল তাঁহার কটিদেশের আভরণ ছিল, স্ফটিকশিলাসমূহ মেখলার ন্যায় শোভা দান করিতেছিল, পদ্মসমূহের অভাব ধারণ করায় তাঁহার কান্তি শ্বেত ও পীত দেখাইতেছিল, চক্রবাকপক্ষী তাঁহার কর্ণের আভরণ ছিল, জলের মধ্যভাগ হইতে উত্থিত নীলকমলসমূহ তাঁহার সুন্দর কেশকলাপ ছিল এবং রাশি রাশি পুষ্পসমূহে তিনি ব্যাপ্ত ছিলেন ॥ ৫৭-৫৮

এই সেই সম্পূর্ণ লোকধারিণী পৃথিবী উগ্র তপস্যা করিয়া প্রথমে চন্দ্রমণ্ডলে পরিণত হইলেন, তারপর পরমাত্মার ধ্যানে একত্রিত হইয়া উৎকৃষ্ট তপস্যার ফল প্রাপ্ত হইলেন ॥ ৫৯

লোকধাত্রী পৃথিবী পরমাত্মা প্রাপ্ত হইয়া এবং পুষ্করে সরস্বতী হইয়া বাক্ যারে বেদপাঠ করিতে করিতে ব্রাহ্মণের তপস্যার স্থানে রহিলেন। এই সরস্বতী মেরুপৃষ্ঠে মন্দরগিরিতে চলিতে চলিতে বিচিত্রাক্ষ মন্দরাচলে যাইয়া উপস্থিত হইলেন ॥ ৬০

সেই সময় তিনি ঋষিগণের সহিত শিক্ষার দ্বারা প্রথিত, চার পাদযুক্ত, ঊর্ধ্বপ্রবাহ ও যজুঃ এবং সামমন্ত্রসমূহে যুক্ত চার বেদ স্পষ্টরূপে পাঠ করিতে লাগিলেন ॥ ৬১

যে ঋষিগণের সহিত সরস্বতী বেদ পাঠ করিতেছিলেন, তাঁহারা অতিকুলা ভেজস্বী ছিলেন। তপস্যার তাঁহাদের সমস্ত পাপ দগ্ধ হইয়া গিয়াছিল। তাঁহারা সুপার্শ্বপর্ব্বতের চতুষ্পার্শ্বে বসিয়া শিষ্যগণকে ব্রহ্মের উপদেশ করিতেছিলেন এবং অন্য ব্যক্তিগণকে উদ্ধার করিতে সমর্থ ছিলেন ॥ ৬২

সরস্বতীর এই ব্রহ্মঘোষ (বেদধ্বনি) সমস্ত প্রাণীরা নিয়ম-পূর্ব্বকও শ্রবণ করিতে পারিত না কারণ, তাহা ইন্দ্রিয়াতীত

বিরামনিয়মে প্রাপ্তে তূষ্ণীভূতা বভূব হ
ন বাচমীরয়েদ্দেবী নিয়মাৎ সত্যবাদিনী ॥ ৬৪
অথ ভূতানি সর্বাণি তূষ্ণীভূতানি সর্বশঃ।
ন শেকুস্তত্রিধানার্থং ব্যাহর্তুং বদনৈর্বলাৎ ॥ ৬৫
বিভজ্য যোগং মনসা সর্বভূতেষ্বনুস্মরম্।
সরস্বতী তীরযুতা ব্যাজহার মহাস্বনম্ ॥ ৬৬
সরস্বত্যা সমাযুক্তাং শিক্ষাং গৃহ্ণন্তি দেহিনঃ।
তস্মিন্নেবাথ তে সর্বে গানং গায়ন্তি শিক্ষয়া ॥ ৬৭
আদিত্যা বসবো রুদ্রা মরুতশ্চাশ্বিভিঃ সহ।
জটিলাশ্চীরবসনা মুঞ্জমেখলধারিণঃ ॥ ৬৮
গন্ধর্বাঃ কিন্নরাশ্চৈব সনাগাঃ সহ চাপ্সরঃ।
তপশ্চরন্তি সহিতাঃ পুষ্করেষু মনীষিণঃ ॥ ৬৯

অপি কীটপতঙ্গৈস্তু সহ সর্বৈঃ সরীসৃপৈঃ।
শোষয়ন্তি শরীরাণি তপঃসাগ্রেণ যত্নতঃ ॥ ৭০
বিষ্ণুর্বিষ্ণুত্বমাপন্নো দেহান্তরবিসৃষ্টবান্।
রক্ষতি মহাযোগী সর্বানস্তান্ সহচারিণঃ ॥ ৭১
পুষ্করে রমতে বিষ্ণুর্বিষ্ণুত্বেন স্থিতা কৃতঃ।
দীপ্যমানঃ স্বতেজোভির্বিধূম ইব পাবকঃ ॥ ৭২
সোঽগ্নির্গগনমাসৃত্য পৃথিব্যাঃ তাপয়ন্নিব
প্রধাবতি সমং তেন মণ্ডলং রশ্মিযোজনম্ ॥ ৭৩
বিরাজাচ্চিভির্দীপ্তৈঃ পৃক্তস্তাবলম্বিভিঃ।
বিস্ফীর্ণপাখিবিভবৈর্মযূখৈরিব দীপিতঃ ॥ ৭৪
তস্যাস্ত্রৈবিকুলিঙ্গানাং ন শেকুর্জ্বলনে রতাঃ।
বিপ্রকীর্ণস্তু বসুধামর্যাদামিব ভাস্করম্ ॥ ৭৫

ছিল। মন্বন্তরাবসানের অগ্রে বিস্তৃতপ্রাপ্ত এই পর্ব সম্পূর্ণ জগতে ব্যাপ্ত হইয়া পড়িল। ইহা বৈধর্ম্য সঙ্কট ছিল, কিন্তু সৃষ্ট বলিয়া গুরুত্বে ছিল। ॥ ৬৩

বিরামের নিয়ম প্রাপ্ত হইলে পর বাগ্‌দেবী নীরব হইলেন। এই অবস্থায় সেই সত্যবাদিনী দেবী নিয়মতঃ বাণী উচ্চারণ করিলেন না। (তৃতীয় রত্নখণ্ড নিরূপণ করিবার সময় "যজ্ঞো বাচো বিবক্ষতে" ইত্যাদি শ্রুতি বাক্যানুসারে বাগ্‌দেবীর যৌন অবলম্বন করা উচিত হইয়াছিল। ॥ ৬৪

তদনন্তর সকল প্রাণী সর্বতোভাবে নীরব হইয়া গেল। তাহারা নিজ নিজ মুখ দিয়া বলপূর্বক কিছুই বলিতে সমর্থ হইল না ॥৬৫

তখন সমস্ত প্রাণীর উপর অনুগ্রহ করিবার জন্য মনের দ্বারা যোগ বিভাজন করিয়া তাঁহার উপর মধ্যমানা সরস্বতীদেবী পুনরায় মহাশব্দ উচ্চারণ করিলেন। (ইহার তাৎপর্য্য হইল, ব্রহ্মের সাক্ষাৎ প্রতিপাদন করিতে অসমর্থ হইলেও বাগ্‌দেবী তটস্থ লক্ষণের দ্বারা তাঁহার তত্ত্বের নিরূপণ করিতে পারেন) ॥৬৬

সরস্বতী কর্তৃক প্রদত্তা শিক্ষাকে অন্য দেহধারীরাও গ্রহণ করে। তাহারা সকলে সেই পথে স্থিত হইয়াই শিক্ষা অনুসারে মন্ত্রসমূহের গান করে ॥ ৬৭

আদিত্য, বসু, রুদ্র ও মরুদ্‌গণ এবং অশ্বিনীকুমারদ্বয়—ইঁহারা সকলে জটাধারণ, চীরবস্ত্রপরিধান ও মুঞ্জমেখলা ধারণ করত সেই শিক্ষা অনুসারে মন্ত্রসমূহ গান করেন ॥ ৬৮

গন্ধর্ব, কিন্নর ও নাগগণ এবং অপ্সরাও সেই শিক্ষা অনুসারে মন্ত্রসমূহ গান করেন। এই সব মনীষী পুষ্করগণ একসঙ্গে থাকিয়া পুষ্করে তপস্যা করিতেছিলেন ॥ ৬৯

এবং সেই উগ্র তপস্যার দ্বারা মহাপুরুষ কীট-পতঙ্গ ও সমস্ত সর্প-বিদ্যা প্রভৃতির সহিত নিজেদের শরীরকে শুষ্ক করিতে লাগিলেন ॥ ৭০

পরমাত্মা বিষ্ণু ব্যাপক স্বরূপ প্রাপ্ত হইয়াও দ্বিতীয় ঈশ্বর বিগ্রহে (চতুর্ভুজ-স্বরূপে যুক্ত হন। এই স্বরূপে সেই মহাযোগী বিষ্ণু সেই সহচারিগণকে (আদিত্যাদি দেবগণকে) সর্বতোভাবে রক্ষা করিতে লাগিলেন ॥ ৭১

পুষ্কর অর্থাৎ সম্পূর্ণ কর্মাত্মক জগতে ব্যাপ্ত ভগবান্ বিষ্ণুই নরনারায়ণাদি রূপে এক হইতে দুই হইয়া বিরাজিলেন এবং ধূমহীন অগ্নির ন্যায় তীব্র তেজে দেদীপ্যমান হইয়া তপআদির লীলা করেন। ॥ ৭২

এই বিষ্ণুই মনঃকল্পিত গায়ত্র্যাদি অগ্নিরূপ হইয়া পৃথিবীর অভিমানী দেবতাকে তাপ দান করিতে করিতে (তাপ দান করিয়া সুবর্ণের ন্যায় শুদ্ধ করিতে করিতে) তাহার সহিত দশ যোজন ব্রহ্মাণ্ড-মণ্ডলে ধাবিত হন। অর্থাৎ তাহার কর্মফলের ফলদান করিবার জন্য তাহার সঙ্গে সঙ্গে অবস্থান করেন) ॥ ৭৩

যিনি দেহাত্মবাদীর সামর্থ্যকে নষ্ট করিয়া দিয়াছেন, সেই অগ্র-পশ্চাৎ সর্বদিকে বিস্তৃত ও ঊর্ধ্বগত শিখাসমূহ অথবা কিরণ-সমূহে প্রকাশিত হইতে হইতে অগ্নিদেব অভিন্ন শোভা পাইতে লাগিলেন ॥ ৭৪

যেরূপ বিষয়াসক্ত মনুষ্যগণ পৃথিবীর মর্যাদানির্দিষ্ট—উহার পরিচ্ছেদকারী সূর্যদেবকে লঙ্ঘন করিতে পারে না, সেইরূপ এই সর্বদিকে প্রসারিত অগ্নিস্বরূপ বিষ্ণুর স্ফুলিঙ্গসমূহের তুল্য যে ব্রহ্মাণ্ডিগণ আছেন, তাঁহাদিগকেও কেহ লঙ্ঘন করিতে পারে না ॥ ৭৫

সোঽগ্নিলীলা বিভজ্যাংশূন্ বিধূম ইব পাবকঃ
অগ্নির্ভিত্ত্বা লনপ্রৌঘৈর্বিতস্থৌ ঈবাম্বরে ॥ ৭৬
সোঽগ্নির্বিবৃদ্ধতত্তত্ত্ব ছিত্বরে বিপুলা স্তদা
যাবদ্ বিক্রমঃ প্রাপ্তো নিমন্ত্রণ সমাপনং ॥ ৭৭
রক্ষণং কৃত্বা স্থিতঃ বিভাব বিক্রবিক্রমপরাক্রমঃ
কৃত্বা শতশরীরো বৈ নাগো বালাহকোদ্ভবং ॥ ৭৮
তমগ্নিমাদ্ভসংস্রষ্টং লেলিহানং মহামতিম্
প্রতিপ্রবৃত্তং তেজোভির্ভূতানাং হিতকামদা ॥ ৭৯
বারিণা সুখশীতেন প্রাণিনাং প্রাণবর্দ্ধনঃ
স্থবিরুদ্ধহনো তত্র নাগো বালাহকস্তদা ॥ ৮০
ততঃ সিদ্ধগণৈর্জুষ্টঃ পুষ্করে তপ্যতে তপঃ
সংস্তুত্য মনসাত্মানং মহাযোগী মহাবলঃ ॥ ৮১
পাদযুগ্মাণি সংস্তুত্য মনো মূর্ত্তি বিধারহন্

অচলং স্থানমাসাদ্য তূষ্ণীম্ভূতো বভূব হ ॥ ৮২
এষ ধর্ম্মো হি ধর্ম্মাণাং নোপধাবিকল্পিতঃ
স্থিতঃ সর্ব্বেষু ভূতেষু ইত শ্চামুত্র চোভয়োঃ ॥ ৮৩
অথ দৈত্যা স্তত্তত্ত্ব সমাগম্যোদ্যতায়ুধাঃ
মায়াপ্রাবৈর্বহুবিধৈগরৈরভিসংবৃতাঃ ॥ ৮৪
অগ্নিঃ দৈত্যাঃ পর্ব্বতাগ্রৈরভিঘ্নন্তি পরন্তপ।
জ্বলন্তং জ্বলনপ্রখ্যা মহাকায়া মহাবলাঃ ॥ ৮৫
মেঘীকৃত্যান্ত মায়াভির্বর্ষধন্তি বলদর্পিতাঃ।
তস্মিন্নেবাভিজ্বলতে সমন্তাত্ত মহাবলম্ ॥ ৮৬
তে শৈলাস্তূচ্ছিয়া দগ্ধাঃ পতন্তো ঽথ সহস্রশঃ
যুগান্তে প্রভুবাদিত্যাঃ প্রভা ইব দিবচ্যুতাঃ ॥ ৮৭
ন শেকুস্তত্র সৈন্যান্তে মায়াভির্মুখমুদ্যতম্।
আদিত্যা ইব লীলাংশূন্ ততঃ সূর্য্যোদয়ে যথা ॥ ৮৮

এই অগ্নিদেব উত্তীর্ণ হইয়া নিজের কিরণসমূহকে বহুরূপে বিভক্ত করিয়া ধূমকেন পাবকরূপে অবস্থান করত অগ্নিমূলা তেজস্বী অগ্নিস্বরূপের দ্বারা সর্ব্বে বিবিধপ্রকারে বিস্তৃত হইয়া যান। (দোষরূপ বিস্তারকারী সোমের রূপে ইহার বিস্তৃত হইয়া থাকে।) ৭৬

এই বিক্রমশীল ধৃষ্টকেন অগ্নিদেব সেই যজ্ঞে যতক্ষণ তাহার সমাপ্তি না হয়, ততক্ষণ স্বয়া দেবতাদি বিপুলরূপে প্রকাশিত হন। তাহাদের এই অগ্নিদেব জলরূপ সেই স্থান পর্য্যন্ত উপস্থিত হন, যেখানে পর্য্যন্ত (যজ্ঞমানস্থানে নিমন্ত্রিত দেবতা ও ভগবান্ বিষ্ণুর তিন পদ ব্যাপ্ত হইয়া উঠিয়াছিল। ৭৭

সকলকে রক্ষা করিয়া অবস্থিত সেই ভগবান্ বিষ্ণুকে তাহা উঠিত। এই ব্যাপক পরাক্রমশালী ভগবান্ বিষ্ণু (ঐশ্বর্য্যযোগে) শত শরীরে প্রকটিত হইয়া বালাহক নাম (মেঘমণ্ডলোদ্ভবকারী ঐরাবত হস্তী) হইলেন। ৭৮

শরীরের মধ্যে অন্তর্নালরূপে স্থিত সেই বিষ্ণুরূপ অগ্নিদেব, যিনি স্বীয় লেলিহান শিখার দ্বারা সকলকে লেহন করিতে সমর্থ, মহামতি (বিদ্যা জ্ঞানরূপ) এবং সমস্ত ভূতগণের হিতকামনায় তেজস্বী রূপ ধারণ করত প্রবৃত্ত কর্মে হইয়াছিলেন; প্রাণিগণের পুষ্টিকারক বালাহক নাম সেই সময় সেস্থানে সুখ শীতলজলে সেই অগ্নিদেবকে অভিষিক্ত করিল। ৭৯-৮০

তদনন্তর সিদ্ধগণের দ্বারা সেবিত এই মহাযোগী মহাশক্তিমান (বা মহাবৈরাগ্যবান্) অগ্নিদেব মনের (বুদ্ধির) দ্বারা মনকে নিজের মধ্যে বিলীন করিয়া পুষ্করে তপস্য করিতে লাগিলেন ৮১

তিনি বীরের অঙ্গপ্রত্যঙ্গকে উদরের অঙ্গসমূহে লয় করিতে করিতে মনকে মূর্ত্তির (শরীরাবয়বে স্থাপিত করিয়া অবিচল স্থান। ব্রহ্মরূপ। লাভ করত মৌনী হইয়া যাইলেন। ৮২

ইহাই সমস্ত ধর্ম্মের ধর্ম্ম। ইহাতে উপাধিবিনিত বিকল্প নাই। ইহা ইহলোক ও পরলোক—উভয় লোকেই সমস্ত প্রাণিগণের পক্ষে হিতকর। ৮৩

তদনন্তর যে সব দৈত্যগণ পূর্ব্বে পরাস্ত হইয়া পরাজিত হইয়াছিল, তাহারা পুনরায় অস্ত্র উদ্যোলিত করিয়া সেখানে আসিয়া উপস্থিত হইল। তাহারা নানাপ্রকার মায়াময় অস্ত্রসমূহে পরিবৃত ছিল। ৮৪

শত্রুতাপন জনমেজয়! সেই অগ্নিতুল্য তেজস্বী, মহাকায় ও মহাবল দৈত্যগণ তেজে প্রজ্বলিত অগ্নিদেবকে পর্ব্বতশিখর-সমূহের দ্বারা আঘাত করিতে লাগিল। ৮৫

তাহারা এই সঙ্কল্পে বলদর্পে দর্পিত হইয়া মেঘরূপ ধারণ করত মায়ার দ্বারা মেঘরূপধারী সহিত মহাবল অগ্নিদেবের উপর প্রস্তর বর্ষণ করিতে লাগিল। ৮৬

কিন্তু যেরূপ ভগবান্ সূর্য্য প্রলয়কালে সমস্ত প্রজাবর্গকে দগ্ধ করিতে ইচ্ছা করেন, সেইরূপ সেই অগ্নিদেবের তেজে সেই সময় দৈত্যগণ কর্ত্তৃক নিক্ষিপ্ত শত শত ও সহস্র সহস্র পর্ব্বতখণ্ড দগ্ধ হইয়া যাইল। ৮৭

যেরূপ মধ্যেও নামক রাক্ষসসকল সূর্য্যোদয়কালে আকাশকে প্রকাশিতকারী সূর্য্যদেবকে ঢাকিয়া রাখিতে পারে না, সেইরূপ দেবগণের মুখরূপ উদীপ্ত সেই অগ্নিদেবকে

বিহিতৈরুত্তমৈঃ সর্বৈর্দৈত্যা ভগ্নপরাক্রমাঃ।
গন্তুমাধনমাসাদ্য নিষন্নাঃ নগমূর্দ্ধনি ॥ ৮৯
স চাপ্তিবৈষ্ণবৈর্মন্ত্রৈঃ কৈবিহ্যাদ্ভিঃ সহ সঙ্গতঃ
অন্তরিক্ষচরান্ দৈত্যান্নির্দগ্ধুম্ ব্যচরদ্ দিবি ॥ ৯০
নাগো বালাহকস্তৈস্ত মেঘসঙ্ঘাতমাগতঃ।
মুমোচ সলিলং ভূমৌ পর্জন্য ইব বৃষ্টিমান ॥ ৯১
মন্ত্রৈঃ সংস্তোয়িতো নাগো বিজেতোঃ বধমোদতে।
মুমোচ তোয়সঙ্ঘাতং মারুতম্ বিপ্রজং জলম্ ॥ ৯২
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি
পৌষ্করে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥ ২৮ ॥

এই দৈত্যেরা নিজ মায়ার দ্বারা পরাজিত করিতে পারিল না। ৮৮

নানাপ্রকার উপায় করিয়াও সমস্ত দৈত্যগণের পরাক্রম বিফল হইয়া গেল। তাহারা তখন হতাশ হইয়া গন্ধমাদন পর্ব্বতের শিখরে যাইয়া উপবিষ্ট হইল। ৮৯

সেই অগ্নিদেব বৈষ্ণবমন্ত্র ও বিদ্যুতের সহিত মিলিত হইয়া অন্তরিক্ষচারী দৈত্যদিগকে দগ্ধ করিতে করিতে আকাশে বিচরণ করিতে লাগিলেন। ৯০

সেই সময় মেঘমণ্ডলের সহিত সঙ্গতভাব প্রাপ্ত হইয়া বালাহক নাগ (ঐরাবত হস্তী) বর্ষণকারী মেঘের ন্যায় ভূতলে জল বর্ষণ করিতে লাগিল। ৯১

ব্রাহ্মণগণের মুখ হইতে উচ্চারিত মন্ত্রসমূহের দ্বারা প্রেরিত হইয়া সেই নাগ ব্রাহ্মণ সন্তানদিগকে সম্মান করিতে করিতে সেই স্থানে জলধারা বর্ষণ করিতে লাগিল। ৯২

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে পুষ্করপ্রাদুর্ভাব বিষয়ক অষ্টাবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনত্রিংশোঽধ্যায়ঃ।

[তপঃপ্রভাবেন দেবানামুৎকর্ষবর্ণনম্।]

জনমেজয় উবাচ।
সংযুক্তা তপসা দেবাঃ কিমকুর্বংস্ততঃ পরম্
নহি তদ্ বিদ্যতে লোকে তপসা যন্ন লভ্যতে ॥ ১

বৈশম্পায়ন উবাচ।
অথ দীক্ষাং সমাস্থায় সর্বে বিষ্ণুময়া গণাঃ।
পুষ্করাদগ্নিমুৎক্রান্তং প্রাপ্য চ যথাবিধি ॥ ২
জুহুবুর্বৈষ্ণবিধিনা ব্রহ্মণা সমুচোদিতাঃ
হবিষা মন্ত্রপূতেন যথা বৈ বিধিরেব চ ॥ ৩
স চাগ্নির্বিধিবত্তত্র বর্দ্ধতে ব্রহ্মতেজসা।
তেজোভির্বহুলীকৃতঃ প্রভুঃ পুরুষবিগ্রহঃ ॥ ৪
ব্রহ্মণ্ড ইতি খ্যাতো বপুষা নির্দ্দহন্নিব
দিবাস্রগপ্রতরণো হ্যসিতর্ষভদুন্দুভঃ ॥ ৫
সগদো আঙ্গলী চক্রী শরী চর্ম্মী পরশ্বধী।
শূলী বজ্রী বরাপাণিঃ শক্তিমান বরকার্ম্মুকঃ ॥ ৬
বিষ্কুস্কন্ধবরঃ খড়্গী মুসলী লাঙ্গলায়ুধঃ
নরো লাঙ্গলমস্যস্য মুসলঞ্চ মহাবলঃ ॥ ৭
বজ্রমিন্দ্রস্তপোযোগাদ্ভক্তপর্ব্বাণমক্ষিপৎ।
কৃতঃ শূলঃ পিনাকস্য মনসাধারয়ত্ প্রভুঃ ॥ ৮

একোনত্রিংশ অধ্যায়।

[তপস্যার প্রভাবে দেবগণের উৎকর্ষ বর্ণন।]

জনমেজয় বলিলেন,—মুনে! তদনন্তর দেবগণ তপস্যা-সংযুক্ত হইয়া কি করিলেন? সংসারে এরূপ কোনও বস্তু নাই, যাহা তপস্যার দ্বারা লাভ করা না যায়। ১

বৈশম্পায়ন বলিলেন,—রাজন! তদনন্তর সমস্ত বিষ্ণুস্বরূপ ব্রাহ্মণগণ যজ্ঞের দীক্ষা গ্রহণ করত পুষ্কর হইতে অগ্নিদেবকে উত্থাপন পূর্ব্বক তাঁহাকে বিধি অনুসারে স্থাপিত করিবার পর বেদাজ্ঞায় প্রেরিত হইয়া মন্ত্রপূত বিধিতে মন্ত্রপূত হবিষ্যের দ্বারা বৈষ্ণব বিধান যাহে, সেই রূপে হোম করিলেন। ২-৩

সেই অগ্নিদেব হোমস্থানে ব্রহ্মতেজে সম্পন্ন হইয়া বিধি অনুসারে বর্দ্ধিত হইতে লাগিলেন। মহাতেজোরাশিতে সমৃদ্ধ হইয়া সেই প্রভু অগ্নিদেব পুরুষরূপে প্রকটিত হইলেন। ৪

সেই সময় তিনি "ব্রহ্মণ্ড" এই নামে খ্যাতিলাভ করিয়াছিলেন এবং নিজের তেজসী শরীরে যেন অন্যকে দগ্ধ করিতে ছিলেন। তাঁহার স্রগ্ ও আভরণ সবই দিব্য ছিল। তিনি ধনুঃ, তরবারি ও খড়্গ এবং খড়্গ ও খেটক ধারণ করিয়াছিলেন। ৫

গদা, হল, চক্র, বাণ, চর্ম্ম, পরশু, শূল, বজ্র, পদ্ম, শক্তি, শ্রেষ্ঠ ধনু, মুসল ও লাঙ্গল—এই সব অস্ত্র নারায়ণ ধারণ করিয়াছিলেন। মহাবল নর হল ও মুসল গ্রহণ করিয়াছিলেন। ৬-৭

দেবরাজ ইন্দ্র তপস্যার প্রভাবে পরশুরূপী বজ্র প্রাপ্ত

মৃত্যুদণ্ডং পাশমাপঃ কালঃ শক্তিমনুত্তমাম্ ।
জগ্রাহ পরশুং ষষ্ঠী কুবেরশ্চ পরশ্বধম্ ॥ ৯
নির্বিকারৈঃ সমাযুক্তাঃ শস্ত্রযোধৈশ্চ সপ্রভৈঃ ।
বিশ্বকর্মা চ ষষ্ঠী চ চক্রাণ্যেতে প্রচক্রুরে বহু ॥ ১০
ইন্দ্রায়াগ্নেয়মথ প্রাদাৎ সূর্যায় চ প্রতাপিনে ।
পরমাত্মা দদৌ কৃষ্ণো রুদ্রায় চ মহাত্মনে ॥ ১১
ব্রহ্মোজিরেব ষষ্ঠী চ স চকারাথ বাহিনীম্ ।
বিশ্বকর্মা বিমানানি চকার বহুভিঃ ক্রমৈঃ ॥ ১২
শরীরাণ্যথ সমূহুতা বিষ্ণুঃ সত্ত্বাপরাক্রমঃ ।
পুত্রার্থং পর্বণি ঘনাৎ পুত্রনার্থং প্রবর্তয়ন্ ॥ ১৩
তাভ্যৈব সর্বকল্পাভ্যো বাচা বৈ সমকল্পয়ৎ
যথা স পূজ্যঃ সংগ্রামে শত্রুভির্বিজিতে রণে ॥ ১৪
স তং দণ্ডং সমূহিতা নির্বিকারং সমাহিতম্
ব্রহ্মা জগ্রাহ বিধিনা মন্ত্রবদ্ভাগতঃ প্রভুঃ ॥ ১৫

হইয়াছিলেন। তিনি তখন ইহার প্রয়োগও করিতে লাগিলেন। কৃষ্ণদেব ভূতলে কেবল গদা ও শিখাই ধারণ করিয়া ছিলেন ॥ ৮

ষষ্ঠী দণ্ড, বরুণ পাশ এবং কাল শক্তি অস্ত্র গ্রহণ করিয়া ছিলেন। ষষ্ঠী পরশু ও কুবের পরশ্বধ (কুঠার) গ্রহণ করিয়া ছিলেন ॥ ৯

এইভাবে সকল দেবতাই দণ্ড ও সহস্র সহস্র নির্বিকার (নির্দোষ) অস্ত্র-শস্ত্রে সজ্জিত ছিলেন। বিশ্বকর্মা ও ষষ্ঠী ইহারা উভয়েই দেবগণের জন্য বহু অস্ত্র নির্মাণ করিতে লাগিলেন ॥ ১০

পরমাত্মা ভগবান্ বিষ্ণু ইন্দ্রকে, প্রভ প্রণালী সূর্যকে এবং মহাত্মা রুদ্রকে অগ্নিময় রথ প্রদান করিলেন ॥ ১১

ষষ্ঠী ব্রহ্মোজ শক্তিতেই বাহিনীকে নির্মাণ করিলেন এবং বিশ্বকর্মা অনেক ক্রমসমূহের দ্বারা বহু বিমান প্রস্তুত করিলেন ॥ ১২

সত্ত্বাপরাক্রমী ভগবান্ বিষ্ণু পর্বদিনে পূরক বল হইতে নিজের শরীরেরই অংশ নিঃসারিত করিলেন এবং তাঁহাকে সেনা সৃষ্টি করিবার জন্য প্রেরণাদান করিলেন ॥ ১৩

সূর্য ও গ্রহ-নক্ষত্রসমূহের স্থিতির জন্য ভগবান্ বাক্যের দ্বারা দ্যুলোক রচনা করিলেন। যাহাতে সেই দ্যুলোকে থাকিয়া দেবপূজ্য ইন্দ্র সংগ্রামে নিজের শত্রুদিগকে বিধ্বস্ত করিতে পারেন ॥ ১৪

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বে পূরক প্রাকৃতিসৃষ্টি নামক একোনত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥ ১৯ ॥

তৈঃ প্রভাবৈশ্চ বিধিনা সোঽনুগ্রামং চতুর্বিধম্ ।
ঐন্দ্রমাগ্নেয়বায়বং রৌদ্রং রৌদ্রেণ বর্চসা ॥ ১৬
এতিবিকারৈঃ সংযুক্তা দিতেঃ পুত্রা মহাবলাঃ ।
তপসা শিক্ষয়া চৈব স্বাভ্রৈঃ প্রহরণৈরপি ॥ ১৭
বলেন চতুরঙ্গেণ বীর্যেণ যুদ্ধসাহিত্যাঃ ।
অপ্রধৃষ্যা রণে সর্বে সমপদ্যন্ত বৈ তদা ॥ ১৮
তে বিধায় গুহামধ্যে সত্ত্বাত্মোপস্করে রথে ।
মন্দরস্য গিরেঃ পার্শ্বে বিশ্বকর্মবিভাবিতে ॥ ১৯
চতুরঙ্গং বলং সর্বং সংস্থাপ্য তমসঃ প্রভুঃ ।
বিষ্ণুরেব মহাযোগাশ্চচার বসুধাতলে ॥ ২০
তূর্যোঽস্তমিতে আদিত্যে সন্ধ্যাকালে তু সপ্তমে ।
তৈস্তে সর্বৈঃ সুরগণৈর্যুধ্যন্তে নিশিতৈঃ শরৈঃ ॥ ২১

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি পৌষ্করে একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥ ১৯ ॥

ব্রহ্মাকর্তৃক প্রকটিত তখন বিষ্ণু ইন্দ্র কর্তৃক অনুরক্ষণের উপর নিক্ষিপ্ত সেই দণ্ডকে উচিত ও নির্দিষ্ট অবস্থায় প্রাপ্ত হইয়া তাহাকে বিধি অনুসারে গ্রহণ করিলেন এবং সেখান হইতে অন্যত্র চলিয়া যাইলেন ॥ ১৫

তিনি ইন্দ্র প্রভাবে চারপ্রকার অস্ত্রসমূহের—ঐন্দ্র, আগ্নেয়, বায়ব্য ও তদ্রূপ ভেদোদ্যুক্ত রৌদ্র অস্ত্র সৃষ্টি করিলেন ॥ ১৬

দিতির মহাবল পুত্রগণও তপস্যা, শিক্ষা এবং নিজেদের অস্ত্র-সমূহে যুক্ত থাকিলেও এই কয়টি বিকারসমূহের বশীভূত হইয়া পড়িয়াছিল ॥ ১৭

ইহারাও সকলে সেই সমস্ত চতুরঙ্গিণী সেনা ও পরাক্রমে সংযুক্ত হইয়া রণাঙ্গনে উপস্থিত হইয়া ছিলেন ॥ ১৮

ইহারা গুহার মধ্যভাগে স্থান করিয়া নানা ব্যবসায়শ্রীতে পূর্ণ রথে উপবেশন করত মন্দরাচলের উপত্যকায় ভূতলেই বিচরণ করিতে লাগিল ॥ ১৯

তখন তমোগুণের কার্যীভূত অনুরক্ষণের সেই চতুরঙ্গিণী সৈন্যবাহিনীকে সংস্থার করিয়া প্রভাবশালী ভগবান্ বিষ্ণুই ভূতলে মহাযোগসমূহ আচরণ করিতে লাগিলেন ॥ ২০

ভাস্করের অস্তগমন ও চারিদণ্ড রাত্রি পরিবানকারী ব্রাহ্মমুহূর্ত এবং দেবতাগণের সহিত বিচরণ করিতে করিতে অসুরেরা অস্ত্র তপস্যা করিতে লাগিল ॥ ২১

প্রাকৃতসৃষ্টিবিষয়ক একোনত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রিংশোঽধ্যায়ঃ ।

[পৃথো রাজ্যাভিষেকঃ, দেবৈর্দৈত্যৈশ্চ মন্দরাচলেন মন্থন-পণ্ডং কৃত্বা তেন সমুদ্রস্য মন্থনম্, সমুদ্রতো নানারত্ন-সহিতস্যামৃতস্যোদ্ভবঃ, রাজ্ঞঃ শিরশ্ছেদবর্ধনঞ্চ]

জনমেজয় উবাচ ।

ব্রহ্মন্ বিধে বর্তমানে নির্ব্যাদে মহাগ্রহে ।
অধিবাসে চ ভূতানাং কথমাসন্ প্রজাস্তদা ॥ ১

বৈশম্পায়ন উবাচ

অভাষিতং পৃথুঃ বৈন্যঃ পূর্বা রাজো প্রজাপতিঃ ।
রাজ্যায় অধিভিঃ সার্দ্ধং প্রজাবর্গপরাবণঃ ॥ ২

এষ নঃ পরমো রাজা সাধুরাগ্নেরজায়ত
ত্রেতায়াং সম্প্রবৃত্তায়ামক্ষোভ্যমনুভদ্বিরে ॥ ৩

এষ নো বৃত্তিদাতা চ বিপ্রাণাঞ্চ প্রবর্তিতা
নির্মাতা সর্বভূতানাং সত্যপ্রাপ্তেন কর্মণা ॥ ৪

এতস্মিন্নন্তরং দেবা গন্ধর্বা বরুণাস্তথা
বহুভির্নিয়মৈঃ প্রাপ্তা নিয়তা গিরিমাগমন্ ॥ ৫

অথ গন্ধর্বা সমাসাদ্য সমস্তাদ্দেবদানবাঃ ।
মাধবে সময়ং প্রাপ্তে তেন গন্ধেন হর্ষিতাঃ ॥ ৬

পুষ্পমাত্রস্য যদ্ বীর্য্যাঃ মারুতেন বিসর্পিতম্ ।
মনোগ্রাহি সুখং সর্ব্বে প্রাবিশন্ গন্ধমুত্তমম্ ॥ ৭

তে দৈত্যাস্তেন গন্ধেন কিঞ্চিদ্ বিস্ময়মাগতাঃ ।
প্রসন্ননয়নো ভূত্বা পরং সৌখ্যমুপাগতাঃ ॥ ৮

উচুশ্চ সহিতাঃ সর্বে তেন গন্ধেন হর্ষিতাঃ ।
পুষ্পমাত্রস্য যদ্ বীর্য্যাঃ কিং তস্য ফলতো ভবেৎ ॥ ৯

অনুমানেন বিজ্ঞেয়া বিবিধাঃ কর্মবৃত্তয়ঃ ।
শুভাশৈবাশুভাশ্চৈব বৃত্তিপ্রাপ্তেন দেহিনাম্ ॥ ১০

তস্মাদ্ বয়ং পয়োমন্থং শ্রেয়স্কা নির্মথামহে ।
মন্দরেণ বিশালেন বলিনা কামরূপিণা ॥ ১১

ত্রিংশ অধ্যায় ।

[পৃথুর রাজ্যাভিষেক, দেবতা ও দৈত্যগণ কর্তৃক মন্দরাচলকে মন্থন দণ্ড করিয়া ও হার বার সমুদ্র মন্থন, সমুদ্র হইতে অন্য রত্ন সমূহের সহিত অমৃতের উদ্ভব এবং রাজার শিরশ্ছেদ বর্ধন ।

জনমেজয় বলিলেন,—ব্রহ্মন্ ! মথন লোকের বিলয় কাল উপস্থিত হইলে দেবতা উৎপত্তিকারী, মহাভূতের মহাগ্রহ (অজ্ঞান) বিদ্যমান ছিল এবং প্রাণিগণের মোক্ষের কোনও সম্ভাবনাই ছিল না, সেই সময় সমস্ত প্রজারা কিরূপে ছিল ? ১

বৈশম্পায়ন বলিলেন,—রাজন্ ! পূর্বাকালে প্রজাপালনরূপ ধর্মপালনে তৎপর প্রজাপতি অধিদিগের সহিত বেণপুত্র পৃথুকে প্রজাগণের রাজো রাজোচিত কর্ম করিবার জন্য অভিষিক্ত করিয়াছিলেন । ২

সেই সময় সত্যযুগ সমাপ্ত হইয়া ত্রেতাযুগ আরম্ভ হইয়াছিল । এমন সময় পৃথুকে নিজেদের সংরক্ষক পাইয়া সমস্ত প্রজারাই পরস্পর বলিতে লাগিল—ইনিই আমাদের উপর ইহার বিশেষ অনুরাগ থাকায় ইনি আমাদের রাজা হইয়াছেন । আমাদের জীবিকাবৃত্তিদায়কারী ইনিই । ইনি অনেক প্রকার শিল্পকর্মের প্রবর্তক হইয়াছেন । নিজের সত্যপ্রাপ্ত (ভবনবন্দিত) কর্মের দ্বারা ইনি সমস্ত প্রাণিগণের জীবন নির্মাতা হইবেন । ৩-৪

এই সময়েই অনেক প্রকার নিয়মসমূহের পালনে পরিশ্রান্ত দেবগণ গন্ধমাদন পর্বতের নিকরসমূহে উপবিষ্ট ছিলেন । ৫

এই সময় বৈশাখমাস এবং বসন্ত ঋতুর সমস্ত উপস্থিত হইয়াছিল । সে স্থানে উপবিষ্ট দেবতা ও দানবগণ চারিদিক্ বিভা এক দিব্য সুগন্ধ অনুভব করিলেন । তাঁহারা সেই গন্ধে মনমত্ত হইয়া উঠিলেন । ৬

ইহা কোন পুষ্পসারেরই প্রবল গন্ধ ছিল, যাহা বায়ুর দ্বারা বিস্তার লাভ করিয়াছিল । এই গন্ধ মনকে সর্বতোভাবে আকর্ষণ করিতে ছিল এবং পূর্বতঃ সুখদায়ক ছিল । ইহা পৃথিবীর সর্বাপেক্ষা উৎকৃষ্ট গন্ধ ছিল । ৭

এই সুগন্ধের দ্বারা দৈত্যগণ সকলেই বিস্মিত হইয়াছিল । ইহাতে তাহাদের মন প্রসন্ন হইয়া বিরাজিল এবং তাহারা বিশেষ সুখ লাভ করিল । ৮

সেই গন্ধে উন্মত্ত হইয়া তাহারা সকলে একসঙ্গে বলিল,—যাহার পুষ্পমাত্রের এরূপ শক্তি, তাহার ফল না জানি কিরূপ হইবে । ৯

কর্মবিষয়ক বৃত্তি নানাপ্রকার হইয়া থাকে । সেই সব অনুমানের দ্বারাই জানিতে হয় । উহাদের মধ্যে কিছু শুভ (মোক্ষদায়ক) হয় এবং কিছু অশুভ (ভোগদায়ক) হয় । দেহধারী প্রাণিগণের বুদ্ধিলাভানুসারে সেই সব বৃত্তিতে হইবে । ১০

অতএব আমরা সমুদ্রের জলের মধ্যে ওষধিসমূহ নিক্ষেপ করিয়া ইচ্ছানুসারে রূপধারণকারী, বিশাল ও বলবান্ মন্দরাচলের দ্বারা উহাকে (সমুদ্রকে) মন্থন করিব । ১১

সমুদ্রমভিসংরভ্য মথ্যাম্যঃ সোমজং ফলম্ ।
ঔষধীশ্চ সহিতাঃ সর্বে প্রক্ষিপ্তাঃ কামরূপিণঃ ॥ ১২

বিষ্ণুরেবাগ্রণীস্তেষাং ভবিষ্যতি মহাবলঃ ।
বিবক্ষু বসুধামেকাং লোকানাং সহ শক্রভিঃ ১৩

সমূলপত্রশাখাশ্চ সপুষ্পাঃ ফলশালিনঃ ।
সর্বে প্রধ্বংক্ষ্যন্তি সুধাং বসুধাতলে ॥ ১৪

উদ্ধৃত্য গিরিপাদেভ্যো গন্ধমাদনসানুজান্ ।
প্রক্ষাস্যন্তি বচনং দৈত্যা মন্দরস্য প্রকম্পনে ॥ ১৫

সমুদ্ধর্তুং প্রধাবন্তু কম্পয়ন্তি স্ম মেদিনীম্ ।
নিষ্ক্রয়েণ মহাবীর্যা বাহুভিঃ পরিঘোপমৈঃ ॥ ১৬

ন শক্নুবন্তে সমুদ্ধর্তুং শৈলেন্দ্রং দনুবংশজাঃ ।
নিপেতুর্ভূতলে ভূষ্টা বিপুলে পর্বতান্তরে ॥ ১৭

সমাধায়াত্মনাত্মানং তপসা দগ্ধকিল্বিষাঃ ।
পিতামহং প্রপদ্যন্তে শিরোভিঃ কামরূপিণঃ ॥ ১৮

তেষাং মনোঽভিলষিতং ব্রহ্মা সর্বজ্ঞগো বশী ।
জ্ঞাত্বা বহুবিধৈর্বাক্যৈর্ব্যাজহার সরস্বতীম্ ॥ ১৯

অশরীরাং শরীরস্থঃ পরয়া বর্ণসম্পদা ।
সর্বলোকমভিব্রহ্মা লোকানাং হিতকাম্যয়া ॥২০

আদিত্যৈর্বসুভিশ্চৈব রুদ্রৈশ্চ সমরুদ্গণৈঃ ।
দেবৈর্যক্ষৈঃ সগন্ধর্বৈঃ কিন্নরৈশ্চ প্রগায়িভিঃ ॥২১

সমেত্য সহিতৈঃ সর্বৈঃ শক্যা ঊঢ়ুমিতুং গিরিঃ ।
অমৃতার্থে মহাতেজা ধাতুভিঃ সমরঞ্জিতঃ ॥ ২২

সুরাসুরগণাঃ সর্বে সমুৎপাট্য মহাগিরিম্ ।
হস্তারম্ভাঃ প্রপদ্যন্তি বীক্ষন্তো দিনবদ্রসম্ ॥২৩

এতচ্ছ্রুত্বা চ বচনং সর্বেষামস্মিতে ক্ষণে
দৈত্যেন্দ্রো বাহুবলিনো মনোভির্বাগভিরেব চ ॥ ২৪

বিক্রীড়ভূতা বহুধা বভূবুর্বলবান্ধবাঃ
ততঃ শুক্লবিবস্ত্রাঃ সহিতৈর্দৈত্যবান্ধবৈঃ ॥ ২৫

আমরা সকলে এক সঙ্গে অমৃতপ্রাপ্তির জন্য উদ্যমশীল হইব এবং উৎসাহ সহকারে সমুদ্রকে মন্থন করিব। ইহার দ্বারা আমাদের সোমজ ফল অর্থাৎ অমৃত প্রাপ্তি হইবে, যাহা পান করত আমরা ইচ্ছানুসারে রূপ ধারণ করিতে সমর্থ (এবং অমর) হইব ॥ ১১

মহাবল বিষ্ণুই সেই দেবগণের অগ্রগামী নেতা হইবেন। আমরা (অমৃত পান করত অমর হইয়া) নিজেদের শত্রুগণের (দেবগণের) সহিত স্বর্গ ও ভূতলে সুখভোগ করিব ॥ ১৩

মূল (পিতা), পত্র (ভার্যা), শাখা (ভ্রাতা) ও পুষ্প (সন্তান) প্রভৃতি সমস্ত পরিবারবর্গের সহিত আমরা সকলে অভীষ্ট ফলভাগী হইব। এই ভূতলেই আমরা সুধাপান করিব এবং গ্রহনক্ষত্রকে (নিজেদের তাপসমূহকে) গ্রহণ করিব ॥ ১৪

এইরূপে সেই মহাশরীরধারী দৈত্যগণ মন্দরাচলকে উৎপাটিত করিবার কথাবার্তা বলিয়া পার্শ্ববর্তী পর্বতসকল হইতে এবং গন্ধমাদন পর্বতের শিখরসমূহে উৎপন্ন বৃক্ষসকলকে উৎপাটিত করিয়া নিজেদের বিশাল বাহুসমূহের দ্বারা মন্দর-পর্বতকে নিশ্চিতরূপে উত্তোলিত করিবার জন্য ধাবিত হইল এবং পৃথিবীকে কম্পিত করিতে লাগিল ॥ ১৫-১৬

কিন্তু এই দানবগণ কোনরূপেই গিরিরাজ মন্দরকে উৎপাটিত করিতে পারিল না। তাহাদের জানুসকল অবিরত যাইল এবং তাহারা সেই বিশাল পর্বতের মধ্যে পতিত হইল ॥ ১৭

তপস্যার দ্বারা ইহাদের পাপ নষ্ট হইয়াছিল। তাহারা নিজেরাই নিজেদের মনকে সংযত করিয়া নিজেদের নিজ মস্তক ব্রহ্মার চরণে নত করত ইঁহার শরণাপন্ন হইল ॥ ১৮

ব্রহ্মা সর্বজ্ঞ মননকারী ও সকলকে নিজের বশীভূত করিয়া রাখিতে সমর্থ ছিলেন। ইঁহার বুদ্ধি সমস্ত লোকসকলের চিত্তচরিত্র জ্ঞাত ছিল। তিনি সেই দৈত্য গণের মনোরথ জানিয়া লোকহিত কামনা নামক প্রকার বাক্যে ও উত্তম বর্ণ সম্পত্তি-যুক্ত বাণীতে এই কথা বলিলেন। দানবীর হইয়াও তিনি তখন অসহায় বাক্য প্রয়োগ করিলেন ॥ ১৯-২০

তিনি বলিলেন,—আদিত্য, বসু, রুদ্র ও মরুদ্গণ, দেবতা, যক্ষ, গন্ধর্ব এবং সকলেতে মিলিত কিন্নরগণ—এই সকলে এক সঙ্গে মিলিত হইয়া যদি অমৃতের জন্য প্রযত্ন করে, তাহা হইলে বিবিধ ধাতুসমূহে রঞ্জিত এই মহাবেগবতী পর্বতকে উত্তোলিত করিতে পারিবে। সমস্ত দেবতা ও অসুরগণ সেই মহাপর্বতকে উৎপাটিত করিয়া হিমবান্ পর্বতের সারভূত রসকে লতা-বল্লী রূপে নিজেদের হস্তগত বলিয়াই দেখিতে পাইবে ॥ ২১-২৩

সেই সময় সকলের নিকটে অবস্থিত বাহুবলশালী দৈত্যগণ ব্রহ্মার এই কথা শ্রবণ করিয়া মন ও বাক্যের দ্বারা সেই কার্যে প্রবৃত্ত হইল। যেখানে একত্রে সবল বান্ধবগণের দ্বারা সেই মন্থনদণ্ড নিক্ষিপ্ত হইয়াছিল, সেই লবণ-সমুদ্রের ইঁহারা তখন ক্রীড়াকারী হইয়া দাঁড়াইলেন ॥ ইঁহার সকলের দ্বারা তাঁহারা বারংবার আন্দোলিত হইতে লাগিলেন ॥ ২৪-২৫

সুরাসুরগণাঃ সর্বে সহিতা লবণাম্ভসঃ।
মন্দরং পুষ্করং কৃত্বা নেত্রং বাসুকিমেব চ ॥ ২৬
সমাং সমুদ্রং মথিতং জলমৌর্বাগ্নিভিঃ সহ
ক্ষীরভূতং মহাযোগাদমৃতং সমপদ্যত ॥ ২৭
তজ্জহ্নুরসুরাঃ পূর্বমাক্রান্তা লোভমর্ছনা।
বরুত্রিতা যতঃ শ্রীশ্চৈবী কৌস্তুভো মণিঃ ॥ ২৮
শশাঙ্কো বিমলশ্চাপি সমুত্তস্থুঃ সমন্ততঃ।
উচ্চৈঃশ্রবা হয়ো রম্যঃ শীঘ্রং তদমন্থনম্ ॥ ২৯

পশ্চাদ্দেবাস্তদাদাতুমুদ্যতা রাহুমব্রুবন্।
ন তু কেচিৎ পিবন্তি স্ম দৈত্যা নৈব চ দানবাঃ ॥ ৩০
চিহ্নেনাথ হরিঃ সংখ্যে রাহোশ্ছেত্রেণ কং তদা
অনির্মুক্তং পিতৃসখৈর্নিষ্কিপ্তং সনাতনৈঃ ॥ ৩১
তমিন্দ্রস্তদাদায়ামৃতং তরসা পৃথিবীং যযৌ।
তমাদায়ামৃতং দেবী ব্রহ্মবাক্যপ্রচোদিতা ॥ ৩২

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি
পৌণ্ড্রকে ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩০

সমস্ত দেবতা ও অসুরগণ একসঙ্গে লবণ-সমুদ্রের জলে মন্দরাচলকে মন্থনদণ্ডরূপে নিক্ষেপ করত বাসুকি নাগকে মন্থন-রজ্জু করিলেন এবং ওষধিসমূহের সহিত সমুদ্রের জলকে এক সহস্র বৎসর পর্যন্ত মন্থন করিলেন। ওষধিসমূহের সংযোগে সেস্থানের জল দুগ্ধরূপ হইয়া অমৃতে পরিণত হইল। ২৬-২৭

(ফলসমূহে সহিত) সেই অমৃতকে প্রথমে অসুরগণ হরণ করিল; কারণ, ইহার তখন লোভ ও ক্রোধের বশীভূত হইয়া পড়িয়াছিল। প্রথমে সঞ্জাত করিয়া সেই সমুদ্রের জল হইতে বরুত্রি, মদ্য, শ্রীদেবী, কৌস্তুভমণি ও নির্মল চন্দ্র উত্থিত হইলেন। ইহার পর পরম সুন্দর উচ্চৈঃশ্রবানামক অশ্ব উদ্ভূত হইল। তাহার পর অমৃতের প্রাদুর্ভাব হইল। ২৮-২৯

(যখন দৈত্যগণ এই অমৃতকে নিজেদের অধিকারে লইয়া যাইল,) তখন দেবতারা উহা গ্রহণ করিবার জন্য রাহুর নিকটে এইরূপ বলিতে লাগিলেন, কোনও দৈত্য ও দানব এখন অমৃত পান করিতেছে না। কিন্তু এই রাহু তাহা পান করিবার চেষ্টা করিতেছে। ৩০

তখন শ্রীহরি যুদ্ধে নিজের চক্রের দ্বারা তৎকালে রাহুর শিরশ্ছেদ করিলেন। সনাতন মুনিগণ ও পিতৃগণ সেই অমৃতকে তখন ছাড়িয়া দেন নাই। ইহার পরে বরং পৃথিবীদেবী ব্রহ্মার আদেশ পাইয়া ইন্দ্রের হস্ত হইতে সেই অমৃতকে লইয়া যাইলেন। ইনি ব্রহ্মার নিকট প্রাপ্ত হইয়াছিলেন। অমৃত গ্রহণের পর তিনি চলিয়া যাইলেন। ৩১-৩২

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বে পুণ্ডরপ্রাহুর্ভাববিষয়ক ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একত্রিংশোঽধ্যায়ঃ ॥

[বলেরযজ্ঞে বামনদেবের ত্রিলোক্য রাজ্যগ্রহণম্, সমস্তান্তর প্রাপ্য দেবেরের বলে রাজ্যাভিষেকঃ]

জনমেজয় উবাচ।

নিহতে দৈত্যসঙ্ঘাতে বিষ্ণোশ্চাক্রিপরাক্রমে
দৈত্যা দানবাশ্চ কিমিচ্ছন্তি পরাক্রমাৎ ॥ ১

বৈশম্পায়ন উবাচ।

দানবা রাজ্যমিচ্ছন্তি পরাক্রম্য মহাবলাঃ।
তপ ইচ্ছন্তি সহিতা দেবাঃ সত্যপরাক্রমাঃ ॥ ২

জনমেজয় উবাচ।

কথং কালস্য মহতো ত্রিদশাকশিপুস্তনা।
যজতে ব্রহ্মণঃ ক্ষেত্রে প্রাগ্বৈশ্বংসঃ স কামদঃ ॥ ৩

একত্রিংশ অধ্যায়।

[বলির যজ্ঞে বামনদেব কর্তৃক ত্রিলোকের রাজ্য গ্রহণ এবং সমস্তান্তর দেবেন্দ্র কর্তৃক বলির রাজ্যাভিষেক।]

জনমেজয় বলিলেন,—মুনে! যখন দৈত্যগণ নিহত হইল (নিজেদের প্রয়াসে বিফল হইল) এবং ভগবান্ বিষ্ণুর অতিশয় পরাক্রম বিজয়ী (সফল) হইল, তখন দৈত্য ও দানবগণ পরাক্রমের দ্বারা কি পাইতে ইচ্ছা করিল? ১

বৈশম্পায়ন বলিলেন,—রাজন্! মহাবল দানবগণ পরাক্রম করিয়া (তিন লোকের) রাজ্য পাইতে ইচ্ছা করিল এবং সত্যপরাক্রমী দেবতারা একসঙ্গে তপস্যা করিতে ইচ্ছুক হইলেন। ২

জনমেজয় বলিলেন,—ব্রহ্মন্! সেই সমস্ত হিরণ্যকশিপু (বংশীয় রাজা বলি ত মহৈশ্বর্যশালী ছিল, সে অজস্র অভীষ্ট বস্তুদান করিতে সমর্থ ছিল। এরূপ অবস্থায় সে

বৈশম্পায়ন উবাচ।

ঈজে বহুসুবর্ণেন রাজসূয়েন পার্থিবঃ।
অনুনা দানবশ্রেষ্ঠো বসুধাধাঃ মহাবলঃ ॥ ৪
গঙ্গা-যমুনয়োর্মধ্যে যদ্‌ভূদ্ বিপুলং তপঃ
সমেযুক্তত্র সহিতা যজ্ঞমানে মহামুনে ॥ ৫
ব্রহ্মণা বেদবিদ্বাংসো মহাব্রতপরায়ণাঃ।
যজনস্থাপরে সিদ্ধা যোগধর্ম্মেণ ভারত ॥ ৬
মুনয়ো বালখিল্যাশ্চ যজ্ঞা ধর্ম্মেণ শোভিতাঃ।
যবয়ো হি দ্বিজা মুখ্যা নিত্যধর্ম্মপরায়ণাঃ ॥ ৭
তত্রযজ্ঞে মহাভাগা বিপ্রৈঃ পূজ্যাঃ সহস্রশঃ।
বিপুলৈরন্ন বিভবৈর্দ্বিরমাণৈস্ততস্ততঃ ॥ ৮
শুক্রস্তু সহ পুত্রেণ দৈত্যা যাজ্যস্তে প্রভুঃ।
হিরণ্যকশিপুঃ মধ্যে গণানাং ভূলনপ্রভঃ ॥ ৯
হিরণ্যকশিপুশ্চৈব ব্যাজহার সরস্বতীম্।
কামাদ্ বরং দদাতীতি তদ্ বৈ সম্প্রতিপদ্যতাম্ ॥১০

বিষ্ণুর্বামনরূপেণ ভিক্ষাং ত্বাং প্রতিগৃহ্নতি।
হিরণ্যকশিপোর্হস্তাদ্দে পদে পদমেব চ ॥ ১১
ততঃ ক্রমিষ্যতি বিষ্ণুঃ সত্যাপরাক্রমঃ।
ত্রীল্লোকান্ মুনিভিঃ ক্রান্তৈর্দিব্যাঃ বসুরথায়ন ॥১২
হৃতরাজ্যান্ত দৈত্যেয়াঃ পাতালবিবরং যযুঃ।
সবৈশ্বগণসংবন্ধাঃ সপ্রাসাঃ সাসিতোমরাঃ ॥ ১৩
সমন্ত্রমগুড়াশ্চৈব সপতাকারথধ্বজাঃ।
সচর্ম্মবর্ম্মকোষাশ্চ সায়ুধাঃ সপরশ্বধাঃ ॥ ১৪
তমেন্দ্রবিষ্ণু সহিতাঃ সন্তস্তেহভূদ্বিত্তা গণাঃ।
অত্যধিকং প্রমুদিতা লোকানামধিপে সুরাঃ ॥ ১৫
স তান্ স্বধামৃতেনাও পিতৃংশ্চ সমতর্পয়ৎ।
ব্রহ্মা তদমৃতং দিব্যং মহেন্দ্রায় প্রযচ্ছতি।
অক্ষরশ্চাব্যয়শ্চৈব সংবৃতস্তেন কর্ম্মণা ॥ ১৬
ততঃ শঙ্খমুপাধ্মাথৌদ্বিষতাং লোমহর্ষণম্।
পিতামহকরোদ্ভূতঃ ধ্বনিঃ প্রথমে পদে ॥ ১৭

ব্রহ্মার ক্ষেত্রে (প্রশ্নার্থে) দীর্ঘকাল ধরিয়া কেন যজ্ঞ করিয়াছিল ? ৩

বৈশম্পায়ন বলিলেন,—রাজন্! মহাবলশালী দানবশ্রেষ্ঠ রাজা বলি পৃথিবীতে বহু সুবর্ণরাশি দক্ষিণাযুক্ত রাজসূয় যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন ॥ ৪

ভারত! যেস্থানে তপস্যা করিলে তাহা বহু ভাবে বর্দ্ধিত হয়, সেই গঙ্গা-যমুনার মধ্যভাগে যখন মহাসুর বলি যজ্ঞ করিতে ছিলেন, তখন সেস্থানে বহু বেদজ্ঞ ব্রাহ্মণগণ, মহাব্রতপরায়ণ যতিগণ এবং যোগধর্ম্মে সিদ্ধ অন্যান্য মহাত্মাগণ এক সঙ্গে উপস্থিত হইয়াছিলেন ॥ ৫-৬

ধর্ম্মে সুশোভিত বহু বালখিল্য মুনিগণ, সদা ধর্ম্মপরায়ণ বহু শ্রেষ্ঠ দ্বিজগণ ও ব্রাহ্মণদিগের দ্বারা পূজনীয় সহস্র সহস্র মহাত্মাগণও উপস্থিত হইয়াছিলেন। সেস্থানে নানাভাবে উপহাররূপে প্রদত্ত বিপুল বৈভব একত্রে সংগৃহীত হইয়াছিল ॥ ৭-৮

যিনি অগ্নিস্থলা ভোজ্যী ছিলেন, সেই প্রভাবশালী মহাত্মা শুক্রাচার্য্য পুত্রের সহিত নরপতিগণের মধ্যে সেই দৈত্যরাজকে যজ্ঞ করাইতেছিলেন ॥ ৯

সেই সময় হিরণ্যকশিপু অর্থাৎ বলি যাচকগণকে এই কথা বলিতেছিল—এই যজ্ঞমান আপনাদের ইচ্ছানুসারে বর দান করিতেছে, আপনারা ইহা গ্রহণ করুন ॥ ১০

তখন সাক্ষাৎ ভগবান্ বিষ্ণু বামনরূপে উপস্থিত হইয়া রাজা বলির নিকট হইতে তিন পদ ভূমির ভিক্ষা গ্রহণ করিলেন ॥ ১১

তখন সত্যপরাক্রমী ভগবান বিষ্ণু নিজের বিক্রমণের দ্বারা (পাদবিক্ষেপের দ্বারা) মুনিদের প্রার্থনীয় তিন লোককে আক্রান্ত করিতে মাপ করিতে আরম্ভ করিলেন। সেই সময় তিনি বিরাট্‌রূপ ধারণ করিয়াছিলেন ॥ ১২

রাজা অপহৃত হইলে পর দৈত্যেরা সৈন্যবাহিনীতে পরিবৃত হইয়া প্রাস, অসি, তোমর, যষ্টি, লগুড়, পতাকা, রথ, ধ্বজ, ঢাল, কবচ, কোষ, আয়ুধ ও পরশ্বধ—এই সব জিনিষ গ্রহণ করত পাতাল-গুহায় চলিয়া যাইল ॥ ১৩-১৪

তদনন্তর কিছুকাল পরে ইন্দ্র ও বিষ্ণুর সহিত দেবগণ পুনরায় সেস্থান হইতে নীরবে উত্থিত হইলেন। সেই সময় দেবগণ আনন্দিত হইয়া বলিকে ত্রিলোকের পরে অভিষিক্ত করিলেন ॥ ১৫

বলি সেই দেবতাগণকে পিতৃগণে প্রতিষ্ঠিত করিয়া তাঁহাদিগকে সত্বর স্বধামৃত অমৃতের দ্বারা তৃপ্ত করিল। ব্রহ্মা সেই দিব্য অক্ষর ও অবিকারী অমৃত মহেন্দ্রকে প্রদান করিলেন। বলির সেই কর্ম্মের দ্বারা দেবেন্দ্র সুরক্ষিত হইয়া যাইলেন ॥ ১৬

তদনন্তর ইন্দ্র ব্রহ্মার হস্ত হইতে উৎপন্ন, প্রথম পদে

তং স্তুত্বা শঙ্খনাদং তু ত্রয়ো লোকাঃ সমাহিতাঃ।
নিবৃত্তিং পরমাং প্রাপ্তা ইন্দ্রশ্চাথমবাপ চ ॥ ১৮
সর্বৈঃ প্রহরণৈশ্চৈব সংযুক্তা বহ্নিসম্ভবৈঃ

মন্দরাগ্রেষু বিহিতৈস্তত্র লাঙ্গলিরে পাবকৈঃ ॥ ১৯
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি
পৌণ্ড্রকে একত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩১

প্রতিষ্ঠিতকারী ও শত্রুগণের রোমহর্ষণকর বিবা শঙ্খ বাদ্য করিলেন ॥ ১৭

সেই শঙ্খধ্বনি শ্রবণ করিয়া তিন লোকের প্রাণিগণের মন একাগ্র হইয়া যাইল। তাহারা ইন্দ্রকে নিজেদের রক্ষক পাইয়া

পরমানন্দে নিমগ্ন হইল। অগ্নি হইতে উৎপন্ন ও প্রজলিত পাবকসদৃশ প্রকাশিত যে সমস্ত অস্ত্র মন্দরাচলের শিখরে বিদ্যমান ছিল, তাহাদের দ্বারা সংযুক্ত হইয়া তিন লোক অত্যন্ত সন্তুষ্ট হইল ॥ ১৮-১৯

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বে পৌণ্ড্রক প্রাদুর্ভাববিষয়ক একত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বাত্রিংশাঽধ্যায়ঃ ॥

[কৃষ্ণযজ্ঞধ্বংসবর্ণনম]

বৈশম্পায়ন উবাচ

ততো মহতি বৃত্তান্তে স্থিতে রাজ্ঞো মহোদয়ে।
দেবতানাং মনুষ্যাণাং সংবাসোঽভবত্তদা ॥ ১
একতঃ সমবীয়ন্তি সহিতাঃ প্রকৃতন্তি চ।
বভূব ভাগঃ সৃষ্টস্য যজ্ঞকর্মণি ভারত ॥ ২
প্রাচেতসং ততো দক্ষং দীক্ষিতা বৈ বৃহস্পতিঃ।
বাজিমেধেষু ভগবানৃষিভিঃ পরিবারিতঃ। ৩
তস্মিন্ মাহাত্মকে যজ্ঞে দক্ষস্য বিদিতাত্মনঃ
শামিত্রমকরোদ্ রুদ্রো ভাগার্থে সত্র নাস্মিনা ॥ ৪

কৃষ্ণস্যৈব হি তত্রস্থাঃ স্থিরাভূতা তদীজ্যয়া
জাতঃ পরমবর্ষ্মাত্মা নন্দীপুরুষবিগ্রহঃ ॥ ৫
তেন যোগেন রাজেন্দ্র বভূব ব্রহ্ম সনাতনম্।
বিহিতং সত্ত্বাবচনৈস্তেনৈব পরমাত্মনা ॥ ৬
যজ্ঞৈশ্চালাব্লপৈশ্চ বিস্তপাক্ষৈশ্চ বৈরৈঃ।
ঊর্দ্ধনেত্রৈর্দ্বাকাচৈবিকৃতৈর্বামনৈস্তথা ॥ ৭
শিখিভিশ্চটিভিশ্চৈব ত্রাকৈশ্চ লম্বকর্ণিভিঃ।
চারিভিশ্চর্ম্মিভিশ্চৈব কুটমুদ্গরপাণিভিঃ ॥ ৮
সঙ্কটাধারিভিশ্চৈব মুক্তমেখলধারিভিঃ
সন্তক্তকটকৈশ্চৈব স্বর্ণকুণ্ডলধারিভিঃ ॥ ৯

দ্বাত্রিংশ অধ্যায়।

[যজ্ঞযজ্ঞ ধ্বংস বর্ণন।]

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! তদনন্তর পূর্বোক্ত মহান্ বৃত্তান্ত সংঘটিত হইলে পর যখন পরম অদ্ভুতকারী রাজা প্রতিষ্ঠিত হইল, তখন দেবতা ও মনুষ্যগণ পরস্পর একসঙ্গে বাস করিতে লাগিলেন ॥ ১

তাহাতে এই দেবতা ও মনুষ্যগণ একসঙ্গে যাবাযাত্র করিতে এবং পরস্পর প্রেমবশতঃ এক সঙ্গে ভোজন করিতে লাগিলেন। যজ্ঞকর্মে মনুষ্যগণ কর্তৃক প্রদত্ত ভাগ দেবতারা গ্রহণ আসিয়া গ্রহণ করিতে লাগিলেন ॥ ২

সেই সময় প্রাচেতস দক্ষকে ভগবান বৃহস্পতি দীক্ষা দান করিয়া। ভগবান্ বৃহস্পতি ঋষিগণে পরিবৃত হইয়া সেস্থানে উপস্থিত ছিলেন ॥ ৩

আত্মজ্ঞানপূত মাহাত্মা দক্ষের সেই যজ্ঞে নন্দীসহ ভগবান্ রুদ্র নিজের ভাগের জন্য শামিত্র কর্ম (পশুহত্যা কার্য্য) করিলেন ॥ ৪

যজ্ঞ ভগবান্ রুদ্রের বিস্তার হল, যিনি তাঁহারই ইচ্ছায় পরম বর্ষাত্মা পুরুষ শরীরে উৎপন্ন হইয়াছেন ॥ ৫

রাজেন্দ্র! পূর্বোক্ত যোগের প্রভাবে সেই যে প্রসিদ্ধ সনাতন ব্রহ্ম, তাঁহাকেই এই পরমাত্মা রুদ্রই বেদ-বাক্যসমূহের দ্বারা সেই রূপে প্রকাশিত করিয়াছিলেন ॥ ৬

ভগবান্ রুদ্রের যখসমূহের মধ্যে অনেকে ভগবান্ ছিলেন এবং অনেকে আবার ভগহীন ছিলেন। বহুর নেত্র বিকরাল ভগবিশিষ্ট ছিল। অনেকে অষ্টোদর (পাকস্থলী উদরবিশিষ্ট) ছিলেন। বহুগণের নেত্র উপরে (মস্তকে) ছিল। অনেকে বিশালদেহ, অনেকে আবার বামন ছিলেন, অনেকে বিকটাকার ছিলেন। বহুর মস্তকে শিখা ছিল, অনেকে জটাধারণ করিয়াছিলেন, অনেকে ত্রিনয়ন ছিলেন এবং বহুর কর্ণ লম্বমান (ঝুলান) ভাবে ছিল। কেহ কেহ চীর (জীর্ণ বস্ত্র) পরিধান করিয়া আছেন, কেহ কেহ চর্ম্ম (ব্যাঘ্রাদির) পরিধান করিয়াছেন। অনেকের হস্তে বৃহৎ ও মুদ্গর ও শোভা পাইতেছিল।

সতিত্তিমৈঃ সতেরীকৈঃ সমৃদ্ধৈঃ সবেণুভিঃ।
এতৈঃ পরিবৃতো দেবো মখং তং সমুপাক্রমৎ ॥ ১০

সলম্বমুরুভিশ্চাপি সস্থালকলপাণিভিঃ।
ঊর্ধ্বাযুধধরো দেবঃ পিনাক ইবাদ্রিকঃ ॥ ১১

বিরজাজ্জিভির্ণীপৈস্তমখে মখবত্তমঃ বরঃ।
কালাগ্নিরিব দীপ্তাচ্চির্জ্জগদ্ধক্ষ্যন্নিবোদ্যতঃ ॥ ১২

নন্দী পিনাকপাণিশ্চ ভগ্নদন্তমখদ্রুহম্
মৃগরাজ ইব কালাগ্নিঃ ক্ষিপ্রং দক্ষুমিবোদ্যতঃ ॥ ১৩

মৃগমুৎক্ষিপ্য বাহাভ্যাং নিশাচরগণাগ্রণীঃ।
ত্রাসয়ন্ মুনিসঙ্ঘাংশ্চ চীরচর্ম্মনিবাসিনঃ ॥ ১৪

হবীংষ্যন্তে পিবন্ত্যেব ভিন্নবাক্তাস্তমালোচনাঃ।

ভক্ষয়ন্তি পশূনন্যে রসনাস্যবলম্বিভিঃ ॥ ১৫

মুমুচুশ্চাপরে মূলান্ ফলবঃ প্রচরন্তি চ
বহ্নিমধ্যে প্রসিক্ষন্তি বারিভিঃ প্রণদন্তি চ ॥ ১৬

সোমমন্যে জহুঃ কেচিন্নরাস্তত্রাস্তদোপমৈঃ।
দর্ভান্ কেচিদ্ বিলুম্পন্তি হরন্তঃ পদ্মদলপ্রভৈঃ ॥ ১৭

বভঞ্জিরে চ মূলাগ্রান্ ফলসাঙ্গাণি চিক্ষিপুঃ।
চিক্ষিপুঃ কাঞ্চনান্ কৃষ্ণান্ শোভার্থমুপকল্পিতান্ ॥ ১৮

বিভিত্তশ্চৈব বাসোভ্যো মুমুক্ষুন্ চিরপ্রথান্
লুলুপুশ্চৈব গাত্রাণি নমন্তঃ স্রুচাবদীনপি ॥ ১৯

অরুরুক্ষংশ্চৈব প্রারুরুক্ষুঃ লুলুপুশ্চ সমাহিতাঃ।
চখাদিরে পুরোডাশাংস্তথাত্রৈব চকম্পিরে ॥ ২০

কেহ যষ্টী ধারণ করিয়াছিলেন এবং কেহ মৃগচর্ম্মের পরিধান করিয়াছিলেন। বহুর হস্তে কটক ও কর্ণে মর্ণের কুণ্ডল শোভা পাইতেছিল। কেহ তিতিড়ি, ভেড়া, বাদ্য করিতেছিলেন, কেহ ভেরী (ঢাক) বাদ্য করিতেছিলেন। কেহ মৃদঙ্গ ও কেহ বেণু বাজাইতেছিলেন। এবম্প্রকারসমূহে পরিবৃত হইয়া মহাদেব দক্ষের সেই যজ্ঞকে ধ্বংস করিতে গিয়াছিলেন। ৭-১০

অনেকে শঙ্খ ও অনেকে মৃদঙ্গ বাজাইতেছিলেন। কেহ কেহ হস্তে তালফল ধারণ করিয়াছিলেন। সেই সমস্ত ভয়ঙ্কর অনুচরগণ ও পিনাকধারী মহাদেব যজ্ঞস্থলে ঠাহার ন্যায় প্রস্তুত হইতেছিলেন। ১১

অগ্নিশিখার ন্যায় উদ্দীপ্ত সেই যজ্ঞস্থলে যজ্ঞধারীদিগের মধ্যে শ্রেষ্ঠ ভগবান্ রুদ্র সমস্ত ভগবৎকে বদ্ধ করিতে উদ্যত হইয়া প্রজ্বলিত শিখাযুক্ত প্রলয়াগ্নির ন্যায় শোভা পাইতেছিলেন। ১২

নন্দী ও পিনাকধারী মহাদেব ইঁহারা উভয়ে সেই উত্তম যজ্ঞকে ধ্বংস করিতেছিলেন। এই সমস্ত ভগবান্ রুদ্র সম্পূর্ণ সংসারকে বদ্ধ করিতে উদ্যত হইয়া যেন অগ্নিসেবকুলা প্রতীয়মান হইতেছিলেন। ১৩

চীর ও চর্ম্ম পরিধানকারী নিশাচরগণ মুনিসঙ্ঘকে ত্রাসিত করিতে করিতে মৃগ উৎক্ষেপ করত দৌড়াদৌড়ি করিতে লাগিলেন। ১৪

ভাস্করবর্ণ নেত্রবিশিষ্ট কতকগুলি নিশাচরগণ জিহ্বাসমূহের দ্বারা হবিষ্যসমূহ পান করিতে লাগিলেন। অন্য অনেকে সেস্থানে পশুদিগকে ভক্ষণ করিতে লাগিলেন এবং সেই সব পশু তখন ঠাঁহাদের জিহ্বার অগ্রভাগে ঝুলিতেছিল। ১৫

অন্য কতকগুলি মূলফলকে তুলিয়া নিক্ষেপ করিতে লাগিলেন এবং অনেকে পশুদিগকে হত্যা করিতে লাগিলেন। অনেকে আবার যজ্ঞকুণ্ডে জল ছিটিয়া দিতে লাগিলেন, যাহাতে সেস্থানে প্রজ্বলিত অগ্নি নির্ব্বাপিত হইয়া যায়। ১৬

কেহ কেহ তাঁহা ও তথাপুষ্পতুল্য রক্তবর্ণবিশিষ্ট নয়নে দর্শন করিতে করিতে সোমকে নষ্ট করিতে লাগিলেন। কেহ কেহ বিকসিত কমলদলতুল্য কান্তিমান্ তৃণসমূহের দ্বারা সেস্থানে পতিত বিধান কুশফলকে অপহরণ করিতে লাগিলেন। ১৭

কেহ কেহ বৃক্ষসকল ভাঙ্গিতে লাগিলেন। কেহ কেহ ফলসমূহকে তুলিয়া নিক্ষেপ করিতে লাগিলেন এবং কিছু পর সেস্থানে শোভার জন্য নিহিত সুবর্ণময় বৃক্ষসমূহকে খণ্ড-বিখণ্ড করিয়া দিলেন। ১৮

কিছু পর বাসসমূহের দ্বারা সুবর্ণ বৃক্ষসমূহকে বিবাস করিয়া দিলেন এবং সেই সবের উপর সুবর্ণময় নিক্ষেপ করিলেন। অনেকে যজ্ঞপাত্রসমূহ ভগ্ন করিলেন এবং অনেকে অগ্নীকে মথিত করিলেন। ১৯

অনেকে পত্নীগণসমূহকে পীড়িত করিলেন এবং সেস্থানে সমস্ত দ্রব্যসামগ্রী অপহরণ করিলেন। এই সব কার্য্য ঠাঁহারা অভিলষিত সাধনসম্ভার সহিত করিলেন। ঠাঁহারা পুরোডাশ ভক্ষণ করিলেন এবং পুরোডাশ-ভক্ষকদিগকে নখাগ্রভাগের দ্বারা যেন বধ করিলেন। ২০

এবং দিবা চ রাত্রৌ চ ত্রিদ্যমানো মহামখঃ।
চুক্রোশ চ মহানাদান্ ত্রিদ্যমান ইবার্ণবঃ ॥ ২১
বহ্নঃ সপরমাণায় পূর্বদত্তং বরত্রয়ম্।
কৃত্তং কীচকবেণুভ্যাং সমরে সুমহারবঃ ॥ ২২
প্রতিগৃহ্য মহাদেবঃ স শরৈঃ সমযোজয়ৎ।
বহুবিগৃহ্য জানুভ্যাং জঘান স মহাক্রতুম্ ॥ ২৩
স বিদ্ধস্তেন বাণেন ঘং সমুৎপতিতঃ ক্রতুঃ।
মৃগো ভূত্বা বর্ধমানো উল্কাপাণুপধাবতি ॥ ২৪
শরেণাভিহতস্ত্রাণ ন লেভে প্রশমং ভৃশম্
শরণার্থী ভৃশং প্রাগুঃ শরেণান্তর্গতেন চ ॥ ২৫
তমুবাচ মৃগং ব্রহ্মা শুভং সানুনয়ং বচঃ।
ঘরেণোত্তমবীর্যোগ গন্ধর্বত্বেন সুভাষিণা ॥ ২৬
এবং রূপো নভসি ত্বং ভবিষ্যসি মহামৃগঃ
বিজিতস্ত্র ত্রিপর্বেণ শরেণানতপর্বণা ॥ ২৭
তিষ্ঠরক্ষত্রাশিরসি সহ রুদ্রেণ নিত্যশঃ

সোমেন সহ সংযুক্তো হুতবহোবায়েন চ ॥ ২৮
দিবি সঞ্চারভূতো বৈ তারাভিঃ সহ সঙ্গতঃ।
জ্যোতির্ভূতো জ্যোতিষাং ত্বা ধ্রুবস্তেব মহাক্রতু ॥ ২৯
যচ্চেতদ্ ঋষিরা দিব্যাঃ কৃত্তজাদভিনিঃসৃতম্।
নভস্যুৎপত্তিতং চৈব প্রবেগেন প্রধাবতঃ ॥ ৩০
কৃত্তজাং বহুবর্ণক ক্ষেত্রং মণ্ডলসংজ্ঞিতম্।
নিমিত্তভূতং ভূতানাং বর্ষে বর্ষপ্রদং তথা ॥ ৩১
পুথং দুঃখক ভূতানাং দর্শনে সম্প্রবর্ততে।
ইন্দ্রিয়প্রবণাচ্চৈব নভসীত্রায়ুধোহভবৎ ॥ ৩২
চক্ষুষী মানুষে রাজন্ বিস্ময়াৎ সমবৈক্ষত।
অদ্ভুতং বহুচিত্রক মনসা সম্প্রকল্পিতম্ ॥ ৩৩
ন তু রাত্রৌ প্রদৃশ্যেত যে সত্রঋষি সংজ্ঞিতম্।
দিবস্তৈব সদা ত্বত্রে মহৎকার্যাং প্রদৃশ্যতে ॥ ৩৪
কৃমাবেব সমুদ্বিদ্ধোকাশে তু বিলীয়তে।
শতশশ্চ সমং সর্বে প্রধাবন্তি প্রচেতসঃ।

এইভাবে যখন দিবসে ও রাত্রিতেও দীক্ষিত হইতে লাগিলেন, তখন সেই মহাযজ্ঞ মন্থিত সমুদ্রের ন্যায় প্রচণ্ড ঘোর আর্তনাদ করিতে আরম্ভ করিলেন। ২১

অতঃপর মহাবলী মহাদেব দুই তূণীর ভরে পরিমাণ এক পরশু নামক বাণের দ্বারা নির্মিত ধনুকে হাত গ্রহণ করত নত হইয়া তাহার উপর বাণসন্ধান করিলেন এবং সেই মহাযজ্ঞকে বাণের লক্ষ্য স্থির করিলেন। ২২-২৩

সেই বাণে আহত হইয়া এই যজ্ঞ আকাশে উঠিয়া যাইলেন এবং মৃগ হইয়া আর্তনাদ করিতে করিতে ব্রহ্মার নিকট বাধিত হইলেন। ২৪

সেই বাণে আহত হইয়া মহাযজ্ঞ পৃথিবীতে তাঁহার কোনও রক্ষক না পাওয়ায় চিত্তে শান্তি লাভ করিতে পারিলেন না। অতএব তিনি পরশার্থী হইয়া শরীরের মধ্যে প্রবিষ্ট বাণের সহিতই ব্রহ্মার নিকট উপস্থিত হইলেন। ২৫

ব্রহ্মা সেই মৃগরূপধারী যজ্ঞকে উত্তম বলযুক্ত, গম্ভীর ও সুন্দর ভাষাপূর্ণ স্বরে এই শুভ এবং অনুনয়যুক্ত বাক্য বলিলেন। ২৬

মহাযজ্ঞ! তুমি আনতপর্ব ও ভিন পর্বযুক্ত বাণে পরাজিত হইয়া এই ভাবে মহান্ মৃগরূপে আকাশেই স্থিত থাকিবে। ২৭

তুমি নক্ষত্রের মস্তকে থাকিয়া 'মৃগশিরা' নামে অভিহিত হইবে এবং রুদ্রের (আর্দ্রার) সহিত তোমার সখ্য সাধিয়া থাকিবে। তুমি অশ্ব অথবা সোমের সহিত সংযুক্ত রহিবে (সোমই তোমার দেবতা হইবে)। ২৮

আকাশে তোমার সঞ্চার শান্তি হইবে এবং তারাসমূহের সহিত তুমি মিলিত থাকিবে। তুমি জ্যোতিষমণ্ডলের মধ্যে জ্যোতির্ময় হইয়া প্রকাশিত হইবে ও 'ধ্রুব' এবং 'মহাক্রতু' হইবে। ২৯

তোমার শরীরে যে বাণের আঘাতে ক্ষত (যা) হইয়াছে এবং তাহা হইতে এই যে দিব্য রক্ত নিঃসৃত হইয়াছে, সর্বপ্রথম বাধিত হইয়া এই যে তোমার আকাশে উচ্চতন এবং তুমি যে এই অবেক রঙ্গে পরিণত হইয়া বিরাজ; অতএব ইহা 'মণ্ডল' নামে প্রসিদ্ধ ক্ষেত্র হইবে এবং বর্ষা অনুভূত প্রাণিসমূহের জন্য নিমিত্ত (বর্ষাসূচক লক্ষণ) হইয়া বৃষ্টি-প্রদানকারী হইবে ৩০-৩১

ইহার দর্শনে প্রাণিসমূহের সুখ ও দুঃখ হয়। ইহা নেত্রেন্দ্রিয়ের বিষয় বলিয়া তথা যায়, অতএব ইহা জগতে ইন্দ্রায়ুধ (ইন্দ্রধনু) নামে প্রসিদ্ধ হইয়াছে। ৩২

প্রথমে ইহা যখন প্রকাশিত হইয়াছিল, তখন মানুষের নয়ন অতিশয় বিস্ময় সহকারে ইহাকে দেখিত। ইহা অদ্ভুত, বিচিত্র ও ব্রহ্মার মনের দ্বারা কল্পিত। ৩৩

ইহা রাত্রিকালে দেখা যায় না। আকাশে যতক্ষণ সূর্যরশ্মি

তয়াদ্ রুদ্রস্য মহতো ধনিনো বাণপাণয়ঃ । ৩৫
নন্দী রুদ্রগণৈঃ সার্দ্ধং পিনাকী সমতিষ্ঠত ।
যুগান্তকালে অলিতো ব্রহ্মণ্ড ইবোদ্যতঃ ॥ ৩৬
বিষ্ণুঃ শৃঙ্গসমুদ্ভূতঃ প্রগৃহ্য বিপুলং ধনুঃ ।
প্রাতিষ্ঠত মহাবাহুঃ পাণিনা চক্রমাযবং ॥ ৩৭
গদাং সমক্ষমাদায় খড়্গমাদায় পাণিনা ।
প্রগৃহ্য সোঽপ্রতোঽতিষ্ঠদ্ রুদ্রারোদ্যতপাণয়ে ॥ ৩৮
ততঃ শৃঙ্গাগ্রসম্ভূতঃ প্রগৃহ্য বিপুলং ধনুঃ
শঙ্খং চাপ্রতিমং লোকে শরাংশ্চানতপর্ব্বণঃ ॥ ৩৯
বিষ্ণুরগ্রস্থিতো ভাতি সবলঃ সংহতাঞ্জলিঃ ।
বজ্রসোদায়ুলিত্রাণঃ সংশ্রু ইব তোয়দঃ ॥ ৪০
আদিত্যা বসবশ্চৈব বিশ্বে। প্রস্রষ্টরৌদ্র সহ
বিষ্ণুমেবাভিতঃ সর্ব্বে তিষ্ঠন্তি স্মলপ্রভাঃ ॥ ৪১

মরুতশ্চৈব বিশ্বে চ রুদ্রমেবাভিপেদিরে
গন্ধর্ব্বাঃ কিন্নরাশ্চৈব নাগা যক্ষাঃ সপন্নগাঃ ॥ ৪২
ঋষয়ো স্তুতয়শ্চাস্য উভয়োঃ পক্ষয়োস্থিতাঃ ।
জপন্তি শান্তয়ে নিত্যং লোকানাং হিতকাম্যয়া ॥ ৪৩
রুদ্রঃ শরেণাভ্যহনদ্ বিষ্ণুমেবাগ্রগী রণে ।
হৃদি সর্ব্বাঙ্গসন্ধীষু তীক্ষ্ণাগ্রেণ সুখিনা ॥ ৪৪
ন চক্ষম্পে তদা বিষ্ণুঃ সর্ব্বাত্মা ব্রহ্মসম্ভবঃ ।
ন চ রোষমনা নিত্যং বৃতঃ সর্বৈঃ ষড়িন্দ্রিয়ৈঃ ॥ ৪৫
বিষ্ণুশ্চ ধনুরানম্য শরেণ প্রহরোদ্যতং
ভক্তদেশে মুমোচাশু ব্রহ্মরুদ্রমিবোদ্যতম্ ॥ ৪৬
স বিদ্ধস্তেন বাণেন মহাদেবো ন কম্পতে ।
বজ্রেণ চ মহাসত্ত্বির্মন্দরস্ত ন চালিতঃ ॥ ৪৭
ততঃ প্রসন্নমাপন্নো রুদ্রঃ বিষ্ণুং সনাতনম্ ।
কণ্ঠে জগ্রাহ ভগবাংশ্চীলকণ্ঠস্তদাভবৎ ॥ ৪৮

ব্রহ্মগণ এবং বিশ্বে দেবগণ রুদ্রদেবের পক্ষে রহিলেন। গন্ধর্ব্ব, কিন্নর, নাগ, যক্ষ, পন্নগ ও স্তুতিকারী ঋষিগণ—উভয় পক্ষের দ্বিতীয় ছিলেন, ইঁহারা শান্তির নিমিত্ত ও লোকহিত কামনায় মন্ত্র-জপ করিতে লাগিলেন। ৩১-৪৩

অগ্রগামী রুদ্র রণভূমিতে নিজের বাণের দ্বারা প্রথমে ভগবান্ বিষ্ণুরই বক্ষঃস্থলে ও সমস্ত অঙ্গের সন্ধি-স্থানসমূহে আঘাত করিলেন। এই বাণের অগ্রভাগ অত্যন্ত তীক্ষ্ণ ও উত্তম যত্নযুক্ত ছিল ॥ ৪৪

কিন্তু ব্রহ্মার জন্মদাতা ও সকলের আত্মা ভগবান্ বিষ্ণু সেই আঘাতে কম্পিত হইলেন না এবং মনে মনেও অল্পও কষ্ট হইলেন না এবং ছয় ইন্দ্রিয় তাঁহাকে পরিত্যাগপূর্বক বরণ করিল অর্থাৎ সকল ইন্দ্রিয়ই তখন তাঁহার বশীভূত রহিল ॥ ৪৫

তাহার পর ভগবান্ বিষ্ণু নিজের ধনু নত করিয়া উহাতে বাণ সন্ধান করিলেন এবং উহার ব্রহ্মদণ্ডের সদৃশ সেই বাণকে ভগবান্ শিবের কণ্ঠদেশে সত্বর নিক্ষেপ করিলেন ॥ ৪৬

সেই বাণে বিদ্ধ হইয়াও মহাদেব সেইরূপ বিচলিত হইলেন না, যেরূপ বজ্রের প্রহারে মন্দরাচলের মহাসত্ত্বি চালিত হয় না ॥ ৪৭

তখন নীলবর্ণ ভগবান্ বিষ্ণু হঠাৎ উঠিয়া আদিত্য সনাতনদেব রুদ্রের কণ্ঠ ধারণ করিলেন, ইহাতে মহাদেব 'নীলকণ্ঠ' নামে প্রসিদ্ধ হইলেন। তারপর বিষ্ণু বলিলেন,—অনাদি অনন্তদেব

থাকে, ততক্ষণই উঁহার মৃত্যু থাকে। এই মন্ত্র কার্য্য সদা দিনের অন্তেই (কেবল দিবসেই) দৃষ্টগোচর হয় ॥ ৩৪

ইহা ভূতলেই উঁহার জন্ম এবং আকাশেই বিলীন হইয়া যায়। সেই যজ্ঞস্থলে পরম উৎসাহী ও বাণধারী যে সব বীরপুরুষ শত শত সংখ্যায় উপস্থিত ছিলেন, তাঁহারা সকলেই মহাবলবান্ রুদ্রের ভয়ে চারিদিকে পালাইয়া যাইলেন ॥ ৩৭

প্রলয়কালে প্রজ্বলিত ব্রহ্মদণ্ডতুল্য উদ্যত পিনাকধারী নন্দী সেস্থানে রুদ্রগণকে সঙ্গে লইয়া বিপক্ষদিগের সহিত যুদ্ধ করিবার জন্য অবস্থান করিতে লাগিলেন ॥ ৩৮

অন্য দিকে মহাবাহু ভগবান্ বিষ্ণু শৃঙ্গনির্ম্মিত বিশাল শার্ঙ্গ-ধনু ও চক্র হাতে লইয়া যুদ্ধের জন্য প্রস্তুত হইলেন ॥ ৩৭

তিনি অন্য এক হাতে খড়্গযুক্ত গদা ও অপর হাতে নমক খড়্গ লইয়া উদ্যতবাহু রুদ্রের সঙ্গে যুদ্ধ করিবার জন্য যুদ্ধের অগ্র-ভাগে অবস্থান করিতে লাগিলেন ॥ ৩৮

সেই সময় বিশাল শার্ঙ্গধনু, জগতের অনুপম বস্তু পাঞ্চজন্য শঙ্খ ও আনতপর্ব্বযুক্ত বাণসকল লইয়া সংহত অঞ্জলিযুক্ত শক্তি-শালী ভগবান্ বিষ্ণু হাতে মোহা চর্ম্মনির্ম্মিত দস্তানা বাঁধিয়া সংগ্রাম ভূমিতে অগ্রে বর্ত্তমান হইয়া চন্দ্রসহ মেঘের ন্যায় সুশোভিত হইতে লাগিলেন ॥ ৩৯-৪০

অগ্নিতুল্য তেজস্বী আদিত্য ও বসুগণ সকলে নিজ নিজ বিশ্বা অস্ত্র লইয়া ভগবান্ বিষ্ণুরই পার্শ্বে এই দিকে অবস্থান করিতে লাগিলেন ॥ ৪১

অনাদিনিধনো দেবঃ কর্মতাঃ হি ভবান্নম।
সর্বকৃতাগমনাচার্যামঙ্গলবাঞ্ছ কর্মণাম্ ॥ ৪৯
কর্ম্মণা চৈব কর্তা চ বিকর্তা চৈব ভারত।
অশেষবাঞ্ছ ভূতানাং সর্বভূতেষু গোপ্তনঃ ॥ ৫০
যদ্যমেব হি যং কর্ম বিদধাতে কর্ম্মযোনিষু।
তত্রো ভূতভমো রাজন্ যদ্যমেব তথাকরোৎ ॥ ৫১
অন্তরিক্ষাচ্ছু ভা বাচঃ শ্রূয়ন্তে পরমাদ্ভুতাঃ।
সিদ্ধানাং বদনোদ্গীতাঃ সনাতন নমোঽস্তু তে ॥ ৫২

নদ্যা পিনাকমুদ্দিশ্য বলবান্ ক্রতুসম্ভবঃ
মূর্চ্ছন্তিষ্ঠতি ভানাক্তো বিষ্ণুঃ ক্রোধেন মূর্চ্ছিতঃ ॥ ৫৩
ততঃ প্রসিস্তো বিষ্ণুর্নদীং দৃষ্ট্বা সুরোত্তমঃ।
তত্রন্তরাস ভগবান্ সর্বভূতহিতৈষিঃ ॥ ৫৪
বিষ্ণুর্ব্রহ্মসমো ভূত্বা তেজসা প্রজ্বলন্নিব।
জন্মন্ চ সনাযুক্তঃ স্থিতঃ স্থাণুবিবাচলঃ ॥ ৫৫

অচিন্ত্যাত্মা প্রমেয়শ্চ ত্রৈলোক্যপ্রাণিসম্ভবঃ।
যুগান্তাগ্নিসমো ভূত্বা শান্ত্যাত্মা হরিরব্যয়ঃ ॥ ৫৬
প্রসন্নঃ কল্পয়ামাস ভাগং রুদ্রায় ধীমতে।
বিষ্ণুর্ধর্ম্মপরো নিত্যো ভক্তকামঃ সুরোত্তমঃ ॥ ৫৭
বিষ্ণুনা চৈব রাজেন্দ্র স যজ্ঞঃ সন্ধিতঃ পুনঃ
যথাপক্ষ তে সর্বে গণাস্ত্বাসন্ মহীপতে।
তস্মিন্ যুদ্ধে মহাঘোরে বিষ্ণু রুদ্রস্য চৈব হ ॥ ৫৮
যথাপক্ষং তথা যুক্তঃ দক্ষযজ্ঞবিনাশনে।
বিনাশস্তৈব যজ্ঞস্য তদা লোকে প্রতিষ্ঠিতঃ ॥ ৫৯
সর্বভূতেষু যাদ্ভেদ্য স্থিতো যজ্ঞঃ সনাতনঃ
যজ্ঞো যজ্ঞফলৈশ্চব প্রাপ্তবান্ স প্রজাপতিঃ ॥ ৬০
ইমাং চোদাহৃতাং দিব্যাং কথামিতি স বুদ্ধিমান্।
শ্রাবয়েদ্ যস্তু বিপ্রেভ্যঃ শুচিঃ প্রযতমানসঃ ॥ ৬১
অধীত্য সর্বমধ্যায়ং দেবলোকে মহীয়তে।
এষ পৌষ্করকো নাম প্রাগুক্তো মহাঋষিঃ ॥ ৬২

কল্প! আপনি আমাকে কর্ম করুন, আমি ইহা জানিয়াছি যে, আপনি সমস্ত কৃত ও অকৃতসমূহের আচার্য। কর্ম জন্য, অতএব ইহা চিরন্তন পরমাত্মা আপনাকে প্রকাশিত করিতে পারে না। ৪৯-৫১

ভারত! ভগবান্ বিশ্বই সর্বপ্রাণীর রক্ষার কর্মসমূহের কর্তা ও বিকর্তা। তিনি কৃতধর্মের ক্ষেত্র, ভক্ত, নেতৃত্ব, সেবা ও ভক্তদের প্রাপ্তিস্থানের মধ্যে উত্তম। ৫০

রাজন্! যাহারা কর্মযোনিসমূহের মধ্যে নানাপ্রকার শরীর প্রাপ্ত হইয়াছে, তাহাদের মধ্যে অবস্থিতি করিয়া স্থিত হইয়া তিনি যেরূপ কর্ম করেন (কর্মে প্রেরণা দান করেন।) কর্তা ও প্রয়োজক—এই উভয় হইতে ভিন্ন যে ভূতভম (বিশ্বভূত) পরমাত্মা, তিনিই এরূপ বিধান করিয়াছেন। ৫১

তদনন্তর অন্তরিক্ষ হইতে দিব্যগণের মুখনিঃসৃত এই পরম অদ্ভুত ও শুভ বাক্য শুনা যাইতে লাগিল—সনাতন পরমেশ্বর! আপনাকে নমস্কার। ৫২

এই সময়ে রুদ্র হইতে উৎপন্ন বলবান্ নদী ক্রোধে মূর্চ্ছিত হইয়া পিনাক উদ্দেশ করত যুদ্ধে ভগবান্ বিষ্ণুর যজ্ঞকে প্রহার করিলেন। ৫৩

তখন সম্পূর্ণ ভূতগণের পরিত্রাণকর সুরশ্রেষ্ঠ ভগবান্ বিষ্ণু নদীর দিকে দৃষ্টিপাত করত উচ্চৈঃস্বরে হাস্য করিতে লাগিলেন। তদনন্তর তিনি নদীকে স্তম্ভিত করিয়া দিলেন। ৫৪

ভগবান্ বিষ্ণু ব্রহ্মসমান হইয়া তেজে যেন প্রজ্বলিত হইতেছিলেন। তিনি জন্মাবধি যুক্ত হইয়া স্থাণুর (ঠুঁটা কাষ্ঠের) ন্যায় অচিন্তনীয় ও প্রমেয় কার্য করিতে লাগিলেন। ৫৫

অচিন্ত্য, অপ্রমেয়, অক্ষয়, শরীরধারণ করিতে সমর্থ এবং প্রলয়াগ্নিতুল্য তেজস্বী হইয়াও অবিনাশী হরিনি সেই সময় নিজের চিত্তকে শান্ত করিয়া রাখিলেন। ৫৬

মহা কীর্তনসম্পন্ন পবিত্রাত্মকারী ধর্মপরায়ণ সুরশ্রেষ্ঠ ভগবান্ বিষ্ণু প্রসন্ন হইয়া সেই যজ্ঞে বুদ্ধিমান্ রুদ্রদেবের জন্য ভাগের কল্পনা (ব্যবস্থা) করিলেন। ৫৭

রাজেন্দ্র! যাহাকে রুদ্রদেব ভাগ করিয়া দিয়াছিলেন, সেই যজ্ঞকে পুনরায় ভগবান্ বিষ্ণু বিধি অনুসারে সম্পন্ন করাইলেন। তখনে! সেই সময় ভগবান্ বিষ্ণু ও রুদ্রের ঘোর যুদ্ধে সকল গণ যথাযোগ্য পক্ষে সম্মিলিত হইয়াছিলেন। ৫৮

দক্ষযজ্ঞ ধ্বংসের সময় যাঁহারা যাঁহার পক্ষে ছিলেন, তাঁহারা তাঁহাকেই আশ্রয় করিয়া যুদ্ধ করিয়াছিলেন। কিন্তু এখানে সেই সমস্ত যজ্ঞের বিনাশী প্রতিষ্ঠিত হইয়া যাইল। ৫৯

রাজেন্দ্র! কিন্তু যজ্ঞ সমস্ত প্রাণিগণের পক্ষে স্থিতকর ও সনাতন। সেইজন্য প্রজাপতি দক্ষ সেই যজ্ঞের পূর্ণ ফল প্রাপ্ত হইলেন। ৬০

যে পবিত্র, সংযতচিত্ত ও বুদ্ধিমান্ পুরুষ এখানে কথিত এই দিব্য কথা ব্রাহ্মণগণকে শ্রবণ করাইবেন, তিনি সমস্ত অধ্যায় পাঠ অবধান করত দেবলোকে পূজিত হন। ৬১

শ্রীশ্রীঠাকুরের বাণী

"যিনি কূপ হ'তে জল তুলে রেখে জলসত্র খুলে বসে জলদান করেন, তাঁর কাছে পিপাসিত হ'য়ে যে ছুটে যায়, সেই জলপান ক'রে কৃতার্থ হয়। পিপাসা দূর হ'য়ে যায়। শান্ত হয়। সেইরূপ সিদ্ধগুরু নিজে সাধনা ক'রে সিদ্ধিলাভের পর করুণাপরবশ হয়ে সংসার তাপদগ্ধ মানবগণকে উদ্ধার করবার জন্য শিষ্যের উপর শক্তি সঞ্চার করেন। শিষ্য সেই শক্তিপ্রভাবে অনায়াসে ঈপ্সিত লাভ করে।"

(২)

"শুদ্ধ আচার সদাচার, যথাকালে উপাসনা সংসঙ্গ করলে মানুষ অবশ্য কৃতার্থ হ'তে পারে। সর্ব্বদা নাম ও লীলাচিন্তা করিব বদ্ধপরায়। লেখে লীলাচিন্তাই রূপ আসেনা ভাবের ভিতর দিয়া ভাষা দিয়া হৃদয়ে প্রবেশ ক'রে স্থির করে দেয়।"

(৩)

"না, শাস্ত্রবাণী কখনও মিথ্যা হ'তে পারেনা। সমুদ্রের বেলাতিক্রম, মেরুর চলন, চন্দ্র-সূর্য্যাদি গ্রহদের কক্ষত্যাগ কখন সম্ভব হ'তেও পারে কিন্তু শাস্ত্রবাণী মিথ্যা হ'তে পারেনা পারেনা। শাস্ত্রপথ প্রঃবীবেষ্টিত নিরাপদ রাজপথ। এ পথ একান্তভাবে যে আশ্রয় করে, সে নিশ্চয় জীবনে হাসতে হাসতে সেই অনাময় অকূল রাজার রাজ্যে পৌঁছে যায়।"

—:০:—

Magh 1383 B S. Regd No. W B NC 57 Mahabharata 104 105
Falguo 1383 B S
Aryashastra Jan.—Mar. 1977

শ্রীশ্রীঠাকুরের বাণী

"গঙ্গায় একটি কলসী চুবিয়ে রেখে দিলে, কলসীর জলে গঙ্গা-জলে কোন ভেদ না থাকলেও যেমন কলসীর ব্যবধানের জন্য, কলসীর জল গঙ্গায় মিলতে পারেনা। কলসী ভেঙ্গে গেলে তবে মেলে, সেইরকম জীব ভগবৎ-সাগরে ডুবে থেকেও দেহ-ঘট উপাধির জন্য পৃথক হ'য়ে থাকে। গুরুকৃপায় যখন বিরজিনী ভেদে উঠেন তখন এরে এরে স্থূল, সূক্ষ্ম, কারণ—এই তিনটী দেহরূপ ঘট ভেঙ্গে তবে তাতে মিলতে পারেন।"

(২)

"যতক্ষণ বলবার ভাষা আছে বা মনন করবার মন আছে ততক্ষণ আমি তোমার-পুরুষোত্তম' এই মন্ত্রমূর্তি ধরে থাকতে হবে বাস্—এতেই সব ঠিক হয়ে যাবে। মানুষ নিভয় হ'য়ে যায় একটা অন্তর্দৃষ্টি তার প্রসে উপস্থিত হয়। সবই আনন্দময় হ'য়ে যায়

—০—

শ্রীরাধারঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি ভরিউ ডি রোড, কলি—৩৫ হইতে প্রকাশিত ও শান্তভগবান্ প্রেস, মহামিলন মঠ, পি. ভরিউ ডি রোড কলিকাতা-৩৫ হইতে মুদ্রাপিত।



আর্য্যশাস্ত্র

শ্রীশ্রী সীতারামদাস ওঙ্কারনাথ

CALCUTTA UNIVERSITY

শ্রীশ্রীঠাকুরের বাণী

আমিকে ধরতে হলে 'আমার' শেষ করে দিতে হ'বে। 'সব আমার'—এর মূল হ'ল "আমার দেহ"। নমঃ—ন "মম", নম—একটি মকার লোপ হয়ে গেছে—এ দেহ ন মম আমার নয়। দেহটাকে উৎসর্গ করবার জন্য এতো নমো নমঃ। দেহটাকে তোমার করে দিতে পারলেই নিশ্চিন্ত, এই দেহটাকে নিবেদন করবার জন্যই নমঃ নমঃ করবার কথা শাস্ত্র বলেছেন"।

(২)

"কলিচক্রে এখনকার বহির্মুখ লোকের বর্ণাশ্রম মানেনি, বর্ণাশ্রমধর্ম স্বেচ্ছায় ত্যাগ করে সমতা-উদারতা দেখাতে গিয়ে বেচারাদের দুর্গতি সীমা নাই। রোগে-শোকে অভাবে জ্বালা যন্ত্রণায় পারিবারিক অশান্তিতে মনের উদ্ভ্রান্ত হতে বেচারারা ছুটে বেড়াচ্ছে। আরে যে শাস্ত্রকে উপেক্ষা করে, তাকে শান্তি দেবে কে—সে শান্তি পেতে পারেনা—পারেনা!"

(৩)

"শুদ্ধ আহার, সৎসঙ্গ সন্ধ্যা গায়ত্রী করে থাকলেও মূলকেন্দ্রে পহুঁছিতে দেরী হবেনা সকল সাধনার সার কর্ত্তব্য, সেটি প্রাণপণে রক্ষা করবার চেষ্টা করতে হবে, 'রাম রাম রাম রাম'।"

—০—

১৫শ বর্ষ, চৈত্র-বৈশাখ, ১৩৮৩৮৪

দশম সংখ্যা মদনভস্মিকা যাত্রা
একাদশ সংখ্যা— চান্দনী যাত্রা

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাসওঙ্কারনাথপ্রবর্ত্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতঃ—

হরিবংশঃ

শ্রীশ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথকৃতবঙ্গভাষানুবাদসহিতঃ।

যুগ্ম-সম্পাদক
শ্রীশ্রীভীষ্মাচার্য্যন্যায়তীর্থ এম-এ, বি-এল্
শ্রীনিত্যানন্দস্মৃতিতীর্থ

সহ-সম্পাদকবৃন্দ
শ্রীশ্যামাশঙ্কর বিদ্যারত্ন
শ্রীহরিনারায়ণ তর্ক বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীরামরতন কাব্য-ব্যাকরণতীর্থ

ব্যবস্থাপিকা :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

যুগ্ম-কর্ম্মসচিবদ্বয় :—
ডাঃ শ্রীজিতেন্দ্রনাথ দে
কিঙ্কর বিমলানন্দ

কার্য্যালয় :—
প্রধান কার্য্যালয় :—মহামিলন মঠ, ৭।৭, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫ (ফোন : ৫৮-২৭৩১)
সিটি —৩৮ সি, বিধানসরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা-৬ । ফোন নং ৩৪-৪৪০৮)

বার্ষিক মূল্য মডাক ১৮·· টাকা প্রতি সংখ্যা ১·৭১ টাকা।

নিয়মাবলী

১। আর্যাশাস্ত্র শাস্ত্রগ্রন্থময় মাসিক পত্র। প্রতিমাসে ইহার ১টী সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ। বার্ষিক গ্রাহকমূল্য ভারতে ও বাংলাদেশে সডাক ১৮·· টাকা প্রতি সংখ্যা ১·৭৫ ন· পঃ; অন্যত্র বার্ষিক সডাক ২৪·· টাকা, প্রতি সংখ্যা ২·৫০ টাকা মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়। নিম্ন ঠিকানায় বার্ষিক মূল্য পাঠাইবেন—সম্পাদক,—'আর্যাশাস্ত্র', ৭।৭, পি, ডব্লিউ, ডি, রোড, কলি-৩৫।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, শ্রীবাল্মীকি-রামায়ণ, শ্রীবিষ্ণুপুরাণ, শ্রীমদ্ভাগবত, মহাভারত প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে হরিবংশ প্রকাশিত হইতেছে। তাহার পরও দেবী-ভাগবতাদি যাবতীয় আর্যাশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে

৩। সকল প্রকার যোগাযোগ, অর্থাদি ও মাসিকপত্রের প্রাপ্তি-অপ্রাপ্তিবিষয়ক সমস্ত অভিযোগ-পত্রাদি "সম্পাদক, আর্যাশাস্ত্র, মহামিলন মঠ, ৭/৭ পি, ডব্লিউ, ডি, রোড, কলি-৩৫ এই ঠিকানায় জানাইবেন ফোন নং ৫৮-২৭৩১। মণি-অর্ডার কুপন ও পত্রাদিতে গ্রাহকগণ নাম-ঠিকানা এবং গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে লিখিবেন। ঠিকানা-পরিবর্তন পূর্ব্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

মাসিকপত্রের কেবল মুদ্রণ সংক্রান্ত কোন ভুল থাকিলে "সম্পাদক, আর্যাশাস্ত্র, শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয় ৭।২, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫" এই ঠিকানায় জানাইতে হইবে।

৪। গ্রাহকগণের পত্র লিখিত নির্দ্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন মনে না করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে পরবর্ত্তী ডাকবারী-পত্র (রিপ্লাইকার্ড) পাঠাইবেন।

৫। আর্যাশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দ্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে। ডাকযোগ ব্যতীত কার্য্যালয়ে আসিয়া বা অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৬। উল্লিখিত ৩ ও ৫ নং নিয়মাবলী পালিত না হইলে পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

সম্পাদক—আর্যাশাস্ত্র
শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২ পি, ডব্লিউ, ডি, রোড,
কলিকাতা—৩৫

পুরাণে পৌষরে চৈব মহা বৈপায়নেরিতঃ
যথাবদনুপূর্ব্বেণ সংকৃতঃ পরমর্ষিভিঃ ॥ ৬০
অষ্টোনবত্যাঃ পুরুষঃ পুরাবৎ
সদাপ্রমত্তঃ শৃণুয়াদ্ যথোক্তম্ ।

অথাপ্য কামানিহ বীতশোকঃ
পরত্র চ স্বর্গফলানি ভুঙ্‌ক্তে ॥ ৬৪
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
পৌষরে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩১ ॥

বৈপায়ন ব্যাসদেব-কথিত পরমার্ষির এই পুরুষনামক প্রাদুর্ভাব আমি এই পুরাণে পুরুষ-প্রাদুর্ভাবপ্রসঙ্গে ক্রমশঃ যথাযথরূপে বর্ণন করিলাম। মহর্ষিগণ ইহার সংস্কার করিয়াছেন ॥ ৬১-৬৩

যে পুরুষ সদা সাবধান থাকিয়া এই শ্রেষ্ঠ পুরাণ যথাযথরূপে শ্রবণ করেন, তিনি ইহলোকে সমস্ত কামনাসমূহ লাভ করত বীতশোক হইয়া পরলোকে স্বর্গীয় ফলসমূহ উপভোগ করিয়া থাকেন ॥ ৬৪

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে পুরুষ-প্রাদুর্ভাববিষয়ক দ্বাত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ।

বারাহাবতারস্যোপক্রমঃ ।

জনমেজয় উবাচ

প্রাদুর্ভাবঃ পুরাণেষু বিষ্ণোরমিততেজসঃ
সত্তাং কথয়তাং বিপ্র বারাহং ইতি নঃ শ্রুতঃ ॥ ১
ন জানতেঽস্য চরিতং ন বিধিং নৈব বিস্তরম্
ন কর্ম্ম গুণবদ্ভাবং ন হেতুং ন মনীষিতম্ ॥ ২
কিমাত্মকো বরাহোঽসৌ কা মূর্ত্তিঃ কান্ত দেবতা
কিমাচারঃ কিম্প্রভাবঃ কিং বা তেন পুরা কৃতম্ ॥ ৩
এতন্মে সংশয়ত্বেন বারাহং শ্রুতিবিস্তরম্
বক্তুমর্হসি সমেতানাং দ্বিজাতীনাং মহাত্মনাম্ ॥ ৪

বৈশম্পায়ন উবাচ

এতত্তে কথয়িষ্যামি পুরাবৃত্তং দ্বিজর্ষভম্
নানাশ্রুতিসমাযুক্তং কৃষ্ণদ্বৈপায়নেরিতম্ ।
মহাবরাহচরিতং কৃষ্ণস্যামিতকর্ম্মণঃ ॥ ৫
যথা নারায়ণো রাজন্ বরাহঃ বপুরাস্থিতঃ ।
দংষ্ট্রয়া গাং সমুত্তস্থামুজ্জহারাম্ভসস্তলম্ ॥ ৬
হ্রাদসীভিরদারাভিঃ শ্রুতিভিঃ সমলঙ্কৃতঃ
ওঙ্কারঃ প্রহ্বত্বান্ ভূত্বা নিবোধ জনমেজয় ॥ ৭
ইদং পুরাণং পরমং পুণ্যং বৈস্রংসি সম্মিতম্ ।
নানাশ্রুতিসমাযুক্তং নাস্তিকায় ন কীর্ত্তয়েৎ ॥ ৮

ত্রয়স্ত্রিংশ অধ্যায়।

[বারাহাবতারের উপক্রম।]

জনমেজয় বলিলেন,—দ্বিজবর। আমি সংপুরুষগণের মুখ হইতে পুরাণসমূহে অমিততেজস্বী ভগবান্ বিষ্ণুর 'বারাহ' নামক অবতারের কথা শুনিয়াছি ॥ ১

অধিকাংশ মানুষই ভগবান্ বরাহের চরিত্র জানে না, তাঁহার বিধি ও বিস্তারও জানে না, তাঁহার কর্ম্ম ও গুণবত্তাও জানে না এবং সেই অবতারের হেতু ও তাঁহার মনোগত বিচারও অনেকে জানে না ॥ ২

সেই বরাহের স্বরূপ কি? তাঁহার মূর্ত্তি কিরূপ? তাঁহার দেবতা কে? তাঁহার আচার ও প্রভাব কিরূপ? অথবা তিনি পুরাকালে কোন্ কার্য্য করিয়াছিলেন? ৩

ইহাই আমার সংশয়রূপে প্রশ্ন। যজ্ঞের জন্য সমবেত এই মহাত্মা ব্রাহ্মণদিগেরও বরাহ-অবতারসম্বন্ধী কথা সবিস্তরে শ্রবণ মঙ্গলকর হইবে। অতএব আপনি ইহা বর্ণনা করুন।) ৪

বৈশম্পায়ন বলিলেন,—রাজন্! অমৃতকর্ম্মা ভগবান্ বিষ্ণুর এই মহাবরাহচরিত পুরাণকথিত এবং বেদতুল্য আদরণীয়। নানা শ্রুতিসমূহের দ্বারা যুক্ত (অনুমোদিত) এবং সাক্ষাৎ শ্রীকৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব কর্ত্তৃক প্রতিপাদিত। আমি ইহা তোমার নিকট বর্ণনা করিব ॥ ৫

রাজা জনমেজয়! শত্রুসূদন ভগবান্ নারায়ণ বরাহরূপ ধারণ করত উহার বৈষিক শ্রুতিসমূহে অলঙ্কৃত, পক্ষিরূপ ও প্রযত্নশীল হইয়া যেভাবে একার্ণবের জলে নিমগ্না পৃথিবীকে নিজের এক দন্তের দ্বারা উত্তার করিয়াছিলেন, সেই সব চরিত্র শ্রবণ কর ॥ ৬-৭

এই পরম পবিত্র, পুরাতন, বেদতুল্য প্রামাণিক ও নানা শ্রুতিসমূহের দ্বারা অনুমোদিত চরিত্রের বর্ণনা কোন নাস্তিকের নিকট করিবে না ॥ ৮

পুরাণমেতদখিলং সাংখ্যং যোগং তথৈব চ।
কার্ৎস্ন্যেন বিধিনা প্রোক্তং যোঽন্যথার্থং জ্ঞাস্যতে পুমান্ ॥৯
বিধেয়েষাত্তথা,সাধ্যা ,রুদ্রাস্ত্রিতাস্তথাবিনৌ।
প্রজানাং পতয়শ্চৈব সপ্ত চৈব মহর্ষয়ঃ ॥ ১০
মনসশ্চতুরান্তৈব পূর্বজাশ্চ মহর্ষয়ঃ।
যমবোঽনলশ্চৈব গন্ধর্বা যক্ষরাক্ষসাঃ ॥ ১১
দৈত্যাঃ পিশাচা নাগাশ্চ ভূতানিবিধানি চ।
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রা ম্লেচ্ছাদয়ো ভুবি ॥ ১২
চতুষ্পদানি সর্বাণি তির্যগ্যোনিগতানি চ
জঙ্গমানি চ সর্বাণি যচ্চান্যজ্জীবসংজ্ঞিতম্ ॥ ১৩
পূর্ণে যুগসহস্রান্তে ব্রাহ্মেঽহনি তথাগতে।
নির্বাণে সর্বভূতানাং সংঘাৎপাতসমুদ্ভবে ॥ ১৪
বিংশত্যেরত্রিশিখতস্তো ভূত্বা বৃষাকপিঃ।
শিখাভিবিধিবাল্লোকান্ সংশোষয়তি বৈভিন্নঃ ॥ ১৫
দহ্যমানাস্ততস্তস্য তেজোরাশিভিরগ্রতঃ।
বিবর্ণবর্ণা মহাভা ভবাচ্ছিন্নরশ্মিভানৈঃ ॥ ১৬
সাঙ্গোপনিষদা বেদা ইতিহাসপুরোগমাঃ।
সর্ববিদ্যাপ্রস্রষ্টারশ্চৈব সত্যধর্মপরায়ণাঃ ॥ ১৭
ব্রহ্মাণমগ্রতঃ কৃত্বা ভস্মসাদ্ভূতা শিখাতোমুখম্।
সর্বে দেবগণাশ্চৈব ঋষয়শ্চিরজীবিনঃ ॥১৮
তস্মিন্নহনি সম্প্রাপ্তে তং তংসং মহদক্ষরম্।
প্রবিশন্তি মহাযোগাঃ ঋষিং নারায়ণং প্রভুম্ ॥ ১৯
তেষাং ভূয়ঃ প্রবিষ্টানাং নিধনোৎপত্তিরুচ্যতে।
যথা সূর্যস্য সততমুদয়াস্তময়াবিহ ॥ ২০
পূর্ণে যুগসহস্রান্তে কাল্পা নিত্যেষ উচ্যতে।
তস্মিন্ জীবকৃতঃ সর্গঃ নিঃশেষমবতিষ্ঠতে ॥ ২১
সংহৃত্য লোকান্ সর্বান্ স দেবাসুরমানুষান্।
কৃত্বাত্মসর্গে ভগবানাস্তে একো জগদ্গুরুঃ ॥ ২২
যঃ স্রষ্টা সর্বভূতানাং কল্পান্তেষু পুনঃ পুনঃ।
অব্যক্তঃ শাশ্বতো দেবস্তন্ত সর্বমিদং জগৎ ॥ ২৩

এই সম্পূর্ণ পুরাণ সাংখ্য-যোগময়। যে বিধান্ পুরুষ ইহার অর্থ যথাযথভাবে বুঝিতে পারিবেন, তাঁহার তত্ত্বই ইহাতে পূর্ণরূপে বিধিপূর্বক সাংখ্য-যোগের বর্ণনা আছে ॥ ৯

বিশ্বেদেব, সাধ্য, রুদ্র ও অশ্বিনীকুমারদ্বয়, প্রজাপতি, সপ্ত মহর্ষি, ব্রহ্মার মানসসন্তানের দ্বারা উৎপন্ন পূর্বজ মহর্ষিগণ, যম, অপ্সরা, গন্ধর্ব, যক্ষ, রাক্ষস, দৈত্য, পিশাচ, নাগ, নানাপ্রকার ভূতসঙ্ঘ, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, ম্লেচ্ছবাসী, ম্লেচ্ছপ্রভৃতিরা, সমস্ত চতুষ্পদ, তির্যগ্‌যোনির জীবগণ, জঙ্গমমাত্র জীবগণ এবং অন্যান্য জীবনাধারী কৃতযুগ—ইহারা সকলেই ভগবান্ বরাহের (বিষ্ণুর) তনু ॥ ১০-১৩

এক সহস্র চতুর্যুগ পূর্ণ হইলে পর শেষে যখন ব্রহ্মার দিন সমাপ্ত হয় এবং সর্বপ্রকার উৎপাতসমূহের দ্বারা সকল প্রাণীর সংহার হইতে থাকে, সেই সময় অগ্নি, বায়ু ও সূর্যরূপ তিন শিখাবিশিষ্ট প্রলয়ঙ্কর অগ্নিদেব প্রকটিত হন, যিনি ব্রহ্মা, বিষ্ণু ও শিবস্বরূপ। তিনি নিজের শিখাসমূহের দ্বারা বিবিধ লোকসকল ও সমস্ত দেহধারীদিগকে শোষণ করিয়া থাকেন ॥ ১৪-১৫

এই অগ্নির জ্বালাময় মুখসমূহ ও তেজোরাশির দ্বারা অঙ্গ দগ্ধ হইয়া যাওয়ায় শ্রীহীন যজ্ঞ বেদ, উপনিষদ ও ইতিহাসাদি, যাঁহারা সমস্ত বিদ্যার আশ্রয় এবং সত্যধর্মপরায়ণ ছিলেন, ইঁহারা ব্রহ্মাকে অগ্রে করিয়া ঈশ্বরের ইচ্ছায় সকলদিকে মুখবিশিষ্ট পরমাত্মায় প্রবিষ্ট হইয়া যাইবেন। এই দিন উপস্থিত হইলে পর তেত্রিশ কোটি সংখ্যাবিশিষ্ট সমস্ত দেবতাগণও মহান্, অবিনাশী, হৃষীকেশ, মহাযোগী ও প্রভু নারায়ণ শ্রীহরিতে প্রবেশ করিয়া থাকেন ॥ ১৬-১৯

ইঁহাকে সৎ ও অসৎ বলিয়াও জানিবে। ইঁনিই যজ্ঞ এবং প্রজাবর্গের স্রষ্টা। দেবতাগণের দ্বারা যাহা কিছু প্রাপ্তব্য বস্তু আছে, সেই সবেরই প্রাপ্তি ইঁনিই করিয়া থাকেন ॥ ৪০

শ্রীভগবানের যে বেদ্য তত্ত্ব, তাহা দেবতাগণ জানেন না। দেবগণসহ প্রজাপতি ও সপ্তবিধগণ তাঁহার তত্ত্ব জানেন না, সেইজন্য 'অনন্ত' নামে তাঁহার প্রসিদ্ধি ॥ ৪১।

ইঁহার যে পরম উৎকৃষ্ট রূপ, তাহা দেবলোকে দেবতারা দর্শন করেন। অবতারসমূহে তাঁহার যে রূপ প্রকটিত হয়, দেবগণ তাঁহারই পূজা করেন। যাহাকে দ্বারা ভগবান্ না দর্শন করান, তাহার অন্বেষণ কে করিতে পারে ? ৪২-৪৩

যিনি সমস্ত প্রাণিগণের নেতা, হবিরানল ও প্রাণের গতি এবং তপ, তেজ ও অমৃতের নিধি ॥ ৪৪

ব্রহ্মচর্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস—এই চার আশ্রম এবং ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র—এই চার বর্ণে চাতুর্হোত্র যজ্ঞের ফলভোগী এবং সেই ফলের প্রাপ্তিকারক ইনিই। ইনি চার সমুদ্র পর্যন্ত ব্যাপ্ত এবং চার যুগের বিবর্তক অর্থাৎ আবর্তন-কারী ॥ ৪৫

এই মহাযোগী শ্রীহরি সম্পূর্ণ ভবনকে নির্মাণ করিয়া তাহাকে নিজ গর্ভে (উদরে) স্থাপিত করত সহস্রবর্ষ পর্যন্ত ধারণ করিবার পর অন্তরে (ব্রহ্মাণ্ডের) রূপে প্রকটিত করিয়াছেন ॥ ৪৬

ক্ষতিবর জনমেজয় ! সেই সময় এই ভগবান্ প্রজাপতি দেবতা, অসুর, দ্বিজ, নাগ, অপ্সরা, মহোরগ, পর্বত, যক্ষ ও গুহ্যকগণের সহিত রাক্ষসকুলকেও নিজেরই স্বরূপের দ্বারা সৃষ্টি করিয়াছিলেন ॥ ৪৭

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বে বারাহাবতারবিষয়ক ত্রয়স্ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ।

[ভগবতা যজ্ঞবরাহেণ পৃথিব্যা উদ্ধারঃ।]

বৈশম্পায়ন উবাচ।

জগদণ্ডমিদং পূর্ব্বমাসীৎ সর্ব্বং হিরণ্ময়ম্।
প্রজাপতের্মুখাদ্যস্মিন্নোবাং বৈদিকী শ্রুতিঃ॥ ১

ততো বর্ষসহস্রান্তে বিভুরেকোঽনুখং বিভুঃ
লোকসঞ্জননার্থায় বিভেদাণ্ডং পুনঃ পুনঃ॥ ২

ভূরোঽইষা বিভেদাণ্ডং প্রভুর্বৈ লোকযোনিকৃৎ।
চকার জগতশ্চাত্র বিভাগং সর্ব্বভাগবিৎ॥ ৩

যচ্ছিদ্রমুর্দ্ধ্বমাকাশং পরা গুরুত্তিনাং গতিঃ
বিধিতা বিশ্বযোগেন যদন্তস্থ রসাতলম্॥ ৪

যদণ্ডমকরোৎ পূর্ব্বং দেবলোকসিসৃক্ষয়া
সমন্তাদ্ব্যষ্টয়া যানি ছিদ্রাণি কৃতবান্ স্বয়ং॥ ৫

বিদিশস্তা দিশঃ সর্ব্বা মনসৈবসৃজদ্বিধা
নানারূপবিভাগানি যদ্ভূতস্থকলানি বৈ॥ ৬

যদ্বর্ণবরাশ্চিত্রা যদ্বৃত্তে বলাহকাঃ।
যদণ্ডমধ্যে স্কন্ধঃ তদ্ভূতমাসীৎ সমাহিতম্॥ ৭

জাতরূপং তদভবৎ সর্ব্বং পৃথিবীতলে
তস্য ক্লেদার্দ্রবৌঘেন প্রাচ্ছাদ্যন্ত সমন্ততঃ॥ ৮

পৃথিবী নিখিলা রাজন্ যুগান্তে সাগরৈরিব॥ ৯

যচ্চাণ্ডমকরোৎ পূর্ব্বং দেবলোকবিকীর্ষয়া
তত্র তৎ সলিলং স্কন্ধং সে হুতরং কাঞ্চনো গিরিঃ॥ ১০

তেনাম্ভসা প্লুতাঃ সর্ব্বাঃ শিলাশ্চাপিলঙ্ঘথা
অন্তরিক্ষঞ্চ নাকঞ্চ যচ্চাধঃ কিঞ্চিদন্তরম্॥ ১১

যত্র যত্র জলং স্কন্ধং তত্র তত্র স্থিতো গিরিঃ।
শৈলৈঃ সর্ব্বত্রগমনা বিষমা ভূমিরভবৎ॥ ১২

তৈঃ সপর্ব্বতশৃঙ্গৈর্বৈ পৃথিবী সমলঙ্কৃতা
পীড়িতা পুষ্করাঙ্গৈস্তৈ পৃথিবী ব্যথিতা ভবৎ॥ ১৩

যে নানা রঙ্গ-বিরঙ্গের খণ্ডখণ্ড ছিল, তাহারাই বহু বর্ণধারী ও বিচিত্র মেঘসদৃশ হইল। ৩-৭

সেই অণ্ডের মধ্যভাগে স্থিত যে দৃঢ় পদার্থ ছিল, যাহাকে স্কন্ধ বলা হয়, তাহা ঘনীভূতরূপে স্থিত হইয়া যাইল এবং তাহাই এই পৃথিবীতে জাতরূপ, স্বর্ণ হইল। ৭।

রাজন্। যেরূপ প্রলয়কালে সারা পৃথিবী সমুদ্র দ্বারাই সর্ব্বদিকে আচ্ছন্ন হইয়া যায়, সেইরূপ সেই ক্লেদরূপ জলের প্রবাহ স্কন্ধকে সর্ব্বদিকে আচ্ছাদিত করিল। ৮-৯

ভগবান্ দেবলোক-সৃষ্টির ইচ্ছায় পূর্ব্বে যে অণ্ড উৎপন্ন করিয়াছিলেন, উহাতে স্থানে স্থানে সেই জল স্খলিত হইয়া পতিত হইল, উহাই সুবর্ণময় পর্ব্বত হইয়া যাইল। ১০

সেই জল সমস্ত দিক্ ও উপদিক্‌সমূহকে আচ্ছাদিত করিল। অন্তরিক্ষ, স্বর্গ ও উহাদের উভয়ের মধ্যভাগে অন্ধ যে সব স্থান ছিল, সেই সবের মধ্যে যে যে স্থানে সেই জল পতিত হইল, সেই সেই স্থানে এক পর্ব্বত হইয়া যাইল। ১১।

সেই সমস্ত পর্ব্বতসমূহে অবরুদ্ধ হইয়া এই পৃথিবী বহুল ও বিষম হইয়া যাইল। অনেক যোজন পর্য্যন্ত বিস্তৃত সেই ভারী পর্ব্বতসমূহে আবৃত হইয়া পৃথিবীদেবী পীড়িত হইলেন। ১২-১৩

মহীতলে পুরি ভূমা বিধা নাথ মধাসুকম্
হিরণ্ময়ং সমুদ্ভিন্নো ভেজো বিমলরূপিতম্ ॥ ১৪
অশক্তা বৈ ধারয়িতুমধঃ সা প্রবিবেশ হ
পীড়্যমানা ভগবতস্তেজসা তেন সা ক্ষিতিঃ ॥ ১৫
পৃথিবীং বিশতীং দৃষ্ট্বা তামধো মধুসূদনঃ
উদ্ধারার্থং মনশ্চক্রে লোকানাং হিতকাম্যয়া ১৬

শ্রীভগবানুবাচ

অস্তেজ এষ বলবং সমাসাদ্য তপস্বিনী।
রসাতলং বিশেদ্ভেদী পঙ্কে গৌরিব দুর্বলা ॥ ১৭

বরাহরূপায়

ত্রিবিক্রমায়ামিতবিক্রমায়
নমো ভূমিষ্ঠায় ভূভৃদ্ভৃতায়
শ্রীশার্ঙ্গচক্রাসিগদাধরায়
নমোঽস্তু তস্মৈ পুরুষোত্তমায় ॥ ১৮
ইয়ন্তমন্তং ধারণে বৈ তবাস্মিন্নিয়তে জগৎ
ত্বং ধারয়সি ভূতাত্মন্ ভুবনং যন্নিবিষ্টমি ॥ ১৯

পৃথিবীর উপর নির্ভর তেজঃস্বরূপ ভূবরাহ যে নারায়ণাত্মক দিব্য জল অধিকমাত্র ও পরিত হইল, উহা ধারণ করিতে অসমর্থা হইয়া পৃথিবী নিম্নে রসাতল হইতেও অধিক নিম্নপ্রদেশে প্রবেশ করিতে লাগিলেন; কারণ ভগবান্ যের তেজে এই পৃথিবী অত্যন্ত পীড়িত হইতেছিলেন। ১৩-১৫

পৃথিবীকে নিম্নে যাইতে দেখিয়া ভগবান্ মধুসূদন সমস্ত লোকসকলের হিত-কামনায় তাঁহাকে উদ্ধার করিবার জন্য মনস্থির করিলেন। ১৬

শ্রীভগবান্ মনে মনে বলিলেন,—এই তপস্বিনী পৃথিবীদেবী আমার প্রবল তেজের ভারপ্রাপ্ত হইয়া পঙ্কে প্রবিষ্ট দুর্বল গাভীর ন্যায় রসাতলের নিম্নে প্রবিষ্ট হইয়া যাইবে, এরূপ মনে হইতেছে ॥ ১৭

(সেই সময় ভগবানের স্তুতি করিতে করিতে) পৃথিবী বলিলেন,—তিন লোককে নিজের তিন চরণের দ্বারা আক্রান্ত করিবার পর যিনি 'ত্রিবিক্রম' নামে অভিহিত হন, যাঁহার পরাক্রমকে কেহই পরিমাণ করিতে পারে না এবং যিনি নিজের হাতি হতে শার্ঙ্গধনু, সুদর্শন চক্র, নন্দক খড়্গ ও কৌমোদকী গদা ধারণ করেন, সেই মহাবরাহ, তাঁর স্বরূপধারী পুরুষোত্তমকে আমার নমস্কার ॥ ১৮

ভগবন্! আপনিই নীয় শক্তির দ্বারা এই জগৎকে ধারণ করেন এবং আপনারই দ্বারা ইহার সংহার হয়। আপনি সমস্ত ভূমণ্ডলের ভূবনের ধারণ করেন এবং লোক ধারণ করেন ॥ ১৯

আপনি নিজ তেজ ও বলের দ্বারা যাহা কিছু ধারণ করেন, তার সংস্পর্শে আমি পরে আপনারই কৃপায় ধারণ করিয়া থাকি ॥ ২০

আপনার দ্বারা ধৃতরূপেই আমি ধারণ করি। আপনি যাহা ধারণ করেন নাই, এরূপ কোন কিছুই আমি ধারণ করি না। এরূপ কোনও রূপ নাই, যাহা আপনার দ্বারা ধৃত হয় নাই ॥ ২১

কৌল! নারায়ণ! ও পরমেশ্বর ভগবানের হিত-কামনায় যুগে যুগে (অবতার গ্রহণ করত আমার ভার অবতরণ করেন ॥ ২২

সুরশ্রেষ্ঠ! আমি আপনারই তেজে প্রকটিত পর্বতসমূহের দ্বারা) আক্রান্ত হইয়া রসাতল হইতেও নিম্নে চলিয়া আসিয়াছি এবং আপনার শরণাপন্ন হইয়াছি। আপনি আমাকে রক্ষা করুন ॥ ২৩

হুঙ্কার-ধ্বনিরূপ ও ব্রাহ্মণগণের দ্বারা পীড়িত হইয়া আমি সদা সনাতন পরমেশ্বর আপনার শরণগ্রহণ করিয়া থাকি ॥ ২৪

আমি শত শত বার ইহা দেখিয়াছি যে, যজ্ঞরূপ মা আমি বিশাল মূর্তির ভারের ন্যায় পৃষ্ঠ ভবিষ্যিনিই ভগবান্ আপনার শরণগ্রহণ করি, তত্ত্বতঃই আমার অধিক ভয় প্রাপ্ত হয় ॥ ২৫

শ্রীভগবান্ বলিলেন,—বসুধি! ভীত হইও না। কল্যাণিকে মনকে একাগ্র করিয়া শান্তি লাভ কর। এই আমি এখনই তোমাকে উচিত ও মনোবাঞ্ছিত স্থানে লইয়া আসিতেছি ॥ ২৬

বৈশম্পায়ন উবাচ

ততো মহাত্মা মনসা দিব্যং রূপমচিন্তয়ৎ।
কিং নু রূপমহং কৃত্বা উদ্ধরামি বসুন্ধরাম্ ॥ ১৭
জলে নিমগ্না ধরণী যেনাহং বৈ মহত্তরে
ইত্যেবং চিন্তয়িত্বা তু দেবস্তত্রকরণে মতিম্ ॥ ১৮
জলক্রীড়াকৃতিত্বাদ্ বারাহং রূপমস্মরৎ
হরিরুদ্ধরণে যুক্তস্তদা ভূমিভৃৎ ॥ ১৯
অনুস্মরং সর্গভৃতাং ধাম্নাং ব্রহ্মসম্মিতম্
দশযোজনবিস্তারমুচ্ছ্রিতং শতযোজনম্ ॥ ২০
নীলমেঘপ্রতীকাশং নেত্রতন্নিভনিঃস্বনম্
মহাগিরেঃ সংহননং শ্বেতদংষ্ট্রোগ্রতুণ্ডিনম্ ॥ ২১
বিদ্যুদগ্নিপ্রতীকাশশ্মশ্রিতাসংহতেক্ষণম্
পীনবৃত্তায়তস্কন্ধং পৃথুলং দীর্ঘলাঙ্গলিনম্ ॥ ২২
পীনোন্নতকটীদেশং বৃষলক্ষণপূজিতম্।
রূপমাস্থায় বিপুলং বারাহমমিতং হরিঃ ॥ ২৩
পৃথিবীমুদ্ধরণার্থায় প্রবিবেশ রসাতলম্।
বেদপাদো যূপদংষ্ট্রঃ ক্রতুদন্তশ্চিতীমুখঃ ॥ ২৪
অগ্নিজিহ্বো দর্ভরোমা ব্রহ্মশীর্ষো মহাতপাঃ।
অহোরাত্রেক্ষণধরো বেদাঙ্গশ্রুতিভূষণঃ ॥ ২৫
আজ্যনাসঃ স্রুবতুণ্ডঃ সামঘোষস্বরো মহান্।
সত্যধর্মময়ঃ শ্রীমান্ ক্রতুবিক্রমসংকৃতঃ ॥ ২৬
ক্রিয়াসত্রমহাঘোষঃ পত্নীতনুরমেকৃতিঃ
উদগাত্রোদ্গ্রো রোমলিঙ্গো বীজৌষধিমহাফলঃ ॥২৭
বায়ুস্ত্বাত্মা মনুষ্যশ্চ বিক্রমঃ সোমশোণিতঃ।
বেদৌষ্কারো হবির্দংষ্ট্রো দক্ষাকর্ষাত্রিবেগবান্ ॥ ২৮

বৈশম্পায়ন বলিলেন,—রাজন্! এই কথা বলিয়া মহাত্মা শ্রীহরি মনে মনেই কোনও দিব্য রূপের বিষয়ে চিন্তা করিলেন। তিনি চিন্তা করিলেন,—আমি কোন রূপ ধারণ করিয়া এই পৃথিবীকে উদ্ধার করিব সেইরূপ একটুরূপ ধারণ করা উচিত, যাহার দ্বারা জলে আমি নিমগ্ন পৃথিবীকে উপরে উত্তোলিত করিতে পারি ॥ ১৭;

এরূপ চিন্তা করিতে করিতে ভগবান সেই রূপ ধারণ করিবার বিষয়ে বুদ্ধি স্থির করিলেন। সেই সময় জলে ক্রীড়া করিবার জন্য তাঁহার রুচি হইল; অতএব তিনি বরাহ-রূপ স্মরণ করিলেন। পৃথিবীকে ধারণকারী হরি তাঁহাকে উদ্ধার করিবার জন্য উদ্যোগী হইলেন। সেই সময় তাঁহার রূপ দশ যোজন বিস্তৃত ও শত যোজন উচ্চ হইল। বেদমূল সম্বলিত ওঁকারের সেই বাহ্যমূর্ত্ত-স্বরূপ সমস্ত প্রাণিসমূহের অগ্রজ ছিল ॥ ২৮-৩০

তাঁহার অঙ্গকান্তি নীলমেঘতুল্য শ্যামবর্ণ ছিল। তাঁহার শব্দ মেঘের গম্ভীর গর্জনের ন্যায় ছিল (অথবা মেঘের গম্ভীর গর্জনকেও তিরস্কার করিতেছিল)। শ্রীভগবানের এই বিগ্রহ বিশাল পর্ব্বতের আকৃতির সদৃশ ছিল। তাঁহার দন্ত শ্বেত, দীপ্ত ও তীক্ষ্ণ ছিল ॥ ৩১

তাঁহার তেজ বিদ্যুৎ ও অগ্নির সমান ছিল। তাঁহার শ্মশ্রু ছিল সূর্য্য-সদৃশ। তিনি নিজ বলের দর্পে দলিত শত্রুদের ন্যায় ভয়ঙ্কর করিতেছিলেন। তাঁহার কটিদেশ উচ্চ ও মাংসল ছিল। তিনি জলের মধ্যেই সম্ভালিত ছিলেন। এরূপ অমিত ও বিশাল রূপ ধারণ করত শ্রীহরি পৃথিবীকে উদ্ধার করিবার জন্য রসাতলে প্রবিষ্ট হইলেন ॥

এই ভগবান যজ্ঞ-স্বরূপ ও যজ্ঞ-ক্রতু হইয়া লেজ ছিলেন। যূপ তাঁহার দংষ্ট্রা ছিল ও চিতি (ইষ্টকাচয়ন) তাঁহার মুখ ছিল। অগ্নি তাঁহার জিহ্বা, কুশসকল তাঁহার রোমাবলি এবং ব্রহ্ম (প্রণব) তাঁহার মস্তক ছিল। তিনি সহস্রচক্ষু ছিলেন। দিবস ও রাত্রিকে তিনি দুই নয়নরূপে ধারণ করিয়াছিলেন। বেদের ছয় অঙ্গ তাঁহার কর্ণের ভূষণ ছিল ॥ ৩২-৩৫

ঘৃত তাঁহার নাসিকা, স্রুচা তাঁহার মুখ, মুখমুখী। এবং সামবেদের ধ্বনিই তাঁহার ভীষণ গর্জন ছিল। তাঁহার শরীর ছিল বিশাল এবং তাঁহার বিক্রম সত্য-ধর্ম্মময় ছিল। তিনি অলৌকিক শোভাসম্পন্ন ছিলেন। তিনি ক্রম (ঋষি) ও বিক্রম (পরাক্রম) উভয়েই সম্পন্ন ছিলেন অথবা বেদের ক্রমপাঠ ও বৃদ্ধক্রমপাঠই এস্থলে ক্রম বিক্রম, যাহার দ্বারা ভগবান্ যজ্ঞবারাহ সংকৃত ছিলেন ॥ ৩৬

ক্রিয়াময় সত্র তাঁহার বড় নাসিকা ছিল। পত্নী তাঁহার জানু ও যজ্ঞই তাঁহার আকৃতি ছিল। উদ্গাতারা তাঁহার অঙ্গ (উরু) এবং রোমরূপ কর্ষু তাঁহার লিঙ্গ ছিল। বীজ ও ওষধিসমূহ তাঁহার দ্বারা প্রাপ্ত মহান্ ফল ছিল ॥ ৩৭

বায়ু তাঁহার অন্তরাত্মা ও মনু নিজস্ব ছিল। তিনি বিক্রমস্বরূপ ছিলেন। সোমরস তাঁহার রক্ত ছিল। বেদের বেদি তাঁহার স্কন্ধ দ্বিজ সুদৃঢ় এবং হবি-কার্য্য তাঁহার দংষ্ট্রার বেগ ছিল ॥৩৮

প্রাঞ্চদক্ষারো ছাত্তিমান্নানাদীক্ষাভিরর্চ্চিতঃ
দক্ষিণাস্তদতো যোগী মহাসত্রময়ো মহান্ ॥ ৩৯
উদাকর্ম্মোঽচ্যুতশ্চক্ষঃ প্রবর্গ্যাবর্ত্তভূষণঃ।
নানাছন্দোগতিপথো গুহ্যোপনিষদাসনঃ ॥ ৪০
হায়াপত্নীসহায়ো বৈ মণিশৃঙ্গ ইবোচ্ছ্রিতঃ।
তূষ্ণীং যজ্ঞবরাহোঽসৌ যুগপৎ প্রাবিশদ্ গুরুঃ ॥ ৪১
অদ্ভিঃ সংহ্লাদিতাম্বুর্ব্বীং স তামার্চ্ছৎ প্রজাপতিঃ।
রসাতলতলে মগ্নাং পাতালান্তরসংশ্রয়াম্ ॥ ৪২
প্রভুর্লোকহিতার্থায় দংষ্ট্রাগ্রেণোজ্জহার গাম্
ততঃ খস্থানমানীয় পৃথিবীং পৃথিবীধরঃ ॥ ৪৩
মুমোচ পূর্ব্বং সহসা বারিরিদ্ধা হরাধরঃ
ততো জগাম নির্ব্বাণং মেদিনী তস্য ধারণাৎ ॥ ৪৪

চকার চ নমস্কারং তস্মৈ দেবায় শম্ভবে
এবং যজ্ঞবরাহেণ তূষ্ণা ভূতহিতার্থিনা ॥ ৪৫
উদ্ধৃতা পৃথিবী দেবী লোকানাং হিতকাম্যয়া।
অথোদ্ধৃত্য ক্ষিতিং দেবো জগতঃ স্থাপনেচ্ছয়া ॥ ৪৬
পৃথিব্যপ্রতিমাগ্রায় নমস্কৃত্বেদমুক্তবান্
রসাতলতলাদেবং বিচিত্যা স পুরোত্তমঃ ॥ ৪৭
ততো বিভুঃ প্রহরবরাংশ্চক্রপাণিং
বৃষাকপিঃ প্রমথমথৈকনায়কাং।
সমুদ্ধরন্তরণিমতুলাবিক্রমো
মহাবলঃ সকলহিতার্থমুদ্যতঃ ॥ ৪৮

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
বারাহে পৃথিব্যুদ্ধরণে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৫৪ ॥

প্রাঞ্চদক্ষার (পূর্ব্বদিকে যজ্ঞমানরূপ ঔঁহার দক্ষার ছিল। তিনি ক্ষেত্রজ্ঞ ও নানাপ্রকার দীক্ষামুহে পূজিত হিলেন। দক্ষিণা তাঁহার জঘন ছিল তিনি মহান্ বিরাট্ , যোগী ও মহাসত্রময় হিলেন। ৩৯

উদাকর্ম্ম তাঁহার ওষ্ঠের ভূষণ ছিল এবং প্রবর্গ্যকর্ম্ম তাঁহার নীতিকে ভূষিত করিয়েছিল। নানাপ্রকার ছন্দ তাঁহার চলিবার মার্গ ছিল এবং গুহ্য উপনিষদ্ তাঁহার আসন ছিল। ৪০

জলে পতিত হায় (দক্ষিণাগ্নি) পত্নীর ন্যায় তাঁহার এক সঙ্গ ছিলা ছিল। তিনি মণিময় পর্ব্বতশিখরসদৃশ উচ্চ হিলেন। এইরূপ যজ্ঞবর বারাহরূপ ধারণ করত সেই সময়ে ভগবান্ পৃথিবীর রসাতলে গমনের সহিতই তৎক্ষণাৎ সেখানে প্রবিষ্ট হইলেন। ৪১

জলে আচ্ছাদিত ও রসাতলে নিমগ্ন হইয়া অধঃ পাতালে উপস্থিত সেই পৃথিবীর পার্শ্বে সেই ভগবান্ প্রজাপতি ঘাইয়া উপস্থিত হইলেন। ৪২

পৃথিবীকে ধারণকারী সেই প্রভু লোকহিতের জন্য নিজের দন্তের অগ্রভাগের দ্বারা পৃথিবীকে উপরে উত্থাপিত করিলেন এবং তাহার পর উঁহাকে ঔঁহার স্থানে আনিয়া স্থাপিত করিলেন। ৪৩

বরাহারী ভগবান্ বারাহ পূর্ব্বে পৃথিবীকে বহন ধারণ করিয়া তাঁহাকে সলিল জলের উপর ভাসিয়া দিলেন। তাঁহার ধারণে পৃথিবী অতিশয় আধি লাভ করিলেন। তখন তিনি সেই কল্যাণকারী দেব যজ্ঞ বারাহকে নমস্কার করিলেন। ৪৪।

এইভাবে সমস্ত প্রাণিগণের হিতকারী ভগবান্ যজ্ঞবারাহ হইয়া লোকসকলের হিতকামনায় পৃথিবীদেবীকে উদ্ধার করিয়া ছিলেন। ৪৫।

তদনন্তর জগদ্গুরুর সুরশ্রেষ্ঠের ইতি এইভাবে রসাতলগত পৃথিবীর বিষয়ে চিন্তা করিয়া জগতকে স্থাপিত করিবার ইচ্ছায় তাঁহাকে উপরে উত্থাপিত করিলে এবং তাঁহাকে বিভাগ করিবার জন্য মনস্থির করিলেন। ৪৬-৪৭

রাজন্! সেই সময় শ্রেষ্ঠ বরপ্রহরণ ধারণ করত সর্ব্বব্যাপী হরিবরূপ অতুলন পরাক্রমশালী মহাবলী জগতের সকলের হিতের জন্য পৃথিবীকে রসমূর্দ্ধক এক বরের দ্বারা উপরে উদ্ধার করিয়া আনিয়া ছিলেন। ৪৮

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বে বারাহবরাহপ্রসঙ্গে পৃথিবীর উদ্ধারবিষয়ক চতুস্ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥

ভগবতা বারাহেণ নানাদিক্ষু পর্ব্বতানাং নদীনাঞ্চ সৃষ্টিঃ ।

বৈশম্পায়ন উবাচ

তস্যোপরি জলৌঘস্য মহতী নৌরিব স্থিতা ।
বিভক্তত্বাত্তু দেহস্য ন যযৌ সংপ্লবং মহী ॥ ১
ততঃ স চিন্তয়ামাস প্রবিভাগং ক্ষিতেরিভুঃ ।
সমুচ্ছ্রয়ঞ্চ সর্ব্বেষাং পর্ব্বতানাং নদীষু চ ॥ ২
বিশেষনং প্রমাণঞ্চ গতিং প্রস্রবণঞ্চ চ ।
মাহাত্ম্যঞ্চ বিশেষঞ্চ নদীনামন্বচিন্তয়ৎ ॥ ৩
চতুরস্রাং ধরাং কৃত্বা তথা চৈব মহার্ণবম্ ।
মধ্যে পৃথিব্যাঃ সৌবর্ণমুত্তোন্নেরুপর্ব্বতম্ ॥ ৪
প্রাচীং দিশমথো গত্বা চকারোদয়পর্ব্বতম্ ।
শতযোজনবিস্তারং সহস্রঞ্চ সমুচ্ছ্রয়ম্ ॥ ৫
জাতরূপময়ৈঃ শৃঙ্গৈস্তরুণাদিত্যসন্নিভৈঃ ।
আত্মতেজোগুণময়ৈর্লৌকিকাংস্তারকল্পিতম্ ॥ ৬
বিবিধাংশ্চ মহাবৃক্ষান্ কাঞ্চনান্ পুষ্পরেচকঃ ।
নিত্যপুষ্পফলান্ বৃক্ষান্ কৃতবাংস্তত্র পর্ব্বতে ॥ ৭
শতযোজনবিস্তারং তদুচ্ছ্রিতগুণায়তম্ ।
চকার স মহাদেবঃ পুনঃ সৌমনসং গিরিম্ ॥ ৮
নানারত্নসহস্রাণাং কৃত্বা তত্র সুসঞ্চয়ম্ ।
বেদিকাং বহুবর্ণাঞ্চ সন্ধ্যাভ্রাভামকল্পয়ৎ ॥ ৯
সহস্রশৃঙ্গং গিরিং নানাশিলাতলম্ ।
কৃতবান্ বৃক্ষগহনং যষ্টিযোজনমুচ্ছ্রিতম্ ॥ ১০
আসনং তত্র পরমং সর্ব্বভূতনমস্কৃতম্ ।
কৃতবানাত্মনঃ স্থানং বিশ্বকর্ম্মা প্রজাপতিঃ ॥ ১১
শিশিরঞ্চ মহাশৈলং তুষারচয়সন্নিভম্ ।
চকার দুর্গগহনং কন্দরান্তরসঙ্কটম্ ॥ ১২

পঞ্চত্রিংশ অধ্যায়।

[ভগবান্ বারাহ কর্ত্তৃক বিভিন্ন দিকে পর্ব্বত ও নদীসকলের সৃষ্টি।

বৈশম্পায়ন বলিলেন,—এই জল-রাশির উপরে বিশাল নৌকার ন্যায় পৃথিবী স্থিত হইলেন। ইঁহার (পৃথিবীর) আকার বিশাল ছিল বলিয়া পৃথিবী জলে ডুবিয়া যাইলেন না ॥১

অনন্তর ভগবান্ পৃথিবীর বিভাগের চিন্তা করিতে লাগিলেন, সমস্ত পর্ব্বতসমূহের উচ্চতা, নদী-সকলে পথসূচিকা রেখা, তদ্দ্বারা কতদূর পর্য্যন্ত প্রবাহিত হইবে—ইহার প্রমাণ, তাহাদের গতি পূর্ব্ব দিকে হইবে বা দক্ষিণ দিকে হইবে উহার নিশ্চয়, তাহাদের প্রবাহ এবং বিশেষতঃ সেই নদীসমূহের মাহাত্ম্যবিষয়ে তিনি বারংবার চিন্তা করিলেন ॥২-৩

চার সমূহ ধারার অন্তে (অথবা যিনি চতুর্দ্দল পদ্মাকৃতি), সেই পৃথিবীকে এইভাবে স্থাপিত করিয়া তিনি মহাসাগরকেও সৃষ্টি করিলেন। তারপর পৃথিবীর মধ্যভাগে সুবর্ণময় মেরু-পর্ব্বতকে স্থাপিত করিলেন ॥৪

ইহার পর পূর্ব্বদিকে যাইয়া তিনি উদয়াচলের সৃষ্টি করিলেন, যাহার বিস্তার শত যোজন এবং উচ্চতা সহস্র যোজন ॥৫

এই পর্ব্বত সুবর্ণময় শিখরসমূহে সুশোভিত এবং এই সব শিখর প্রাতঃকালে সূর্য্য-সদৃশ তেজস্বী (অথবা রক্তবর্ণাভ) ছিল। ইহারা নিজেদেরই তেজোময় গুণসমূহে উদ্ভাসিত হইতেছিল।

এই পর্ব্বতের নির্ম্মাণ এইরূপে ॥৬হইয়াছিল, যেন কোন বিশাল বেদী নির্ম্মিত হইয়াছে ॥৬

কাঞ্চনবন নীহার ঐ পর্ব্বতের উপরে বহু বহু উদ্ভবিশিষ্ট নানাপ্রকার সুবর্ণময় বৃক্ষ নির্ম্মাণ করিলেন, যাহারা সতত পুষ্প ও ফলসমূহে সম্পন্ন ছিল ॥৭

ইহার পর সেই মহাদেব ঐরূপ সৌমনস পর্ব্বতকে নির্ম্মাণ করিলেন, যাহার বিস্তারে শত যোজন ও লম্বায় তিন শত যোজন ছিল ॥৮

সেখানে নানাপ্রকার সহস্র রত্ন সঞ্চয় করিয়া অনেক রঙের বেদিকা নির্ম্মাণ করিলেন, যাহা সন্ধ্যাকালের মেঘের ন্যায় প্রকাশিত হইতেছিল ॥৯

তাহারপর ভগবান্ সহস্রশৃঙ্গনামক পর্ব্বত সৃষ্টি করিলেন, যে পর্ব্বত নানাপ্রকার মণিময়ী শিলাসমূহে অলঙ্কৃত ছিল। ঘন বৃক্ষ-শ্রেণীর বন ইহার শোভাবর্দ্ধন করিতেছিল। এই পর্ব্বত ষাট যোজন উচ্চ ছিল ॥১০

সম্পূর্ণ বিশ্বই যাঁহার কর্ম, সেই প্রজাপালক শ্রীহরি সেখানে নিজের জন্য এক স্থান নির্ম্মাণ করিলেন, যাহা সমস্ত প্রাণিগণের দ্বারা সম্মানিত ঠাঁহার উত্তম আসন ছিল ॥১১

অনন্তর ভগবান্ হিমরাশিসদৃশ মহাপর্ব্বত হিমালয়কে সৃষ্টি করিলেন, যাহা দুর্গম ও গহন ছিল। ইহা বহু কন্দর (গুহা)-সমূহে অলঙ্কৃত আছে ॥১২

বিশিরপ্রভবাং চৈব নদীং বিদ্যুগণাবৃতাম্
চকার পুণ্যিনোপেতাং বসুধারাভিধি শ্রুতিঃ ॥ ১৩
সা নদী বিশিরাং প্রাচীং পুণ্যাং মুখনতৈস্তিতাম্।
শোভয়ত্যাবৃতপ্রবৈর্যুক্তানদ্ধবিচিত্রিতৈঃ ॥ ১৪
নিত্যপুষ্পফলোপেতৈস্তুদ্যদ্ধিঃ পুষ্পসংবৃতৈঃ
বৃক্ষিভাত্যধিকৈঃ কান্তৈঃ সা নদী তীরজৈর্দ্রুমৈঃ ॥১৫
কৃত্বা প্রাচীবিভাগক দক্ষিণায়ানথো দিশি
চকার পর্বতং দিব্যং সর্বকাঞ্চনময়ং শুভম্ ॥ ১৬
একতঃ সূর্যসঙ্কাশমেকতঃ শশিসন্নিভম্।
স বিভ্রাজ্যুতেজোভীর্য যৌ বর্ণৌ পর্বতোত্তমঃ ॥ ১৭
তেজসা যুগপদ্ ব্যাপ্তঃ সূর্যাচন্দ্রমসাবিব
বপুষ্মন্তময়ো তত্র ভাত্যুদয়ঃ মহাগিরিঃ ॥ ১৮
সর্বকামফলৈর্বৃক্ষৈস্তৈঃ তৈরুপশোভিতঃ

চকার কুজরং চৈব কৃতপ্রতিকৃতিং শুভম্ ॥ ১৯
সর্বতঃ কাঞ্চনগুহং বহুযোজনবিস্তৃতম্।
ত্রয়স্তপ্রতিমং চৈব ত্রয়স্তঃ মান পর্বতম্ ॥ ২০
হেমকাঞ্চনবৃক্ষাঢ্যঃ পুষ্পবাসাঃ স সংবৃতঃ।
মন্দরেনব শৈলেন্দ্রঃ সর্বযোজনমুচ্ছ্রিতম্ ॥ ২১
জাতরূপময়ৈঃ শৃঙ্গৈঃ সপুষ্পিতমহাদ্রুমম্।
মেরিভ্যাং কৃতবান দেবঃ প্রতিস্কোঠমিবাচলম্ ॥ ২২
নানারত্নসমাকীর্ণং সূর্যেন্দুসমদর্শনম্
চকার মলয়ঃ চাত্রিঃ চিত্রপুষ্পিতপাদপম্ ॥ ২৩
মৈনাকক মহাশৈলঃ শিলাজালসমাবৃতম্
দক্ষিণস্যাং দিশি শুভং চকারাচলসত্তমম্ ॥ ২৪
মহাশ্রিয়সং বিদ্ধ্যং নানাদ্রুমলতাকুলম্।
নদীক বিপুলাবর্তাং পুলিনশ্রোণিকৃষিতাম্ ॥ ২৫

তিনি হিমালয় হইতে উৎপন্ন এক দিব্য নদীও সৃষ্টি করিলেন, তাঁহার নাম বসুধারা (গঙ্গা)। অসংখ্য দিব্য ইহার সেবা করেন। ইহার তট বিশাল ॥ ১৩

এই নদী সম্পূর্ণ পুণ্যময়ী পূর্ব দিকে নিজের পত্ন স্রোতের দ্বারা যাত্রা করত তাহার সেতু বর্ধন করিতেছে। তাহার এই স্রোত মুক্তা ও মহামূল্য উজ্জ্বল আভার অলঙ্কৃত এবং অমৃত-তুল্য মধুর জলে পরিপূর্ণ আছে ॥ ১৫

এই নদী নিজের তীরে উৎপন্ন অধিক কান্তিময় বৃক্ষসমূহে বিভূষিত আছে। এই সব বৃক্ষ সদা পুষ্প ও ফলসমূহে সম্পন্ন রহিয়াছে এবং সমন ও দূর পর্যন্ত বিস্তৃত ছায়ায় শোভিত আছে ॥ ১৫

এইভাবে পূর্ব দিককে বিভাগ করিয়া তিনি দক্ষিণদিকে এক দিব্য পর্বতের সৃষ্টি করিলেন, যাহার সর্বাংগ সুবর্ণময় ও রত্নময় বলিয়া প্রতীত হইতেছিল ॥ ১৬

এই পর্বত এক দিকে সূর্যসদৃশ স্বর্ণপ্রভায় প্রকাশিত ও অন্যদিকে চন্দ্রসদৃশ রজতকান্তিতে সুশোভিত। এইরূপে দুই দিকে দুই বর্ণ ধারণ করিয়া সেই শ্রেষ্ঠ পর্বত অতিশয় শোভা পাইতেছে ॥ ১৭

এই পর্বত একই সঙ্গে তিনি তেজে ব্যাপ্ত হইয়া একত্রে সমবেত সূর্য ও চন্দ্রমূর্তি প্রতীত হইতেছে। এই মহাপর্বত মূর্তিমান সূর্যাচন্দ্রসদৃশ ছিল। ইহা মনোরম ছিল জলসমূহে যুক্ত, রমণীয় এবং মনোরম বৃক্ষশ্রেণীতে পরিবৃত ছিল ॥ ১৮

ইহার পর ভগবান হস্তিমূর্তি আকৃতিবিশিষ্ট এক পর্বত সৃষ্টি করিলেন, ইহা বহুযোজন বিস্তৃত ছিল। ইহাতে সর্বত্র দিকে সুবর্ণময়ী গুহা শোভা পাইতেছিল ॥ ১৯

তাহার পর তিনি ত্রয়ম্বকসদৃশ আকৃতিবিশিষ্ট ত্রয়ম্বকনামক পর্বত নির্মাণ করিলেন, যাহা সুবর্ণ ও কাঞ্চনময় বৃক্ষসমূহে পূর্ণ ছিল। এই সব বৃক্ষে পুষ্প বিকশিত থাকায় এই পর্বত যেন হাস্য করিতেছে ॥ ২০

তদনন্তর মন্দরনামে গিরিরাজ মহেন্দ্রকে নির্মাণ করিলেন। এই পর্বতোত্তম শত যোজন উচ্চ ও সুবর্ণময় শিখরসমূহে সুশোভিত ছিল। ইহা বিশাল বৃক্ষশ্রেণী সুন্দর পুষ্পে পরিপূর্ণ ছিল। এই পর্বত সৃষ্টিকর্তা মূর্তিমান প্রতিকোষ্ঠের ন্যায় প্রতীত হইতেছিল ॥ ২১-২২

তদনন্তর শ্রীহরি নানাপ্রকার রত্নসমূহে ব্যাপ্ত ও সূর্য-চন্দ্র-সদৃশ কান্তিমান মলয়নামক পর্বতকে সৃষ্টি করিলেন, যে পর্বতে বিচিত্র পুষ্পসমূহে পূর্ণ বহু বৃক্ষ আছে ॥ ২৩

ইহার পর তিনি দক্ষিণ দিকে এক সুন্দর ও বিস্তৃত পর্বত মহেন্দ্রসদৃশ মৈনাককে রচনা করিলেন, যাহা শিলাসমূহে ব্যাপ্ত ছিল ॥ ২৪

তাহার পর নানাপ্রকার বৃক্ষ ও লতাসমূহে ব্যাপ্ত মহান শিখরবিশিষ্ট বিন্ধ্য পর্বতকে সৃষ্টি করিলেন, সেই সঙ্গে সেখান হইতে উৎপন্ন এক নদীও নির্মাণ করিলেন, যে নদী তটরূপী নিতম্বভাগে বিভূষিত ছিল। উহাতে বহু বড় আবর্ত (ঘূর্ণী) উঠিতেছিল। উহার জল শ্রোণির ন্যায় রম্য ছিল। এই নদী পয়োষ্ণী (নর্মদা) নামে বিখ্যাত হইল। জলে পূর্ণ

ক্ষীরসঙ্কাশসলিলাঃ পয়োধরামিতি শ্রুতিঃ
সুরম্যাঃ তোয়কলিলাঃ বিধিতাঃ দক্ষিণাং দিশম্ ॥ ১৬
দিব্যাং তীর্থশতোপেতাং প্লাবয়ন্তীঃ শুভাঙ্গনাঃ
দিশং যাম্যাং প্রতিষ্ঠাপ্য প্রতীচীং দিশমাগমৎ ॥ ১৭
অকরোত্তত্র শৈলেন্দ্রং শতযোজনমুচ্ছ্রিতম্
শোভিতং শিখরৈশ্চিত্রৈঃ সুপ্রবৃদ্ধৈরিবাম্বুদৈঃ ॥ ১৮
কাঞ্চনীভিঃ শিলাভিশ্চ গুহাভিশ্চ বিভূষিতম্
সমাকুলং সূর্যশিখৈঃ শালৈস্তালৈশ্চ ভাস্বরৈঃ ॥ ১৯
শুশুভে ভাস্করশ্চাপি শ্রীমদ্ভিশ্চিত্রবেদিকৈঃ।
যষ্টিঃ সিতসহস্রাণি তত্রাসৌ সন্নিবেশয়ৎ ॥ ২০
মেরুপ্রতিমরূপাণি বপুষা প্রভয়া সহ
সহস্রজলধারাণ পর্বতাঃ মেরুসন্নিভম্ ॥ ২১
পুণ্যাতীর্থগুণোপেতঃ ভগবান্ সন্নিবেশয়ৎ।
যষ্টিযোজনবিস্তারঃ তাবদেব সমুচ্ছ্রিতম্ ॥ ২২
আম্রজম্বোপমঃ তত্র বারাহঃ নাম নামতঃ।

নিবেশয়ামাস গিরিং নিবাঃ বৈদূর্যপর্বতম্ ॥ ২৩
রাজতাঃ কাঞ্চনাশ্চৈব যত্র নিবাঃ শিলোচ্চয়াঃ।
তত্রৈব চক্রসদৃশঃ চক্রেবন্তঃ মহাবলম্ ॥ ২৪
সংপ্রকৃষ্টং বিপুলং ভগবান সন্নিবেশয়ৎ
শঙ্খপ্রতিমরূপঞ্চ রাজতং পর্বতোত্তমম্ ॥ ২৫
সিতক্রমসমাকীর্ণং শঙ্খং নাম ন্যবেশয়ৎ
সুবর্ণং রত্নসম্ভূতং পারিভাত্তং মহাক্রমম্ ॥ ২৬
মহান্তঃ পর্বতস্যাগ্রে পুষ্পহাসং ন্যবেশয়ৎ
শুক্লাম্বরসমাঃ চৈব দৃতয়ঃ ইতি শ্রুতিঃ ॥ ২৭
বরাহঃ সরিতঃ পুণ্যাঃ প্রতীচ্যামকরোৎ প্রভুঃ।
প্রতীচ্যাং সংবিধিং কৃত্বা পর্বতান্ কাঞ্চনোজ্জ্বলান্ ॥ ২৮
গুণোত্তরানুত্তরস্যাং সন্নিবেশয়ৎ প্রভুঃ।
ততঃ সৌমাগিরিং সৌম্যমুল্লিখন্ প্রণতঃ ॥ ২৯
কৃষ্ণধাতুপ্রতিচ্ছন্নকং দ্বাত্রোপমম্
স তু দেশো বিসূর্যোঽপি তস্য ভাসা প্রকাশতে ॥ ৩০

এই দিবা ও হ্রদপূর্ণ নদী শত শত তীর্থসমূহে সুশোভিত ছিল এবং মঙ্গলকারী জলের দ্বারা দক্ষিণ দিককে পবিত্র এবং আপ্লাবিত করিতেছিল। ১৬-১৮।

এইরূপে দক্ষিণ দিককে প্রতিষ্ঠিত করিয়া ভগবান পশ্চিম দিকে চলিয়া আসিলেন। সেখানে তিনি শতযোজন উচ্চ শৈলরাজ অস্তাচলকে নির্মাণ করিলেন, যাহা বহু বর্ষিত (বহু) বিচিত্র ও মুবর্ণময় শিখরসমূহে সুশোভিত ছিল ॥ ১৭ ২৮

স্বর্ণ শিলা ও গুহাসকলের দ্বারা ইহা বিভূষিত ছিল। সূর্যা-লোক প্রকাশিত শাল ও তাল বৃক্ষসমূহ সেখানে সর্বদিকে বিস্তৃত ছিল ॥ ২৯

শোভাশালী বিচিত্র বেদিকাসমূহে যুক্ত সুবর্ণময় শিখর ইহার শ্রীবৃদ্ধি করিতেছিল। সেখানে ভগবান্ ষাট হাজার পর্বত স্থাপিত করিলেন, যাহারা নিজেদের সত্তার ও কান্তিতে মেরুপর্বতের সমানতা করিতেছিল ॥ ৩০।

তদনন্তর ভগবান্ জলের সহস্র ধার প্রবাহিতকারী এক মেরু-সদৃশ পর্বতকে স্থাপিত করিলেন, যাহা পুণ্যতীর্থের গুণসমূহে সম্পন্ন ছিল, যাঁহার বিস্তার ষাট যোজন ছিল, ইহার উচ্চতাও তত পরিমাণই ছিল ॥ ৩১-৩২

সেখানে তিনি নিজের রূপের সমান বারাহনামক দিব্য পর্বত স্থাপিত করিলেন, যাহা বৈদূর্যমণিতে সম্পন্ন ছিল ॥ ৩৩

সেই পর্বতের উপর স্বর্ণ ও রত্নের দিব্য শিলাসমূহ ছিল, সেস্থানে ভগবান্ চক্রসদৃশ মহা বল চক্রবান্ গিরিকে স্থাপিত করিলেন, যাহা সহস্র শিখরসমূহে সম্পন্ন ও বিশাল ছিল ॥ ৩৪।

ইহা ব্যতীত তিনি সেখানে এক বজ্রতুল্য শ্রেষ্ঠ পর্বতকে স্থাপিত করিলেন, যাহার রঙ শঙ্খের সমান উজ্জ্বল ছিল সেইজন্য ইহার নাম শঙ্খ রাখিলেন। ইহা শ্বেত বর্ণের বৃক্ষ-সমূহে ব্যাপ্ত ছিল ॥ ৩৫।

সেই মহান্ পর্বতের অগ্রভাগে তিনি রত্নসম্ভূত সুবর্ণ ও পুষ্পময় হাস্যসুশোভিত পরিষ্কার নামক বিশাল বৃক্ষকে স্থাপিত করিলেন ॥ ৩৬।

পশ্চিম দিকে ভগবান বারাহ অত্যন্ত জলে পরিপূর্ণ এক শুভ ও পুণ্যময়ী নদীরও সৃষ্টি করিলেন, যে নদী দ্রুতধারা নামে বিখ্যাত হইল ॥ ৩৭।

এইভাবে পশ্চিম দিকে পর্বতসমূহের বিস্তার করিয়া তিনি উত্তর দিকে সুবর্ণকূলা কান্তিমান বহু পর্বত স্থাপিত করিলেন, যাহারা গুণসমূহে উৎকৃষ্ট ছিল ॥ ৩৮।

তাহার পর তিনি সূর্যসদৃশ তেজস্বী ও সুবর্ণময় রাশ্মিসমূহে আবৃত সৌম্য গিরিকে সৃষ্টি করিলেন, যাহা আকাশের সমান উচ্চ ও সৌম্য ছিল ॥ ৩৯।

সেই যেন সূর্যের প্রকাশ না থাকিলেও এই পর্বতের প্রভায় প্রকাশিত হইতেছিল। এই পর্বতের শোভা তাম্রবর্ণকারী সূর্যের দ্বারা আরও অধিক উৎকৃষ্ট হইয়া উঠিল ॥ ৪০।

তস্য লক্ষ্মীকরঃ ভাতি তপসা হবিষা যথা।
পুষ্পলক্ষবিভেদস্তু তপতীব দিবাকরঃ ॥ ৪১
সহস্রশিখরঃ চৈব নানাতীর্থসমাকুলম্
চকার রত্নসঙ্কীর্ণং চূড়োদ্ভেদস্তু নাম পর্ব্বতম্ ॥ ৪২
মনোহরগুণোপেতঃ মন্দরঃ চারুলোমকম্।
উদ্যানপুষ্পসঙ্কল্প পর্ব্বতঃ গন্ধমাদনম্ ॥ ৪৩
চকার তত্র শৃঙ্গেষু সুবর্ণরসসম্ভবম্
জম্বুং জাম্বুনদময়ীমনন্তাদ্ভুতদর্শনাম্ ॥ ৪৪
গিরিং ত্রিশিখরং চৈব তথা শুক্লপর্ব্বতম্
শুক্লং পাণ্ডুরমেঘাভঃ কৈলাসঞ্চ মনোরমম্ ॥ ৪৫
হিমবন্তঞ্চ শৈলেন্দ্রং দিব্যধাতুবিভূষিতম্
নিবেশয়ামাস হরিবাসাদীং তত্রমাস্থিতঃ ॥ ৪৬

নদীঃ সর্ব্বগুণোপেতাস্তত্রস্থাঃ দিশি প্রভুঃ
মধুধারাং স কৃতবান্ দিব্যামুমিস্তাকুলাম্ ॥ ৪৭
সর্ব্বে চৈব ভিত্তিবরাঃ সপক্ষাঃ কামরূপিণঃ।
তদা কৃতা ভগবতা বিচিত্রাঃ পরমেষ্ঠিনা ॥ ৪৮
স কৃত্বা প্রবিভাগং তু পৃথিব্যা লোকভাবনঃ।
দেবাসুরাণামুৎপত্তৌ কৃতবান্ বুদ্ধিমুত্তমাম্ ॥ ৪৯
সর্ব্বাসু দিক্ষু ক্ষতজোপমাক্ষ-
স্তকার শৈলান্ বিবিধাভিধানান্।
বিভাগ লোকস্য স লোকনাথঃ
পুণ্যা নদীশ্চাপি সলিলোপপূর্ণাঃ ॥ ৫০

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
বারাহে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৫ ॥

মেরুর মহাশিখরের সুবর্ণের সংশে শ্রীহীন চন্দ্রকে অভিভূত করিতে দেখা যায়, সেইরূপ এই পর্ব্বতের সমুদয় তাপদান-কারী সূর্য্যও শ্রীহীন হইয়া সুবর্ণময়ে লক্ষিত হন—এরূপ জানিও ॥ ৪১

ইহার পর তিনি সহস্র শিখরে সুশোভিত ও নানাপ্রকার তীর্থ-সমূহে ব্যাপ্ত রত্নপূর্ণ উদ্ভেদ পর্ব্বতকে পুনর্নির্ম্মাণ করিলেন ॥ ৪২

তদনন্তর মনোহর গুণ সমূহে সম্পন্ন শ্রেষ্ঠ মন্দরাচলকে এবং উদ্যান পুষ্পসঙ্কুল সুন্দর গন্ধমাদন পর্ব্বতকে নির্ম্মাণ করিলেন ॥ ৪৩

গন্ধমাদনের শিখরসমূহের উপরে সুবর্ণরস উৎপাদনকারী জম্বুবৃক্ষকে রচনা করিলেন, যাহা জাম্বুনদময় (সুবর্ণময়), অনন্ত ও অদ্ভুত দেখাইতেছিল ॥ ৪৪

ইহার পর তিনি শিখরবিশিষ্ট "ত্রিকূট" পর্ব্বত, "শুক্ল" পর্ব্বত এবং শ্বেতবর্ণ মেঘসদৃশ উচ্চতর ব্যাপ্তিবিশিষ্ট বিরিঞ্চের 'কৈলাস' পর্ব্বতকে সৃষ্টি করিলেন ॥ ৪৫

তদনন্তর বারাহরূপধারণকারী শ্রীহরি দিব্য ধাতুসমূহে বিভূষিত হিরিরাজ হিমবানকে স্থাপিত করিলেন ॥ ৪৬

ইহা বলিয়া সেই ভগবান্ উত্তর দিকে সর্ব্বগুণসম্পন্ন দিব্য নদী মধুধারাকে সৃষ্টি করিলেন, যাহা সত্য সত্য ভবিষ্যতের দ্বারা দেখিত ॥ ৪৭

সেই সময় পরমেষ্ঠী ভগবান্ শ্রীহরি সমস্ত পর্ব্বতকে পক্ষযুক্ত, ইচ্ছানুসারে রূপ ধারণ করিবার সামর্থ্যসম্পন্ন ও বিচিত্র করিয়া নির্ম্মাণ করিলেন ॥ ৪৮

এইরূপে লোকভাবন ভগবান্ পৃথিবীকে বিভাগ করিয়া দেবতা ও অসুরগণের উৎপত্তির জন্য নিজের অক্ষয় বুদ্ধি প্রয়োগ করিলেন ॥ ৪৯

রক্তসদৃশ রক্তবর্ণনয়ন লোকনাথ ভগবান্ নারায়ণ সমস্ত জগতের হিতের জন্য সকল দিকে নানাবিধ নামধারী পর্ব্বত-সমূহ ও জলে পরিপূর্ণ পবিত্র নদীসমূহকে সৃষ্টি করিলেন ॥ ৫০

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে বরাহাবতারবিষয়ক পঞ্চত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ।

[জগতঃ সৃষ্টিবর্ণনম্]

বৈশম্পায়ন উবাচ

জগৎ স্রষ্টুমনা দেবশ্চিন্তয়ামাস পূর্ব্বজঃ ।
তস্য চিন্তয়তো বক্ত্রান্নিঃসৃতঃ পুরুষঃ কিল ॥ ১
ততঃ স পুরুষো দেবং কিমহং করোমীত্যুপস্থিতঃ
প্রত্যুবাচ স্মিতং কৃত্বা দেবদেবো জগৎপতিঃ ॥ ২
বিভজাত্মানমিত্যুক্ত্বা গতোঽন্তর্ধানমীশ্বরঃ ।
অন্তর্হিতস্য দেবস্য সসর্জাথ ভারত ॥ ৩
প্রশান্তস্যেব দীপস্য গতিস্তস্য ন বিদ্যতে ।
ততস্তেনেরিতা বাণীঃ সোঽর্থচিন্তাপরঃ প্রভুঃ ॥ ৪
হিরণ্যগর্ভো ভগবান্ য এষ ছন্দসি শ্রুতঃ ।
এষ প্রজাপতিঃ পূর্ব্বং তপসাভবদগ্রধীঃ ॥ ৫
তদা প্রভৃতি তস্যাগ্র্যা সর্জ্জাগ্র্যা বিনির্গতাঃ

প্রজাপতিরুবাচ

বিভজাত্মানমিত্যুক্তস্তেনাসি ক্ষুব্ধমানসা ॥ ৬
ক্ষুব্ধমাত্মা বিভক্তঃ স্যাৎ সংশয়ো ন্নত্র মে মহান্ ।
ইতি চিন্তয়তস্তস্য ঔর্ব্বিভোর্বোধিতঃ খরঃ ॥ ৭
স ভূমাবন্তরিক্ষে চ নাকে চ কৃতবাংস্ততঃ ।
তং চৈবাভাসয়ত্তস্য মনসাদরম্ভঃ পুমঃ ॥ ৮
স্তুবন্ত্যাদ্যে দেবস্য বসবঃকাব্য মন্বিতাঃ
তৃতীয়ান্তরিক্ষকল্পাশ্চ তুষিতাস্তুষরাত্মিকাঃ
মহাস্মৃতিময়াঃ পুণ্যা মহাবাহ্যস্তরে চ ভবন্ ॥ ৯
ছন্দসাং প্রবরা দেবী ত্রিষ্টুপ্ তিস্মিন্ জগদ্ভবৎ
তৎপরঃ সংস্তবন্ দিব্যাং বিশ্বেদেবকরোৎ প্রভুঃ ॥ ১০
স্বকামাদ্যর্দ্দয়ন্ত্যস্তু পুরো ভগবান্ প্রভুঃ
চকার নিখিলান্ বেদান্ বহ্বৃক্‌সূক্তকর্ম্মণা ॥ ১১

ষট্‌ত্রিংশ অধ্যায়

জগতের সৃষ্টি বর্ণন।

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! তদনন্তর সকলের পূর্ব্বজ ভগবান্ নারায়ণ জগৎকে সৃষ্টি করিবার ইচ্ছায় মনে মনে কিছু চিন্তা করিতে লাগিলেন। সেই সময় চিন্তাপরায়ণ তাঁহার মুখ হইতে এক পুরুষ নির্গত হইলেন।

সেই পুরুষ ভগবানের নিকট দণ্ডায়মান হইয়া জিজ্ঞাসা করিলেন,—প্রভো! আমি আপনার কি সেবা করিব? তখন দেবাধিদেব জগদীশ্বর ঈষৎ হাস্য করিয়া এইরূপ উত্তর দান করিলেন। ১-২

'তুমি নিজের স্বরূপকে বিভাগ কর' এই কথা বলিয়া সেই ভগবান্ সেস্থানে অন্তর্হিত হইলেন। ভারত! যেরূপ দীপ নির্ব্বাপিত হইলে সেই স্থানে প্রজ্বলিত অগ্নির গতি বুঝা যায় না, সেইরূপ সসরীরে অন্তর্হিত সেই ভগবানের গতি ছিল না অর্থাৎ তাঁহার গতিও বুঝা যাইল না। ৩।

ভগবন্তর ভগবানের মুখ হইতে আবির্ভূত প্রভাবশালী পুরুষ ভগবান্ হিরণ্যগর্ভ, তাঁহার নাম বেদমন্ত্রসমূহে শুনা যায়, শ্রীভগবান্ কর্ত্তৃক কথিত পূর্ব্বোক্ত বাণী বারম্বার চিন্তা করিতে লাগিলেন। ৪।

সমস্ত ভুবনের অধিপতি এই প্রজাপতি সর্ব্বপ্রথম উৎপন্ন হইয়াছিলেন। অতএব সেই সময় হইতে যজ্ঞের প্রথম ভাগ তাঁহাকেই প্রদান করিবার বিধান হইল। ৫

প্রজাপতি মনে মনে চিন্তিলেন, সেই পরমাত্মা আমাকে বলিয়াছেন যে, তুমি নিজের স্বরূপকে বিভাগ কর; কিন্তু আমাকে নিজের স্বরূপের বিভাগ কিরূপে করিতে হইবে, এবিষয়ে আমার অভিলষিত সন্দেহ হইতেছে। ৬।

এরূপ চিন্তাপরায়ণ তাঁহার মুখ হইতে 'ঔ' এই স্বর উচ্চারিত হইল। তিনি সেই শব্দকে পৃথিবী, অন্তরিক্ষ ও স্বর্গ—এই তিন লোকে উচ্চারণ করিলেন।

উহার পর 'ঔ'কার জগৎকারী সেই দেবাধিদেব প্রজাপতির হৃদয় হইতে পুনরায় তাঁহার মনের সহিত 'বষট্‌কার' উত্থিত হইলেন। ৮।

উহার পর ভূমি, অন্তরিক্ষ ও স্বর্গের সারভূত 'ভূঃ, ভুবঃ, স্বঃ' —এই তিন পবিত্র মহাব্যাহৃতি প্রকটিত হইলেন, তাঁহারা মহাস্মৃতিময়ী ছিলেন। ৯

তদনন্তর বেদসকলের মধ্যে শ্রেষ্ঠদেবী গায়ত্রী প্রাদুর্ভূতা হইলেন, ইনি চরিশ অক্ষরযুক্তা ছিলেন। ভগবান্ ব্রহ্মা সেই গায়ত্রীকে স্মরণ করিয়া দিব্য সাবিত্রী মন্ত্রকে প্রকটিত করিলেন। ১০

তাহার পর প্রভাবশালী ভগবান্ প্রজাপতি ঋক্‌যুক্ত কর্ম্মের দ্বারা ঋক্, সাম, অথর্ব ও যজুঃ—এই চার বেদকে পূর্ব্বক্রমে প্রাদুর্ভূত করিলেন। ১১

তত্তস্তস্যৈব মনসঃ সনঃ সনক এব চ।
সনাতনশ্চ ভগবান্ বরদশ্চ সনন্দনঃ॥ ১১
সনৎকুমারশ্চ বিভুস্তত্র জজ্ঞে সনাতনঃ।
মানসাস্তস্য পুর্ত্রাস্তা ইত্যেতে ব্রহ্মবাদিনঃ॥ ১২
ব্রহ্মণা কপিলঃ চৈব ষড়েতাংস্তস্য যোগিনঃ।
বভূবুঃ যোগতন্ত্রেষু যান্ স্তবন্তি দ্বিজাতয়ঃ॥ ১৩
তত্তো মরীচিরত্রিশ্চ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ।
ভৃগুরঙ্গিরসঃ চৈব মনুঃ চৈব প্রজাপতিঃ॥ ১৪
পিতৃংশ্চ সর্ব্বভূতানাং দেবতাসুরবন্দিতাঃ
বর্হিষদস্তজ্জনয়ৎ যাংস্তে সোমপাঃ প্রকীর্ত্তিতাঃ॥ ১৫
এতে বৃদ্ধশ্রবাস্তস্য যাংস্তৈস্যাভবন্ প্রজাঃ
কন্যে নিবোধমুক্তে তু স্তবে পঞ্চন্তি নিত্যদা॥ ১৭
তুষ্টো বর্হিষদস্তাসু উৎপাদ্য দ্বিতয়ে দ্বিজাঃ
এতাবামেব দেবানাং প্রজাকর্ত্তৃণু যৈ তথা॥ ১৮
কিং তু কর্ম্মবিভেদেন দেবতানাং যুগে যুগে
নামরূপবিভেদশ্চ তথৈব সুরপর্য্যয়ে॥ ১৯

অমূর্ত্তাঙ্গিরসশ্চক্ষুঃ উৎপন্নো ভগবানৃষিঃ।
তস্যৈব তু পুনর্ব্বার্য্যা বামাঙ্গুষ্ঠাদজায়ত॥ ২০
তস্য তত্রাভবন্ কন্যা বিখ্যাতা লোকমাতরঃ।
যাভির্য্যাত্তারয়ো লোকাঃ প্রজাভির্যশসা তপি॥ ২১
অগ্নিষ্কিত নিতিঃ কালমনাদ্রুঃ সিংহিকা মুনিঃ।
প্রাধা ক্রোধাক্ষ সুরভিঃ বিনতাঃ সুরসা তথা॥ ২২
দনুঃ কন্যক্ষ দুহিতুঃ প্রথমো কন্যকার ভু।
প্রজাঃ সঙ্কিন্তা নবমা গন্ধর্ব্বাপ্সরসাঞ্চ॥ ২৩
অরুন্ধত্যঃ বসুঃ যামীঃ লম্বাঃ ভানুঃ মরুত্বতীঃ।
সঙ্কল্পাক্ষ মুহূর্ত্তক সাধ্যাঃ বিশ্বক ভারত॥ ২৪
মনবে ব্রহ্মপুত্রায় কন্যা দত্ত্বা দদৌ দশ
ততঃ সর্ব্বানবদ্যাঙ্গ্যঃ কন্যাঃ কমললোচনাঃ॥ ২৫
পূর্ণচন্দ্রাননা দিব্যা গন্ধবত্যো মনোরমাঃ।
কীর্ত্তিঃ লক্ষ্মীঃ ধৃতিঃ পুষ্টিঃ বুদ্ধিঃ মেধা ক্ষমা তথা॥ ২৬
মতি লজ্জাঃ বসুঃ চৈব পত্নীঃ ধর্ম্মস্য বৈ দদৌ
আত্মেবস্তু ততো ভূতস্তস্য লোকসুতাঃ শুভাঃ॥ ২৭

ভগবানের ঔরসজাত মন হইতে সন, সনক, সনাতন, বরদাতা ভগবান্ সনন্দন, ঐশ্বর্য্যশালী সনৎকুমার ও (দ্বিতীয়) সনাতন প্রভৃতি হইলেন। এই ছয় মহর্ষি সর্ব্বপ্রথম উৎপন্ন হইয়া ব্রহ্মার মানস পুত্র ছিলেন। ১১-১২

যোগী ও মুক্তি ব্রাহ্মণগণ যে ষড়ঙ্গযুক্ত ব্রহ্ম, কপিল এবং এই ছয় মহর্ষি সন-সনকাদির স্তুতি করেন। ১৩

তাহার পর কল্যাণকার ভগবান ব্রহ্মা মরীচি, অত্রি, পুলস্ত্য, পুলহ, ক্রতু, ভৃগু, অঙ্গিরা ও প্রজাপতি মনু এই আট মানস পুত্র সৃষ্টি করিলেন। ইঁহারাই সম্পূর্ণ ভৃগু, দেবতা, অসুর ও রাক্ষসগণের পিতা ছিলেন। ১৪-১৬

সত্রযুগ যাবতীত হইলে পর ইঁহারা এবং ইঁহাদের যে সব প্রজা (সন্তান) হইয়াছিলেন, তাঁহারাও সকলে কল্প পূর্ণরূপে সমাপ্ত হইলে পর নির্বৃত্তি (পরমানন্দময় মোক্ষ) প্রাপ্ত হন। ১৭

পুনরায় সত্রযুগ বর্ষের পর ইঁহাদের দেব-সনাতনগণের সৃষ্টির তত্ত্ব উৎপত্তি হয়। ১৮

কিন্তু প্রত্যেক কল্পে যুগের পরিবর্ত্তন হইলে পর কর্ম্ম-বিভেদে এই দেবতাগণের নাম ও তত্ত্বে কিছু পার্থক্য জানিয়া যায়। ১৯

ব্রহ্মার দক্ষিণ অঙ্গুষ্ঠ হইতে দক্ষের পত্নী প্রসূতির গর্ভে অঙ্গিরা ঋষি উৎপন্ন হন এবং তাঁহার বাম অঙ্গুষ্ঠ হইতে পুনরায় দক্ষের পত্নী উৎপন্ন করেন। ২০

দক্ষের সেই ধর্ম্মপত্নীর গর্ভ হইতে বিখ্যাত বহু কন্যা উৎপন্ন হইলেন। ইঁহারা লোকমাতৃকার তুল্য ছিলেন। ইঁহাদেরই প্রজাগণের সন্তান সন্ততিগণের দ্বারা তিন লোক ব্যাপ্ত হইয়া রহিয়াছে। ২১

দক্ষ নিজের কন্যা অগ্নিষ্কিত, নিতি, ক্রোধা, মনায়ু, সিংহিকা, মুনি, প্রাধা, ক্রোধা, সুরভি, বিনতা, সুরসা, দনু ও কদ্রু—এই দশ কন্যার বিবাহ মহর্ষি কশ্যপের সহিত দিয়াছিলেন। ২২।

ভারত! কালের গতি-বিধিতে অগ্নিষ্কিত নিজের ও অন্যান্যা এবং মনের দ্বারা প্রজাবর্গের তিন কন্যা অরুন্ধতী, বসু, যামী, লম্বা, ভানু, মরুত্বতী, সঙ্কল্পা, মুহূর্ত্তা, সাধ্যা ও বিশ্বা—এই দশ কন্যা ব্রহ্মপুত্র মনুকে প্রদান করিলেন। ২৩-২৪।

তদনন্তর ইঁহাদের সর্ব্বাঙ্গ নির্দ্দোষ, নেত্র কমলদল-সদৃশ প্রফুল্ল এবং মুখ পূর্ণচন্দ্রতুল্য আহ্লাদজনক, সেই দিব্যা, মনোরমা ও উত্তম গন্ধযুক্ত কীর্ত্তি, লক্ষ্মী, ধৃতি, পুষ্টি, বুদ্ধি, মেধা, ক্ষমা, মতি, লজ্জা ও বসু—এই দশ কন্যাকে ধর্ম্ম বরণে গ্রহণ করিলেন। ২৫-২৬।

মহর্ষি অত্রির এক পুত্র তত্ত্ব প্রাপ্ত করেন, তাঁহার স্বরূপ

পুত্রো প্রহ্লাদমধিপ: সত্রস্যাংশুসমিদ্ভবা
তস্মৈ নক্তমযোগিন্যঃ সপ্তবিংশতিকন্যকা: ॥ ১৮
রোহিণীপ্রমুখাঃ কন্যা দক্ষ: প্রাচেতসো দদৌ
এতাসাং পুত্রপৌত্রৈস্তু প্রোচ্যমানান্ মযা শৃণু ॥ ১৯
কশ্যপস্তু মরীচৈস্তু ধর্ম্মস্তু শশিনস্তথা
অর্য্যমা বরুণো মিত্র: পূষা ধাতা পুরন্দর: ॥ ৩০
ত্বষ্টা ভগোঽংশুমাংশ্চৈব সবিতা পর্জ্জন্যস্তেতি বিশ্রুতা:
অদিত্যাং তু সমুদ্ভূতা দেবা: কশ্যপসম্ভবনা: ॥ ৩১
দিত্যাং পুত্রদ্বয়ং জজ্ঞে কশ্যপাদিতি নঃ শ্রুতম্।
হিরণ্যকশিপুশ্চৈব হিরণ্যাক্ষশ্চ বীর্য্যবান্।
ঘাবপ্যাদিত্যবিক্রান্তৌ তপসা কশ্যপোপমৌ ॥ ৩১
হিরণ্যকশিপোঃ পুত্রা: পঞ্চৈব শুমহাবলা:
প্রহ্লাদশ্চৈব সংহ্লাদস্তথাহ্লাদ এব চ ॥ ৩৩
অনুহ্লাদস্তথৈবান্যো ভক্তস্তেষাং পর: ॥ ৩৪

প্রহ্লাদস্য ত্রয়: পুত্রা বিক্রান্তা: শুমহাবলা:।
বিরোচনশ্চ জজ্ঞেঽথ সুধন্বাস্তেতি বিশ্রুতা: ॥ ৩৫
বলিবিরোচনসুতো বাণ একো বলে: সুত:
বাণস্য চেন্দ্রদমনঃ পুত্র: পরপুরঞ্জয়: ॥ ৩৬
দনোঃ পুত্রাস্তু বহবো বংশে খ্যাতা মহাসুরাঃ।
বিপ্রচিত্তি: প্রধানস্তেষাং তাঞ্ছৃণুষ্ব ব্রুবতো ম ॥ ৩৭
গণঃ প্রজজ্ঞে ক্রোধায়াঃ পুত্রপৌত্রমনন্তকম্।।
রৌদ্রাঃ ক্রোধবশা নাম ক্রূরকর্ম্মাণ এব চ ॥ ৩৮
সিংহিকা সুষুবে রাহুং গ্রহংচন্দ্রার্কমর্দ্দনম্
প্রস্তারা চৈব চন্দ্রস্য সূর্য্যস্য চ বিনাশনম্ ॥ ৩৯
কালাত্তা: কালকল্পস্য গণ: পরমদারুণ:
অভযন্ধীপুসূর্য্যাক্ষো নীলমেঘদনপ্রভ: ॥ ৪০
সপ্তশ্রেষ্ঠীর্য্য যেষাঞ্চ বাষুকিস্তক্ষকস্তথা
বহবো: কক্ষপুত্রাণামেতে প্রাধান্যমাগতা: ॥ ৪১

জলময় ছিল এবং তাঁহার নাম চন্দ্র। এই চন্দ্র গ্রহমণ্ডলের পতি, সমস্ত ক্ষিতিমে সুধোতিত এবং অতীব ধনাধিকারী ছিলেন ॥ ২৭॥

প্রাচেতস দক্ষ তাঁহাকে রোহিণী প্রভৃতি উত্তম সাতাশ কন্যা প্রদান করেন, ইঁহারা সকলেই নক্ষত্রযোগ নামে অভিহিত হন ॥ ২৮॥

কশ্যপ, মনু, ধর্ম্ম ও চন্দ্রের দ্বারা ইঁহাদের গর্ভ হইতে উৎপন্ন পুত্র-পৌত্রগণের নাম আমি বলিতেছি, তুমি শ্রবণ কর ॥ ২৯॥

অর্য্যমা, বরুণ, মিত্র, পূষা, ধাতা, ইন্দ্র, ত্বষ্টা, ভগ, অংশু, সবিতা ও পর্জ্জন্য—এই এগার জন লোকভাবন দেবতা কশ্যপ হইতে অদিতির গর্ভে উৎপন্ন হন। (ইঁহারাই ভাবন আদিত্য নামে অভিহিত হন।) ॥ ৩০-৩১

আমরা শুনিয়াছি যে, কশ্যপ কর্ত্তৃক দিতির গর্ভে দুই পুত্র উৎপন্ন হয়। তাঁহাদের নাম—হিরণ্যকশিপু ও হিরণ্যাক্ষ। ইঁহারা উভয়েই অমিত পরাক্রমশালী ও তপস্যায় কশ্যপেরই তুল্য ছিলেন ॥ ৩২

হিরণ্য কশিপুর পাঁচ মহাবল পুত্র হয়। তাহাদের নাম—প্রহ্লাদ, সংহ্লাদ, অনুহ্লাদ, পরাক্রমী হ্লাদ ও পঞ্চমে অনুহ্লাদ। ইঁহাদের মধ্যে প্রহ্লাদ বড় ছিলেন এবং অনুহ্লাদ ছোট ছিলেন ॥ ৩৩-৩৪

প্রহ্লাদের বিরোচন, ভক্ত ও সুধন্বা—এই তিন পরাক্রমশালী, অতিশয় বলবান ও সুবিখ্যাত পুত্র জন্ম গ্রহণ করেন ॥ ৩৫

বিরোচনের পুত্র বলি এবং বলির একমাত্র পুত্র বাণাসুর ছিলেন। বাণেরও একটী পুত্র হয়, ইঁহার নাম ছিল ইন্দ্রদমন। এই ইন্দ্রদমন পরাক্রমশালিগণের বীর ছিলেন ॥ ৩৬

দনুর বহু পুত্র হইয়াছিল, ইঁহারা নিজ বংশের বিখ্যাত মহাসুর ছিলেন। তাঁহাদের সকলের মধ্যে বিপ্রচিত্তি প্রথমে জন্মগ্রহণ করেন এবং তিনিই রাজা হন ॥ ৩৭

ক্রোধা হইতে এক গণ (সমূহের) উৎপন্ন হয়, ইঁহার পুত্র-পৌত্রের সংখ্যা অনন্ত। এই গণ ক্রোধবশ নামে প্রসিদ্ধ হয়। এই ক্রোধবশনামক দলের অনুচরগণ ক্রূরকর্ম্মকারী ছিল ॥ ৩৮

সিংহিকা চন্দ্র ও সূর্য্যমর্দ্দনকারী রাহুগ্রহকে জন্মদান করেন। এই গ্রহ গ্রহণের দ্বারা চন্দ্রকে গ্রাস করে এবং সূর্য্যকেও অস্থির করিয়া থাকে ॥ ৩৯

প্রভা হইতে কালদনুর অত্যন্ত ভয়ঙ্কর গণ উৎপন্ন হয়, তাহাদিগকে 'কালেয়' বলা হয়। ইহাদের নাম সূর্য্যসদৃশ তেজস্বী ও অঞ্জনকান্তি নীলমেঘতুল্য কালবর্ণ ॥ ৪০

কক্ষর বহু পুত্র হয়, তাহাদের মধ্যে সপ্তজনপ্রমুখ শ্রেষ্ঠ নাগ, বাসুকি ও তক্ষক—ইঁহারা প্রধান বলিয়া কথিত হন ॥ ৪১

ধর্ম্মাত্মানো দেবর্ষিবংশ সনা প্রাদিরিতে সুতাঃ
লোকত্রয়হরাশ্চৈব বরদাঃ কামরূপিণঃ ॥ ৪১
ভাস্কর্য্যাত্রিনৈমিত্ত গরুড়স্ত মহাবলঃ।
অরুণিশ্চারুণিশ্চৈব বিনতায়াঃ সুতাঃ স্মৃতাঃ ॥৪৩
ইত্যাপত্যসরঃ পুণ্যা বিবিধাঃ পুণ্যলক্ষণাঃ।
মনুর্বৈবস্বতশ্চৈ মহাভাগা প্রাধা দেববিপূজিতা ॥ ৪৪
অনবদ্যা মনুঃ বংশেমনুনামরুণপ্রিয়ম্
অনুমাং সুতদার ভাসীঃ স্ত্রিয়ঃ প্রাধা বাজারত ॥ ৪৫
অলম্বুষা নিম্রকেশী পুণ্ডরীকা তিলোত্তমা
সুরূপা লক্ষণা ক্ষেমা সুধা রম্ভা মনোরমা ॥ ৪৬
অসিতা চ সুব দক্ষ সুরভী সুমুখী তথা।
সুপ্রিয়া চ সুসহা চ সুবসা চ প্রমাথিনী ॥ ৪৭
কাম্যা শান্তবতী চৈব নৈসর্গেণাপরম: স্মৃতাঃ
বিশ্বাবসুর্ভরদ্বাজ গন্ধর্বাশ্চৈব বিজ্ঞতাঃ ॥ ৪৮
মেনকা সহজন্যা চ পর্ণিকা পুঞ্জিকস্থলা
কৃতস্থলা কৃতচী চ বিশ্বাচী চোর্ব্বশী তথা ॥ ৪৯
অনুস্লোচোত্তোশিথ্যাতা প্রম্লোচেতি চ তা দশ।
মনোরতী চাপি তথা বৈশিক্যোঽপরসস্তথা ॥ ৫০
প্রজাপতেস্তু সম্ভূতাঃ সম্ভূতা ভুবনপ্রিয়াঃ।
অমৃতং ব্রাহ্মণা গাবো রুদ্রাস্তেন্তি চতুষ্টয়ম্ ॥ ৫১
সুবভাপত্যবিভেদেত পুরাণে নিশ্চয়ো মহান্।
এতদ্ বৈ কল্পপাপত্যা মনোর্বংশা নিবোধ মে ॥ ৫২
সঙ্ক্ষেপেণৈব তং সর্বং কীর্ত্তয়িষ্যামি তেঽনঘ।
বিশ্বেদেবাস্তু বিশ্বায়াঃ সাধ্যা সাধ্যান্ বাজারত ॥ ৫৩
মরুত্বত্যাং মরুত্বান্তু বসোস্তু বসবঃ স্মৃতাঃ।
ভানোস্তু ভানবস্তাত মুহূর্ত্তাস্তু মুহূর্ত্তজাঃ ॥ ৫৪
লম্বা ঘোষাং বিজজ্ঞেঽথ নাগবীথী চ জামিজা
পৃথিব্যাং বিষমং সর্ব্বং মরুত্বত্যামজায়ত ॥৫৫
সঙ্কল্প যাস্তু কৌরব্য যজ্ঞ সঙ্কল্প এব চ।
ধর্ম্মস্তু পুত্রো লম্বায়াস্তু কাম্যো জগৎপ্রভুঃ ॥ ৫৬
বশো হর্ষস্তু কামস্তু সত্যাঃ পুত্রাস্তু সুব্রতাঃ।
দোনস্তু পুত্রো রোচিষ্যাং তস্তু বর্জ্যা মহাপ্রভঃ ॥ ৫৭

ইহারা ধর্ম্মাত্মা, দেবর্ষি ও প্রাণিগণের হিতে নিরত ছিলেন। ইহারা লোকত্রয়হারণকারী, বরদাতা ও ইচ্ছানুসারে রূপ ধারণ করিতে সমর্থ ছিলেন। ৪২

ভাস্কর্য্য, অরিষ্টনেমি, মহাবল গরুড়, অরুণ ও আরুণি—ইহারা বিনতার পুত্র বলিয়া অভিহিত হন। ৪৩

দেবর্ষিগণের দ্বারা সন্তানিত মহাভাগা প্রাধা পবিত্র, নানা প্রকার রূপ-বর্ণবিশিষ্টা ও পুণ্যময় লক্ষণসমূহে যুক্তা নিম্নলিখিত আট অপ্সরাকে জন্মদান করেন। ৪৪

অনবদ্যা, মনু, বশো, অনুনা, অরুণপ্রিয়া, অনুমা, সুভদ্রা ও ভাসী—এই আট কন্যাকে অপ্সরাকে। প্রাধা উৎপন্ন করেন। ৪৫

অলম্বুষা, নিম্রকেশী, পুণ্ডরীকা, তিলোত্তমা, সুরূপা, লক্ষণা, ক্ষেমা, রম্ভা, মনোরমা, অসিতা, সুব্রতা, সুরতা, সুমুখী, সুপ্রিয়া, সুষহা, সুরসা, প্রমাথিনী, কাম্যা ও শান্তবতী—এই অপ্সরাগণ মুনির কন্যা বলিয়া কথিত হন। বিশ্বা, বসু, ভরদ্বাজ গন্ধর্বাগণ এবং মুনিরাও অন্যান্যগণও মুনিরই সন্তান ছিলেন। ৪৬-৪৯

মেনকা, সহজন্যা, পর্ণিকা, পুঞ্জিকস্থলা, কৃতচী, বিশ্বাচী, উর্ব্বশী, অনুস্লোচা ও প্রম্লোচা—এই দশ অপ্সরা মনোরতী এবং অন্য বৈশ্বানিক অপ্সরাগণ দক্ষপ্রজাপতির সন্তান হইতে উৎপন্ন হইয়াছেন; ইহারা সকলেই ভুবনে সকল প্রাণীরই প্রিয় ছিলেন। ৪৯-৫০।

অমৃত, ব্রাহ্মণ, গো ও রুদ্রগণ—এই চার সুরভির সন্তান। এই সন্তানগণ পুরাণে মহান বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছেন। এই পর্য্যন্ত কল্পের সন্তানগণের বর্ণনা করা হইল। এখন আমার নিকট হইতে মনুর বংশের বর্ণনা শ্রবণ কর। ৫১-৫২

নিষ্পাপ নরেন! আমি সংক্ষেপে সেই সব বর্ণনা করিব। বিশ্বেদেবগণ বিশ্বার সন্তান এবং সাধ্যদেবী 'সাধ্যা' নামক দেবগণকে জন্মদান করেন। ৫৩

মরুত্বতীর গর্ভে মরুত্বানগণ উৎপন্ন হন ও বসুর পুত্রগণ 'বসু' নামে অভিহিত হন। ভানু! ভানুর পুত্রগণ 'ভানু' এবং মুহূর্ত্তার পুত্রগণ 'মুহূর্ত্ত' বলিয়া কথিত হন। ৫৪

লম্বা ঘোষকে জন্মদান করেন, তাহা হইতে নাগবীথী উৎপন্ন হন এবং পৃথিবীতে যাহা কিছু বিষম আছে, তৎ সমস্তই মরুত্বতী হইতে উদ্ভূত হইয়াছে। ৫৫

মুক্তনন্দন! সঙ্কল্পার গর্ভ হইতে সঙ্কল্পনামক পুত্রই জন্ম গ্রহণ করে। ধর্ম্ম ও তাঁহার পত্নী লম্বা হইতে কাম নামক পুত্রের জন্ম হয়, যিনি সম্পূর্ণ জগতের মধ্যে নিজের প্রভুত্ব স্থাপিত করিয়াছেন। ৫৬

কাম ও তাঁহার পত্নী রতি হইতে যে পুত্র উৎপন্ন হয়,

উদয়ন্নেব ভগবান্ বর্চস্বী যেন জায়তে
পুত্রশ্চাপ্তো ভগবাংস্তেন যুক্তাতে। ৫৮
এবং পুত্রসহস্রাণি ত্রীণ্যাত্মৈব পরস্পরম্
প্রভাবন্তু ভগবান্ মূলং যত্র লোকাঃ প্রতিষ্ঠিতাঃ। ৫৯
প্রজাপতিস্তু ভগবান্ গুণতঃ প্রেক্ষ্য দেহিনঃ।
আধিপত্যেষু যুক্তেষু নিয়োক্তব্যতি যোগবিৎ। ৬০

দিশো দশ ভিত্তিমুখাংস্তথাঽন্যান্
ক্রমেণ যথাকরগসংবিপুলানুবাচ।
প্রজাপতির্ভুবনস্রষ্টা নরো ভূয়
ক্রিয়াং যথানয় কৃতবান্ গিরীন্দ্র সঃ ৯৬১

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি
বারাহে ভগবৎসর্গে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ। ৩৬

তাহাদের নাম—যম ও যমী। সোমের পত্নী রোহিণীর গর্ভে অভিমন্যু কান্তিমান্ 'বর্চা' নামক পুত্রের জন্ম হয়। ৫৭

এই বর্চা উদিত হইলেই ভগবান্ সোম বর্চস্বী। তেজঃপুঞ্জে পরিপূর্ণ) হইয়া যান। এই বর্চা যা বুধ হইতে ঐরবীপালী পুত্রলাভ করে হয়, যাঁহার সহিত উর্বশী প্রেমসম্বন্ধ স্থাপিত করিয়াছিলেন। ৫৮

এইরূপে স্ত্রী ও পুরুষগণের পরস্পর সংযোগে সহস্র পুত্র এবং কন্যা উৎপন্ন হইয়াছে। এই পঞ্চাশই হইল জগতের মূল, যেখানে সমস্ত লোক প্রতিষ্ঠিত হইয়াছে। ৫৯

যোগবিৎ ভগবান্ প্রজাপতি ভগবান্ দৃষ্টির দ্বারা সমস্ত দেহধারিগণের উপর দৃষ্টিপাত করত তাঁহাদের সকলকে যথাযোগ্য প্রভুত্বপদে প্রতিষ্ঠিত করিয়াছেন। ৬০

এই প্রজাপতি ভগবান্, পৃথিবী, ঋষি, সমুদ্র, পর্বতসমূহ, বৃক্ষ, ওষধি, সর্প, নদী, দেবতা, অসুর, লোকরক্ষী মরীচি প্রভৃতি, আকাশ, ভূলোক, ক্রিয়া, যজ্ঞ ও পঞ্চতন্মাত্রা—এই সকলকেই সৃষ্টি করিয়াছেন। ৬১

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে হরিবংশপর্বে বারাহাবতার-প্রসঙ্গে জগতের সৃষ্টিবিষয়ক ষট্‌ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তত্রিংশোঽধ্যায়ঃ।

[ব্রহ্মণা বিভিন্ন-বর্ণানামধিপতীনাং নিযুক্তিঃ।]

বৈশম্পায়ন উবাচ

ত্রয়াণামপি লোকানামাদিত্যানাঞ্চ ভারত।
চক্রে শক্রং রাজানমদিতাসমেতেজসম্। ১
স বজ্রী কবচী বিষ্ণুস্তিতামহিজজিবান্
শ্বেতঃ সধারো ছাত্রিমান্ যথা সোঽহর্ব্যাপ্তিঃ স্মৃতঃ। ২
জাতমাত্রোঽথ ভগবান্ স কৃশৈস্ত্রাস্তৈর্ধৃতঃ
তদা প্রভৃতি দেবেশঃ কৌশিকস্তূপাগতঃ। ৩

অভিষিচ্যাদিত্যাত্তু সহস্রাক্ষং পুরন্দরম্।
ব্রহ্মা ক্রমেণ রাজ্ঞানি বাংশ্চেতুপক্রমে। ৪
যজ্ঞানাং তপসাং চৈব গ্রহনক্ষত্রযোস্তথা।
দ্বিজানামৌষধীনাঞ্চ সোমং রাজানমব্রবীৎ। ৫
দক্ষং প্রজাপতীনান্তু বরুণং পতিমপ্সসাম্
পিতৃণাং সর্বনিধনং কালং বৈবাস্বতং প্রভুম্। ৬

সপ্তত্রিংশ অধ্যায়।

[ব্রহ্মা কর্তৃক বিভিন্ন বর্ণের অধিপতিগণের নিযুক্তি।]

বৈশম্পায়ন বলিলেন,—ভরতবংশের জনমেজয়। ব্রহ্মা সূর্যতুল্য তেজস্বী ইন্দ্রকে তিন লোকের এবং আদিত্যগণের রাজা করিলেন। ১

এই বিজয়শীল ইন্দ্র অদিতি দেবীর গর্ভ হইতে জন্মগ্রহণ করিয়াছেন। ইনি হস্তে বজ্র এবং অঙ্গে কবচ ধারণ করিয়া থাকেন। ইনি স্মৃতির সহায়ক, কান্তিমান্ ও অন্ধকারগণ (অন্ধকারবাচারিগণ) কর্তৃক স্তুত। ২

এই ভগবান্ ইন্দ্র যখন জন্মগ্রহণ করিলেন, সেই সময়ে ব্রাহ্মণগণ তাঁহাকে কুশসমূহের দ্বারা ধারণ করিয়াছিলেন সেই সময় হইতেই দেবেশ ইন্দ্র 'কৌশিক' বলিয়া অভিহিত হইতে লাগিলেন। ৩

সহস্রলোচন ইন্দ্রকে ত্রিলোকের সম্রাট পদে অভিষিক্ত করিয়া ব্রহ্মা ক্রমশঃ বিভিন্ন বর্ণের রাজাসমূহকে বিভাগ করিতে আরম্ভ করিলেন। ৪

তিনি যজ্ঞ, তপ, গ্রহ, নক্ষত্র, দ্বিজ ও ওষধিসকলের রাজা সোমকে অভিষিক্ত করিলেন। ৫

দক্ষকে প্রজাপতিগণের, বরুণকে জলের এবং সকলকে বিনাশকারী অতিভুলা তেজস্বী কালকে (যমরাজকে) পিতৃগণের অধিপতি করিলেন। ৬

গন্ধানাং চৈব সর্ব্বেষাং ভূতানাঞ্চ শরীরিণাম্ ।
শব্দাকাশবলানাঞ্চ বায়ুরীশত্বমা কৃতঃ ॥ ৭
সর্ব্বভূতপিশাচানাং মৃত্যূনাঞ্চ সবাং তথা ।
উৎপাতজ্বরোগাণাং ব্যাধীনামীশ্বরো তথা ॥ ৮
ব্রতানাং চৈব সর্ব্বেষাং মহাদেবঃ কৃতঃ প্রভুঃ ॥ ৮
যজ্ঞানাং রাক্ষসানাঞ্চ শুষ্কানাং ধনস্য চ ।
রত্নানাং চৈব সর্ব্বেষাং কৃতো বৈশ্রবণঃ প্রভুঃ ॥ ৯
সর্ব্বেষাং দণ্ডিণাং শেষো নাগানামথ বাসুকিঃ
সরীসৃপাণাং সর্ব্বেষাং প্রভুর্বৈ তক্ষকঃ কৃতঃ ॥ ১০
সাগরাণাং নদীনাঞ্চ দেবানাং বরুণস্তথা ৭
আদিত্যানামবরজঃ পর্জ্জন্যোঽধিপতিঃ কৃতঃ ॥ ১১
গন্ধর্ব্বাণামধিপতিস্তথা চিত্ররথঃ কৃতঃ
সর্ব্বাপ্সরোগণানাঞ্চ কামদেবঃ প্রভুঃ কৃতঃ ॥ ১১
চক্ষুষ্মতাঞ্চ সর্ব্বেষাং বাহনানাঞ্চ সর্ব্বশঃ ।
মহেশ্বরসখঃ শ্রীমান্ গোবৃষেণোঽধিপতিঃ কৃতঃ ॥ ১৩
দৈত্যানাঞ্চ মহাভোগো হিরণ্যাক্ষঃ প্রভুঃ কৃতঃ ।
হিরণ্যকশিপুশ্চৈব যৌবরাজ্যেঽভিষেচিতঃ ॥ ১৪
গণানাং কালকেয়ানাং মহাকালঃ প্রভুঃ কৃতঃ ।
দনায়ুষাঃ পুত্রাণাং বৃত্রো রাজা তথা কৃতঃ ॥ ১৫
সিংহিকাতনয়ো যস্তু রাহুর্নাম মহাসুরঃ ।
উৎপাতানামনেকানামগুতানাং প্রভুঃ কৃতঃ ॥ ১৬
ঋতূনামথ সর্ব্বেষাং যুগানাং চৈব ভারত ।
পক্ষাণাঞ্চৈব মাসানাং ত্বষ্টৈব তিথিপর্ব্বণাম্ ॥ ১৭
কলাকাষ্ঠামুহূর্ত্তানাং সংবৎসরো রাজা যোগস্য গণিতস্য চ ॥ ১৮
কৃতঃ সংবৎসরো রাজা যোগস্য গণিতস্য চ ॥ ১৮
পক্ষিণাঞ্চৈব সর্ব্বেষাং চক্ষুষ্মাঞ্চ মহাবলঃ ।
গৃধ্রশ্চৈব ভোগিনাঞ্চৈব গরুড়োঽধিপতিঃ কৃতঃ ॥ ১৯
অরুণো গরুড়ভ্রাতা জ্বলাপুষ্পনিভপ্রভঃ
যোগানাঞ্চৈব সর্ব্বেষাং সাধ্যানামধিপঃ কৃতঃ ॥ ২০
পুত্রোঽস্য বিরথো নাম কশ্যপস্য প্রজাপতেঃ ।
রাজা প্রাচ্যাং দিশি তথা বাসবেনাধিপঃ কৃতঃ ॥ ২১
আদিত্যস্য বিভোঃ পুত্রো ধর্ম্মরাজো মহাবলঃ ।
দক্ষিণস্যাং দিশি যমো মহেন্দ্রেণৈব সংকৃতঃ ॥ ২২

সেই সমস্ত সম্পূর্ণ গন্ধ, দেহধারী ভূতগণ, শব্দ, আকাশ এবং বলের রাজারূপে বায়ুদেবকে স্থাপিত করিলেন। ৭

সমস্ত ভূত, পিশাচ, মৃত্যু, রোগ, উৎপাত, জ্বর, রোগ, ব্যাধি, ঈতি (অতিবৃষ্টি অনাবৃষ্টি প্রভৃতি ছয় প্রকার ঈতি।) এবং সর্ব্ববিধ ব্রতসমূহের অধিপতিরূপে মহাদেবকে প্রতিষ্ঠিত করিলেন। ৮

যজ্ঞ, রাক্ষস ও শুষ্ককরণের এবং ধন ও রত্নসমূহের আধিপত্যে বিত্তেশপুত্র কুবেরকে স্থাপিত করিলেন। ৯

যত যত দণ্ডধারী সর্পগণের রাজা-রূপে শেষকে, নাগগণের রাজা-রূপে বাসুকিকে এবং সমস্ত সরীসৃপগণের রাজা-রূপে তক্ষককে অভিষিক্ত করিলেন। ১০

আদিত্যগণের মধ্যে সর্ব্বকনিষ্ঠ পর্জ্জন্যকে তিনি সাগর, নদনদী এবং যেঘসমূহের ও বর্ষারও অধিপতি করিলেন। ১১

ব্রহ্মা চিত্ররথকে গন্ধর্ব্বগণের এবং কামদেবকে সমস্ত অপ্সরাগণের রাজা করিলেন। ১১

মহাদেবের অনুচরগণ যে বৃষভধ্বজধারী শ্রীমান্ নন্দী, তাঁহাকে তিনি সমস্ত চক্ষুষ্মন্ত প্রাণী ও বাহনসকলের অধিপতি করিলেন। ১৩

মহাভোগী হিরণ্যাক্ষকে দৈত্যগণের রাজা করিলেন এবং হিরণ্যকশিপুকে যুবরাজপদে অভিষিক্ত করিলেন। ১৪

মহাকালকে কালকেয়নামক গণের পতি করিলেন। ইহাদের মধ্যে যাহারা দনায়ুর পুত্র ছিল, তাহাদের রাজা তিনি বৃত্রাসুরকে করিলেন। ১৫

সিংহিকার পুত্র রাহুনামক যে মহাসুর ছিল, তাহাকে তিনি অনেক উৎপাত ও অশুভসমূহের পতি করিলেন। ১৬

ভারত। সমস্ত ঋতু, যুগ, পক্ষ, মাস, তিথি, পর্ব্ব, কলা কাষ্ঠা ও মুহূর্ত্ত এবং উত্তরায়ণ ও দক্ষিণায়নের পতির রাজা তিনি সংবৎসরকে করিলেন। এই সংবৎসর যোগ ও গণিতেরও রাজা হইলেন। ১৭-১৮

সুপর্ণ পক্ষিবিশিষ্ট মহাবল গরুড়কে তিনি সমস্ত পক্ষী, গৃধ্র পর্য্যন্ত সৃষ্টিপাত করিতে সমস্ত প্রাণী ও বিষধরের সর্পগণের অধিপতি করিলেন। ১৯

জবাপুষ্পরাশি-সদৃশ রক্তবর্ণ গরুড়ের ভ্রাতা অরুণকে তিনি সমস্ত যোগ ও সাধ্যগণের অধিপতি করিলেন। ২০

প্রজাপতি কশ্যপের যে বিরথনামক পুত্র ছিলেন, তাঁহাকে দেবরাজ ইন্দ্র পূর্ব্বদিকের রাজা ও অধিপতি করিলেন। ২১

তখবান্ আদিত্যের পুত্র মহাবলী ধর্ম্মরাজ যমকে দক্ষিণ-

কশ্যপস্যৌরসঃ পুত্রঃ সলিলান্তর্গতঃ সদা।
অসুরাজ ইতি খ্যাতঃ প্রতীচ্যাং দিশি পার্থিবঃ ॥ ১৩
পুলস্ত্যপুত্রো দ্যুতিমান্নামেন্দ্রপ্রতিমঃ প্রভুঃ।
একাক্ষঃ পিঙ্গলো নাম সৌম্যায়াং দিশি পার্থিবঃ ॥ ১৪
এবং বিভজ্য রাজ্যানি স্বয়ম্ভূর্লোকভাবনঃ।
লোকাংস্ত্রিদিবে দিব্যানদধৎ স পৃথক্ পৃথক্ ॥ ১৫
কস্যচিৎ সূর্যসঙ্কাশান্ কস্যচিদ্ বহ্নিসন্নিভান্
কস্যচিৎ সুষ্ঠুবিত্তোত্তান্ কস্যচিচ্চন্দ্রনির্মলান্ ॥ ১৬
নানাবর্ণান্ কামগমানেকশতাংশ্চ জনান্
স তান্ সুকৃতিনাং লোকান্ পাপকৃত্তিল্লর্ভান্ ॥ ১৭
যেষাং ভাসো বিভাস্ত্যত্রে সৌম্যাস্তারাগণা ইব।
এতে সুকৃতিনাং লোকা যে ভাতাঃ পুণ্যকর্মিণঃ ॥ ১৮
যে যজন্তি মখৈঃ পুণ্যৈঃ সমাপ্তবরদক্ষিণৈঃ।
ঋষয়ঃ নিয়তাঃ কান্তা ঋতবঃ সত্যবাদিনঃ ॥ ১৯
দীনানুগ্রহকর্তারো ব্রহ্মণ্যা লোভবর্জিতাঃ
সন্তুষ্টকরণাঃ সন্তো যান্তি তত্র তপোঽমলাঃ ॥ ২০
এবং বিভক্তা রাজ্যানি স্বয়া লোকপিতামহঃ।
পুষ্করঃ ব্রহ্মসদনমারুরোহ প্রজাপতিঃ ॥ ২১
সর্বে স্বয়ম্ভূদত্তেষু পালনেষু দিবৌকসঃ
রেমিরে স্বেষু লোকেষু মহেন্দ্রেণাভিপালিতাঃ ॥ ২২
স্বয়ম্ভুবা শক্রপুরঃসরাঃ সুরাঃ
কৃতা যথার্হঃ প্রতিপালনেষু তে।
যযৌ দিবঙ্ক প্রতিপেদিরে শুভং
মুদঙ্ক তস্মুর্মখভাগভোজিনঃ ॥ ২৩

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি বারাহেঽধিপতিস্থাপনে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৭ ॥

দিকে মহলোকের রাজা করিয়া মহেন্দ্রই তাঁহার সংকার করিয়াছিলেন। ২২

যিনি সদা জলের মধ্যেই বাস করেন এবং অসুররাজ নামে যিনি বিখ্যাত, সেই কশ্যপের ঔরসজাত পুত্র হরুককে পশ্চিম দিকের রাজা করিলেন। ২৩

যিনি দেবরাজ ইন্দ্রতুল্য প্রভাবশালী এবং এক চক্ষুবিশিষ্ট, পুলস্ত্যমুনির সেই তেজস্বী পুত্র পিঙ্গলকে উত্তর দিকের রাজা করিলেন। ২৪

এইরূপে লোকস্রষ্টা স্বয়ম্ভূ ব্রহ্মা বিভিন্ন রাজ্যসকলকে বিভাগ করিয়া সেই রাজ্যের ভার দিয়াও পৃথক্ পৃথক্ ভিন্ন লোকসকল দান করিলেন। ২৫

কাঁহাকেও সূর্যতুল্য তেজস্বী লোক এবং কাঁহাকেও অগ্নিতুল্য তেজস্বী লোক প্রদান করিলেন। কাঁহাকেও বিদ্যুৎসদৃশ উজ্জ্বল রূপে প্রকাশমান ও কাঁহাকেও চন্দ্রসদৃশ নির্মল কান্তিমান্ লোক প্রদান করিলেন। ২৬

এই সব লোক নানাপ্রকার বর্ণবিশিষ্ট এবং ইচ্ছানুসারে গমনাগমন করিতে সমর্থ ছিল। সেই সব স্থানে শত শত ব্যক্তি বাস করিতেছিলেন এবং এই সব স্থান সৎকর্মকারী পুণ্যাত্মাগণের লোক ছিল। পাপী ও দুষ্কর্মকারীদিগের পক্ষে এই সব লোক দুর্লভ ছিল। ২৭

এই যে সমুদয় তারাগণের ন্যায় সৌম্য প্রকাশ দেখা যাইতেছে, এই সবই সেই পুণ্য কার্যকারী পুণ্যবানদের লোক। পুণ্যকর্মকারী পুরুষদিগের জন্যই এই সবের সৃষ্টি হইয়াছে। ২৮

যাঁহারা পর্যাপ্ত উত্তম দক্ষিণাযুক্ত পবিত্র (নিষ্কাম) যজ্ঞ সমূহের দ্বারা শ্রীভগবানের আরাধন করেন, নিজেরই স্ত্রীতে অনুরক্ত থাকেন এবং যাঁহারা দান, সরল, সত্যবাদী, দীন দুঃখীদিগের প্রতি অনুগ্রহকারী, ব্রাহ্মণভক্ত, লোভহীন মনোভাবরহিত ও নির্মল চিত্তসম্পন্ন হন সেই সব সৎপুরুষগণই এই সব লোকে গমন করেন। ১৯-২০

সাক্ষাৎ লোকপিতামহ প্রজাপতি ব্রহ্মা এইরূপে নিজের পুত্রগণকে বিভিন্ন রাজ্যে নিযুক্ত করিয়া পুষ্করধামে ব্রহ্মধামে গমন করিলেন। ২১

স্বয়ম্ভূ ব্রহ্মা কর্তৃক প্রদত্ত নিজ নিজ পালনীয় লোকসমূহে অবস্থান করত দেবেন্দ্রের দ্বারা সুরক্ষিত হইয়া সমস্ত দেবতাগণ সেখানে সানন্দে বাস করিতে লাগিলেন। ২২

যজ্ঞভাগভোজনকারী ইন্দ্রাদি সমস্ত দেবতাগণ স্বয়ম্ভূ ব্রহ্মাকর্তৃক যথাযোগ্য পালন-কর্মে নিযুক্ত হইয়া অতিশয় প্রসন্ন হইলেন। ইঁহারা নিজ নিজ কর্তব্য পালন করিতে করিতে শুভ মন ও স্বর্গলোক লাভ করিলেন। ২৩

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বে বারাহাবতারপ্রসঙ্গে অধিপতিগণের স্থাপনবিষয়ক সপ্তত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ।

[দেবাসুর-সংগ্রামবর্ণন, হিরণ্যাক্ষের দেবরাজসৈন্যের ভক্ষণ।]

বৈশম্পায়ন উবাচ।

কদাচিত্তু সপত্নীকে পর্ব্বতে বরুণীসুতাঃ।
প্রস্থিতা বরুণী তাতু। নূনং তত্রৈব মায়য়া ॥ ১

তদাসুরাণাং স্থিতয়ঃ হিরণ্যাক্ষেণ পালিতম্
দিশঃ প্রতীচীমাগম্য মুদেহমজ্জন যথা গজাঃ ॥ ২

তত্রাসুরেতাঃ সংস্থস্য আধিপত্যং পুরাপ্রভম্।
তচ্ছ্রুত্বাথাসুরাঃ সর্ব্বে চক্রুরুদ্যোগমুত্তমম্ ॥ ৩

ক্রুরাঞ্চ বুদ্ধিমতুলাঃ পৃথিবীচরণে রতাঃ
আয়ুধানি চ সর্ব্বাণি জগৃহুর্লীলবিক্রমাঃ ॥ ৪

চক্রশক্তীরথো খড়্গান্ ভুশুণ্ডীশ্চ বলূংষি চ।
প্রাসান্ পাশাংশ্চ শক্তীশ্চ মুসলানি গদাস্তথা ॥ ৫

কেচিৎ কবচিনঃ সজ্জা নরনাগাস্তথাপরে।
কেচিদ্বরথবান্ যুক্তা অপরেঽশ্বসমাসুরাঃ ॥ ৬

কেচিচ্চাস্তথা খড়্গান্মহিষান্ গর্দভানপি
অন্যান্বলমাস্থায় কেচিদ্যাপি পদাতয়ঃ ॥ ৭

পরিবার্য্য হিরণ্যাক্ষং তলবন্তঃ কলাপিনঃ।
ইতস্ততশ্চ নিশ্চেরুস্তূর্ণং সর্ব্বে মুহুৎসবঃ ॥ ৮

ততো দেবগণাঃ পশ্চাৎ পুরন্দরপুরোগমাঃ।
দৈত্যানাং বিদিতোদ্যোগাশ্চক্রুঃ কুদ্যোগমুত্তমম্ ॥ ৯

মহতা চতুরঙ্গেণ বলেন সুসমাহিতাঃ
বজ্রগোবাঙ্গুলিত্রাণভূষবন্তঃ সমার্পণাঃ ॥ ১০

উগ্রায়ুধরা দেবাঃ স্বেষ্বনীকেষ্ববস্থিতাঃ।
ঐরাবতগতঃ শক্রশ্চক্রগন্ধক্ত পৃষ্ঠতঃ ॥ ১১

ততস্তূর্য্যনিনাদেন ভেরীণাঞ্চ মহাস্বনৈঃ
অভ্যত্রবদ্বিরণ্যাক্ষো দেবরাজং পুরন্দরম্ ॥ ১২

অষ্টত্রিংশ অধ্যায়

[দেবাসুর-সংগ্রামবর্ণন এবং হিরণ্যাক্ষ কর্ত্তৃক দেবরাজ ইন্দ্রের ভক্ষণ।

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! কোনও এক সময়ের কথা, পঞ্চমুক্ত বরুণীর পর্ব্বতসকল এই পৃথিবীকে ত্যাগ করিয়া অন্যত্র চলিয়া যাইলেন। নিশ্চয়ই শ্রীভগবানের মায়াতেই তাঁহারা এইরূপ করিলেন। ১

সেই সময় হিরণ্যাক্ষ কর্ত্তৃক পালিত অসুরগণের নিবাসস্থান পশ্চিমদিকে যাইয়া সেখানের বিশাল সরোবরে হস্তিগণের ন্যায় পর্ব্বতসকল নিমজ্জিত হইলেন অর্থাৎ স্নান করিতে লাগিলেন। ২

সেখানে এই পর্ব্বতসকল অসুরগণকে বলিলেন,—দেবতারা তিন লোকের আধিপত্য প্রাপ্ত হইয়াছেন (তাঁহারা কনিষ্ঠ হইয়াও রাজাভাগী হইলেন এবং দৈত্যগণ জ্যেষ্ঠ হইয়াও তাহা লাভ করিতে পারিলেন না।) ইহা শ্রবণ করত সেই অসুরগণ যুদ্ধের জন্য উত্তম উত্তম আয়ুধ গ্রহণ করিল। ৩

তাহারা নিজেদের অনুপম ক্রুর বুদ্ধি অবলম্বন করিয়া পৃথিবীকে হরণ করিবার জন্য বিশেষ যত্ন করিতে লাগিল। এই প্রকারে অসুরগণ সর্ব্বপ্রকার অস্ত্রশস্ত্র সংগ্রহ করিল। ৪

চক্র, অগ্নি, খড়্গ, ভুশুণ্ডি, বলু, প্রাস, পাশ, শক্তি, মুসল ও গদা প্রভৃতি অস্ত্র গ্রহণ করিল। ৫

কেহ কেহ কবচধারণ করত যুদ্ধের জন্য সজ্জিত হইল। অনেকে মত্ত হস্তীগণের উপর আরোহণ করিল। বহু অসুর অশ্বযুক্ত রথ করিয়া আরোহণ করিল। অন্য মহাসুরগণ বহু অশ্বের উপর আরূঢ় হইল। ৬

কত অসুর উট, গর্দ্দভ, মহিষ ও অন্যান্যকলের উপর আরোহণ করিল। কত অসুর নিজেদের বাহুবলে আশ্রয় করত পদাতি হইয়াই যুদ্ধের জন্য উদ্যত হইল। ৭

ইহারা সকলেই হস্তে বস্ত্রাদি বন্ধন করিয়া ও কবচধারণ করিয়া শুভচিত্তে যুদ্ধের জন্য উদ্যত হইয়া এদিক্ সেদিকে নির্গত হইল এবং হিরণ্যাক্ষকে পরিবৃত করিয়া চলিতে লাগিল। ৮

তাহার পর দৈত্যগণের এই বৃত্তবিষয়ক উদ্যোগের সংবাদ জানিয়া ইন্দ্রাদি দেবগণও যুদ্ধের জন্য বিশেষভাবে প্রস্তুত হইয়া উদ্যোগ আরম্ভ করিলেন। ৯

এই দেবগণ অতিশয় সাবধানতার সহিত বিশাল চতুরঙ্গিণী সৈন্যবাহিনীকে সঙ্গে লইয়া ঘোষার্থে-নির্ম্মিত বজ্রাদি পরিধান পূর্ব্বক বাণপূর্ণ তূণীর বন্ধন করিলেন, তাহার অঙ্গুরীয়ক করত নিজ নিজ বলে অবস্থান করিতে লাগিলেন এবং ঐরাবতে আরূঢ় দেবরাজ ইন্দ্রের পশ্চাতে পশ্চাতে যাইতে লাগিলেন। ১০-১১

তদনন্তর বাদ্যসমূহের শব্দ ও ভেরীসমূহের গভীর

তীক্ষ্ণৈঃ পরশুনিস্ত্রিংশৈর্গদাতোমরশক্তিভিঃ।
মুসলৈঃ পট্টিশৈশ্চৈব বজ্রাস্ত্রাদাস্ত বাসবম্ ॥ ১৩
ততোঽস্ত্রবলবেগেন সাচিব্যাচ্চ সুরারুণাঃ।
ঘোররূপা মহাবেগা নিপেতুর্বাণবৃষ্টয়ঃ ॥ ১৪
শিতাংশ্চ দৈত্যা বলিনঃ সিতবাহৈঃ পরশ্বধৈঃ।
পরিঘৈরায়সৈঃ খড়্গৈঃ ক্ষেপণীয়ৈশ্চ মুদ্গরৈঃ ॥ ১৫
গণ্ডশৈলৈশ্চ বিবিধৈ র্ভিন্দিপালৈশ্চ সর্ব্বশঃ।
যাতনীভিশ্চ গুর্ব্বীভিঃ শতঘ্নীভিস্তথৈব চ ॥ ১৬
মুশৈর্ঘণ্টৈশ্চ নির্ঘাতৈর্গদৈশ্চ বিদ হেঃ
সর্ব্বান্ দেবগণান্ দৈত্যাঃ সরিজ্জগ্মুঃ সবাসবান্ ॥ ১৭
ধূম্রকেশং হরিশ্মশ্রুং তারাং প্রজ্বলনদ্যুতিম্
রক্তসন্ধ্যাভ্রসঙ্কাশং কিরাতং রক্তমর্দ্দনম্ ॥ ১৮
নীলশীতাম্বরধরং বিদ্যুদ্দংষ্ট্রাঙ্কহারিণম্
আজ্ঞাসুবাহং হর্য্যক্ষং বৈদূর্য্যাতরলপ্রভম্ ॥ ১৯

সমুদ্ভাষ্যুধং দৃষ্ট্বা সর্ব্বে দেবগণাস্তদা
তে হিরণ্যাক্ষমসুরং দৈত্যানামগ্রতঃ স্থিতম্ ॥ ১০
যুগান্তসময়ে ভীমং স্থিতং মৃত্যুমিবাগ্রতঃ
প্রবিব্যধুঃ সুরাঃ সর্ব্বে তদা শত্রুপুরোগমাঃ ॥ ২১
সৃষ্ট্বাস্ত্রাস্ত্র হিরণ্যাক্ষঃ মহাদ্রিমিব জঙ্গমম্।
দেবাঃ সংবিগ্নমনসঃ প্রসূতস্তরসাননাঃ।
সহস্রাক্ষং পুরস্কৃত্য তস্থুঃ সংগ্রামমূর্দ্ধনি ॥ ২২
সা চ দৈত্যচমূ রেজে হিরণ্যকবচোজ্জ্বলা।
প্রবৃদ্ধনক্রগ্রহণা শারদী সৌরিবার্ণবা ॥ ২৩
তেঽন্যোন্যমপি সম্পেতুঃ পাতয়ন্তঃ পরস্পরম্।
বভঞ্জুর্বাহুভির্বাহূন্ ঊরুভিশ্চ ঊরুষূদরৈঃ ॥ ২৪
গদানিপাতৈর্ভগ্নাঙ্গা বিচেষ্টা বাহিতোরসঃ
বিনিপেতুঃ পৃথক্ কেচিদ্ বিচেষ্টাশ্চেষ্টিতে ঽপরে ॥ ২৫
বভঞ্জিরে তথা কেচিৎ কেচিৎ সম্মুক্তিতা রথৈঃ

সঙ্ঘের সহিত হিরণ্যাক্ষ দেবরাজ ইন্দ্রের দিকে ধাবিত হইলেন ॥ ১২

তিনি তীক্ষ্ণ পরশু, তরবারি, গদা, তোমর, শক্তি, মুদ্গল ও পট্টিশসমূহের দ্বারা দেবরাজ ইন্দ্রকে আচ্ছাদিত করিয়া দিলেন ॥ ১৩

তাহার পর তাঁহার অস্ত্রের বল ও বেগে অগ্নিশিখাযুক্ত, অত্যন্ত ভীষণ, ঘোর ও মহাবেগযুক্ত বর্ষণকারী ইন্দ্রের উপর পতিত হইতে লাগিল ॥ ১৪

অবশিষ্ট দৈত্যগণ শ্বেতবর্ণ বাহনে সজ্জিত, লৌহনির্ম্মিত পরিঘ, তরবারি, ক্ষেপণীয় অস্ত্র, মুদ্গর, তেজোযুক্ত ও পর্ব্বতসদৃশ নানাবিধ পর্ব্বতশিখর, তীক্ষ্ণ আঘাতকারী তীক্ষ্ণ শতঘ্নী, বজ্রের ন্যায় আকৃতিবিশিষ্ট অস্ত্র, নির্ঘাত যন্ত্র ও বিদীর্ণকারী অর্গলসমূহের দ্বারা ইত্যাদি দেবতাগণকে প্রহার করিতে ও আহত করিতে লাগিল ॥ ১৫-১৭

দৈত্যরাজ হিরণ্যাক্ষের কেশ ধূম্রবর্ণ ছিল। শ্মশ্রু (গোঁফ ও দাড়ি) হরিতবর্ণ ছিল। ইনি নানাপ্রকার প্রহরণশীল অস্ত্রে সজ্জিত ছিলেন। ইহার অঙ্গকান্তি সন্ধ্যাকালের মেঘের ন্যায় রক্তবর্ণ ছিল। ইনি নিজ মস্তকে উত্তম কিরীট ধারণ করিয়াছিলেন। ইহার দেহে নীল ও পীত বর্ণের বস্ত্র পরিচ্ছিন্ন ছিল। ইহার মুখে উপরে উত্থিত তীক্ষ্ণ দন্ত ছিল এবং বাহুদ্বয় জানু পর্য্যন্ত লম্বা ছিল। ইনি বৈদূর্য্যমণি-নির্ম্মিত আভরণসমূহে উদ্ভাসিত হইতেছিলেন। এরূপ হিরণ্যাক্ষকে দৈত্য অসুর লইয়া যুদ্ধের জন্য উদ্যত হইতে দেখিয়া সমস্ত দেবতাগণ ভয়কালে আক্রান্তচিত্ত হইয়া পড়িলেন ॥ ১৮-২১

দৈত্যগণের অগ্রে অবস্থিত অসুর হিরণ্যাক্ষ এই সমস্ত সম্মুখে অবস্থিত ভয়ঙ্কর মৃত্যুর ন্যায় প্রতীত হইতেছিলেন। এই ইত্যাদি দেবগণ সেই সমস্ত তাঁহাকে দেখিয়া অত্যন্ত ব্যথিত হইয়া উঠিলেন ॥ ২০-২১

যমনকারী মহাপর্ব্বতসদৃশ দৈত্যরাজ হিরণ্যাক্ষকে আসিতে দেখিয়া সমস্ত দেবগণের চিত্ত ভীত হইয়া উঠিল। তাঁহারা হস্তে বহু প্রহরণ করত সহস্রলোচন ইন্দ্রকে অগ্রে করিয়া যুদ্ধের সম্মুখভাগে অবস্থান করিতে লাগিলেন ॥ ২২

ধূম্রবর্ণবিশিষ্ট কবচের দ্বারা উদ্ভাসিত দৈত্যগণের সেই সৈন্যবাহিনী নক্রসমূহে পূর্ণ শরৎসময়ের নির্ম্মল আকাশের ন্যায় শোভা পাইতেছিল ॥ ২৩

এই দেবতা ও দৈত্যগণ পরস্পরকে পাতিত করিতে করিতে পতিত হইতে লাগিলেন। যুদ্ধাভিলাষী অন্য বীরগণ নিজেদের বাহুর দ্বারা শত্রুপক্ষের সৈন্যদের বাহুসমূহ ভাঙ্গিয়া দিতে লাগিলেন ॥ ২৪

বহু যোদ্ধার অঙ্গ গদার আঘাতে ভাঙ্গিয়া যাইল। বাণসমূহের আঘাতে অনেকের বক্ষঃস্থলে অত্যন্ত পীড়া হইতে লাগিল। কত যোদ্ধা যুদ্ধস্থলে পৃথক্‌ভাবে পতিত হইল এবং অন্য যোদ্ধারাও নিহত হইতে লাগিল ॥ ২৫

অনেক সৈন্য রথসকলকে ভঙ্গ করিয়া দিল, অনেকে আবার

সম্ভাবয়ন্তে সম্প্রাপ্তা ন শেকুশ্চলিতুং রথাৎ ॥ ২৬
দানবেন্দ্রবলা তত্র দেবানাঞ্চ যতঃ বলম্
অন্যোন্যবাণবর্ষেণ বৃত্তদৃষ্টিনাবৃতৌ ॥ ২৭
হিরণ্যাক্ষস্তু বলবান্ ক্রুদ্ধঃ স দিতিনন্দনঃ
ববর্ষ্ব মহাতেজাঃ সমূহ ইব পর্ব্বণি ॥ ২৮
তস্য ক্রুদ্ধস্য সংসা বুধাগ্নিস্ফেরুরচ্ছিবঃ।
মাগ্নিধূমস্তু পবনো ববৌ তস্য সমীপতঃ ॥ ২৯
শস্ত্রজালৈর্ব্বৃতৈর্ঘোরৈঃ পরিঘৈরপি।
সর্ব্বাকাশমাবৃতে পর্ব্বতৈরুষিভৈরিব ॥ ৩০
বভূবুঃ শস্ত্রনিক্ষিপ্তৈশ্ছিন্নভিন্নশিরোরসঃ
ন শেকুশ্চলিতুং দেবা হিরণ্যাক্ষার্দ্দিতা যুধি ॥ ৩১
সর্ব্বে বিত্রাসিতা দেবা হিরণ্যাক্ষেণ সংযুগে

ন শেকুর্যুদ্ধবত্তোঽপি বদ্ধুং কর্ত্তুং বিচেতসঃ ॥ ৩২
তেন শক্রঃ সহস্রাক্ষ স্তুত্তিতোঽগ্রেণ বীর্য্যতা।
ঐরাবতগতঃ সাংখ্যো নাশকচ্চলিতুং ভয়াৎ ॥ ৩৩
সর্ব্বাংস্তু দেবানধিপান্ স পরাজিত্য দানবঃ।
তত্ত্বস্থিতা চ দেবেশমাস্থিতঃ মরুতো গণং ॥ ৩৪
সন্তোয়মেঘপ্রতিমোগ্রনিস্বন
প্রভিন্নমাতঙ্গবিলাসবিক্রমঃ।
বভূবিধূয়ন্তুমুদাবহ'ন্
তথাসুরেন্দ্রঃ সুমহান্ সুখান্বিতঃ ॥ ৩৫

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
বারাহে শক্রস্তবস্তুনে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৫৮

শক্রপক্ষের রথসমূহের ধ্বজ বিচেতরাই স্থিত হইয়া যাইল। অন্য বহু যোদ্ধা চারিদিকে একপভাবে আবৃত হইল যে, তাহারা তখন রথ হইতে চলিতেও পারিল না। ২৬

সেখানে একদিকে দানবও হিরণ্যাক্ষের সৈন্যবাহিনী ছিল এবং অন্যদিকে দেবতাগণের বিশাল বাহিনী অবস্থান করিতেছিল। উভয় দিক হইতেই পরস্পরের উপর বাণবর্ষণ হইতেছিল। ইহাতে সেই সময় যুদ্ধের এক দৃশ্য জাগিয়া উঠিয়াছিল। ২৭

দিতিনন্দন হিরণ্যাক্ষ মহাতেজস্বী ও বলবান্ ছিলেন। তিনি ক্রুদ্ধ হইয়া সেইভাবে বর্ষণ করিলেন, যেরূপ পর্ব্বকালে (পূর্ণিমা ও অমাবস্যায়) সমুদ্র বর্ষণ করে। ২৮

ক্রুদ্ধ হিরণ্যাক্ষের মুখ হইতে তখন সহসা অগ্নির শিখা নির্গত হইতে লাগিল। তাঁহার নিকটে অগ্নি ও ধূমযুক্ত প্রচণ্ড বায়ু প্রবাহিত হইতে লাগিল। ২৯

তিনি নানাপ্রকার অস্ত্রসমূহ, বজ্র ও পরিঘসমূহের দ্বারা সেইভাবে আকাশকে আবৃত করিলেন, যেরূপ ঋষিগণ পর্ব্বত-সকলের দ্বারা আকাশ আবৃত হইয়া যায়। ৩০

যুদ্ধে বহু অস্ত্র এবং তরবারিসমূহের দ্বারা দেবতাগণের মস্তক ও বক্ষস্থল ছিন্নভিন্ন হইয়া যাইল। তাঁহারা হিরণ্যাক্ষের দ্বারা এরূপ পীড়িত হইয়া ন চলেন যে, তখন দেবগণ চলিতেও সমর্থ রহিলেন না। ৩১

সেই যুদ্ধস্থলে হিরণ্যাক্ষ সমস্ত দেবতাগণকে এরূপ ভীত করিয়া দিয়াছিলেন যে, তাঁহারা সকলে অচেতনা হইয়া যাইলেন এবং তাঁহারা যুদ্ধস্থল হইতেও কোন যুদ্ধ করিতে পারিলেন না। ৩২

এই বুদ্ধিমান্ দৈত্য হিরণ্যাক্ষ নিজের অস্ত্রের দ্বারা যুদ্ধস্থলে ঐরাবতের উপরে স্থিত সহস্রলোচন ইন্দ্রকে ক্ষতিগ্রস্ত করিয়া দিলেন, যাহাতে তিনি ভয়বশতঃ পলায়ন করিতেও অসমর্থ হইয়া পড়িলেন। ৩৩

সমস্ত দেবগণকে পূর্ব্বরূপে পরাজিত করিয়া এবং দেবরাজ ইন্দ্রকেও স্তম্ভিত করিয়া দিয়া এই দানবরাজ সারা জগৎকে নিজেরই অধীন বলিয়া মনে করিতে লাগিলেন। ৩৪

তিনি যখন সজল জলধরের ন্যায় ভয়ানক গর্জ্জন করিতে লাগিলেন, তাঁহার শরীর মদধারা প্রবাহিতহাতী হস্তীর ন্যায় বিলাসযুক্ত মনে হইতেছিল, সেই সময় সেখানে অবস্থিত দেবতাগণ উহার তেজস্বী অসুররাজ হিরণ্যাক্ষকে বারংবার ধনু কম্পিত করিতে ও টঙ্কার ধ্বনি করিতে দেখিলেন। ৩৫

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে বারাহাখ্যতন্ত্রসম্মত ইন্দ্রের স্তবনবিষয়ক অষ্টত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনচত্বারিংশোঽধ্যায়ঃ।

[ভগবতা বারাহেণ হিরণ্যাক্ষস্য বধঃ।]

বৈশম্পায়ন উবাচ।

নিষ্প্রবৃত্তে মুরগণে বধিতেষু সুরেষু চ।
হিরণ্যাক্ষবধে বুদ্ধিং চক্রে চক্রগদাধরঃ ॥ ১
বারাহং পর্বতো নাম যঃ পূর্বং সমুদাহৃতঃ।
স এব কৃতা ভগবানাজগামাসুরান্তকৃৎ ॥ ২
ততস্তন্ত্র প্রতীকাশমগৃহ্লাচ্ছঙ্খমুত্তমম্।
সহস্রারঞ্চ তচ্চক্রং চক্রপর্বতসন্নিভম্ ॥ ৩
মহাদেবো মহাবুদ্ধির্মহাযোগী মহেশ্বরঃ।
পঠ্যতে যোঽমরৈঃ সর্বৈর্গুহ্যৈর্নামভিরব্যয়ঃ ॥ ৪
সদসচ্চাত্মনি শ্রেষ্ঠঃ সদ্ভির্যঃ সেব্যতে সদা।
ইজ্যতে যঃ পুরাদৈত্যৈ র্ত্রিলোকে লোকভাবনঃ ॥ ৫
যো বৈকুণ্ঠঃ সুরেন্দ্রাণামন্তে ভোগিনামপি।
বিষ্ণুর্যো যোগবিদ্ভ্যাং যো যজ্ঞো যজ্ঞকর্মণাম্ ॥ ৬
মধ্যে যস্য প্রসাদেন ভুবনস্থা দিবৌকসঃ।
আজ্ঞাং মহর্ষিভির্দত্তমনুবর্ত্তি ত্রিধা হুতম্ ॥ ৭
যো গতির্দেবদৈত্যানাং যঃ সুরাণাং পরা গতিঃ।
যঃ পবিত্রং পবিত্রাণাং বরমূত্তমবারণো বিভুঃ ॥ ৮
যস্য চক্রপ্রবিষ্টানি দানবানাং যুগে যুগে।
কুলান্যাকুলতাং যান্তি যানি দৃষ্টানি বীর্য্যতঃ ॥ ৯
ততো দৈত্যেশ্বরকরঃ পৌরাণং শঙ্খমুত্তমম্।
বদন্ বক্ত্রেণ বলবানাক্ষিপদ্দৈত্যজীবিতম্ ॥ ১০
শ্রুত্বা শঙ্খস্বনং ঘোরমসুরাণাং ভয়াবহম্।
কুপিতা দানবাঃ সর্বে নিশ্চেষ্টা দদৃশুর্বলম্ ॥ ১১
ততঃ সাম্বর্তকসমো হিরণ্যাক্ষো মহাসুরঃ।
কোষ্ণহৃদিত্যব্রবীদ্ বো মায়াস্ত্রাণবমুদ্যতম্ ॥ ১২

একোনচত্বারিংশ অধ্যায়।

[ভগবান্ বারাহ কর্তৃক হিরণ্যাক্ষ বধ।

বৈশম্পায়ন কহিলেন, যখন দেবরাজ ইন্দ্র নিজেই ও সমস্ত দেবতারা পরাজিত হইলেন তখন চক্র ধারণকারী ভগবান বিষ্ণু স্বয়ংই হিরণ্যাক্ষকে বধ করিবার বুদ্ধি করিলেন। ১

পূর্ব্বে যে পর্ব্বতাকার যজ্ঞবরাহের বর্ণনা করা হইয়াছে, সেই অসুরবিনাশকারী ভগবান শ্রীহরি এই বারাহ-রূপে প্রকটিত হইয়া সেস্থানে আসিলেন। ২

তদনন্তর তিনি চন্দ্রকলা উজ্জ্বল ও উত্তম শঙ্খ হস্তে গ্রহণ করিলেন এবং অন্য হস্তে চক্রপর্ব্বত-সদৃশ বিশাল ও সহস্র অরযুক্ত সুপ্রসিদ্ধ সুদর্শন চক্র ধারণ করিলেন। ৩

এই অবিনাশী শ্রীহরিকে সমস্ত দেবতাগণ মহাদেব, মহাবুদ্ধি, মহাযোগী ও মহেশ্বর প্রভৃতি গুহ্য নামসমূহের দ্বারা কীর্ত্তন করেন। ৪

সৎপুরুষগণ সদা নিজেদের হৃদয়ে যে সদসৎস্বরূপ শ্রেষ্ঠ পরমাত্মাকে সেবন করেন এবং তিন লোকে যে লোকভাবন পূজার পুরুষের পূজা করা হয়। ৫

তিনি দেবেন্দ্রগণের নিকট বৈকুণ্ঠ, সর্পগণের নিকট অনন্ত, তিনি যোগবিদ্গণের নিকট বিষ্ণু এবং তিনি যজ্ঞকর্ম্ম-কারিগণের নিকট যজ্ঞ-স্বরূপ বলিয়া পরিচিত আছেন। ৬

যাঁহার কৃপাপ্রসাদে নিজ নিজ ভুবনে থাকিয়াই দেবগণ যজ্ঞে ঋষিদিগের দ্বারা প্রদত্ত এবং ত্রিমার্গ ও প্রভূত নামক ত্রিবিধ ভোগে আহুতিরূপে প্রদত্ত ঘৃত ভোজন করেন। ৭

যিনি দেবতা ও দৈত্যগণেরও আশ্রয়, দেবতাদিগের পরম গতি, যিনি পবিত্রগণকেও পবিত্র করেন, যিনি শ্রেষ্ঠ, অবিনাশী এবং ব্যাপক। ৮

প্রত্যেক যুগে নিজেদের বলের উপর গর্ব্বপ্রকাশকারী দানবগণের কত কুলসমূহ যাঁহার চক্রাগ্নিতে প্রবিষ্ট হইয়া সেস্থানে বিলীন হইয়া গিয়াছে সেই ভগবানই এস্থানে উপস্থিত হইলেন)। ৯

তদনন্তর বলবান্ ভগবান্ বারাহ দৈত্যগণের ভয়বর্দ্ধক নিজের উত্তম ও পুরাতন শঙ্খকে মুখে যাহা করিতে করিতে বহু দৈত্যের প্রাণহরণ করিলেন। ১০

অসুরগণের ভয়বর্দ্ধক সেই শঙ্খধ্বনি শ্রবণ করিয়া সমস্ত দানবগণ ক্ষুব্ধ হইয়া উঠিল এবং নিজেদের দুর্দ্ধর্ষতা প্রকাশ করিতে লাগিল। ১১

তারপর ক্রোধে চক্ষু রক্তবর্ণ করিয়া মহাসুর হিরণ্যাক্ষ বলিলেন,—ইনি কে? অনন্তর ক্রোধসহকারে নারায়ণকে দেখিতে লাগিলেন। ১২

ধারাবরপিণঃ দেবঃ সংস্তিতঃ পুরুষোত্তমম্ ।
পদ্মচক্রোদ্যতকরঃ দেবানামাত্তিনাশনম্ ॥ ১৩
রবাঙ্গ পদ্মচক্রাভ্যাং তাভ্যামস্বরভূষণঃ ।
সূর্য্যাচন্দ্রমসোর্মধ্যে যথা নীলপয়োধরঃ ॥ ১৪
ততোঽসুরগণাঃ সর্ব্বে হিরণ্যাক্ষপুরোগমাঃ
উদ্যতায়ুধনিস্ত্রিংশা দৃষ্ট্বা দেবমুপাস্থিতম্ ॥ ১৫
শৈত্যযানোঽথিবিলিভির্দৈত্যৈঃ সর্ব্বায়ুধোদ্যতৈঃ ।
ন চচাল ধরির্দ্ধৈর্য্যেঽকম্পমান ইবাচলঃ ॥ ১৬
ততঃ প্রজ্বলিতাঃ শক্তিঃ বারাহোঽসি দানবঃ
হিরণ্যাক্ষো মহাতেজাঃ পাতয়ামাস বীর্য্যবান্ ॥ ১৭
তস্যাঃ শক্ত্যাঃ প্রভাবেণ ব্রহ্মা বিস্ময়মাগতঃ
সমীপমাগতাং দৃষ্ট্বা মহাশক্তিং মহাবলঃ ॥ ১৮
হুঙ্কারেণৈব নির্ব্বর্ত্য পাতয়ামাস ভূতলে
তস্যাং প্রতিহতায়াং তু ব্রহ্মা সাশিষমি চাব্রবীৎ ॥ ১৯

যঃ প্রভুঃ সর্ব্বভূতানাং বারাহেণ তাত্মিতঃ
ততো ভগবতা চক্রমাবিদ্ধাশিরসাহরিতম্ ॥ ১০
পাতিতং দানবেন্দ্রস্য শিরস্ত্রাণমকর্ণণা ।
ততঃ স্তিমিতমৈব শিরস্তস্য ভূমৌ পপাত হ ।
হিরণ্যয়ং বজ্রহতং মেরুশৃঙ্গমিবোত্তমম্ ॥ ২১
হিরণ্যাক্ষে হতে দৈত্যে সেবা যে তস্য দানবাঃ ।
সর্ব্বে তস্য সমব্রতা জগ্মুরাশু দিশো দশ ॥ ২২
স সর্ব্বলোকপ্রতিঘাতচক্রো
মহাবরাহপ্রতিমোগ্রচক্রঃ
ধন্যো বরাহো ঋষি চক্রপাণিঃ
কালো যুগান্তেষ্বিব বপ্তপাণিঃ ॥ ২৩

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
বারাহে একোনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৩৯ ॥

এই বারাহরূপধারী ভগবান্ পুরুষোত্তম দেবতাদের পীড়ানাশক ছিলেন, অতএব তিনি হস্তে পদ্ম ও চক্র ধারণ করত সেস্থানে অবস্থান করিতে লাগিলেন। ১৩

অম্বরভূষণ শ্রীহরি সেই শঙ্খ-চক্রে যেরূপ শোভা পাইতে ছিলেন; যেন নীল মেঘ সূর্য্য ও চন্দ্রের মধ্যভাগে সুশোভিত হইতেছে। ১৪

সেই সময় বলগর্ব্বিত হিরণ্যাক্ষপ্রভৃতি অসুরগণ নানাবিধ অস্ত্র ও ফলা উদ্যত করিয়া সেস্থানে ভগবান্ বারাহের দিকে ধাবিত হইল। ১৫

সর্ব্বপ্রকার অস্ত্র উদ্যত করিয়া অত্যন্ত বলশালী দৈত্যগণের দ্বারা পীড়িত হইতে থাকিলেও ভগবান্ শ্রীহরি সেই যুদ্ধে নিহত হইলেন না, তিনি পর্ব্বতের ন্যায় অবিচলভাবে বর্ত্তমান রহিলেন। ১৬

তদনন্তর মহাতেজস্বী ও পরাক্রান্ত দানব হিরণ্যাক্ষ ভগবান্ বারাহের প্রতি এক জ্বলন্ত প্রজ্বলিত শক্তি নিক্ষেপ করিলেন। ১৭

সেই শক্তির প্রভাবে ব্রহ্মা বিস্মিত হইলেন। সেই মহাশক্তিকে নিকটে আসিতে দেখিয়া মহাবল ভগবান্ বারাহ হুঙ্কারের দ্বারাই তাহাকে বিদীর্ণ করিয়া ভূতলে পাতিত করিলেন। সেই শক্তি প্রতিহত হইলে পর ব্রহ্মা শ্রীভগবান্‌কে সাদুবাদ প্রদান করিলেন। ১৮-১৯

যিনি সমস্ত প্রাণিগণের প্রভু ছিলেন সেই ভগবান্ বারাহকে যখন সেই দৈত্য পুনরায় আঘাত করিলেন, তখন উত্তম কর্ণকারী ভগবান্‌ও নিজের সূর্য্যতুল্য তেজস্বী সুবর্ণ চক্রকে ঘুরাইয়া দানববর হিরণ্যাক্ষের মস্তকে নিক্ষেপ করিলেন। ২০।

তখন সেস্থানে দণ্ডায়মান অবস্থাতেই সেই হিরণ্যাক্ষের মস্তক ভূতলে পতিত হইল; তাহাতে মনে হইল—মেরুপর্ব্বতের এক সুন্দর ও স্বর্ণময় শিখর বজ্রে আহত হইয়া ধরাশায়ী হইল। ২১

দৈত্য হিরণ্যাক্ষ নিহত হইলে পর সেস্থানে যে সব দানবগণ অবস্থিত ছিল, তাহারা সকলেই ভগবানের ভয়ে ভয়পরায়ণ হইয়াই পলায়ন করিল। ২২

যাঁহার চক্রের আঘাত সমস্ত লোকসমূহে কোথাও প্রতিহত হয় না, যাঁহার ভয়ঙ্কর চক্র মহাযুদ্ধসমূহে নিজের কোনও তুলনা রাখেন না, অর্থাৎ অতুলনীয় হইয়া উঠেন, সেই চক্রপাণি ভগবান্ বারাহ সেই সময় ভূতলে স্তব্ধ ও নীরব অবস্থিত প্রলয়কালের যমরাজের ন্যায় শোভা পাইতে লাগিলেন। ২৩

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে বারাহাবতারবিষয়ক একোনষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চত্বারিংশোঽধ্যায়ঃ ॥

[দেবতানাং স্বকীয়-প্রভূত্বপ্রাপ্তিঃ ৯মন্ত-লোকানামধিপত্যে দেবরাজস্যেন্দ্রস্য প্রতিষ্ঠা, সদস্যৈঃ পুরুষর্ষাণাং যথোচিত গতিমাশিষ্য শ্রীভগবতোঽন্তর্ধানম্, দেবেন্দ্রেণ পর্ব্বতানাং পঞ্চত্বেগমনঞ্চ।

বৈশম্পায়ন উবাচ

বিজ্ঞায় তু রণে সর্ব্বানসুরান্ পুরুষোত্তমঃ।
সুমোচ তত্র বজ্রাস্ত্রান্ পুরন্দরমুখান্ সুরান্ ॥১

ততঃ প্রকৃতিমাপন্নাঃ সর্ব্বে দেবগণাস্তদা
পুরস্কৃত্য পুরস্কৃতা নারায়ণমুপস্থিতাঃ ॥ ২

দেবা ঊচুঃ

ত্বৎপ্রসাদেন ভগবন্ বরদেন বাহুবলেন চ।
জীবামোঽদ্য মহাবাহো নিষ্ক্রান্তাশ্চান্তকাননাৎ ॥ ৩

যজ্ঞাসনাদ্ধি ভগবন্ কিং কৃত্বাস্মদ্বিধাঃ সুরাঃ।
ইচ্ছামঃ পাদশুশ্রূষাং তব কর্ত্তুং সনাতন ॥ ৪

বৈশম্পায়ন উবাচ

তচ্ছ্রুত্বা বচনং তেষাং পুণ্ডরীকনিভেক্ষণঃ
উবাচ বচনং দেবান্ মৃদু যুক্তং হৃতদ্বিষঃ ॥ ৫

চত্বারিংশ অধ্যায়।

[দেবতাগণের নিজেদের পূর্ব্ব প্রাপ্তি, সমস্ত লোকসমূহের আধিপত্যে দেবরাজ ইন্দ্রের প্রতিষ্ঠা, সদস্যগণ পুরুষগণের যথোচিত গতির আলোচনা করিয়া শ্রীভগবানের অন্তর্ধান এবং দেবেন্দ্র কর্ত্তৃক পর্ব্বতগণের পঞ্চত্বপ্রাপ্তি।]

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! তখনকার সেই সব অসুরবিধ্বংসকে বিস্তারিত করিয়া ভগবান্ পুরুষোত্তম দেবগণের যত ইচ্ছাদি দেবলক্ষণকে বরদ হইতে মুক্ত করিয়া দিলেন ॥১

তদনন্তর প্রকৃতিস্থ হইয়া সমস্ত দেবগণ দেবরাজ ইন্দ্রকে অগ্রে করত ভগবান্ নারায়ণের নিকট গমন করিলেন (এবং তাঁহাকে বলিলেন।) ॥২

দেবগণ বলিলেন—ভগবন্! মহাবাহো! আপনার কৃপা ও বাহুবলে আজ আমরা মৃত্যুর মুখ হইতে বিমুক্ত হইয়া আসিয়াছি এবং আমরা জীবনলাভ করিয়াছি ॥৩

ভগবন্! আপনার আজ্ঞায় এই অধিষ্ঠিতদেবীর পূজাও এখন কি করিবে? সনাতন দেব! আমরা আপনার চরণ সেবা করিতে ইচ্ছুক হইয়াছি ॥৪

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! দেবতাগণের এই কথা শ্রবণ করিয়া ভগবান্ কমললোচন শ্রীহরি যাঁহাদের শত্রু নিহত হইয়াছে, সেই দেবগণকে এ সকল প্রকারে বলিলেন ॥৫

শ্রীভগবান্ বলিলেন—পূর্ব্বকালে আপনি তাহাদিগের যাহার জন্য যে লোক নির্দ্দিষ্ট করিয়া দিয়াছি, সে সেই লোক পালন করুক এবং কখনও কাহারও দেবের আজ্ঞানুসারে পালন-বিষয়ে যত্ন দেওয়া আবশ্যক ॥৬

এখন তোমাদের যজ্ঞভাগের সহিত নিজেদের ঐশ্বর্য্যও লাভ হইয়াছে, অতএব এখন তোমাদের সেই দেবাজ্ঞাও পালন করা কর্ত্তব্য যাহা আমি পূর্ব্বেই নির্দ্দিষ্ট করিয়া দিয়াছি ॥৭

দেবগণকে এই কথা বলিয়া ভগবান্ হৃষীকেশ যজ্ঞীয় বাণীতে ইন্দ্রকে এই কথা বলিলেন,—দেবেন্দ্র! সজ্জন ও অসজ্জনগণের প্রতি এই নিম্নলিখিত আচরণ তোমার অবশ্যই কর্ত্তব্য ॥৮

সুরশ্রেষ্ঠ! উত্তম ব্রতপালনকারী মুনিগণ তপস্যার দ্বারা তোমার সেই স্বর্গলোকে গমন করুন, যাহা সমস্ত সমস্ত কামনাসমূহ প্রদান করে ॥৯

যে কেহ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য যজ্ঞকারী হইবে, তাহাদের মনোবাঞ্ছিত কামনাসমূহ প্রদানকারী স্বর্গাদি মনোহর লোক প্রাপ্ত হউক, যজ্ঞপরায়ণ পুরুষগণ যজ্ঞানুষ্ঠান করিয়া তোমার দ্বারা স্বর্গাদি ফল লাভ করুক ॥১০

সদ্ধর্ম্ম আচরণ করা যাহাদের স্বভাব, এরূপ পুরুষগণের

সত্যপুরা রূপে পূরা দানপূর্ব্বন্ত যে নরা:
তে নরা: স্বর্গমস্তুত্ত সদা যে চানসূয়বঃ ॥ ১১
অরক্তবানা: পুরুষা: কামিনোঽর্থপরাঃ শঠা:।
অরক্তবানা নাস্তিকাশ্চ নরকং যান্তু মানবা: ॥ ১৩
এতাবৎ ক্রিয়তাং বাক্যং মহোক্তং ত্রিদশেশ্বরা:।
ততো মরি স্থিতে সর্ব্বান বাধিষ্যন্তে ন চারয়:॥ ১৪
ইত্যুক্ত্বাত্তিহিতো দেব: শঙ্খচক্রগদাধর:।
দেবতানাঞ্চ সর্ব্বেষামন্তর্দধে বিশ্বয়ো মহান ॥ ১৫
এতত্তস্যাদ্ভুতং দৃষ্ট্বা বারাহংবিগতা সুরা:
নমস্কৃত্বা বরাহায় নাকপৃষ্ঠমিতো গতা: ॥ ১৬
ততঃ স্বাস্তাধিপত্যানি প্রতিপন্নানি সৈবতৈ:।
সর্ব্বলোকাধিপত্যে চ প্রতিষ্ঠা: বাসবো গতঃ ॥ ১৭
বিমুক্তা দানবগণৈঃ প্রকৃতিং হরণী গতা
স্থৈর্য্যায়েতো ধরিত্র্যাস্তু স্থায়ং চাগচ্ছতান গিরীন্ ॥ ১৮

যেষু স্থানেষু সংস্থাপ্য পর্ব্বতানা: পৃথক্পৃথক্।
চিচ্ছেদ ভগবান পক্ষান্ বজ্রেণ শতপর্ব্বণা ॥ ১৯
সর্ব্বেষামেব পক্ষা বৈ ছিন্না: শক্রেণ ধীমতা।
এক: সপক্ষো মৈনাক: সুরৈস্তৎসময়: কৃত: ॥২০
এষ নারায়ণস্যাস্য: প্রাদুর্ভাবো মহাত্মন:
বারাহ ইতি বিপ্রেন্দ্রৈ: পুরাণে পরিকীর্ত্তিত: ॥ ২১
কৃষ্ণদ্বৈপায়নমতং নানাশ্রুতিসমন্বিতম্।
নাগুচের্ন কৃতঘ্নায় ন নৃশংসায় কীর্ত্তয়েৎ ॥ ২২
ন ক্ষুদ্রায় ন নীচায় ন গুরুদ্বেষকারিণে।
নাশিষ্যায় তথা বাচ্যং কৃতঘ্নায় চৈব হি ॥ ২৩
আয়ুষ্কামৈর্যশঃকামৈর্ধীকামৈঃশ্চ মানবৈঃ
ভক্তৈর্বিষ্ণৌ শ্রোতব্যো দেবানামেষ বৈ ভবঃ ॥ ২৪
পুরাণবেদসম্বন্ধঃ শিবঃ স্বস্ত্যয়নো মহান্
পাবনঃ সর্ব্বসত্ত্বানাং তৎকালবিজয়প্রদঃ ॥ ২৫

সংসারে বৃদ্ধি হইবে এবং পাপকর্ম্মকারীদিগের অভাব হইবে। সমস্ত আশ্রমসমূহে বাসকারী মনুষ্যগণ স্বর্গলোকে জয় করুক ॥ ১১

যাহারা সত্য কথা বলিতে ও আচরণ করিতে শৌর্য্যসম্পন্ন, যুদ্ধেও যাহারা বীরত্ব প্রদর্শন করে, দানেও শৌর্য্যের পরিচয় দান করে এবং যাহারা অন্যের দোষ কখনও দর্শন করে না, এরূপ মনুষ্যগণ সুখভোগ করুক ॥ ১২

যে সব মনুষ্য শ্রদ্ধাহীন কামী, ধনপরায়ণ, শঠ, ব্রাহ্মণদ্রোহী ও নাস্তিক, তাহারা নরকে গমন করুক ॥ ১৩

দেবেশ্বরগণ! আমার দ্বারা কথিত এই ব্রত তোমরা পালন কর, তাহা হইলে আমি থাকিতে তোমাদের সকলকে পরাভব বাধাবাধ করিতে পারিবে না ॥ ১৪

এই কথা বলিয়া শঙ্খ, চক্র ও গদাধারণকারী ভগবান্ বারাহরূপের অন্তর্হিত হইয়া যাইলেন। ভগবান্ বারাহের এই অদ্ভুত চরিত্র দেখিয়া সমস্ত দেবগণ অত্যন্ত বিস্মিত হইলেন। তাঁহারা ভগবান্ বারাহকে নমস্কার করিয়া সেখান হইতে স্বর্গলোকে চলিয়া যাইলেন ॥ ১৫-১৬

অনন্তর দেবগণ সকলেই নিজেদের আধিপত্য প্রাপ্ত হইলেন এবং সর্ব্বলোকের আধিপত্যে দেবরাজ ইন্দ্র প্রতিষ্ঠিত হইলেন ॥ ১৭

দানবগণের নিকট হইতে সর্ব্বতোভাবে মুক্ত হইয়া পৃথিবী প্রকৃতিস্থ (সুস্থ) হইলেন। পৃথিবীকে স্থির রাখিবার নিমিত্তে পর্ব্বতসমূহকে অপরাধী না করিয়া ভগবান দেবরাজ ইন্দ্র তাহাদিগকে নিজ নিজ স্থানে স্থাপিত করিয়া শত পর্ব্বযুক্ত বজ্রের দ্বারা তাহাদের সকলের পক্ষ যেন করিয়া দিলেন ॥ ১৮-১৯

বুদ্ধিমান ইন্দ্র যেই সময় সমস্ত পর্ব্বতেরই পক্ষ ছেদন করিলেন, একমাত্র মৈনাক পর্ব্বতই পক্ষধারী রহিল। দেবগণ তাহার সহিত এই শর্ত্ত করিলেন যে, সে যদি সমুদ্রে অবস্থান করে, তাহা হইলে তাহার পক্ষ ছেদন করা হইবে না ॥ ২০

মহাত্মা নারায়ণের এই বারাহনামক প্রাদুর্ভাব (অবতার) শ্রেষ্ঠ ব্রাহ্মণগণের দ্বারা পুরাণে বর্ণিত হইয়াছে ॥ ২১

নানা শ্রুতিসমূহের দ্বারা অনুমোদিত শ্রীকৃষ্ণ দ্বৈপায়ন ব্যাসদেবের এই অভিমত যে, এই বারাহতত্ত্ব অপবিত্র, কৃতঘ্ন ও নৃশংস পুরুষের নিকট বর্ণনা করিবে না ॥ ২২

না ক্ষুদ্র, না নীচ, না গুরুদ্রোহী, না অশিষ্য এবং না কৃতঘ্ন ব্যক্তিকে এই তত্ত্বের উপদেশ করিবে ॥ ২৩

যে মানবগণ আয়ু, যশ, বুদ্ধি এবং ভগবান্ লাভ করিতে অভিলাষী, তাহাদের দেবগণের এই বিজয়-প্রদ কথা শ্রবণ করা উচিত ॥ ২৪

এই প্রসঙ্গ পুরাণ ও বেদসকলের সহিত সম্বন্ধবিশিষ্ট, ইহা কল্যাণকারী ও মহান্ মঙ্গলপ্রদ এবং সমস্ত প্রাণিসমূহের পবিত্রকারক ও তৎকালে বিজয় প্রদানকারী ॥ ২৫

এষ কৌনখ্য তবেন কথিতস্তপুপর্বণঃ
বারাহস্তু নৃপশ্রেষ্ঠ প্রাদুর্ভাবো মহাত্মনঃ ॥ ১৬
যে যজন্তি মখৈঃ পূর্বৈর্দেবতানি পিতৃনপি
আত্মানমাত্মনা নিত্যং বিষ্ণুমেব যজন্তি তে ॥ ১৭

লোকায়নায় ত্রিদশালয়ায়
বক্ষাংসি যাজ্ঞাকৃতবাসনায় ।
নারায়ণায়াত্মবিভিন্নতায়
মহাবরাহায় নমস্করু ॥ ১৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে হরিবংশে ভবিষ্যপর্বণি বারাহপ্রাদুর্ভাবে চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪০ ॥

নৃপশ্রেষ্ঠ ! কৌনখ্যনন্দন ! যাহারা বারাহের প্রাদুর্ভাবের এই কথা আমি ক্রমানুসারে ও যথাযথভাবে বর্ণনা করিলাম ॥ ১৬

যাঁহারা পবিত্র যজ্ঞসমূহের দ্বারা দেবতা ও পিতৃগণের যজন করেন এবং প্রতিদিন ইঁহাদের দ্বারা আত্মার চিন্তা করেন, তাঁহারা ভগবান বিষ্ণুরই আরাধনা করিয়া থাকেন ॥ ১৭

রাজন ! যিনি সম্পূর্ণ লোকসমূহের পতি, যেখানে দেবতাগণের আলয়, বেদসকলের প্রাদুর্ভাব স্থান, আকাশেই ব্রহ্মারও আলয় এবং নিজের ভিন্নের স্থান, সেই মহাবারাহরূপধারী ভগবানকে তুমি নমস্কার কর ॥ ১৮

শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে হরিবংশে ভবিষ্যপর্বে বারাহাবতারবিষয়ক চত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ।

একচত্বারিংশোঽধ্যায়ঃ ৷

[হিরণ্যকশিপোস্তপস্যা, বরপ্রাপ্তিঃ, অত্যাচারঃ, দেবেভ্যো ব্রহ্মণ আশ্বাসদানম, নরসিংহরূপং ধৃত্বা ভগবতো বিষ্ণোর্হিরণ্যকশিপোঃ সভায়াং গমনম, তস্য সংহারঃ বর্ণনঞ্চ ।

বৈশম্পায়ন উবাচ

বারাহ এষ কথিতো নারসিংহমতঃ শৃণু
যত্র হত্বা মৃগেন্দ্রেণ হিরণ্যকশিপুর্হরিঃ ॥ ১
পুরা কৃতযুগে রাজন হিরণ্যকশিপুঃ প্রভুঃ
দৈত্যানামধিপুরুসত্তমঃ সুমহাতপাঃ ॥ ২
দশ বর্ষসহস্রাণি শতানি দশ পঞ্চ চ
জলবাসী সমভবৎ স্থানামৌনব্রতস্থিতঃ ॥ ৩
ততঃ শমদমাভ্যাঞ্চ তস্মাচ্চাপৈব চ
ব্রহ্মা প্রীতোঽভবত্তস্য তপসা নিয়মেন চ ॥ ৪

ততঃ স্বয়ম্ভুর্ভগবান স্বয়মাগম্য তত্র চ
বিনায়নোর্কবর্ণেন হংসযুক্তেন ভাস্বতা ॥ ৫
আদিত্যৈর্বসুভিঃ সাধ্যৈরশ্বিভ্যাং দৈবতৈঃ সহ
রুদ্রৈর্বিশ্বসহায়ৈশ্চ যক্ষরক্ষঃকিন্নরৈঃ ॥ ৬
দিগ্ভিশ্চাথ বিদিগ্ভিশ্চ নদীভিঃ সাগরৈস্তথা
নক্ষত্রৈশ্চ মুহূর্তৈশ্চ খেচরৈশ্চ মহাগ্রহৈঃ ॥ ৭
দেবৈর্ঋষিভিঃ সাধ্যৈঃ সিদ্ধৈঃ পুণ্যজনৈস্তথা ।
রাজর্ষিভিঃ পুণ্যকৃদ্ভিঃ পবিত্রৈলোকসংগ্রহৈঃ ॥ ৮
চরাচরগুরুঃ শ্রীমান ব্রুতো দেবগণৈঃ সহ ।
ব্রহ্মা ব্রহ্মবিদাং শ্রেষ্ঠো দৈত্যায় বরমব্রবীৎ ॥ ৯

একচত্বারিংশ অধ্যায়

[হিরণ্যকশিপুর তপস্যা, বরপ্রাপ্তি ও অত্যাচার, দেবগণকে ব্রহ্মার আশ্বাসদান, নরসিংহরূপ ধারণ করিয়া ভগবান্ বিষ্ণুর হিরণ্যকশিপুর সভায় গমন এবং তাহার সভার বর্ণন ।]

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয় ! এই আমি বারাহ অবতারের কথা বলিলাম, এখন নরসিংহ অবতারের চরিত্র শ্রবণ কর, যাহাতে শ্রীভগবান্ (নর ও) সিংহের রূপ ধারণ করত হিরণ্যকশিপুকে বধ করিয়াছিলেন ॥ ১

রাজন্ ! পূর্বকালে সত্যযুগের এই বৃত্তান্ত, দৈত্যগণের অধিপুরুষ প্রভাবশালী হিরণ্যকশিপু অতিশয় কঠোর তপস্যা করিয়াছিলেন ॥ ২

তিনি ছাই মৌনব্রত ধারণ করত এগার হাজার পাঁচ শত বৎসর পর্যন্ত জলে বাস করিয়াছিলেন ॥ ৩

তদনন্তর তাঁহার শম (মনোনিগ্রহ), দম (ইন্দ্রিয় সংযম), ব্রহ্মচর্য, তপ ও নিয়মে ব্রহ্মা অতিশয় প্রসন্ন হইলেন ॥ ৪

সমস্ত চরাচর প্রাণিগণের গুরু, ব্রহ্মবিদ্গণের মধ্যে শ্রেষ্ঠ, শ্রীসম্পন্ন, বক্তৃ ভগবান ব্রহ্মা সূর্যতুল্য বর্ণবিশিষ্ট হংসযুক্ত (তেজস্বী বিমানের দ্বারা আদিত্য, বসু, সাধ্য, মরুদ্গণ, যেবতা, বিশ্বসহায়ক রুদ্র, যক্ষ, রাক্ষস ও কিন্নরগণ, বিষ্ণু ও বিভিন্নরূপ, নদী, সমুদ্র ও নক্ষত্রসকল, মুহূর্তের অধিষ্ঠাতা দেবতাগণ, আকাশচারী মহাগ্রহসকল, দেব, ব্রহ্মর্ষি, সিদ্ধ, সপ্তর্ষি, পুণ্যকর্মা রাজর্ষি, গন্ধর্ব, অপ্সরা এবং অন্যান্য দেবসঙ্ঘগণের সহিত উঁহাদের দ্বারা পরিবৃত হইয়া সেখানে উপস্থিত হইলেন এবং সেই দৈত্য হিরণ্যকশিপুকে এই কথা বলিলেন ॥ ৫-৯

ব্রহ্মোবাচ

প্রীতোঽস্মি তব ভক্তস্য তপসানেন সুব্রত
বরং বরয় ভদ্রং তে যথেষ্টং কামমাপ্নুহি ॥ ১০

ততো হিরণ্যকশিপুঃ প্রীতাত্মা দানবোত্তমঃ।
কৃতাঞ্জলিপুটঃ শ্রীমান্ বচনং চেদমব্রবীৎ ॥ ১১

হিরণ্যকশিপুরুবাচ।

ন দেবাসুরগন্ধর্বা ন যক্ষোরগরাক্ষসাঃ।
ন মানুষাঃ পিশাচাশ্চ নিঘ্নন্ত্যাং কথঞ্চন ॥ ১২

ঋষয়ো নৈব মাং ক্রুদ্ধাঃ সর্বলোকপিতামহ
শপেযুস্তপসা যুক্তা বর এষ বৃতো ময়া ॥ ১৩

ন শস্ত্রেণ ন চাস্ত্রেণ গিরিণা পাদপেন চ।
ন শুষ্কেণ ন চার্দ্রেণ স্যাত্ত্বাং চাহং যে বধঃ ॥ ১৪

ন স্বর্গেঽপ্যথ পাতালে নাকাশে নাবনিস্থলে
ন চাভ্যন্তরতো নাত্রাদ্যো চাপ্যন্যে মে বধঃ ॥ ১৫

পাণিপ্রহারযৈকেন সঙ্কৃত্যবলবাহনম্
যো মাং নাশয়িতা শক্তঃ স মে মৃত্যুর্ভবিষ্যতি ॥ ১৬

ব্রহ্মা বলিলেন,—ইত্যং ব্রতপালনকারী দৈত্যরাজ! তুমি আমার ভক্ত, তোমার এই তপস্যায় আমি সন্তুষ্ট হইয়াছি তোমার মঙ্গল হউক, তুমি কোনও বর প্রার্থনা কর এবং মনোবাঞ্ছিত বস্তু লাভ কর। ১০

এই কথা শ্রবণ করিয়া দানবরাজ শ্রীমান্ হিরণ্যকশিপু হৃদয়ে প্রীতিলাভ করিলেন, তিনি তখন যুক্তকরে অঞ্জলিবদ্ধ করিয়া এই কথা বলিলেন। ১১

হিরণ্যকশিপু বলিলেন,—ভগবন্! দেবতা, অসুর, গন্ধর্ব, যক্ষ, নাগ, রাক্ষস, মনুষ্য ও পিশাচ—ইহাদের মধ্যে কেহই যেন আমাকে বধ করিতে না পারে। ১২

সর্বলোকপিতামহ! তপস্যা দ্বারা কুপিত হইয়া ঋষিগণ যেন আমাকে অভিশাপ প্রদান করিতে না পারেন, এই বর আমি প্রার্থনা করিলাম। ১৩

না শস্ত্রে, না অস্ত্রে, না পর্বতে, না বৃক্ষে, না শুষ্কে, না আর্দ্রে (স্থলিত পদার্থে) এবং না কোন অন্য অস্ত্রে যেন আমার মৃত্যু হয়। ১৪

না স্বর্গে, না পাতালে, না আকাশে, না ভূমিতে, না রাত্রিতে, না দিবসে এবং না কোন অন্য নিমিত্তে যেন আমার বধ হয়। ১৫

যিনি তুমা সৈন্য ও বাহনসকলের সহিত আমাকে এক হস্ত প্রহারের দ্বারা বিনাশ করিতে সমর্থ হইবেন, তিনিই যেন আমার মৃত্যু-স্বরূপ হন। ১৬

আমিই সূর্য, চন্দ্র, বায়ু, অগ্নি, জল, আকাশ, নক্ষত্র ও দশ দিক্ হইতে পারি। ১৭

আমিই কাম, ক্রোধ, যজ্ঞ, ধন, ইন্দ্র, বৈবাস্বত কুবের, যক্ষ ও কিম্পুরুষদের অধিপতি হইতে পারি। ১৮

সর্বলোকপিতামহ! দেবেশ্বর! মহাসমরে দিব্য অস্ত্রসমূহ মূর্তিমান্ হইয়া আমার নিকট যেরূপ আসিয়া উপস্থিত হয়। ১৯

ব্রহ্মা বলিলেন,—তাত! এই সব দিব্য ও অদ্ভুত বর আমি তোমাকে প্রদান করিলাম। বৎস! সমস্ত কামনাপ্রদানকারী এই সব দুর্লভ বর মানব-লোকের পক্ষে অলভ্য। কিন্তু তপোবলে তোমার প্রাপ্তি হইল। অতএব ইচ্ছানুযায়ী তুমি সমস্ত কাম্য লাভ করিতে সমর্থ হইবে—ইহাতে কোনও সংশয় নাই। ২০

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! এইরূপ কথা বলিয়া ভগবান্ ব্রহ্মা আজ্ঞানুসারে ব্রহ্মর্ষিগণ-সেবিত তাঁর বৈরাজ নামক ব্রহ্মধামে গমন করিলেন। ২১

হিরণ্যকশিপুর বরদান লাভের সংবাদ শুনিয়াই দেবতা, নাগ, গন্ধর্ব ও মুনিগণ ব্রহ্মার সেবায় উপস্থিত হইলেন। ২২

দেবগণ বলিলেন,—ভগবন্! এই বরের প্রভাবে উদ্ভত

ভবান্ হি সর্বভূতানামাদিকর্তা স্বয়ম্প্রভুঃ।
স্রষ্টা চ ব্যক্তবর্যানামব্যক্তপ্রকৃতির্ভবঃ ॥ ১৪

বৈশম্পায়ন উবাচ।

সর্বলোকহিতা বাক্যা শ্রুত্বা দেবঃ প্রজাপতিঃ
আশ্বাসয়ামাস সুরান্ স শীতৈর্বচনামৃতৈঃ। ১৫
অবশ্যং ত্রিদশাস্তেন প্রাপ্তব্যং তপসঃ ফলম্।
তপসোঽন্তে স ভগবান্ বধং বিষ্ণুঃ করিষ্যতি ॥ ১৬

এতচ্ছ্রুত্বা সুরাঃ সর্বে বাক্যং পঙ্কজজন্মনঃ।
যানি স্থানানি দিব্যানি প্রতিজগ্মুর্মুদান্বিতাঃ ॥ ১৭

লব্ধমাত্রে বরে তস্মিন সর্গঃ সোঽবর্ধত প্রজাঃ
হিরণ্যকশিপুর্দৈত্যো বরদানেন গর্বিতঃ ॥ ১৮

আক্রম্যেমু মুনীন্ সর্বান্ ব্রহ্মণান্ সংশিতব্রতান্
সত্যধর্মরতান্ দান্তান্ বর্ধমানঃ স বীর্যবান্ ॥ ১৯

দেবাংস্ত্রিভুবনস্থাংশ্চ পরাজিত্য মহাসুরঃ
ত্রৈলোক্যং বশমানীয় স্বর্গে বসতি দানবঃ। ৩০
যদা বরমদোন্মত্তঃ স দৈত্যঃ কালধর্মণা
বজ্রিণাবরুরোধৈনান দেবতানপায়জ্যিনঃ ॥ ৩১

তদাদিত্যাশ্চ সাধ্যাশ্চ বিশ্বে চ বসবস্তথা।
রুদ্রা দেবগণা যক্ষা দেবদ্বিজনমস্কৃতঃ ॥ ৩২
শরণ্যং শরণং বিষ্ণুমুপতস্থুর্মহাবলম্
দেবা দেবময়ং যজ্ঞং ব্রহ্মদেবং সনাতনম্ ॥ ৩৩
তুষ্টুবুস্তবাং তথিন্নাং প্রজানোদনমন্ধসম্।

দেবা ঊচুঃ

নারায়ণ মহাভাগ দেব ত্বাং শরণং গতাঃ ॥ ৩৪
ত্বং হি নঃ পরমো ধাতা ত্বং হি নঃ পরমো গুরুঃ
ত্বং হি নঃ পরমো দেবো ব্রহ্মণ্যানাং সুরোত্তম ॥ ৩৫
ত্বং পদ্মনালপত্রাক্ষ শত্রুপক্ষক্ষয়ংকরঃ
ক্ষয়ায় দিতিবংশস্য ত্বমেনং প্রভো নাশয় ॥ ৩৬
ত্রায়স্ব ত্বমি দৈত্যেভ্যস্ত্রিলোকেশিন্ প্রভো
বিষ্ণবেতি।
ভয়াৎ ত্রাতুমমরা ভক্ত্যা ত্বাং বরদেশ্বরম্ ॥ ৩৭
তস্যৈব ত্রিদিবং দেবাঃ পরিত্যজ্য ভয়ং মা চিরম্
এষ তে ভগবান্ দৈত্যো বরদানেন গর্বিতঃ ॥ ৩৮
অবধ্যমমরেন্দ্রাণাং দানবেন্দ্রং নিহন্যতাম্

হইয়া এই অসুর ত্রিলোকপতি আমাদিগকে অত্যন্ত কষ্টদান করিবে; অতএব আমাদের উপর সম্পূর্ণ তুষ্ট এবং তাঁহার বধের কোন উপায় চিন্তা করুন; কারণ, আপনিই সমস্ত ভূতগণের আদিস্রষ্টা, ব্যক্ত প্রভাবশালী, ব্যক্ত-অব্যক্তের নির্ণায়ক এবং অব্যক্ত প্রকৃতি ও প্রভবরূপ ॥ ২৩-২৪

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! দেবতাগণের এই লোক-হিতকারী বাক্য শ্রবণ করিয়া ভগবান্ প্রজাপতি তাঁহার সুশীতল অমৃতবচনসমূহের দ্বারা সেই সব দেবতাগণকে আশ্বাসদান করিতে করিতে বলিলেন ॥ ২৫

দেবগণ! সেই অসুরের তপস্যার ফল অবশ্যই লাভ হইবে। ফলভোগের দ্বারা যখন তপস্যা শেষ হইয়া যাইবে, তখন সাক্ষাৎ ভগবান্ বিষ্ণু এই দৈত্যকে বধ করিবেন ॥ ২৬

ভগবান্ নারায়ণের নাভিকমল হইতে জন্মগ্রহণকারী ব্রহ্মার এই বাক্য শ্রবণ করিয়া সমস্ত দেবগণ প্রসন্ন হইয়া নিজ নিজ দিব্য স্থানে প্রস্থান করিলেন ॥ ২৭

সেই বরলাভ করিবার সঙ্গে সঙ্গেই দৈত্য হিরণ্যকশিপু সমস্ত প্রজাদিগকে পীড়িত করিতে লাগিলেন। ব্রহ্মার বরলাভে তাঁহার দর্প বর্ধিত হইয়া উঠিয়াছিল ॥ ২৮

এই পরাক্রমী দৈত্য বিভিন্ন আশ্রমসমূহে যাইয়া ঔরোধ ব্রত পালনকারী, জিতেন্দ্রিয় ও সত্য ধর্মের রত সমস্ত ঋষি ও ব্রাহ্মণদিগকে ভয়ঙ্কর ভিরস্কার করিতে লাগিলেন ॥ ২৯

ত্রিভুবনে বাসকারী সমস্ত দেবতা গণকে পরাজিত করিয়া ত্রিলোকের রাজা নিজের অধিকারে এনিয়া এই মহাসুর দানব রাজ হিরণ্যকশিপু স্বর্গলোকে বাস করিতে লাগিলেন ॥৩০

যখন বরের মদে উন্মত্ত হইয়া ও কাল সংযোগে প্রেরিত হইয়া অসুর হিরণ্যকশিপু দৈত্যগণকে যজ্ঞভাগের অধিকারী করিয়া দিলেন এবং দেবতাদিগকে সেই অধিকার হইতে বঞ্চিত করিয়া দিলেন, তখন আদিত্য, সাধ্য, বিশ্বেদেব, বসু গণ, দেবগণ, যক্ষ, দেবতা, দ্বিজ ও মহর্ষিগণ সকল অমরবৃন্দের সেই মহাবল ভগবান্ বিষ্ণুর শরণাগ্রহণ করিলেন। যিনি দেবা প্রকাশমান দিব্য বিগ্রহধারী) সর্বদেবস্বরূপ, যজ্ঞপুরুষ, সনাতন ব্রহ্মদেব, ভূত, ভবিষ্যৎ ও বর্তমান ও ভবিষ্যদ্রূপ এবং প্রজাগণের দ্বারা অভিবন্দিত ॥ ৩১-৩৩॥

দেবগণ বলিলেন,—হে ভক্ত নারায়ণদেব! আমরা আপনার শরণাগ্রহণ করিয়াছি। আপনিই আমাদের পরম ধাতা (ধারণ-পোষণকারী) এবং আপনিই আমাদের পরম গুরু। সুরশ্রেষ্ঠ! আপনিই ব্রহ্মাদি দেবতা আমাদেরও পরম দেবতা ॥ ৩৪-৩৫

নির্মল পদ্মদল-সদৃশ নয়নবিশিষ্ট নারায়ণ! আপনি শত্রুপক্ষের ভয়দায়ক প্রভো! আপনি দৈত্যবংশের বিনাশ

বৈশম্পায়ন উবাচ

এবমুক্ত্বা স ভগবান্ বিসৃজ্য ত্রিদিবৌকসঃ। ৩৯
যযৌ সপ্তপ্রিয়া তু হিরণ্যকশিপোঃ প্রভুঃ।
সোঽচিরেণৈব কালেন হিমবৎপার্শ্বমাগতঃ ॥ ৪০
কিং নু রূপং সমাস্থায় নিহন্যেমং মহাসুরম্।
যৎসিদ্ধিতরয়া স্যাদ্ ধ্রুবায় বিবুধাধিপঃ ॥ ৪১
অনুৎপন্নং ততশ্চক্রে সোঽন্তান্তং রূপমাত্মনঃ।
নারসিংহমনাধৃষ্যং দৈত্যদানবরক্ষসাম্ ॥ ৪২
সহায়ত্বং মহাবাহুর্জগ্রাহোদ্ধারমেব চ
অথোদ্ধারসহায়োঽসৌ ভগবান্ বিষ্ণুরব্যয়ঃ ॥ ৪৩
হিরণ্যকশিপোঃ স্থানং জগাম প্রভুরীশ্বরঃ
তেজসা ভাস্করাকারঃ কান্ত্যা চন্দ্র ইবাপরঃ ॥ ৪৪
নরস্য কৃত্বাঽঽত্মভুঃ সিংহস্যাঙ্কত্বমুত্তমম্ বিভুঃ।
নারসিংহেন বপুষা পাণিনা সংস্পৃশন্ পাণিনা ॥ ৪৫

ও আখ্যানের বক্তার জন্য ১৫৯ টীকার ৪টম শ্লোক দ্রষ্টব্য। ভগবন্! আপনি দৈত্যরাজ হিরণ্যকশিপুকে বধ করুন এবং তাহার অত্যাচার হইতে আমাদিগকে রক্ষা করুন। ৩৯।

ভগবান্ বিষ্ণু বলিলেন,—অমরগণ! তোমরা শীঘ্র স্থান ত্যাগ কর, আমি তোমাদের অভীষ্টসাধন করিতেছি। দেবগণ! তোমরা পুনরায় শীঘ্রই পূর্ব্বের ন্যায় স্বর্গলোকে অধিকার প্রাপ্ত হইবে। ৩৭।

এই আমি বরদানে গর্ব্বিত, দেবেশ্বরগণের অথবা ও মানব ভাবে সেই হিরণ্যকশিপুকে তাহার সহায়কগণের সহিত বধ করিব। ৩৮।

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! এরূপ কথা বলিয়া সর্ব্বসমর্থ ভগবান্ বিষ্ণু দেবগণকে পরিত্যাগ করিয়া (বিদায় দিয়া) এবং স্বয়ং হিরণ্যকশিপুকে বধ করিবার সঙ্কল্প করিয়া অল্পকালের মধ্যেই হিমালয় পর্ব্বতের পার্শ্বে আগমন করিলেন। ৩৯-৪০

সেখানে আসিয়া তিনি চিন্তা করিলেন—আমি কি রূপ ধারণ করিয়া সেই মহাসুরকে বধ করিব, যাহা এই দেবদ্রোহীর বধের সিদ্ধিকারক হইবে? ৪১

ভগবান্ তিনি পূর্ব্বে যাহা উৎপন্ন হয় নাই, এরূপ অত্যন্ত বিলক্ষণ নরসিংহরূপ ধারণ করিলেন। এই রূপ দৈত্য, দানব ও রাক্ষসগণের পক্ষে অজেয় ছিল। ৪২

ইহার পর মহাবাহু শ্রীহরি ওঙ্কারকে নিজের সহায়ক করিয়া তাঁহাকে সঙ্গে লইলেন। ওঙ্কারসহায় হইয়া এই সর্ব্বসমর্থ অবিনাশী পরমেশ্বর ভগবান্ বিষ্ণু হিরণ্যকশিপুর স্থানে গমন করিলেন। তখন তিনি তেজে সূর্য্যের সদৃশ ও কান্তিতে দ্বিতীয় চন্দ্রের ন্যায় প্রতীয়মান হইতেছিলেন। ৪৩-৪৪

এই সর্ব্বব্যাপী পরমেশ্বর অর্দ্ধ নরের মনুষ্যের এবং অর্দ্ধ শরীর সিংহের সদৃশ করিয়া এক হস্তের দ্বারা অন্য হস্ত স্পর্শ করত (অথবা রসাতলে স্থাপিত নরসিংহ নগরের মুক্ত হইয়া হিরণ্যকশিপুর সেই বিষ্ণু, রমণীয়, মনোরম, সমস্ত মনোবাঞ্ছিত ভোগসমূহে যুক্ত ও পরম উজ্জ্বল দিব্য সভা দেখিতে পাইলেন। ৪৫-৪৮

সেই সভা-ভবন লম্বায় বেত্র শত যোজন এবং চওড়ায় এক শত যোজন ছিল। ইহার উচ্চতা পাঁচ যোজন ছিল। ইহা আকাশেই স্থিত ছিল এবং সভাসদ্‌গণের ইচ্ছানুসারে যত্র তত্র গমন করিত। ৪৭

ইহার মধ্যে বার্দ্ধক্য, শোক ও ক্লান্তি—এই সব দোষের প্রবেশ ছিল না। ইহা অনিল, শিব (সুখ) ও সুস্থর ছিল। ইহার মধ্যে বহু সুন্দর আসন সজ্জিত ছিল। এই রমণীয় সভা নিজ তেজে অগ্নির সমান তপ্তলিত হইতেছিল। ৪৮

ইহার মধ্যে জলাশয় নির্ম্মিত ছিল। সাক্ষাৎ বিশ্বকর্ম্মা এই সভা নির্ম্মাণ করিয়াছিলেন। ইহা জল-পুষ্পপ্রফুল্লা দিব্য রত্নময় বৃক্ষসমূহে সুশোভিত ছিল। ৪৯

ইহার অভ্যন্তরভাগে বিতানে (চাঁদোয়ার) নীল, পীত, কৃষ্ণ, শ্যাম, শ্বেত ও রক্তবর্ণের বস্ত্রের লাগান ছিল এবং উহাতে

ন ক্ষুৎপিপাসে ন গ্লানিং প্রাপ্যা তাং প্রাপ্তবন্তি হি
নানারত্নৈর্বিরচিতা বিচিত্রৈরুত্তিতাম্বরৈঃ ॥ ৪৫
তস্তৈর্মণিময়ৈর্দিব্যৈঃ শাশ্বতী চাক্ষতা চ সা
অতিচক্রুক্ষ সূর্যাক্ষ পাবকক্ষ ব্যরাজত ॥ ৫৪
দীপাতে নাকপৃষ্ঠস্থা তদেপ্সন্তীব ভাস্করম্।
সর্বে চ কামাঃ প্রচুরা যে দিব্যা যে চ মানুষাঃ ॥ ৫৫
রসবন্তঃ প্রকৃতাস্তত্র উক্তাস্তোজাঃ তথাক্ষয়াঃ।
পুণ্যগন্ধাঃ প্রজন্তত্র নিত্যপুষ্পফলদ্রুমাঃ ॥ ৫৬
উক্তে শীতানি তোয়ানি শীতে চোক্তানি সন্তি যে
পুষ্পিতাগ্র্যলতাশাখান্ প্রবালাকুরধারিণঃ ॥ ৫৭
লতাবিতানসাহস্রান্ সরিৎসু চ সরঃসু চ
মনোহরাংশ্চ বিবিধান্ দদর্শ স তদা প্রভুঃ ॥ ৫৮
দ্রুতান্ বহবিধাংস্তত্র মৃগেন্দ্রো দদৃশে দ্রুতম্

গন্ধবন্তি চ পুষ্পাণি রসবন্তি ফলানি চ ॥ ৫৯
তানি শীতানি তোয়ানি তত্র তত্র সরাংসি চ।
অপশ্যৎ সর্বতীর্থানি সপ্তানাং শতশো বিভুঃ ॥ ৬০
নলিনৈঃ পুণ্ডরীকৈশ্চ শতপত্রৈঃ সুপুষ্কিতৈঃ।
হংসৈঃ কুরবরৈর্নীলৈঃ কুররৈশ্চ সসারসৈঃ ॥ ৬১
সকাদম্বৈর্ভরদ্বাজৈশ্চক্রবাকৈঃ সুসংপ্রিয়ৈঃ।
কাদম্বৈশ্চক্রবাকৈশ্চ সারসৈঃ কুররৈরপি ॥ ৬২
বিমলস্ফটিকাভানি পাণ্ডুরাণ্যমলানি চ।
কলহংসোপশোভানি সারিকাস্তিকতানি চ ॥ ৬৩
সন্তবন্তঃ শুভাস্তত্র পুষ্পাভরণধারিণীঃ
দৃষ্টবান্ পারদাগ্র্যেষু নানাপুষ্পধরা লতাঃ ॥ ৬৪
কেতকাগ্রৈঃ কৃতসলাঃ পুন্নাগতিলকাঞ্জনাঃ।
চূতা নীপা নাগপুষ্পাঃ কন্দলকুলবা বরাঃ ॥ ৬৫

ওম্ (ওঙ্)। মুলাদর্শ ছিল। ইহার সহিত সত্ত সত্ত মন্ত্রটিও উদ্ধার ছিল ॥ ৫০

বহুমূল্য আসনসমূহে মুক্ত এবং হেতে যেন গুপ্তলিত এই সভা আকাশে শ্বেতবর্ণের মেঘের ন্যায় দেখাইতেছিল ও জলে সন্তরণকারী বিশাল নৌকার ন্যায় মনে হইতেছিল ॥ ৫২

এই সভা বিশেষ সৌন্দর্যে সুশোভিতা ছিল এবং অতিশয় দীপ্তিতে প্রকাশিতা হইতেছিল, নিজের দিব্য সুগন্ধে মনকে মোহিত করিতেছিল। এখানে না শীত ছিল ও না উষ্ণতা ছিল এবং এখানে না শীত অনুভব হইত ও না উষ্ণতা গরম ভাব জনিত ঘাম বাহির হইত ॥ ৫২

এই সভায় উপস্থিত হইয়া সমস্তগণ ক্ষুধা, তৃষ্ণা ও গ্লানির অনুভব করিতেন না। ইহা নানারত্নবিনির্মিত, বিচিত্র, অত্যন্ত প্রকাশমান ও দিব্য মণিময় ভূষণসমূহে নির্মিত হইয়াছিল, সৌন্দর্যশালিনী ও সুন্দরা ছিল। চন্দ্র, সূর্য ও অগ্নি হইতেও অধিক তেজোরাশিতে মুক্ত ছিল এবং নিজের প্রভায় উদ্ভাসিত হইতেছিল ॥ ৫৩-৫৪

স্বর্গের পৃষ্ঠভাগে স্থিত হইয়া এই সভা সূর্যদেবকে যেন তিরস্কৃত করিতে করিতে তীব্র দীপ্তিতে প্রকাশিত হইতেছিল, এবং দিব্য ও মানব সর্বপ্রকার ভোগ্যবস্তু সেখানে প্রচুর মাত্রায় উপলব্ধ হইত ॥ ৫৫

রসাল পদার্থ অধিক মাত্রায় সুলভ ছিল। অক্ষয় তক্তা ও তোজ্য পদার্থ সেখানে সদা প্রস্তুত থাকিত। পবিত্র গন্ধযুক্ত পুষ্পহার সেখানে সতত বিদ্যমান থাকিত এবং নিত্য পুষ্প ও ফলপ্রদ বৃক্ষসমূহ সেখানে সদা বিরাজমান ছিল ॥ ৫৬

সেখানে গ্রীষ্মকালে শীতল জল ও শীতকালে গরম জল সদা সুলভ ছিল। সেই সময় সভাস্থ সুন্দরী দেখিলেন যে, সেখানে নদী ও সরোবরসমূহের তীরে বিবিধ প্রকার মনোহর বহু বৃক্ষ শোভা পাইতেছে, ইহাদের শাখাসমূহের অগ্রভাগ জলসকলের তীরে অবনত হইয়া রহিয়াছে। এই সব বৃক্ষ বিশাল শাখাসমূহে সুশোভিত ছিল, সব সময় পল্লব অঙ্কুরিত ছিল এবং বিস্তৃত লতা-বল্লীর বিস্তারে আচ্ছাদিত ছিল। ইহাদের পুষ্পে মনোহর গন্ধ ও ফলে স্বাদিষ্ট রস ছিল ॥ ৫৭-৫১

এই সভায় তখনও যত সত্ত সত্ত শীতল জল, সরোবর এবং সমস্ত তীর্থসকল দর্শন করিলেন ॥ ৬০

এই সব সরোবর নলিন, পুণ্ডরীক ও শতদলনামক সুখস্থিত পদ্মসমূহে সুশোভিত ছিল, রক্ত ও নীল পদ্ম এবং কুমুদসমূহে এই সব সরোবর পূর্ণ ছিল ॥ ৬১

এই সব সরোবরে নিজ নিজ প্রিয়তমার সহিত বার্তালাপ-নিরত দেবপ্রিয় হংস, কারণ্ড, কলহংস, চক্রবাক, সারস ও কুররাদি পক্ষীরা কলরব করিতেছে ॥ ৬২

এই সব সরোবর নির্মল স্ফটিক মণি সদৃশ জলে পূর্ণ ছিল। এই সবে শ্বেতবর্ণ অতিশয় পদ্ম শোভা পাইতেছে। কলহংসগণের শীত ও সারিকাগণের কলরব সেখানে শুরুরিত হইতেছিল ॥ ৬৩

সেখানে বৃক্ষসকলের শাখাসমূহে ও শীর্ষসমূহে শুবর্ণ নানাপ্রকার পুষ্প এবং মঞ্জরীযুক্ত সুন্দর সুস্থিত লতা সমূহ বিস্তৃত থাকিতে দর্শন করিলেন ॥ ৬৪

এই সভাবনে কেতক, মনোরঞ্জক চন্দন, পুন্নাগ, নাগকেশর তিলক, অঞ্জন, জাতি, নীপ, নাগপুষ্প, কন্দল, বকুল এবং

প্রিয়ঙ্গুপাটলীবৃক্ষাঃ শাল্মলাঃ সরিতস্তকাঃ।
শালাস্তালাঃ প্রিয়ালাশ্চ চম্পকাশ্চ মনোরমাঃ ॥৬৬
তথা চাম্রে বারাজন্ত সভায়াং পুষ্পিতা দ্রুমাঃ।
কৈরুমাশ্চ দ্রুমানীকা দাবাগ্নিদলিতপ্রভাঃ ॥ ৬৭
তরুবরাঃ সুশাখাশ্চ বহুতালসমুচ্ছ্রয়াঃ।
অজ্ঞনাশোকবর্ণাভা ভান্তি বহুলকা দ্রুমাঃ ॥ ৬৮
বরণা বৎসনাভাশ্চ পনসাশ্চন্দনৈঃ সহ
নীলাঃ সুরনমশ্চৈব পীতায়াশ্বত্থিন্দুকাঃ ॥ ৬৯
প্রাচীনামলকা লোধ্রা মল্লিকা ভদ্রদারবঃ
আম্রাতকাস্তথা জম্বুলকুচাঃ শৈলবালুকাঃ ॥ ৭০
সর্জার্জুনাঃ কদম্বাশ্চ পতঙ্গাঃ কুটজাস্তথা
রক্তাঃ কুরবকাশ্চৈব নীপাশ্চ শকতিঃ সহ ॥ ৭১
কদম্বাশ্চৈব তথা শ্চ সাড়িমীবীজপূরকাঃ

কালীয়কা দ্রুকূলাশ্চ হিজবস্তৈলপর্ণিকাঃ ॥ ৭২
খর্জুরা নারিকেলাশ্চ পূগরম্ভা হরীতকী।
মধূকাঃ সপ্তপর্ণাশ্চ বিল্বাঃ পারাবতাস্তথা ॥৭৩
পনসাশ্চ তমালাশ্চ নানাগুল্মলতাবৃতাঃ
লতাশ্চ বিবিধাকারাঃ পত্রপুষ্পফলোপগাঃ ॥ ৭৪
এতে চান্যে চ বহবস্তত্র কাননজা দ্রুমাঃ।
নানাপুষ্পফলোপেতা বসন্তস্ত সমন্ততঃ ॥ ৭৫
চকোরাঃ শতপত্রাশ্চ মত্তকোকিলসারিকাঃ।
পুষ্পিতান্ ফলিতাংশ্চাপি সম্পতন্তি মহাদ্রুমান্ ॥ ৭৬
রক্তগ্রীবাস্তথা শুক্লাস্তত্র পারাবতপ্রভা দ্বিজাঃ
পরস্পরমবৈক্ষন্ত প্রহৃষ্টা জীবজীবকাঃ ॥ ৭৭

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি
নরসিংহে। বলকর্মণি —সভাবর্ণনে
একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪১ ॥

প্রিয়ঙ্গু, পাটল, শাল্মলী, সরিতক, শাল, তাল, প্রিয়াল, চম্পক ও অন্য মনোরম পুষ্পিত বৃক্ষসকল শোভা পাইতেছিল ॥ ৬৬-৬৮॥

মুক্তার বৃক্ষসমূহ বিভিন্নের অঙ্গ-কান্তিতে প্রভাত মনে হইতেছিল, যেন দাবানলের শিখা জ্বলিতেছে। মুক্তার ভঙ্গ ও শাখাবিশিষ্ট বহুলসংজ্ঞক বৃক্ষসকল সেস্থানে শোভা পাইতেছে। এই সব বৃক্ষের উচ্চতা বহু তাল বৃক্ষের সমান ছিল। ইহাদের আভা অর্জুন ও অশোকের সমান প্রভাত হইতেছিল ॥৬৭-৬৮

বরণ, বৎসনাভ, কাঁঠাল, চন্দন, নীল, সুরনম, পীত, অশ্ব অশ্বত্থ, ইন্দুক, প্রাচীন আমলক, লোধ্র, মল্লিক, ভদ্রদারু, আম্রাতক (আমড়া), জম্বু, লকুচ, বৈলবালুক, সর্জ (রাল), অর্জুন, কদম্বক, পতঙ্গ, কুটজ, রক্ত কুরবক, নীপ, অযক, কদম্ব, তথা, দাড়িম, মাতুলুঙ্গক (বেল), কালীয়ক, দ্রুকূল, হিন্তু, তৈলপর্ণিক, খর্জুর, নারিকেল, পুগরম্ভা, হরীতকী, মধূক, সপ্তপর্ণ, বিল্ব, পারাবত, কাঁঠাল নারিকেল তুল্য ও লতা-সমূহে পরিবৃত তমাল, পত্র, পুষ্প ও ফলসমূহে বৃক্ষ বিবিধ বল্লরী —এই সব বৃক্ষ এবং আরও নানাবিধ ফল ও পুষ্পসমূহে পূর্ণ বাসন্তপ্রভাবের বহু বনজ বৃক্ষ সেস্থানে সর্বদিকে শোভা পাইতেছে ॥ ৬৯-৭৫

সেস্থানে পুষ্পিত ও ফলযুক্ত নানাশোভিত বিশাল বৃক্ষ-সকলের উপর চকোর, শতপত্র, মত্ত কোকিল ও সারিকাদি পক্ষীরা দলে দলে উড়িয়া আসিয়া বসিতেছিল ॥ ৭৬

বৃক্ষসমূহের অগ্রভাগে উপবিষ্ট রক্ত, শ্বেত ও ধূসর বর্ণের পক্ষিগণ এবং জীবজীবক পক্ষিগণ সেস্থানে হৃষ্টচিত্তে পরস্পরকে দেখিতেছিল ॥ ৭৭

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বে নরসিংহাবতারপ্রসঙ্গে হিরণ্যকশিপুর সভাবর্ণনবিষয়ক একচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ।

(ভগবতা নরসিংহেন দেব-গন্ধর্ব্বাপ্সরো-দৈত্যৈঃ সেবিতস্য হিরণ্যকশিপোর্নিরীক্ষণম্ ।)

বৈশম্পায়ন উবাচ

তস্যাং সভায়াং দৈত্যেন্দ্রো হিরণ্যকশিপুঃ প্রভুঃ।
আসীন আসনে দিব্যে নবদাত্রে প্রমাণতঃ ॥ ১

দিব্যাকরনিভে রম্যে দিব্যাস্তরণসংবৃতে
রত্নাঢ্যে মুহিরং রাজন্ অলংকাঞ্চনকুণ্ডলঃ ॥ ২

তস্য দৈত্যাপতের্মন্দঃ বিরজস্কঃ সমন্ততঃ।
দিব্যগন্ধবহস্তত্র মারুতঃ সুমধো বহৌ ॥ ৩

তত্র দেবাঃ সগন্ধর্ব্বা গন্ধৈরপ্সরসাং বৃতাঃ
দিব্যতালেন দিব্যানি জগুর্গীতানি গায়নাঃ ॥ ৪

দিব্যাচী সহজন্যা চ প্রহ্লোচেতাভিবিশ্রুতা।
দিব্যা চ সৌরভেয়া চ সমীচী পুঞ্জিকস্থলা ॥ ৫

মিশ্রকেশী চ রম্ভা চ চিত্রসেনা শুচিস্মিতা
চারুনেত্রা বৃতাচী চ মেনকা চোর্ব্বশী তথা ॥ ৬

এতাঃ সর্বপ্রশস্তাস্যা নৃত্তগীতবিশারদাঃ
উপতিষ্ঠন্তি রাজানং হিরণ্যকশিপুং তদা ॥ ৭

হিরণ্যকশিপুস্তত্র বিচিত্রাম্বরধারণঃ।
স্রগ্বিভূষৈঃ পরিবৃতস্তেজো জ্বলিতকুণ্ডলঃ ॥ ৮

তত্রাসীনঃ মহাবাহুঃ হিরণ্যকশিপুঃ প্রভুম্
উপাসন্তি দিতেঃ পুত্রাঃ সর্বে লব্ধবরাঃ পুরা ॥ ৯

বলির্বৈরোচনস্তত্র নরকঃ পৃথিবীজয়ঃ
প্রহ্লাদো বিপ্রচিত্তিশ্চ গবিষ্ঠশ্চ মহাসুরঃ ॥ ১০

চন্দ্রহন্তা ক্রোধহন্তা সুমনাঃ সুমতিঃ ঘৃণিঃ।
ষট্টোদরো মহাপার্শ্বঃ ক্রথনঃ পিঠরস্তথা ॥ ১১

বিশ্বরূপশ্চ রূপশ্চ বিরূপশ্চ মহাহনুঃ
দশগ্রীবশ্চ বালী চ মেঘবাসা মহাবলঃ ॥ ১২

কটাভো বিকটাভশ্চ সংত্রাসশ্চণ্ডতাপনঃ
দৈতাদানবসঙ্ঘাশ্চ সর্বে জ্বলিতকুণ্ডলাঃ ॥ ১৩

প্রত্যেকো বাহ্নিনঃ সর্বে সর্বে শুচিব্রতাস্তাঃ।
সর্বে লব্ধবরাঃ শূরা সর্বে বিগতমন্যবঃ ॥ ১৪

দ্বিচত্বারিংশ অধ্যায়

(ভগবান্ নরসিংহকর্তৃক দেবতা, গন্ধর্ব্ব, অপ্সরা ও দৈত্যগণ কর্তৃক সেবিত হিরণ্যকশিপুকে নিরীক্ষণ।)

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! সেই সভায় প্রভাবশালী দৈত্যরাজ হিরণ্যকশিপু চারুরূপ পরিমিত লম্বা এক দিব্য সিংহাসনে উপবিষ্ট ছিলেন ॥ ১

রাজন্! এই রমণীয় সিংহাসন সূর্য্যসদৃশ তীব্র প্রভায় উদ্ভাসিত ছিল এবং দিব্য আস্তরণে আবৃত ছিল। উহাতে সর্ব্বকাল ধরিয়া উপবিষ্ট হিরণ্যকশিপু অতিশয় শোভা পাইতেছিলেন। তাঁহার কর্ণযুগে তখন সূর্য্যের ন্যায় দুইটি কুণ্ডল নিজ দীপ্তিতে যেন উদ্ভাসিত হইতেছিল ॥ ২

দিব্য গন্ধবাহী বায়ু সেখানে সর্ব্বদিক্ দিয়া দৈত্যরাজের সম্মুখে আসিয়া মন্দ গতিতে প্রবাহিত হইতেছিল। ইহাতে অগ্নিমাত্রও ধূমিকতা ছিল না ॥ ৩

সেখানে দেবতা ও অপ্সরাগিণের দ্বারা পরিবৃত হইয়া গন্ধর্ব্বগণ গান্ধরূপে দিব্য তালের সহিত দিব্য গীতসমূহ গান করিতে ছিলেন ॥ ৪

দিব্যাচী, সহজন্যা, প্রহ্লোচা, দিব্যা, সৌরভেয়ী, সমীচী, পুঞ্জিকস্থলা, মিশ্রকেশী, রম্ভা, চিত্রসেনা, শুচিস্মিতা, চারুনেত্রা, বৃতাচী, মেনকা ও উর্ব্বশী—ইঁহারা এবং নৃত্য-গীতে কুশল সহস্র সহস্র অন্য অপ্সরাগণ সেই সময় রাজা হিরণ্যকশিপুর সেবায় উপস্থিত ছিলেন ॥ ৫-৭

সেই সভায় বিচিত্র বস্ত্রাভরণে বিভূষিত, উজ্জ্বল কুণ্ডলে মণ্ডিত এবং সপ্ত স্রগ্‌বলে পরিবেষ্টিত হিরণ্যকশিপু অবস্থান করিতেছিলেন ॥ ৮

সেখানে উপবিষ্ট প্রভাবশালী মহাবাহু হিরণ্যকশিপুর সেবায় সেই সব দৈত্যগণ উপস্থিত ছিল, যাহারা পূর্ব্বেই বরলাভ করিয়াছিল ॥ ৯

বিরোচনপুত্র বলি, পৃথিবীবিজয়ী নরক, প্রহ্লাদ, বিপ্রচিত্তি, মহাসুর গবিষ্ঠ, চন্দ্রহন্তা, ক্রোধহন্তা, সুমনা, সুমতি, ঘৃণি, ষটোদর, মহাপার্শ্ব, ক্রথন, পিঠর, বিশ্বরূপ, রূপ, মহাহনুধারী বিরূপ, দশগ্রীব, বালী, মেঘবাসা, মহাবল, কটাভ, বিকটাভ, সংত্রাস ও ইতরতাপনাদি দৈত্যগণ এবং দানবদিগের সেই সমস্ত সমূহ; যে সব দানব প্রজ্বলিত কান্তিবিশিষ্ট কুণ্ডলসমূহে অলঙ্কৃত, পুষ্পমালাধারী, উত্তম বক্তা, যাহারা সকলেই ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়াছে, যত্নবান হইয়াছে, শৌর্য্যশালী বীর ছিল এবং যাহারা বৃত্রাসুর নিবারণ করিয়াছিল ইহারা ও অন্যান্য

এতে চান্যে চ বহবো হিরণ্যকশিপুং প্রভুম্।
উপাসন্তে মহাত্মানং সর্ব্বে দিব্যাপরিচ্ছদাঃ ॥ ১৫
বিদ্যাবৈরিবিরোধ্রৌদ্র্যাজমানৈরিবাচ্ছিতিঃ।
প্রথিতো দৃষ্টবরো য স্তি চাস্যাস্তি হেলয়া ॥ ১৬
বিচিত্রাভরণে.পেতা বিচিত্রবসনাস্তথা।
বিচিত্রশস্ত্রকবচা বিচিত্রঅঙ্গধারণাঃ ॥ ১৭
মহেন্দ্রচাপসঙ্কাশৈবিচিত্রৈরঙ্গদৈর্বরৈঃ
ভূষিতাস্তা দিতেঃ পুত্রাস্তত্রস্থাশ্চন্তি নিত্যশঃ ॥ ১৮
তস্যাং সভায়াং দিব্যায়ামনুয়াঃ পর্ব্বতোপমাঃ।
হিরণ্যমুকুটাঃ সর্ব্বে দিব্যকরমপ্রভাঃ ॥ ১৯

যত্র দৈত্যা বীরবর দিব্য পরিচ্ছদে বৃত হইয়া প্রভাবশালী মহাত্মা হিরণ্যকশিপুর উপাসনা করিতেছিল ॥ ১০-১৫

ইহারা নানাপ্রকার যেই ও যজ্ঞ প্রভাবে প্রকাশিত বিমান-সমূহের দ্বারা অমরলোকে মহাত্মাদের করিতেছিল এবং পুষ্পহার ও আভূষণ ধারণ করত সুখে স্থিত ছিল ॥ ১৬

ইহারা বিচিত্র আভরণ ও বিচিত্র বস্ত্র ধারণ করিয়াছিল এবং বিচিত্র অস্ত্র, কবচ, অঙ্গ ও ধারণ করিয়া সুশোভিত ছিল ॥ ১৭

ইন্দ্রধনুসদৃশ বিচিত্র বর্ণযুক্ত শ্রেষ্ঠ অঙ্গদসমূহে নিজেদের বাহুসকল বিভূষিত করিয়া উপস্থিত দৈত্যগণ প্রতিদিন হিরণ্য-কশিপুর উপাসনা করিতেছিল ॥ ১৮

সেই দিব্য সভায় উপস্থিত সেই সব পর্ব্বতাকার অনুচরগণ

কনকমণিবিচিত্রবেদিকায়া-
মুপরিতরবৃক্ষসংস্তরীষিকায়াম্।
স ন্যষদ মৃগাধিপঃ সভায়াং
সুকৃতিনরত্নগবাক্ষসংবৃতায়াম্ ॥ ২০
কনকবিমলহারভূষিতাঙ্গঃ
দিতিতনয়ঃ স মৃগাধিপো ন্যষদ্।
দিনকরকরপ্রতাপসন্ত-
মনুচরসংপ্রগণৈর্নিষেব্যমাণম্ ॥ ২১
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
নারসিংহে দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৮২

হস্তকে ধর্ম্মের দ্বারই ধারণ করিয়া সূর্য্যের সমান প্রকাশিত হইতেছিল ॥ ১৯

যেখানে ধর্ম্ম ও মনিদমূহের বিচিত্র বস্ত্র দেখা নিশ্চিত ছিল, যাহার প্রতি বীথিকায়, অলিন্দগুলিতে সুন্দর বস্ত্র সজ্জিত ছিল এবং যাহা অতিশয় রমণীয় হস্তিদন্তে নির্ম্মিত গবাক্ষ (জানালা)-সমূহে আবৃত ছিল, এরূপ সভাতে ভগবান্ নরসিংহদেব শ্রীহার অঙ্গ ধর্ম্মের নির্ম্মল হারে বিভূষিত ছিল, যাঁহার প্রভা সূর্য্যকিরণ-তুল্য উদ্ভাসিত হইতেছিল, যাঁহাকে প্রজাগণ বেষ্টিত হইয়া মনে হইতেছিল এবং যাঁহাকে সহস্র অনুচরগণ সেবা করিতেছিল, সেই দিতিনন্দন হিরণ্যকশিপুকে নিরীক্ষণ করিলেন ॥ ২০-২১

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে নরসিংহাবতার প্রসঙ্গে দ্বিচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥

[নরসিংহবিগ্রহে প্রহ্লাদেন সম্পূর্ণত্রিলোক্যা বর্ণনম্।]

বৈশম্পায়ন উবাচ।
ততো দৃষ্ট্বা মহাবাহুঃ কালচক্রমিবাগতম্।
নারসিংহবপুষ্মন্তং তমগ্নিমিবানলম্ ॥ ১
বিকুর্ব্বিতসটং তস্য নারসিংহস্য ভারত।
রূপৌদার্য্যং যতো তত্র সংপ্রশংসিগ্রহিতম্ ॥ ২

অব্রো রূপবিধং চিত্রং শঙ্খচক্রেন্দুসন্নিভম্।
অব্রুবন্ দানবাঃ সর্ব্বে হিরণ্যকশিপুস্তদা সঃ ॥ ৩
এবং হি ব্রুবতাং তেষাং নির্দ্দহন্নাং মহাত্মনাম্।
নারসিংহেন চক্রুর্ত্যাং চোদিতঃ কালবর্ষ্মণা ॥ ৪

দ্বিচত্বারিংশ অধ্যায়।

[নরসিংহ-বিগ্রহে প্রহ্লাদ কর্ত্তৃক সম্পূর্ণ ত্রিলোকের বর্ণন।]

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! তখনতর তত্রাত্রাজিত অগ্নির ন্যায় নরসিংহ শরীরে আবির্ভূত মহাবাহু ভগবান্ বিষ্ণুকে সেস্থানে কালচক্রের সদৃশ উপস্থিত দেখিয়া সমস্ত দানবগণ ও হিরণ্যকশিপু সকলকে বলিতে লাগিলেন,—অরে! শঙ্খ, কৃষ্ণ

ও চন্দ্রসদৃশ বিচিত্র এবং মনোহর এক রূপ দেখা যাইতেছে। ভারত! ভগবান্ নরসিংহের মুখের ও কণ্ঠের রোমাবলি বিলক্ষণভাবে কুঞ্চিত ছিল। ইহার রূপ সৌন্দর্য্য সহসা চন্দ্রতুল্য প্রকাশিত হইতেছিল ॥ ১-৩

ভগবান্ নরসিংহরূপী ঈশ্বর দ্বারা প্রেরিত ও তাঁহার নেত্রাগ্নির দ্বারা দগ্ধ হইতে হইতে সেই বিশালকায় দানবগণ

হিরণ্যকশিপোঃ পুত্রঃ প্রহ্লাদো নাম বীর্যবান্
দিব্যেন চক্ষুষা সিংহমপশ্যদ্দেবমাগতম্ ॥ ৩

তং দৃষ্ট্বা রুদ্ধমৈলাভমপূর্বং তনুমাস্থিতম্
বিস্মিতা দানবাঃ সর্বে হিরণ্যকশিপুস্তদা ॥ ৬

প্রহ্লাদ উবাচ

মহারাজ মহাবাহো দৈত্যানামাদিসম্ভব।
ন জ্ঞাতা নৈব দৃষ্টেয়ং নারসিংহমিদং বপুঃ ॥ ৭
অব্যক্তপ্রভবা দিব্যা কিমিদং রূপমদ্ভুতম্।
দৈত্যান্তকরণং ঘোরং শংসতীব মনাংসি নঃ ॥ ৮
অন্তঃ দেবাঃ শরীরস্থাঃ সাগরাঃ সরিতস্তথা
হিমবান্ পারিযাত্রশ্চ যে চাত্রে কুলপর্বতাঃ ॥ ৯
চন্দ্রমাঃ সহ নক্ষত্রৈস্তিষ্যাশ্বিন্যৌ তথা
ধনদো বরুণশ্চৈব যমঃ শক্রঃ শচীপতিঃ ॥ ১০
মরুতো দেবগন্ধর্বা মুনয়শ্চ তপোধনাঃ।
নাগা যক্ষাঃ পিশাচাশ্চ রাক্ষসা ভীমবিক্রমাঃ ॥ ১১
রুদ্রদেবঃ পশুপতির্দীপ্তাস্যঃ বিভাতি বৈ।
স্থাবরাণি চ ভূতানি জঙ্গমানি তথৈব চ ॥ ১২
ভবাংশ্চ সহিতো দৈত্যৈঃ সর্বৈরেতৈস্তথৈব তৈঃ।
বিমানশতসঙ্কীর্ণা তথা নাদ্যুরঞ্জসা ॥ ১৩
সর্বং ত্রিভুবনং রাজন্ লোকধর্মশ্চ শাশ্বতঃ।
দৃশ্যতে নারসিংহেঽস্মিন্ সংক্ষেপো বিমলা জগৎ ॥ ১৪
প্রজাপতিশ্চতুর্বক্ত্রো মনুর্বরাঙ্গনা
প্রধানঃ সোমশ্চ মহী নভশ্চ।
উৎপাতকালশ্চ ধৃতিঃ স্মৃতিশ্চ
রজশ্চ সত্ত্বঞ্চ তপো দমশ্চ ॥ ১৫
সনৎকুমারশ্চ মহাদ্যুতাবো
বিশ্বে চ দেবাশ্চসাধ্যাশ্চ সর্বে।
ক্রোধশ্চ কামশ্চ তথৈব হর্ষো
দর্পশ্চ মোহঃ পিতরশ্চ সর্বে ॥ ১৬
ইত্যেবমুক্ত্বা স চ দৈত্যরাজ-
হিরণ্যনামনমবিস্ময়েন।
মহো চ দৈত্যেশ্বরপুত্র উগ্র-
মহামতিঃ কিঞ্চিদধোমুখঃ প্রাক্ ॥ ১৭

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি প্রহ্লাদবাক্যে নারসিংহে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৩ ॥

যখন পরমেশ্বর পূর্বোক্ত রূপ ধারণপূর্বক সেই সমস্ত হিরণ্যকশিপুর পুত্র প্রহ্লাদনামক পরাক্রমশালী দৈত্য সেস্থানে উপস্থিত নরসিংহরূপধারীকে দিব্য দৃষ্টিতে দর্শন করিলেন। ৩-৫

তখন পর্বতের ন্যায় অপূর্ব শরীর ধারণকারী ভগবান নরসিংহকে দর্শন করিয়া সমস্ত দানবগণ ও হিরণ্যকশিপু বিস্মিত হইলেন। ৬

সেই সময় প্রহ্লাদ বলিলেন,—মহারাজ! মহাবাহো! দৈত্যগণের আদিসম্ভব (পূর্বপুরুষ)! আমি একণ নরসিংহ রূপ কখনও দেখি নাই এবং শুনিও নাই। ৭

যাহার উৎপত্তির কারণ অব্যক্ত, এতাদৃশ এই দিব্য অদ্ভুত রূপ কি? আমার মন যেন এরূপ বলিতেছে, ইনি দৈত্যগণের বিনাশকারী কোনও ভয়ঙ্কর ভূত হইবেন। ৮

ইহার শরীরে সমস্ত দেবতা, সমুদ্র ও নদীসকলকে দেখা যাইতেছে এবং হিমবান্, পারিযাত্র ও অন্যান্য যে সব কুল পর্বত আছে, এসমস্তও ইহার মধ্যে দৃষ্টিগোচর হইতেছে। ৯

নক্ষত্রসমূহের সহিত চন্দ্র, অশ্বিনী কুমারদ্বয়, সূর্য, বরুণ, যম, শচীপতি ইন্দ্র, মরুদ্গণ দেবতা, গন্ধর্ব, উপদেব মুনি, নাগ, যক্ষ, পিশাচ ও ভয়ঙ্কর পরাক্রমশালী রাক্ষসগণ, ব্রহ্মা এবং ভগবান্ পশুপতি (শিব)—ইহারা সকলে ইহার শরীরে দৃষ্টিগোচর হইতেছেন। ১০-১২

স্থাবর ও জঙ্গম ভূতগণ, সমস্ত দৈত্যদিগের দ্বারা পরিবৃত আপনার সহিত আপনি এই আশ্চর্যময় সমস্ত ত্রিভুবন এবং সনাতন লোক ধর্ম—এ সমুদয়ই এই নরসিংহ-বিগ্রহে যেন এক ভাবে দেখা যাইতেছে, যেরূপ মহান্ দর্পণের সমান নির্মল চন্দ্রমণ্ডলে দৃষ্টিপাত করিলে এই সম্পূর্ণ জগৎ দৃষ্টিগোচর হয়। ১৩-১৪

এই নরসিংহ-বিগ্রহে প্রজাপতি, মহাত্মা মনু, ব্রহ্ম, সোম, পৃথিবী, আকাশ, উৎপাতকাল, ধৃতি, স্মৃতি, রজোগুণ, সত্ত্বগুণ এবং ইন্দ্রিয়সংযম—এ সমস্তই দেখা যাইতেছে। ১৫

মহাদ্যুতি সনৎকুমার, বিশ্বে দেবগণ, সমস্ত অপ্সরাগণ, কাম, ক্রোধ, হর্ষ, দর্প, মোহ ও সমস্ত পিতৃগণও ইহার মধ্যে দৃষ্টিগোচর হইতেছেন। ১৬

দৈত্যরাজের পুত্র পরম বুদ্ধিমান্ প্রহ্লাদ কোনরূপ বিস্মিত না হইয়াই সেই উগ্র দৈত্যপতি হিরণ্যকশিপুকে এই কথা বলিয়া নিজের মুখ কিছু অধোমুখী করত পূর্বদিকে ধ্যান করিতে লাগিলেন। ১৭

ইহার লক্ষণে অবতার কবিতেছেন ইহা দেখা যাইতেছে। ১০-১১;

স্থাবর ও জঙ্গম ভূতগণ, সমস্ত দৈত্যদিগের দ্বারা পরিবৃত আমাদের সহিত আপনি এই আশ্চর্যময় সমস্ত ত্রিভুবন এবং সনাতন লোক ধর্ম—এ সমুদয়ই এই নরসিংহ-বিগ্রহে সেই ভাবে দেখা যাইতেছে, যেরূপ মহান্ দর্পণের সমান নির্মল চন্দ্রমণ্ডলে দৃষ্টিপাত করিলে এই সম্পূর্ণ জগৎ দৃষ্টিগোচর হয়। ১৩-১৪

এই নরসিংহ-বিগ্রহে প্রজাপতি, মহাত্মা মনু, ব্রহ্ম, সোম, পৃথিবী, আকাশ, উৎপাতকাল, ধৃতি, স্মৃতি, রজোগুণ, সত্ত্বগুণ এবং ইন্দ্রিয়সংযম—এ সমুদয়ই দেখা যাইতেছে। ১৫

মহাদ্যুতি সনৎকুমার, বিশ্বে দেবগণ, সমস্ত অপ্সরাগণ, কাম, ক্রোধ, হর্ষ, দর্প, মোহ ও সমস্ত পিতৃগণও ইহার মধ্যে দৃষ্টিগোচর হইতেছেন। ১৬

দৈত্যরাজের পুত্র পরম বুদ্ধিমান্ প্রহ্লাদ কোনরূপ বিস্মিত না হইয়াই সেই উগ্র দৈত্যপতি হিরণ্যকশিপুকে এই কথা বলিয়া নিজের মুখ কিছু অধোমুখী করত পূর্বদিকে ধ্যান করিতে লাগিলেন। ১৭

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বে নরসিংহাবতারপ্রসঙ্গে প্রহ্লাদের বাক্যবিষয়ক ত্রিচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ।

[দৈত্যৈর্হিরণ্যকশিপুনা চ ভগবতো নরসিংহস্যোপরি নানাবিধানাময়াণাং নিক্ষেপঃ]

বৈশম্পায়ন উবাচ

প্রহ্লাদস্য চ তদ্ভক্ত্যা হিরণ্যকশিপুর্নৃপঃ।
উবাচ দানবান্ সর্ব্বান্ সমাহূয় গণাধিপঃ ॥ ১

মৃগেন্দ্রো নৃহতাং শীঘ্রমপূর্ব্বাং তনুমাস্থিতঃ।
যদি বা সংশয়ঃ কশ্চিদ্‌দ্রবধ্বাতাঃ বনগোচরঃ ॥ ২

তদ্ভূত্বা দানবাঃ সর্ব্বে মৃগেন্দ্রং ভীমবিক্রমম্।
পরিক্ষিপন্তো মুদিতাস্ত্রাসয়ামাসুরোজসা ॥ ৩

সিংহনাদং নদিত্বা তু পুনঃ সিংহো মহাবলঃ।
বভঞ্জ তাং সভাং তস্যাঃ ব্যাদিতাস্য ইবান্তকঃ ॥ ৪

সভায়াং ভজ্যমানায়াং হিরণ্যকশিপুঃ স্বয়ম্
চিক্ষেপাস্ত্রাণি সিংহস্য রোষব্যাকুললোচনঃ ॥ ৫

সর্ব্বাস্ত্রাণাময় শ্রেষ্ঠঃ দণ্ডাস্ত্রঃ সুভৈরবম্
কালচক্রং তথাত্যুগ্রং বিষ্ণুচক্রং তথৈব চ ॥ ৬

ধর্ম্মচক্রং মহাচক্রমতিঃ নাম নামতঃ
চক্রনেমিস্তথা ঘোরমৃষিচক্রং তথৈব চ ॥ ৭

পৈত্তাস্ত্রং তথা চক্রং ত্রৈলোক্যমহিতঞ্চনম্।
বিচিত্রমশনীং চৈব শুষ্কার্দ্রং চাশনিদ্বয়ম্ ॥ ৮

রৌদ্রং তদুগ্রং শূলঞ্চ কঙ্কালং মুসলং তথা।
অস্ত্রং ব্রহ্মশিরশ্চৈব ব্রাহ্মমস্ত্রং তথৈব চ ॥ ৯

ঐষীকমস্ত্রমৈন্দ্রঞ্চ আগ্নেয়ং শৈশিরং তথা।
বায়ব্যং মথনং নাম কাপালমথ কিঙ্করম্ ॥ ১০

তথা চাপ্রতিমাং শক্তিং কৌমোদস্ত্রং তথৈব চ।
অস্ত্রং হয়শিরশ্চৈব সৌম্যমস্ত্রং তথৈব চ ॥ ১১

পৈশাচমস্ত্রমমিতং সার্পাস্ত্রং তথাদ্ভুতম্।
মোহনং শোষণং চৈব সন্তাপনবিলাপনে ॥ ১২

জৃম্ভণং প্রাপণং চৈব স্বাপ্তং চৈব সুদারুণম্।
কালমুদ্গরমস্ত্রঞ্চোগ্রং ক্রোধনং তু মহাবলম্ ॥ ১৩

সংবর্ত্তনং নোহনঞ্চ তথা মাদাবং পরম্।
গান্ধর্ব্বমস্ত্রং দয়িতমসিতস্তম্ভনং তথা ॥ ১৪

প্রস্বাপনং প্রমথনং বারুণং চাসুমুত্তমম্
অস্ত্রং পাশুপতং চৈব যস্যাপ্রতিহতা গতিঃ ॥ ১৫

দৈত্যগণ ও হিরণ্যকশিপু কর্ত্তৃক ভগবান নরসিংহের উপর নানাবিধ অস্ত্র নিক্ষেপ।

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! প্রহ্লাদের এই কথা শ্রবণ করিয়া, দৈত্যগণের অধিপতি হিরণ্যকশিপু বলসমূহের সহিত সমস্ত দানবগণকে এই কথা বলিলেন ॥ ১

দৈত্যগণ! অপূর্ব্ব শরীর ধারণ করিয়া, উপস্থিত এই ভয়ঙ্করী মৃগেন্দ্র (সিংহ)-কে শীঘ্র তোমরা ধর অথবা যদি কোনও সংশয় (প্রাণসঙ্কট) উপস্থিত হয়, তবে ইহাকে বধ কর ॥ ২

এই আদেশ শ্রবণ করিয়া, আনন্দিত সেই সমস্ত দানবগণ সেই ভয়ঙ্কর পরাক্রমশালী মৃগেন্দ্রের উপর নানাপ্রকার অস্ত্র নিক্ষেপ করিতে করিতে তাঁহাকে বলপূর্ব্বক সন্ত্রাসিত করিতে লাগিল ॥ ৩

তখন সেই মহাবল সিংহ মুখবিস্তারকারী কালের ন্যায় বারম্বার সিংহনাদ করত সেই রমণীয় সভাভবনকে ভাঙ্গিয়া ফেলিলেন ॥ ৪

সভাভবন ভগ্ন হইতে থাকিলে হিরণ্যকশিপুর নয়ন রোষে ব্যাকুল হইয়া উঠিল, অতএব তিনি মহান্ সিংহের উপর নানাবিধ অস্ত্র নিক্ষেপ করিতে লাগিলেন ॥ ৫

সমস্ত অস্ত্রসমূহের মধ্যে শ্রেষ্ঠ যে দণ্ডাস্ত্র ভয়ঙ্কর দণ্ডাস্ত্র, তাহাও নিক্ষেপ করিলেন। ইহা ব্যতীত তিনি অত্যন্ত উগ্র কালচক্র, বিষ্ণুচক্র, ধর্ম্মচক্র, মহাচক্র, অতিশয় ঘোর ঐন্দ্রচক্র, ঋষিচক্র, রুদ্রচক্র, যাহার ধর্ম্ম শত্রু ভিন্ন লোকেই ভূরি ভূরি প্রশংসিত, সেই, বিচিত্র অশনি, শুষ্ক ও আর্দ্র দুই প্রকার অশনি, ভয়ানক রৌদ্রাস্ত্র—শূল, কঙ্কাল, মুসল, ব্রহ্মশির নামক অস্ত্র, ব্রহ্মাস্ত্র, ঐষীকাস্ত্র, ঐন্দ্রাস্ত্র, আগ্নেয়াস্ত্র, শৈশিরাস্ত্র, বায়ব্যাস্ত্র, মথনাস্ত্র, কপালাস্ত্র, কিঙ্করাস্ত্র, অপ্রতিম শক্তি, কৌমোদাস্ত্র, হয়শিরাস্ত্র, সৌম্যাস্ত্র, অনুপম পৈশাচাস্ত্র, অদ্ভুত সর্পাস্ত্র, মোহনাস্ত্র, শোষণাস্ত্র, সন্তাপনাস্ত্র, বিলাপনাস্ত্র, জৃম্ভণাস্ত্র, প্রাপণাস্ত্র, অত্যন্ত দারুণ স্বাপ্তাস্ত্র, অক্রোধা কালমুদ্গর, মহাবল ক্রোধনাস্ত্র, সংবর্ত্তনাস্ত্র, সম্মোহনাস্ত্র, মাদাবাস্ত্র, চিত্ত মাতঙ্গকারী, অতিশয় নম্রকর, প্রস্বাপনাস্ত্র, প্রমথনাস্ত্র, উত্তম বারুণাস্ত্র এবং যাহার গতি কোথাও প্রতিহত হয় না, এরূপ পাশুপতাস্ত্র—এই সব অস্ত্র সেই সময় হিরণ্যকশিপু ভগবান নরসিংহের উপর

এতাস্তস্ত্রাণি সর্বাণি হিরণ্যকশিপুস্তদা।
চিক্ষেপ নারসিংহে তু দীপ্তজ্বালোর্ধ্বমূর্ধজে ॥ ১৬
অক্রৈঃ প্রজ্বলিতৈঃ সিংহমাবৃণোদসুরাধিপঃ।
বিবৃদ্ধান্ বর্ষসময়ে হিমবত্তনিবাংস্ততঃ ॥ ১৭
স জ্বলদ্ভির্বিনোদ্ভূতো দৈত্যানাং সৈন্যসাগরঃ।
ক্ষণেনা প্লাবয়ন্ সিংহং নৈনাকমিব সাগরঃ ॥ ১৮
প্রাসৈঃ পাশৈস্তথা শূলৈর্গদাভির্মুসলৈস্তথা।
বজ্রৈরশনিকল্পৈশ্চ শিলাভিশ্চ মহাস্ত্রৈঃ ॥ ১৯
মুদ্গরৈঃ কূটপাশৈশ্চ শূলৈলগুডপর্বতৈঃ।
শক্তয়ীভিশ্চ দীপ্তাভির্দীপ্তৈরপি সুদারুণৈঃ ॥ ২০
পরিবার্য সমন্তাত্তু নিঘ্নন্তৈর্হরিভিস্তদা
যত্নমপ্যস্য ন ক্ষুণ্ণমভূচ্চ মহাত্মনঃ ॥ ২১
তে দানবাঃ পাণিগৃহীতশস্ত্রা
মহেন্দ্রবজ্রাশনিতুল্যবেগাঃ।
সমন্ততোঽভ্যুদ্যতবাহুশস্ত্রাঃ
স্থিতাস্ত্রিশীর্ষৈরিব পন্নগেন্দ্রাঃ ॥ ২২

সুবর্ণমালাকুলকূবরাভা
নানামদাম্ভোগপিনদ্ধগাত্রাঃ।
মুক্তাবলীদামবিভূষিতাঙ্গা
হংসা ইবাভান্তি বিশালপক্ষাঃ ॥ ২৩
তেষাং তু বায়ুপ্রতিমৌজসাং বৈ
কেয়ূরমালাবলয়োৎকটানি
তাম্রাম্বুমালাজ্বলিতো বিভান্তি
প্রভাতসূর্যাঃ ইব সপ্রভাণি ॥ ২৪
তৈঃ প্রক্ষিপদ্ভির্মহিতাবলেপৈঃ
মহাস্ত্রপূগৈঃ স সমাবৃতো বভৌ
গিরির্যথা সন্ততবর্ষিভির্দৈঃ
কৃতাম্বুকল্পোঽভূতকন্দরশ্চ ॥ ২৫
তৈর্বজ্রমানোঽপি মহাদ্রিকল্পৈঃ
সুরেন্দ্রজো দৈত্যগণৈঃ সমেতৈঃ।
নাকম্পতাঙ্গৈ ভগবান্ প্রতাপবান্
স্থিতঃ প্রকৃত্যা হিমবানিবাচলঃ ॥ ২৬

পর্যায়ক্রমে নিক্ষেপ করিলেন, ইহাতে মনে হইল—তিনি যেন প্রজ্বলিত অগ্নিতে আহুতি দান করিতেছেন। ৮-১৫

অসুরেন্দ্রের হিরণ্যকশিপু হইতে প্রজ্বলিত অস্ত্রসমূহের দ্বারা সেইভাবে ভগবান্ নরসিংহকে আচ্ছাদিত করিলেন, যেরূপ গ্রীষ্মকালে ভগবান্ সূর্যদেব নিজ কিরণসমূহে হিমালয়কে আচ্ছাদিত করিয়া থাকেন। ১৭

দৈত্যগণের সৈন্যরূপী সমুদ্র ক্রোধরূপী ও দুর বেগে উদ্বেলিত হইয়া ক্ষণকালের মধ্যেই ভগবান্ নরসিংহকে সেইভাবে আচ্ছাদিত করিয়া দিল, যেরূপ সাগর নৈনাকপর্বতকে নিজ জলে আচ্ছাদিত করিয়া থাকে। ১৮

প্রাস, পাশ, শূল, গদা, মুসল, বজ্র, অশনি, শিলা, বড় বড় বৃক্ষ, মুদ্গর, কূটপাশ, শূল, উদ্যত পর্বত, প্রজ্বলিত শক্তয়ী ও অন্যান্য ভয়ঙ্কর অস্ত্রসমূহের দ্বারা দৈত্যগণ তাঁহাকে সর্বদিকে পরিবৃত করিয়া প্রহার করিতে লাগিল। কিন্তু সেই সময় সেই তেজস্বী মহাত্মা নরসিংহের শরীরের অতি অল্পভাগও ক্ষত-বিক্ষত হইল না। ১৯-২১

সেই দানবগণ নিজেদের হস্তে শস্ত্র ধারণ করিয়া রাখিয়াছিল। ইহাদের সকলের বেগ ইন্দ্রের বজ্র ও অশনির তুল্য ছিল। ইহারা সকলে চারিদিকে অস্ত্র ধারণ করত উদ্যত বাহুকে উপরে উঠাইয়া রাখিয়াছিল, সেইজন্য ইহারা তিনটি ফণাবিশিষ্ট শ্রেষ্ঠ সর্পগণের ন্যায় মনে হইতেছিল। ২২

ইহাদের অঙ্গ স্বর্ণমালাসমূহে বিভূষিত ছিল, নানাপ্রকারের অঙ্গরাগি আঙ্গরাগকল ইহাদের বিভিন্ন অঙ্গে সজ্জিত ছিল এবং মুক্তাবলিমালা ইহাদের সমস্ত অঙ্গের শোভাবর্ধন করিতেছিল। এরূপ অবস্থায় এই দৈত্যগণ বিশাল পক্ষযুক্ত হংসদলের ন্যায় শোভা পাইতেছিল। ২৩

বায়ুতুল্য বলশালী এই সব দৈত্যগণের উত্তম অঙ্গ কেয়ূর, হার ও বলয়াদি নানা আভরণে অলঙ্কৃত থাকিয়া প্রভাতকালের সূর্যের কিরণ-সদৃশ কান্তিমান্ ও শোভাসম্পন্ন হইতেছিল। ২৪

যেরূপ নিরন্তর বর্ষণশীল ঘন মেঘমণ্ডলের দ্বারা পর্বতের অন্ধকারাচ্ছন্ন হইয়া যায় এবং তাহার গুহা ও বৃক্ষসকল অদৃশ্য রূপ ধারণ করে, সেইরূপ নিজের উপর নিক্ষিপ্ত প্রজ্বলিত অগ্নিসদৃশ তেজস্বী মহাস্ত্রসমূহে আচ্ছাদিত হইয়া ভগবান্ নরসিংহ অন্ধকারাচ্ছন্ন ও অদৃশ্য প্রতীত হইতে হইতে লাগিলেন। ২৫

সেই সময় সংঘবদ্ধ দৈত্যগণ একত্র হইয়া মহাস্ত্রসমূহের দ্বারা তাঁহার উপর আঘাত করিতে লাগিল, কিন্তু এই প্রতাপশালী ভগবান্ নরসিংহ তথাপি সেই যুদ্ধস্থলে কম্পিত হইলেন না। তিনি স্বভাবতই হিমালয় পর্বতের ন্যায় অবিচলিতভাবে দণ্ডায়মান রহিলেন। ২৬

সন্ত্রাসিতাস্তে নরসিংহরূপিণা
নিতে: মুহু: প বকরাক্ষসস্তদা
তয়াদ্ বিভেদুঃ পবনাহতা যথা
মহোল্লসাঃ সাগরবারিসঞ্চয়াঃ ॥ ২৭

শতৈর্বৃতিভিঃ সুমহাভিরোগা
যুগান্তকালপ্রতিমাহরেরথান্
একায়নস্থা যুযুধুর্নৃসিংহং
মহাসুরাঃ ক্রোধবিদীপিতাত্মাঃ ॥ ২৮

ইতি শ্রীমন্নারায়ণীয়ে বিলভাগে ভবিষ্যপর্ব্বণি নারসিংহে চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৪ ॥

বৃদ্ধিপ্রাপ্তমায়ী ভগবানের তেজ দর্শিত হইয়া চতুর্দ্দিকে ছড়াইয়া পড়িল, ইহার দ্বারা মহাসিন্ধু ভৈরবরবে ব্যাকুল হইয়া উঠিল; উহাতে মনে হইল—তাহার ও চন্দ্রমা সহিত সমস্ত জগৎ যেন গ্রাস করিতে উদ্যত হইয়াছে। ২৬

এই মহাসুরগণ ভগবান কেশবালী ছিল, উহাদের সর্ব্বাঙ্গ ক্রোধে যেন জ্বলিতেছিল, অতএব উহারা বহু বপুপ্রমাণ দূরে একস্থানে দণ্ডায়মান হইয়া সেই নৃসিংহদেবের উপর চতুর্দ্দিকহইতে অগ্নিসদৃশ তেজস্বী বাণসমূহ নিক্ষেপ করিতে লাগিল। ২৮

শ্রীমহাভারতে বিলভাগে ভবিষ্যপর্ব্বে নরসিংহাবতারবিষয়ক চতুশ্চত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন কর্ত্তৃক প্রযুক্ত-নারায়ণাস্ত্র নিষ্ফলতাবর্ণন

বৈশম্পায়ন উবাচ

বরাঃ বরমুখাশ্চৈব মকরাশ্চৈবিনামনঃ
ঐরাবতগমুখাশ্চাস্তে বরাহবদনাস্তথা। ১
বালসূর্য্যমুখশ্চৈব ধূম্রকেতুমুখস্তথা
চন্দ্রার্দ্ধচন্দ্রবক্ত্রাশ্চ প্রাণ্যঙ্গ দ্বিমুখ স্তথা ২
গোসকুটবক্ত্রাশ্চ ব্যাদিতাস্যা ভয়ানকাঃ
পঞ্চাস্যা লেলিহানাশ্চ কাকগৃধ্রমুখ স্তথা
বিদ্যাজিহ্বাস্ত্রিশীর্ষাশ্চ তথৈবাম্রিতাননাঃ।

পঞ্চচত্বারিংশ অধ্যায়।

[বৈশম্পায়নের দ্বারা কৃত অস্ত্রপ্রহার ও প্রযুক্তমায়ার নিষ্ফলত্ববর্ণন

বৈশম্পায়ন বলিলেন,—তখনে ৬৫ সেই দানবগণের মধ্যে কিছু দানব বৃষ্টিমান ছিল এবং কিছু দানবের মুখ বর্ণভের মুখের তুল্য ছিল। কিছু দানবের মুখ মকর ও কিছু দানবের মুখ বিহঙ্গের সদৃশ ছিল। কিছু দানবের মুখ বৃক এবং কিছু দানবের মুখ শূকরতুল্য ছিল। ১

কিছু দানবের মুখ প্রাতঃকালের সূর্য্যের ন্যায় অরুণ কান্তিতে সুশোভিত ছিল। কিছু দানব বৃহৎকুক্কুর সদৃশ মুখবিশিষ্ট ছিল। কিছু দানবের মুখ পূর্ণচন্দ্রতুল্য কিছু দানবের মুখ অর্দ্ধচন্দ্রতুল্য এবং কিছু দানবের মুখ অগ্নিতুল্য ছিল। ২

কাহারও মুখ হাঙ্গরসদৃশ ও কাহারও মুখ কুম্ভসদৃশ ছিল। বহু দৈত্যের মুখ ব্যাদিত। বিস্তারিত ছিল এবং তাহারা ভয়ানক দেখাইতেছিল। কাহারও মুখ পাঁচটি ছিল এবং কেহ কেহ নিজেদের মস্তাগ্রাবনিভাস্যাশ্চ দানবা বলদর্পিতাঃ। ৪

কৈলাসবপুষস্তস্য শরীরে শরদৃষ্টয়ে
অবধ্যস্য মৃগেন্দ্রস্য ন বাধাং চক্রুরাহবে। ৫

এবং ভূতাঃ সুবলবান্ ঘোরানস্মভয়ানকান্ দানবান্ সরান্।
মৃগেন্দ্রস্যোরসি ক্রুদ্ধা নিপেতুস্তস্য ইবোরগাঃ। ৬

তে দানবশরা ঘোরা মৃগেন্দ্রোরসি সংগতাঃ।
বিলয়ং জগ্মুরাকাশে খদ্যোতা ইব পর্ব্বতে ৭

লম্বলম্বী জিহ্বার দ্বারা ওষ্ঠের চাটিতেছিল এবং বহু দৈত্যের মুখ ভাল ও শকুনির মুখের ন্যায় ছিল। ৩

তাহাদের জিহ্বা বিড়ালের ন্যায় চঞ্চল হইতেছিল। কাহারও তিনটি মস্তক ছিল। কাহারও উল্লুকের ন্যায় মুখবিশিষ্ট ছিল এবং বলদর্পে বহু দানব মহাগ্রাহ (বিশাল হিংস্র জন্তু) তুল্য ছিল অথবা মহাগ্রাহসদৃশ মুখবিশিষ্ট ছিল। ৪

ভগবান্ নরসিংহের শ্রীবিগ্রহ কৈলাসপর্ব্বতের সদৃশ উজ্জ্বল ছিল। তিনি সর্ব্বথা অবধ্য ছিলেন, অতএব তাঁহার দেহে দৈত্যদানবকর্ত্তৃক যুদ্ধবর্ষণ অল্পমাত্রও পীড়া উৎপন্ন করিতে পারিত না। ৫

এইভাবে ভয়ানকাকৃতি সর্পগণের ন্যায় ক্রুদ্ধ দানবেরা ভগবান্ নরসিংহের বক্ষে পুনরায় অস্ত্র প্রহার বাণসমূহ নিক্ষেপ করিতে লাগিল। ৬

ভগবান্ নরসিংহের উপর নিক্ষিপ্ত দানবগণের সেই সব প্রহার বাণসমূহ সর্ব্বতোভাবে অনুপযুক্ত জোনাকী পোকাসকলের ন্যায় আকাশেই বিলীন হইয়া যাইত। ৭

তত্তশ্চক্রাণি দিব্যানি দৈত্যাঃ ক্রোধসমন্বিতাঃ
মৃগেন্দ্রায়াক্ষিপন্ত্যাশু প্রজ্বলন্তীব সর্পণঃ ॥ ৮
তৈরসৌদ্ গগনং চক্রৈঃ সম্পতদ্ভিঃ সমাবৃতম্
যুগান্তে সম্প্রকাশদ্ভিশ্চন্দ্রসূর্যাগ্রহৈরিব ॥ ৯
তানি চক্রাণি বদনং প্রবিশন্তি বিশন্তি বৈ
মেঘোদরন্তরোঃ ঘোরাঃ চন্দ্রসূর্যপ্রভা ইব ॥ ১০
তানি চক্রাণি সর্বাণি মৃগেন্দ্রেণ মহাত্মনা ।
নির্গীর্ণানি প্রদীপ্তানি পাবকার্চিঃসমানি বৈ ॥ ১১
হিরণ্যকশিপুর্দৈত্যো দৃষ্টঃ প্রাগ্জন্মুজিতাম্ ।
শক্তিং প্রজ্বলিতাং ঘোরাং হুতাশনসমপ্রভাম্ ॥ ১২
তামাপতন্তীং সম্প্রেক্ষ্য মৃগেন্দ্রঃ শক্তিমুত্তমাম্
হুঙ্কারেণৈব রৌদ্রেণ বভঞ্জ ভগবাংস্তদা ॥ ১৩

সরাজ তয়া সা শক্তির্মৃগেন্দ্রেণ মহীতলে
সবিস্ফুলিঙ্গা জ্বলিতা মহোল্কেব নভশ্চ্যুতা ॥ ১৪

নারাচপ্রভৃতিঃ সিংহস্ত্বষ্টা তেজে বিসৃজতঃ ।
নীলোৎপলপলাশাভাঃ বালেবোজ্জ্বলদর্শনা ॥ ১৫
লজ্জিতা তু যথাকামং বিক্রমা চ যথাসুখম্ ।
তং সৈন্যমুৎসারিতবাংস্তদা মারুতঃ ॥ ১৬
ততোঽস্যবর্ষং দৈত্যেন্দ্রা বাসজন্ত নভোগতাঃ ।
নগমাত্রৈঃ শিলাখণ্ডৈর্গিরিকূটৈর্তাপ্রতৈঃ ॥ ১৭
তদস্যবর্ষং সিংহস্ত গাত্রে নিপতিতং বহু
দিশো দশ প্রকীর্ণং হি খদ্যোতপ্রকরো যথা ॥ ১৮
তদস্যৌষৈর্দিতিসুতাস্তদা সিংহমবিস্মিতম্
প্রাচ্ছাদয়ন্ যথা মেঘা ধারাভিরিব পর্বতম্ ॥ ১৯
ন চ তং চালয়ামাসুস্তৈস্তোয়া ।বমারুতম্
ভীমবেগা বলশ্রেষ্ঠঃ সমুদ্রা ইব পর্বতম্ ॥ ১০
ততোঽস্যবর্ষে নিহতে জলবর্ষমনন্তরম্
ধারাভিরুক্ষমাণাভিঃ প্রাদুরাসীৎ সমন্ততঃ ॥ ১১

যখন ক্রোধসহকারে দৈত্যগণ সেই নরসিংহদেবের উপর অগ্নিসদৃশ দিব্য চক্রসমূহ নিক্ষেপ করিতে লাগিল, সে সব চক্র যখন সর্ব্বদিকেই প্রজ্বলিত ছিল ॥ ৮

নিক্ষিপ্ত সেই সব চক্রের দ্বারা পরিবৃত হইয়া আকাশ প্রলয়কালে প্রকাশিত বহু চন্দ্র ও সূর্য্যগ্রহসমূহের দ্বারা পরিবৃত বলিয়া মনে হইতে লাগিল ॥ ৯

সেই চক্রসকল ভগবান্ নরসিংহের মুখে প্রবিষ্ট হইয়া যাইল এবং সেই সময় মেঘমণ্ডলের উদরস্থ ভয়ঙ্কর ঘোর প্রবিষ্ট চন্দ্র ও সূর্য্যের ন্যায় বিলেষভাবে শোভা পাইতে লাগিল ॥ ১০

মহারাজ নরসিংহ ভারপর অগ্নিশিখাসদৃশ প্রজ্বলিত সেই সব চক্রকে গিলিয়া ফেলিলেন ॥ ১১

তখন দৈত্য হিরণ্যকশিপু পুনরায় প্রজ্বলিত অগ্নিজ্বালা প্রতাবৃক্তা এক প্রবল ও ভয়ঙ্কর শক্তি নিক্ষেপ করিলেন ॥ ১২

সেই উত্তম শক্তিকে নিজের দিকে আসিতে দেখিয়া ভগবান্ নরসিংহ ভয়ঙ্কর হুঙ্কার দ্বারাই তাহাকে খণ্ডখণ্ড খণ্ড খণ্ড করিয়া দিলেন ॥ ১৩

ভগবান্ নরসিংহ কর্তৃক ভগ্ন হইয়া ভূতলে পতিত শক্তি অস্ত্রাঘাত হইতে পতিত স্ফুলিঙ্গের সহিত প্রজ্বলিত বিশাল উল্কার ন্যায় শোভা পাইতে লাগিল ॥ ১৪

নরসিংহদেবকে লক্ষ্য করিয়া দূর হইতে নিক্ষিপ্ত নারাচ প্রভৃতি অস্ত্রসমূহ দৈত্যের নীলপদ্মদলের উজ্জ্বল মালার সদৃশ শোভা পাইতে লাগিল ॥ ১৫

তখন ভগবান্ নরসিংহ ইচ্ছামুসারে যখন করিয়া ও সুখের সহিত উদ্ভূত বিক্রম করিয়া সেই দৈত্যদলের সেই সৈন্যবাহিনীকে সেইভাবে উৎসারিত করিতে লাগিলেন, যেরূপ বায়ু তুমুলমেঘের অগ্রভাগকে উড়াইয়া লইয়া যায় ॥ ১৬

তখন আকাশে স্থিত সেই দৈত্যসৈন্যগণ পর্ব্বতবৃষ্টি করিতে লাগিল। তাহাদের এক একটি নিক্ষিপ্ত বৃক্ষপরিমাণ ছিল। তাহারা উত্তম প্রতাবিশিষ্ট পর্ব্বতশিখরসমূহের দ্বারা আঘাত করিতেছিল ॥ ১৭

ভগবান্ নরসিংহের শরীরে পতিত প্রস্তরসমূহের সেই প্রভূত বর্ষণ জোনাকীপোকসমূহের ন্যায় সমস্তদিকে বিকীর্ণ হইতে লাগিল ॥ ১৮

যেরূপ মেঘমণ্ডল নিজের জলধারার পর্ব্বতকে আচ্ছাদিত করে, সেইরূপ এই দৈত্যগণ প্রস্তরসমূহের বর্ষণের দ্বারা অক্লান্তমন নরসিংহকে আচ্ছাদিত করিয়া দিল ॥ ১৯

যেরূপ ভয়ঙ্কর বেগশালী সমুদ্র নিজের বলে বলশ্রেষ্ঠ পর্ব্বতকে বিচলিত করিতে পারে না, সেইরূপ এই দৈত্যগণ সেস্থানে বর্ত্তমান নরসিংহদেবকে বিচলিত করিতে পারিল না ॥ ২০

তদনন্তর প্রস্তরবর্ষণ বন্ধ হইয়া যাইলে পর জলবর্ষণ আরম্ভ হইল, চারিদিকে অন্ধকারিণী মোটা ধারার সহিত ঘোর জল বর্ষণ হইতে লাগিল ॥ ২১

নভসঃ প্রচ্যুতা ধারাস্তিগ্মবেগাঃ সহস্রশঃ
আবৃণন্ সর্ব্বতো ব্যোম দিশশ্চোপদিশস্তথা ॥ ১১
ধারাণাং সন্নিপাতেন বাতোদ্ধূতেন চ।
বর্দ্ধতা চৈব বর্ষেণ ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥ ১২
ধারা দিবি চ সংসক্তা বসুধায়াঞ্চ সর্ব্বশঃ
ন স্পৃশন্তি স্ম তং তত্র নিপতন্ত্যোঽনিশং ভুবি ॥১৩
বাজ্রতো বসুধে বর্ষং নোপরিষ্টাত্তু তোয়দঃ
মুমোচ প্রতিরূপস্থ স্থিতস্য বুধি মাতরা ॥ ১৪
হতোঽম্বুবর্ষে তুমুলে জলবর্ষে চ শোভিতে।
সম্পূর্ণনিবা মাত্রাভিঃ বায়ুক সর্ব্বশঃ ॥ ১৬
নভসঃ প্রচ্যুতস্তৈব তিগ্মবেগঃ সমন্ততঃ
জ্বালামালী মহারৌদ্রো দীপ্যতেজাঃ সমন্ততঃ ॥ ১৭

স সৃষ্টঃ পাবকস্তেন দৈত্যেন্দ্রেণ মহাত্মনা।
ন শশাক মহাতেজা দগ্ধুমপ্রতিমৌজসম্ ॥ ১৮
তমিন্দ্রস্তোয়দৈঃ সার্দ্ধং সহস্রাক্ষোঽমিতদ্যুতিঃ।
মহতা তোয়বর্ষেণ শময়ামাস পাবকম্ ॥ ১৯
তস্যাং প্রতিহতায়াং তু মায়ায়াং বুধি দানবাঃ
সম্পূর্ণোর্ধারসন্তাশ্চ তমস্তীব্রং সমন্ততঃ ॥ ৩০
তমসা সংবৃতে লোকে দৈত্যোদ্যাত্তায়ুধেষু বৈ।
স্বতেজসা পরিবৃতো দিবাকর ইবাবভৌ ॥ ৩১
ত্রিশিখাঃ ভ্রূকুটীঃ চাস্য দদৃশুর্দানবা রণে।
ললাটস্থাঃ ত্রিকূটস্থাঃ গঙ্গায়াঃ ত্রিপথগামিব ॥ ৩২

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
নারসিংহে পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৫

আকাশ হইতে দ্রুত বেগশালী সহস্র সহস্র জলধারা পতিত হইতে লাগিল। তাহারা আকাশ, দিক্ বিদিক্সমূহও সর্ব্বতোভাবে আবৃত করিয়া ফেলিল। ২১

জলের ধারাসমূহের বর্ষণে, দ্রুত বায়ুর সবেগে বহনে এবং বর্ষার উত্তরোত্তর বৃদ্ধিতে তখন কোনও কিছুই বুঝা যাইল না।২২

জলের ধারা আকাশ হইতে সমুদয় স্থল পর্য্যন্ত অবিশ্রান্ত ধারায় পতিত হইতেছিল এবং তাহা সর্ব্বদিকে বিস্তৃত হইয়া পড়িল। ফলে নিরন্তর জলধারা পতিত হইতে থাকিলেও সেই সব ধারা সেস্থানে নৃসিংহদেবকে স্পর্শ করিতে পারিল না ।২৩

সেই তুমুলজলবর্ষা ভগবান বিষ্ণু নিজের মায়ার দ্বারা বৃক্ষতলে অবস্থান করিতে লাগিলেন। সেই সময় বাস্তবিক জলবর্ষণ হইতে থাকিলেও মেঘ তাঁহার উপর জল বর্ষণ করিতেছিল না ।২৪

যখন ভয়ঙ্কর প্রস্তরবর্ষণ ব্যর্থ হইয়া যাইল এবং জলবর্ষণও ক্ষান্ত হইয়া যাইল, তখন দানবগণ সর্ব্বদিকে মায়াময় অগ্নি এবং বায়ু সৃষ্টি করিল ।২৫

আকাশ হইতে চারিদিকে দ্রুত বেগশালী, জ্বালামালাযুক্ত, মহাতেজস্ক ও প্রজ্বলিত তেজোযুক্ত অগ্নিবর্ষণ হইতে লাগিল ।২৭

সেই মহান্ দৈত্যরাজ কর্তৃক উৎসৃষ্ট সেই মহাতেজস্বী ও পাবক (অগ্নি) অমুপম শক্তিশালী নরসিংহদেবকে দগ্ধ করিতে পারিল না ।২৮

অতিতেজস্বী সহস্রলোচন ইন্দ্র মেঘমণ্ডলের সহিত আসিয়া বিপুল জলবর্ষণ করত সেই অগ্নিকে নির্ব্বাপিত করিয়া দিলেন ।২৯

সেই অগ্নিমহী মায়া প্রতিহত হইয়া যাইলে পর দানবগণ বৃক্ষতলে চারিদিকে ঘোর ও তীব্র অন্ধকার সৃষ্টি করিল ।৩০

যখন সম্পূর্ণ জগৎ সেই অন্ধকারে আচ্ছন্ন হইয়া যাইল এবং দৈত্যগণ হস্তে অস্ত্র গ্রহণ করিয়া যুদ্ধের জন্য উদ্যত হইল ; তখন ভগবান্ নরসিংহ নীয় তেজে সূর্য্যদেবের ন্যায় প্রকাশিত হইয়া উঠিলেন ।৩১

সেই সময় দানবগণ রণক্ষেত্রে ভগবান্ নরসিংহদেবের ললাটে তিন শিখাযুক্ত ভ্রূকুটি দর্শন করিতে লাগিল, যাহা ত্রিকূট পর্ব্বতের উপর স্থিত ত্রিপথগা গঙ্গার ন্যায় শুশোভিত হইতেছিল ।৩২

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে নরসিংহাবতারবিষয়ক পঞ্চচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ।

[দৈত্যানাং বিনাশসূচক-মহোৎপাতানাং বর্ণনম্, তদ্গাং দৃষ্ট্বা হিরণ্যকশিপোর্ধাবনম্, ততঃ পাদাঘাতেন পৃথিব্যাঃ পর্ব্বতানাম্, নদীনাম্, বৃক্ষাণাঞ্চ কম্পনম্।]

বৈশম্পায়ন উবাচ

ততঃ সর্ব্বাসু মায়াসু হতাসু তু দিতিসুতাঃ।
হিরণ্যকশিপুং সর্ব্বে বিবিশুঃ শরণং গতাঃ॥ ১

ততঃ প্রজ্বলিতঃ ক্রোধাৎ প্রদহন্নিব তেজসা।
হিরণ্যকশিপুর্দৈত্যান্দালয়ামাস মেদিনীম্॥ ২

ততঃ প্রক্ষুভিতাঃ সর্ব্বে সাগরাঃ সলিলাকরাঃ।
চলিতা গিরয়ঃ সর্ব্বে সকাননবনদ্রুমাঃ॥ ৩

তস্মিন্ ক্রুদ্ধে তু দৈত্যেন্দ্রে তমোভূতমভূজ্জগৎ
তমসা সমভিচ্ছন্নাঃ ন প্রাজ্ঞায়ন্ত কিঞ্চন। ৪

আবহঃ প্রবহশ্চৈব বিবহশ্চ সমীরণঃ।
পরাবহঃ সংবহশ্চ উদ্বহশ্চ মহাবলঃ॥ ৫

তথা পরিবহঃ শ্রীমান্প্রকৃতা ভয়শংসিনঃ।
ইত্যেতে ক্ষুভিতাঃ সপ্ত মারুতা গগনেচরাঃ॥ ৬

যে গ্রহাঃ সর্ব্বলোকস্য কুরুতে প্রাতরুত্থিতা বৈ।
তে গ্রহা গগনে ক্ষুব্ধা বিচরন্তি যথাসুখম্॥ ৭

অথোগতশ্চাস্তাচলম্ যোগং দিবি নিশাকরঃ
সগ্রহঃ সনক্ষত্রঃ প্রজ্বজ্বাল নভো নৃপ॥ ৮

বিবর্ণশ্চ ভগবান্ গতো দিবি দিবাকরঃ।
কৃষ্ণঃ কবন্ধস্তু মহীয়ন্ত্যাতে চ নভস্তলে॥ ৯

অমুঞ্চন্নসিতাঃ সূর্য্যা ধূমবর্ত্তিঃ ভয়াবহাম্।
সনক্ষত্রশ্চ ভগবানভীক্ষ্ণং পরিতপ্যতে॥ ১০

সপ্তধূমনিভা ঘোরাঃ সূর্য্যা দিবি সমুত্থিতাঃ।
সোমস্য গগনস্থস্য প্রয়াত্তিষ্ঠন্তি শৃঙ্গয়াঃ॥ ১১

বামে চ দক্ষিণে চৈব স্থিতৌ শুক্র বৃহস্পতী।
শনৈশ্চরো লোহিতাক্ষো লোহিতার্কসমদ্যুতিঃ॥ ১২

সমং সমভিরোহন্তি দুর্গাণি গগনেচরাঃ
শৃঙ্গাণি কনকৈর্ঘোরা যুগান্তাবর্ত্তকা গ্রহাঃ॥ ১৩

ষট্‌চত্বারিংশ অধ্যায়।

[দৈত্যগণের বিনাশসূচক মহোৎপাতসমূহের বর্ণন, তদ্‌ দর্শন করিয়া হিরণ্যকশিপুর ধাবন এবং তাঁহার পাদাঘাতে পৃথিবী, পর্ব্বত, নদী ও বৃক্ষসকলের কম্পন।

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! যখন দৈত্যগণের সমস্ত মায়া নষ্ট হইয়া গেল, তখন তাহারা সকলে বিষণ্ণ হইয়া হিরণ্যকশিপুর শরণাপন্ন হইল॥ ১

তাহারা দিতিনন্দন হিরণ্যকশিপু ক্রোধে প্রজ্বলিত হইয়া পৃথিবীকে যেন দগ্ধ করিতে করিতে তাহাকে কম্পিত করিলেন॥ ২

তাহার পর সমস্ত সাগর ও অন্যান্য জলাশয়সমূহ ক্ষুব্ধ হইয়া উঠিল। বন, কানন ও বৃক্ষসকলের সহিত সমস্ত পর্ব্বত বিচলিত হইল॥ ৩

দৈত্যরাজ হিরণ্যকশিপু ক্রুদ্ধ হইলে পর সারা জগৎ অন্ধকারময় হইয়া যাইল। অন্ধকারে আচ্ছন্ন হইয়া যাওয়ায় তখন কোনও কিছুই বুঝা যাইতেছিল না॥ ৪

আবহ, প্রবহ, বিবহ, পরাবহ, সংবহ, মহাবল উদ্বহ ও শ্রীমান্ পরিবহ—এই সপ্তবিধ আকাশচারী বায়ু ক্ষুব্ধ হইয়া ভয়ের সূচনা করিতে লাগিল॥ ৫-৬

যে সব গ্রহ সম্পূর্ণ জগতের জন্যের সময় প্রাদুর্ভূত হয়, তাহারাই সেই সময় আকাশে উদিত হইয়া অতিশয় ঘূর্ণন সূর্য্যের সহিত বিচরণ করিতে লাগিল।

তখন আকাশে নক্ষত্রসমূহের সহিত যোগ করিয়া অস্তাচলবর্ত্তিনী বৃহদ্বতী নক্ষত্রসকলের সহিত যুক্ত হইতে লাগিল। হে জনমেজয়! গ্রহ ও নক্ষত্রসকলের সহিত আকাশ প্রজ্বলিত হইয়া উঠিল॥ ৮

ভগবান্ সূর্য্যদেব আকাশে বিবর্ণ (শ্রীহীন) হইয়া যাইলেন। যোগমণ্ডলে কালবর্ণের এক বিশাল কবন্ধ দেখা যাইতে লাগিল॥ ৯

সূর্য্যদেব কালবর্ণের ভয়ঙ্কর ধূমবর্ত্তি নিক্ষেপ করিতে লাগিলেন এবং আকাশে থাকিয়াই ভগবান্ সূর্য্য অধিক তপ্ত হইতে ও তাপদান করিতে লাগিলেন॥ ১০

ধূমবর্ণবিশিষ্ট সাত ভয়ঙ্কর সূর্য্য আকাশে উদিত হইল এবং যোমমণ্ডলে স্থিত সোমের শৃঙ্গের উপর সাত গ্রহ অবস্থান করিতে লাগিল॥ ১১

সোমের বামভাগে শুক্র ও দক্ষিণ ভাগে বৃহস্পতি অবস্থান করিতে লাগিলেন। শনৈশ্চর এবং প্রাতঃকালের অরুণবর্ণবিশিষ্ট সূর্য্যের সমান কান্তিমান্ মঙ্গলও ক্রমশঃ বামভাগে এবং দক্ষিণ ভাগে অবস্থিত হইল॥ ১২

প্রলয়কালের আবর্ত্তিকারী ভয়ঙ্কর আকাশচারী গ্রহসকল

চন্দ্রমাঃ সহ নক্ষত্রৈস্ত্র ভৈঃ সপ্তভিরাবৃতঃ।
চরাচরবিনাশার্থং রোহিণীং নাত্যবর্তত ॥ ১৪

গৃহীত্বা রাহুণা চন্দ্র উল্কাভিরভিতস্তুতে।
উল্কাঃ প্রজ্বলিতাশ্চন্দ্রে প্রচেলুর্ঘোরদর্শনাঃ ॥ ১৫

দেবানামপি যো দেবঃ সোঽভবদ্বর্ষ শোণিতম্।
অপতন্ গগনাদ্রাজন্ বিদ্যুদ্রূপাঃ সনিস্বনাঃ ॥ ১৬

অকালে পাদপাঃ সর্বে পুষ্পন্তি চ ফলন্তি চ।
লতাশ্চ সকলাঃ সর্বা যাঃ প্রাহুর্দৈতানাশনম্ ॥ ১৭

ফলে ফলান্যজায়ন্ত পুষ্পে পুষ্পং তথৈব চ।
উন্মীলন্তি নিমীলন্তি হসন্তি চ রুদন্তি চ ॥ ১৮

বিক্রোশন্তি চ সন্তীরঃ নৃত্যন্তি চলন্তি চ।
প্রতিমাঃ সর্বদেবানাং কথয়ন্তি মৃগক্ষয়ম্ ॥ ১৯

আরণ্যৈঃ সহ সংসৃষ্টা গ্রাম্যাশ্চ মৃগপক্ষিণঃ
চক্রুস্তদৈভবং তত্র মৃগেন্দ্রে সমুপস্থিতে ॥ ২০

নক্ষত্রং প্রতিলোমা হি বর্ততি কলুষোদকাঃ।
অপরাত্রগতে সূর্যে লোকানাং ভয়কারকে ॥ ২১

ন প্রকাশন্তি চ দিশো রক্তরেণুসমাকুলাঃ।
যানস্থাশ্চ ন পূজ্যন্তে পূজনার্হাঃ কথঞ্চন ॥ ২২

বায়ুবেগেন রুদ্ধন্তে ছিদ্যন্তে প্রপুদন্তি চ।
তথা চ সর্ববৃক্ষাণাং ছায়া ন পরিবর্ততে ॥ ২৩

অপরাত্রগতে সূর্যে লোকানাঞ্চ ভয়ঙ্করে।
তথা হিরণ্যকশিপোর্বৈত্যাস্তোপরি বেশ্মনঃ ॥ ২৪

ভাণ্ডাগারায়ুধাগারে নির্বিষ্টমভবন্মধু
তথৈব চায়ুধাগারে ধূমরাজিরদৃশ্যত ॥ ২৫

স চ দৃষ্ট্বা মহোৎপাতান্ হিরণ্যকশিপুস্তদা।
পুরোহিতং তদা শুক্রং বচনং চেদমব্রবীৎ ॥ ২৬

কিমর্থং ভগবন্নেতে মহোৎপাতাঃ সমুত্থিতাঃ।
শ্রোতুমিচ্ছামি তত্ত্বেন পরং কৌতূহলং হি মে ॥ ২৭

মেরুপর্বতের মূর্ধনির্বিষ্ট ১৩৯ বিদ্যুৎসমূহের উপর একসঙ্গে আরোহণ করিতে লাগিল। ১৫

নক্ষত্রমণ্ডলের সহিত চন্দ্র সাত গ্রহের দ্বারা আবৃত হইয়া চরাচর প্রাণিগণের বিনাশের জন্য রোহিণীকে আর অতিক্রম করিলেন না। ১৪

রাহুর দ্বারা গ্রস্ত হইয়া চন্দ্র উল্কাসমূহে আবৃত হইতে লাগিলেন। দেখিতে ভয়ঙ্কর প্রজ্বলিত উল্কাসমূহ চন্দ্রমণ্ডলের দিকে যাইতে লাগিল। ১৫

যিনি দেবগণেরও দেবতা, সেই উগ্র রক্ত বর্ষণ আরম্ভ করিলেন। আকাশ হইতে ভয়ঙ্কর শব্দের সহিত বিদ্যুদ্রূপী বহু উল্কা পতিত হইতে লাগিল। ১৬

সমস্ত বৃক্ষই অসময়ে পুষ্প ও ফলশালী হইয়া উঠিল। সমস্ত লতাসমূহও ফলযুক্ত হইল, যাহারা দৈত্যগণের বিনাশের সূচনা করিতেছিল। ১৭

ফলে বহু ফল এবং পুষ্পে পুষ্প উৎপন্ন হইতে লাগিল। সমস্ত দেবতাগণের প্রতিমাসকল চক্ষু উন্মীলন ও নিমীলন করিতে লাগিলেন, হাস্য ও রোদন করিতে লাগিলেন, গভীর স্বরে চীৎকার করিতে লাগিলেন, কখনও বৃত্য বিস্তার করিতে লাগিলেন এবং কখনও প্রজ্বলিত হইয়া উঠিলেন,—এইভাবে তাঁহারা প্রলয়ের সূচনা করিতেছিলেন। ১৮-১৯

গ্রাম্য পশু-পক্ষীরা বনজাত পশু-পক্ষিগণের সহিত সংসর্গ মৈথুন করিতে লাগিল। সেই দিন ভগবান নরসিংহের উপস্থিতি হইলে পর সেই সব পশু-পক্ষীরা ভৈরবরবে আর্তনাদ করিতে লাগিল। ২০

নদীসকল বিপরীত (উল্টা দিকে প্রবাহিত হইতে লাগিল। তাহাদের জল মলপূর্ণ (ঘোলাটে) হইয়া যাইল। সেই সময় লোকসমূহের বিনাশের সূচনা করিতে করিতে সূর্যদেব অপরাহ্ণকালে আসিয়া উপস্থিত হইলেন। ২১

দিক্‌সমূহ রক্তবর্ণের ধূলিতে পূর্ণ হইয়া যাওয়ায় প্রকাশিত হইতে পারিল না। পূজনীয় বনস্পতিসকলকে (চৈত্যবৃক্ষ-সকলকে) কোনওপেই কেহ পূজা করিতেছিল না। ২২

এই সব চৈত্যবৃক্ষ বায়ুর বেগে ছিন্ন-ভিন্ন ও কম্পিত হইতেছিল। সেই সময় সূর্যদেব অপরাহ্ণকালে উপস্থিত হইয়াছিলেন এবং লোকসকলের যেন প্রলয়কাল উপস্থিত হইয়াছিল। সেই অবস্থায় সূর্যের প্রভা হীন হইয়া যাওয়ায় সমস্ত প্রাণিগণের ছায়া পড়িতেছিল না। ২৩;

হিরণ্যকশিপুদৈত্যের প্রাসাদের উপর ও তাঁহার ভাণ্ডাগৃহে এবং অস্ত্রাগারে মধুমক্ষিকারা (মৌমাছিরা) অমূল ছাতা (মৌচাক) নির্মাণ করিতে লাগিল। ২৪;

সেইভাবে তাঁহার অস্ত্রাগারে ধূমরেখা উঠিতে দেখা যাইল। হিরণ্যকশিপু সেই সময় এই সব উৎপাত দেখিয়া নিজের পুরোহিত শুক্রাচার্যকে এই কথা বলিলেন। ২৫-২৬

ভগবন্! এই সব মহোৎপাত কিজন্য উত্থিত হইতেছে, আমি ইহার কারণ যথাযথভাবে শুনিতে ইচ্ছা করি এবং ইহার জন্য আমার মনে অত্যন্ত কৌতূহল হইতেছে। ২৭

শুক্র উবাচ

শৃণু রাজন্‌বহিতো বচনং মে মহাসুর
যদ্যমিহ দৃশ্যন্তে মহোৎপাতা মহাভয়াঃ ॥ ১৮
যস্যৈতে সম্প্রদৃশ্যন্তে রাজ্ঞো রাষ্ট্রে মহাসুর
দেশে বা স্থিরতে তস্য রাজ্ঞো বা বধমর্হতি ॥ ১৯
অতো বুদ্ধ্যা সমীক্ষস্ব যদা সর্বং প্রদৃশ্যতি।
বৃহদ্ভয়ং হি নচিরাদ্ভবিষ্যতি ন সংশয়ঃ ॥ ২০
এতাবদুক্ত্বা শুক্রস্তু হিরণ্যকশিপুং তদা
স্বস্তীত্যুক্ত্বা তু দৈত্যেন্দ্রঃ জগাম স্বং নিবেশনম্ ॥ ৩১
তস্মিন্ গতে স দৈত্যেন্দ্রো ধ্যাতবান্ সুচিরং তদা
আসাদ্যক্রে সুদীনাত্মা সঙ্কথাকানমুত্তমম্ ॥ ৩২
অসুরাণাং বিনাশায় সুরাণাং সিদ্ধয়ে চ।
দৃশ্যন্তে বিবিধোৎপাতা ঘোরা ঘোরনিদর্শনাঃ ॥ ৩৩
এতে চাস্তে চ বহবো ঘোরা হ্যুৎপাতদর্শনাঃ।

দৈত্যেন্দ্রাণাং বিনাশায় দৃশ্যন্তে কালনির্মিতাঃ ॥ ৩৪
ততো হিরণ্যকশিপুর্গদামাদায় সত্বরম্
জঘান বেগেন দর্পাদসুরক্ষয়কারণম্ ॥ ৩৫
হিরণ্যকশিপুর্দৈত্যো গদা সাস্ফোটয়ন্নভীম্।
সন্দষ্টৌষ্ঠপুটঃ ক্রোধাদ্ বভার ইব পূর্ববৎ ॥ ৩৬
মেদিন্যাঃ কম্পনায়াথ দৈত্যেন্দ্রস্যৈব মহাত্মনা।
নহীধরেভ্যো নাগেন্দ্রা নিপেতুর্ভরবিহ্বলাঃ ॥ ৩৭
বিবমুজ্বালাকুলৈর্বক্ত্রৈ বিমুক্তস্তা হুতাশনম্।
চতুর্দশীর্ষাঃ পঞ্চশীর্ষাঃ সপ্তশীর্ষাশ্চ পন্নগাঃ ॥ ৩৮
বাসুকিস্তক্ষকশ্চৈব কর্কোটক-ধনঞ্জয়ৌ
এলাপত্রশ্চ কালীয়ো মহাপদ্মশ্চ বীর্যবান্।
সহস্রশীর্ষস্তু নাগো হেমকূটালয়ঃ প্রভুঃ ॥৩৯
শেষোঽনন্তো মহীপালো যস্যেমাঃ কম্পনাঃ প্রজাঃ।
দীপ্তাগ্নিস্তর্জনস্তাশ্চ পৃথিবীরবনামি চ ॥ ৪০

শুক্রাচার্য বলিলেন,—রাজন্ মহাসুর! তুমি দানবদিগের হিতকারী, আমার কথা শ্রবণ কর। মহাভয়জনক এই সব মহোৎপাত এখানে যে সব দেখা যাইতেছে, তাহা বলিতেছি। ১৮

মহাসুর! যে রাজার রাজ্যে এই সব উৎপাত দেখা যায়, সেই রাজার রাজ্য অথবা সেই রাজারই মৃত্যু হইয়া থাকে। ১৯

অতএব তুমি নিজ বুদ্ধির দ্বারা ইহা ভালভাবে বিচার কর, যাহাতে এই সব উৎপাত নষ্ট হইয়া যায় অন্যথায় শীঘ্রই মহাভয় প্রাপ্ত হইবে, ইহাতে কোনও সংশয় নাই। ২০

সেই সময় দৈত্যরাজ হিরণ্যকশিপুকে এই পর্যন্ত বলিয়া শুক্রাচার্য 'তোমার কল্যাণ হউক' এই কথা বলিতে বলিতে নিজ গৃহে চলিয়া যাইলেন। ৩১

তিনি চলিয়া যাইলে পর দৈত্যরাজ হিরণ্যকশিপু বহুকাল ধরিয়া এই বিষয়ে চিন্তা করিলেন। সেই রাজমের বাক্য স্মরণ করিতে করিতে মনে মনে অত্যন্ত খিন্ন হইয়া বসিয়া রহিলেন। ৩২

অসুরগণের বিনাশ ও দেবতাদিগের বিজয়ের জন্য যে সব নানাপ্রকার উৎপাত দেখা যাইতেছিল, সেই সব উৎপাত শুক্রাচার্য ও দেখিতেছেন বলিয়া ছিল। ৩৩

এই সব উৎপাত এবং অন্যান্য বহু উৎপাত যাহারা দৈত্যেন্দ্রদিগের বিনাশের জন্য কালনির্মিত হইয়াছিল, দৈত্যরাজগণের বিনাশের জন্য দেখা যাইতে লাগিল। ৩৪

তখনই হিরণ্যকশিপু অতি সত্বর হস্তে গদা লইয়া পৃথিবীকে বারংবার কম্পিত করিতে করিতে বেগে ধাবিত হইলেন। ৩৫

দৈত্যেন্দ্র হিরণ্যকশিপু ক্রোধবশতঃ দন্তের দ্বারা ওষ্ঠকে দংশন করিয়া ভীষণ আকার ধারণ করিয়া নিজ পদে যখন পৃথিবীকে স্পর্শ করিলেন, তখন পৃথিবী কম্পিত হইতে লাগিলেন। ৩৬

সেই মহাবীর দৈত্যরাজের দ্বারা যখন বারংবার পৃথিবী কম্পিত হইতে লাগিলেন, তখন ভয়ে ব্যাকুল বহু নাগরাজ পর্বতশৃঙ্গসমূহ হইতে পতিত হইলেন। ৩৭

তাঁহারা বিষের জ্বালায় ব্যাপ্ত মুখসমূহ দিয়া অগ্নি উদ্‌গীরণ করিতে লাগিলেন। তাঁহাদের মধ্যে অনেকের চারি, অনেকের পাঁচ ও অনেকের সাতটি ফণা ছিল। ৩৮

বাসুকি, তক্ষক, কর্কোটক, ধনঞ্জয়, এলাপত্র, কালিয়, পরাক্রমশালী মহাপদ্ম এবং সহস্র ফণাধারী, সুবর্ণময় তালচিহ্নে সুশোভিত, সর্বসমর্থ, পৃথিবীপালক ভগবান্ অনন্ত শেষ নামক যাঁহাকে কম্পিত করা অত্যন্ত কঠিন ছিল, তিনিও কম্পিত হইয়া উঠিলেন। ৩৯।

জলের মধ্যে অবস্থিত যে সব ভেকাদি জন্তুর (ভিন্নজাতি ছিল, তাহাদিগকেও সেই সময় কুদ্ধ দৈত্য হিরণ্যকশিপু নষ্টদিকে কম্পিত করিলেন। ৪০

তথা ক্রুদ্ধেন দৈত্যেন কম্পিতানি সমন্ততঃ
পাতালতলচারিণো নাগতেজোহরাঃ শিবাঃ ॥ ৮১
আপশ্চ সহসা ক্রুদ্ধা হ্লাদকল্লোলসংযুতাঃ শুভাঃ
নদী ভাগীরথী চৈব সরযূঃ কৌশিকী তথা ॥ ৪২
যমুনা চৈব কাবেরী কৃষ্ণা বেণা তথৈব চ
সুবেণা চ মহাভাগা নদী গোদাবরী তথা ॥ ৪৩
চর্ম্মণ্বতী চ সিন্ধুশ্চ তথা নলনদীপতিঃ
মেকলপ্রভবশ্চৈব শোণো মণিনিভোদকঃ ॥ ৪৪
সুপ্রোক্তা নর্ম্মদা চৈব তথা বেত্রবতী নদী।
গোমতী গোকুলাকীর্ণা তথা পূর্ণা সরস্বতী ॥ ৪৫
নদী কালনদী চৈব তমসা পুণ্যবাহিনী।
সীতা চেক্ষুমতী চৈব বেধিকা চ মহানদী ॥ ৪৬
জম্বুদ্বীপং রত্নবন্তঃ সর্ব্বরত্নোপশোভিতম্।
সুবর্ণকূটকৈ চৈব সুবর্ণাকরমণ্ডিতম্ ॥ ৪৭
মহানদশ্চ লৌহিত্যঃ শৈলকাননশোভিতঃ
পত্তনৈঃ কৌশিকারণ্যৈঃ প্রবিষ্টঃ প্রতাকরম্ ॥ ৪৮

নাগদ্বাংশ্চ মহাগ্রামানজান বঙ্গাংস্তথৈব চ
সুহ্মান্ধ্রান্ বিদেহাংশ্চ মালবান্ কাশিকোশলান্ ॥ ৪৯
ভুবনং বৈনতেয়ঞ্চ সুবর্ণঞ্চ চ কম্পিতম্।
কৈলাসশিখরাকারং যংভূতং বিশ্বকর্ম্মণা ॥ ৫০
রক্ততোয়োঽতি ভীমবেগো লৌহিত্যো নাম সাগরঃ।
শুভঃ পাণ্ডুরমেঘাভঃ ক্ষীরোদশ্চৈব সাগরঃ ॥ ৫১
উদয়শ্চৈব রাজেন্দ্র উল্লিখিতঃ শতযোজনম্।
সুপর্ণবেদিকঃ শ্রীমান্নানাপক্ষিনিষেবিতঃ ॥ ৫২
ব্রাহ্মমানোহর্কসদৃশৈর্ব্রাততরূপমতৈর্জ্জৈঃ।
শালৈস্তালৈস্তমালৈশ্চ কর্ণিকাভিশ্চ পুষ্পিতৈঃ ॥ ৫৩
অরোমুখশ্চ বিপুলঃ সর্ব্বতো ধাতুমণ্ডিতঃ
তমালবনগন্ধশ্চ পর্ব্বতো মলয়ঃ শুভঃ ॥ ৫৪
সুরাষ্ট্রাংশ্চ সুবহ্লীকাঃ সূরাভীরাংস্তথৈব চ।
তোজাঃ পাণ্ড্যাংশ্চ বঙ্গাংশ্চ কলিঙ্গাস্তাম্রলিপ্তকাঃ ॥ ৫৫
তথৈবাঙ্ধ্রান্ পুণ্ড্রাংশ্চ বামচূড়াঃ সকেরলাঃ
ক্ষোভিতাস্তেন দৈত্যেন সংপ্লবায়াগণাঃ ॥ ৫৬

পাতালতলে বিচরণকারী, নাগলোকের তেজকে ধারণকারী এবং কল্যাণকর সুন্দর মূর্তি; জল, যাহাকে কম্পিত করা হইল, সেই জলও সহসা ক্রুদ্ধ হইয়া উঠিল ॥ ৪১-

ভাগীরথী নদী, সরযূ, কৌশিকী (কোশী), যমুনা, কাবেরী, কৃষ্ণা, বেণা, মহাভাগা, সুবেণা গোদাবরী নদী, চর্ম্মণ্বতী, সিন্ধু, নদ-নদীপতি সমুদ্র, মেকল পর্ব্বত হইতে উৎপন্ন ও মণিসদৃশ রঙ্গ জলপূর্ণ শোণনদ, সুন্দর স্রোতোযুক্তা নর্ম্মদা নদী, গোগণে ব্যাপ্তা গোমতী নদী, বেত্রবতী নদী, জলপূর্ণ জলযুক্তা সরস্বতী নদী, মহী কালনদী, পবিত্র জলবাহিনী তমসা, সীতা, ইক্ষুমতী, বেধিকা এবং মহানদী—এই সবকেও সেই দৈত্য চিরবাকশিপু বিক্ষুব্ধ করিয়া দিলেন ॥ ৪২-৪৬

সর্ব্বপ্রকার রত্নে সুশোভিত রত্নবান্ জম্বুদ্বীপকে এবং স্বর্ণের খনিযুক্ত স্বর্ণকূটক দেশকেও চিরবাকশিপু কম্পিত করিলেন ॥ ৪৭

পত্তন ও কাননসমূহে সুশোভিত লৌহিত্য নামক মহানদ, কৌশিকারণ্য নামক পত্তন (নগর বা গ্রাম), রত্নতুল্য খনিযুক্ত ব্রহ্মি দেশ, বহু বহু গ্রামে পূর্ণ নাগ দেশ, অঙ্গ, বঙ্গ, সুহ্ম, মল্ল, বিদেহ, মালব, কাশী ও কোশল দেশকে এবং যাহাকে বিশ্বকর্ম্মা নির্ম্মাণ করিয়াছিলেন ও যাহা কৈলাস পর্ব্বতের শিখরের ন্যায় সুন্দর ছিল, সেই সুবর্ণনির্ম্মিত ভুবনকেও দৈত্যরাজ চিরবাকশিপু কম্পিত করিয়া দিলেন ॥ ৪৮-৫০

যাহার জল রক্তবর্ণ ও বেগ অতিশয় ছিল, সেই লৌহিত্য-নামক সাগরকে এবং শ্বেতবর্ণের মেঘসদৃশ সুন্দর ও রঙ্গ ক্ষীর সাগরকেও তিনি বিচলিত করিলেন ॥ ৫১

রাজেন্দ্র! উদয়গিরি শত যোজন উচ্চ ও সুবর্ণনির্ম্মিত বেদিসমূহে ভূষিত ছিল, এই শোভাশালী পর্ব্বত নানাবর্ণ এবং পক্ষিগণের দ্বারা সেবিত। সূর্য্যতুল্য তেজস্বী বর্ণময় বৃক্ষ সাল, তাল ও তমালাদি সদা পুষ্পিতভাবে অবনত ছিল, ইহারা সেই উদয়গিরির শোভা বর্দ্ধন করিতেছিল। কর্ণিকারসমূহ সেই পর্ব্বতের শ্রীবৃদ্ধি করিতেছিল। এরূপ উদয়গিরিকেও দৈত্যরাজ কম্পিত করিয়া দিলেন ॥ ৫২-৫৩

সর্ব্বদিকে ধাতুসমূহে অলঙ্কৃত বিশাল অরোমুখ পর্ব্বত এবং তমাল বন ও চন্দনের সুগন্ধে পরিপূর্ণ সুন্দর মলয়গিরিকে সেই সময় বিচলিত হইয়া উঠিল ॥ ৫৪

সুরাষ্ট্র, সুবাহ্লীক, সূর, আভীর, তোজ, পাণ্ড্য, বঙ্গ, কলিঙ্গ, তাম্রলিপ্ত, আন্ধ্র পুণ্ড্র, বামচূড় ও কেরলনামক দেশসমূহকে এবং সেইদেশের দৈত্যগণ ও অন্যরাষ্ট্রিগণকেও দৈত্যপতি চিরবাকশিপু ক্ষুব্ধ করিয়া তুলিলেন ॥ ৫৫-৫৬

অগস্ত্যভুবনং চৈব যত্রাগম্যা পুরা কৃতম্
সিদ্ধচারণসঙ্ঘৈশ্চ সেবিতঃ সুমনোহরম্ ॥ ৫৭
বিচিত্রনাগবিহগঃ পুষ্পিতলতাদ্রুমম্।
জাতরূপময়ৈঃ শৃঙ্গৈরপ্সরোগণসেবিতম্ ॥ ৫৮
গিরিঃ পুষ্পিতকল্পৈশ্চ লম্বীবান্ প্রিয়দর্শনঃ।
উদ্বিতঃ সাগরং ভিত্ত্বা বরুণস্যেব সূর্যাংয়োঃ ॥৫৯
রত্নাঙ্কুরসুমস্যাপূর্ণৈর্গগনং বিলিখন্নিব।
সূর্যচন্দ্রাংশুসঙ্কাশৈঃ সাগরাম্বুসমাবৃতঃ ॥ ৬০
বিদ্যাবান্ পর্বতঃ শ্রীমান্যত্র শতযোজনম্।
বিদ্যাভাং যত্র সম্পাত্তা নিপাতান্তে নগোত্তমে ॥ ৬১
ঋষভঃ পর্বতশ্চৈব শ্রীমান্সুমভসংশ্রিতঃ।
কুঞ্জরঃ পর্বতশ্চৈব যত্র গুপ্তাপুরঃ মহৎ ॥ ৬২
বিদ্যাধরস্ত্রিয়া দুর্গঃ সর্পাণামালয়ঃ পুরী।
তথা ভোগবতী চাপি বৈভ্রাজ্রেণাভিরক্ষিতা ॥ ৬৩
মহামেঘগিরিশ্চৈব পারিযাত্রশ্চ পর্বতঃ।

চক্রবাল্ক গিরিঃ শ্রেষ্ঠো বারাহশ্চৈব পর্বতঃ ॥ ৬৪
প্রাগ্জ্যোতিষপুরং চৈব জাতরূপময়ং শুভম্।
যস্মিন্ বসতি দুষ্টাত্মা নরকো নাম দানবঃ ॥ ৬৫
মেরুশ্চ পর্বতশ্রেষ্ঠো মেঘসঙ্ঘনিষেবিতঃ।
ষষ্টিং তত্র সহস্রাণি পর্বতানাং বিশাম্পতে ॥ ৬৬
তরুণাদিত্যসঙ্কাশো মহেন্দ্রশ্চ মহাগিরিঃ।
দেবাবাসঃ শুভঃ পুণ্যো গিরিরাজো দিবং গতঃ ॥ ৬৭
হেমশৃঙ্গো মহাশৈলস্তথা মেঘসখো গিরিঃ
কৈলাসশ্চাপি দুষ্প্রাপো রাবণোদ্বেগকম্পিতঃ ॥ ৬৮
যক্ষরাক্ষসগন্ধর্বৈর্নিত্যং সেবিতকন্দরঃ
শ্রীমান্মনোহরশ্চৈব নিত্যং পুষ্পিতপাদপঃ ॥ ৬৯
হেমপুষ্করসঞ্ছন্নস্তেন বৈশ্রবণঃ সরঃ
কম্পিতঃ মানসং চৈব নলকূবরসেবিতম্ ॥ ৭০
বিপুলঃ পর্বতশ্চৈব কুবেরে ৮ সহিতো
দুষ্প্রাবঃশিখরাঙ্গো মন্দরশ্চৈব পর্বতঃ ॥ ৭১

সিদ্ধ ও চারণগণের সমূহ দ্বারা সেবিত মহর্ষি অগস্ত্যের নিবাসভূত 'অগস্ত্যভুবন' নামক পর্বত পূর্বকালে অত্যন্ত অগম্য করিয়া নির্মিত হইয়াছিল এবং অতিশয় মনোহর ছিল। এখানের নাগ ও পক্ষীরা বিচিত্র ছিল। লতা ও বৃক্ষসকল পুষ্পে পরিপূর্ণ ছিল। ইহা অনেক শিখরসমূহে সুশোভিত ও অপ্সরাগণের দ্বারা সেবিত ছিল। এই পর্বতকেও হিরণ্যাকশিপু বিচলিত করিলেন। ॥ ৫৭-৫৮

পুষ্পিতকল্পনামক পর্বত উত্তম শোভাসম্পন্ন ও প্রিয়দর্শন ছিল। এই পর্বত সমুদ্রকে ভেদ করিয়া উপরে উঠিয়াছে এবং নিজের শিখরের উপর চন্দ্র ও সূর্যকে বিশ্রাম দান করে বলিয়া ইহাদের উত্তরের প্রিয় সখা। সূর্য ও চন্দ্রের কিরণসমূহে উদ্ভাসিত নিজের বহু বহু শিখরের দ্বারা এই পর্বত আকাশে যেন রেখা অঙ্কিত করিয়া সুশোভিত হইতেছে। ইহার নিম্নভাগ সর্বদিকেই সমুদ্রের জলে আচ্ছাদিত রহিয়াছে। এই পর্বতকেও হিরণ্যাকশিপুর দ্বারা কম্পিত হইয়া উঠিল। ॥ ৫৯-৬০

ষোড়শালী বিদ্যাবান্নামক পর্বত শত যোজন লম্বা। এই শ্রেষ্ঠ পর্বতের উপর সব বিদ্যাগুলি হইতে থাকে। ইহা বাস্তবিক বৃষভাকারে স্থিত ঋষভ পর্বত, যেখানে অপ্সরাসমূহের বিশাল ভবন আছে, সেই কুঞ্জর পর্বত, সর্পগণের নিবাস স্থান দুর্জয় বিদ্যাধরগণ। ন ছা পুরী ও ভোগবতী পুরীকেও বৈভ্রাজ হিরণ্যাকশিপু কম্পিত করিয়া দিলেন। ॥ ৬১-৬৩

মহামেঘনামক পর্বত, যেখানে পারিযাত্র পর্বত, শ্রেষ্ঠ চক্রবাল গিরি, বারাহ পর্বত, প্রাগ্জ্যোতিষপুরনামক দুষ্টাত্মা দানব বাস করে, সেই দুর্গম সুন্দর ও সুবর্ণময় জ্যোতিষপুর নগর এবং মেঘের সঙ্গীর পর্বতসমূহ পর্বতশ্রেষ্ঠ মেরু, যে পর্বতে ষাট হাজার অন্য পর্বতের নিবাস, এই মেরুপর্বতকেও বৈভ্রাজ কম্পিত করিলেন। ॥ ৬৪-৬৬

যাহা দেবগণের সুন্দর নিবাসস্থান, বালসূর্যসদৃশ অরুণ-কান্তিতে প্রকাশিত সেই মহাগিরি, গিরিরাজ ও পবিত্র মহেন্দ্র স্বর্গলোক পর্যন্ত বিস্তৃত রহিয়াছে। ইহাকেও হিরণ্যাকশিপু বিচলিত করিলেন। ॥ ৬৭

মহাশৈল হেমপুষ্প, মেঘসখনামক পর্বত ও যাহাকে কম্পিত করা কঠিন, সেই কৈলাস পর্বতকেও রাক্ষসরাজ কম্পিত করিলেন ॥ ৬৮

এই কৈলাস পর্বতের কন্দরসমূহকে সদা যক্ষ, রাক্ষস ও গন্ধর্বগণ সেবিত করেন। ইহার বৃক্ষসকল সদা পুষ্পপরিপূর্ণ থাকে এবং এই পর্বতে সুন্দর শোভাসম্পন্ন ও মনোহর। ॥ ৬৯

দুর্গম হেমপুষ্করে আচ্ছাদিত বৈশ্রবণ সরোবর এবং রাজহংসসমূহের দ্বারা সেবিত মানস সরোবরকেও হিরণ্যাকশিপু কম্পিত করিয়া দিলেন ॥ ৭০

বিপুল পর্বত, নলীসকলের দ্বারা শ্রেষ্ঠ কুবেরের সহিত [illegible] পর্বত, যিনি ৮

উশীরবীজস্ত গিরী রুদ্রোপস্তুত্যাভিরাট্
প্রজাপতেস্তু বিলয়ত্বমা পুষ্করপর্বতঃ ॥ ৭১
যেবাবুদ পর্বতশ্চৈব তথা বৈ বালুকো গিরিঃ
ক্রৌঞ্চঃ সপ্তদ্বিপৈশ্চন্ত দ্বুধর্ষশ্চ পর্বতঃ ॥ ৭৩
এতে চান্যে চ গিরয়ো দেবা ভবপরাজয়া
নষ্টাস্ত সাগরাশ্চৈব দানবেন্দ্রো কম্পিতাঃ ॥ ৭৪

কপিলশ্চ মহীপুত্রো ব্যাঘ্রাক্ষঃ ক্ষিতিকম্পনঃ।
ঘেরাস্তু নিশাপুত্রাঃ পাতালতলবাসিনঃ ॥ ৭৫
পশাস্তথাপরে রৌদ্রা মেঘনাদাস্তুথাযুধাঃ।
উদ্ভটশ্চো ভীমবেগশ্চ সর্ব এবাতিকম্পিতাঃ ॥ ৭৬
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি
নারসিংহে ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৬ ॥

ব্রহ্মাপত্য এবং প্রজাপতি ব্রহ্মার নিবাসস্থান পুষ্কর পর্বত—এই সকলকেও দৈত্যরাজ কম্পিত করিলেন। ৭১-৭২

দেবাবুদ পর্বত, বালুকগিরি, ক্রৌঞ্চগিরি, সপ্তদ্বিপৈল এবং দুধর্ষ পর্বত—এই সব এবং অন্যান্য যে সব পর্বত, দেব, ভবপক্ষ, নদী ও সমুদ্র ছিল, সেই সমস্তই দানবরাজ হিরণ্যকশিপু কম্পিত করিলেন। ৭৩-৭৭

কেবল ইহাই নহে, আকাশে বিচরণ করিবার সামর্থ্যসম্পন্ন পাতালনিবাসী যে সব নিশাচরপুত্র ছিল, সেই মহীপুত্র কপিল, ব্যাঘ্রাক্ষ, ক্ষিতিকম্পন ও অন্য সকলের অনুচরবর্গ—মেঘনাদ, অনুপায়ুধ, উদ্ভট এবং ভীমবেগাদি—ইহারা সকলেই তখন কম্পিত হইয়া উঠিল। ৭৪-৭৬

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বে নরসিংহাবতারবিষয়ক ষট্ চত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ।

[দেবানামনুরোধেন ভগবতা নরসিংহেন হিরণ্যকশিপোর্বধঃ, দেবৈর্স্তুতশ্চ তস্য স্তুতিশ্চ

বৈশম্পায়ন উবাচ

তত্রাদিত্যাংস্তু সাধ্যাংশ্চ বিশ্বে চ মরুতস্তথা
রুদ্রা দেবা মহাত্মানো বসবশ্চ মহাবলাঃ ॥ ১
আগম্য তে মুনেস্তস্য সকাশং সূর্যবর্চসঃ
উচুঃ সন্ত্রস্তমনসো দেবা লোককৃতাদ্ভিতাঃ ॥ ২
ত্বয়ি দেব স্থিতঃ পুত্রঃ দানবঃ লোকনাশনঃ।
দুর্বৃত্তমতিরাচারঃ সর্ব সর্বৈর্মহাসুরৈঃ ॥ ৩
ত্বা হ্যেষোঽন্তকরাত্মো দৈত্যানাং দৈত্যানন।

ত্রাতাশ্চ স্থিতার্থায় লোকানাং ত্বমি বৈ কুরু ॥ ৪
ত্বং গুরুঃ সর্বলোকানাং ত্বমিশ্চস্থঃ পিতামহঃ।
ন্যস্তে ত্বয়ন্তরক্ষণং ন ভূতং ন ভবিষ্যতি ॥ ৫
তচ্ছ্রুত্বা বচনং দেবো দেবানামদিসম্ভবঃ
ননাদ শুষ্কনাদমতিগম্ভীরনিস্বনম ॥ ৬
পাটিত্যক্তসুরেন্দ্রাণাং মুগেন্দ্রেণ মহাত্মনা।
সিংহনাদেন মহতা হৃদয়ানি ননাশিনা চ ॥ ৭
গণঃ ক্রোধবশো নাম কালকেয়স্তথা পরঃ।
যেনস্ত বৈসলেয়ন্দ্র সৌহিকেয়ঃ বীর্যবান্ ॥ ৮

সপ্তচত্বারিংশ অধ্যায়।

[দেবগণের অনুরোধে ভগবান নরসিংহ কর্তৃক হিরণ্যকশিপু বধ এবং দেবগণ ও ব্রহ্মা কর্তৃক তাঁহার স্তুতি।]

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! লোকপিতামহের আশ্বাস পাইয়া ও তদ্বারা চিত্ত সুস্থ হওয়ায় দেবতাগণ—আদিত্য, সাধ্য, বিশ্বেদেব ও মরুদ্গণ, মহাত্মা রুদ্রগণ এবং মহাবল বসুগণ দেবর্ষি ভগবান নরসিংহের নিকট আসিয়া এই কথা বলিলেন ॥ ১-২

দেব! আপনি সম্পূর্ণ জগতের বিধানকারী, ত্রাণকর্তা ও লোকের দারুণ বিপিনপুর হিরণ্যকশিপুকে সমস্ত মহাসুরগণের সহিত বিনাশ করুন। ৩

দৈত্যানন! আপনিই এই দৈত্যাধিপকে বিনাশ করিতে পারেন, অন্য কেহ নহে। অতএব আপনি লোকসকলের হিতের জন্য এই দৈত্যগণের নাশ ও সকল লোকের কল্যাণ করুন। ৪

আপনিই সমস্ত লোকসকলের গুরু, আপনি ইন্দ্র ও আপনি পিতামহ, আপনি ব্যতীত অন্য আর কেহ না এই জগতের পরিত্রাতা হইয়াছে এবং না ভবিষ্যতে হইবে। ৫

দেবগণের এই বাক্য শ্রবণ করিয়া সকলের আশ্রিতজন ভগবান্ নরসিংহ অত্যন্ত গম্ভীর স্বরে প্রচণ্ড সিংহনাদ করিলেন। ৬

এই মহাত্মা মৃগেন্দ্র নিজের নরসিংহনাদে সমস্ত অসুরেন্দ্রগণের হৃদয় বিদীর্ণ করিলেন এবং মনে ক্ষোভ উৎপন্ন করিলেন। ৭

দৈত্যাধিপের ক্রোধবশনামক গণ, অন্য কালকেয়নামক গণ,

সংহ্লাদীরো মহানাদো মহাবেগস্তথা পরঃ
কপিলশ্চ মহীপুত্রো ব্যাঘ্রাক্ষঃ ক্ষিতিকম্পনঃ ॥ ৯
বেচরাশ্চ নিশাপুত্রাঃ পাতালতলচারিণঃ।
গণস্তথাপরো রৌদ্রো মেঘনাদোঽক্ষুণাধুধঃ ॥ ১০
উর্দ্ধগো ভীমবেগশ্চ ভীমকর্ম্মাবলোচনঃ।
যজ্ঞো ঘূর্ণী করালশ্চ হিরণ্যকশিপুসুতাঃ ॥ ১১
জীমূতঘনসন্নাদো জীমূত ইতি বেগবান্।
জীমূতঘনসন্নাদো জীমূতসদৃশচ্ছবিঃ ॥ ১২
দেবারিদিতিজো দৃপ্তো নৃসিংহং সমুপাদ্রবৎ ॥ ১৩
সমুৎপত্য ততস্তীক্ষ্ণৈর্নখৈর্গেন্দ্রেণ মহাত্মনা
তত্রোত্তারসদারেণ বিদার্য্য নিহতো মৃধি ॥ ১৪
মহী চ লোকশ্চ শশী নক্ষত্র
গ্রহাশ্চ সূর্য্যশ্চ দিশশ্চ সর্ব্বাঃ।
নভশ্চ শৈলাশ্চ মহার্ণবাশ্চ
গতাঃ প্রকাশং ক্ষিতিপুত্রনাশাৎ ॥ ১৫
ততঃ প্রমুদিতা দেবা ঋষয়শ্চ তপোধনাঃ

দৈত্য, বৈদ্যেন্দ্র, পরাক্রান্ত ও সৈহিকেয়। সিংহিকাপুত্র রাহু), সংহ্লাদীয়, মহানাদ, মহাবেগ, মহীপুত্র কপিল, ব্যাঘ্রাক্ষ, ক্ষিতিকম্পনাদি আকাশ ও পাতালে বিচরণকারী নিশাচরবংশজগণ এবং অন্য তনয়ের দৈত্যগণ—মেঘনাদ, অক্ষুণ ঘূর্ণ, উর্দ্ধগ, ভীমবেগ, ভীমকর্ম্মা, অবলোচন, যজ্ঞো, ঘূর্ণী ও করাল—ইহাদের সকলের সহিত হেমকূলা কশ্যপান্, মেঘসদৃশ বেগবান্, মেঘের সমান গর্জ্জনকারী এবং মেঘেরই সদৃশ কান্তিমান্ বলাভিমানী বেগদ্রোহী দৈত্য হিরণ্যকশিপু ভগবান্ নরসিংহের উপর আক্রমণ করিলেন ॥ ৮-১৩

তখন বুদ্ধহরি ওঁকারযুক্ত ভগবান্ নরসিংহ উঠিয়া ঝিল্লা নিজের তীক্ষ্ণ ও বজ্র যত নখসমূহের দ্বারা সেই অসুর হিরণ্যকশিপুর বক্ষঃস্থল বিদীর্ণ করত তাহাকে বধ করিলেন ॥ ১৪

সেই দৈত্যের বিনাশে পৃথিবী, লোক, চন্দ্র, নক্ষত্র, গ্রহ, সূর্য্য, সমস্ত দিক্, নভ, পর্ব্বত ও মহাসাগর—এই সবই প্রকাশিত (উল্লসিত) হইয়া উঠিল ॥ ১৫

তখন অত্যন্ত আনন্দিত দেবগণ ও তপোধন ঋষিগণ নানা স্তোত্রের দ্বারা সনাতন আদিদেব ভগবান্ নরসিংহের স্তুতি করিতে লাগিলেন ॥ ১৬

দেবগণ বলিলেন,—দেব! আপনি যে এই নরসিংহ-রূপ ধারণ করিয়াছেন, আপনার এই রূপের কার্য্য ও কারণ অথবা

দুষ্টবুদ্ধিবিধৈঃ স্তোত্রৈরাদিদেবং সনাতনম্ ॥ ১৬

দেবা ঊচুঃ

বরদা বিহিতা দেব নারসিংহমিদং বপুঃ।
এতদেবার্চ্চয়িষ্যন্তি পরাবরবিদো জনাঃ ॥ ১৭
মুনেন্দ্রস্তব লোকেষু সর্ব্বসত্ত্বেষু বা বিভো।
গায়ন্তি ত্বাং মুনয়ো মৃগেন্দ্র ইতি নিত্যশঃ।
ত্বৎপ্রসাদাৎ স্বকং স্থানং প্রতিপন্নাঃ স্ম বৈ বিভো ॥ ১৮
এবমুক্তো দেবদেবৈর্বরদিপ্তো মহাননঃ।
ব্রহ্মা চ পরমপ্রীতো বিভোঃ স্তোত্রৈরুদীরয়ৎ ॥ ১৯

ব্রহ্মোবাচ

ওঁকারাক্ষরমাবক্তুশ্চিন্ত্যঃ শুদ্ধমুত্তমম্
কূটস্থমকৃতং কর্ত্তৃ সনাতনমনাময়ম্ ॥ ২০
সাঙ্খ্যযোগে চ যা বুদ্ধিস্তদ্ভবান্ পরিনিষ্ঠিতা
ত্বাং ভবান্ বেদ বিদ্বাংস্ত্বং পুনঃ শাশ্বতো ধ্রুবঃ ॥ ২১
ত্বং ব্যক্তশ্চ তথাব্যক্তমৃষয়ঃ ক্ষরমিত্যুত।
ভবন্তমাহুর্বরং দেব ভবানাত্মা ভবান্ প্রভুঃ ॥ ২২

কৃত ও বর্ত্তমান বিষয়ে অভিজ্ঞ বিদ্বান্ পুরুষগণ আরাধনা করিবেন ॥ ১৭

প্রভো! সমস্ত লোকসমূহে অথবা সমস্ত প্রাণিবর্গের মধ্যে আপনার এই মৃগেন্দ্র রূপ বিখ্যাত হইবে। মুনিগণও সদা 'মৃগেন্দ্র' বলিয়া আপনার গুণগান করিবেন। প্রভো! আপনার কৃপায় আমরা সকলে নিজেদের প্রকৃত স্থান পুনরায় প্রাপ্ত হইলাম ॥ ১৮

দেবসমূহের এই কথা বলিলে পর মহামনস্বী নরসিংহ অত্যন্ত প্রসন্ন হইলেন। তাঁহার পর ব্রহ্মাও অতিশয় হর্ষের সহিত ভগবান্ বিষ্ণুর স্তুতি করিলেন ॥ ১৯

ব্রহ্মা বলিলেন,—ভগবন্! আপনি অবিনাশী, অব্যক্ত, অচিন্ত্য, ষোগেশ্বর পরম শুদ্ধ ও কূটস্থ। আপনার কেহ কর্ত্তা নাই। আপনি স্বয়ংই সকলের কর্ত্তা। আপনিই রোগ-শোক-রহিত সনাতন ব্রহ্ম ॥ ২০

সাংখ্যযোগে যে তত্ত্বার্থনিষ্ঠা বুদ্ধি, তাহাকে আপনি জানেন। আপনি জ্ঞানস্বরূপ অন্তর্যামী সনাতন এবং ধ্রুব পরমাত্মা ॥ ২১

আপনিই ব্যক্ত স্বরূপ ও অব্যক্ত কারণ। আপনার স্বরূপ হইতেই এই সম্পূর্ণ জগতের সৃষ্টি ও স্থিতি হয়। দেব! আমরা

চতুর্ব্বিধস্তনুভৃত্তিঃ সর্ব্বলোকবিভূষ্ণুঃ।
চতুর্মুখশ্চতুষ্পাদ সর্বলোকাস্তকান্তকঃ ॥ ১৩
প্রতিষ্ঠা সর্ব্বভূতানামনন্তবলপৌরুষঃ।
কপিলশ্চক্রতীর্থশ্চ ধর্ত্তাচ পরমা গতিঃ ॥ ১৪
অব্যাধিরব্যাধিকরঃ সর্ব্বাত্মা পুরুষোত্তমঃ।
স্রষ্টা ত্বং ভূতকৃৎ সাহর্ত্তা ত্বমেকো লোকভাবনঃ ॥ ১৫
ত্বমাদ্যঃ ব্রহ্মা চ রুদ্রশ্চ মহেন্দ্রো বরুণো যমঃ।
ত্বমাদ্যঃ কর্ত্তা বিকর্ত্তা চ লোকানাং প্রভুরব্যয়ঃ ॥ ১৬
পরাঞ্চ সিদ্ধিং পরমঞ্চ দেবং
পরঞ্চ মন্ত্রং পরমং মনস্চ।
পরঞ্চ ধর্ম্মং পরমং যশস্চ
ত্বামাহুরগ্র্যাঃ পুরুষং পুরাণম্ ॥ ১৭
পরঞ্চ সত্ত্যং পরমং হবিশ্চ
পরং পবিত্রং পরমঞ্চ মার্গম্।
পরঞ্চ যোত্রং পরমঞ্চ যজ্ঞং
ত্বামাহুরগ্র্যাঃ পুরুষং পুরাণম্ ॥ ১৮
পরং শরীরং পরমঞ্চ ধাম
পরঞ্চ যোগং পরমঞ্চ বীর্য্যম্।
পরং ব্রহ্মস্ত পরমং সতিঞ্চ
ত্বামাহুরগ্র্যাঃ পুরুষং পুরাণম্ ॥ ১৯
পরঞ্চ পরস্তাপি পরঞ্চ যৎ পরং
পরং পরস্তাপি পরঞ্চ যেবম্।
পরং পরস্তাপি পরং প্রভুঞ্চ
ত্বামাহুরগ্র্যাঃ পুরুষং পুরাণম্ ॥০
পরং পরস্তাপি পরং প্রধানং
পরং পরস্তাপি পরঞ্চ তত্ত্বম্
পরং পরস্তাপি পরঞ্চ ধাতা
ত্বামাহুরগ্র্যাঃ পুরুষং পুরাণম্ ॥ ০১
পরং পরস্তাপি পরং তত্ত্বস্থ
পরং পরস্তাপি পরং পরং যৎ।
পরং পরস্তাপি পরং তুলং যৎ
ত্বামাহুরগ্র্যাঃ পুরুষং পুরাণম্ ॥ ০২
পরং পরস্তাপি পরং পরায়ণং
পরঞ্চ শুক্লং পরঞ্চ ধাম
পরঞ্চ যোগং পরমং প্রভুঞ্চ
ত্বামাহুরগ্র্যাঃ পুরুষং পুরাণম্ ॥ ০৩

আপনারই স্বরূপ। আপনিই আমাদের সকলের আত্মা এবং আপনিই আমাদের সকলের প্রভু। ২১

আপনার মূর্ত্তি বিশ্ব, বৈশ্বস, প্রাজ্ঞ ও তৃতীয়—এই চার ভেদে বিভক্ত। আপনি সমস্ত জগতে ব্যাপক ও সকলের গুরু। এক সহস্র চতুর্যুগ ব্যাপ্ত হইলে পর আপনিই সমস্ত লোক-সকলের অন্তকারী কৃতান্তকারী কাল হইয়া যান। ২২

আপনিই সমস্ত ভূতগণের প্রতিষ্ঠা (আধার)। আপনার বল ও পৌরুষ অনন্ত। কপিলাদি মূর্ত্তিভেদে (সাংখ্য যোগিবৃন্দের) পরম গতি আপনিই। ২৩

আপনি আদি, মধ্য ও অন্তরহিত সর্ব্বাত্মা পুরুষোত্তম। একমাত্র আপনিই সৃষ্টি, সংহার এবং জগতের পালনকর্ত্তা। ২৪

আপনিই ব্রহ্মা, রুদ্র, মহেন্দ্র, বরুণ ও যম। আপনিই কর্ত্তা ও বিকর্ত্তা (সংহর্ত্তা)। সমস্ত লোকসকলের প্রভুও আপনিই। ২৫

বিদ্বান্ পুরুষগণ আপনাকেই পরম সিদ্ধি, পরম দেবতা, পরম মন্ত্র, পরম মন, পরম ধর্ম, পরম যশ এবং সর্ব্বশ্রেষ্ঠ পুরাণ-পুরুষ বলেন। ২৭

জ্ঞানী পুরুষগণ আপনাকেই পরম সত্য, উৎকৃষ্ট হবিঃ, পরম পবিত্র সর্ব্বোত্তম মার্গ (অথবা পথ), উত্তম অগ্নিহোত্র, পরম যজ্ঞ এবং সর্ব্বশ্রেষ্ঠ পুরাণ-পুরুষ বলেন। ২৮

বিদ্বান্ পুরুষগণ বলেন—আপনিই উত্তম শরীর, পরম ধাম, পরম যোগ, সর্ব্বোত্তম বীর্য্য, পরম ব্রহ্ম, পরম গতি ও সর্ব্বশ্রেষ্ঠ পুরাণ-পুরুষ। ২৯

পর হইতেও পর যে পরাৎপর তত্ত্ব, পর হইতেও যে পরম দেবতা এবং পর হইতেও যে পরম প্রভু, তাহা আপনিই। জ্ঞানী পুরুষগণ আপনাকেই সর্ব্বশ্রেষ্ঠ পুরাণ পুরুষ বলেন। ৩০

পর হইতেও পর যে পরম স্থান, পর হইতেও পর যে পরম তত্ত্ব এবং পর হইতেও পর যে পরম ধাতা, তা হা আপনিই। বিদ্বান্ পুরুষগণ আপনাকেই সর্ব্বশ্রেষ্ঠ পুরাণ-পুরুষ বলেন। ৩১

পর হইতেও পর যে পরম ব্রহ্ম, পর হইতেও পর যে পরম শ্রেষ্ঠ তত্ত্ব এবং পর হইতেও পর যে পরম তুল, তাহা আপনিই। আপনাকেই ঋষি-মুনিগণ শ্রেষ্ঠ পুরাণ-পুরুষ বলিয়া অভিহিত করেন। ৩২

পর হইতেও পর যে পরম পরায়ণ (উৎকৃষ্ট আশ্রয়দাতা), তাহা আপনিই। জ্ঞানী পুরুষগণ ও পণ্ডিতেরাই পরম শুক্ল

বৈশম্পায়ন উবাচ

এবমুক্ত্বা স ভগবান্ সর্ব্বলোকপিতামহঃ।
স্তুত্বা নারায়ণং দেবং ব্রহ্মলোকং গতঃ প্রভুঃ ॥ ৩৪
ততো নদৎসু তূর্য্যেষু নৃত্যন্তীষ্বপ্সরঃসু চ।
ক্ষীরোদস্যোত্তরং কূলং জগাম প্রভুরীশ্বরঃ ॥ ৩৫
নারসিংহীং তনুং ত্যক্ত্বা স্বাপয়িত্বা চ তদ্বপুঃ।
পৌরাণং রূপমাস্থায় যযৌ স গরুড়ধ্বজঃ ॥ ৩৬

অষ্টচক্রেণ যানেন কৃতিমুক্তেন শোভিনা।
অব্যক্তপ্রকৃতির্দেবঃ স্বস্থানমগমৎ প্রভুঃ ॥ ৩৭
এবং মহাত্মনা তেন নৃসিংহবপুষা তথা।
দেবেন নিহতঃ পূর্ব্বং হিরণ্যকশিপুঃ সুরঃ ॥ ৩৮
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
নারসিংহপ্রাদুর্ভাবে 'হিরণ্যকশিপুবধ'কথনে
সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৭ ॥

পরম ধাম, পরম যোগ, পরম প্রভু এবং শ্রেষ্ঠ পুরাণ-পুরুষ বলেন। ৩৩

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! এইরূপ বলিয়া ও নারায়ণদেবের স্তুতি করিয়া সর্ব্বলোকপিতামহ সর্ব্বসমর্থ ভগবান্ ব্রহ্মা ব্রহ্মলোকে গমন করিলেন। ৩৪

তদনন্তর যখন বাদ্যসমূহ বাজিতে লাগিল এবং অপ্সরাগণ নৃত্য করিতে লাগিলেন, তখন সকলের প্রভু ভগবান্ শ্রীহরি ক্ষীরসাগরের উত্তর তীরে চলিয়া যাইলেন। ৩৫

নরসিংহ-রূপ ত্যাগ করত তাঁহার প্রতিমা স্থাপিত করিয়া ভগবান্ গরুড়ধ্বজ পুরাণপ্রসিদ্ধ চতুর্ভুজ-রূপ অবলম্বন করত নিজ ধামে গমন করিলেন। ৩৬

সর্ব্বসমর্থ ভগবান্ শ্রীহরি অব্যক্ত প্রকৃতিবিশিষ্ট। তিনি পঞ্চভূতবিশিষ্ট অথবা ঐশ্বর্য্যযুক্ত, অষ্ট চক্রযুক্ত ও শোভাশালী রথের দ্বারা নিজের স্থানে গমন করিলেন। ৩৭

এইরূপে সেই সময় নরসিংহরূপধারী শ্রেষ্ঠ পরমাত্মা ভগবান্ বিষ্ণু পূর্ব্বকালে হিরণ্যকশিপুকে বধ করিয়াছিলেন। ৩৮

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে নরসিংহাবতারপ্রসঙ্গে হিরণ্যকশিপুর বধবর্ণনবিষয়ক সপ্তচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥

[বামনাবতারস্যোপক্রমঃ, বলেরভিষেকঃ, ত্রৈলোক্যরাজ্যায় বলিং প্রতি দৈত্যানামনুবোধশ্চ।]

বৈশম্পায়ন উবাচ

নৃসিংহ এষ কথিতো ভূয়োঽহং বামনোঽপরঃ।
যত্র বামনমাস্থায় রূপং রূপবিদাং বরঃ ॥ ১
বলের্বলবতো যজ্ঞে বলিনা বিষ্ণুনা পুরা
ত্রিক্রমৈস্ত্রিভিরাক্রম্য ত্রৈলোক্যমখিলং হৃতম্ ॥ ২
মযূরবসনা চোর্ব্বী নানারত্নবিভূষিতা

শ্রুত্বা দত্তা শুক্রস্যাহ শক্রায় প্রভবিষ্ণুনা ॥ ৩

জনমেজয় উবাচ।

অত্র মে সংশয়ো ব্রহ্মন্নত্র কৌতূহলং মহৎ।
কথং নারায়ণো দেবো বামনত্বমুপাগতঃ ॥ ৪
যঃ পুরাণে পুরাত্মাদ্যো ভূতা নারায়ণঃ প্রভুঃ।
পদ্মনাভো মহাবাহুর্লোকানাং প্রকৃতির্হরিঃ ॥ ৫

তিনি নিজের তিন পদের বিক্রমের। যথাযথ পদের পরিমাণ অনুসারে মাপ করত স্থাপনের) দ্বারা সম্পূর্ণ ত্রিলোকের রাজ্য হরণ করিয়াছিলেন। ২

প্রভাবশালী শ্রীহরি নানাপ্রকার পর্ব্বতসমূহে বিভূষিত ও সমুদ্রবসনী যজ্ঞে আত্মাদিত পৃথিবীকে বলির নিকট হইতে গ্রহণ করিয়া দেবরাজ ইন্দ্রকে প্রদান করিয়াছিলেন। ৩

জনমেজয় বলিলেন,—ব্রহ্মন্! এবিষয়ে আমার যেমন সন্দেহ হইতেছে, সেরূপ অত্যন্ত কৌতূহলও হইতেছে। ভগবান্ নারায়ণদেব কেন বামন-রূপ ধারণ করিয়াছিলেন? ৪

যাঁহাকে পুরাণে পুরাণাত্মা। পুরাতন পুরুষ ও অন্তর্যামী

অনাদিমধ্যনিধনস্ত্রৈলোক্যাদিঃ সনাতনঃ
দেবদেবঃ সুরাধ্যক্ষঃ কৃষ্ণো লোকনমস্কৃতঃ ॥ ৬
হব্যকব্যবহঃ শ্রীমান্ হব্যকব্যভুগব্যয়ঃ
অদিত্যা দেবমাত্মানং কথং গর্ভেঽভবৎ প্রভুঃ।
স্রষ্টা যো বাসবস্যাপি স কথং বাসবানুজঃ ॥ ৭
প্রসূতো দেবদেবেশো বিষ্ণুঃ প্রাপ্তবান্ কথম্।
এতদাচক্ষ্ব নে বিপ্র পরং কৌতূহলং মহান্ ॥ ৮

বৈশম্পায়ন উবাচ।

শৃণু রাজন্ কথাং দিব্যামৃষিভিঃ সংপ্রপূজিতৈঃ।
পুরাণৈঃ কবিভিঃ প্রোক্তাং ব্রহ্মকাল্যাং ব্রাহ্মণেরিতাম্ ॥৯
মরীচের্যস্তু পুত্রেণ কশ্যপস্য প্রজাপতেঃ
অদিতিদিতির্দাক্ষায়ণী ভার্যা ভগিন্যৌ ভরতর্ষভ ॥ ১০
অদিত্যাং তু সুতা দেবাঃ কশ্যপস্য মহাত্মনঃ।
ধাতার্যমা চ মিত্রশ্চ বরুণোঽংশো ভগস্তথা ॥ ১১
ইন্দ্রো বিবস্বান্ পূষা চ পর্জন্যো দশমস্তথা।
ত্বষ্টৈকাদশমস্তত্র দ্বাদশো বিষ্ণুরুচ্যতে ॥ ১২
দিত্যাং জাতো বি বলবান্ হিরণ্যকশিপুঃ প্রভুঃ।
তস্যানুজস্তু দৈত্যেন্দ্রো হিরণ্যাক্ষঃ প্রতাপবান্ ॥ ১৩
হিরণ্যকশিপোঃ পুত্রাঃ পঞ্চ ঘোরপরাক্রমাঃ।
প্রহ্লাদশ্চৈব সংহ্লাদস্তথানুহ্লাদ এব চ।
হ্রদশ্চৈব তু বিক্রান্তঃ পঞ্চমোঽনুহ্রদস্তথা ॥ ১৪
বিরোচনস্য প্রাহ্লাদিস্তস্য পুত্রো বলিঃ স্মৃতঃ।
পুত্র-পৌত্রৈশ্চ বলবান্ বৃতমাসীন্মহাত্মনাম্ ॥ ১৫
তেজসৈবাসুরাণাং দৈত্যেন্দ্রাণাং মনস্বিনাম্
গণাঃ শতসহস্রাণি রাজন্ দেশে দেশে সমাদ্রয়ঃ ॥ ১৬
তে সৃষ্ট্বা নারসিংহেন হিরণ্যকশিপুং হতম্
দৈত্যা দেববধার্থায় বলিমিন্দ্রং প্রচক্রিরে ॥ ১৭
সৃষ্ট্বা ধর্মপরং নিত্যং সত্যবাক্যং জিতেন্দ্রিয়ম্।
সৌর্যাধ্যায়নসম্পন্নং সর্বজ্ঞানবিশারদম্ ॥ ১৮

আত্মা) বলা হইয়াছে, যিনি সর্বশ্রেষ্ঠ হইয়াও একার্ণবের জলে নারায়ণরূপে শয়ন করেন, ইঁহার নাভি হইতে ব্রহ্মাণ্ড-কমল প্রাদুর্ভূত হইয়াছে, যিনি সমস্ত লোকসকলের প্রকৃতি (উপাদান কারণ), যিনি ব্রহ্ম (নিত্য) যিনি আদি, মধ্য ও অন্তরহিত, যিনি বিশ্ব লোকের আদি কারণ, সনাতন, দেবাধিদেব, সুরাধ্যক্ষ, সচ্চিদানন্দস্বরূপ, নিত্যসিদ্ধ এবং ও কল্পবৃক্ষনকারী, শ্রীসম্পন্ন, যজ্ঞ ও শ্রাদ্ধের ভোক্তা এবং অবিনাশী পরমাত্মা, সেই সর্বব্যাপী ভগবান বিষ্ণু কেমনভাবে অদিতির গর্ভে কেন জন্মিলেন? যিনি ইন্দ্রেরও স্রষ্টা, তিনি ইন্দ্রের কনিষ্ঠ ভ্রাতা কেন হইলেন? যদি সেই দেবদেবেশ্বর অদিতির গর্ভ হইতে উৎপন্নই হইয়া থাকেন, তবে সেই বাসবদেবের বিষ্ণুত্ব (ব্যাপকত্ব) কিভাবে লাভ হইল? আমার এই প্রশ্নের উত্তর দান করিয়ে করিয়ে আপনি পরমাত্মা নারায়ণস্বরূপের বামনাবতারের কথা আমাকে বলুন। ৬-৮

বৈশম্পায়ন বলিলেন,—রাজন্! এই দিব্য কথা শ্রেষ্ঠ ঋষিগণের দ্বারা পূজিত, পুরাণকর্তা ও ব্রিকালজ্ঞী বিদ্বান্‌গণের দ্বারা বর্ণিত, ব্রহ্মবাদিগণের দ্বারা প্রতিপাদিত এবং ব্রাহ্মণগণের দ্বারা কথিত। তুমি ইহা (সাবধানে) শ্রবণ কর। ৯

ভগবেন্দ্র! মরীচিপুত্র দেবেশ্বর প্রজাপতি কশ্যপের ভার্যাগণের মধ্যে দুই জন প্রধান ছিলেন—অদিতি ও দিতি। ইঁহারা উভয়ে সহোদরা ভগিনী ছিলেন। ১০

মহাত্মা কশ্যপের ঔরসে অদিতির গর্ভে দেবগণ জন্মগ্রহণ করেন। ধাতা, অর্যমা, মিত্র, বরুণ, অংশ, ভগ, ইন্দ্র, বিবস্বান্ পূষা, বশস্বে পর্জন্য, একাদশে ত্বষ্টা ও দ্বাদশে বিষ্ণু বলিয়া কথিত হন। ১১-১২

(কশ্যপের ঔরসে) দিতির গর্ভ হইতে বলবান্ ও সর্বশ্রেষ্ঠ দৈত্যাধিপতি হিরণ্যকশিপু এবং তাহার কনিষ্ঠ ভ্রাতা প্রতাপশালী দৈত্যরাজ হিরণ্যাক্ষ এই দুই পুত্র উৎপন্ন হয়। ১৩

হিরণ্যকশিপুর ঔরসের পরাক্রমশালী পাঁচ পুত্র জন্ম। তাহাদের নাম—প্রহ্লাদ অনুহ্লাদ, সংহ্লাদ, হ্রদ, পরাক্রমশালী হ্রদ ও পঞ্চমে অনুহ্রদ। ১৪

প্রহ্লাদের পুত্র বিরোচন ও বিরোচনের পুত্র বলি। ইহাদের সকলের পুত্র-পৌত্রগণ অত্যন্ত বলবান, অক্ষয় ও অবিনাশী পরমাত্মাবিশিষ্ট ছিল। ১৫

রাজন্! এই তেজস্বী ও মনস্বী দেবদ্রোহী দৈত্যরাজগণের সহস্র সহস্র সদ্‌বংশ দেশে বিভমান রহিয়াছে। ১৬

ভগবান্ নরসিংহ কর্তৃক হিরণ্যকশিপুকে নিহত হইতে দেখিয়া দৈত্যগণ দেবতাদিগকে বধ করিবার জন্য রাজা বলিকে নিজেদের ইন্দ্র করিল। ১৭

যিনি সদা ধর্মপরায়ণ, সত্যবাদী, জিতেন্দ্রিয়, সৌর্যাধ্যায়নসম্পন্ন, সর্বজ্ঞানবিশারদ, পরাধর ভক্তের জ্ঞাতা, তপস্বী, অবিনাশী, তেজস্বী ও হিরণ্যকশিপুরই তুল্য শক্তিশালী দৈত্য

পরাবরজ্ঞস্ত্রিভাগৈঃ তত্ত্বদর্শিনমব্যয়ম্
তেজস্বিনং সুরারিঘ্নং হিরণ্যকশিপুং যথা ॥ ১৯
অভিষেকেণ দিব্যেন বলিং বৈরোচনিং তথা
দৈত্যাধিপত্যে দিতিজাস্তদা সর্বেঽভ্যষেচয়ন্ ॥ ১০
অভিষিক্তস্তদা দৈত্যৈর্বলির্বলবতাং বরঃ।
ব্রহ্মণা চৈব তুষ্টেন হিরণ্যকশিপোঃ পদে ॥ ১১
অভিষিক্তোঽসুরগণৈর্বলিরৈরোচনিস্তদা।
কাঞ্চনৈঃ কলসৈঃ ক্ষীরৈঃ সর্বতীর্থাম্বুসংযুতৈঃ ॥ ১২
জয়শব্দং তদোদ্ঘুষ্টমভিষিক্তস্য দানবাঃ।
বলেস্তুলযথীর্যাস্তু সিংহাসনগতস্য বৈ ॥১৩
কৃতেন্দ্রাঃ দানবাঃ সর্বে বলিং বলবতাং বরম্
তুষ্টুবুর্বিজ্ঞাপয়ামাসুঃ শিবোক্তিঃ পতিতাঃ ক্ষিতৌ ॥১৪

দৈত্যা ঊচুঃ
বিদিতা তব দৈত্যেন্দ্র হিরণ্যকশিপোর্যথা।
ত্রৈলোক্যমাসীদখিলং তদহং ত্বাবৃতস্তথা ॥ ১৫
পিতামহং তু হত্বা তে সুরেশ্বরনিসূদন।
হৃতং তবৈব ত্রৈলোক্যং শক্রস্যৈবাভিষেচিতঃ ॥ ১৬
তৎ পিতামহরাজ্যং ত্বং প্রত্যাহর্তুমিহ ইহসি
অস্মাভিঃ সহিতো নাথ ত্রৈলোক্যমিদমব্যয়ম্ ॥ ১৭
প্রত্যানয়স্ব তৎ তে ত্বাজ্ঞাঃ শৈত্যমহং প্রভো ॥ ১৮
অসুরগণসঙ্ঘসংবৃতস্ত্বং
ভব দিবি দেবগণান্ মহানুভাবান্
অমিতবলপরাক্রমোঽসি রাজন্
প্রতিসমসে স্বগুণৈঃ পিতামহং স্বম ॥১৯

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্বণি বামনে বলেরভিষেকো নামাষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৮ ॥

ছিলেন, তাঁহার এই সব গুণ দেখিয়া সেই সমস্ত দনুজ দৈত্যগণ বিরোচন-পুত্র বলিকে দিয়া অভিষেকের দ্বারা দৈত্যেন্দ্র-পদে প্রতিষ্ঠিত করিয়া তাঁহার পূজা করিল ॥ ১৮-২০

দৈত্যগণের দ্বারা বলবানদিগের মধ্যে শ্রেষ্ঠ বলি অভিষিক্ত হইলে পর সত্বর ব্রহ্মাও অসুরগণের সহিত সমস্ত তীর্থের জলে পূর্ণ স্বর্ণের ঘড় দ্বারা কলসের দ্বারা বিরোচনকুমার বলিকে হিরণ্যকশিপুর রাজ্যে অভিষিক্ত করিলেন ॥ ২১-২২

অভিষিক্ত হইয়া যখন অসুরদল পরাক্রমশালী বলি সিংহাসনে আসীন হইলেন, তখন সমস্ত দানবগণ তাঁহার জয়জয়কার করিতে লাগিল ॥ ২৩

বলবানদিগের মধ্যে শ্রেষ্ঠ বলিকে ইন্দ্র করিয়া সমস্ত দানবগণ তুষ্টমনে স্তবক রাখিয়া তাঁহাকে প্রণাম করিল এবং এইরূপ নিবেদের অভিপ্রায় নিবেদন করিল ॥ ২৪

দৈত্যগণ বলিল,—দৈত্যেন্দ্র! আপনার ইহা বিদিতই আছে যে, পূর্বে হরাচর প্রাণিগণের সহিত এই সারা ত্রিভুবন হিরণ্যকশিপুর অধিকারে ছিল ॥ ২৫

সুরেশ্বরনিসূদন! দেবতাগণ আপনার পিতামহ (প্রপিতামহ) হিরণ্যকশিপুকে বধ করিয়া সেই সময়েই তিন লোকের রাজ্য হরণ করে এবং ইন্দ্রকে তাহার রাজপদে অভিষিক্ত করে ॥ ২৬

নাথ! অতএব এখন আপনি আমাদের সহিত যাইয়া নিজের পিতামহের রাজ্য যাহা পরম্পরাক্রমে সদা অক্ষয় সেই ত্রিভুবনকে ফিরাইয়া আনুন। প্রভো! আপনার কল্যাণ হউক; আপনি নিজের পিতামহের রাজ্যকে পুনরায় অধিকার করুন ॥ ২৭-২৮

দ্বিপঞ্চাশত্তম অধ্যায়।

[ইন্দ্রাদি দেবগণের ও লোকপালগণের যুদ্ধের জন্য আয়োজন ও প্রস্থান।]

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! তুমি দৈত্যসৈন্যের সবিস্তরে বর্ণনা শ্রবণ করিয়াছ; অতএব পুনরায় দেবসৈন্যের বিস্তার আদি হইতে বলিতেছি, তুমি শ্রবণ কর ॥ ১

দেবগণের অধিপতি ভগবান্ ইন্দ্র সমস্ত দেবতা, মরুদ্গণ, আদিত্য, বিশ্বেদেব, অষ্টবসু, যক্ষ, রাক্ষস, মহানাগ এবং সমস্ত বিদ্যাধরগণ, মহাবল গন্ধর্ব্বগণ, মহাসাগর, পর্ব্বত, মহাতেজস্বী রুদ্র, যম, কুবের এবং রাজা বরুণকে যুদ্ধের জন্য প্রস্তুত হইতে আজ্ঞা দান করিলেন ॥ ২-৫

তাঁহার আদেশের যোগ্য এইরূপ ছিল—তাঁহারা সিদ্ধ মহাত্মা ধর্ম্মী সিদ্ধগণ, রাজর্ষিগণ শত শত যোগসিদ্ধ পুরুষ ছিলেন, এই সকলকে সর্ব্বসমর্থ, দেবশাসক, পরাক্রমশালী ইন্দ্র আজ্ঞা করিতেছেন যে, আপনারা সকলে দৈত্যগণকে বিনাশ করিবার জন্য অস্ত্রশস্ত্র করত প্রস্তুত হউন ॥ ৬-৭

দেবরাজ ইন্দ্রের এই বাক্য শ্রবণ করিয়া তাঁহারই তুল্য পরাক্রমশালী সমস্ত মহাত্মা দেবগণ যুদ্ধের জন্য প্রস্তুত হইতে লাগিলেন ॥ ৭

তাঁহারা সকলে নানাপ্রকার কবচ ধারণ করিলেন। ইঁহাদের কবচ ও ধ্বজ বিচিত্র ছিল। ইঁহারা নিজ নিজ দেহে নানাপ্রকার অস্ত্র গ্রহণ করিয়াছিলেন এবং মদমত্ত গজরাজের ন্যায় যুদ্ধের জন্য উদ্যত হইলেন ॥ ৮

ইঁহাদের মধ্যে অনেকে গরুড়ের উপর আরোহণ করিলেন, অনেকে গরুড়ের উপর আরোহণ করিলেন, কেহ কেহ গরুড়ের উপর আরোহণ করিলেন ও তাঁহারা আবার বৃষভসকলের উপর আরোহণ করিলেন ॥ ৯

ইন্দ্রের নয়ন সিংহের নয়নসদৃশ দীপ্যমান ছিল, তাঁহার ধ্বজ (যষ্টি) নীলাভ ছিল, ইঁহার ধ্বজ ঐরাবত হস্তীর চিহ্নে চিহ্নিত, ইঁহার রথে হরিতবর্ণের অশ্বগণ যোজিত আছে। তিনি এরূপ রথে আরোহণ করত যুদ্ধের দিকে গমিত হইলেন ॥ ১০

আদিত্যবর্ণং বিবজ্ঃ সুবৌজ'
স্ত্বষ্ট্রা ধরঃ নির্মিতমীশ্বরার্থম
জাম্বূনদস্তক্তিচিত্রৈ
র্বলদ্ভি' কাঞ্চনদামভিশ্চ ॥ ১১

মরুদ্বরোপস্তরবস্তুরেষঃ
বিদ্যুৎপ্রভাতিঃ কৃতমাতিতাম্রম ।
কৈলাসশৃঙ্গোপমনির্দ্রঘানা
মুচাক্রযাক্ত প্রতিচক্রচক্রম ॥ ১২

তারাসহস্রৈঃ খচিতঃ অলম্ভি-
র্বৈবার্হমালাভিতসর্ব্বদেহম্
সমুদ্ভিতশ্রীকরজেমজালাক্তঃ
প্রভ্রাজমানঃ পুরুষোত্তমেন ॥ ১৩

আস্থায় তং ভাস্বরমাশুবেগঃ
শচীপতির্লোকপতিঃ সুরেশঃ
বজ্রং বর্ত্তী ভুবনস্য গোপ্তা
যযৌ মহাত্মা ভগবান্ মঘেন্দ্রঃ ॥ ১৪

আয়ুচ্চ বর্ম্মাথ সহস্রতারঃ
হুতাশনার্কবিতসমপ্রভাবম্

সূর্য্যপ্রভঃ চামুমুচে কিরীট'
মালাঞ্চ জাম্বূনদবৈজয়ন্তীম্ ॥ ১৫

স্ত্বষ্ট্রা কৃতং ভাস্বররশ্মিনীতং
সুতীক্ষ্ণধারামলতীব্রধারম ।
মহাসুরাণাং রুধিরার্দ্রভূগ্র'
প্রগৃহ্য খড়্গং শতপর্ব্ব ভীমম্ ॥ ১৬

মহাশনী যে চ মহাপ্রভাতে
দীপ্তামমোঘাঞ্চ স শক্তিমুগ্রাম্
চক্রং তথৈবোগ্র মুমহৎপ্রতাপ'
প্রগৃহ্য শক্রঃ প্রযযৌ রণায় ॥ ১৭

সহস্রনেত্র বৃত্তপতিঃ সনাতন:
সনাতনানামপি যঃ সনাতনঃ ।
খড়্গাক্ষ দেবাধিপতির্মহাত্মা
বৈয়াঘ্রমাদায় চ চর্ম্ম চিত্রম্ ॥ ১৮

ক্ষীরোদধিক্ষোভসমুদ্ভিতানি
পুরামৃতাদ্ভূতমদূষণানি ।
দেবাসুরাণাং শ্রমনির্জ্জিতানি
সোমার্কনক্ষত্রসমপ্রভাণি ॥ ১৯

এই রথের কান্তি সূর্যের সমান ছিল। ইহা নির্মল ও উত্তম-রূপে ধৌত করিয়া পরিষ্কৃত ছিল। বজ্র বিশ্বকর্মা দেবরাজ ইন্দ্রের জন্য ইহাকে নির্মাণ করিয়াছিলেন। বর্ষের জাল (বালর) ও জাম্বুনদনামক সুবর্ণের চিত্রশ্রী এবং স্বর্ণরজ্জু-সমূহে ইহা অলঙ্কৃত ছিল ॥ ১১

সূত্র, অস্ত্র উপকরণ ও মনোহর ঈষ সহিত এই রথ বিদ্যুৎ-প্রভায় তাম্রবর্ণের হইয়া বিরাজিত। এই রথযান কৈলাস-শিখরের সমান দেখাইতেছিল এবং মনোহর হইতেও মনোহর ও সহজগতীর শাসনকারী ছিল ॥ ১২

ইহাতে সহস্র প্রকাশমান তারকা খচিত ছিল। এই রথের সম্পূর্ণ অঙ্গ দেবোচিত মালাসমূহে পূজিত ছিল। ইহার উপর শোভাসম্পন্ন উজ্জ্বল উড়িতেছিল। ইহার ধ্বজ (ধ্বজা) কখনও ক্ষীণ হইত না। পুরুষোত্তম ইন্দ্রের কান্তিতে এই রথ আরও উদ্ভাসিত হইতেছিল ॥ ১৩

ভীমবেগে গমনকারী এই তেজসী রথে আরোহণ করত তিনলোকের অধিপতি দেবরাজ, ভুবনরক্ষক, শচীপতি ও মহাত্মা ভগবান্ মঘেন্দ্র যুদ্ধের জন্য গমন করিলেন ॥ ১৪

তিনি অগ্নি ও সূর্য্যসদৃশ প্রভাপুঞ্জে পরিপূর্ণ সহস্র তারকা-বিশিষ্ট কবচ ধারণ করত শত্রুকে সূর্য্যতুল্য তেজসী মুকুট ধারণ করিলেন এবং কণ্ঠে (পাতলপর্যন্ত বিলম্বিত) জাম্বুনদবর্ণনির্ম্মিতা বৈজয়ন্তী মালা ধারণ করিলেন ॥ ১৫

ইহার পর তিনি পর্ব্বযুক্ত হইয়া সেই যজ্ঞ গ্রহণ করিলেন, যাহা মহাসুরগণের রক্তে আর্দ্র ছিল। সূর্য্যরশ্মি-সদৃশ উদ্গীত এই উগ্র বজ্রকে শাণ্ডার বিশ্বকর্মা নির্ম্মাণ করিয়া-ছিলেন। ইহার ধার অত্যন্ত তীক্ষ্ণ, ঘোর, নির্দ্মল ও তীব্র ছিল ॥ ১৬

মহাগ্রহসদৃশ প্রভাযুক্ত দুইটি অশনি, উজ্জ্বলিত ও অমোঘ উগ্রশক্তি এবং মহাপ্রভাশালী ঐন্দ্র-চক্র হস্তে গ্রহণ করিয়া দেবরাজ ইন্দ্র যুদ্ধের জন্য প্রস্থিত হইলেন ॥ ১৭

সহস্র নেত্রধারী ইন্দ্র সমস্ত বৃত্তগণের সনাতন পতি (পালক) ছিলেন। তিনি সনাতনগণেরও সনাতন, দেবতাদিগেরও অধিপতি ও মহাত্মা ছিলেন। তিনি সেই সময় ব্যাঘ্রচর্ম্মনির্ম্মিত বিচিত্র ঢাল ও একটি তরবারি লইয়া রণভূমিতে গমন করিলেন ॥ ১৮

পুরাকালে ক্ষীরসাগর মন্থন করিয়া যাহাদের উদ্ভব হইয়াছিল, যাহারা অমৃত হইতে নির্গত হইয়াছিল এবং দেবতা ও অসুরগণ উভয়েরই পরিশ্রমে উপলব্ধ হইয়াছিল, যাহাদের প্রভা চন্দ্র, সূর্য্য, নক্ষত্র ও বিদ্যুতের সমান ছিল এবং যাহাদিগকে

তস্যাস্ত্রবিদ্যা মনিকুণ্ডলানি
যুদ্ধে প্রয়াতস্য সুরেশ্বরস্য
তৈর্ভূষিতো ভাতি সহস্রচক্ষু-
রুদ্যোতয়ন্ বৈ দিশিশো দিশশ্চ ॥১০
ধৃতিঃ প্রভূর্নেত্রসহস্রচিত্রা
বিভর্তি যুদ্ধাভিমুখঃ সুরেন্দ্রঃ
যথা সিতং শারদমভ্রবৃন্দ'
নভস্তলং ভাস্করসপ্তচিত্রম্ । ১১
ভবন্তি যান্তঃ বিপুলৈর্বপোভি-
র্ভয়ানিষা চোজ্জ্বিতসত্ত্ববীর্যাম্ ।
অত্রির্বসিষ্ঠো জমদগ্নিরত্রি'
বৃহস্পতির্নারদ-পর্বতৌ চ ॥১১
জমদ্বহূর্দেবগণা মহেন্দ্র'
প্রযান্তমাদিত্যসমানবর্চসম্
বিশ্বে চ দেবা মরুতস্তথৈব
সাধ্যাস্তথাদিত্যিগণাশ্চ সর্বে ॥ ১৩
তে দেবরাজস্য পুরঃসরন্তু
হ্যন্যে যে মাতলিসংগৃহীতাঃ

প্রয়ান্তি দেবেশ্বরমুদ্যতাস্ত্রা
নভস্তলা পক্ষিরিবাক্ষিপন্তঃ ॥ ১৪
ব্রহ্মর্ষয়শ্চৈব মহর্ষয়শ্চ
রাজর্ষয়শ্চাক্ষয়পুণ্যলোকাঃ
সর্বেঽনুজগ্মুঃ সহসা জলন্তং
তেজোঽন্বিতং শক্রমিত্রসাহম্ ॥ ১৫
প্রযুক্ত শূলাংশ্চ পরশ্বধাংশ্চ
দীপ্তানি চাপানুগনীদিগ্রাঃ
বর্ম্মাণি চাগ্র্যা চ রিপুঘ্নানি
প্রযান্তি সূর্য্যাংশুসমপ্রভাণি ॥ ১৬
তথা কুবেরোঽথসহস্রযুক্ত'
শ্রেষ্ঠং রথং সর্বরথ' মহান্তম্
দিব্যং সমাকৃষ্ট বরাং যাতে
ঘনেশ্বরা দীপ্তসাগ্রহস্তাঃ ॥ ১৭
নিশাচরাঃ পাবকধূমকাশা'
রক্ষোবৃষা কৃতসখস্য তস্য
বিশালনানাযুধদীপ্তহস্তা
যান্ত্যগ্রতো বৈশ্রবণস্য রাজ্ঞঃ ॥১৮

সর্বোত্তম ভূষণ বলিয়া অভিহিত করা হয়, সেই মণিময় কুণ্ডল-সকল (কুণ্ডলদ্বয়) অভিষিক্তেন্দ্র যুদ্ধের জন্য প্রস্তুত দেবরাজ ইন্দ্রকে প্রদান করিলেন। ইন্দ্র দেব দ্বারা ভূষিত হইয়া সহস্র-লোচন ইন্দ্র দিক্ ও বিদিকসমূহ প্রকাশিত করিতে করিতে অতিশয় শোভা পাইতে লাগিলেন। ১১-১০

সর্বসমর্থ দেবরাজ ইন্দ্র যুদ্ধাভিমুখী হইয়া সহস্র নয়নের দ্বারা বিচিত্র শোভা ধারণ করত দেইরূপ শোভা পাইতে লাগিলেন, যেরূপ নবমেঘমালের মধ্যদীপ্ত সূর্য্য আকাশ সহস্র নক্ষত্রে চিত্রিত হইয়া শোভা পাইতে থাকে। ১১

বহ্নিত বর্ম্ম ও বলশালীজনসম্পন্ন ইন্দ্র যখন যুদ্ধের জন্য যখন করিতেছিলেন, তখন অত্রি, বশিষ্ঠ, জমদগ্নি, ঔর্ব, বৃহস্পতি, নারদ ও পর্বত—এই ঋষিগণ নিজেদের সর্বোত্তম যাত্রাসমূহের দ্বারা তাঁহাকে জয়লাভের জন্য আশীর্বাদ দান করিতে করিতে স্তুতি করিতে লাগিলেন। ১২

সূর্য্যসদৃশ তেজস্বী মহেন্দ্রকে যখন যখন করিতে দেখিয়া তাঁহার পশ্চাতে বিশ্বেদেবগণ মরুদ্গণ, সাধ্য ও আদিত্যগণ এবং অন্যান্য দেবতারাও যখন করিতে লাগিলেন। ১৩

যাঁহাদের রশ্মি মাতলি ধারণ করিয়াছিলেন সেই দেবরাজ ইন্দ্রের অন্যান্য দেবেন্দ্রকে যখন করিতে করিতে আকাশকে নিজেদের পক্ষসমূহে যেন চিহ্নিত করিতে করিতে তীব্র গতিতে যাইতে লাগিল। ১৪

অক্ষয় পুণ্যলোকসমূহে বাসকারী ব্রহ্মর্ষি, মহর্ষি ও রাজর্ষিগণ —ইহারা সকলে সহসা তেজে প্রজ্বলিত ও শত্রুর সহিত যুদ্ধ করিতে সমর্থ (অথবা শত্রুগণের আঘাত সহ্য করিতে সমর্থ) তেজস্বী ইন্দ্রের অনুগমন করিতে লাগিলেন। ১৫

ইঁহারা হস্তে শূল, পরশু, প্রদীপ্ত ধনু ও বিচিত্র অসনি লইয়া সূর্য্যসদৃশ তেজস্বী সুবর্ণময় কবচ ধারণ করত যুদ্ধের জন্য প্রস্তুত হইলেন। ১৬

এইরূপ ধনেশ্বর কুবের সহস্র অশ্বযোজিত, সব কিছুই সহ্য করিতে সমর্থ, বহুমূল্য ও দিব্য রথে আরোহণ করত যুদ্ধের জন্য যখন করিলেন। তখন তাঁহার রক্ষের অগ্রভাগে প্রদীপ্ত শক্তি শোভা পাইতেছিল। ১৭

বিশ্রবার পুত্র ও রুদ্রের সখা রাজা কুবেরের অগ্রে অগ্রে নানাপ্রকার বিশাল অস্ত্রসমূহে প্রদীপ্ত হস্তযুক্ত বহু নিশাচরী রাক্ষসশ্রেষ্ঠগণ যাইতে লাগিল। ইঁহাদের সকলের শরীরের কান্তি অগ্নি ও ধূমবর্ণ ছিল। ১৮

যে লোহিতাক্ষাঃ পরিবার্য দেব-
ব্রজন্তি তিগ্মাঞ্জনদূর্ধ্বকর্ণাঃ।
ভূতোত্তমা রক্ষপতিং যমেশং
রক্ষন্তি যৈ পাশমমাসিতস্তাঃ ॥ ১৯

পুনাঃ প্রভুঃ প্রাণপতিভিরাত্মা
বৈবস্বতো ধর্মভৃতাং বরিষ্ঠঃ।
তত্রিদশবাস্ত শতবাহিমুক্তং
রথং সমারোহত সূর্যবর্চসম্ ॥ ৩০

তং লোকপালাঃ পিতরোঽনুকম্পু-
র্বিবিক্তপাণা অলিবাস্তপোভিঃ।
সর্বে চ তুতা ভুবনপ্রধানা
নানায়ুধব্যগ্রকরাঃ সুতীব্রাঃ ॥ ৩১

ততঃ মহাস্ত্রং পরিগৃহ্য দেবো
লোকক্ষয়ং নিগ্রহনিশ্চিতার্থম্
হিরণ্ময়ানাং কবলোৎপলানাং
মালাং মনোজ্ঞাং দধসঙ্গা কণ্ঠে ॥ ৩২

স্ফিত্যেঽস্ফিমেদামিলে ত্রিতার্ত-
সর্বাসুবাণাং নিধনং বিপশ্যন্।

তেজোময়ং মুদ্গরমুদ্বহন্তং
বিকর্ষমাণোঽরুণধূম্রনেত্রঃ ॥ ৩৩

সমর্চিতো ব্যাধিশতৈরনেকৈ-
র্ঘণ্টো হরিশ্মশ্রুকলাবসক্তঃ।
মহাসুরাণাং নিধনায় বৃদ্ধিং
চক্রে তদা ব্যাধিপতিঃ কৃতান্তঃ ॥ ৩৪

ততস্ত্রিশীর্ষৈর্বৃতমশ্বরাজ-
যুক্তং রথং হেমপরিষ্কৃতং মহাত্মা।
আস্থায় কৃষ্ণানুনিতঃ গণেশো
যযৌ বধায়াসুরদর্পহন্তা ॥ ৩৫

বৈদূর্যমুক্তামণিবিদ্রুমাঙ্গ-
স্তেজোময়ঃ পাশমৃতীতহস্তঃ
মহাসুরাণাং নিধনায় দেবঃ
প্রযাতি রূপাক্ষসবন্ধবাহঃ ॥ ৩৬

অথৌঘমানো গণদেবতাভি-
র্নিঋতির্মাণো গণভৃদ্ভিরন্যৈঃ।
সাংযুয়মানস্ত মহর্ষিসৈন্যৈঃ
সম্পূজ্যমানস্ত মহানুভাবৈঃ ॥ ৩৭

যাহাদের শরীরের কান্তি অরুণ করিয়া একত্রে রাশিকৃত করিলে সূর্যের ন্যায় প্রতীয়মান হয়, সেই রক্তবর্ণ নয়নযুক্ত শ্রেষ্ঠ বীর যক্ষগণ হস্তে পাশ, ধ্বজ ও তরবারি লইয়া যক্ষরাজ যমেশের কুবেরকে চারিদিকে পরিবৃত করিয়া রক্ষা করিতে লাগিলেন ॥১৯

নিজের মস্তকে বন্দীভূতকারী, প্রাণিমাত্রেরই প্রাণের অধিপতি, ধর্মাত্মাগণের মধ্যে শ্রেষ্ঠ ও পুণ্যাত্মা প্রভু সূর্যপুত্র যম নন্দ অশ্বযোজিত, বিদ্যুদ্গুলে প্রকাশিত এবং সূর্যসদৃশ তেজস্বী রথে আরোহণ করিলেন ॥২০

তখনই অগ্রগণ্য ও পাপরহিত পিতৃগণ এই লোকপাল যমের অনুগমন করিলেন। তিন লোকে প্রলয় প্রকাশ যে সব অস্ত্র ছিল, তাহারা সকলে হস্তে নানাপ্রকার অস্ত্র গ্রহণ করিয়া তাঁহার পশ্চাতে পশ্চাতে যাইতে লাগিল ॥২১

অনন্তর যে নিশ্চিন্তরূপে নিগ্রহ করিতে পারিত এবং সমস্ত জগতের উপর নিজের প্রভুত্ব (নিয়ন্তৃত্ব) রাখিতে যে সমর্থ ছিল, সেই রক্তবর্ণক মহাস্ত্রকে হস্তে গ্রহণ করিয়া যমরাজ নিজ কণ্ঠে সুবর্ণময় কমল ও উৎপলের মনোহর মালা ধারণ করিলেন ॥২২

ইহার দেহ অরুণ ও সুবর্ণের ছিল। তিনি রথে বসিয়া নিজের সেই তেজোময়, হস্তস্থ ও ভিন্নরূপ মুদ্গর ধারণ করিয়া রহিলেন, যে মুদ্গর সমস্ত অসুরগণের পক্ষে কালস্বরূপ ছিল এবং তাহাদেরই দেহ, মাংস, অস্থি ও রক্তে মাখা ছিল ॥২৩

ইহার শ্মশ্রু (দাড়ি) কর্দম (বা কাদার) ন্যায় ছিল এবং অত্যন্তকরূপ উগ্রতা ছিল। রোগ-ব্যাধিসমূহের পতি সেই যমরাজ নানা প্রকারের শত শত ব্যাধিকে সঙ্গে লইয়া মহাসুরগণকে বিনাশ করিবার জন্য নিশ্চয় করিলেন ॥২৪

তখনকার অসুরগণের দর্পহন্তা ভূতপতি মহাত্মা যজ্ঞরূপ কৃষ্ণপুত্র ও চন্দ্রসদৃশ উজ্জ্বল, সুবর্ণখচিত এবং তিন মস্তকযুক্ত বিমানাকার দর্শনযোগ্য রথে আরোহণ করিয়া যুদ্ধের জন্য গমন করিলেন ॥২৫

ইহার অঙ্গ বৈদূর্য, মুক্তা ও মণিসমূহে বিভূষিত ছিল। ইহার বাহুতরে রত্নালিঙ্গিত অস্ত্র সব ছিল এবং ইনি হস্তে পাশ অস্ত্র ধারণ করিয়াছিলেন। এইরূপে সেই তেজস্বী যক্ষরাজ মহাসুরগণকে বিনাশ করিবার জন্য প্রস্তুত হইলেন ॥২৬

সেই সময় গণাধিষ্ঠিত দেবগণ তাঁহার অনুগমন করিলেন। গণভাত অন্য প্রাণিগণ ইহার সেবা করিতে লাগিল। মহর্ষিগণ ইহার গুণগান করিতেছিলেন এবং মহাসর্পগণ ইহার পূজা করিতেছিলেন ॥২৭

কৈলাসশৃঙ্গপ্রতিমোঽপ্রমেয়ঃ
সমুদ্যতনাথোঽমৃতপো মহাত্মা
মযোরগৈঃ বৈত্তনয়ৈঃ সুগুপ্তো
ঘণ্টী ঘণ্টেনার্কসমপ্রভেণ ॥ ৩৮

মুক্তায় তং যাতুমনীনসন্তং
নভস্তলে চন্দ্রশিরাতিকান্তম্।
পক্ষন্তি কৃত্তানি মহাদ্রুতাবং
সংস্তুতৈরোমনি কৃতাঞ্জলীনি ॥ ৩৯

ধাতার্যমাংশোঽথ ভগো বিবস্বান্
পর্জন্যমিত্রৌ চ শশী চ দেবঃ
ত্বষ্টা তথৈবোজ্জিতবিশ্বকর্মা
পূষা চ সাক্ষাদ্দিবি দেবরাজঃ ॥ ৪০

সোমস্তথৈঃ সপ্তশতৈকবিংশতি-
র্বৈদূর্যনিষ্কৈশ্চিত্রবর্ণকণ্ঠৈঃ
রথৈর্বিতৈঃ শক্রসমপ্রকাশৈ-
র্মুক্তান্ যযাবাকুতঃ সুরান্তে ॥ ৪১

দিবাকরাকারনিভানি কেচি-
দ্ভূতানি খাচ্ছিপ্রতিমানি কেচিৎ।
নিশাকরাংশুপ্রতিমানি কেচিৎ
তড়িদ্বপুর্ধোদ্যুতনিভানি কেচিৎ ॥ ৪২

নীলাংশুমেঘপ্রতিমানি কেচিৎ
কাঞ্চীরসাকাশনিভানি কেচিৎ।
বর্ষ্মাণি দিব্যানি মহাপ্রভাণি
দৃষ্ট্বা কৃতাস্ত্রস্তমভাষমন্তি ॥ ৪৩

আবুচ্য মালাশ্চ সুবর্ণপুষ্পাঃ
প্রয়ান্তি তোয়াবিলমূলবেগাঃ।
তাবধিনৌ চৈব মহাদ্রুতাবৌ
রূপোত্তমৌ বর্ষ্মভৃতাং বরিষ্ঠৌ ॥ ৪৪

রথং সমারুহ্য সুবর্ণচিত্রং
রথপ্রবীরৌ কাঞ্চনমূলবর্ণৌ
মনোঃ সুতা বৈ বসবশ্চ সর্বে
বলেকতঃ বৈত্তবধায় দেবাঃ ॥ ৪৫

রথাংশ্চ নাগাংশ্চ মহাপ্রমাণা-
নাস্তীর্য ভূমাং সুতভাস্বরস্তাঃ
কৃতাস্ত্র সর্পেন্দ্রকুলধ্বজাগ্র্যাঃ
শ্বেতৈর্হয়ৈর্যুক্তে পতিতৈর্যুযুক্তিঃ ॥ ৪৬

মনুস্তপতি অত্যন্তশালী মহাত্মা একদা কৈলাসশিখরসদৃশ ধৌতবর্ণ ছিলেন। ইঁহার অস্ত্রসমূহ শক্তি ছিল। ইঁহার নিজ পুত্রবধূ ও মহানাগবধূ ইঁহাকে সর্বতোভাবে রক্ষা করিতে লাগিলেন এবং সূর্যাদৃশ তেজসী রথে করিয়া তিনি গমন করিলেন ॥ ৩৮

চন্দ্রচূড়া অত্যন্ত ক্ষিপ্রকারী এবং ইঁহারসদৃশ মহাদ্যুতিবান একদা যখন যুদ্ধের জন্য গমন করিতেছিলেন, সেই সময় আকাশে সমস্ত প্রাণীরা পুলকিত-শরীরে কৃতাঞ্জলি হইয়া ইঁহাকে দেখিতে লাগিলেন ॥ ৩৯

ধাতা, অর্যমা, অংশ, ভগ, বিবস্বান্, পর্জন্য, মিত্র, চন্দ্রদেব, ত্বষ্টা, তেজসী বিশ্বকর্মা, পূষা ও সাক্ষাৎ দেবরাজ ইন্দ্র—এই সব দেবগণ আকাশে উত্তম অশ্বগণে যোজিত রথে আরূঢ় ছিলেন। সেই সব অশ্ব চন্দ্রকরের আভাবিশিষ্টকারী কলহ যুক্ত ছিল। ইহাদের কণ্ঠে বৈদূর্যমণির পদক ও বর্ণের ন্যায় শোভা পাইতেছিল। এই অশ্বগণ অস্ত্র ও ক্ষুর ক্ষুর পক্ষিসদৃশ যুক্ত ছিল। এই সব অশ্বের বর্ণ সেরূপ ছিল, যেরূপ ইন্দ্রের রথে যোজিত অশ্বগণের বর্ণ ছিল। (ইন্দ্রের রথে হরিতবর্ণের অশ্ব যোজিত ছিল।) ॥ ৪০-৪১

কিছু দেবতা সূর্যাংশুসদৃশ, অনেকে অগ্নিজ্বালাসদৃশ, অনেকে চন্দ্রকিরণসদৃশ, কিছু দেবতা বিদ্যুতের প্রভার সমান, কিছু দেবতা কালমেঘসদৃশ মহাপ্রভাপুঞ্জক এবং কিছু দেবতা উত্তম কিরণে উদ্ভাসিত দিব্য কবচ ধারণ করিয়াছিলেন। এই সমস্ত কবচই বিশ্বকর্মা নির্মাণ করিয়াছিলেন। ইহাদের মধ্যে সুবর্ণময় পুষ্পপ্রথিত করা ছিল, এরূপ মালাসদৃশ ধারণ করিয়া জল ও বায়ুসমূহ তীব্র বেগধারী এই দেবগণ রণভূমির দিকে গমন করিতে লাগিলেন ॥ ৪২-৪৩

উত্তম রূপবান্ ও বর্ণাভাগণের মধ্যে শ্রেষ্ঠ মহাদ্যুতি দুই অশ্বিনীকুমারও সুবর্ণ-খচিত রথে আরোহণ করিয়া রণভূমিতে যাইলেন। ইঁহাদের উভয়ের পতাকায় কাপি সুবর্ণচূড়া ছিল ॥ ৪৪

মনুর পুত্রগণ ও সমস্ত বসুদেবতারা ইন্দ্রকে বলশালী ছিলেন। ইঁহারাও হৃষ্টে উত্তম অস্ত্রধারণ করিয়া বহু বহু রথ ও হস্তীতে আরোহণ করত দৈত্যদিগকে বধ করিবার জন্যগমন করিলেন ॥ ৪৫।

অরুণ ও সুবর্ণবর্ণ, মহাবল, সর্পকুলধ্বজাগ্র, নীতিবান্ সারথিবাহী এবং নিজ প্রভায় শুভ্রকান্তি সমস্ত রত্নগণ শ্বেতবর্ণ বিশাল

মহৌজসঃ সর্বগুণোপপন্না
দীপ্তাস্যনো ভাতিরিব জ্বলন্তঃ।
নানায়ুধব্যগ্রকরৈর্ভুজৈস্তে-
র্লোকান্ সমস্তানিব নির্দহন্তঃ ॥৪৭

যদূ সসৈন্যাস্তপনীয়বর্ণা:
সর্বায়তাস্তোয়ধরা যথৈব
বিদ্যে চ দেবাস্তপসা জ্বলন্তো
বীর্যোত্তমাঃ সূর্যসমৌজসশ্চ ॥ ৪৮

যদূ সসৈন্যা মুধি দুর্নিবার্যা
বলোৎকটাঃ পদ্মসমপ্রমালাঃ।
রথৈঃ সুবূঢ়োত্তমনীয়বর্ণৈ-
র্বৈদূর্যমুক্তাকনকোত্তমচিত্রৈঃ ॥ ৪৯

নানাবিধাকারসমাকুলাস্তে
প তিগ্মবৈন্যৈশ্চ সিতাতপত্রৈঃ।
তেজোবহৈঃ কাঞ্চনচারুচিত্রৈঃ
সুনির্মিতৈঃ পাবকসন্নিভাস্তে ॥৫০

মেঘস্বনৈঃ সজ্জকিঙ্কিণীকৈ-
র্হয়ৈশ্চ যাতৈঃ সমবেগবদ্ভিঃ।
বিশাং গজৈশ্চৈব মহাবলৈস্তে
কৈলাসশৃঙ্গপ্রতিমৈর্মদদ্ভিঃ ॥ ৫১

প্রভঞ্জনৈঃ কুপ্রাহুচোপহস্তা-
শ্চতূর্ণসন্তে অলিতা ইবোগ্রাঃ।
সাধ্যাশ্চ দেবাঃ সুমহাপ্রভাবাঃ
খাদৌমচক্রৈঃ প্রতিমীপ্তবক্ত্রাঃ ॥৫২

প্রহাস্তি ভাস্বন্নভূষিতা যে
গাঙ্গেয়মাত্রৈর্গগনৈর্লোকৈঃ।
বিদ্যোতয়ন্তো বিপুলৈঃ শিখাশ্চ
মহাবলাস্তে জয়তঃ বরিষ্ঠাঃ ॥ ৫৩

বরিষ্ঠপুষ্টাষ্টকুভাঃ সুবৃত্তা
বৈশ্বানরার্কপ্রতিমপ্রভাবাঃ।
তে ব্রহ্মবিদ্ভিশ্চ মনুষ্যমানাঃ
সম্পূজ্যমানাশ্চ সুরৈঃ সশক্রৈঃ ॥ ৫৪

বৃষধ্বজের দ্বারা বৃহদ্ভিতে রাইলেন। ইঁহারা হস্তে নানাপ্রকার অস্ত্রশস্ত্র ধারণ করিয়া যেন সমস্ত লোকসকলকে ভস্ম করিতে উদ্যত হইয়াছেন। ৪৬-৪৭

সূর্যসম তেজ ধারণ করিয়া যখন ইঁহারা সৈন্যের সহিত অম্বরস্থ হইতেছিলেন, তখন বিংশতিরথ যেমনগুলের ন্যায় শোভা পাইতে লাগিলেন। সুবর্ণবিকার-সদৃশ কান্তিমান্, উত্তম বলশালী এবং তপস্যার তেজে দেবোপমান বিক্রমেযখন সৈন্যের সহিত গমন করিলেন। যুদ্ধে ইঁহাদের বেগ অসহ্য। নিবারণ করিতে পারে না; ইঁহারা ইতরে বলশালী ও সহস্র কমল-মালায় বিভূষিত ছিলেন। ৪৮।

তপ্তসুবর্ণ কান্তিমান্ এবং বৈদূর্য, মুক্তা ও মণিবিদ্রুমের দামে (জড়িতে) বিচিত্র শোভাসম্পন্ন এবং উত্তমরূপে যোজিত রথ-সমূহে ইঁহারা সকলে রণভূমির দিকে গমন করিলেন। ইঁহারা নানাপ্রকার আকৃতিবিশিষ্ট ছিলেন। ইঁহাদের উপরে সূর্য-কিরণ, অভ্রসদৃশ, বিচিত্র, অত্যন্ত নির্মল, তেজস্বী এবং সর্বদিকে ঘুরাইবার যোগ্য বহু শ্বেতচ্ছত্র বিস্তৃত ছিল। এই সব ছত্রের দ্বারা তাঁহারা প্রজ্বলিত অগ্নির ন্যায় প্রকাশিত হইতেছিলেন। ৪৯-৫০

ঝড়, অশ্ব ও ক্ষুদ্র ক্ষুদ্র ঘণ্টিকা (ঘুঁঙুর) যুক্ত বায়ুতুল্য বেগবান্ অশ্বগণ এবং কৈলাসশিখর সদৃশ উন্মত্ত, বিশালকায় এবং মহাবল দিগ্‌গজগণের দ্বারা ইঁহারা যাত্রা করিলেন। ইঁহাদের হস্তে তরুতর বহু ছিল, ইঁহার তাহা দ্বারা যুদ্ধস্থলে প্রজ্বলিত উল্কার সমান প্রতীত হইতে লাগিলেন। ৫১।

মহাপ্রভাবশালী সাধ্য দেবগণ সমস্ত দৈনাবাহিনীকে নিজেদের অধীনে রাখিয়া যুদ্ধের জন্য যাত্রা করিলেন। ইঁহাদের মুখ দিব্য দীপ্তিতে উদ্দীপ্ত হইতেছিল। নিজেদের অঙ্গে ভাস্বর্ণ ভূষিত আভরণে বিভূষিত ছিলেন। ইঁহাদের সহিত গঙ্গার জলপ্রবাহ ও আকাশের সমান অনন্ত এবং অসংখ্য সৈন্য ছিল। বিজয়ী বীরগণের মধ্যে শ্রেষ্ঠ এই মহাবল সাধ্যগণ নিজেদের তেজে সমস্ত দিক্ ও বিদিক্‌সমূহকে প্রকাশিত করিতেছিলেন। ৫২-৫৩

ইঁহাদের শ্রেষ্ঠ ও পুষ্ট আটটি করিয়া বাহু ছিল। সিদ্ধ দলে পরিবৃত এই সাধ্যদেবগণ অগ্নি ও সূর্যসদৃশ প্রভাবশালী ছিলেন। ব্রহ্মজ্ঞ পুরুষগণ ইঁহাদের নমস্কার করিতেছিলেন। ইন্দ্রসহ সমস্ত দেবতাগণ ইঁহাদের পূজা করিতেছিলেন। অর্জুন, পতিদিগকে বধ করিবার জন্য যখনকালী এই সাধ্যগণের পশ্চাতে পশ্চাতে গন্ধর্বসমূহও যাইতে লাগিলেন। ৫৪।

গন্ধর্বসঙ্ঘৈরনুগম্যমানাঃ
যযুঃ স্তবোদ্যমসুরাধিপানাম্
বৈদূর্যবজ্রস্ফটিকাগ্রচিত্রৈ-
র্জ্যোতিঃ সুবর্ণৈশ্চ পরিষ্কৃতানাম্ ॥ ৫৫

রূপং বভৌ চোৎকটভূষণানাং
দৈত্যোত্তমানাশ্চ বিভূষিতানাম্
আত্মপ্রভাভিশ্চ রণোৎকটাভি-
র্বর্মপ্রভাভিশ্চ তমোনুদাভিঃ ॥ ৫৬

অজোত্তমাভিঃ খনশীরভাভি-
র্মণিপ্রভাভিশ্চ মহোজ্জ্বলাভিঃ
বিভান্তি তে দেববরাঃ সসাধ্যাঃ
প্রস্রাতশস্ত্রস্বনসিংহনাদাঃ ॥ ৫৭

মহারথাস্ত্রিদিবৌকসস্তে
মহাবলাঃ শত্রুবলং প্রযান্তি।
মহাস্ত্রবন্তো যযুরপ্রকাম্পা
মহাসুরাণাং নিধনায় দেবাঃ ॥ ৫৮

তথৈব সর্বে মরুতোঽতিবীর্যা
বলোৎকটাস্তে সমরং প্রতীতাঃ।
যযুর্মহামেঘসমানবর্ণা-
শ্চক্রাধুধাস্ত্রোয়দনাদনাদাঃ ॥ ৫৯

মহেন্দ্রকেতুপ্রতিমা মহাবলাঃ
প্রগৃহ্য সর্বাসুরসূদনায় গদাম্।
রণোৎকটা লোহিতচন্দনাক্তা-
সংমেমালাম্বরভূষিতাঙ্গাঃ ॥ ৬০

তে যুদ্ধশৌণ্ডাঃ সুতরাং বীর্যা
বলে স্বকটাঃ ক্রোধবিলোহিতাক্ষাঃ।
যযুঃ সজাম্বুনদপট্টমালা
যথেষ্টনানাবিধকামরূপাঃ ॥ ৬১

খড়্গপ্রভাস্তামলিতাঃসলীঢ়ৈঃ
পুরন্দরৈ বৈ পরিবার্য দেবাঃ।
বৈদূর্যচারুস্তবকাবতংসা-
শ্চাযযুঃ সংগ্রামমুখে মহাপ্রভাবাঃ ॥ ৬২

বৈদূর্য, হীরক ও স্ফটিকনির্মিত খাকায় বিচিত্র শোভা-সম্পন্ন অঙ্গ এবং সুবর্ণময় আভরণসমূহে যাঁহাদের সুন্দর শোভা হইয়াছিল, যাঁহারা উৎকট ভূষণ ধারণ করিয়াছিলেন এবং যাঁহারা দৈত্যাধিপতিদিগকে বিনাশ করিবার জন্য নিজেদের বিভূষিত করিয়াছিলেন, সেই সাধ্য দেবগণের রূপ অদ্ভুত শোভা পাইতে লাগিল ॥ ৫৫॥

যুদ্ধের জন্য উৎকট বুদ্ধিশালী নিজেদের শরীরের প্রভা, অন্ধকার নাশকারী কবচসমূহের প্রভা, অঙ্গ হইতে উত্থিত প্রভা এবং নিজেদের বাহনসমূহ হইতে উদ্গত অধিক প্রভা—এই সব প্রভার সংযোগে প্রকাশিত অত্যুজ্জ্বল মহাপ্রভাপুঞ্জের দ্বারা এই সাধ্যগণসহ শ্রেষ্ঠ দেবতারাও অতিশয় শোভা পাইতে লাগিলেন। এই সব মহাবল দেবগণ নিজ নিজ বিশাল রথে উপবিষ্ট হইয়া শঙ্খধ্বনি ও সিংহনাদ করিতে করিতে শত্রুসৈন্যদের দিকে অগ্রসর হইতে লাগিলেন। ইঁহাদের হাতে মহাস্ত্র ছিল। ইঁহাদের শক্তির তখন ওজস্বর দেখাইতেছিল। এই দেবগণ মহাসুরদিগকে বধ করিবার জন্য গমন করিলেন ॥ ৫৬-৫৮

এইরূপ অত্যন্ত পরাক্রমশালী, উৎকট বলশালী, মহামেঘসদৃশ কৃষ্ণবর্ণ ও চক্রধারী মরুদ্গণ মেঘের ন্যায় গর্জন করিতে করিতে শত্রু-বিষয়ে দৃঢ় বিশ্বাসী হইয়া সমর অভিমুখে গমন করিলেন ॥ ৫৯

ইঁহারা ইন্দ্রের ধ্বজদণ্ডের ঐরাবত হস্তীর ন্যায় মহাবলবান্ ছিলেন এবং যুদ্ধে উদ্যত হইয়া সংগ্রাম করেন। ইঁহাদের সর্বাঙ্গ রক্তচন্দনে চর্চিত ছিল এবং বর্মধারণ ও দিবা বস্ত্রসমূহে আচ্ছাদিত ছিল। ইঁহারা সমস্ত অসুরগণের সংহারকারিণী গদা লইয়া যুদ্ধের জন্য যাত্রা করিলেন ॥ ৬০

ইঁহারা সকলেই যুদ্ধে নিপুণ ছিলেন। ইঁহাদের বাহুবল ও অস্ত্রবল উভয় বলই ছিল। ইঁহারা উৎকট বলশালী ছিলেন এবং ক্রোধে ইঁহাদের চক্ষু রক্তবর্ণ হইয়া গিয়াছিল। এই সব দেবগণ সুবর্ণ ও কমলের মালা ধারণ করিয়া ইচ্ছানুসারে নানাপ্রকার রূপ ধারণ করত দেবরাজ ইন্দ্রকে চারিদিকে পরিবৃত করিয়া রণভূমির দিকে যাইতে লাগিলেন। ইঁহাদের উরু ও পৃষ্ঠ বক্ষের প্রভায় যেন শ্যামল হইয়া গিয়াছিল ॥ ৬১॥

শত্রুদের বেগ সহ্য করিতে সমর্থ এই দেবগণ নিজেদের অঙ্গে বৈদূর্য ও সুবর্ণখচিত থাকায় মনোহর রূপবিশিষ্ট, পরমকান্তিমান্ এবং দৈত্যদের অস্ত্র নিবারণকারী কবচ ধারণ করিয়া যুদ্ধের জন্য গমন করিতে লাগিলেন ॥ ৬২॥

বর্ম্মাণি দৈত্যাস্ত্রনিবারণানি
প্রয়াতি যুদ্ধায় সপত্নসাধ্যঃ।
তৈরুত্থিতৈঃ কাঞ্চনবেদিকাভ্যো-
র্বরজ্বলৈর্ভীস্করসন্নিবেশৈঃ ॥ ৬৩
যযৌ সুরাণ্যা পৃতনোগ্রভাসা
সমুদ্যতস্তী মুধি সিংহনাদান্।

ইত্যেবমুক্তা ত্রিদিবেশ্বরস্য
সৈন্যা তদাসীৎ সুমহৎপ্রভাবম্ ॥ ৬৪
যুদ্ধং প্রযাতস্য তয়াবরস্য
বধায় তেষামসুরাধিপানাম্ ॥ ৬৫
ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
বামনপ্রাদুর্ভাবে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫২

ঊর্ধ্ববেদিকাযুক্ত, সূর্য্যকিরণ-সদৃশ কান্তিমান্ ও উচ্চশিখরে উত্থিত রত্নসমূহে উপলক্ষিত দেবগণের এই ভয়ঙ্কর সৈন্যবাহিনী যুদ্ধের জন্য উচ্চৈঃস্বরে সিংহনাদ করিতে করিতে যাইতে লাগিল ॥ ৬৩॥

এইরূপে সেই অসুরগণবিনাশের যত্নের জন্য যুদ্ধস্থলের দিকে প্রস্থিত বিজয়শীল দেবেশ্বর ইন্দ্রের এই সৈন্যবাহিনী অতিশয় প্রভাবশালী ছিল। যাহার বর্ণনা এইভাবে করা হইল ॥ ৬৪-৬৫

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে বামনাবতারবিষয়ক দ্বিপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

॥ ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

[দেবানামসুরাণাঞ্চ যুদ্ধযুদ্ধম্, ভীষণোৎপাতানাং বর্ণনম্, যুদ্ধদর্শনায় ব্রহ্মণস্তথা সনকাদিযোগেশ্বরাণামাগমনঞ্চ।]

বৈশম্পায়ন উবাচ

ততঃ প্রবৃত্তোঽসুরদেববিগ্রহ-
স্তদদ্ভুতো ভাতি সুরাসুরাকুলঃ।
বেলামতিক্রম্য যুগান্তকালে
মহার্ণবাম্ভোমুমিবাভিরম্যঃ ॥ ১
নানায়ুধোদ্যতোদ্যতবিশালবাহা
মহাবলা ব্যায়তকার্ম্মুকান্তে।
রণোৎসুকা বাহুসহস্রহস্তাঃ
সুদুর্দ্ধরাস্তোয়দনাদনাদাঃ ॥ ২

বিস্ফারয়ন্তঃ সহসা ধনূংষি
চক্রাণি চাদিত্যসমপ্রভাণি।
সমুৎক্ষিপন্তো ভুশনীংশ্চ ঘোরান্
খড়্গাংশ্চ তে বজ্রমুখাংশ্চ শক্তীঃ ॥ ৩
মহাগদাঃ কাঞ্চনপট্টবদ্ধা-
স্তথায়সান্ কার্ম্মুকমুদ্গরাংশ্চ।
শূলাংশ্চ বৃক্ষাংশ্চ বিসৃজ্য দীপ্তা-
ন্নদন্তি শূরাঃ শতশো রণস্থাঃ ॥ ৪
এতস্মিন্নন্তরে দেবানস্তোয়মভিনিস্বনম্।
যুদ্ধযুদ্ধ্যবর্ত্তন্ত দেবানাং দানবৈঃ সহ ॥ ৫

ত্রিপঞ্চাশত্তম অধ্যায়।

[দেবগণ ও অসুরগণের যুদ্ধযুদ্ধ, ভীষণ উৎপাত সমূহের বর্ণন এবং যুদ্ধ দর্শন করিবার জন্য ব্রহ্মা ও সনকাদি যোগেশ্বরগণের আগমন।]

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয়! তদনন্তর দেবতা ও অসুরগণের যুদ্ধযুদ্ধ আরম্ভ হইল। দেবতা ও অসুরগণের দ্বারা যাহা যাহা ইহার অঙ্গভূত হোতা হইয়াছিল। যেরূপ প্রলয়-কালে চারিদিকে মহাসাগর নিজ নিজ সীমা লঙ্ঘন করিয়া পরস্পর মিলিত হয়, (সেইরূপ দেবতা ও দৈত্যগণ এই যুদ্ধে অগ্রসর হইয়া পরস্পরের মধ্যে মিলিয়া যাইলেন।) ॥ ১

এই মহাবল যোদ্ধাগণ ধনুসকল বিস্ফারিত করিয়া যুদ্ধের জন্য প্রস্তুত হইলেন। ইঁহাদের অঙ্গ নানাপ্রকার অস্ত্রের প্রভায় উদ্ভাসিত হইয়াছিল। ইঁহাদের হস্ত হস্তিশুণ্ডতুল্য (মোটা) ছিল। ইঁহারা অত্যন্ত দৃঢ়কায় বীর ছিলেন এবং ইঁহাদের গর্জ্জন মেঘ-গর্জ্জন-তুল্য গম্ভীর ছিল ॥ ২

ইঁহারা সহসা ধনু বিস্ফারিত করিয়া টঙ্কারধ্বনি করিতে লাগিলেন এবং সূর্য্যসদৃশ তেজস্বী চক্র, তীক্ষ্ণধার খড়্গ, বজ্র ও বজ্রমুখী শক্তিসমূহ মুহুর্মুহু ক্ষেপণ করিতে লাগিলেন ॥ ৩

কাঞ্চনময় বলয়ে বদ্ধ দণ্ড সৌর্য্যশালী বীর যোদ্ধা সুবর্ণ-পরিষ্কৃত বিশাল গদা, লৌহনির্ম্মিত মুদ্গর, মুষল, প্রাস ও ত্রিশূল এবং বৃক্ষসকল হস্তে লইয়া সেস্থানে গর্জ্জন করিতে লাগিলেন ॥

এই সময়ে পরস্পরকে আঘাত করিতে করিতে সেই সৈন্য-গণের মধ্যে দেবতাদিগের সহিত দানবগণের সহিত যুদ্ধযুদ্ধ আরম্ভ হইয়া যাইল ॥ ৫

মরুতাং পঞ্চমো যস্তু স বাণেনাভ্যযুধ্যত ।
মহাবলঃ সুরবরঃ সাবিত্র ইতি যং বিদুঃ ॥ ৬

ধনায়ুষায়াঃ পুত্রস্তু বলো নাম মহাসুরঃ ।
সোঽভ্যযুধ্যত রণেঽত্যুগ্রো ব্রুবেণ বসুনা সহ ॥ ৭

নমুচিস্তাসুরশ্রেষ্ঠো বরেণ সহ যুধ্যত ।
প্রবরৌ বিশ্বকর্মাংশৌ খ্যাতৌ দেবাসুরেশ্বরৌ ॥ ৮

পুলোমা তু মহাদৈত্যো বায়ুনা সহ যুধ্যত ।
সদৈত্যঃ পর্ব্বতাকারো রণেঽভ্যযুধ্যত দর্পিতঃ ॥ ৯

হয়গ্রীবস্তু দিতিজঃ সহ পূষ্ণা ব্যযুধ্যত
সূরেণাদিতিবীর্য্যেণ ভাস্করাকারবর্চ্চসা ॥ ১০

শম্বরস্তু মহাদৈত্যো মহাবাহুো মহাসুরঃ
ভসেনাযুধ্যত তদা সহিতো বহুভির্নরৈঃ ॥ ১১

শরতঃ শলভস্যৈব দৈত্যাবাহ্য চন্দ্র-ভাস্করৌ ।
প্রযুদ্ধৌ সহ সোমেন শৈশিরাস্ত্রেণ ধীমতা ॥ ১২

বিরোচনস্তু বলবান্ বলের্বলবতঃ পিতা ।
বিশ্বকৃসেনেন সাধ্যেন দেবেন চ স যুধ্যত ॥ ১৩

কুজম্ভস্তু মহাতেজা হিরণ্যকশিপোঃ সুতঃ ।
আশেনাযুধ্যত তদা প্রাসপ্রহরণেন বৈ ॥ ১৪

অসিলোমা তু বলিনা মারুতেন সমং বিভো ।
তদাযুধ্যত দীপ্তাস্যো বিকৃতঃ পর্ব্বতাকৃতিঃ ॥ ১৫

ধনায়ুষায়াঃ পুত্রস্তু বৃত্রো নাম মহাসুরঃ ।
অশ্বিভ্যাং দেবদৈত্যাভ্যাং সহাযুধ্যত সংযুগে ॥ ১৬

একচক্রস্তু দিতিজশ্চক্রহস্তো দুরাসদঃ
সহাযুধ্যত দেবেন সাধ্যেন দিতিভাবিনা ॥ ১৭

বলস্তু মধুপিঙ্গাক্ষো বৃত্রভ্রাতা মহাসুরঃ ।
মৃগব্যাধেন রুদ্রেণ সহাযুধ্যত বীর্য্যবান্ ॥ ১৮

রাহুস্তু বিকৃতাকারঃ শতশীর্ষো মহোদরঃ ।
অজৈকপাদেন রণে মহাযুধ্যত দংশিতঃ ॥ ১৯

কেশী তু দানবশ্রেষ্ঠঃ প্রাবৃট্কালাম্বুদপ্রভঃ ।
ধনেশ্বরেণ ভীমেন সহাযুধ্যত সংযুগে ॥ ২০

বৃষপর্ব্বা তু বলিনা নিকুম্ভেন মহারণে ।
বিশ্বেদেবেন বিশ্বেশ সহাযুধ্যত বীর্য্যবান্ ॥ ২১

মরুদ্‌গণের মধ্যে যিনি পঞ্চম ছিলেন এবং যাঁহাকে মহাবল সুরশ্রেষ্ঠ সাবিত্র নামে সকলে জানিতেন, সেই সাবিত্র বাণাসুরের সহিত যুদ্ধ করিতে লাগিলেন । ৬

ধনায়ুষার অত্যন্ত ভয়ঙ্কর বলনামক পুত্র রণাঙ্গনে ধ্রুবনামক বসুর সহিত যুদ্ধ করিতে লাগিল । ৭

অসুরশ্রেষ্ঠ নমুচি বরনামক বসুর সহিত যুদ্ধ আরম্ভ করিল । যাঁহারা দুই জনে শ্রেষ্ঠ বিশ্বকর্ম্মা রূপে বিখ্যাত, সেই দেবাসুর ঈশ্বরদ্বয় পরস্পর যুদ্ধ করিতে লাগিলেন । ৮

মহাদৈত্য পুলোমা বায়ুদেবের সহিত যুদ্ধ আরম্ভ করিল । এই পর্ব্বতাকার দৈত্য কবচ ধারণ করত নিজ সৈন্যবাহিনীর সহিত রণাঙ্গনে যুদ্ধ করিতেছিল । ৯

হয়গ্রীবনামক দৈত্য সূর্য্যতুল্য তেজস্বী অদিতি পরাক্রমশালী বীরবর পূষার সহিত যুদ্ধ আরম্ভ করিয়াছিল । ১০

মহাবাহুশালী মহাসুর রণদুর্ম্মদ মহাদৈত্য শম্বর ভগবান্ দেবতার সহিত যুদ্ধ করিতে লাগিল । ১১

শরত ও শলভ এই দুই বীর দৈত্যগণের মধ্যে সূর্য্য এবং চন্দ্র-তুল্য তেজস্বী ছিল । ইহারা উভয়ে শৈশিরাস্ত্রধারী বুদ্ধিমান্ সোমের সহিত যুদ্ধ আরম্ভ করিল । ১২

বলবান্ বলির পিতা বলশালী বিরোচন বিশ্বকৃসেন নামক সাধ্য দেবতার সহিত যুদ্ধ করিতে লাগিলেন । ১৩

হিরণ্যকশিপুর পৌত্র (হিরণ্যকশিপুর পুত্র প্রহ্লাদ, প্রহ্লাদের পুত্র কুজম্ভ, বিরোচনের কনিষ্ঠ ভ্রাতা) মহাতেজস্বী কুজম্ভ সেই সময় প্রাসধারী অংশের সহিত যুদ্ধ আরম্ভ করিল । ১৪

প্রতে । প্রদীপ্তমুখ বিকৃতাকৃতি দৈত্য অসিলোমা পর্ব্বতসদৃশী অঙ্গ লইয়া সেই সময় বলনাম মারুতের সহিত যুদ্ধ করিতে লাগিল । ১৫

ধনায়ুষার পুত্র মহাসুর বৃত্র যুদ্ধস্থলে দেবদ্বৈত অশ্বিনীকুমার-দ্বয়ের সহিত যুদ্ধ আরম্ভ করিল । ১৬

হস্তে চক্র লইয়া একচক্র নামক দুর্জ্জয় দৈত্য দৈবতুল্য সাধ্যদেবতার সহিত যুদ্ধ করিতে লাগিল । ১৭

বৃত্রাসুরের ভ্রাতা, মধুসদৃশ পিঙ্গললোচন ও পরাক্রমশালী মহাসুর বল মৃগব্যাধনামক রুদ্রের সহিত যুদ্ধরত হইল । ১৮

শতমস্তকবিশিষ্ট, বিশাল উদরযুক্ত ও বিকৃতাকার দৈত্য রাহু খড়্গ ধারণ করত রণাঙ্গনে অজৈকপাদনামক রুদ্রের সহিত যুদ্ধ আরম্ভ করিল । ১৯

বর্ষাকালের মেঘের ন্যায় কালবর্ণ দানবশ্রেষ্ঠ কেশী যুদ্ধস্থলে ধনেশ্বর ভীমের সহিত যুদ্ধ করিতে লাগিল । ২০

পরাক্রমশালী ও জগতের পালক বৃষপর্ব্বা সেই মহাসমরে পাবন নামক বলবান্ বিশ্বদেবের সহিত যুদ্ধরত হইল । ২১

প্রহ্লাদস্তু মহাবীর্য্যো বীরৈঃ স্বৈস্তনয়ৈর্বৃতঃ
যুযুধে সহ কালেন রণে কাল ইবাপরঃ ॥ ২১
অনুহ্লাদঃ কুবেরেণ ধনদেন মহারণে
গদাহস্তেন যুযুধে ক্রোড়ন্ন রিপুবাহিনীম্ ॥ ২৩
বিপ্রচিত্তিস্তু দৈত্যেন্দ্রো বরুণেন মহাত্মনা।
প্রবৃত্তো বৈ রণং কর্ত্তুং দৈত্যানাং নন্দিবর্দ্ধনঃ ॥ ২৪
বলিস্তু সহ শক্রেণ সুরসেনেন মহাত্মনা
যুযুধে দেবরাজেন বলিনা বলবান্ রণে ॥ ২৫
সেখা দেবাশ্চ দৈত্যাশ্চ ভয়সংক্ষোভমাহবে
বিনর্দন্তো মহানাদান্ প্রাসশিলাশক্তিভিঃ ॥ ২৬
অদৃশ্যন্ত মহোৎপাতা যে প্রোক্তা জগতঃ ক্ষয়ে।
মারুতাঃ সপ্ত তে ক্ষুব্ধা বাশীর্যন্ত নদীবহাঃ ॥ ২৭
সপ্ত চৈবোদ্যতাঃ সূর্য্যাঃ শোষয়ন্তো মহার্ণবান্।
বহুনাভিহতা বরা বায়ুনা মথিতা যথা ॥ ২৮
ব্যাপিতাশ্চ মহামেঘাঃ শক্রচাপাঙ্কিতোদরাঃ
প্রণেদুঃ সর্ব্বভূতানি সন্তাসং ভক্তিমিত্রা দিশঃ ॥ ২৯

নিজের বীর সুরগণে পরিবৃত হইয়া মহাপরাক্রমশালী প্রহ্লাদ রণাঙ্গনে দ্বিতীয় কালস্বরূপ হইয়া কালের সহিত যুদ্ধ আরম্ভ করিলেন। ২১

অনুহ্লাদ শত্রুসৈন্যদিগকে ক্ষুব্ধ করিতে করিতে সেই মহাসমরে গদাধারী ধনদাতা কুবেরের সহিত যুদ্ধ করিতে লাগিল। ২৩

দৈত্যগণের আনন্দবর্দ্ধনকারী বিপ্রচিত্তিনামক দৈত্য মহাত্মা বরুণের সহিত যুদ্ধ করিবার জন্য প্রবৃত্ত হইল। ২৪

সেই রণাঙ্গনে বলবান্ দৈত্যরাজ বলি মহাবল দেবরাজ সুরেন্দ্র মহাত্মা ইন্দ্রের সহিত যুদ্ধ করিতে লাগিলেন। ২৫

অবশিষ্ট দেবতা ও দৈত্যগণ যুদ্ধস্থলে উচ্চৈঃস্বরে সিংহনাদ করিতে করিতে প্রাস, শূল, বাণ ও শক্তিসমূহের দ্বারা পরস্পরকে আঘাত করিতে লাগিলেন। ২৬

সেই সময় এরূপ মহোৎপাতসমূহ দেখা যাইতে লাগিল, যাহারা প্রলয়কালেই প্রকটিত হয় বলিয়া কথিত আছে। প্রবাহবি সপ্তবিধ বায়ু সেই সময় ক্ষুব্ধ হইয়া উঠিল। পর্ব্বতসকল যেন দীর্ণ-বিদীর্ণ হইয়া যাইতে লাগিল। ২৭

মহাসাগরসকলকে শোষণ করিতে করিতে সপ্ত সূর্য্য উদিত হইলেন। প্রচণ্ড বায়ু এই পৃথিবীকে দেহভাবে বিদীর্ণ করিল, যেন এই পৃথিবীকে তখন মথিত করা হইয়াছে। ২৮

আকাশে মহামেঘমণ্ডল চারিদিকেই প্রাদুর্ভূত হইল। ইহাদের মধ্যভাগে তখন ইন্দ্রধনু অঙ্কিত হইয়া বিরাজিল। সমস্ত প্রাণিগণ

দেবানামজয়ো ঘোরো দৃশ্যতে কালনিশ্চিতঃ।
ঘোরোৎপাতাঃ সমুদ্ভূতা যুগান্তসময়ে যথা ॥ ৩০
ন স্তম্ভন্তিক্ষ্ণ ন দিশো ন ভূমি-
র্নভাস্করোঽদৃশ্যত রেণুজালৈঃ।
বভূব বাতাস্তুমুলাঃ সুদুস্তরা
দিশশ্চ সর্ব্বাস্তিমিরোপমূঢ়াঃ ॥ ৩১
এতে চান্যে চ বহবো দৃশ্যন্তে দেবনিশ্চিতাঃ।
ভূমৌ তথান্তরিক্ষে চ মহোৎপাতাঃ সমুত্থিতাঃ ॥ ৩২
তদ্ যুদ্ধং দেবদৈত্যানাং ভীমানাং ভীমদর্শনম্।
অপশ্যত গুরুর্ব্রহ্মা সর্ব্বলোকস্য সুত্রঃ সহ ॥ ৩৩
বৈদ্যৈস্তুভিঃ সাদ্যৈস্ত বিদ্যাভিশ্চ সনাতনঃ।
পদ্মযোনির্বৃতঃ শ্রীমান্ সিদ্ধৈশ্চ পরমর্ষিভিঃ ॥ ৩৪
নানামল্লিস্তসংপ্রচিত্র-
মারুহ্য যানং দদৃশে স্বয়ম্ভূঃ।
সুভাস্বরা ভূতসংঘৈরুপেত
প্রদীপ্যমানং বপুষা বরেণ ॥ ৩৫

আর্ত্তনাদ করিতে লাগিল এবং দিক্‌সমূহ অন্ধকারে আচ্ছন্ন হইয়া যাইল। ২৯

কালের শ্রেষ্ঠত্বের যেরূপের ঘোর পরাজয় দেখা যাইতে লাগিল। যেরূপ প্রলয়কালে ভয়ঙ্কর উৎপাতসমূহ উদ্ভূত হয়, সেইরূপ ভয়ঙ্কর উৎপাতসমূহ প্রাদুর্ভূত হইল। ৩০

সেই সময় না স্তম্ভরিক্ষ, না দিক্, না ভূমি এবং না সূর্য্য দেখা যাইল। সব কিছু ধূলিজালে আবৃত হইয়া যাইল। ঘুরপূর্ব ভয়ঙ্কর বায়ু প্রবাহিত হইতে লাগিল এবং সমস্ত দিক্‌সমূহ অন্ধকারে আচ্ছন্ন হইয়া যাইল। ৩১

এই সব এবং আরও বহু দেবনিশ্চিত মহোৎপাতসমূহ পৃথিবী ও আকাশে সর্ব্বদিকে দেখা যাইতে লাগিল। ৩২

ভীষণ দেবতা ও দৈত্যগণের এই যুদ্ধ যেমিতে অতিশয় ভয়ঙ্কর ছিল। লোককর্ত্তা ব্রহ্মা সমস্ত দেবগণের সহিতই এই যুদ্ধ দর্শন করিতে লাগিলেন। ৩৩

নিত্যাদি ভর অজনন্ত চার বেদ এবং চার বিদ্যায় পরিবৃত সনাতন পদ্মযোনি ব্রহ্মাকে সিদ্ধ ও মহর্ষিগণ চারিদিকে আবৃত করিয়া রাখিয়াছিলেন। ৩৪

নানাপ্রকারের সংস্ত মণিময় ভক্তসমূহে বিচিত্র শোভাসম্পন্ন এবং সমস্ত ভূতগণে সেবিত তেজস্বী বিমানে আরোহণ করিয়া স্বয়ম্ভু ব্রহ্মা যাঁর যেই শরীরে দেদীপ্যমান দেখাইতেছিলেন। ৩৫

স্তুতপ্তজাম্বূনদকল্পিচিত্রং
মানস্তম্ভৈরীশতসম্প্রযুক্তম্।
নক্ষত্রচন্দ্রার্কবিরোচমানং
বৈমূর্য্যসোমার্কবিভূষিতাঙ্গম্ ॥ ৩৬

তমাস্থিতা বৈ পুলহঃ পুলস্ত্য-
স্তথা মরীচির্দৃঢ়ঙ্গিরাশ্চ।
ঋক্সামভিঃ সম্যগভিষ্টুবন্তঃ
সেবন্তি দেবং বরদং বিমানে ॥ ৩৭

তং পাবকা লোকগুরুং স্বয়ম্ভুবং
সাঙ্গাশ্চ বেদা মখদেবতাশ্চ
সেবন্তি দেবং ভুবনেশ্বরেশং
সূক্তানি চাত্যানি মহাদ্ভুতানি ॥ ৩৮

এতে বহবশ্চ মহর্ষিসত্তমা
বৈশ্বানরাঃ পাবকযোনয়শ্চ।
সর্ব্বে বয়ুর্দেবপুরোহিতাশ্চ
যুদ্ধোৎসুকাঃ সর্ব্বসুরাসুরাণাম্ ॥ ৩৯

যোগেশ্বরাঃ ষট্ চ দিবাকরাভা
বিভূষণৈর্ভূষিতসর্ব্বদেহাঃ।
অন্তর্হিতা বৈ সদৃশৈর্নিজাস্তা
নারায়ণেনৈব নরেণ দেবাঃ ॥ ৪০

যস্যৈকদেশেন নরেণ দেবা
মহাসুরৈর্যুদ্ধমকল্পয়ন্ত।
সম্পূর্ণভদ্রপ্রতিমৈঃ সুকান্তৈঃ
সর্ব্বা দিশো নির্ভিমিরাশ্চকার
নবোদিতোঽর্কো দরশীব চন্দ্রঃ ॥ ৪১

ইতি শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বণি
দেবাসুরযুদ্ধদর্শনং নাম
ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫৩

ইহার বিমান তপ্ত সুবর্ণের দ্বারা নির্ম্মিত বিভিন্ন চিত্র মূর্ত্তিতে সুশোভিত ছিল। ইহাতে সহস্র হেমীষাদ্বের জ্ঞানস্বরূপ শব্দ উত্থিত হইতেছিল। নক্ষত্র ও সূর্য্যের তেজোময়ী মূর্ত্তির দ্বারা ইহা কিরণসমূহের প্রভায় পরিপূর্ণ ছিল। বৈমূর্য্যমণি এবং চন্দ্রকান্ত ও সূর্য্যকান্ত মণিসমূহে এই বিমানের প্রত্যেক অঙ্গ বিভূষিত ছিল। ৩৬

সেই সমস্ত বিমানে উপবিষ্ট বরদায়ক দেবতা ব্রহ্মাকে তাঁহার পুত্রগণ—পুলহ, পুলস্ত্য, মরীচী, দৃঢ় ও অঙ্গিরা ঋষি ঋক্-বেদ এবং সামবেদের মন্ত্রসমূহের দ্বারা সর্ব্বতোভাবে স্তুতি করিতে করিতে তাঁহার সেবায় তৎপর ছিলেন। ৩৭

এই লোকগুরু, মহাদ্ভুতাত্মা, ভুবনেশ্বরেশ্বর দেবতা স্বয়ম্ভু ব্রহ্মার সেবায় অগ্নিগণ, সাঙ্গ বেদসকল, যজ্ঞদেবতাগণ এবং অন্যান্য দৃঢ়ব্রতও নিরত ছিলেন। ৩৮

মহর্ষিগণের মধ্যেও, বৈশ্বানরগণ, অগ্নি হইতে উৎপন্ন ঋষিশ্রেষ্ঠ ও দেবতাদিগের পুরোহিতগণ যাঁহারা সকলে দেবতা ও অসুরদিগের সেই যুদ্ধ দেখিবার জন্য উৎসুক হইয়া সেস্থানে উপস্থিত হইলেন। ৩৯

যাঁহারা সূর্য্যসদৃশ তেজস্বী ছিলেন এবং যাঁহাদের সর্ব্বাঙ্গ উত্তম আভরণসমূহে বিভূষিত ছিল, সেই ছয় যোগেশ্বর (সনক, সনন্দন, সনাতন, সনৎকুমার, কপিল ও ঔশনীষা,) অদৃশ্যভাবে আকাশে থাকিয়া এই যুদ্ধ দর্শন করিতে লাগিলেন। ভগবান নারায়ণ, নর ও কপিলের অন্য দেবতাও অদৃশ্যভাবে অবস্থান করত এই যুদ্ধ দর্শন করিতে লাগিলেন। ৪০

শরৎকালের নবোদিত চন্দ্রের ন্যায় ব্রহ্মা পূর্ণচন্দ্রমণ্ডল-সদৃশ পরম মনোহর কান্তিযুক্ত ও তাঁর বেশধারণকারী নিজ তাঁর দ্বারা সমস্ত দিক্‌সমূহকে অন্ধকার রহিত করিয়াছিলেন। ৪১

শ্রীমহাভারতে খিলভাগে হরিবংশে ভবিষ্যপর্ব্বে দেবাসুরযুদ্ধে সনন্দনাদির আবির্ভাবনামক ত্রিপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[দেবাসুরাণাং যুদ্ধস্য যজ্ঞরূপেণ বর্ণনম্, উভয়-সৈন্যানাং তুমুলং যুদ্ধম্, দেবস্য পরাজয়শ্চ।]

বৈশম্পায়ন উবাচ।

উভয়োঃ সেনয়ো রাজন্ তুমুলো যুদ্ধমবর্ত্তত।
নাম্নেব সকলত্রাস্তাং ত্রৈলোক্যমিদমব্যয়ম্ ॥ ১

ঘোষবদ্ভিস্তরত্রাণাং তেজীনাং মুখৈঃ সহ
বল্গুরীতিবিনাদাশ্চ বাজ্যন্তে মহাস্বনাঃ ॥ ২

প্রবৃত্তো যুদ্ধযজ্ঞস্তু তুমুলো লোমহর্ষণঃ
রণধন্বো মহানাদঃ স্বর্গীয়ঃ শূরসম্মতঃ ॥ ৩

যুদ্ধযজ্ঞস্য নেতাভূৎ প্রহ্লাদো দৈত্যসত্তমঃ।
বিরোচনস্তথাধ্বর্য্যুর্যুদ্ধযজ্ঞঃ প্রবর্ত্তকঃ ॥ ৪

হোতা চৈবাত্র নমুচির্ব্রহ্মা স্তোত্রোপকল্পকঃ
মন্ত্রা দৈত্যাঃ সমখ্যাতা যজ্ঞকর্ম্মণি তত্র বৈ ॥ ৫

অনুযাজস্তু পিতরমধিকো বা পরাক্রমৈঃ
যষ্টা তত্রাভবদ্ বালঃ সংযুগে চাপি তিষ্ঠতে ॥ ৬

ঐন্দ্রং পাশুপতং ব্রহ্ম বৈশ্বাবর্ণং সুদুর্জ্জয়ম্
মন্ত্রাস্তত্রাভাবর্ত্তন্ত সাঙ্গসংগ্রহসংহিতাঃ ॥ ৭

উদ্গাতা চ মরুৎ শ্রীমান্ বিশ্বঃ শক্রস্তরস্কৃতঃ।
বিনদন্ বিপ্রচিত্তিশ্রেষ্ঠো দেবানীকং ব্যবারয়ৎ ॥ ৮

বলিস্তু রাজা দ্যুতিমান্ স্বয়ং তত্র মহাসুরঃ।
জাপ্যৈর্দ্যৌরিব সংযুক্তো ব্রহ্মরূপকরোৎ প্রভুঃ ॥ ৯

রথাগ্নির্ম্মিতো ঘোরো বৈরোচনসমীরিতঃ।
হুয়তে বসুরৌদ্রেত্র দেবো বিষ্ণুঃ সুতৈঃ সহ ॥ ১০

শঙ্খপণবৈঃ সুমুখৈর্দেবদুন্দুভিভিস্তথা মহাস্বনৈঃ।
উদ্ঘুষ্টং বিমলং চৈব সুরক্ষণায় প্রযুজ্যতে ॥ ১১

বলস্য বলকর্ত্তৃস্তু পুলোমা চ মহাসুরঃ
প্রশস্তৃত্বং সমং কৃত্বা সত্রং সমাক প্রচক্রিরে ॥ ১২

কল্মাষদণ্ডো বিমলো বিপুলো রথপঞ্জরঃ
যূপাস্তু সমকল্পন্ত যুদ্ধযজ্ঞে মহাকাল ॥ ১৩

কণিনালীকনারাচা বৎসদন্তোপদিগ্ধিকাঃ
তোমরাঃ শোমকলসা বিচিত্রাণি ধনূংষি চ ॥ ১৪

চতুঃপঞ্চাশত্তম অধ্যায়

[দেবতা ও অসুরগণের যুদ্ধকে যজ্ঞরূপে বর্ণন, উভয় সৈন্যের তুমুল যুদ্ধ এবং সাধিয় ও রুদ্রের পরাক্রম।]

বৈশম্পায়ন বলিলেন—পুনরায় উভয় সৈন্যের মধ্যে তুমুল যুদ্ধ হইতে লাগিল। ঘোড়ম, আতত্তর, তেজী, মুখর, ঘীর ও নাদরা—এই সব বাদ্যের মহাশব্দ শুনা যাইতে লাগিল। এই সব বাদ্য নিজেদের তুমুল ধ্বনিতে তিন লোককে যেন বিচলিত করিতেছিল ॥ ১-২

সেখানে লোমহর্ষণকর ভয়াবহ যুদ্ধযজ্ঞ চলিতে লাগিল, যাহা বর্ণনাতীত ফলপ্রাপ্তিকারক ছিল। এই সংগ্রামে ঘোর্ঘ্যশালী বীরত্বের অভিমত মহাসিংহনাদ এবং আর্ত্তনাদ হইতে লাগিল ॥ ৩

এই যুদ্ধযজ্ঞে নেতা হইলেন দৈত্যশ্রেষ্ঠ প্রহ্লাদ। তাঁহার পুত্র বিরোচন এই যুদ্ধ-যজ্ঞের সর্ব্বপ্রকার অধ্বর্য্যু হইল ॥ ৪

ইহাতে নমুচি হোতা ও রুদ্রাস্ত্র স্তোতা হইল। এই যুদ্ধ-যজ্ঞে দৈত্যগণই মন্ত্র বলিয়া কথিত হইল ॥ ৫

যে বিরোচন পরাক্রমের দ্বারা নিজ পিতাকে অনুসরণ করিতেছিল অথবা নিজ পিতা বলি অপেক্ষাও অধিক পরাক্রমশালী ছিল, সেই বাণাসুর এই যুদ্ধযজ্ঞের যজমান হইল এবং যুদ্ধস্থলে সব সময় উপস্থিত রহিল ॥ ৬

অনুষ্ঠানের ভার উভয়রূপে পাশুপত, ব্রাহ্ম ও অত্যন্ত দুর্জয় বৈশ্বাবর্ণ নামক অস্ত্রসকল এখানে ন্যস্ত ছিল ॥ ৭

শক্রসদনের ভয়ঙ্কর উদ্গাতা মহাসুর সেখানে উদ্গাতা হইয়া অবস্থান করিতেছিল। এই সৈন্যশ্রেষ্ঠ বীর যজ্ঞ সিংহনাদ করিতে করিতে দেবসৈন্যদিগকে বিদীর্ণ করিতে লাগিল ॥ ৮

সাধর্ম্যশালী তেজস্বী মহাসুর রাজা বলি স্বয়ং সেখানে জপ-হোমাদিতে যুক্ত হইয়া ব্রহ্মার কার্য্য করিতে লাগিলেন ॥ ৯

বৈরোচনী ইন্ধনে (কাঠে) উদ্দীপ্ত হইয়া সেখানে ঘোর অগ্নি প্রজ্বলিত হইল। অনুষঙ্গ দেবতাদিগের সহিত আসিয়া সেই অগ্নিতে আহুতিদান করিতে লাগিল। এই আহুতি ওষধীরূপ বিষ্ণুর তৃপ্তির জন্য করা হইতেছিল ॥ ১০

শঙ্খসকলের তুমুলধ্বনি ও তেজীসমূহের গম্ভীর শব্দের দ্বারা সেখানে 'সুরক্ষণায়'—ইহার বিমল উদ্ঘোষ হইতেছিল ॥ ১১

বল, বলক ও পুলোমামাতৃক এই তিন মহাসুর সেখানে প্রশস্তৃ ও সদস্য কর্ম্ম করিয়া সমাক্‌রূপে সত্রের অনুষ্ঠান করিতে লাগিল ॥ ১২

এই মহাকালাত্মক যুদ্ধযজ্ঞে বিচিত্র ধনুঃশোভিত, নির্ভয় ও বিমল রথশ্রেণী যূপসমূহের রূপে কল্পিত হইল ॥ ১৩

কর্ণি, নালীক, নারাচ, বৎসদন্ত, উপদিগ্ধিকা, তোমর ও বিচিত্র ধনু—এই সমস্ত সেই যজ্ঞে সোমকলস ছিল ॥ ১৪

অস্থীক্ষত্র কপালানি পুরোড়াশাঃ শিরাংসি চ
আজ্যঞ্চ রৌদ্রং রুধিরং তস্মিন্ যজ্ঞেঽভিসুস্রুতে ॥১৫

ইল্লঃ পশ্বিষত্তত্র প্রস্তাবো বিপুলা গদাঃ
হয়গ্রীবোঽসিলোমা চ রাহুঃ কেশী চ দানবঃ ॥ ১৬

বিরোচনশ্চ ভক্তশ্চ কুজম্ভশ্চ মহাবলঃ।
সমস্তাস্তত্র তু মখে বিপ্রচিত্তিশ্চ বীর্য্যবান্ ॥ ১৭

ইষবস্তু স্রুবাস্তত্র রথাঙ্গসদৃশাঃ শুভাঃ
ধনুষ্কোটো ধনুর্জ্যাশ্চ স্রুবস্তত্র মহামখে ॥ ১৮

প্রতিপ্রস্থানিকং কর্ম্ম যুযুধর্ব্বাংকরোদিহ।
দীক্ষিতস্তত্র তু বলিস্তস্য পত্নী মহাচমূঃ ॥১৯

শম্বরস্তত্র শ্যামিত্রমকরোদ্ধিতিনঞ্জনঃ।
অতিরাত্রে মহাবাহুর্বিততে যজ্ঞকর্ম্মণি ॥ ২০

দক্ষিণাস্তত্র যজ্ঞস্য কালনেমির্মহাসুরঃ
বৈতানে কর্ম্মণি বিভো যঃ খ্যাতো হবাভিধঃ ॥ ২১

ত্রিদশানাং তু সৈন্যস্য শরীরৈর্গুপ্তকীর্বিতৈঃ।

তস্মিন্ যজ্ঞে তু সবনং বধ্যন্তে দৈত্যনিস্মিতম্ ॥২২

দেবানাং রুধিরং মধ্যে পশূনাঞ্চ বিভো সুতাঃ।
নর্দ্দমানাঃ প্রমুদিতা সোমপানং রথান্তরে ॥ ২৩

যদা বলির্মহাদৈত্যো বিজেতা সমরে সুরান্।
তদা সুরক্ষুখো যজ্ঞে ভবিষ্যতি ন সংশয়ঃ ॥ ২৪

মহাসুরেন্দ্রসত্তয়ো যজ্ঞানো দুরিদক্ষিণাঃ।
বেদবন্তো বৃত্তবন্তঃ সুগাঃ সর্ব্বে তনুত্যজঃ ॥২৫

ত্রৈলোক্যহরণে সৃষ্টা যুদ্ধযজ্ঞায় দীক্ষিতাঃ।
যজ্ঞকর্ত্তারিনাঃ সর্ব্বে ত্রৈলোক্যাক্রমকাঙ্ক্ষিণঃ ॥২৬

একনিশ্চয়কার্য্যাশ্চ ত্রৈলোক্যাক্রমকাঙ্ক্ষিণঃ।
সুরলানবদৈত্যানাং সঙ্ঘঃ সমুদয়ন্মহান্ ॥ ২৭

নানাযুধবিধস্তানাং ত্বরিতানাং প্রধাবতাম্
ক্ষেড়িতোৎস্ফুষ্টনিনদৈর্গর্জতাং নিঃস্বনৈঃ ॥ ২৮

রথনেমিস্বনৈর্ঘোরৈস্তত্রাসুনাং সর্ব্বতোঽভবৎ।
শঙ্খদুন্দুভিনির্ঘোষৈর্দৈত্যরাজনিঃস্বনৈঃ ॥ ২৯

অস্থিসমূহ কপাল, মস্তকসকল পুরোডাশ এবং তদ্ভব রুধিরই ঘৃত ছিল ও এই সব সেই যজ্ঞে আহুতি দেওয়া হইয়াছিল ॥ ১৫

সবসম্পত্তি, ইল্ল ও বিশাল গদা পশ্বিষ ছিল। হয়গ্রীব, অসিলোমা, রাহু, দানব কেশী, বিরোচন, ভক্ত, মহাবল কুজম্ভ এবং পরাক্রমশালী বিপ্রচিত্তি—ইহারা সকলে যজ্ঞে সদস্য ছিল ॥ ১৬-১৭

রথের অক্ষসদৃশ স্থূল ও সুন্দর বাণসমূহ এই যজ্ঞে ইষু ছিল। ধনুর কোটি ও ধনুর গুণসমূহ সেই মহাযজ্ঞে স্রুব ছিল ॥ ১৮

যুযুধর্ব্বা এই যজ্ঞে প্রতিপ্রস্থাতার কার্য্য করিতে লাগিল। রাজা বলি এই যজ্ঞে দীক্ষা গ্রহণকারী যজমান ছিলেন এবং তাঁহার বিশাল সৈন্যবাহিনীই তাঁহার পত্নী ছিল ॥১৯

মহাবাহু বিততিসদৃশ দেবযজ্ঞে প্রচলিত সেই অতিরাত্র-নামক যজ্ঞকর্ম্মে শম্বরাসুর কর্ম্ম করিতে লাগিল ॥ ২০

সেই যজ্ঞের দক্ষিণাস্বরূপ মহাসুর কালনেমি উপস্থিত ছিল, যে বিভো পতি বলির যজ্ঞকর্ম্মে অগ্নির সমান বিখ্যাত ছিল ॥ ২১

দেবগণের সৈন্যবাহিনীর নিষ্প্রাণ শরীরসমূহের দ্বারা সেই যজ্ঞে [illegible] কর্ত্তৃক কৃত সবনকর্ম্ম উত্তোত্তর বৃদ্ধি পাইতে লাগিল ॥ ২২

এই যুদ্ধযজ্ঞে যে সব তদ্ভব দৈত্য দেবগণের রক্তপান করিতে ছিল, উহারা তাহাদের সোমপান ছিল তাহারা আনন্দিত চিত্তে-

১৩১

গর্জন করিতে করিতে একত্র সোমপান করিতে লাগিল ॥ ২৩

যখন মহাদৈত্য বলি সমরে দেবতা দিগকে জয় করিবেন, তখন এই যজ্ঞের সমাপ্তির অবশ্যম্ভাবী চিহ্ন হইবে—ইহাতে সংশয় নাই ॥ ২৪

মহাসুরেন্দ্রগণ প্রচুর দক্ষিণাদাতা, যজ্ঞকর্ত্তা, বেদজ্ঞ, সত্যবাদী ও পুরুষীর ছিল এবং ইহারা সকলেই যুদ্ধে দেহের আহুতি প্রদান করিয়া যুদ্ধ করিতে লাগিল ॥ ২৫

ইহারা সকলে ত্রিলোকের রাজ্য হরণ করিতে উদ্যত হইয়া সেই যুদ্ধরূপী যজ্ঞের জন্য দীক্ষা গ্রহণ করিয়াছিল। সকলে নিজেদের শরীরে কালকর্ণ ধারণ করিয়াছিল এবং সকলে যুদ্ধ-যোদ্ধা দ্বারা করত স্তবপালনে তৎপর ছিল ॥ ২৬

একই নিশ্চিত উদ্দেশ্য লইয়া ইহারা সকলে যুদ্ধরূপী কার্য্যে ব্যাপৃত ছিল। সকলের মনে এই ইচ্ছা ছিল যে, ত্রিলোকের রাজ্য প্রাপ্তিতে আমাদের জয় হউক। নানাপ্রকার অস্ত্র হাতে লইয়া ত্বরাসহকারে ভীরবগতিতে ধাবিত হইতে হইতে দেবতা, দানব ও দৈত্যগণের এত্রাদের শব্দ কোলাহল হইতে লাগিল ॥২৭॥

যোদ্ধাগণের সিংহনাদ, উচ্চৈঃস্বরে চীৎকার, গর্জন, হস্তিসমূহের বৃংহণ ধ্বনি এবং রথের চক্রসমূহের ঘর্ঘর শব্দ—এই সবের ঘোর কোলাহলে সেখানে চারিদিকে তুমুল নিনাদ হইতে লাগিল ॥ ২৮।

শঙ্খ ও দুন্দুভিসমূহের গম্ভীর শব্দ, অসুরগণের হেষারব, হেষারবকারী অশ্বগণ ও গর্জনকারী হস্তিসমূহের নিনাদাদি

হয়ানাং হেষমানানাং দানবানাঞ্চ সর্জ্জতাম্
ক্ষেড়িতোৎক্রুষ্টনিনদৈঃ পাণিপাদরবৈস্তথা ॥ ৩০
দানবানাং পরেষাঞ্চ শস্ত্রবর্ষি মহাস্ত্রি চ
সময়ে তীক্ষ্ণকর্ণানি সৈন্যানি প্রচকাশিরে ॥ ৩১
ততো নাগা বধাশ্চৈব জাম্বুনদবিভূষিতাঃ
ভ্রাজমানা বাবাজন্ত মেঘা ইব সবিদ্যুতঃ ॥ ৩২
ঋষ্টিখড়্গগদাস্তীক্ষ্ণাঃ শূলশক্তিপরশ্বধাঃ
চারু বিভ্রাজিরে তত্র দেবসৈন্যেষু ভাস্বরাঃ ॥ ৩৩
যথা বহুবিধাকারাঃ পতঙ্গাশ্চণ্ড রংহসঃ
হেমপ্রচ্ছন্নধিষ্ণ্যা মুলস্ত ইব সর্ব্বশঃ
দানবানাং সুরাণাঞ্চ সংগ্রামোঽভূন্মহাভয়ঃ
কাঞ্চনৈঃ কবচৈঃ দীপ্তৈঃ দীপ্তৈরিব দিবাকরৈঃ ॥ ৩৫
সঙ্কুলঞ্চ সমস্তস্তু জ্যোতীংষি গগনে যথা
উদ্ভতৈরায়ুধৈর্দ্দিপ্তৈস্তেষুলব্ধাঃ কলাশিনঃ
ধনুষাঙ্কাঃ সুসংরম্ভা মুমুচুর্বাণান্ বহু,

নানাবর্ণাঃ পতাকাশ্চ জগুমালাশ্চ সংযুগে ॥ ৩৭
মুখ্যতাত্রা রণশৌণ্ডানামীরয়ামাস মারুতঃ
বজ্রালঙ্কারবস্ত্রাণি কবচানি চ রশ্মিভিঃ ॥৩৮
ভাসয়ামাস সর্ব্বাণি রশ্মিবর্ণানি রশ্মিবান্।
সর্ব্বেষামপ্রমেয়ানাং বলানাং পালচারিণাম্ ॥ ৩৯
রজঃ প্রজ্ঞাদয়ামাস সংগ্রামে পাণ্ডুরং মিথঃ
দিবাযাধূয়ধরাঃ সর্ব্বে ভীমাদ্ভূতপরিচ্ছদাঃ ॥ ৪০
প্রতিতস্তুস্তিরে ন্যোন্যমনীকা প্রতানীনতঃ
গিরিকূটা ইবোচ্চাঃ সর্ব্বে তুল্যা রণে দেবদানবাঃ ॥ ৪১
অন্যোন্যমভিনিঘ্নন্তো রণশ্লাঘিত্বেধিনঃ
বাণৈঃ শুক্লশিরস্ত্রাণৈঃ পত্রযুক্তৈস্তরাম্বিতৈঃ ॥ ৪২
মুসলৈর্মুদ্গরৈঃ শূলৈঃ শুক্লৈস্তীক্ষ্ণপরশ্বধৈঃ
বজ্রৈরশনিকল্পৈশ্চ খড়্গৈরুক্তৈশ্চ নির্দ্দিতৈঃ ॥ ৪৩
তথা প্রবর্ত্তিতে তেষাং বিনাশেচ্ছাভিরক্ষয়ে
সাবিত্রক্ষ বধং হেতুং বিদিত্বা ভদ্রয়া কার্ত্মুকম্ ॥ ৪৭

বর্ণনে ও টীকার এবং তাহাদের বস্তু ও পদের ব্যাখ্যানে নিষ্ঠ শব্দের সেস্থানে মহাকোলাহল হইতে লাগিল। ২৯-৩০

দানব ও দেবতা দিগের বিপক্ষ সৈন্যবাহিনী অস্ত্র-শস্ত্রে সুসজ্জিত হইয়া সমরাঙ্গণে হইতে কর্ণ কটুতে কটুতে প্রকাশিত হইতে লাগিল। ৩১

সেই সমস্ত সেনাদিগে সুবর্ণে বিভূষিত হস্তী ও রথসকল বিদ্যুতের মেঘমণ্ডলের ন্যায় উদ্ভাসিত হইতে হইতে আগমন শোভা পাইতে লাগিল। ৩২

এই সৈন্যদিগের মধ্যে পৃথক্ পৃথক্ ঋষ্টি, খড়্গ, গদা, তীক্ষ্ণ শূল, শক্তি ও পরশু অস্ত্রসকল দেদীপ্যমান হইতেছিল, যাহা তখন অত্যন্ত মনোহর দেখাইতেছিল। ৩৩

নানাপ্রকার আকৃতিবিশিষ্ট, উদগ্রিভাগে ঝর্ণযুক্ত আয়ুধ সকল ও সহস্র সহস্র রথ প্রজ্বলিত অগ্নিসদৃশ প্রকাশিত হইতেছিল। ৩৪

দীপ্তিমান্ সূর্য্যসদৃশ প্রকাশিত সুবর্ণময় কবচসমূহে সুসজ্জিত দানব ও দেবতাদিগের সমস্ত সৈন্যগণ আকাশে তারা-মণ্ডলের ন্যায় দেখাইতেছিল। ৩৫।

হস্তে ধনুকা ধারণ করিয়া ও পৃষ্ঠে তূণীর বাঁধিয়া যুদ্ধদর্শনার্থিনী যুদ্ধ যুদ্ধ নয়নোন্মিত দেবগণ সৈন্যদের সম্মুখভাগে আসিয়া উপরে উত্থাপিত বিচিত্র অস্ত্রসমূহের দ্বারা অভিনব শোভা পাইতে লাগিলেন। ৩৬।

সহযোগিনে যুদ্ধরত রথসিদ্ধ যক্ষগণের যত বর্ণের পতাকা-সমূহ ও অলঙ্কারের বায়ু কম্পিত করিতে লাগিল ৩৭।

সৈন্যদের অস্ত্র, আভরণ, বস্ত্র ও কবচসমূহ—এই সমস্ত বস্তুকেই সূর্য্যদেব নিজের কিরণ দলির দ্বারা তাহাদের সমান প্রভাবিত করত প্রকাশিত করিতে লাগিলেন। ৩৮।

উভয় পক্ষের অশ্ব না সমস্ত পদাতিসৈন্যদের পাদ-সঞ্চারণে উত্থিত ঘোর রেণুরা বহুল নাশ খেতবর্ণ ধূলি সমস্ত দিঙ্মণ্ডলকে আচ্ছাদিত করিয়া দিল। ৩৯।

সকলে বিবিধ অস্ত্র ধারণ করিয়াছিল এবং সকলেরই অস্ত্র ও বস্ত্রাভরণাদি প্রভাত অত্যুজ্জ্বল ছিল। ইহারা পরস্পর এক পক্ষের সৈন্যগণ অন্য পক্ষের সৈন্যদিগকে তর্জ্জন করিয়া দিতে লাগিল অর্থাৎ তাহাদের অগ্রসর হইতে দিল না। ৪০।

পর্ব্বতশিখরসদৃশ উচ্চ শরীরধারী সেই সমস্ত দেবতা ও দানবগণ সেই সমস্ত রণাঙ্গনে অবস্থান করত পরস্পরকে আঘাত করিতে করিতে বিচিত্র রীতিতে যুদ্ধ করিতে লাগিলেন ৪১।

পক্ষসদৃশে বেগযুক্ত হইয়া দুর্জ্জয়, তীক্ষ্ণ ও পরশু মুদ্গর বাণ, মুদ্গর, মুসল, শূল, অস্ত্রসমূহ (লৌহময়), উপলখণ্ড, অশনিতুল্য অস্ত্র, খড়্গ এবং বৃক্ষাদির দ্বারা অসুর পরাক্রম প্রকাশ করিতে সেই যোদ্ধাগণের মধ্যে যখন ভীষণ সংগ্রাম চলিতেছিল, সেই সময় সাবিত্রকে বধ করিবার জন্য বাণাসুর ধনু গ্রহণ করিল। ৪১-৪৭

শরজালেন বিবোন্ জ্বালয়ন্নঃ সুরোত্তমম্।
মন্ত্রৈর্ত্ত ইবাহিতাগ্নঃ সম্প্রজ্বলন তেজসা ॥৪৫
সাগরাভাং মহাসেনঃ দেবানাং দৈত্যপূজকঃ
সংলোবয়তি বাণৌঘৈর্হর্কাংশুরিবার্ণবম ॥ ৪৬
মারুতঃ সুমহাবেগঃ সাবিত্রঃ শক্তিমুত্তমাম্।
চিক্ষেপ বলিপুত্রায় শক্রোঽশনিমিবাম্বরে ॥ ৪৭
আপতন্তী চ সা শক্তির্দহন্তী অলিতা ইব
দ্বিধা ছিন্না ক্ষুরেণ বাণেনাদ্ভুতকর্ম্মণা ॥৪৮
হতাহাবথ শক্ত্যাং তু সাবিত্রো দেবসত্তমঃ
বিশ্বকর্ম্মকৃতং দিব্যং সুতীক্ষ্ণং দানবার্দ্দনম ॥ ৪৯
সুশীনবারং বিপুলং চক্রবর্চসম্।
অসুরু ত্রিশিতং খড়্গনাশীবিষমিবোরগম্। ॥ ৫০
তং গৃহীত্বা রণমুখে প্রজ্বলন্তং মহাপ্রভম্
বাণাভ্যাসে মহতেজাঃ খড়্গপাণিরবস্থিতঃ ॥ ৫১

নিজের দিব্য বাণসমূহের তালে সুরশ্রেষ্ঠ সাবিত্রকে আজ্যাহুতি করিতে করিতে বাণ সুর মন্ত্রসমূহের দ্বারা ঘৃতাহুতি পাইয়া প্রজ্বলন্ত অগ্নিদেবের ন্যায় জ্বেকে প্রজ্বলিত হইয়া উঠিল। ৪৩

দেবতাগণের বিশাল সৈন্যবাহিনী সমুদ্রের ন্যায় ছিল দৈত্যশ্রেষ্ঠ বাণ সুর নিজের বাণসমূহের দ্বারা সূর্যদেব যেরূপ নিজের কিরণাবলির দ্বারা সমুদ্রকে শুষ্ক করিয়া থাকেন, সেইরূপ তাহাদিগকে শুষ্ক করিতে লাগিল। ৪৪

তখন মহাবেগশালী সাবিত্রনামক মারুত উগ্র যেরূপ পর্বতের উপর বজ্র নিক্ষেপ করেন, সেইরূপ বলিপুত্র বাণাসুরের উপর উত্তম শক্তি নিক্ষেপ করিলেন। ৪৭

কিন্তু অদ্ভুত কর্মকারী বাণ সুর নিজের দিকে প্রজ্বলিত বিশাল উল্কার ন্যায় আসত সেই শক্তিকে এক ক্ষুরপ্রবাণের দ্বারা দুই খণ্ডে খণ্ডিত করিয়া দিল। ৪৮

সেই শক্তি খণ্ডিত হইয়া ভূমিতে পড়ার পর দেবশ্রেষ্ঠ সাবিত্র বিশ্বকর্মার দ্বারা নির্ম্মিত, বিষ্ণুর দর্পচূর্ণ তুল্যতেজ এবং দানবদলনকারী এক দিব্য খড়্গ গ্রহণ করিলেন। ইহার ধার অত্যন্ত তীক্ষ্ণ ছিল ও পুচ্ছ ছিল। এই নির্মল এবং বিশাল খড়্গ তেজস্বী থাকায় চন্দ্রের ন্যায় উজ্জ্বল কান্তিতে প্রকাশিত হইতে ছিল। ৪৯-৫০

যুদ্ধের সম্মুখভাগে সেই প্রজ্বলিত মহাপ্রভাযুক্ত খড়্গকে হস্তে লইয়া মহাতেজস্বী সাবিত্র বাণাসুরের নিকট অবস্থান করিতে লাগিলেন। ৫১

সত্তং স্থিত্বমথালক্ষ্য সাবিত্রং বলিনন্দনঃ
লোহিতাক্ষং মহাকায়ং চিক্ষেপ চ ননাদ চ ॥ ৫২
ততোঽর্ককিরণাকারানশনিপ্রতিমাঞ্জিতান্।
সপ্তষষ্টিং শরান্ বাণৌঘানাশীবিষশিলীমুখান্ ॥ ৫৩
কৃতমুখান্ প্রদীপ্তান্ প্রাণুগ্রহণেনানতপর্ব্বণান্।
আকর্ণপূর্ণমুক্তেন শরাস্তেন সমস্তৃজন্ ॥ ৫৪
দৃঢ়চাপপ্রযুক্তাস্তে শরা বৈশ্ব নভস্তলাঃ।
সাবিত্রং ছাদয়ামাসুঃ কৈলাসমিব তোয়দাঃ ॥ ৫৫
সংছাদ্যমানঃ শস্ত্রৌঘৈর্বাণেন বলিসূনুনা।
শরজালৈঃ সুসংবৃতঃ প্রহারান্ সপ্তবজ্রকঃ ॥ ৫৬
পরাজিত্য সসাবিত্রং বাণঃ পরমসংবিতঃ।
প্রগৃহ্য কার্ষ্ণুকং ঘোরং গাঢ়ং শত্রুবধায় চ ॥ ৫৭
বলশ্লাঘানুসংশ্লেষঃ প্রগৃহ্য মহতীং গদাম্।
ক্রুদ্ধায় বাসবে মুষ্টিং দৌত্যায় চিক্ষেপ দানবঃ ॥ ৫৮

সাবিত্রদেবের চক্ষু তখন ক্রোধে রক্তবর্ণ হইয়া উঠিয়াছিল এবং দেহও বিশাল ছিল। তাঁহাকে এইভাবে অবস্থান করিতে দেখিয়া বাণ সুর তাঁহাকে আঘাত—প্রতিঘাত করিতে লাগিল ও সিংহনাদ করিতে লাগিল। ৫২

তারপর বাণাসুর সূর্য-কিরণতুল্য তেজস্বী, অশনিসদৃশ তীক্ষ্ণ এবং বিষধর সর্পের সমান বিষাক্ত সাতষট্টি সমূহ সমান—বয়সে যোজনা করিল। ৫৩

এই সব বাণের পঙ্খ স্বর্ণের ছিল। উহাদের অগ্রভাগ প্রদীপ্ত ছিল। ইহা ব্যতীত এই বেলশালী ও তীক্ষ্ণতর ছিল। বাণ সুর এই সব উত্তম বাণকে ধনুকে যুক্ত করিয়া কর্ণ পর্যন্ত আকর্ষণ করত চারিদিকে নিক্ষেপ করিল। ৫৪

এই সব অগ্নিজ্বালা তেজস্বী বাণ সুদৃঢ় ধনুক দ্বারা নিক্ষেপ করা হইয়াছিল। তাহারা সাবিত্রকে সেইভাবে আচ্ছাদিত করিয়া দিল, যেরূপ মেঘমণ্ডল কৈলাসপর্বতকে জলবর্ষণে আচ্ছাদিত করিয়া থাকে। ৫৫

বলিপুত্র বাণাসুরের অস্ত্রসমূহের দ্বারা এইভাবে আচ্ছাদিত হইতে হইতে সুরশ্রেষ্ঠ সাবিত্র সুর হইতে বিষ্ণু হইয়া রুষ ও ক্রুদ্ধ সহ সেস্থান হইতে প্রস্থিত হইলেন। ৫৬

সাবিত্রকে পরাজিত করিয়া সেই বাণাসুর অত্যন্ত তুষ্ট হইল এবং তাহার বধ গ্রহণ করিয়া ইন্দ্রের রথের দিকে গমন করিল। ৫৭

অন্যদিকে অসুরশ্রেষ্ঠ বলনামক দানব বিশাল ও ভয়ঙ্কর গদা

তস্য নির্মথিতং ত্রাসে হেমচিত্রং বর্ম্ম বৈ
গদাবেগেন ভীমেন ক্রান্তং সমরে তদা ॥ ৫৯
সেষাশ্চ বসবঃ সর্ব্বে দিব্যাস্ত্রৈরোরদর্শনৈঃ।
প্রাজ্ঞাবয়ন্ রণে দৈত্যান্ দিত্যামিব তোয়দাঃ ॥ ৬০
ততঃ সম্মথিতো বাহৈর্বলো দানবসত্তমঃ।
অবাক্তরদ্ রথাত্তস্মাদ্ গামুদ্যম্য বেগবান্ ॥ ৬১
পাতয়ামাস শত্রূণাং সমাধিষ্য মহাসুরঃ
দিশঃ প্রাজ্ঞাবয়ৎ সর্ব্বাস্ত্রিদশান্ স মহাগদা ॥ ৬২
ইন্দ্রশনিবিবেগেন প্রবুদ্ধা সুনরাশ্বনা।
তস্যাঃ সবিস্ফোটাদ্ঘোষাত্তেন শব্দেন বেপিতাঃ ॥ ৬৩
ব্যত্রসন্ত পরিত্রস্তা দৃষ্ট্বৈতা রথিনস্তদা।
তদ্ভয়ার্তাঃ রথানীকং সূর্য্যাভং মেঘনিঃস্বনম্ ॥ ৬৪
যেষানাং শরবর্ষাণি সমন্তাদভ্যবর্ষত।

ক্ষুরপ্রৈর্বিশিখৈস্তীক্ষ্ণৈর্বৎসদন্তৈঃ শিলীমুখৈঃ ॥ ৬৫
মুহুর্মুহুর্মহাবেগাঃ প্রত্যবিধ্যন্মহাসুরঃ।
বলাকস্তু গদাপাণির্ব্যাদিতাস্য ইবান্তকঃ ॥ ৬৬
তড়িদ্বপুর্গার্জসদৃশো বৈশ্বানর ইবাপরঃ।
পিবন্নিব শরৌঘাংস্তান্ দেবচাপসমুদ্ভিতান্ ॥ ৬৭
অভ্যদ্রবত দৈত্যেন্দ্রো মহার্ণব ইবাপরঃ।
অবপূর্ণ্যন্ দিশঃ সর্ব্বাঃ যেন বীর্য্যেণ দানবঃ ॥ ৬৮
অরুণৎ ত্রিদশান্ দৈত্যঃ শিক্ষুবেগাগ্রগা ইব।
সমুদ্রস্তরসা যেষান্ বায়ুর্জ্ঞানিবৌজসা ॥ ৬৯
দমরদ্ মহেষাসান্ বসূত্যাংশ্চ সমসজ্জত
আপশ্চৈবানিলশ্চৈব ববর্ষতুরিবৌজসৌ ॥ ৭০
শরবর্ষাণি দীপ্তানি মেঘাবিব পরন্তপৌ।
ত্রিপ্রাংস্তান্ বিশিখান্ দীপ্তানন্তরিক্ষে স চিচ্ছিদে ॥ ৭১

হাতে লইয়া তাহাকে ক্রবনামক বসুর মস্তকের উপর নিক্ষেপ করিল ॥ ৫৮

সেই সময় সমরস্থলে সেই গদার ভয়ঙ্কর বেগে ধ্রুবের অঙ্গের উপরিস্থিত সুবর্ণনির্ম্মিত বিচিত্র কবচ ছিন্ন ভিন্ন হইয়া গেল ॥ ৫৯

তখন অবশিষ্ট সমস্ত বসুগণ ভয়ঙ্কর দিব্যাস্ত্রসমূহের দ্বারা রণস্থলে সেই দৈত্য বলকে সেইরূপে আক্রান্ত করিয়া ফেলিলেন, যেরূপ মেঘমণ্ডল দৈত্যদিগকে আক্রান্ত করিয়া থাকে ॥ ৬০

তাহাতে সেই সব বাণে বিমর্দ্দিত হইয়া দানবশ্রেষ্ঠ বল গদা উত্তোলন করত নিজের সেই রথ হইতে সবেগে নামিয়া আসিল ॥ ৬১

সেই মহাসুর বল গদাকে ঘুরাইয়া নিজের শত্রুদলের উপর পাতিত করিল। তখন সেই বিশাল গদা সমস্ত দেবগণকে সেই সমস্ত দানবদিকে পলায়ন করিতে বাধ্য করিল অথবা চারিদিকে বিতাড়িত করিল ॥ ৬২

